In Public domain. Digitization Muthulakshmi Research Academy

...ved by the Board of Secondary [illegible]ation, West Bengal,
and
also approved for
..., Delhi, Orissa and Bihar, for use in Secondary Schools.

...মগ্র ব্যাকরণ কৌমুদী

মহামহোপাধ্যায়
...ক্ত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

Approved by the Board of Secondary Education, West Bengal
(Vide Cal. Gaz., 29th October, 1953).

Approved *by the Secondary Board of Education,* **Dacca,** *as a Text-book for Higher Classes (Vide Gaz., 1950).*

Approved *by the D. P. I.,* **Shillong,** *as a Text-book for Classes VII & VIII (Vide the Assam Gazette, 5th March, 1952).*

Approved *by the T. B. C.,* **Bihar,** *as a Text-book for Classes VIII & IX (Vide the Patna Gazette, 10th January, 1950).*

Approved *by the T. B. C.,* **Orissa,** *as a Text-book for Classes VIII & IX (Vide the Orissa Gazette, 23rd April, 1952).*

Approved *by the Superintendent of Education, Delhi, Ajmer, Merwar and Central India. (Vide Delhi Gaz., 14th June, 1948).*

সমগ্র

ব্যাকরণ-কৌমুদী

(সপ্তম শ্রেণী হইতে একাদশ শ্রেণী)

৺ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত

আশুতোষ দেব কর্ত্তৃক সম্পাদিত

ও

ভূতপূর্ব্ব কলিকাতা-ইউনিভার্সিটি বেদান্ত-ফেলোশিপ্-লেক্‌চারার্

মহামহোপাধ্যায়

দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ

কর্ত্তৃক সংশোধিত ও পরিবর্দ্ধিত

মার্চ্চ
১৯৬১
৫

মূল্য চার টাকা মাত্র।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

প্রকাশক—শ্রীসুবোধচন্দ্র মজুমদার
পি. সি. মজুমদার অ্যাণ্ড্ ব্রাদার্স্,
২১।১, ঝামাপুকুর লেন, কলিকাতা—৯

প্রিন্টার—শ্রীশারদচন্দ্র মজুমদার
"বি. পি. এম্.'স্ প্রেস"
২২।৫ বি, ঝামাপুকুর লেন, কলিকাতা—৯

যাঁদের কাছে সর্বদাই প্রচুর পরিমাণে বই মজুত থাকে

দেব লাইব্রেরী
১ নং শ্যামাচরণ দে স্ট্রীট্, কলিকাতা-১২
৬৫ নং কর্নওয়ালিস স্ট্রীট্, কলিকাতা-৬

বর্ধমান
দামোদর পুস্তকালয় (বর্ধমান)
অম্বিকা পুস্তকালয় (কালনা)
অন্নপূর্ণা লাইব্রেরী (কাটোয়া)
ছাত্র ভাণ্ডার (রানীগঞ্জ)

বীরভূম
শ্রীদুর্গা লাইব্রেরী (রামপুরহাট)
শিক্ষা-সঙ্ঘ (সিউড়ি)

মেদিনীপুর
কমলা পুস্তকালয় (মেদিনীপুর)
তাম্রলিপ্ত জাতীয় পুস্তকালয় (তমলুক)
নিউ বীণাপাণি লাইব্রেরী (কাঁথি)
বীণাপাণি লাইব্রেরী (নাচিন্দাবাজার)

বাঁকুড়া
মহামায়া বুক ডিপো (বাঁকুড়া)
ভারতী পুস্তকালয় (খাঁতরা)
বাণী পুস্তকালয় (বিষ্ণুপুর)
মৃন্ময়ী স্টোর্স (বিষ্ণুপুর)

পুরুলিয়া
সেন সাহিত্য কুটীর (পুরুলিয়া)
এইচ, পি, কর্মকার (ঝালদা)
ধীরেন্দ্রনাথ রক্ষিত (কাশীপুর)
কমলা স্টোর্স (রঘুনাথপুর)
পুস্তক ভবন (মানবাজার)
কালীপদ পাল ও ধীরেন্দ্রনাথ কুণ্ডু (বলরামপুর)

২৪ পরগনা
শতদল (বেহালা)

কোচবিহার
সঞ্চয়ন (কোচবিহার)
ফণীন্দ্র স্টোর্স (মাথাভাঙ্গা)
আদর্শ লাইব্রেরী (দিনহাটা)

ত্রিপুরা রাজ্য
বাণী-মন্দির (রাধাকিশোরপুর)
লক্ষ্মী ভাণ্ডার (আগরতলা)
উমা বুক স্টল (ধর্মনগর)
বিজয়লক্ষ্মী স্টোর্স (বিলোনিয়া)

মুর্শিদাবাদ
স্টুডেন্ট্স্ বুক ডিপো (খাগড়া)
এডুকেশন্যাল স্টোর্স (কান্দী)

নদীয়া
ছাত্রবন্ধু লাইব্রেরী (কৃষ্ণনগর)

দার্জিলিং
বি, পি, ঘোষ এণ্ড সন্স (দার্জিলিং)
বাণী লাইব্রেরী (শিলিগুড়ি)
পুঁথিঘর (শিলিগুড়ি)

জলপাইগুড়ি
এন, চক্রবর্তী অ্যাণ্ড সন্স (জলপাইগুড়ি)
নারায়ণ লাইব্রেরী (আলিপুর দুয়ার)

মালদহ
মালদহ বুক ডিপো (মালদহ)
মালদহ বুক হাউস্ (মালদহ)
লক্ষ্মী বুক ডিপো (মালদহ)

পশ্চিম-দিনাজপুর
গ্রন্থ বিপণি (বালুরঘাট)
স্টুডেন্ট্স্ লাইব্রেরী (রাইগঞ্জ)
ন্যাশনাল বুক ডিপো (ইসলামপুর)
সাহিত্য ভাণ্ডার (কালিয়াগঞ্জ)
অন্নদা লাইব্রেরী (ডালকোলা)

আসাম ও বিহার রাজ্যের যে কোন পুস্তক-বিক্রেতার নিকট আমাদের প্রকাশিত বই সর্বদাই মজুত থাকে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

VYAKARNA KAUMUDI
EASHWAR CHANDAR VIDYA SAGAR

সম্পাদকের নিবেদন

স্ফোটায়ন, শাকল্য, আপিশলি, শাকটায়ন, পাণিনি প্রভৃতি প্রাচীন বৈয়াকরণগণের মধ্যে পাণিনি-ব্যাকরণই সমধিক প্রচলিত ও প্রামাণিক। পাণিনি-ব্যাকরণে মোট আটটি অধ্যায় আছে। এজন্য ঐ ব্যাকরণ 'অষ্টাধ্যায়ী' নামে পরিচিত। ঐ ব্যাকরণের পরে, কলাপ, মুগ্ধবোধ, সুপদ্ম, সংক্ষিপ্তসার প্রভৃতি অনেক ব্যাকরণ প্রণীত হইয়াছে। ঐ সকল গ্রন্থ পর্য্যালোচনা করিয়া পূজ্যপাদ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় তাঁহার ব্যাকরণ-কৌমুদী রচনা করিয়াছেন। ঐ ব্যাকরণ-কৌমুদী চারি খণ্ডে বিভক্ত। ঐ গ্রন্থ অধুনা বঙ্গদেশে দেবভাষা-প্রবেশের দ্বারস্বরূপ। শ্রদ্ধাস্পদ অধ্যাপক মহোদয়গণের উৎসাহে, আমরা ঐ চারি খণ্ড একত্র করিয়া এই নূতন সংস্করণটি প্রকাশ করিতে সমর্থ হইলাম। বর্ত্তমান সংস্করণে ছাত্রদিগের প্রয়োজন বোধে কয়েকটি নূতন বিষয়ের সংযোজনা ও আলোচনা করা হইয়াছে। স্থল-বিশেষে পাদটীকায় প্রধানতঃ পাণিনির সূত্রই উল্লিখিত হইয়াছে। তাহার কারণ, পাণিনির বা পাণিনিসম্মত ব্যাকরণই বিশ্ববিদ্যালয়ের পাঠ্যরূপে নির্দ্দিষ্ট; পাণিনির সূত্রগুলি এখন মুখস্থ থাকিলে পরবর্ত্তী জীবনে কাজে লাগিবে সন্দেহ নাই। মল্লিনাথ প্রভৃতি সংস্কৃত-কাব্যের টীকাকারগণও স্ব স্ব টীকামধ্যে পাণিনি-সূত্রেরই উল্লেখ করিয়াছেন। সুতরাং সংস্কৃতভাষা-শিক্ষার্থীর পক্ষে পাণিনি-অধ্যয়ন অতীব প্রয়োজনীয়, তাহাতে সন্দেহ নাই। দিগ্দর্শন-স্বরূপ কয়েক স্থলে পাণিনি-সূত্রের বাংলা অথবা সংস্কৃত ব্যাখ্যাও প্রদত্ত হইয়াছে।

অনুশীলনের জন্য যে সকল অংশ প্রত্যেক বিষয়ের শেষভাগে সন্নিবেশিত হইয়াছে, তাহা প্রায়ই বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা ও অন্যান্য পরীক্ষার প্রশ্ন হইতে সংগৃহীত। সর্ব্বোপরি ইহার বিশেষত্ব এই যে, ইহাতে এমন

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

কয়েকটি বিষয়ের সন্নিবেশ করা হইয়াছে, যাহা শিক্ষকসমাজ ও ছাত্রমণ্ডলীর নয়ন-মন যুগপৎ আকর্ষণ করিবে। ইহাতে সহজ অথচ সুন্দরভাবে ব্যাকরণের কতিপয় রহস্য ও জটিল সমস্যার সমাধান করা হইয়াছে। অতি প্রয়োজনীয় সূত্রাদি যাহাতে সহজে ছাত্রদের দৃষ্টি আকর্ষণ করে, সেইজন্য সেগুলি বড় অক্ষরে ছাপা হইয়াছে।

এই ব্যাকরণ-কৌমুদী পাঠে প্রবেশিকা-পরীক্ষার্থী ছাত্রেরা তো উপকৃত হইবেই, অধিকন্তু কলেজের এবং চতুষ্পাঠীর ছাত্রেরাও যে ইহা দ্বারা যথেষ্ট উপকার লাভ করিবে, একথা নিঃসন্দেহে বলা যাইতে পারে।

ইহাতে সাধারণতঃ স্কুল-কলেজের বর্ত্তমান উপযোগিতা অনুসরণে ব্যাকরণের যাবতীয় বিষয় সন্নিবেশিত করিয়াও তদতিরিক্ত সংজ্ঞা, সন্ধি, শব্দ, কারক, সমাস, তদ্ধিত, ধাতু, কৃৎ, উণাদি প্রভৃতি বিষয়ে ব্যাকরণে যে সকল প্রগাঢ় ব্যুৎপাদক বিষয় আছে, তাহাও পদপ্রদর্শন ও বিবিধ কাব্য-সাহিত্যাদি হইতে আহৃত উদাহরণের সহিত উল্লিখিত হইয়াছে। এমন কি, প্রয়োজনবোধে পাণিনির পরবর্ত্তী কাতন্ত্র, মুগ্ধবোধ, সংক্ষিপ্ত-সার প্রভৃতি ব্যুৎপাদক ব্যাকরণসমূহের স্বারসিক বিষয়গুলি পাদটীকায় অন্তর্নিবেশিত করা হইয়াছে। এক কথায় বলা যায়—এই ব্যাকরণ-কৌমুদী মৌলিক ব্যাকরণের সমকক্ষ হইয়াছে। ইহাই এই ব্যাকরণ-কৌমুদীর বিশেষত্ব—ইহাই এই ব্যাকরণ-কৌমুদীর অভিনবত্ব।

এই গ্রন্থ সম্পাদন-কালে এলাহাবাদ পাণিনি-অফিস হইতে প্রকাশিত ৺শ্রীশচন্দ্র বসুজ মহাশয়ের সম্পাদিত ইংরাজী অনুবাদ-সংবলিত 'সিদ্ধান্ত-কৌমুদী', নির্ণয়সাগর প্রেস হইতে প্রকাশিত তত্ত্ববোধিনী-টীকা-সংবলিত ও বালমনোরমা-টীকা-সংবলিত 'সিদ্ধান্তকৌমুদী', ভট্টোজীদীক্ষিতের স্বপ্রণীত টীকা প্রৌঢ়মনোরমা এবং 'কাশিকা', 'অলঙ্কারসূত্রবৃত্তি', 'পরিভাষেন্দুশেখর', 'লঘুশব্দেন্দুশেখর', ৺শ্রীনাথ শিরোমণি মহাশয়ের 'গণমালা', ৺রামতারণ শিরোমণি মহাশয়ের 'গণদর্পণ' এবং ৺গুরুনাথ বিদ্যানিধি মহাশয়ের প্রণীত

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

'ধাতুরূপ-কল্পদ্রুম' প্রভৃতি অনেক গ্রন্থেরই সাহায্য গ্রহণ করিতে হইয়াছে। এজন্য ঐ সকল স্বর্গীয় ভক্তিভাজন গ্রন্থকারগণের আত্মার নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

অতঃপর অধ্যাপক-মণ্ডলীর নিকট সানুনয় নিবেদন এই যে, তাঁহারা এই গ্রন্থের অধ্যাপনাকালে নবসংযোজিত স্থলগুলির মধ্যে যদি মনুষ্য-সুলভ কোন ভ্রম-প্রমাদ দেখিতে পান, তাহা হইলে যেন অনুগ্রহপূর্ব্বক আমাকে জানাইয়া উপকৃত করেন, আমি কৃতজ্ঞচিত্তে পরবর্ত্তী সংস্করণে তাহার সংশোধনে যত্নবান্ হইব।

পরিশেষে কৃতজ্ঞতার সহিত প্রকাশ করিতেছি যে, ইউনিভার্সিটি কলেজের সংস্কৃত অধ্যাপক মহামহোপাধ্যায় শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ত-তীর্থ মহাশয় এই গ্রন্থের সম্পাদনকার্য্যে আমাকে যথেষ্ট সহায়তা করিয়াছেন এবং আদ্যোপান্ত প্রুফ দেখিয়া দিয়া উপকৃত করিয়াছেন; এজন্য তাঁহার নিকট কৃতজ্ঞ রহিলাম। ইতি—

কলিকাতা
২২।৫ বি, ঝামাপুকুর লেন। } আশুতোষ দেব

পণ্ডিতপ্রবর

অধ্যাপক সত্যেন্দ্রনাথ সেন

কর্ত্তৃক

আদ্যোপান্ত সংশোধিত।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

সূচীপত্র

প্রথম ভাগ

বিষয়	পৃষ্ঠা
বর্ণ-বিভাগ	১
স্বরবর্ণ	২
ব্যঞ্জনবর্ণ	২
বর্ণের উচ্চারণ-স্থান	৫
পরিভাষা	৬
সন্ধি	১০
স্বরসন্ধি	১১
সন্ধি-নিষেধ	১৯
Irregular Vowel Sandhi	২০
ব্যঞ্জন-সন্ধি	২২
ণত্ব-বিধান	৩৯
ষত্ব-বিধান	৪৭
বিশেষ্য ও বিশেষণ	৫৪
বিশেষণের তারতম্য	৫৯
উদ্দেশ্য ও বিধেয়	৬৩
অজহল্লিঙ্গ বিশেষণ	৬৪

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

বিষয়	পৃষ্ঠা
সুবন্ত-প্রকরণ … … … …	৬৫
সুপ্‌বিভক্তির আকৃতি … … …	৬৬
শব্দরূপ—স্বরান্ত পুংলিঙ্গ শব্দ … … …	৬৭
স্বরান্ত স্ত্রীলিঙ্গ শব্দ … … …	৮২
স্বরান্ত ক্লীবলিঙ্গ শব্দ … … …	৯১
ব্যঞ্জনান্ত পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ শব্দ… … …	৯৮
ব্যঞ্জনান্ত ক্লীবলিঙ্গ শব্দ … … …	১২৫
সর্ব্বনাম শব্দ … … … …	১৩৩
সংখ্যা-বাচক শব্দ… … … …	১৪৮
পূরণ-বাচক শব্দ … … … …	১৫৬
অব্যয় শব্দ … … … …	১৬০

দ্বিতীয় ও তৃতীয় ভাগ

তিঙন্ত-প্রকরণ … … … …	১৭৬
বিভক্তির আকৃতি … … …	১৭৭
ধাতু-বিভাগ … … … …	১৮১
সাধারণ নিয়ম … … … …	১৮২
কর্ত্তৃবাচ্য … … … …	১৮৯
লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্—	
তুদাদি … … … …	১৯০
ভ্বাদি … … … …	১৯৮

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

বিষয়	পৃষ্ঠা
দিবাদি	২১৩
স্বাদি	২২২
তনাদি	২২৯
ক্র্যাদি	২৩৩
রুধাদি	২৩৯
অদাদি	২৪৩
ই-বিধান	২৬৬
লুট্, লৃট্ ও লৃঙ্	২৭০
আশীর্লিঙ্	২৭৮
লিট্	২৮৪
লুঙ্	৩০৬
হ্বাদি (জুহোত্যাদি)	৩১৬
ণিজন্ত ধাতু	৩২৫
চুরাদি	৩৩৩
সন্নন্ত ধাতু	৩৩৫
যঙন্ত ধাতু	৩৩৯
নামধাতু	৩৪১
পরস্মৈপদ-বিধান	৩৫৮
আত্মনেপদ-বিধান	৩৫০
কর্ম্মবাচ্য ও ভাববাচ্য-প্রকরণ	৩৬০
কর্ম্মকর্তৃবাচ্য-প্রকরণ	৩৬৭
লকারার্থ-নির্ণয়	৩৬৮
কৃৎ-প্রকরণ	৩৭৪
উণাদি প্রত্যয়	৪৩৬

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

চতুর্থ ভাগ

বিষয়	পৃষ্ঠা
বিভক্তি-নির্ণয়	৪৪৪
প্রথমা	৪৪৪
দ্বিতীয়া	৪৪৫
তৃতীয়া	৪৪৮
চতুর্থী	৪৫০
পঞ্চমী	৪৫৩
ষষ্ঠী	৪৫৭
সপ্তমী	৪৬৩
কারক	৪৬৭
অপাদান	৪৬৭
সম্প্রদান	৪৭০
করণ	৪৭২
অধিকরণ	৪৭২
কর্ম্ম	৪৭৩
কর্ত্তা	৪৭৬
তদ্ধিত-প্রত্যয়	৪৮২
তদ্ধিত-পরিশিষ্ট	৫৬১
স্ত্রী-প্রত্যয়	৫৬৪
সমাস	৫৮১
অব্যয়ীভাব সমাস	৫৮৪
তৎপুরুষ সমাস	৫৯০
বহুব্রীহি সমাস	৬১৫
দ্বন্দ্ব সমাস	৬২৬

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

বিষয়	পৃষ্ঠা
একশেষ-বিধান	৬৩৩
সর্ব্বসমাস-সাধারণবিধি	৬৩৪
অলুক্ সমাস	৬৪২
মধ্যপদলোপী সমাস	৬৪৬
পূর্ব্ব-নিপাত	৬৪৮
সর্ব্ব-সমাস-শেষ	৬৫২
লিঙ্গানুশাসন	৬৬০
রচনা ও অনুবাদের সাধারণ নিয়ম	৬৬৮
Appendix I—ধাতুরূপাদর্শ	৬৭২
Appendix II—A Glossary	৭০৫
School Final Questions with Answers (1957—1960)	৭১৭

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ব্যাকরণ-কৌমুদী

প্রথম ভাগ

বর্ণ-বিভাগ

(Classification of Letters)

১। বর্ণ (Letters, অল্) দ্বিবিধ ঃ স্বর ও ব্যঞ্জন (১)। যে সকল বর্ণ অন্য বর্ণের আশ্রয়-ব্যতিরেকে স্বতন্ত্র উচ্চারিত হইতে পারে, তাহাদিগকে স্বরবর্ণ (Vowels) বলে (স্বয়ং রাজন্তে যে তে স্বরাঃ)। যে সমস্ত বর্ণ

---

(১) প্রাচীন বৈয়াকরণগণ স্বল্পাক্ষরে সূত্র গ্রথিত করিবার জন্য বর্ণসমূহকে কৌশলে শ্রেণীবদ্ধ করিয়া তাহাদের দ্বারা এক একটি সংজ্ঞা নির্দ্দেশ করিয়াছেন। সূত্রে বর্ণসমূহের পাঠক্রম যেরূপ নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা এস্থলে প্রদর্শিত হইতেছে। ১। অ ই উ ণ্। ২। ঋ ঌ ক্। ৩। এ ও ঙ্। ৪। ঐ ঔ চ্। ৫। হ য ব র ট্। ৬। ল ণ্। ৭। ঞ ম ঙ ণ ন ম্। ৮। ঝ ভ ঞ্। ৯। ঘ ঢ ধ ষ্। ১০। জ ব গ ড দ শ্। ১১। খ ফ ছ ঠ থ চ ট ত ব্। ১২। ক প য়্। ১৩। শ ষ স র্। ১৪। হ ল্। এই চতুর্দ্দশটি মাহেশ্বর সূত্র অবলম্বনেই মহর্ষি পাণিনি তাঁহার অষ্টাধ্যায়ী বিরচিত করিয়াছেন। 'নৃত্তাবসানে নটরাজ-রাজো ননাদ ঢক্কাং নবপঞ্চবারম্। উদ্ধর্ত্তুকামঃ সনকাদিসিদ্ধান্ এতদ্ বিমর্শে শিবসূত্র-জালম্॥' ইহাদের কোন সূত্র হইতে একটি বর্ণ এবং তাহার সহিত সেই সূত্র বা অন্য যে কোন সূত্রের অন্তে স্থিত হলন্ত বা হসন্ত (স্বরহীন) বর্ণগুলির কোন একটি লইয়া এক একটি প্রত্যাহার বা সংজ্ঞা নির্দ্দিষ্ট আছে। প্রত্যাহার অর্থে সংক্ষিপ্তকরণ, যেমন, "অ ই উ ণ্; ঋ ঌ ক্" এই কয়টিকে 'অক্' (প্রথম ও শেষ বর্ণ লইয়া) বলিয়া নির্দ্দেশকরণ। প্রত্যেক সংজ্ঞার প্রথম ও মধ্যবর্ত্তী বর্ণগুলি গ্রহণ করা হয় ; হসন্ত বর্ণ পরিত্যক্ত হয়। যথা, —অণ্=অ ই উ। অক্=অ ই উ ঋ ঌ। ইক্=ই উ ঋ ঌ। উক্=উ ঋ ঌ। এঙ্=এ ও। ঐচ্=ঐ ঔ ইত্যাদি। মোট ৪৪টি সংজ্ঞা—অণ্, অক্, ইক্, উক্, এঙ্, অচ্, ইচ্, এচ্, ঐচ্, অট্, অণ্, ইণ্, যণ্, অম্, যম্, ঞম্, ঙম্, যঞ্, ঝষ্, ভষ্, অশ্, হশ্, বশ্, ঝশ্, ভশ্, জশ্, রশ্, ছব্, যয়্, ময়্, ঝয়্, খয়্, চয়্, যর্, ঝর্, খর্, চর্, শর্, অল্, হল্, বল্, রল্, ঝল্,

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

স্বরবর্ণের আশ্রয় বিনা স্বতন্ত্র উচ্চারিত হয় না, তাহাদিগকে **ব্যঞ্জনবর্ণ** (Consonants) বলে (১)।

স্বরবর্ণ (Vowels)

২। অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ঌ এ ঐ ও ঔ—এই ত্রয়োদশ বর্ণকে স্বর (অচ্) বলে (২)। স্বর দুই প্রকার: হ্রস্ব (Short) ও দীর্ঘ (Long)। অ ই উ ঋ ঌ—এই পাঁচটি **হ্রস্বস্বর**। আ ঈ ঊ ৠ এ ঐ ও ঔ—এই আটটি **দীর্ঘস্বর**। দীর্ঘ ৡকার নাই।

ব্যঞ্জনবর্ণ (Consonants)

৩। ক্ খ্ গ্ ঘ্ ঙ্, চ্ ছ্ জ্ ঝ্ ঞ্, ট্ ঠ্ ড্ ঢ্ ণ্, ত্ থ্ দ্ ধ্ ন্, প্ ফ্ ব্ ভ্ ম্, য্ র্ ল্ ব্, শ্ ষ্ স্ হ্, ং, ঃ (৩)—এই পঁয়ত্রিশটি ব্যঞ্জন-

শল্। ২য় 'অণ্' অ হইতে ঔ এবং হ, য, ব, র, ল—এতগুলি বর্ণ বুঝায়। এই প্রত্যাহার পাণিনি-ব্যাকরণে মাত্র একবার ব্যবহৃত হইয়াছে। অন্য সর্ব্বত্র অণ্ বলিতে ১ নং প্রত্যাহার (অ ই উ) বুঝায়।

(১) 'ব্যঞ্জয়ন্তি প্রকটান্ কুর্ব্বন্তি অর্থান্ ইতি ব্যঞ্জনানি' ইতি ঋক্প্রাতিশাখ্যে উবটভাষ্যম্। "ব্যঞ্জনমন্বক্, স্বরঃ স্বয়ং রাজতে।"—ব্যঞ্জনবর্ণ পরনির্ভরশীল, কিন্তু স্বর নিজেই উচ্চারিত হইতে পারে।

(২) বৈয়াকরণেরা অ ই উ ঋ এ ঐ ও ঔ—এই আটটির উচ্চারণ-ভেদে প্লুতসংজ্ঞা নির্দ্দেশ করিয়া ইহাদিগকে প্লুতস্বর (Prolated Vowels) নামে আর আটটি স্বতন্ত্র স্বরবর্ণ বলিয়া গণনা করেন; তদনুসারে স্বরবর্ণের সংখ্যা (১৩+৮) একবিংশতি। কোন মতে প্লুত ঌকার আছে, তদনুসারে স্বরের সংখ্যা দ্বাবিংশতি। উচ্চারণের শক্তি-বৈকল্যবশতঃ দীর্ঘ ৠ-কারের অনুকরণে দীর্ঘ ৡকারও ব্যবহৃত হইতে পারে। এজন্য কেহ কেহ দীর্ঘ ৡকার স্বীকার করেন; যথা,—শক্ৡদন্তঃ; তদনুসারে স্বর সমুদায়ে ত্রয়োবিংশতি।

হ্রস্বস্বরের একটি মাত্রা, দীর্ঘস্বরের দুইটি মাত্রা এবং প্লুতস্বরের তিনটি মাত্রা থাকে।

(৩) স্বরের সাহায্য ব্যতীত ব্যঞ্জনবর্ণ স্বয়ং উচ্চারিত হইতে পারে না, ইহা পূর্ব্বেই উক্ত হইয়াছে। এস্থানে ব্যঞ্জনবর্ণগুলির স্বরূপ দেখাইবার জন্য এইগুলি হলন্ত বা হসন্ত (্) লিখিত হইয়াছে। পড়িবার সময়ে এইগুলিকে ক খ গ ইত্যাদিরূপে অ-কারান্ত করিয়াই উচ্চারণ করিতে হইবে। অন্যত্রও এইরূপ বুঝিতে হইবে। অনুস্বার ও বিসর্গ সচরাচর স্বরবর্ণমধ্যে পরিগণিত হইয়া থাকে। কিন্তু, অন্যস্বরের আশ্রয়-ব্যতিরেকে এই

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

বর্ণ (হল্) (১)। তন্মধ্যে ক্ হইতে ম্ পর্য্যন্ত পঁচিশটিকে **স্পর্শবর্ণ** (Mutes) বলে (২)। স্পর্শবর্ণ সকল পাঁচ বর্গে (Group) বিভক্ত। ক্ খ্ গ্ ঘ্ ঙ্ এই পাঁচটি **ক-বর্গ** (কু); চ্ ছ্ জ্ ঝ্ ঞ্ এই পাঁচটি **চ-বর্গ** (চু); ট্ ঠ্ ড্ ঢ্ ণ্ এই পাঁচটি **ট-বর্গ** (টু); ত্ থ্ দ্ ধ্ ন্ এই পাঁচটি

"বর্গাণাং প্রথমদ্বিতীয়াঃ শষসাশ্চাঘোষাঃ।" বর্গসমূহের প্রথম ও দ্বিতীয় বর্ণ এবং শ্ ষ্ স্ ইহাদিগকে **অঘোষ** (Surd—খর্) বর্ণ বলে। অন্যগুলি অর্থাৎ বর্গের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বর্ণ এবং য্ র্ ল্ ব্ হ্ ইহাদিগকে **ঘোষবৎ** (Sonant—হশ্) বর্ণ বলে। "বর্গাণাং প্রথমতৃতীয়পঞ্চমা যরলবাশ্চাল্পপ্রাণাঃ। অন্যে মহাপ্রাণাঃ।" বর্গের প্রথম, তৃতীয় ও পঞ্চম বর্ণ এবং য্ র্ ল্ ব্-কে **অল্পপ্রাণ** (Unaspirated) এবং বর্গের দ্বিতীয় বর্ণ, চতুর্থ বর্ণ ও শ্ ষ্ স্ হ্-কে **মহাপ্রাণ** (Aspirated) বর্ণ বলে।

দুই বর্ণের উচ্চারণ হয় না। এই নিমিত্ত ইহাদিগকে স্বরবর্ণমধ্যে গণনা না করিয়া ব্যঞ্জনবর্ণ মধ্যেই গণনা করা উচিত। এতদ্ভিন্ন কার্য্যকারণ-ভাব বিবেচনা করিলেও অনুস্বার ও বিসর্গ ব্যঞ্জনবর্ণমধ্যেই পরিগণিত হইতে পারে। ন্ এবং ম্ এই দুই ব্যঞ্জনবর্ণের স্থানে অনুস্বার হয়; এবং অনুস্বার-স্থানে ঙ্ ঞ্ ণ্ ন্ ম্ য্ ল্ ব্ এই সকল ব্যঞ্জনবর্ণ হয়। সুতরাং অনুস্বারের কার্য্য ও কারণ উভয়ই ব্যঞ্জন। র্ এবং স্ এই দুই ব্যঞ্জনবর্ণের স্থানে বিসর্গ হয়, এবং বিসর্গ-স্থানে য্ র্ শ্ ষ্ স্ এই সমস্ত ব্যঞ্জনবর্ণ হয়। স্বরকার্য্যের মধ্যে বিসর্গ-স্থানে কেবল 'ও' হয়। সুতরাং বিসর্গেরও, ও-কাররূপ কার্য্য ভিন্ন সকল কার্য্য ও কারণই ব্যঞ্জন। আর অনুস্বার-ঘটিত যে সকল সন্ধি হয়, বৈয়াকরণেরা স্বরসন্ধি-প্রকরণে তাহাদের নির্দ্দেশ না করিয়া ব্যঞ্জনসন্ধি-প্রকরণে নির্দ্দেশ করিয়াছেন। বিসর্গ-ঘটিত সন্ধিরও স্বরসন্ধি-প্রকরণে নির্দ্দেশ নাই, উহা এক স্বতন্ত্র প্রকরণে নির্দ্দিষ্ট হইয়াছে। শিক্ষা-গ্রন্থেও অনুস্বার ও বিসর্গ স্বরবর্ণমধ্যে পরিগণিত হয় নাই। বৈয়াকরণশিরোমণি মহাভাষ্যকার পতঞ্জলি কিন্তু অনুস্বারকে অকারের ঠিক পরে অর্থাৎ স্বরবর্ণের মধ্যে এবং 'শ ষ স'-এর অর্থাৎ উষ্মবর্ণের মধ্যে পাঠ করিয়াছেন। অনুস্বার মূলতঃ পঞ্চমস্থানীয় (নুম্), তাই ইহাকে প্রধানতঃ ব্যঞ্জন বলাই উচিত। তবে মহাভাষ্যকার প্রয়োজনবোধে ইহার স্বরত্বও স্বীকার করিয়া নিয়াছেন। এইজন্যই অনুস্বার ও বিসর্গকে 'অং' 'অঃ' রূপে স্বর ও ব্যঞ্জনের মধ্যে স্থাপিত করাই প্রাচীন রীতি। ণত্ববিধানে ইহাদের স্বরত্ব স্বীকৃত হয়।

(১) ক্ষ্ এক স্বতন্ত্র বর্ণ বলিয়া কোথাও কোথাও উল্লিখিত হইয়া থাকে। ("অকারাদি-ক্ষকারান্তা বর্ণমালা প্রকীর্ত্তিতা"—পুরুষোত্তম)। কিন্তু ক্ ষ্ এই দুই বর্ণ মিলিত হইয়া ক্ষ্ হয়; এই নিমিত্ত পাণিনীয়েরা ইহাকে স্বতন্ত্র বর্ণ বলিয়া গণনা করেন না। বস্তুতঃ ক্ষ্ সংযুক্ত বর্ণ।

(২) কাদয়ো মাবসানাঃ স্পর্শাঃ। জিহ্বার অগ্র, উপাগ্র, মধ্য ও মূল এই কয় স্থান স্পর্শ করিয়া এই সকল বর্ণের উচ্চারণ হয়, এই নিমিত্ত ইহাদের নাম স্পর্শবর্ণ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ত-বর্গ (তু); প্ ফ্ ব্ ভ্ ম্ এই পাঁচটি **প-বর্গ** (পু); য্ র্ ল্ ব্ এই চারিটিকে **অন্তঃস্থ-বর্ণ** (Intermediates) বলে (১)। শ্ ষ্ স্ হ্ ইহাদের নাম **উষ্ম-বর্ণ** (Sibilants) (২)। ং (অনুস্বার), ঃ (বিসর্গ) এই দুইটিকে **অযোগবাহ-বর্ণ** বলে (৩-৪)।

EXERCISE 1

1. Classify the letters (বর্ণমালা)।
2. Distinguish between a vowel (স্বরবর্ণ) and a consonant (ব্যঞ্জনবর্ণ)।
3. Name and classify the *Sparshavarnas* (স্পর্শবর্ণ)।
4. What are *Ushmavarnas* and why are they so called ?
5. Define :—অযোগবাহ বর্ণ, অন্তঃস্থবর্ণ and অঘোষবর্ণ।

---

(১) য-র-ল-বা অন্তস্থাঃ। স্পর্শবর্ণ ও উষ্মবর্ণ এই উভয়ের মধ্যে নির্দ্দিষ্ট আছে বলিয়া (অথবা উচ্চারণ-বিষয়ে স্বর ও ব্যঞ্জনের মধ্যবর্ত্তী বলিয়া) য্ র্ ল্ ব্—ইহাদিগকে অন্তঃস্থ (অন্তঃস্থা) অর্থাৎ মধ্যস্থিত বর্ণ বলে।

(২) শ-ষ-স-হা উষ্মাণঃ। উষ্মবর্ণ অর্থাৎ বায়ু-প্রধান বর্ণ ; শ্ ষ্ স্ হ্ এই চারিবর্ণের উচ্চারণ-বিষয়ে বায়ুর প্রাধান্য। (৩) পাণিনি স্বর ও ব্যঞ্জনের বিষয়ে যে সকল সংজ্ঞা করিয়াছেন, তন্মধ্যে অনুস্বার ও বিসর্গের যোগ অর্থাৎ উল্লেখ নাই, এই নিমিত্ত 'অযোগ', এবং তাহা না থাকিলেও প্রয়োগ নির্ব্বাহ করে, এই নিমিত্ত 'বাহ'। এই উভয় ধর্ম্মাক্রান্ত হইয়া অনুস্বার ও বিসর্গ 'অযোগবাহ' নাম প্রাপ্ত হইয়াছে ("অযোগবাহা বিজ্ঞেয়া আশ্রয়-স্থানভাগিনঃ"—শিক্ষা)। (৪) বিসর্গের আর দুই রূপ আছে। একের নাম জিহ্বামূলীয় (ক ও খ-এর পূর্ব্ববর্ত্তী অর্দ্ধবিসর্গ), অন্যের নাম উপধ্মানীয় (প্ ও ফ্-এর পূর্ব্ববর্ত্তী অর্দ্ধবিসর্গ)। ইহারাও দুই স্বতন্ত্র বর্ণ বলিয়া পরিগণিত। আর বৈয়াকরণেরা ঌকারকে ব্যঞ্জনবর্ণমধ্যেও গণনা করিয়া থাকেন ; তদনুসারে ব্যঞ্জন ঌকার এক স্বতন্ত্র বর্ণ। এতদ্ভিন্ন যম নামে আর চারিটি (চারিপ্রকার*) ব্যঞ্জনবর্ণ আছে। কিন্তু লৌকিক ব্যবহারে তাহাদের প্রয়োগ নাই। সুতরাং এস্থলে তাহাদের উল্লেখ অনাবশ্যক। এইরূপে বৈয়াকরণদিগের মতে, তেইশ স্বর ও বিয়াল্লিশ ব্যঞ্জন,—সমুদায়ে পঁয়ষট্টি বর্ণ।

* বর্গের ১ম, ২য়, ৩য়, ৪র্থ বর্ণের পর ৫ম বর্ণ থাকিলে ঐ ৫ম বর্ণের পূর্ব্ববর্ত্তী বর্ণের সদৃশ একটা বর্ণ দুই বর্ণের মধ্যে উৎপন্ন হয়, তাহার নাম 'যম'। যথা,—চখ্খ্নতুঃ, অগ্গ্নিঃ ইত্যাদি।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

বর্ণের উচ্চারণ-স্থান

(Seats of Utterance of Letters)

অ-কু-হ-বিসর্জ্জনীয়ানাং কণ্ঠঃ* । ১ । ই-চু-য-শানাং তালু । ২ । ঋ-টু-র-ষাণাং মূর্দ্ধা । ৩ । ৯-তু-ল-সানাং দন্তাঃ । ৪ । উ-পূপধ্মানীয়ানামোষ্ঠৌ । ৫ । এঐদেতোঃ কণ্ঠতালু । ৬ । ওদৌতোঃ কণ্ঠোষ্ঠম্ । ৭ । বকারস্য দন্তোষ্ঠম্ । ৮ । নাসিকা অনুস্বারস্য । ৯ । ঞ-ম-ঙ-ণ-নানাং নাসিকা চ । ১০ ।

১। অ আ হ্ ক্ খ্ গ্ ঘ্ ঙ্—ইহাদের উচ্চারণ-স্থান কণ্ঠ; এজন্য ইহাদিগকে **কণ্ঠ্য** বর্ণ (Gutturals) বলে।

২। ই ঈ চ্ ছ্ জ্ ঝ্ ঞ্ য্ শ্—ইহাদের উচ্চারণ-স্থান তালু; এজন্য ইহাদিগকে **তালব্য** বর্ণ (Palatals) বলে।

৩। ঋ ৠ ট্ ঠ্ ড্ ঢ্ ণ্ র্ ষ্—ইহাদের উচ্চারণ-স্থান মূর্দ্ধা; এজন্য ইহাদিগকে **মূর্দ্ধন্য** বর্ণ (Cerebrals) বলে।

৪। ৯ ত্ থ্ দ্ ধ্ ন্ ল্ স্—ইহাদের উচ্চারণ-স্থান দন্ত; এজন্য ইহাদিগকে **দন্ত্য** বর্ণ (Dentals) বলে।

৫। উ ঊ প্ ফ্ ব্ ভ্ ম্—ইহাদের উচ্চারণ-স্থান ওষ্ঠ; এজন্য ইহাদিগকে **ওষ্ঠ্য** বর্ণ (Labials) বলে।

৬। এ ঐ—ইহাদের উচ্চারণ-স্থান কণ্ঠ ও তালু; এজন্য ইহাদিগকে **কণ্ঠ-তালব্য** বর্ণ (Gutturo-palatals) বলে।

৭। ও ঔ—ইহাদের উচ্চারণ-স্থান কণ্ঠ ও ওষ্ঠ; এজন্য ইহাদিগকে **কণ্ঠৌষ্ঠ্য** বর্ণ (Gutturo-labials) বলে।

---

* কু চু টু তু পু বলিতে কবর্গ, চবর্গ, টবর্গ, তবর্গ ও পবর্গ বুঝায়। (অণুদিৎ সবর্ণস্য চাপ্রত্যয়ঃ)। ক্ খ্ গ্ ঘ্ ঙ্—ইহাদের উচ্চারণের প্রকৃত স্থান জিহ্বামূল। "জিহ্বামূলে তু কুঃ প্রোক্তঃ"—পাণিনীয়-শিক্ষা। ঐ জিহ্বামূল কণ্ঠেরই একটি অংশ। শিক্ষা-গ্রন্থ জিহ্বামূলকে একটা পৃথক্ স্থানরূপে উল্লেখ করিয়া জিহ্বামূলকে ক-বর্গের উচ্চারণস্থান বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। অন্যেরা জিহ্বামূলকে পৃথক্ স্থানরূপে উল্লেখ না করিয়া স্থূলতঃ কণ্ঠেরই উল্লেখ করিয়াছেন।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৮। অন্তঃস্থ ব-কারের উচ্চারণ-স্থান দন্ত ও ওষ্ঠ; এজন্য ইহাকে দন্তোষ্ঠ্য বর্ণ (Labio-dental) বলে (১)।

৯। ং (অনুস্বার)-এর উচ্চারণ-স্থান নাসিকা; এজন্য ইহাকে অনুনাসিক বর্ণ (Nasal) বলে।

১০। ঙ্ ঞ্ ণ্ ন্ ম্—ইহারা জিহ্বামূল, তালু প্রভৃতির ন্যায় নাসিকাতেও উচ্চারিত হয়, এই নিমিত্ত ইহাদিগকে অনুনাসিক বর্ণও (Nasals) বলে।

১১। ঃ (বিসর্গ) আশ্রয়স্থানভাগী, অর্থাৎ ইহা যখন যে স্বরবর্ণকে অবলম্বন করিয়া থাকে, সেই স্বরবর্ণের উচ্চারণ-স্থানই ইহার উচ্চারণ-স্থান।

EXERCISE 2

1. What are জিহ্বামূলীয়, দন্ত্য and অনুনাসিক letters ? Why are they so called ?
2. Name the letters that have their seats of utterance in the palate (তালু) and the lips (ওষ্ঠ)।
3. Explain the appropriateness of the following :—
   কণ্ঠতালব্য বর্ণ and বিসর্গ as আশ্রয়স্থানভাগী।
4. What is the distinction between 'অন্তঃস্থ ব্' and 'বর্গ্য ব্' ?
5. Classify the following letters according to their seats of utterance :—স্, অন্তঃস্থ ব্, এ, ধ্, ষ্ and হ্।

পরিভাষা

(Technical Phraseology)

১। **প্রকৃতি**—মূল শব্দকে প্রকৃতি (Radical) বলে। প্রকৃতি দ্বিবিধ,—ধাতু ও প্রাতিপদিক।

---

(১) বাধ্, বন্ধ্, বধ্, বুধ্, ব্রূ প্রভৃতি ধাতুর ব এবং ঐ সকল ধাতু হইতে নিষ্পন্ন শব্দের ব বর্গ্য * ব। বল, বহুল, বহু, বাহু, বাহু (arm), বালক, ব্রাহ্মণ, বহিস্, বিন্দু, বিম্ব, পিবতি প্রভৃতি শব্দের ব বর্গ্য। যে ব-স্থানে উ ঊ হয় সেই ব, প্রত্যয়ের ব এবং সন্ধিজাত ব অন্তঃস্থ। "উদূঠৌ যত্র বিদ্যেতে যো বঃ প্রত্যয়-সন্ধিজঃ। অন্তঃস্থং তং বিজানীয়াৎ তদন্যো বর্গ্য উচ্যতে॥" তবে সন্ধিতে প-স্থানে যে ব (অজ) হয়, অথবা

* 'বর্গীয়' শব্দটি অশুদ্ধ। ক-বর্গীয়, প-বর্গীয় প্রভৃতি শব্দ শুদ্ধ। সে স্থলে 'ঈয়' প্রত্যয়ের সূত্র—'বর্গান্তাচ্চ'। অন্যত্র, 'তত্র ভবঃ' অর্থে 'দিগাদিভ্যো যৎ' ইতি যৎ-প্রত্যয়ঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy.

২। **ধাতু**—যে প্রকৃতি দ্বারা ক্রিয়া বুঝায়, তাহাকে ধাতু (Verbal root) বলে (১)। যথা,—ভূ, গম্, দৃশ্, হন্ ইত্যাদি।

৩। **প্রাতিপদিক**—যাহা বস্তু-বাচক অথবা বস্তুর বিশেষণ-বাচক, তাহাকে অর্থাৎ ক্রিয়াবাচক ভিন্ন অন্য প্রকৃতিকে প্রাতিপদিক (Nominal stem) বলে (২)। বস্তু-বাচক—চন্দ্র, সূর্য্য, তরু, জল, বায়ু, গৃহ ইত্যাদি। বিশেষণ-বাচক—দৃঢ়, স্থির, প্রবল, নূতন, পুরাণ, মন্দ, সুন্দর ইত্যাদি।

৪। **প্রত্যয়**—ধাতু ও প্রাতিপদিকের উত্তর যাহা যুক্ত হয়, তাহাকে প্রত্যয় (Suffix) বলে। প্রত্যয় পঞ্চবিধ,—বিভক্তি, কৃৎ, তদ্ধিত, স্ত্রী-প্রত্যয় ও ধাত্ববয়ব।

৫। **বিভক্তি**—ধাতুর উত্তর তি, তঃ, অন্তি প্রভৃতি এবং প্রাতিপদিকের উত্তর ঃ, ঔ, অঃ প্রভৃতি যে সমস্ত প্রত্যয় হয়, তাহাদিগকে বিভক্তি (Inflections) বলে।

৬। **কৃৎ**—ধাতুর উত্তর তব্য, য, তৃ, ত, অ প্রভৃতি যে সমস্ত প্রত্যয় হয়, তাহাদিগকে কৃৎ (Primary suffixes) বলে। যথা,—কৃ+তব্য=কর্ত্তব্যম্।

৭। **তদ্ধিত**—প্রাতিপদিকের উত্তর অ, ই প্রভৃতি যে সমস্ত প্রত্যয় হয়, তাহাদিগকে তদ্ধিত প্রত্যয় (Secondary suffixes) বলে। যথা,—দশরথ+ই (ইঞ্)=দাশরথিঃ।

৮। **স্ত্রী-প্রত্যয়**—স্ত্রীলিঙ্গে আ, ঈ প্রভৃতি যে সমস্ত প্রত্যয় হয়, তাহাদিগকে স্ত্রী-প্রত্যয় (Feminine affixes) বলে *।

ভ-স্থানে যে ব-আদেশ হয় (ভূ—বভূব, ভা—বভৌ, ভী—বিভেতি) তাহা বর্গ্য-ব। ম-কারের পর যুক্ত ব-মাত্রই বর্গ্য (কম্বল, বিম্ব, বিলম্ব)। বিনা, বা, বি, অব, বৃথা, বরং প্রভৃতি অব্যয় শব্দের 'ব' অন্তঃস্থ। সংস্কৃতে অন্তঃস্থ 'ব'-এর উচ্চারণ উ-অ (w). সেইরূপ 'য'-এর উচ্চারণ ই-অ (y).

(১) ভূবাদয়ো ধাতবঃ।

(২) অর্থবদধাতুরপ্রত্যয়ঃ প্রাতিপদিকম্। কৃত্তদ্ধিতসমাসাশ্চ।

* সমাসান্তও তদ্ধিতেরই অন্তর্গত। স্ত্রীপ্রত্যয়ের মধ্যে আবার 'তি' এইটি তদ্ধিত। যুবা (যুবন্)+তি—যুবতিঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৯। **ধাত্ববয়ব**—ধাতুর উত্তর ই (ণিচ্), স (সন্) প্রভৃতি এবং প্রাতিপদিকের উত্তর য, কাম্য প্রভৃতি যে সমস্ত প্রত্যয় হয়, তাহাদিগকে ধাত্ববয়ব (Part of the root) বলে।

১০। **পদ**—ধাতু বা প্রাতিপদিক বিভক্তি-যুক্ত হইলে, তাহাদিগকে পদ (Inflected words) বলে (১)।

১১। **আদেশ**—প্রকৃতি বা প্রত্যয়ের (বা তাহার অংশ-বিশেষের) যে রূপ-পরিবর্ত্তন, তাহাকে আদেশ (Substitution) বলে। যথা,—বৃদ্ধ-শব্দ-স্থানে জ্য, স্থা-ধাতু-স্থানে তিষ্ঠ্, যা-বিভক্তি-স্থানে ই এবং অন্-বিভক্তি-স্থানে উঃ ইত্যাদি।

১২। **গুণ**—স্বরের গুণ হয় বলিলে এই বুঝাইবে যে, ই-ঈ-স্থানে এ, উ-ঊ-স্থানে ও, ঋ-ৠ-স্থানে অর্ এবং ঌ-স্থানে অল্ হয় (২)।

১৩। **বৃদ্ধি**—স্বরের বৃদ্ধি হয় বলিলে এই বুঝাইবে যে, অ-স্থানে আ, ই-ঈ-এ-স্থানে ঐ, উ-ঊ-ও-স্থানে ঔ এবং ঋ-ৠ-স্থানে আর্ হয় (৩)।

১৪। **লঘু ও গুরু**—হ্রস্বস্বরকে লঘু (Short) ও দীর্ঘস্বরকে গুরু (Long) বলে। সংযুক্ত-বর্ণ পরে থাকিলে, অথবা অনুস্বারযুক্ত বা বিসর্গযুক্ত হইলে হ্রস্বস্বরও গুরু বলিয়া পরিগণিত হয় (৪)।

১৫। **উপসর্গ**—যদি ক্রিয়ার সহিত যোগ হয়, তাহা হইলে প্র, পরা, অপ, সম্, অনু, অব, নির্ (নিস্), দুর্ (দুস্) (৫), অভি, বি, অধি, সু, উদ্, অতি, নি, প্রতি, পরি, অপি, উপ, আ (আঙ্)—এই বিংশতি নিপাতকে উপসর্গ (Prepositional prefixes) বলে (৬)।

---

(১) **সুপ্তিঙন্তং পদম্।** ব্যঞ্জন সন্ধির ২৫ সূত্রের পাদটীকা দেখ।

(২) **অদেঙ্ গুণঃ।** (৩) **বৃদ্ধিরাদৈচ্।** (৪) হ্রস্বং লঘু। সংযোগে গুরু। দীর্ঘঞ্চ। সানুস্বারশ্চ দীর্ঘশ্চ বিসর্গী চ গুরুর্ভবেৎ। বর্ণঃ সংযোগপূর্ব্বশ্চ তথা পাদান্তগোঽপি বা॥

(৫) পাণিনীয়েরা নির্, দুর্ ছাড়াও নিস্, দুস্—এই দুই স্বতন্ত্র উপসর্গ স্বীকার করেন।

(৬) **প্রাদয়ঃ। উপসর্গাঃ ক্রিয়াযোগে।** 'প্রপরাপসমন্ববনির্দুরভি-ব্যধি-সূদতিনিপ্রতিপর্য্যপয়ঃ। উপআঙিতি বিংশতিরেষ সখে উপসর্গবিধিঃ কথিতঃ কবিনা॥' উপসর্গগুলি ধাতুর ঠিক পূর্ব্বে বসে; ধাতু এবং উপসর্গের মধ্যে অন্য শব্দ থাকিতে পারে না।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৬। **ইৎ**—কোনও বিশেষ উদ্দেশ্যে যে বর্ণ উচ্চারিত হয়, কিন্তু কার্য্যকালে থাকে না, তাহার নাম ইৎ (Indicatory letter)। 'ইৎ' অর্থে যাহা চলিয়া যায়, থাকে না (√ই—to go)। যথা,—'অনট্' প্রত্যয়ের 'ট্'। কার্য্যকালে 'অনট্'-প্রত্যয়ের 'অন' মাত্র থাকে, 'ট্' থাকে না ; উহা কেবল স্ত্রীলিঙ্গে ঈ-কার নির্দ্দেশ করিবার জন্য ব্যবহৃত হয় ; সুতরাং উহা ইৎ।

১৭। **সবর্ণ**—যে সকল বর্ণের উচ্চারণ-স্থান এক এবং যাহাদের উচ্চারণে সমান প্রযত্নের প্রয়োজন, তাহারা পরস্পর সবর্ণ (Homogeneous letters)। যেমন,—অ, আ, ইহারা পরস্পর সবর্ণ (১)।

১৮। **টি**—শব্দের অন্ত্য স্বরকে আদি করিয়া যে সকল বর্ণ, তাহাদিগকে টি বলে। যেমন,—রাজন্ শব্দের অন্ত্য স্বর অ এবং তৎপরে ন্, সুতরাং এখানে অন্ এই অংশটুকুই টি (২)।

১৯। **উপধা**—অন্ত্য বর্ণের পূর্ব্ব বর্ণকে উপধা (Penultimate) বলে। যেমন,—রাম শব্দের অন্ত্য বর্ণ 'অ' এবং তৎপূর্ব্ববর্ত্তী বর্ণ 'ম্'। এস্থলে 'ম্' এইটি উপধা (৩)।

২০। **অচ্**—স্বরবর্ণ 'অচ্' এই নামে অভিহিত হয়। ['প্রত্যাহার' দেখ। পৃঃ ১, পাদটীকা ১।]

২১। **হল্**—ব্যঞ্জনবর্ণ 'হল্' এই নামে অভিহিত হয়। ['প্রত্যাহার' দেখ। পৃঃ ১, পাদটীকা ১।]

২২। **নদী**—দীর্ঘ ঈ-কারান্ত ও দীর্ঘ উ-কারান্ত নিত্য-স্ত্রীলিঙ্গ শব্দকে "নদী" বলে (৪) অর্থাৎ ঐগুলি নদীসংজ্ঞক শব্দ। যথা,—গৌরী, বধূ ইত্যাদি।

তবে ধাতুর পূর্ব্বে লঙ্ লুঙ্ লৃঙ্ বিভক্তিতে যে অ (অট্)-আগম হয়, তাহা উপসর্গ ও ধাতুর মধ্যস্থলে বসে। যথা,—নিরগচ্ছৎ ('অনির্গচ্ছৎ' নহে), প্রাবিশৎ ('অপ্রবিশৎ' নহে)।

(১) তুল্যাস্যপ্রযত্নং সবর্ণম্। ঋ ও ৯ বর্ণদ্বয় পরস্পরের সবর্ণ। স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ পরস্পর সবর্ণ হইতে পারে না। (নাজ্ঝলৌ)।

(২) অচোঽন্ত্যাদি টি। (৩) অলোঽন্ত্যাৎ পূর্ব্ব উপধা।

(৪) যূস্ত্র্যাখ্যৌ নদী। নেয়ঙুবঙ্স্থানাবস্ত্রী। বামি। ঙিতি হ্রস্বশ্চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৩। **ভাষিতপুংস্ক**—যে স্ত্রীলিঙ্গ বা ক্লীবলিঙ্গ শব্দ একই অর্থে পুংলিঙ্গেও ব্যবহৃত হয় অথবা পুংলিঙ্গে রূপান্তরিত হইতে পারে, তাহার নাম উক্তপুংস্ক বা **ভাষিতপুংস্ক** শব্দ। যথা,—মৃদু (নরম, Soft), শুচি, সুন্দরী।

২৪। **সম্প্রসারণ**—য্, ব্, র্, ল্-স্থানে যথাক্রমে ই, উ, ঋ, ঌ হওয়ার নাম সম্প্রসারণ (১)। যথা,—যজ্—ইয়াজ, বচ্—উবাচ ইত্যাদি।

২৫। **বিভাষা**—হইতেও পারে, নাও হইতে পারে, অথবা যে-কোনটি হইতে পারে এইরূপ বিধান বুঝাইলে তাহাকে বিভাষা ("ন বেতি বিভাষা") বলে। ইহাকে বিকল্পও বলা যায় এবং অনেক স্থলে পাণিনি-ব্যাকরণে 'বা' অব্যয় দ্বারা অথবা "অন্যতরস্যাম্" এই কথার দ্বারা ইহার নির্দ্দেশ হয়।

২৬। **নিত্য**—ব্যাকরণের যে সকল বিধানে বিকল্প নাই, তাহাদিগকে বলে নিত্য (Compulsory).

২৭। **নিপাতন**—ব্যাকরণের সাধারণ সূত্রের দ্বারা যখন পদসিদ্ধি হয় না কিন্তু বিশেষ সূত্রের প্রয়োজন হয়, তখন তাহার নাম নিপাতন (Grammatical irregularity).

EXERCISE 3

1. Distinguish between ধাতু and প্রাতিপদিক। Give examples of each.
2. What do you mean by গুণ and বৃদ্ধি of vowels ?
3. Illustrate the difference between a কৃৎ suffix and a তদ্ধিত suffix.

সন্ধি

(Euphonic Combination)

১। দুই বর্ণ পরস্পর অত্যন্ত সন্নিহিত হইলে উভয়ে মিলিত হয়। এই মিলনকে **সন্ধি** বলে (২)। সন্ধি তিন প্রকার—স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি ও

(১) ইগ্‌যণঃ সম্প্রসারণম্।

(২) পরঃ সন্নিকর্ষঃ সংহিতা। সন্ধিকে 'সংহিতা'ও বলা হয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

বিসর্গসন্ধি। স্বরবর্ণে স্বরবর্ণে, ব্যঞ্জনবর্ণে ব্যঞ্জনবর্ণে এবং ব্যঞ্জনবর্ণে ও স্বরবর্ণে সন্ধি হয়। স্বরে স্বরে সন্ধিকে **স্বরসন্ধি** (অচ্‌সন্ধি) কহে। ব্যঞ্জনে স্বরে ও ব্যঞ্জনে ব্যঞ্জনে সন্ধিকে কহে **ব্যঞ্জনসন্ধি** (হল্‌সন্ধি)। বিসর্গের পরে স্বর বা ব্যঞ্জন থাকিবার পর সন্ধি হইলে তাহাকে **বিসর্গসন্ধি** কহে। সন্ধি হইলে কখনও দুই বর্ণ কেবল মিলিত হয়, কখনও পূর্ব্ববর্ণ বিকৃত হয়, কখনও পরবর্ণ বিকৃত হয়, কখনও উভয় বর্ণ ই বিকৃত হয়, কখনও পূর্ব্ববর্ণের লোপ হয়, কখনও বা পরবর্ণের লোপ হয়। যথা,—

মহান্‌-আগ্রহঃ—মহানাগ্রহঃ
উদ্‌-চারয়তি—উচ্চারয়তি
যাচ্‌-না—যাচ্ঞা
মহান্‌-শব্দঃ—মহাঞ্ছব্দঃ
সঃ-আগতঃ—স আগতঃ
গুরো-অনুমন্যস্ব—গুরোঽনুমন্যস্ব

কোন্ স্থলে কোন্ বর্ণ কিরূপ বিকৃত হয় এবং কোন্ স্থলে কোন্ বর্ণের লোপ হয়, তাহার নিয়ম ক্রমে ক্রমে প্রদর্শিত হইতেছে*।

স্বরসন্ধি (অচ্‌সন্ধি)

(Combination of Vowels)

২। যদি অ-কার কিংবা আ-কারের পর অ কিংবা আ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া **আ-কার** হয়; আ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (১)। যথা,—

শশ-অঙ্কঃ—শশাঙ্কঃ
অদ্য-অবধি—অদ্যাবধি
উত্তম-অঙ্গম্—উত্তমাঙ্গম্
দেব-আলয়ঃ—দেবালয়ঃ

---

* সংহিতৈকপদে নিত্যা নিত্যা ধাতূপসর্গয়োঃ।
সূত্রেষ্বপি তথা নিত্যা সৈবান্যত্র বিভাষয়া॥

অর্থাৎ একপদে (যথা,—নে + অনম্ = নয়নম্), ধাতু ও উপসর্গের মধ্যে (যথা,—প্রতি + অগচ্ছৎ = প্রত্যগচ্ছৎ), সূত্রে (যথা,—বৃদ্ধিঃ + এচি = বৃদ্ধিরেচি) এবং সমাস হইলে সমস্যমান পদগুলি মিলিত হইয়া একপদ হয় বলিয়া সমাসেও (যথা,—দেব (=দেবস্য) + আলয়ঃ=দেবালয়ঃ) সন্ধি নিত্য, অর্থাৎ অবশ্যকর্ত্তব্য। এতদ্ভিন্ন অন্য স্থলে সন্ধি করা ইচ্ছাধীন। শ্লোকের মধ্যে সন্ধি নিত্য, তবে দ্বিতীয় পাদের শেষবর্ণ এবং তৃতীয় পাদের প্রথম বর্ণে সন্ধি হয় না (নিত্যং সংহিতৈকপদবৎ পাদেষ্বর্দ্ধান্তবর্জ্জম্—বামনঃ)। "যো ধ্রুবাণি পরিত্যজ্য অধ্রুবাণি নিষেবতে—" প্রভৃতি এই নিয়মের ব্যভিচার। কারণ, এখানে শ্লোকের মাঝখানেও সন্ধি হয় নাই।

(১) অকঃ সবর্ণে দীর্ঘঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

রত্ন-আকরঃ—রত্নাকরঃ
দয়া-অর্ণবঃ—দয়ার্ণবঃ
কুশ-আসনম্—কুশাসনম্
লতা-অন্তঃ—লতান্তঃ
মহা-অর্ঘঃ—মহার্ঘঃ
গদা-আঘাতঃ—গদাঘাতঃ
মহা-আশয়ঃ—মহাশয়ঃ
বিদ্যা-আলয়ঃ—বিদ্যালয়ঃ

৩। যদি ই-কার কিংবা ঈ-কারের পর ই কিংবা ঈ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া দীর্ঘ **ঈ-কার** হয় ; ঈ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (১)। যথা,—

গিরি-ইন্দ্রঃ—গিরীন্দ্রঃ
অতি-ইব—অতীব
প্রতি-ইতিঃ—প্রতীতিঃ
কবি-ঈশ্বরঃ—কবীশ্বরঃ
ক্ষিতি-ঈশঃ—ক্ষিতীশঃ
প্রতি-ঈক্ষা—প্রতীক্ষা
মহী-ইন্দ্রঃ—মহীন্দ্রঃ
মহতী-ইচ্ছা—মহতীচ্ছা
লক্ষ্মী-ঈশঃ—লক্ষ্মীশঃ
পৃথ্বী-ঈশ্বরঃ—পৃথ্বীশ্বরঃ

৪। যদি উ-কার কিংবা ঊ-কারের পর উ কিংবা ঊ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া দীর্ঘ **ঊ-কার** হয় ; ঊ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (১)। যথা,—

বিধু-উদয়ঃ—বিধূদয়ঃ
মধু-উৎসবঃ—মধূৎসবঃ
স্বাদু-উদকম্—স্বাদূদকম্
সাধু-উক্তম্—সাধূক্তম্
লঘু-ঊর্ম্মিঃ—লঘূর্ম্মিঃ
গুরু-ঊহঃ—গুরূহঃ
বধূ-উৎসবঃ—বধূৎসবঃ
স্বয়ম্ভূ-উদয়ঃ—স্বয়ম্ভূদয়ঃ
ভূ-ঊর্দ্ধম্—ভূর্দ্ধম্
বধূ-ঊহনম্—বধূহনম্

৫। যদি ঋ-কার কিংবা ৠ-কারের পর ঋ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া দীর্ঘ **ৠ-কার** হয় ; ৠ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (১)। যথা,—

পিতৃ-ঋণম্—পিতৄণম্
ভ্রাতৃ-ঋদ্ধিঃ—ভ্রাতৄদ্ধিঃ

৬। যদি অ-কার কিংবা আ-কারের পর ই কিংবা ঈ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া **এ-কার** হয় ; এ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (২)। যথা,—

দেব-ইন্দ্রঃ—দেবেন্দ্রঃ
পূর্ণ-ইন্দুঃ—পূর্ণেন্দুঃ
গণ-ঈশঃ—গণেশঃ
অব-ঈক্ষণম্—অবেক্ষণম্
মহা-ইন্দ্রঃ—মহেন্দ্রঃ
লতা-ইব—লতেব
রমা-ঈশঃ—রমেশঃ
মহা-ঈশ্বরঃ—মহেশ্বরঃ

---

(১) **অকঃ সবর্ণে দীর্ঘঃ**। অক্ (অ, ই, উ, ঋ, ৯) বর্ণের পর সবর্ণ থাকিলে উভয়ের স্থানে একটি দীর্ঘ বর্ণ হয়।

(২) **আদ্গুণঃ**। অবর্ণের পর ই-বর্ণ, উ-বর্ণ বা ঋ-বর্ণ থাকিলে উভয়ের স্থানে যথাক্রমে এ-কার, ও-কার, অ-কার (র-যুক্ত) একাদেশ হয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৭। যদি অ-কার কিংবা আ-কারের পর উ কিংবা ঊ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া **ও-কার** হয় ; ও-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (১)। যথা,—

নীল-উৎপলম্—নীলোৎপলম্	সূর্য্য-উদয়ঃ—সূর্য্যোদয়ঃ
এক-উনবিংশতিঃ—একোনবিংশতিঃ	গৃহ-ঊর্দ্ধম্—গৃহোর্দ্ধম্
মহা-উদয়ঃ—মহোদয়ঃ	গঙ্গা-উদকম্—গঙ্গোদকম্
গঙ্গা-ঊর্ম্মিঃ—গঙ্গোর্ম্মিঃ	মহা-ঊর্ম্মিঃ—মহোর্ম্মিঃ

৮। যদি অ-কার কিংবা আ-কারের পর ঋ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া **অর্** হয় ; র্ পরবর্ণের মস্তকে যায়, অ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (১)। যথা,—

দেব-ঋষিঃ—দেবর্ষিঃ*	হিম-ঋতুঃ—হিমর্ত্তুঃ
মহা-ঋষিঃ—মহর্ষিঃ	দেবতা-ঋষভঃ—দেবতর্ষভঃ

৯। যদি অ-কার কিংবা আ-কারের পর এ কিংবা ঐ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া **ঐ-কার** হয় ; ঐ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (২)। যথা,—

অদ্য-এব—অদ্যৈব †	এক-একম্—একৈকম্
মত-ঐক্যম্—মতৈক্যম্	সদা-এব—সদৈব †
তথা-এতৎ—তথৈতৎ	মহা-ঐরাবতঃ—মহৈরাবতঃ

১০। যদি অ-কার কিংবা আ-কারের পর ও কিংবা ঔ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া **ঔ-কার** হয় ; ঔ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (২)। যথা,—

জল-ওঘঃ—জলৌঘঃ	গ্রাম-ওকঃ—গ্রামৌকঃ
চিত্ত-ঔদার্য্যম্—চিত্তৌদার্য্যম্	গত-ঔৎসুক্যম্—গতৌৎসুক্যম্

---

(১) **আদ্‌গুণঃ**। উরণ্ রপরঃ।

* **শাকল্য** ঋষির মতে পদান্তস্থিত অবর্ণ, ইবর্ণ, উবর্ণ বা ঋবর্ণের পর ঋ-কার থাকিলে সন্ধি হয় না, শুধু পূর্ব্বস্বরটি (দীর্ঘ থাকিলে) হ্রস্ব হয়। যথা,—ব্রহ্মা + ঋষিঃ (সমাসবদ্ধ নহে)=ব্রহ্মঋষিঃ। সপ্ত + ঋষীণাম্ (সমাসবদ্ধ)=সপ্তঋষীণাম্। হোতৃ + ঋকারঃ (সমাসে)=হোতৃঋকারঃ। **"ঋত্যকঃ"**।

(২) **বৃদ্ধিরেচি**। অবর্ণের পর এচ্ (এ ও ঐ ঔ) থাকিলে উভয়ের স্থানে বৃদ্ধি (ঐ বা ঔ) একাদেশ হয়।

† **এবে চানিয়োগে**—নিয়োগ অর্থাৎ অবধারণ (certainty) না বুঝাইলে এব যোগে পররূপ একাদেশ হইবে। ক্বেব ভোক্ষ্যসে (কোথায়ই বা ভোজন করিবে—'অত্রেতি ন নিশ্চিনুম্')।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

মহা-ওষধিঃ—মহৌষধিঃ
মহা-ঔদার্য্যম্—মহৌদার্য্যম্
সদা-ওদনম্—সদৌদনম্
সদা-ঔৎসুক্যম্—সদৌৎসুক্যম্

১১। ই ঈ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে ই বা ঈ-স্থানে য্ হয়। য পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর য-কারে যুক্ত হয় (১)। যথা,—

যদি-অপি—যদ্যপি
ইতি-আদিঃ—ইত্যাদিঃ
অভি-উদয়ঃ—অভ্যুদয়ঃ
দি-উতম্—দ্যূতম্
মুনি-ঐক্যম্—মুন্যৈক্যম্
পচতি-ওদনম্—পচত্যোদনম্ *
অপি-ঔৎসুক্যম্—অপ্যৌৎসুক্যম্
নদী-অম্বু—নদ্যম্বু
সখী-উক্তম্—সখ্যুক্তম্
বলী-ঋষভঃ—বল্যৃষভঃ
বলী-ঐরাবতঃ—বল্যৈরাবতঃ
প্রতি-অবায়ঃ—প্রত্যবায়ঃ
অতি-আচারঃ—অত্যাচারঃ
প্রতি-উদ্গমনম্—প্রত্যুদ্গমনম্
মুনি-ঋষভঃ—মুন্যৃষভঃ
অতি-ঐশ্বর্য্যম্—অত্যৈশ্বর্য্যম্
মুনি-ওকঃ—মুন্যোকঃ
অতি-ঔদার্য্যম্—অত্যৌদার্য্যম্
দেবী-আগতা—দেব্যাগতা
শশী-উর্দ্ধগঃ—শশ্যূর্দ্ধগঃ
গোপী-এষা—গোপ্যেষা
সরস্বতী-ওঘঃ—সরস্বত্যোঘঃ
বাণী-ঔচিত্যম্—বাণ্যৌচিত্যম্

১২। উ ঊ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে হ্রস্ব উ-কার-স্থানে এবং দীর্ঘ ঊ-কার-স্থানে ব্ হয়; ব্ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর ব-কারে যুক্ত হয় (১)। যথা,—

অনু-অয়ঃ—অন্বয়ঃ*
মধু-ইদম্—মধ্বিদম্
মধু-ঋতে—মধ্বৃতে
অনু-ঐক্ষিষ্ট—অন্বৈক্ষিষ্ট
দদাতু-ঔষধম্—দদাত্বৌষধম্
বধূ-আদিঃ—বধ্বাদিঃ
তনূ-ঈশ্বরঃ—তন্বীশ্বরঃ
সরযূ-ওঘঃ—সরয্বোঘঃ
সু-আগতম্—স্বাগতম্
সাধু-ঈহিতম্—সাধ্বীহিতম্
অনু-এষণম্—অন্বেষণম্
পচতু-ওদনম্—পচত্বোদনম্
সরযূ-অম্বু—সরয্বম্বু
তনু-ইন্দ্রিয়ম্—তন্বিন্দ্রিয়ম্
সরযূ-এধিতম্—সরয্বেধিতম্
বধূ-ঐশ্বর্য্যম্—বধ্বৈশ্বর্য্যম্
বধূ-ঔদার্য্যম্—বধ্বৌদার্য্যম্

---

(১) **ইকো যণচি।**

* **শাকল্য** মতে পদান্তস্থিত ই-বর্ণ, উ-বর্ণ ও ঋ-বর্ণের পর অসবর্ণ স্বর থাকিলে সন্ধি হয় না, শুধু দীর্ঘস্বর হ্রস্ব হয়। যথা,—দেবী + আদিশতি = দেবি আদিশতি। কিন্তু সমাস হইলে সন্ধি হইবে; যথা,—দেবী + আদেশঃ = দেব্যাদেশঃ (সমাসে) "ইকোঽসবর্ণে শাকল্যস্য হ্রস্বশ্চ"।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৩। ঋ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে ঋ-কার-স্থানে র্ হয়; র্ পূর্ব্ববর্ণে যুক্ত হয়, আর পরের স্বর র-কারে যুক্ত হয় (১)। যথা,—

পিতৃ-অনুমতিঃ—পিত্রনুমতিঃ
পিতৃ-আদেশঃ—পিত্রাদেশঃ
পিতৃ-ইচ্ছা—পিত্রিচ্ছা
পিতৃ-ঈহিতম্—পিত্রীহিতম্
পিতৃ-উপদেশঃ—পিত্রুপদেশঃ
পিতৃ-ঊহঃ—পিত্রূহঃ
পিতৃ-এষণা—পিত্রেষণা
পিতৃ-ঐশ্বর্য্যম্—পিত্রৈশ্বর্য্যম্
পিতৃ-ওকঃ—পিত্রোকঃ
পিতৃ-ঔদার্য্যম্—পিত্রৌদার্য্যম্

১৪। স্বরবর্ণ পরে থাকিলে পদমধ্যস্থিত এ-কার-স্থানে অয়্ হয়; অ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর য়-কারে যুক্ত হয় (২)। যথা,—

শে-অনম্—শয়নম্
নে-অনম্—নয়নম্
জে-অতি—জয়তি
সঞ্চে-অঃ—সঞ্চয়ঃ
শে-আতে—শয়াতে
অশে-আতাম্—অশয়াতাম্
শে-ইতম্—শয়িতম্
অশে-ইষ্ট—অশয়িষ্ট
শে-ঈত—শয়ীত
শে-ঈরন্—শয়ীরন্
শে-এ—শয়ে
শে-ঐ—শয়ৈ

১৫। স্বরবর্ণ পরে থাকিলে পদমধ্যস্থিত ঐ-কার-স্থানে আয়্ হয়; আ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর য়-কারে যুক্ত হয় (২)। যথা,—

বিনৈ-অকঃ—বিনায়কঃ
সঞ্চৈ-অকঃ—সঞ্চায়কঃ
রৈ-আ—রায়া
রৈ-ই—রায়ি
রৈ-এ—রায়ে
রৈ-ওঃ—রায়োঃ

১৬। স্বরবর্ণ পরে থাকিলে পদমধ্যস্থিত ও-কার-স্থানে অব্ হয়; অ-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর ব-কারে যুক্ত হয় (২)। যথা,—

ভো-অনম্—ভবনম্
পো-অনঃ—পবনঃ
শ্রো-অনম্—শ্রবণম্*
গো-আ—গবা
ভো-ইতা—ভবিতা
পো-ইত্রম্—পবিত্রম্
গো-এ—গবে
গো-ওঃ—গবোঃ

---

(১) ইকো যণচি। অচ্ (স্বরবর্ণ) পরে থাকিলে ইক্ (ই, উ, ঋ, ৯) স্থানে যথাক্রমে যণ্ (য ব র ল) হয়। (২) এচোঽয়বায়াবঃ।

* পূর্ব্বে 'র্' থাকায় দন্ত্য 'ন' মূর্দ্ধন্য 'ণ' হইয়াছে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৭। স্বরবর্ণ পরে থাকিলে পদমধ্যস্থিত ঔ-কার স্থানে **আব্** হয়; এই আ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর ব-কারে যুক্ত হয় (১)। যথা,—

পৌ-অকঃ—পাবকঃ
নৌ-আ—নাবা
নৌ-ই—নাবি
নৌ-এ—নাবে
গ্লৌ-ওঃ—গ্লাবোঃ
স্তৌ-অকঃ—স্তাবকঃ
গ্লৌ-আ—গ্লাবা
ভৌ-উকঃ—ভাবুকঃ
গ্লৌ-এ—গ্লাবে
নৌ-ঔ—নাবৌ*

১৮। পদের অন্তস্থিত এ-কার কিংবা ও-কারের পরে যে **অ** থাকে, তাহার **লোপ** হয় (২)। লোপ হইলে অ-কারের যে চিহ্ন থাকে, তাহাকে লুপ্ত অ-কার (বা অবগ্রহ) বলে †। যথা,—

কবে-অবেহি—কবেঽবেহি
প্রভো-অনুগৃহাণ—প্রভোঽনুগৃহাণ
সখে-অর্পয়—সখেঽর্পয়
গুরো-অনুমন্যস্ব—গুরোঽনুমন্যস্ব

১৯। অ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে পদের অন্তস্থিত এ-কার-স্থানে একবার **অ** এবং আর একবার **অয়্** হয়; অয়্ হইলে অ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর য়-কারে যুক্ত হয় (৩-৪)। যথা,—

সখে-আগচ্ছ—সখআগচ্ছ, সখয়াগচ্ছ
সখে-উহনম্—সখউহনম্, সখয়ূহনম্
সখে-এহি—সখএহি, সখয়েহি
সখে-ওদনম্—সখওদনম্, সখয়োদনম্
সখে-উচ্যতাম্—সখউচ্যতাম্, সখয়ুচ্যতাম্
সখে-ঋচ্ছ—সখঋচ্ছ, সখয়ৃচ্ছ
সখে-ঐষীঃ—সখঐষীঃ, সখয়ৈষীঃ
সখে-ঔষধম্—সখঔষধম্, সখয়ৌষধম্

---

(১) **এচোঽয়বায়াবঃ**। স্বরবর্ণ পরে থাকিলে এচ্ (এ ও ঐ ঔ) স্থানে যথাক্রমে অয়্, অব্, আয়্, আব্ হয়।

* যকারাদি প্রত্যয় পরে থাকিলে ও-কার এবং ঔ-কার-স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যথা,—গো+য (যৎ)=গব্যম্; নৌ+য (যৎ)=নাব্যম্; এইরূপ গো+যূতিঃ=গব্যূতিঃ ইত্যাদিও হয়। "বান্তো যি প্রত্যয়ে"। "অধ্বপরিমাণে চ"। (বা)

(২) **এঙঃ পদান্তাদতি**। পদান্তস্থিত এ-কার বা ও-কারের পর অ-কার থাকিলে পূর্ব্বরূপ একাদেশ হয়।

† এই লুপ্ত অ-কারটির বিশেষ মূল্য নাই, ইহা শুধু পূর্ব্বে 'অ-কার' ছিল, ইহা দ্যোতনা করে। কোথাও কোথাও লুপ্ত অ-কারের চিহ্ন দেওয়া হয় না, এমনও দেখা যায় (কাব্যে শ্লেষাদি স্থলে)।

(৩) **লোপঃ শাকল্যস্য**। (৪) অ হইলে পর আর সন্ধি হয় না।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২০। অ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে পদের অন্তস্থিত ও-কার-স্থানে একবার অ এবং আর একবার অব্ হয়। অব্ হইলে, অ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর ব-কারে যুক্ত হয় (১)। যথা,—

প্রভো-আগচ্ছ—প্রভআগচ্ছ, প্রভবাগচ্ছ প্রভো-ইহ—প্রভইহ, প্রভবিহ
প্রভো-ঈহসে—প্রভঈহসে, প্রভবীহসে প্রভো-উচ্যতাম্—প্রভউচ্যতাম্, প্রভবুচ্যতাম্
প্রভো-উহনম্—প্রভউহনম্, প্রভবূহনম্ প্রভো-ঋচ্ছ—প্রভঋচ্ছ, প্রভবৃচ্ছ
প্রভো-এহি—প্রভএহি, প্রভবেহি প্রভো-ঐষীঃ—প্রভঐষীঃ, প্রভবৈষীঃ
প্রভো-ওদনম্—প্রভওদনম্, প্রভবোদনম্ প্রভো-ঔষধম্—প্রভঔষধম্, প্রভবৌষধম্

২১। স্বরবর্ণ পরে থাকিলে, পদের অন্তস্থিত ঐ-কার-স্থানে একবার আ এবং আর একবার আয়্ হয়; আয়্ হইলে, আ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর য়-কারে যুক্ত হয় (২)। যথা,—

শ্রিয়ৈ-অর্থঃ—শ্রিয়াঅর্থঃ, শ্রিয়ায়র্থঃ শ্রিয়ৈ-আগ্রহঃ—শ্রিয়াআগ্রহঃ, শ্রিয়ায়াগ্রহঃ
শ্রিয়ৈ-ইচ্ছতি—শ্রিয়াইচ্ছতি, শ্রিয়ায়িচ্ছতি শ্রিয়ৈ-ঈহা—শ্রিয়াঈহা, শ্রিয়ায়ীহা
শ্রিয়ৈ-উৎসুকঃ—শ্রিয়াউৎসুকঃ, শ্রিয়ায়ুৎসুকঃ শ্রিয়ৈ-ঊহঃ—শ্রিয়াঊহঃ, শ্রিয়ায়ূহঃ
শ্রিয়ৈ-ঋচ্ছতি—শ্রিয়াঋচ্ছতি, শ্রিয়ায়ৃচ্ছতি শ্রিয়ৈ-এতি—শ্রিয়াএতি, শ্রিয়ায়েতি
শ্রিয়ৈ-ঐক্যম্—শ্রিয়াঐক্যম্, শ্রিয়ায়ৈক্যম্ ভুক্ত্যৈ-ওদনম্—ভুক্ত্যাওদনম্, ভুক্ত্যায়োদনম্
শ্রিয়ৈ-ঔৎসুক্যম্—শ্রিয়াঔৎসুক্যম্, শ্রিয়ায়ৌৎসুক্যম্

২২। স্বরবর্ণ পরে থাকিলে, পদের অন্তস্থিত ঔ-কার-স্থানে একবার আ এবং আর একবার আব্ হয়; আব্ হইলে, আ পূর্ব্ববর্ণে যুক্ত হয় এবং পরের স্বর ব-কারে যুক্ত হয় (১-২)। যথা,—

রবৌ-অস্তমিতে—রবাঅস্তমিতে, রবাবস্তমিতে গুরৌ-আগতে—গুরাআগতে, গুরাবাগতে
গতৌ-ইমৌ—গতাইমৌ, গতাবিমৌ তৌ-ঈশ্বরৌ—তাঈশ্বরৌ, তাবীশ্বরৌ
বিধৌ-উদিতে—বিধাউদিতে, বিধাবুদিতে রবৌ-ঊর্দ্ধগে—রবাঊর্দ্ধগে, রবাবূর্দ্ধগে
গুরৌ-ঋচ্ছতি—গুরাঋচ্ছতি, গুরাবৃচ্ছতি প্রস্থিতৌ-এতৌ—প্রস্থিতাএতৌ, প্রস্থিতাবেতৌ:
মতৌ-ঐক্যম্—মতাঐক্যম্, মতাবৈক্যম্
গতৌ-ঔৎসুক্যম্—গতাঔৎসুক্যম্, গতাবৌৎসুক্যম্

২৩। ধাতুর এ কিংবা ও পরে থাকিলে, উপসর্গের অ-কার ও

(১) লোপঃ শাকল্যস্য।

(২) অ বা আ হইলে পর আর সন্ধি হয় না। কারণ 'পূর্ব্বত্রাসিদ্ধম্' সূত্রানুসারে য়্ ও ব্-এর লোপকে লোপ বলিয়া ধরা হয় না।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

আ-কারের লোপ হয়; এ-কার ও ও-কার উপসর্গে যুক্ত হয় (১)। যথা,—

প্র-এজন্তে—প্রেজন্তে প্র-এষয়তি—প্রেষয়তি
উপ-ওষতি—উপোষতি পরা-ওহতি—পরোহতি

এধ্ ও ইণ্ ধাতুর এ-কার পরে থাকিলে, উপসর্গের অ-কার ও আ-কারের লোপ হয় না (২)। যথা,—

উপ-এধতে—উপৈধতে পরা-এধতে—পরৈধতে
অব-এতি—অবৈতি আ-এতি—ঐতি

২৪। যদি উপসর্গের **অ**-কার কিংবা **আ**-কারের পর ধাতুর ঋ থাকে, তাহা হইলে উভয়ে মিলিয়া **আর্** হয়; আ-কার উপসর্গে যুক্ত হয়, র্ পরবর্ণের মস্তকে যায় (৩)। যথা,—

অপ-ঋচ্ছতি—অপার্চ্ছতি অব-ঋণোতি—অবার্ণোতি
পরা-ঋষতি—পরার্ষতি প্র-ঋজতে—প্রার্জতে (৪)
আ-ঋষতি—আর্ষতি

['অ-আ'র পরে নামধাতুর ঋকার থাকিলে উভয়ে মিলিয়া বিকল্পে অর্ হয় *। যথা,—

প্র-ঋষভীয়তি—প্রার্ষভীয়তি, প্রর্ষভীয়তি।]

২৫। সমাসে **ওতু** (cat) ও **ওষ্ঠ** শব্দ পরে থাকিলে, পূর্ব্বপদের অন্তস্থিত অ-কার ও আ-কারের বিকল্পে লোপ হয় (৫)। যথা,—

বিম্ব-ওষ্ঠঃ—বিম্বোষ্ঠঃ, বিম্বৌষ্ঠঃ উমা-ওষ্ঠঃ—উমোষ্ঠঃ, উমৌষ্ঠঃ
স্থূল-ওতুঃ—স্থূলোতুঃ, স্থূলৌতুঃ

---

(১) **এঙি পররূপম্।** (২) **এত্যেধত্যূঠ্সু** (২১ পৃষ্ঠা ৭ সূত্র দেখ)।
(৩) **উপসর্গাদৃতি ধাতৌ।**
(৪) "অচো রহাভ্যাং দ্বে"—এই বিধানানুসারে র-কারের পরস্থিত ত্, জ্ প্রভৃতির বিকল্পে দ্বিত্ব হওয়ায় উপার্ত্ততি, প্রার্জ্জতে প্রভৃতি দ্বিত্বযুক্ত পদও হইয়া থাকে।
* **বা সুপ্যাপিশলেঃ।**
(৫) ওত্বোষ্ঠয়োঃ সমাসে বা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

সমাস না হইলে লোপ হয় না। যথা,—

তব-ওষ্ঠঃ—তবৌষ্ঠঃ মম-ওষ্ঠঃ—মমৌষ্ঠঃ

সন্ধি-নিষেধ (Prohibition of Sandhi)

২৬। ও-কারান্ত কিংবা একস্বরমাত্র অব্যয় শব্দের সহিত পরপদের সন্ধি হয় না (১)। যথা,—

অহো-অপেহি—অহো অপেহি অহো-আগমিষ্যতি—অহো আগমিষ্যতি
অ-অদ্যাপি—অ অদ্যাপি আ-এবম্—আ এবম্ (২)
উ-উত্তিষ্ঠ—উ উত্তিষ্ঠ

২৭। **দ্বিবচন**-নিষ্পন্ন দীর্ঘ **ঈ**-কারান্ত, দীর্ঘ **ঊ**-কারান্ত এবং **এ**-কারান্ত পদের সহিত পরপদের সন্ধি হয় না (৩)। যথা,—

কবী-ইমৌ—কবী ইমৌ গিরী-এতৌ—গিরী এতৌ
সাধূ-ইমৌ—সাধূ ইমৌ বন্ধূ-আগতৌ—বন্ধূ আগতৌ
লতে-এতে—লতে এতে বিঘ্নে-ইমে—বিঘ্নে ইমে
শয়াতে-অর্ভকৌ—শয়াতে অর্ভকৌ শেবহে-আবাম্—শেবহে আবাম্
যাচেতে-অর্থম্—যাচেতে অর্থম্

২৮। **অদস্**-শব্দ-নিষ্পন্ন দীর্ঘ **ঈ**-কারান্ত ও দীর্ঘ **ঊ**-কারান্ত (অর্থাৎ অমী ও অমূ) পদের সহিত পরপদের সন্ধি হয় না (৪)। যথা,—

অমী-অশ্বাঃ—অমী অশ্বাঃ অমী-ঈষবঃ—অমী ঈষবঃ

---

(১) নিপাত একাজনাঙ্। ওৎ।

(২) ঈষদর্থে ক্রিয়াযোগে মর্য্যাদাভিবিধৌ চ যঃ। এতমাতং ঙিতং বিদ্যাদ্ বাক্য-স্মরণয়োরঙিৎ॥ মর্য্যাদা (সীমা, Limit, Exclusion), অভিবিধি (ব্যাপ্তি, Inclusion) অথবা ঈষদর্থ (Slightness) বুঝাইলে কিংবা ক্রিয়ার সহিত যোগ হইলে, অব্যয় আ-কারের সন্ধি হয়। সীমা, যথা,—আ-অধ্যয়নাৎ—আধ্যয়নাৎ (অধ্যয়ন পর্য্যন্ত); ব্যাপ্তি, যথা,—আ-একদেশাৎ—ঐকদেশাৎ (একদেশ ব্যাপিয়া); ঈষদর্থ, যথা,—আ-আলোচিতম্—আলোচিতম্ (সামান্যভাবে); ক্রিয়ার সহিত যোগ, যথা,—আ-ইহি—এহি।

(৩) প্লুতপ্রগৃহ্যা অচি নিত্যম্। ঈদূদেদ্ দ্বিবচনং প্রগৃহ্যম্। প্লুত স্বরেরও সন্ধি হয় না। যথা,—হরে অত্র আগচ্ছ (দূরাহ্বানে চ গানে চ রোদনে চ প্লুতো মতঃ)।

(৪) অদসো মাৎ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অমূ-অর্ভকৌ—অমূ অর্ভকৌ। অদস্ শব্দ ভিন্ন স্থলে, অম (Disease)+ অস্ত্যর্থে ইন্=অমী (রোগী), অমী-অসৌ—অম্যসৌ।

২৯। 'ইতি' পরে থাকিলে সম্বোধন-পদের অন্তে স্থিত ও-কারের বিকল্পে সন্ধি হয় (১)। যথা,—বিষ্ণো-ইতি—বিষ্ণো ইতি, বিষ্ণইতি, বিষ্ণবিতি।

IRREGULAR VOWEL SANDHI

১। ঈর কিংবা ঈরিন্ শব্দ পরে থাকিলে, 'স্ব' শব্দের অ-কার-স্থানে ঐ-কার হয় এবং পরস্থিত ঈ-কারের লোপ হয় (২)। যথা,—স্ব-ঈরঃ—স্বৈরঃ (free); স্ব-ঈরী—স্বৈরী (স্বেন ঈরিতুং শীলমস্য ইতি স্বৈরী; free, uncontrolled), (ক) স্ব-ঈরিণী—স্বৈরিণী (a woman of loose character).

২। উহিনী শব্দ পরে থাকিলে, অক্ষ শব্দের অন্ত্য অ-কারের স্থানে ঔ হয় এবং পরস্থিত উ-কার লুপ্ত হয়। যথা,—অক্ষ-উহিনী—অক্ষৌহিণী (৩)।

৩। উহ, উঢ় ও উঢ়ি শব্দ পরে থাকিলে, প্র শব্দের অ-কার-স্থানে ঔ-কার হয়; পরস্থিত উ-কার লুপ্ত হয়। যথা,—প্র-উহঃ—প্রৌহঃ, প্র-উঢ়ঃ—প্রৌঢ়ঃ (elderly), প্র-উঢ়িঃ—প্রৌঢ়িঃ (৪)।

৪। এষ কিংবা এষ্য শব্দ পরে থাকিলে, প্র শব্দের অ-কার-স্থানে ঐ-কার হয়; পরস্থিত এ-কার লুপ্ত হয়। যথা,—প্র-এষঃ—প্রৈষঃ, প্র-এষ্যঃ—প্রৈষ্যঃ (A servant) (৪)। কিন্তু প্র-ঈষঃ—প্রেষঃ, প্র-ঈষ্যঃ—প্রেষ্যঃ।

৫। ঋণ, প্র, বসন, বৎসতর, কম্বল ও দশ শব্দের পর ঋণ শব্দ থাকিলে অ এবং ঋ উভয়ে মিলিয়া আর্ হয়। যথা,—ঋণ-ঋণম্—ঋণার্ণম্ (Debt made for paying off another debt); প্র-ঋণম্—প্রার্ণম্ (Principal debt) ইত্যাদি (৫)।

৬। অ-কার বা আ-কারের পর ঋত শব্দ থাকিলে এবং তৃতীয়া তৎপুরুষ সমাস হইলে ঋ-স্থানে আর্ হয়। যথা,—শীত-ঋতঃ (শীতেন ঋতঃ)—শীতার্ত্তঃ

(১) সম্বুদ্ধৌ শাকল্যস্যেতাবনার্ষে। (২) স্বাদীরেরিণোঃ।

(ক) লিঙ্গবিশিষ্টপরিভাষয়া ('প্রাতিপদিকগ্রহণে লিঙ্গবিশিষ্টস্যাপি গ্রহণম্'); অথবা স্বৈরিন্+স্ত্রী ঈ=স্বৈরিণী।

(৩) অক্ষাদূহিন্যামুপসংখ্যানম্। (বা)। ণত্ববিধানের সূত্রানুসারে মূর্দ্ধন্য ণ।

(৪) প্রাদূহোঢোঢ্যেষৈষ্যেষু। (বা)

(৫) প্রবৎসতরকম্বলবসনার্ণদশানামৃণে। (বা)। এই সূত্রের বৎসতর শব্দের স্থানে কেহ কেহ বৎস ও বৎসর শব্দের পাঠ করিয়াছেন।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

(Oppressed with cold); ক্ষুধা-ঋতঃ—ক্ষুধার্ত্তঃ। অন্য সমাসে—(কর্ম্মধারয়) পরম-ঋতঃ—পরমর্ত্তঃ (Highly respected) (১)।

৭। অ-কার বা আ-কারের পর ওম্ এবং উপসর্গ (The prepositional prefix) আ (আঙ্) থাকিলে, পূর্ব্ব অ-কার এবং আ-কারের লোপ হয়। যথা,—শিবায়-ওঁনমঃ—শিবায়োন্নমঃ; শিব-এহি (আ-ইহি)—শিবেহি (O Shiva! come); অব-এহি—অবেহি (Be you informed); 'অবৈহি' হইবে না। এইরূপ উপেহি (Come near) (২)।

৮। স্বরবর্ণ পরে থাকিলে, পূর্ব্ববর্ত্তী গো-শব্দের স্থানে বিকল্পে গব হয়। যথা,—গো-ঈশঃ—গবেশঃ, গবীশঃ। কিন্তু ইন্দ্র শব্দ ও অক্ষ শব্দ পরে থাকিলে, নিত্যই গব হয়। যথা,—গো-ইন্দ্রঃ—গবেন্দ্রঃ; গো-অক্ষঃ—গবাক্ষঃ (A small window)। প্রাণীর অঙ্গ অর্থ বুঝাইলে হয় না। যথা,—গো-অক্ষম্—গোঽক্ষম্ (Eye of a cow) (৩)।

৯। শকন্ধু প্রভৃতি কতিপয় শব্দের টি-ভাগের লোপ হয়, এবং লোপের পর পরের স্বর তাহাতে যুক্ত হয় (৪)। যথা,—শক-অন্ধুঃ—শকন্ধুঃ; কুল-অটা—কুলটা (a prostitute); সীমন্-অন্তঃ—সীমন্তঃ (সীঁথি) (৫); মনস্-ঈষা—মনীষা (intellect); লাঙ্গল-ঈষা—লাঙ্গলীষা (the handle of a plough); সার-অঙ্গঃ—সারঙ্গঃ (deer); পতৎ-অঞ্জলিঃ—পতঞ্জলিঃ (name of a sage; পতন্তঃ অঞ্জলয়ঃ যস্মিন্)।

EXERCISE 4

1. What is *Sandhi?* How many kinds of *Sandhis* are there? State the cases where *Sandhi* is compulsory and where it is optional.

2. Disjoin the *Sandhis* in the following words :—

পিত্রাদেশঃ; অভ্যুপেত্য; দুঃখার্ত্তঃ; পাবকঃ; কৃষ্ণর্দ্ধিঃ; দেবৈশ্বর্য্যম্; গঙ্গৌঘঃ; স্বৈরিণী; প্রৌঢ়ঃ; পরমর্ত্তঃ; উপার্চ্ছতি; প্রেজতে; শিবেহি; দৈত্যারিঃ; বিষ্ণূদয়ঃ; গোঽগ্রম্; নম্বেবা; নদীয়ম্; গবেন্দ্রঃ; গবাক্ষঃ; তেঽত্র; অবেহি; বিম্বৌষ্ঠঃ; যথেবেন্দুঃ; হর্য্যক্ষঃ; শকন্ধুঃ; মনীষা; সীমন্তঃ; স্বাগতম্; সরয্বম্বু; সথয়াগচ্ছ; শয়নম্।

3. Join the following in *Sandhi* :—

দেবতা+ঋষিঃ; গুরো+অত্র; হরে+এ; বিষ্ণৌ+উৎসবঃ; অব+এহি; অব+এতি; মুর+অরিঃ; গো+ঈশঃ; প্রভো+ইহ; হিম+ঋতুঃ; গঙ্গা+ঊর্ম্মিঃ; প্রভো+

(১) ঋতে চ তৃতীয়াসমাসে। (বা) (২) ওমাঙোশ্চ।
(৩) অবঙ্ স্ফোটায়নস্য। ইন্দ্রে চ। ব্যবস্থিতবিভাষয়া, গবাক্ষঃ।
(৪) শকন্ধ্বাদিষু পররূপং বাচ্যম্। (বা)। তচ্চ টেঃ।
(৫) সীমন্তঃ কেশবেশে (সীঁথি অর্থে)। অন্যত্র সীমান্তঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অনুগৃহাণ; অমী+অশ্বাঃ; দধি+ইদম্; পিতৃ+ঋণম্; মনস্+ঈষা; কুল+অটা; গো+অক্ষঃ; ঋণ+ঋণম্; সা+ঐন্দ্রী; প্র+ঋচ্ছতি; শীত+ঋতঃ; স্ব+ঈরম্; উপ+এতি; স্থূল+ওতুঃ; হে ছাত্র+ওষ্ঠং পশ্য; সা+ওম্; প্র+উঢ়িঃ; প্র+এষ্যঃ; নদী+এষা; বধূ+আসনম্; পিতৃ+অর্থঃ; গো+অঃ; নে+অনম্; অসৌ+ইন্দুঃ; তস্মৈ+আসনম্; তে+অত্র।

ব্যঞ্জন-সন্ধি

(Conjunction of Consonants)

১। যদি চ্ কিংবা ছ্ পরে থাকে, তাহা হইলে ত্-স্থানে ও দ্-স্থানে চ্ হয় (১)। যথা,—

মহৎ-চক্রম্—মহচ্চক্রম্
ভবৎ-চরণম্—ভবচ্চরণম্
উদ্-চারণম্—উচ্চারণম্
এতদ্-চন্দ্রমণ্ডলম্—এতচ্চন্দ্রমণ্ডলম্
বিপদ্-চয়ঃ—বিপচ্চয়ঃ
তদ্-চলনম্—তচ্চলনম্
মহৎ-ছত্রম্—মহচ্ছত্রম্
ভবৎ-ছলনম্—ভবচ্ছলনম্
উদ্-ছিনত্তি—উচ্ছিনত্তি
তদ্-ছবিঃ—তচ্ছবিঃ
এতদ্-ছায়া—এতচ্ছায়া

২। যদি জ্ কিংবা ঝ্ পরে থাকে, তাহা হইলে ত্-স্থানে ও দ্-স্থানে জ্ হয় (১)। যথা,—

ভবৎ-জীবনম্—ভবজ্জীবনম্
উদ্-জ্বলঃ—উজ্জ্বলঃ
সরিৎ-জলম্—সরিজ্জলম্
তদ্-জন্ম—তজ্জন্ম
এতদ্-জননম্—এতজ্জননম্
বিপদ্-জালম্—বিপজ্জালম্
মহৎ-ঝঞ্জনম্—মহজ্ঝঞ্জনম্
তদ্-ঝনৎকারঃ—তজ্ঝনৎকারঃ

৩। যদি জ্ কিংবা ঝ্ পরে থাকে, তাহা হইলে দন্ত্য-ন্-স্থানে ঞ হয় (১)। যথা,—

মহান্-জয়ঃ—মহাঞ্জয়ঃ
রাজন্-জাগৃহি—রাজঞ্জাগৃহি

---

(১) স্তোঃ শ্চুনা শ্চুঃ। স-কার ও তবর্গ স্থানে শ-কার ও চবর্গ যোগে যথাক্রমে শ-কার ও চবর্গ হয়। কিন্তু শ-কারের পরবর্তী তবর্গীয় বর্ণ চবর্গীয় বর্ণে পরিণত হয় না ('শাৎ')। যথা,—প্রশ্নঃ, অশ্নাতি।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ভবান্-জীবতু—ভবাঞ্জীবতু
উদ্যন্-ঝঙ্কারঃ—উদ্যঞ্ঝঙ্কারঃ
বিরমন্-ঝনৎকারঃ—বিরমঞ্ঝনৎকারঃ
গচ্ছন্-ঝটিতি—গচ্ছঞ্ঝটিতি

৪। যদি পদের অন্তস্থিত ত-কার কিংবা দ-কারের পর তালব্য শ্ থাকে, তাহা হইলে ত্-স্থানে ও দ্-স্থানে চ্ এবং তালব্য শ্-স্থানে ছ্ হয় (১-২)। যথা,—

জগৎ-শরণ্যঃ—জগচ্ছরণ্যঃ
মহৎ-শকটম্—মহচ্ছকটম্ (৩)
তদ্-শরীরম্—তচ্ছরীরম্
এতদ্-শকাব্দীয়ম্—এতচ্ছকাব্দীয়ম্

৫। যদি পদের অন্তস্থিত ন-কারের পর তালব্য শ্ থাকে, তাহা হইলে ন্-স্থানে ঞ্ এবং তালব্য শ্ স্থানে ছ্ হয় (১-৪)। যথা,—

মহান্-শব্দঃ—মহাঞ্ছব্দঃ
ধাবন্-শশঃ—ধাবঞ্ছশঃ
নিন্দন্-শঠঃ—নিন্দঞ্ছঠঃ

৬। যদি পদের অন্তস্থিত ত-কার কিংবা দ-কারের পর হ্ থাকে, তাহা হইলে ত্-স্থানে দ্ এবং হ্-স্থানে ধ্ হয় (৫)। যথা,—

উদ্-হৃতঃ—উদ্ধৃতঃ
উদ্-হরণম্—উদ্ধরণম্
মহৎ-হসনম্—মহদ্ধসনম্
তদ্-হিতম্—তদ্ধিতম্
তদ্-হেয়ম্—তদ্ধেয়ম্
বিপদ্-হেতুঃ—বিপদ্ধেতুঃ

---

(১) স্তোঃ শ্চুনা শ্চুঃ।

(২) শশ্ছোঽটি। পদান্তস্থিত ঝয়্ (পঞ্চমভিন্ন বর্গ্য বর্ণ) বর্ণের পর শ্ এবং তাহার পর অট্ (স্বরবর্ণ হ য ব র) থাকিলে ঐ শ্-স্থানে বিকল্পে ছ্ হয়। "ছত্বমমীতি বাচ্যম্।"

(৩) পদের অন্তস্থিত ত-কার কিংবা দ-কারের পর তালব্য শ্ থাকিলে, বৈয়াকরণেরা দুই পদ সিদ্ধ করেন। যথা,—মহৎ-শকটম্—মহচ্ছকটম্, মহচ্শকটম্; তদ্-শরীরম্—তচ্ছরীরম্, তচ্শরীরম্।

(৪) শি তুক্।
পদের অন্তস্থিত ন-কারের পর তালব্য শ্ থাকিলে, বিকল্পে তুক্ (ত্) আগম হয়। এস্থলে বৈয়াকরণেরা চারি পদ সিদ্ধ করেন। যথা,—মহান্-শব্দঃ—মহাঞ্ছব্দঃ, মহাঞ্চ্ছব্দঃ, মহাঞ্চ্শব্দঃ, মহাঞ্শব্দঃ ("শি তুক্", "শশ্ছোঽটি", "ঝরো ঝরি সবর্ণে" এই তিন সূত্রবলে)।

(৫) ঝয়ো হোঽন্যতরস্যাম্। ঝয়্ বর্ণের (পঞ্চমভিন্ন বর্গ্য বর্ণ) পরবর্ত্তী হ্-স্থানে বিকল্পে পূর্ব্বসবর্ণ হয়।
পদের অন্তস্থিত ত-কার কিংবা দ-কারের পর হ্ থাকিলে, বৈয়াকরণেরা দুই পদ সিদ্ধ করেন। যথা,—উদ্-হৃতঃ—উদ্ধৃতঃ, উদ্হৃতঃ; তদ্-হেয়ম্—তদ্ধেয়ম্, তদ্হেয়ম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৭। যদি চ-বর্গের পর দন্ত্য ন্ থাকে, তাহা হইলে ন্-স্থানে ঞ্ হয় (১)। যথা,—

যাচ্-না—যাচ্ঞা যজ্-নঃ—যজ্ঞঃ
জজ্-নাতে—জজ্ঞাতে জজ্-নিষে—জজ্ঞিষে
জজ্-নিধ্বে—জজ্ঞিধ্বে জজ্-নে—জজ্ঞে
রাজ্-না—রাজ্ঞা রাজ্-নী—রাজ্ঞী

৮। যদি ট্ কিংবা ঠ্ পরে থাকে, তাহা হইলে ত্-স্থানে ও দ্-স্থানে ট্ হয় (২)। যথা,—

উদ্-টলতি—উট্টলতি মহৎ-টঙ্কনম্—মহট্টঙ্কনম্
তদ্-টীকা—তট্টীকা এতদ্-টঙ্কারঃ—এতট্টঙ্কারঃ
সৎ-ঠকারঃ—সট্ঠকারঃ এতদ্-ঠক্কুরঃ—এতট্ঠক্কুরঃ

৯। যদি ড্ কিংবা ঢ্ পরে থাকে, তাহা হইলে ত্-স্থানে ও দ্-স্থানে ড্ হয় (২)। যথা,—

উদ্-ডীনঃ—উড্ডীনঃ ভবৎ-ডমরুঃ—ভবড্ডমরুঃ
তদ্-ডিণ্ডিমঃ—তড্ডিণ্ডিমঃ এতদ্-ডামরঃ—এতড্ডামরঃ
উদ্-ঢৌকতে—উড্ঢৌকতে মহৎ-ঢালম্—মহড্ঢালম্
এতদ্-ঢক্কা—এতড্ঢক্কা তদ্-ঢুণ্ঢনম্—তড্ঢুণ্ঢনম্

১০। যদি ড্ কিংবা ঢ্ পরে থাকে, তাহা হইলে দন্ত্য ন্-স্থানে মূর্দ্ধন্য-ণ্ হয় (২)। যথা,—

মহান্-ডামরঃ—মহাণ্ডামরঃ রুবন্-ডিণ্ডিমঃ—রুবণ্ডিণ্ডিমঃ
ভবান্-ঢুণ্ঢতি—ভবাণ্ঢুণ্ঢতি রাজন্-ঢৌকসে—রাজণ্ঢৌকসে

১১। মূর্দ্ধন্য-ষ-কারের পরস্থিত ত্-স্থানে ট্ ও থ্-স্থানে ঠ্ হয় (২)। যথা,—

আকৃষ্-তঃ—আকৃষ্টঃ স্রষ্-তা—স্রষ্টা
উৎকৃষ্-তঃ—উৎকৃষ্টঃ ষষ্-থঃ—ষষ্ঠঃ

---

(১) স্তোঃ শ্চুনা শ্চুঃ।

(২) ষ্টুনা ষ্টুঃ। স-কার ও তবর্গ-স্থানে ষ-কার ও টবর্গ-যোগে যথাক্রমে ষ-কার ও টবর্গ হয়।

পদান্তস্থিত ট-কারের পরবর্ত্তী স্-স্থানে ষ্ বা তবর্গ-স্থানে টবর্গ হয় না। যথা,—মধুলিট্ সাধুঃ, মধুলিট্ তরতি। কিন্তু ষণ্ণাম্, ষণ্ণগরী ও ষণ্ণবতি হয়। ("ন পদান্তাট্টোরনাম্" "অনাম্-নবতি-নগরীণামিতি বাচ্যম্")। সূত্রে নগরী শব্দ থাকাতে 'ষন্নগরম্' স্থলে ণত্ব হইবে না।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১২। যদি ল্ পরে থাকে, তাহা হইলে ত্, দ্ ও ন্ এই তিনটির স্থানে ল্ হয় (১)। যথা,—

বৃহৎ-ললাটম্—বৃহল্ললাটম্ উদ্-লিখিতঃ—উল্লিখিতঃ
তদ্-লীলায়িতম্—তল্লীলায়িতম্ এতদ্-লীলোদ্যানম্—এতল্লীলোদ্যানম্
মহান্-লাভঃ—মহাঁল্লাভঃ (২) ভবান্-লভতে—ভবাঁল্লভতে (২)

১৩। যদি স্বরবর্ণ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ন-কারের দ্বিত্ব হয় (৩)। যথা,—

ধাবন্-অশ্বঃ—ধাবন্নশ্বঃ হসন্-আগতঃ—হসন্নাগতঃ
চিন্তয়ন্-ইহ—চিন্তয়ন্নিহ সৃজন্-ঈশ্বরঃ—সৃজন্নীশ্বরঃ
স্মরন্-উবাচ—স্মরন্নুবাচ

যদি ন্ দীর্ঘ স্বরের পরে থাকে, তাহা হইলে দ্বিত্ব হয় না (৩)। যথা,—

মহান্-আগ্রহঃ—মহানাগ্রহঃ কবীন্-আহ্বয়—কবীনাহ্বয়
সাধূন্-আদ্রিয়স্ব—সাধূনাদ্রিয়স্ব ভ্রাতৄন্-অনুগৃহ্ণীধ—ভ্রাতৄননুগৃহ্ণীধ

১৪। যদি চ্ কিংবা ছ্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ন্-স্থানে অনুস্বার হয় এবং চ্-স্থানে ও ছ-স্থানে শ্চ্ ও শ্ছ্ হয় (৪)। যথা,—

পশ্যন্-চকিতঃ—পশ্যংশ্চকিতঃ হসন্-চলিতঃ—হসংশ্চলিতঃ
নৃত্যন্-চকোরঃ—নৃত্যংশ্চকোরঃ ধাবন্-ছাগঃ—ধাবংশ্ছাগঃ
মহান্-ছেদঃ—মহাংশ্ছেদঃ বিরাজন্-ছায়াপথঃ—বিরাজংশ্ছায়াপথঃ

১৫। যদি ট্ কিংবা ঠ্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত

---

(১) তোর্লি। ল-কার পরে থাকিলে ত-বর্গ-স্থানে ল হয়।

(২) ন-কার-স্থান-জাত ল-কারের পূর্ব্বস্বরের অনুনাসিক উচ্চারণ হয়। সেই উচ্চারণের সূচক বিন্দু-সহিত অর্দ্ধচন্দ্র পূর্ব্বস্বরে যোজিত করিতে হয়।

(৩) ঙমো হ্রস্বাদচি ঙমুণ্ নিত্যম্। স্বরবর্ণ পরে থাকিলে হ্রস্বস্বরের পরবর্ত্তী ঙ-ণ-ন-বর্ণের দ্বিত্ব হয়।

(৪) নশ্ছব্যপ্রশান্। পরে অম্ অর্থাৎ স্বরবর্ণ, বর্গের পঞ্চম বর্ণ, য র ল ব হ যুক্ত ছব্ (চ, ছ, ট, ঠ, ত, থ) পরে থাকিলে পদান্তস্থিত ন-কার স্থানে রু (বিসর্গ) হয় এবং তাহার পূর্ব্বে অনুস্বার হয়; প্রশান্-শব্দের হয় না। (প্রশান্ চরতি=প্রশাঞ্চরতি)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ন্-স্থানে **অনুস্বার** হয় এবং ট্-স্থানে ও ঠ্-স্থানে যথাক্রমে ষ্ট্ ও ষ্ঠ্ হয় (১)। যথা,—

চলন্-টিট্টিভঃ—চলংষ্টিট্টিভঃ
উদ্যন্-টঙ্কারঃ—উদ্যংষ্টঙ্কারঃ
মহান্-ঠক্কুরঃ—মহাংষ্ঠক্কুরঃ

১৬। যদি ত্ কিংবা থ্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ন্-স্থানে **অনুস্বার** হয় এবং ত্-স্থানে স্ত্ ও থ্-স্থানে স্থ্ হয় (১)। যথা,—

পতন্-তরুঃ—পতংস্তরুঃ
মহান্-তড়াগঃ—মহাংস্তড়াগঃ
উত্তিষ্ঠন্-তরঙ্গঃ—উত্তিষ্ঠংস্তরঙ্গঃ
শাম্যন্-তাপঃ—শাম্যংস্তাপঃ
ক্ষিপন্-থুৎকারম্—ক্ষিপংস্থুৎকারম্
স্পৃশন্-থুড়তি—স্পৃশংস্থুড়তি

১৭। যদি শ্ অথবা স্ কিংবা হ্ পরে থাকে, তাহা হইলে পদ-মধ্য-স্থিত ন্-স্থানে **অনুস্বার** হয় (২)। যথা,—

দন্-শনম্—দংশনম্
ভ্রন্-শতে—ভ্রংশতে
মীমান্-সতে—মীমাংসতে
জিঘান্-সতি—জিঘাংসতি
রন্-হতে—রংহতে
বৃন্-হিতম্—বৃংহিতম্

১৮। যদি দন্ত্য স্ পরে থাকে, তাহা হইলে পদের মধ্যস্থিত ম্-স্থানে **অনুস্বার** হয় (২)। যথা,—

রম্-স্যতে—রংস্যতে
অরম্-সীৎ—অরংসীৎ
সঙ্গম্-স্যতে—সঙ্গংস্যতে
নিনম্-সতি—নিনংসতি

১৯। যে বর্গের বর্ণ পরে থাকে, পদ-মধ্যস্থিত ন্-স্থানে সেই বর্গের **পঞ্চম বর্ণ** হয় (২-৩)। যথা,—

আশন্-কতে—আশঙ্কতে
প্রেন্-খনীয়ম্—প্রেঙ্খণীয়ম্
আলিন্-গতি—আলিঙ্গতি
বন্-চয়তি—বঞ্চয়তি
বান্-ছতি—বাঞ্ছতি
রন্-জয়তি—রঞ্জয়তি
বন্-টয়তি—বণ্টয়তি
উৎকন্-ঠতে—উৎকণ্ঠতে

(১) নশ্ছব্যপ্রশান্।

(২) **নশ্চাপদান্তস্য ঝলি।** বর্গের প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ বর্ণ এবং শ ষ স হ পরে থাকিলে, পদমধ্যস্থ ন্ ও ম্-স্থানে অনুস্বার হয়।

(৩) **অনুস্বারস্য যয়ি পরসবর্ণঃ**—যয়্, অর্থাৎ শ ষ স হ ভিন্ন ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে অনুস্বার স্থানে পরবর্ত্তী বর্গের পঞ্চম বর্ণ হয়। ফলতঃ ন্ ও ম্-স্থানে অনুস্বার, আবার (পদমধ্যস্থিত) অনুস্বার-স্থানে পরবর্গের পঞ্চম বর্ণ হয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

মন্‌-ডয়তি—মণ্ডয়তি কন্‌-পতে—কম্পতে
দৃন্‌-ফতি—দৃম্ফতি আলন্‌-বতে—আলম্বতে
জৃন্‌-ভতে—জৃম্ভতে

২০। যদি ত্ পরে থাকে, তাহা হইলে পদ-মধ্যস্থিত **ম্‌-স্থানে ন্** হয় (১-২)। যথা,—

গম্‌-তা—গন্তা গম্‌-তব্যম্—গন্তব্যম্
নিয়ম্‌-তা—নিয়ন্তা ক্ষাম্‌-তিঃ—ক্ষান্তিঃ
ক্ষম্‌-তব্যম্—ক্ষন্তব্যম্ আক্রাম্‌-তম্—আক্রান্তম্
শাম্‌-তম্—শান্তম্ দাম্‌-তঃ—দান্তঃ

২১। যদি অন্তঃস্থ অথবা উষ্মবর্ণ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত **ম্‌-স্থানে অনুস্বার** হয় (২)। যথা,—

সত্বরম্‌-যাতি—সত্বরংযাতি করুণম্‌-রোদিতি—করুণংরোদিতি
বিদ্যাম্‌-লভন্তে—বিদ্যাংলভন্তে ভারম্‌-বহতি—ভারংবহতি
শয্যায়াম্‌-শেন্তে—শয্যায়াংশেন্তে কষ্টম্‌-সহতে—কষ্টংসহতে
মধুরম্‌-হসতি—মধুরংহসতি

কিন্তু ক্বিপ্‌-প্রত্যয়ান্ত রাজ্ ধাতু পরে থাকিলে, সম্ শব্দের ম্‌-স্থানে অনুস্বার হয় না (৩)। যথা,—সম্+রাট্ (জ্)=সম্রাট্।

২২। যদি স্পর্শবর্ণ (অর্থাৎ বর্গের বর্ণ) পরে থাকে, তাহা হইলে পদের **অন্তস্থিত ম্‌-স্থানে অনুস্বার** হয়, অথবা যে বর্গের বর্ণ পরে থাকে, সেই বর্গের **পঞ্চম বর্ণ** হয় (৪)। যথা,—

কিম্‌-করোষি—কিংকরোষি, কিঙ্করোষি গৃহম্‌-গচ্ছ—গৃহংগচ্ছ, গৃহঙ্গচ্ছ
ক্ষিপ্রম্‌-চলতি—ক্ষিপ্রংচলতি, ক্ষিপ্রঞ্চলতি শত্রুম্‌-জহি—শত্রুংজহি, শত্রুঞ্জহি
নদীম্‌-তরতি—নদীংতরতি, নদীন্তরতি ধনম্‌-দদাতি—ধনংদদাতি, ধনন্দদাতি
স্তনম্‌-ধয়তি—স্তনংধয়তি, স্তনন্ধয়তি গুরুম্‌-নমতি—গুরুংনমতি, গুরুন্নমতি
চন্দ্রম্‌-পশ্যতি—চন্দ্রংপশ্যতি, চন্দ্রম্পশ্যতি কিম্‌-ফলম্—কিংফলম্, কিম্ফলম্
সত্যম্‌-ব্রূয়াৎ—সত্যংব্রূয়াৎ, সত্যম্ব্রূয়াৎ মধুরম্‌-ভাষতে—মধুরংভাষতে, মধুরম্ভাষতে
শাস্ত্রম্‌-মীমাংসতে—শাস্ত্রংমীমাংসতে, শাস্ত্রম্মীমাংসতে

---

(১) অনুস্বারস্য যয়ি পরসবর্ণঃ।
(২) মোঽনুস্বারঃ। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে পদান্তস্থিত ম্ স্থানে অনুস্বার হয়।
(৩) মো রাজি সমঃ ক্বৌ। (৪) বা পদান্তস্য।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

(ক) কৃ-ধাতু-নিষ্পন্ন শব্দ পরে থাকিলে, সম্ শব্দের ম্-স্থানে **অনুস্বার** এবং **স্**-কারের **আগম** হয় (১)। যথা,—

সম্-কৃতঃ—সংস্কৃতঃ সম্-কারঃ—সংস্কারঃ
সম্-কর্ত্তা—সংস্কর্ত্তা

(খ) বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ পরে থাকিলে, পুম্-শব্দের **ম্**-স্থানে **অনুস্বার** ও **স্ আগম** হয় (২)। এই 'স্' আবার পরবর্ত্তী চ ছ যোগে 'শ্' এবং ট ঠ যোগে 'ষ্' হয়। যথা,—

পুম্-চাতকঃ—পুংশ্চাতকঃ পুম্-টিট্টিভঃ—পুংষ্টিট্টিভঃ
পুম্-কোকিলঃ—পুংস্কোকিলঃ

২৩। যদি ছ্ পরে থাকে, তাহা হইলে স্বরবর্ণের পর **চ্** আগম হয় এবং **চ্ ছ্** মিলিয়া **চ্ছ্** হয় (৩)। যথা,—

সিত-ছত্রম্—সিতচ্ছত্রম্ পরি-ছদঃ—পরিচ্ছদঃ
অব-ছেদঃ—অবচ্ছেদঃ বৃক্ষ-ছায়া—বৃক্ষচ্ছায়া
গৃহ-ছিদ্রম্—গৃহচ্ছিদ্রম্

২৪। উদ্ উপসর্গের পরস্থিত **স্থা** ও **স্তম্ভ্** ধাতুর **স্**-এর লোপ হয় (৪)। যথা,—

উদ্-স্থানম্—উত্থানম্ উদ্-স্থিতিঃ—উত্থিতিঃ

---

(১) **সমঃ স্থুটি** (সংপুংকানাং সো বক্তব্যঃ)। সম্ এবং পরি এই দুই উপসর্গ কৃ-ধাতুর সহিত যুক্ত হইয়া ভূষণ এবং সমবায় অর্থ বুঝাইলে, এই দুই উপসর্গের পর স্-আগম হয় (সংপরিভ্যাং করোতৌ ভূষণে; সমবায়ে চ)। যথা,—সংস্করোতি (adorns), সংস্কুর্ব্বন্তি (form congregation). প্রতিযত্ন, বিকৃতি, বাক্যাধ্যাহার, ভূষণ এবং সমবায় অর্থে উপ+কৃ ধাতুর প্রয়োগ হইলে, উপ উপসর্গের পর স্-আগম হয়। যথা,—এধোদকস্য উপস্কুরুতে (=গুণাধানং করোতি), উপস্কৃতং (cooked) ভুঙ্‌ক্তে, উপস্কৃতং ব্রূতে (says after supplying a new word), উপস্কৃতা (ornamented) কন্যা।

(২) **পুমঃ খয্যম্পরে।**

(৩) **ছে চ।** কিন্তু পদান্তস্থিত দীর্ঘস্বরের পর বিকল্পে হয় ("পদান্তাদ্বা")। যথা,—লক্ষ্মীচ্ছায়া, লক্ষ্মীছায়া। কিন্তু আ এবং মা শব্দের পর নিত্য ("আঙ্মাঙোশ্চ"); যথা,—আচ্ছাদয়তি, মাচ্ছিদৎ।

(৪) **উদঃ স্থা-স্তম্ভোঃ পূর্ব্বস্য।** এই সূত্রের অর্থ কার্য্যতঃ এইরূপ—'উদ্' উপসর্গের পরস্থিত 'স্থা' ও 'স্তম্ভ্' ধাতুর স-কারের লোপ হয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

উদ্‌-স্থাস্যতি—উত্থাস্যতি
উদ্‌-স্তম্ভয়তি—উত্তম্ভয়তি
উদ্‌-স্তম্ভনম্—উত্তম্ভনম্
উদ্‌-স্তম্ভয়িষ্যতি—উত্তম্ভয়িষ্যতি

২৫। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয় ও চতুর্থ বর্ণ অথবা ব্‌ র্‌ ল্‌ ব্‌ হ্‌ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত **ক্‌**-স্থানে গ্‌ হয় (১)। যথা,—

দিক্‌-অন্তঃ—দিগন্তঃ
ত্বক্‌-ইন্দ্রিয়ম্—ত্বগিন্দ্রিয়ম্
সম্যক্‌-উক্তম্—সম্যগুক্তম্
প্রাক্‌-এব—প্রাগেব
সম্যক্‌-ওজঃ—সম্যগোজঃ
দিক্‌-গজঃ—দিগ্‌গজঃ
বাক্‌-জালম্—বাগ্‌জালম্
সম্যক্‌-ডয়তে—সম্যগ্‌ডয়ন্তে
বাক্‌-দানম্—বাগ্‌দানম্
বাক্‌-বাহুল্যম্—বাগ্বাহুল্যম্
ধিক্‌-যাচকম্—ধিগ্‌যাচকম্
ধিক্‌-লোভিনম্—ধিগ্‌লোভিনম্
বাক্‌-আড়ম্বরঃ—বাগাড়ম্বরঃ
বাক্‌-ঈশঃ—বাগীশঃ
ধিক্‌-ঋণকারিণম্—ধিগৃণকারিণম্
ধিক্‌-ঐশ্বর্য্যমত্তম্—ধিগৈশ্বর্য্যমত্তম্
বাক্‌-ঔচিত্যম্—বাগৌচিত্যম্
প্রাক্‌-ঘনোদয়ঃ—প্রাগ্‌ঘনোদয়ঃ
সম্যক্‌-জায়তে—সম্যগ্‌জায়তে
সম্যক্‌-ঢৌকতে—সম্যগ্‌ঢৌকতে
ধিক্‌-ধনগর্ব্বিতম্—ধিগ্ধনগর্ব্বিতম্
দিক্‌-ভাগঃ—দিগ্‌ভাগঃ
বাক্‌-রোধঃ—বাগ্রোধঃ
সম্যক্‌-বদতি—সম্যগ্বদতি

দিক্‌-হস্তী—দিগ্‌হস্তী (২)

---

(১) **ঝলাঞ্জশোঽন্তে।** এখানে পদ শব্দটির অর্থ প্রণিধান-যোগ্য। সাধারণতঃ সুপ্‌-প্রত্যয়ান্ত ও তিঙ্‌-প্রত্যয়ান্ত শব্দ পদ ("সুপ্তিঙন্তং পদম্")। ক্যচ্‌ ও ক্যঙ্‌ প্রত্যয় যোগ হইলে ন-কারান্ত শব্দকে পদ বলে ('নঃ ক্যে')। সকারেৎ প্রত্যয় যুক্ত হইলে, মূল শব্দটিকে পদ বলে ("সিতি চ")। ভবৎ+ঈয়-(ছস্)=ভবদীয়। সু-ঔ-জস্‌-অম্‌-ঔট্‌ ভিন্ন সুপ্‌-প্রত্যয়, স্ত্রী-প্রত্যয় এবং তদ্ধিত-প্রত্যয় যুক্ত হইলে প্রকৃতিকে পদ বলা হয়, ("স্বাদিষ্বসর্ব্বনামস্থানে")। কিন্তু য-কারাদি ও স্বরাদি সুপ্‌-প্রত্যয়, স্ত্রী-প্রত্যয় বা তদ্ধিত-প্রত্যয় পরে থাকিলে তাহাকে পদ বলা হয় না ('যচি ভম্')। আবার মত্বর্থীয় তদ্ধিত-প্রত্যয় পরে থাকিলে ত-কারান্ত ও স-কারান্ত প্রকৃতিকে পদ বলা হয় না ("তসৌ মত্বর্থে")। সেইজন্য মরুৎ+বান্‌=মরুত্বান্‌ (মরুদ্বান্‌ নহে)। আবার সমাসে সুপ্‌ বিভক্তির লোপ হইলেও শব্দের পদত্ব নষ্ট হয় না ("প্রত্যয়লোপে প্রত্যয়লক্ষণম্" অথবা "স্থানিবদাদেশোঽনল্বিধৌ")। যথা,—বাচাম্‌-ঈশঃ=বাচ্‌+ঈশঃ, অনন্তর "চোঃ কুঃ" সূত্র দ্বারা পদান্তস্থিত চ্‌-স্থানে ক্‌, বাক্‌+ঈশঃ, অতঃপর "ঝলাং জশোঽন্তে" সূত্র দ্বারা পদান্তস্থিত ক্‌-স্থানে গ্‌; বাক্‌+ঈশঃ=বাগীশঃ।

(২) **ঝয়ো হোঽন্যতরস্যাম্।** পঞ্চম-ভিন্ন বর্গ্য বর্ণের পরে 'হ্‌' থাকিলে, সেই 'হ্‌'-স্থানে, পূর্ব্বস্থিত বর্ণ যে বর্গের, সেই বর্গের চতুর্থ বর্ণ বিকল্পে হয়। যথা,—দিগ্‌ঘস্তী, দিগ্‌হস্তী।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৬। যদি স্বরবর্ণ অথবা গ্ ঘ্ দ্ ধ্ ব্ ভ্ য্ র্ ব্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত ত্-স্থানে দ্ হয় (১)। যথা,—

জগৎ-অন্তঃ—জগদন্তঃ
জগৎ-আদিঃ—জগদাদিঃ
জগৎ-ইন্দ্রঃ—জগদিন্দ্রঃ
জগৎ-ঈশঃ—জগদীশঃ
ভবৎ-উক্তম্—ভবদুক্তম্
ভবৎ-উহনম্—ভবদূহনম্
ভবৎ-ঋণম্—ভবদৃণম্
জগৎ-এতৎ—জগদেতৎ
মহৎ-ঐশ্বর্য্যম্—মহদৈশ্বর্য্যম্
মহৎ-ওজঃ—মহদোজঃ
মহৎ-ঔষধম্—মহদৌষধম্
বৃহৎ-গহনম্—বৃহদ্গহনম্
বৃহৎ-ঘটঃ—বৃহদ্ঘটঃ
ভবৎ দর্শনম্—ভবদ্দর্শনম্
মহৎ-ধনুঃ—মহদ্ধনুঃ
জগৎ-বন্ধুঃ—জগদ্বন্ধুঃ
মহৎ-ভয়ম্—মহদ্ভয়ম্
বৃহৎ-যানম্—বৃহদ্যানম্
বৃহৎ-রথঃ—বৃহদ্রথঃ
মহৎ-বনম্—মহদ্বনম্

২৭। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয় বা চতুর্থ বর্ণ কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত চ্-স্থানে জ্, ট্-স্থানে ড্ এবং প্-স্থানে ব্ হয় (১)। যথা,—

অচ্-অন্তঃ—অজন্তঃ
অচ্-বৎ—অজ্বৎ
পরিব্রাট্-অয়ম্—পরিব্রাড়য়ম্
পরিব্রাট্-আগতঃ—পরিব্রাড়াগতঃ
পরিব্রাট্-উবাচ—পরিব্রাড়ুবাচ
পরিব্রাট্-গচ্ছতি—পরিব্রাড্গচ্ছতি
পরিব্রাট্-বদতি—পরিব্রাড্বদতি
পরিব্রাট্-হসতি—পরিব্রাড্হসতি (২)
অপ্-ইন্ধনঃ—অবিন্ধনঃ
অপ্-ঘটঃ—অব্ঘটঃ
অপ্-ভক্ষ্যঃ—অব্ভক্ষ্যঃ
অপ্-বাসঃ—অব্বাসঃ
অপ্-হরণম্—অব্হরণম্ (২)

২৮। যদি ন্ কিংবা ম্ পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত বর্গ্য প্রথম বর্ণের স্থানে পঞ্চম অথবা তৃতীয় বর্ণ হয় (৩)। যথা,—

দিক্-নাগঃ—দিঙ্নাগঃ, দিগ্নাগঃ
অচ্-নাস্তি—অঞ্নাস্তি, অজ্নাস্তি
মধুলিট্-নর্দ্দতি—মধুলিণ্নর্দ্দতি, মধুলিড্নর্দ্দতি
জগৎ-নাথঃ—জগন্নাথঃ, জগদ্নাথঃ
অপ্-নদী—অম্নদী, অব্নদী
প্রাক্-মুখঃ—প্রাঙ্মুখঃ, প্রাগ্মুখঃ

---

(১) ঝলাং জশোঽন্তে।

(২) "ঝয়ো হোঽন্যতরস্যাম্" [সূ ২৫, (২) পাদটীকা দ্রঃ]। পরিব্রাড্ঢসতি, পরিব্রাড্হসতি ; অব্ভরণম্, অব্হরণম্।

(৩) যরোঽনুনাসিকেঽনুনাসিকো বা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অচ্-মধ্যম্—অঞ্মধ্যম্, অজ্মধ্যম্ মধুলিট্-মত্তঃ—মধুলিণ্মত্তঃ, মধুলিড্মত্তঃ
ভবৎ-মতম্—ভবন্মতম্, ভবদ্মতম্ অপ্-মানম্—অম্মানম্. অব্মানম্

২৯। যদি মাত্র কিংবা ময় প্রত্যয় পরে থাকে, তাহা হইলে পদের অন্তস্থিত বর্গীয় **প্রথম বর্ণের** স্থানে **পঞ্চম বর্ণ** হয় (১)। যথা,—

বাক্-ময়ম্—বাঙ্ময়ম্ অচ্-মাত্রম্—অঞ্মাত্রম্
মধুলিট্-মাত্রম্—মধুলিণ্মাত্রম্ চিৎ-ময়ম্—চিন্ময়ম্
অপ্-ময়ম্—অম্ময়ম্

৩০। যদি চ্ কিংবা ছ্ পরে থাকে, তাহা হইলে **বিসর্গ**-স্থানে তালব্য **শ্** হয় (২)। যথা,—

পূর্ণঃ-চন্দ্রঃ—পূর্ণশ্চন্দ্রঃ জ্যোতিঃ-চক্রম্—জ্যোতিশ্চক্রম্
নিঃ-চিত্তঃ—নিশ্চিত্তঃ বায়ুঃ-চলতি—বায়ুশ্চলতি
ধাবিতঃ-ছাগঃ—ধাবিতশ্ছাগঃ রবেঃ-ছবিঃ—রবেশ্ছবিঃ
তরোঃ-ছায়া—তরোশ্ছায়া রজ্জুঃ-ছিদ্যতে—রজ্জুশ্ছিদ্যতে

৩১। যদি ট্ কিংবা ঠ্ পরে থাকে, তাহা হইলে **বিসর্গ**-স্থানে মূর্দ্ধন্য **ষ্** হয় (৩)। যথা,—

ভীতঃ-টলতি—ভীতষ্টলতি উড্ডীনঃ-টিট্টিভঃ—উড্ডীনষ্টিট্টিভঃ
ধনুঃ-টঙ্কারঃ—ধনুষ্টঙ্কারশ্চ স্থিরঃ-ঠক্কুরঃ—স্থিরষ্ঠক্কুরঃ
ভগ্নঃ-ঠক্কুরঃ—ভগ্নষ্ঠক্কুরঃ

৩২। যদি ত্ কিংবা থ্ পরে থাকে, তাহা হইলে **বিসর্গ**-স্থানে দন্ত্য **স্** হয় (৪)। যথা,—

উন্নতঃ-তরুঃ—উন্নতস্তরুঃ নদ্যাঃ-তীরম্—নদ্যাস্তীরম্
ভূমেঃ-তলম্—ভূমেস্তলম্ ক্ষিপ্তঃ-থূৎকারঃ—ক্ষিপ্তস্থূৎকারঃ
স্নাতঃ-থুড়তি—স্নাতস্থুড়তি

৩৩। যদি তালব্য শ্ পরে থাকে, তাহা হইলে **বিসর্গ**-স্থানে বিকল্পে তালব্য **শ্** হয় (৫)। যথা,—

সুপ্তঃ-শিশুঃ—সুপ্তশ্‌শিশুঃ, সুপ্তঃশিশুঃ উন্নতঃ-শৈলঃ—উন্নতশ্‌শৈলঃ, উন্নতঃশৈলঃ
অগ্নেঃ-শিখা—অগ্নেশ্‌শিখা, অগ্নেঃশিখা গোঃ-শব্দায়তে—গোশ্‌শব্দায়তে, গোঃশব্দায়তে

---

(১) প্রত্যয়ে ভাষায়াং নিত্যম্ (বার্ত্তিক)। (২) স্তোঃ শ্চুনা শ্চুঃ।
(৩) ষ্টুনা ষ্টুঃ। (৪) বসর্জ্জনীয়স্য সঃ (৫) বা শরি।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩৪। যদি মূর্দ্ধন্য ষ্ পরে থাকে, তাহা হইলে **বিসর্গ**-স্থানে বিকল্পে মূর্দ্ধন্য **ষ্** হয় (১)। যথা,—

মত্তঃ-ষট্‌পদঃ—মত্তষ্‌ষট্‌পদঃ, মত্তঃষট্‌পদঃ মধুরঃ-ষড়্‌জঃ—মধুরষ্‌ষড়্‌জঃ, মধুরঃষড়্‌জঃ
ভাগঃ-ষোড়শঃ—ভাগষ্‌ষোড়শঃ, ভাগঃষোড়শঃ

৩৫। যদি দন্ত্য স্ পরে থাকে, তাহা হইলে **বিসর্গ**-স্থানে বিকল্পে দন্ত্য **স্** হয় (১)। যথা,—

প্রথমঃ-সর্গঃ—প্রথমস্‌সর্গঃ, প্রথমঃসর্গঃ রবেঃ-সংক্রমঃ—রবেস্‌সংক্রমঃ, রবেঃসংক্রমঃ
সাধোঃ-সঙ্গঃ—সাধোস্‌সঙ্গঃ, সাধোঃসঙ্গঃ

৩৬। যদি অ-কারের পর বিসর্গ থাকে এবং অ-কার পরে থাকে, তাহা হইলে, **পূর্ব্ব অ**-কার ও **বিসর্গ** উভয়-স্থানে **ও** হয়; ও-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয়, পরের অ-কারের লোপ হয় এবং লুপ্ত অ-কারের চিহ্ন থাকে (২)। যথা,—

নরঃ-অয়ম্—নরোঽয়ম্ নবঃ-অঙ্কুরঃ—নবোঽঙ্কুরঃ
তীক্ষ্ণঃ-অঙ্কুশঃ—তীক্ষ্ণোঽঙ্কুশঃ জ্বলিতঃ-অঙ্গারঃ—জ্বলিতোঽঙ্গারঃ
বেদঃ-অধীতঃ—বেদোঽধীতঃ

৩৭। যদি বর্গের তৃতীয়, চতুর্থ অথবা পঞ্চম বর্ণ কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে, তাহা হইলে **অ**-কার ও **অ**-কারের **পরস্থিত বিসর্গ** উভয়-স্থানে **ও** হয়; ও-কার পূর্ব্ববর্ণে যুক্ত হয় (৩)। যথা,—

শোভনঃ-গন্ধঃ—শোভনোগন্ধঃ নূতনঃ-ঘটঃ—নূতনোঘটঃ
সদ্যঃ-জাতঃ—সদ্যোজাতঃ মধুরঃ-ঝঙ্কারঃ—মধুরোঝঙ্কারঃ
নবঃ-ডমরুঃ—নবোডমরুঃ গজঃ-ঢৌকতে—গজোঢৌকতে
মূর্দ্ধন্যঃ-ণকারঃ—মূর্দ্ধন্যোণকারঃ নির্বাণঃ-দীপঃ—নির্বাণোদীপঃ
অশ্বঃ-ধাবতি—অশ্বোধাবতি উন্নতঃ-নগঃ—উন্নতোনগঃ
দৃঢ়ঃ-বন্ধঃ—দৃঢ়োবন্ধঃ অকুতঃ-ভয়ঃ—অকুতোভয়ঃ
অতীতঃ-মাসঃ—অতীতোমাসঃ কৃতঃ-যত্নঃ—কৃতোযত্নঃ
শান্তঃ-রোষঃ—শান্তোরোষঃ কৃতঃ-লোভঃ—কৃতোলোভঃ
শীতঃ-বায়ুঃ—শীতোবায়ুঃ বামঃ-হস্তঃ—বামোহস্তঃ

---

(১) বা শরি।
(২) অতো রোরপ্লুতাদপ্লুতে। "আদ্‌গুণঃ।" "এঙঃ পদান্তাদতি।"
(৩) হশি চ। আদ্‌গুণঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩৮। যদি অ-কার ভিন্ন স্বরবর্ণ পরে থাকে, তাহা হইলে **অ-কারের পরস্থিত বিসর্গের লোপ** হয় (১); লোপের পর আর সন্ধি হয় না। যথা,—

কুম্ভঃ-আগতঃ—কুম্ভআগতঃ (১)
কঃ-ঈহতে—কঈহতে
ইতঃ-ঊর্দ্ধম্—ইতঊর্দ্ধম্
উচ্চারিতঃ-ৠকারঃ—উচ্চারিতৠকারঃ
কঃ-এষঃ—কএষঃ
নরঃ-ইব—নরইব
চন্দ্রঃ-উদেতি—চন্দ্রউদেতি
দেবঃ-ঋষিঃ—দেবঋষিঃ
কুম্ভঃ-ঐক্যম্—কুম্ভঐক্যম্
রক্তঃ-ওষ্ঠঃ—রক্তওষ্ঠঃ
রাজ্ঞঃ-ঔদার্য্যম্—রাজ্ঞঔদার্য্যম্

৩৯। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে, তাহা হইলে **আ-কারের পরস্থিত বিসর্গের লোপ** হয়; লোপের পর আর সন্ধি হয় না (১)। যথা,—

অশ্বাঃ-অমী—অশ্বাঅমী (১)
তারাঃ-উদিতাঃ—তারাউদিতাঃ
নরাঃ-এতে—নরাএতে
কুম্ভাঃ-ঘটাঃ—কুম্ভাঘটাঃ
মধুরাঃ-ঝঙ্কারাঃ—মধুরাঝঙ্কারাঃ
গজাঃ-ঢৌকন্তে—গজাঢৌকন্তে
অশ্বাঃ-ধাবন্তি—অশ্বাধাবন্তি
দৃঢ়াঃ-বন্ধাঃ—দৃঢ়াবন্ধাঃ
অতীতাঃ-মাসাঃ—অতীতামাসাঃ
গজাঃ-ইমে—গজাইমে
আগতাঃ-ঋষয়ঃ—আগতাঋষয়ঃ
হতাঃ-গজাঃ—হতাগজাঃ
পুত্রাঃ-জাতাঃ—পুত্রাজাতাঃ
নবাঃ-ডমরবঃ—নবাডমরবঃ
নির্বাণাঃ-দীপাঃ—নির্বাণাদীপাঃ
উন্নতাঃ-নগাঃ—উন্নতানগাঃ
নরাঃ-ভীতাঃ—নরাভীতাঃ
ছাত্রাঃ-যতন্তে—ছাত্রাযতন্তে

৪০। যদি অ আ ভিন্ন স্বরবর্ণের পর বিসর্গ থাকে, আর যদি স্বরবর্ণ,

---

(১) **ভোভগোঅঘোঅপূর্ব্বস্য যোঽশি। লোপঃ শাকল্যস্য। হলি সর্ব্বেষাম্।**

স্বরবর্ণ ও ঘোষবৎ বর্ণ পরে থাকিলে ভোঃ, ভগোঃ, অঘোঃ এবং অবর্ণের পরবর্ত্তী রু (=স্=ঃ) স্থানে য্ হয় এবং শাকল্যমতে (অর্থাৎ বিকল্পে) তাহার লোপ হয়। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে এই 'য্'-এর নিত্যই লোপ হয় (স্বর পরে থাকিলে বিকল্পে লোপ)। যথা,—কুম্ভঃ-আগতঃ—কুম্ভআগতঃ, কুম্ভয়াগতঃ; অশ্বাঃ-অমী—অশ্বাঅমী, অশ্বায়মী; কিন্তু দেবাঃ+গতাঃ=দেবাগতাঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে, তাহা হইলে বিসর্গ-স্থানে র্ হয় (১)। যথা,—

কবিঃ-অয়ম্—কবিরয়ম্
রবিঃ-উদেতি—রবিরুদেতি
সুধীঃ-এষঃ—সুধীরেষঃ
গুরুঃ-উবাচ—গুরুরুবাচ
ভূঃ-ইয়ম্—ভূরিয়ম্
দুহিতৃঃ-আহ্বয়—দুহিতৃরাহ্বয়
তৈঃ-উক্তম্—তৈরুক্তম্
প্রভোঃ-আদেশঃ—প্রভোরাদেশ
ঋষিঃ-গচ্ছতি—ঋষির্গচ্ছতি
গুরুঃ-জয়তি—গুরুর্জয়তি
নবৈঃ-ডমরুভিঃ—নবৈর্ডমরুভিঃ
রবেঃ-দর্শনম্—রবের্দর্শনম্
দুঃ-নীতিঃ—দুর্নীতিঃ
মুহুঃ-মুহুঃ—মুহুর্মুহুঃ
বিধুঃ-লীয়তে—বিধুর্লীয়তে
গতিঃ-ইয়ম্—গতিরিয়ম্
শ্রীঃ-অসৌ—শ্রীরসৌ
বন্ধুঃ-আগতঃ—বন্ধুরাগতঃ
বধূঃ-এষা—বধূরেষা
মাতৃঃ-অর্চ্চয়—মাতৃরর্চ্চয়
রবেঃ-উদয়ঃ—রবেরুদয়ঃ
বিধোঃ-অস্তগমনম্—বিধোরস্তগমনম্
গৌঃ-অয়ম্—গৌরয়ম্
হবিঃ-ঘ্রাণম্—হবির্ঘ্রাণম্
কৃতৈঃ-ঝঙ্কারৈঃ—কৃতৈর্ঝঙ্কারৈঃ
গৌঃ-ঢৌকতে—গৌর্ঢৌকতে
নিঃ-ধনঃ—নির্ধনঃ
নিঃ-বন্ধঃ—নির্বন্ধঃ
বহিঃ-যোগঃ—বহির্যোগঃ
বায়ুঃ-বাতি—বায়ুর্বাতি
শিশুঃ-হসতি—শিশুর্হসতি

৪১। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে, তাহা হইলে **অ-কারের পরস্থিত র্-জাত** (২) বিসর্গ-স্থানে র্ হয় (৩)। যথা,—

পুনঃ-অপি—পুনরপি
প্রাতঃ-ইহাগতঃ—প্রাতরিহাগতঃ
অন্তঃ-ধানম্—অন্তর্ধানম্
ভ্রাতঃ-আগচ্ছ—ভ্রাতরাগচ্ছ
মাতঃ-দেহি—মাতর্দেহি
পুনঃ-আগতঃ—পুনরাগতঃ
প্রাতঃ-এব—প্রাতরেব
স্বঃ-গতঃ—স্বর্গতঃ
পিতঃ-অনুমন্যস্ব—পিতরনুমন্যস্ব
জামাতঃ-বদ—জামাতর্বদ
দুহিতঃ-যাহি—দুহিতর্যাহি

(১) সসজুষো রুঃ।
(২) পুনঃ, প্রাতঃ, অন্তঃ, স্বঃ প্রভৃতি পদের বিসর্গ এবং ঋ-কারান্ত শব্দের সম্বোধনের একবচনের বিসর্গ র্-জাত অর্থাৎ র্-স্থানে উৎপন্ন।
(৩) হশি চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

(ক) **অহন্** শব্দের **ন্**-স্থানে **র্** হয়। যথা,—অহরহঃ, অহর্গণঃ। কিন্তু সুপ্ বিভক্তি পরে থাকিলে হয় না (১)। যথা,—অহোভিঃ

(খ) পতি শব্দ পরে থাকিলে, **অহন্** শব্দের **ন্**-স্থানে বিকল্পে **র্** হয় (২)। যথা,—অহন্-পতিঃ—অহঃপতিঃ, অহর্পতিঃ

(গ) পতি শব্দ পরে থাকিলে, গীঃ, ধূঃ, এই দুই পদের **র্**-জাত **বিসর্গ**-স্থানে বিকল্পে **র্** হয় (২)। যথা,—

গীঃ-পতিঃ—গীঃপতিঃ, গীর্পতিঃ   ধূঃ-পতিঃ—ধূঃপতিঃ, ধূর্পতিঃ

৪২। র্ পরে থাকিলে, বিসর্গ-স্থানে যে র্ হয়, তাহার লোপ হয় (৩) এবং **পূর্ব্ব-স্বর দীর্ঘ** হয় (৪)। যথা,—

পিতঃ-রক্ষ—পিতারক্ষ   নিঃ-রসঃ—নীরসঃ
নিঃ-রোগঃ—নীরোগঃ   বিধুঃ-রাজতে—বিধূরাজতে
মাতুঃ-রোদনম্—মাতূরোদনম্

ঢ-কার পরে থাকিলে, পূর্ব্ববর্ত্তী ঢ-কারের লোপ হয় এবং ঋ ভিন্ন **পূর্ব্ব-স্বর দীর্ঘ** হয় (৪)। যথা,—মুঢ্-ঢঃ—মূঢ়ঃ   আরূঢ্-ঢঃ—আরূঢ়ঃ

৪৩। যদি অ-কার ভিন্ন স্বর অথবা কোনও ব্যঞ্জনবর্ণ পরে থাকে, তাহা হইলে তদ্ ও এতদ্ শব্দজাত **সঃ, এষঃ**, এই দুই পদের **বিসর্গের লোপ** হয় (৫); লোপের পর আর সন্ধি হয় না (৬)। যথা,—

সঃ-আগতঃ—স আগতঃ   সঃ-ইচ্ছতি—স ইচ্ছতি
সঃ-ঈহতে—স ঈহতে   সঃ-উবাচ—স উবাচ

---

(১) **অহন্। রোঽসুপি।**

(২) **অহরাদীনাং পত্যাদিষু বা রেফঃ** (বা)। অহরাদি—অহঃ, গীঃ, ধূঃ। পত্যাদি—পতি, গণ, পুত্র। কেহ কেহ 'গীষ্পতি' পদও ('কস্কাদিষু চ') করেন।

(৩) **রো রি।**

(৪) **ঢ্রলোপে পূর্ব্বস্য দীর্ঘোঽণঃ।** ঢ-কার বা র-কারের লোপ হইলে, পূর্ব্বের অণ্ (অ ই উ) দীর্ঘ হয়।

(৫) **এতত্তদোঃ সুলোপোঽকোরনঞ্সমাসে হলি।** 'এষঃ' বা 'সঃ'-এর পরে 'ক' বা পূর্ব্বে নঞ্ যুক্ত থাকিলে, বিসর্গের লোপ হয় না। যথা,—এষকোনরঃ, অসঃ শিবঃ।

(৬) কিন্তু সন্ধি হইলে যদি শ্লোকের পাদপূরণ হয়, তবে সঃ পদের বিসর্গ-লোপের পরেও পরপদের সহিত সন্ধি হয় ("সোঽচি লোপে চেৎ পাদপূরণম্")। যথা,—সৈষ দাশরথী রামঃ (সঃ+এষঃ=সৈষঃ)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

সঃ-করোতি—স করোতি
সঃ-গচ্ছতি—স গচ্ছতি
সঃ-চলতি—স চলতি
সঃ-হসতি—স হসতি
এষঃ-আয়াতি—এষ আয়াতি
এষঃ-এতি—এষ এতি
এষঃ-ধাবতি—এষ ধাবতি
এষঃ-রোদিতি—এষ রোদিতি
এষঃ-বদতি—এষ বদতি
এষঃ-শেতে—এষ শেতে
এষঃ-সহতে—এষ সহতে

৪৪। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য্ র্ ল্ ব্ হ্ পরে থাকে, তাহা হইলে ভোঃ, ভগোঃ ও অঘোঃ*—এই কয়টি পদের বিসর্গের লোপ হয়, লোপের পর আর সন্ধি হয় না (১)। যথা,—

ভোঃ-অম্বরীষ—ভো অম্বরীষ
ভোঃ-ঈশান—ভো ঈশান
ভোঃ-উমাপতে—ভো উমাপতে
ভোঃ-গদাধর—ভো গদাধর
ভোঃ-জনমেজয়—ভো জনমেজয়
ভোঃ-দামোদর—ভো দামোদর
ভোঃ-মাধব—ভো মাধব
ভোঃ-যদুপতে—ভো যদুপতে
ভগোঃ-রক্ষ—ভগো রক্ষ
অঘোঃ-যজ—অঘো যজ

৪৫। ক্, খ্, প্, ফ্ পরে থাকিলে, নিঃ, আবিঃ, বহিঃ, দুঃ, প্রাদুঃ, চতুঃ, এই সকল শব্দের **বিসর্গ-স্থানে মূর্দ্ধন্য ষ্** হয় (২)। যথা,—

নিঃ-কামঃ—নিষ্কামঃ
বহিঃ-কৃতঃ—বহিষ্কৃতঃ
নিঃ-পীড়িতঃ—নিষ্পীড়িতঃ
দুঃ-করম্—দুষ্করম্
আবিঃ-কৃতম্—আবিষ্কৃতম্
নিঃ-ফলঃ—নিষ্ফলঃ
প্রাদুঃ-কৃতম্—প্রাদুষ্কৃতম্
চতুঃ-কোণম্—চতুষ্কোণম্
চতুঃ-পথম্—চতুষ্পথম্

৪৬। ক্, খ্, প্, ফ্ পরে থাকিলে, ইস্-ভাগান্ত ও উস্-ভাগান্ত হবিঃ,

---

* এই তিনটি শব্দ সম্বোধনার্থক অব্যয়।

(১) ভোভগোঅঘোঅপূর্ব্বস্য যোঽশি। লোপঃ শাকল্যস্য। হলি সর্ব্বেষাম্। এখানে স্বরবর্ণ পরে থাকিলে বিকল্পে 'য্' আগম হয়, ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে হয় না। যথা,—ভোঃ+অম্বরীষ=ভো অম্বরীষ, ভোয়ম্বরীষ। কিন্তু ভোঃ+মাধব=ভো মাধব।

(২) **ইদুদুপধস্য চাপ্রত্যয়স্য**। ঃ প্রত্যয় হইলে ষ্ হইবে না (অগ্নিঃ করোতি)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

সর্পিঃ, আয়ুঃ, ধনুঃ প্রভৃতি শব্দের (১) **বিসর্গ**-স্থানে বিকল্পে **মূর্দ্ধন্য ষ্** হয় (২)। যথা,—

হবিঃ-পততি—হবিষ্পততি, হবিঃপততি সর্পিঃ-পিবতি—সর্পিষ্পিবতি, সর্পিঃপিবতি
আয়ুঃ-করোতি—আয়ুষ্করোতি, আয়ুঃকরোতি
ধনুঃ-করোতি—ধনুষ্করোতি, ধনুঃকরোতি

সমাসে নিত্য মূর্দ্ধন্য ষ্ হয় (৩)। যথা,—

হবিঃ-পানম্—হবিষ্পানম্ সর্পিঃ-পাত্রম্—সর্পিষ্পাত্রম্
আয়ুঃ-কামঃ—আয়ুষ্কামঃ ধনুঃ-পাণিঃ—ধনুষ্পাণিঃ

ত-কারাদি তদ্ধিত প্রত্যয় পরে থাকিলে, হ্রস্ব ই-কার ও হ্রস্ব উ-কারের পরস্থিত **বিসর্গ**-স্থানে **মূর্দ্ধন্য ষ্** হয় (৪)। যথা,—

অর্চিঃ-ত্বম্—অর্চিষ্ট্বম্ চতুঃ-তয়ম্—চতুষ্টয়ম্

৪৭। কৃ-ধাতু-নিষ্পন্ন পদ পরে থাকিলে এবং গতি সমাস হইলে, নমঃ, পুরঃ, তিরঃ, এই তিনের **বিসর্গ**-স্থানে **দন্ত্য স্** হয় (৫)। যথা,—

নমঃ-করোতি—নমস্করোতি (৬) নমঃ-কারঃ—নমস্কারঃ
নমঃ-কৃত্য—নমস্কৃত্য পুরঃ-কারঃ—পুরস্কারঃ
পুরঃ-কৃত্য—পুরস্কৃত্য তিরঃ-কৃতঃ—তিরস্কৃতঃ
তিরঃ-কারঃ—তিরস্কারঃ তিরঃ-কারিণী—তিরস্কারিণী
(তিরঃকারিণী ও তিরঃকারঃ এরূপ পদও হয়) (৭)

৪৮। কর, কার, কান্ত, কাম, কুশা, কর্ণী, কুন্ত ও পাত্র শব্দ পরে থাকিলে এবং সমাস হইলে অব্যয়ভিন্ন শব্দের অ-কারের পরস্থিত **বিসর্গ**-স্থানে **দন্ত্য স্** হয় (৮)। যথা,—

শ্রেয়ঃ-করঃ—শ্রেয়স্করঃ যশঃ-করঃ—যশস্করঃ

---

(১) হবিঃ, সর্পিঃ, বর্হিঃ, অর্চ্চিঃ (ray), রোচিঃ, শোচিঃ, আয়ুঃ, ধনুঃ, চক্ষুঃ, বপুঃ, যজুঃ ইত্যাদি। (২) ইসুসোঃ সামর্থ্যে।

(৩) নিত্যং সমাসেঽনুত্তরপদস্থস্য।

(৪) হ্রস্বাৎ তাদৌ তদ্ধিতে।

(৫) নমস্পুরসোর্গত্যোঃ।

(৬) সমাস না হইলে 'নমঃ করোতি' এইরূপ হয়।

(৭) তিরসোঽন্যতরস্যাম্।

(৮) অতঃ কৃকমিকংসকুম্ভপাত্রকুশাকর্ণীষ্বনব্যয়স্য।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অয়ঃ-কান্তঃ—অয়স্কান্তঃ মনঃ-কামঃ—মনস্কামঃ
অয়ঃ-কুম্ভঃ—অয়স্কুম্ভঃ পয়ঃ-পাত্রম্—পয়স্পাত্রম্
অয়ঃ-কুশা—অয়স্কুশা অয়ঃ-কর্ণী—অয়স্কর্ণী

৪৯। তমঃ-কাণ্ডঃ, মেদঃ-পিণ্ডঃ, ভাঃ-করঃ, অহঃ-করঃ, বাচঃ-পতিঃ, দিবঃ-পতিঃ, অয়ঃ-কীলঃ প্রভৃতির **বিসর্গ**-স্থানে **দন্ত্য স্** হয় (১)। যথা,—

তমস্কাণ্ডঃ ; মেদস্পিণ্ডঃ ; ভাস্করঃ ; অহস্করঃ ; বাচস্পতিঃ ; দিবস্পতিঃ ; অয়স্কীলঃ।

Additional :—(1) বর্গের প্রথম বর্ণ, দ্বিতীয় বর্ণ অথবা শ্ ষ্ স্ পরে থাকিলে বর্গের দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ণ স্থানে প্রথম বর্ণ হয় ("খরি চ")। যথা,—ক্ষুধ্-পিপাসা—ক্ষুৎপিপাসা, বিপদ্-পাতঃ—বিপৎপাতঃ।

(2) পদান্তে অবস্থিত হইলে অথবা ক্ খ্ প্ ফ্ শ্ ষ্ স্ পরে থাকিলে র্ ও স্-স্থানে (অন্য বাধক সূত্র না থাকিলে) বিসর্গ হয় ("সসজুষো রুঃ", "খরবসানয়োর্বিসর্জনীয়ঃ")। যথা,—প্রাতর্—প্রাতঃ, প্রাতর্-কালঃ—প্রাতঃকালঃ, হবিস্—হবিঃ, হবিস্-সু—হবিঃষু ইত্যাদি।

(3) বিসর্গের পর শ্ ষ্ বা স্ থাকিলে এবং তাহার পর বর্গের প্রথম বর্ণ, দ্বিতীয় বর্ণ বা শ্ ষ্ স্ থাকিলে, বিকল্পে বিসর্গের লোপ হয় ("খর্পরে শরি বা বিসর্গলোপো বক্তব্যঃ")। যথা,—মনঃস্থঃ, মনস্থঃ ; অন্তঃস্থঃ, অন্তস্থঃ ; পয়ঃস্পর্শঃ, পয়স্পর্শঃ।

(4) শ্ ষ্ স্ ও হ্ ভিন্ন ব্যঞ্জনবর্ণ রেফযুক্ত হইলে, তাহার বিকল্পে দ্বিত্ব হয় এবং দ্বিত্ব হইলে আদিস্থিত চতুর্থ বর্ণ-স্থানে (শরোঽচি) তৃতীয় বর্ণ হয়। যথা,—সর্বঃ, সর্ব্বঃ ; মূর্ধা, মূর্দ্ধা। কিন্তু—বর্ষণম্, হর্ষঃ, অর্হঃ, এস্থলে হয় না।

EXERCISE 5

1. Disjoin the *Sandhis*, giving alternative forms wherever possible, in :—

চতুষ্পালম্ ; ভাস্করঃ ; প্রাতঃকালঃ ; সর্ব্বএব ; সচ্চিদানন্দঃ ; তন্মাত্রম্ ; উত্থিতঃ ; সরস্তীরে ; জগদীশঃ ; গীর্পতিঃ ; আয়ুষ্কামঃ ; তন্নয়নম্ ; নীরোগঃ ; তচ্ শ্মশানম্ ; আচ্ছাদয়তি ; ত্বন্তরসি ; ভবাংষ্টীকতে ; পুংশ্চকোরঃ ; ভবাঞ্জয়তি ; কশ্ছাদয়তি ; কোগচ্ছতি ; স্রষ্টা ; ভো অত্র ; অগ্নির্গচ্ছতি ; স পচতি ; শান্তঃ ; মাচ্ছিদৎ ; অহোরাত্রঃ ; ছত্রহস্তম্ ; মহাংশ্ছেদঃ ; তত্ত্বমসি ; তচ্ছৃণুষ্ব (C. U.)।

2. Join the following in *Sandhi* :—

বাক্ + মাত্রম্ ; ভবান্ + চরতি ; তৎ + শয়নম্ ; সাধুঃ + আয়াতি ; পুনঃ + গতঃ ; জগৎ + শাসনম্ ; তানি + এতানি ; জগৎ + নাথঃ ; তদ্ + হিতম্ ; নৃত্যান্ + চকোরঃ ; উন্নতঃ + তরুঃ ; সঃ + অত্র ; ভ্রাতঃ + দেহি ; পুনঃ + রমতে ; পিতঃ + রক্ষ ; নমঃ + করোতি ; গঙ্গা + ছত্রম্ ; দেবাঃ + ইহ ; সন্ + শম্ভুঃ ; হরঃ + শিরঃ ; সর্পিঃ + পাত্রম্ ;

(১) কস্কাদিষু চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

পচন্ + অত্র ; চতুঃ + কোণঃ ; কুতঃ + আগতঃ ; রামঃ + এব ; প্রাতঃ + এব ; ততঃ + অধিকঃ ; ভোঃ + মাধব।

3. Correct or justify :—

প্রথমো সর্গঃ ; ধাবিতো ছাগঃ ; চন্দ্রোদেতি ; সর্পিপ্পাত্রম্ ; অশ্ব-ধাবতি ; উন্নতা নগাঃ ; বায়ুর্চলতি ; রজ্জুশ্ছিদ্যতে ; সোঽহম্ ; তান্নাহ্বয় ; হসঞ্চলতি ; এবো যুবা ; অম্যশ্বাঃ ধাবন্তি ; পুংস্কোকিলো গায়তি ; ভবান্নন্নং ভক্ষয়তু (C. U.) ; এষো ভগবান্ ভবানীপতিঃ ; সাধ্বিমৌ মুনিবালকৌ।

4. Join in *Sandhi* where possible :—

(*a*) গচ্ছন্ + চিন্তয়তি। (*b*) মহান্ + লাভঃ। (*c*) কাব্যে + উভে। (*d*) স্বঃ + গতঃ। (*e*) প্রাতঃ + রমাম্। (*f*) পুম্ + চকোরঃ। (*g*) শ্বঃ + ভবিতা। (*h*) গো + অক্ষঃ। (*i*) হৃদ্ + শয্যা ; (*j*) হসন্ + আগতঃ ; (*k*) ভবান্ + ত্রায়তাম্ ; (*l*) প্রাণান্ + ত্যজামি ; (*m*) তান্ + শশকান্ ; (*n*) যাদৃক্ + রূপম্ (C. U.)।

ণত্ব-বিধান

(Change of dental ন্ into cerebral ণ্)

১। ঋ, ৠ, র্, ষ্, এই চারি বর্ণের পর একই পদে দন্ত্য ন্ থাকিলে, উহা মূর্দ্ধন্য ণ্ হয় (১)। যথা,—

নৃণাম্, তিসৃণাম্, চতসৃণাম্ ; নৄণাম্, ভ্রাতৄণাম্, দাতৄণাম্ ;
চতুর্ণাম্, বিস্তীর্ণম্, বিকীর্ণম্ ; দোষ্ণা, পুষ্ণাতি, মুষ্ণাতি।

২। যদি স্বরবর্ণ, ক-বর্গ, প-বর্গ, য্, ব্, হ্ ও অনুস্বার ব্যবধান থাকে, তাহা হইলেও দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় (২)। যথা,—

করণম্, করাণাম্, করিণা, হরীণাম্, গুরুণা, গুরূণাম্।

---

(১) রষাভ্যাং নো ণঃ সমানপদে।

(২) অট্কুপ্বাঙ্নুম্ব্যবায়েঽপি—অট্ (স্বরবর্ণ হ্, য্, ব্, র্), কু (ক-বর্গ), পু (প-বর্গ), আঙ্, নুম্ (অনুস্বার) ব্যবধান থাকিলেও হয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

পরেণ, অর্কেণ, মূর্খেণ, মৃগেণ, দীর্ঘেণ, দর্পেণ, রেফেণ,
দ্রুমেণ, রয়েণ, গর্ব্বেণ, গ্রহাণাম্, বৃংহণম্ (১)।

৩। পদের অন্তস্থিত দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না (২)। যথা,—
নরান্, হরীন্, গুরূন্, ভ্রাতৄন্, দাতৄন্, গ্রহান্, দ্রুমান্, মৃগান্, বৃষান্, কুর্বন্, হরন্ ইত্যাদি।

৪। (ক) ন্ ভিন্ন ত-বর্গ-যুক্ত দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা,—

কৃন্তন্তি, গ্রন্থনম্, বৃন্দম্, কুর্বন্তি, রুন্ধন্।

(খ) ক্ষুভ্নাতি প্রভৃতি শব্দে মূর্দ্ধন্য ণ্ হয় না*। যথা,—ক্ষুভ্নাতি, তৃপ্নোতি।

৫। যদি একপদে ঋ, ৠ, র্, ষ্ আর অন্য পদে দন্ত্য ন্ থাকে, তাহা হইলে (বিশেষ-বিধি ছাড়া) দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা,—

নৃযানম্, বৃষযানম্, সুস্বরগানম্, গিরিগহনম্, অন্তর্নগরম্,
শরাগ্নিষু, রঘুনন্দনঃ, গিরিনন্দিনী, ত্রিনেত্রঃ, ত্রিনয়নঃ,
স্বর্ভানুঃ, অদ্রিনাথঃ, ময়ূরনর্ত্তনম্, ভৃঙ্গনাদঃ, সুমন্ত্রনেত্রঃ,
সর্ব্বনাম্নঃ, দৌর্ভাগিনেয়ঃ, চারুনেত্রা, দীর্ঘনয়না,
পুনর্নবা, চিত্রভানুঃ, দুর্নামা, বারিনিধিঃ।

৬। যদি অন্য-পদস্থিত দন্ত্য ন্ বিভক্তি-স্থানে জাত অথবা বিভক্তি-যুক্ত হয়, কিংবা স্ত্রীলিঙ্গ-বিহিত ঈ-প্রত্যয়ের সহিত মিলিত থাকে, তাহা হইলে বিকল্পে মূর্দ্ধন্য ণ্ হয় (৩)। যথা,—

বিভক্তি-স্থানে জাত ন্—প্রভাবেণ, প্রভাবেন; প্রভাবাণাম্. প্রভাবানাম্;
পরিভবেণ, পরিভবেন; অন্তর্ভাবেণ, অন্তর্ভাবেন।
বিভক্তি-যুক্ত ন্—নগরযায়িণা, নগরযায়িনা; বিষপায়িণা, বিষপায়িনা (৪)।
ঈ-প্রত্যয়-মিলিত ন্—নগরযায়িণী, নগরযায়িনী; বিষপায়িণী, বিষপায়িনী (৫)।

---

(১) এতদ্ব্যতিরিক্ত বর্ণ ব্যবধান থাকিলে, দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা,—অর্চ্চনা, মূর্চ্ছনা, অর্জ্জনম্, কিরীটেন, দৃঢ়েন, মৃড়েন, আর্ত্তেন, অর্থেন, বিমর্দ্দেন, অর্দ্ধেন, বিরলেন, স্পর্শানাম্, রসানাম্।

(২) পদান্তস্য।

* ক্ষুভ্নাদিষু চ।

(৩) প্রাতিপদিকান্তনুম্‌বিভক্তিষু চ।

(৪) যুবন্ শব্দের হয় না। যথা,—নৃযুবানৌ, ক্ষত্রিয়যূনা, শূদ্রযূনাম্।

(৫) ভগিনী, কামিনী, ভামিনী, যামিনী, যূনী প্রভৃতি কতকগুলি শব্দের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা,—পিতৃভগিনী, হরকামিনী, হরভামিনী, ঘোরযামিনী, ক্ষত্রিয়যূনী।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৭। (ক) যদি পরপদ **এক-স্বর-বিশিষ্ট** (১) হয়, তাহা হইলে দন্ত্য ন্ নিত্য **মূর্দ্ধন্য ণ্** হয়। যথা,—

প্রভুণা, প্রভূণাম্, পুনর্ভূণাম, বৃত্রহণৌ, বৃত্রহণঃ।

(খ) যদি পরপদ ক-বর্গযুক্ত* থাকে, তাহা হইলে দন্ত্য ন্ নিত্য **মূর্দ্ধন্য ণ্** হয়। যথা,—

শ্রীকামেণ, দুর্গমেণ, ধর্ম্মকামাণাম্, দোষভাগিণা,
আর্দ্রগোময়েণ, শুষ্কগোময়েণ, পরিপাকেণ (২)।

৮। ওষধি-বাচক (৩) ও বৃক্ষ-বাচক শব্দের পরস্থিত **বন** শব্দের দন্ত্য ন্ **বিকল্পে মূর্দ্ধন্য ণ্** হয় (৪)। যথা,—

ওষধি-বাচক—ব্রীহিবণম্, ব্রীহিবনম্; মাষবণম্, মাষবনম্; দূর্ব্বাবণম্, দূর্ব্বাবনম্; দর্ভবণম্, দর্ভবনম্; রম্ভাবণম্, রম্ভাবনম্; ক্ষুমাবণম্, ক্ষুমাবনম্; উশীরবণম্, উশীরবনম্; নীবারবণম্, নীবারবনম্; হরিদ্রাবণম্, হরিদ্রাবনম্; সর্ষপবণম্, সর্ষপবনম্; জীরকবণম্, জীরকবনম্; আর্দ্রকবণম্, আর্দ্রকবনম্।

বৃক্ষ-বাচক—লোধ্রবণম্, লোধ্রবনম্; দ্রাক্ষাবণম্, দ্রাক্ষাবনম্; কেসরবণম্, কেসরবনম্; মন্দারবণম্, মন্দারবনম্; মালূরবণম্, মালূরবনম্; বদরীবণম্, বদরীবনম্; শিরীষবণম্, শিরীষবনম্; জম্বীরবণম্, জম্বীরবনম্ (৫)।

---

(১) **একাজুত্তরপদে ণঃ।**   * **কুমতি চ।**

দ্রষ্টব্য।—'স্বর্গগামিনঃ' শব্দে 'কুমতি চ' সূত্রে নিত্য মূর্দ্ধন্যের প্রাপ্তি। কিন্তু দন্ত্য ন্-এর ব্যবহার দেখা যায়। পাণিনি 'প্রষ্ঠোঽগ্রগামিনি' সূত্রে এবং '—কর্ত্তৃগামিনি ক্রিয়াফলে' সূত্রে দন্ত্য ন্ ব্যবহার করিয়াছেন। অথচ কাশিকাকার 'কুমতি চ' সূত্রের উদাহরণে 'স্বর্গকামিণৌ', 'বৃষগামিণৌ' পদের উল্লেখ করিয়াছেন। অতএব, নিম্নলিখিতরূপ সূত্র কল্পনা করা যাইতে পারে:—

পূর্ব্বপদে ণত্বের কারণ 'ঋ' বা 'র' থাকিলে পরস্থিত 'গামিন্' শব্দের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা,—স্বর্গগামিনঃ, অগ্রগামিনি, কর্ত্তৃগামিনি। [এইগুলি ক্ষুভ্নাদির (৪ খ সূত্রের) অন্তর্গত কল্পনা করিয়াও সমাধান করা যায়।]

(২) পক্ব শব্দের হয় না। যথা,—পরিপক্বেন, পরিপক্বানি, পরিপক্বানাম্।

(৩) শস্য পক্ব হইলে যে সকল উদ্ভিদের জীবন শেষ হয়, তাহাদিগকে ওষধি বলে।

(৪) **বিভাষৌষধিবনস্পতিভ্যঃ।**

(৫) দ্ব্যচ্‌ত্র্যজ্‌ভ্যামেব (বা)। পূর্ব্বপদ দ্বিস্বর অথবা ত্রিস্বর না হইলে হয় না। যথা,—দেবদারুবনম্, উড়ুম্বরবনম্, নাগরঙ্গবনম্, বোধিদ্রুমবনম্, কোবিদারবনম্, রাজবৃক্ষবনম্, সহকারবনম্, কুরুবকবনম্, কর্ণিকারবনম্, সিন্ধুবারবনম্, নাগকেশরবনম্। 'ইরিকা' প্রভৃতি শব্দের পরস্থিত হইলে হয় না। যথা,—ইরিকাবনম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৯। শর, ইক্ষু, প্লক্ষ, আম্র, খদির, কার্য্য, পীযূক্ষা, এই কয় শব্দের পরস্থিত **বন** শব্দের দন্ত্য ন্ নিত্য **মূর্দ্ধন্য** ণ্ হয় (১)। যথা,—

শরবণম্, ইক্ষুবণম্, প্লক্ষবণম্, আম্রবণম্, খদিরবণম্, কার্য্যবণম্, পীযূক্ষাবণম্।

১০। প্র, নির্, অন্তর্ ও অগ্রে, এই কয় শব্দের পরস্থিত **বন** শব্দের দন্ত্য ন্ **মূর্দ্ধন্য** ণ্ হয় (১)। যথা,—

প্রবণম্, নির্বণম্, অন্তর্বণম্, অগ্রেবণম্ (border of the forest)।

১১। অন্য-পদস্থিত র্ প্রভৃতির পরবর্ত্তী (ভাব বা করণবাচ্যে নিষ্পন্ন) **পান** শব্দের দন্ত্য ন্ **বিকল্পে মূর্দ্ধন্য** ণ্ হয় (২)। যথা,—

ক্ষীরপাণম্, ক্ষীরপানম্; নীরপাণম্, নীরপানম্;
বিষপাণম্, বিষপানম্; কষায়পাণম্, কষায়পানম্।

১২। বয়স অর্থ বুঝাইলে, ত্রি ও চতুর্ শব্দের পরবর্ত্তী **হায়ন** শব্দের দন্ত্য ন্ **মূর্দ্ধন্য** ণ্ হয়। যথা,—

ত্রিহায়ণো বৎসঃ (a calf three years old), চতুর্হায়ণী গৌঃ।

১৩। ণত্বের কারণযুক্ত অ-কারান্ত (অর্থাৎ প্র, পূর্ব্ব, অপর প্রভৃতি) শব্দের পরবর্ত্তী **অহ্ন** শব্দের দন্ত্য ন্ **মূর্দ্ধন্য** ণ্ হয় (৩)। যথা,—

প্রাহ্ণঃ, পূর্ব্বাহ্ণঃ, অপরাহ্ণঃ।

১৪। পর, পার, উত্তর, চান্দ্র, নার বা নারা ও রাম শব্দের পরবর্ত্তী **অয়ন** শব্দের দন্ত্য ন্ **মূর্দ্ধন্য** ণ্ হয়। যথা,—

পরায়ণম্, পারায়ণম্, উত্তরায়ণম্, চান্দ্রায়ণম্, নারায়ণঃ, রামায়ণম্ (৪)।

১৫। অগ্র ও গ্রাম শব্দের পরবর্ত্তী **নী** শব্দের দন্ত্য ন্ **মূর্দ্ধন্য** ণ্ হয় (৫)। যথা,—

অগ্রণীঃ (leader), গ্রামণীঃ (leader of a village, barber)।

১৬। সংজ্ঞা বুঝাইলে, শূর্প শব্দের পরস্থিত **নখ** শব্দের ন্ এবং প্র, দ্রু, খর ও বার্ধ্রী শব্দের পরস্থিত **নস্** শব্দের দন্ত্য ন্ **মূর্দ্ধন্য** ণ্ হয় (৪)। যথা,—

শূর্পণখা (৬), প্রণসঃ, দ্রুণসঃ, খরণসঃ, বার্ধ্রীণসঃ।

---

(১) প্রনিরন্তঃশরেক্ষুপ্লক্ষাম্রকার্ষ্যখদিরপীযূক্ষাভ্যোঽসংজ্ঞায়ামপি। বনং পুরগামিশ্রকা ইত্যাদি।

(২) **বা ভাবকরণয়োঃ।** (৩) **অহ্নোঽদন্তাৎ।**

(৪) **পূর্ব্বপদাৎ সংজ্ঞায়ামগঃ।** সংজ্ঞা বুঝাইলে, পূর্ব্বপদস্থিত নিমিত্তের পরবর্ত্তী ন্ ণ্ হয়, কিন্তু গ্ ব্যবধান থাকিলে হয় না। **উপসর্গাৎ বহুলম্।**

(৫) অগ্রগ্রামাভ্যাং নয়তের্ণো বাচ্যঃ। (বার্ত্তিকসূত্র)।

(৬) শূর্পণখা—রাবণের ভগিনী; শূর্পনখা, শূর্পনখী—কুলার ন্যায় নখযুক্তা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৭। গিরিনদী প্রভৃতির (১) দন্ত্য ন্ বিকল্পে মূর্দ্ধন্য ণ্ হয় (২)। যথা,—

গিরিণদী, গিরিনদী ; স্বর্ণদী, স্বর্নদী ; গিরিণিতম্বঃ, গিরিনিতম্বঃ।

১৮। পূর্ব্বপদের অন্তে মূর্দ্ধন্য ষ্ থাকিলে, পরপদের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না (৩)। যথা,—

নিষ্পানম্, দুষ্পানম্, হবিষ্পানম্, আয়ুষ্কামেন,
নিষ্কামানাম্, দুষ্খেন, দুষ্খিনা, সর্পিষ্পায়িনা।

১৯। প্র, পরা, পরি, নির্ *—এই চারি উপসর্গের ও অন্তর্ † শব্দের পর যদি নদ্ প্রভৃতি (৪) ধাতু থাকে, তাহা হইলে তাহাদের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় (৫)। যথা,—

নদ্—প্রণদতি, পরাণদতি, পরিণদতি, নির্ণদতি, অন্তর্ণদতি।
নম্—প্রণমতি, প্রণামঃ, প্রণতিঃ, পরিণমতি, পরিণামঃ, পরিণতিঃ।
নশ্—প্রণশ্যতি, পরিণশ্যতি, প্রণাশঃ, পরিণাশঃ, অন্তর্ণাশঃ (৬) ; কিন্তু প্রনষ্টঃ, পরিনষ্টঃ ইত্যাদি।
নহ্—প্রণহ্যতি, পরিণাহঃ।
নী—প্রণয়তি, প্রণীয়তে, প্রণয়ঃ, পরিণয়ঃ, পরিণীতঃ, নির্ণীয়তে, নির্ণয়ঃ।
নু—প্রণৌতি, পরিণৌতি, প্রণবঃ।
নুদ্—প্রণুদতি, প্রণোদঃ।
অন্—প্রাণিতি, প্রাণ্যাৎ, প্রাণঃ (৭)।
হন্—প্রহণ্যতে, পরিহণ্যতে, প্রহণ্যাৎ, প্রহণনম্, পরিহণ্যাৎ, পরাহণনম্, পরিহণনম্, নির্হণনম্, অন্তর্হণনম্ (৮)।

---

(১) গিরিনদী, স্বর্নদী, গিরিনিতম্ব, গিরিনখ, গিরিনদ্ধ, চক্রনদী, চক্রনিতম্ব, তূর্য্যমান, মাষোন, আর্গয়ন। (২) গিরিনদ্যাদীনাং বা।

(৩) ষাৎ পদান্তাৎ।

* দুরঃ ষত্বণত্বয়োরুপসর্গপ্রতিষেধো বক্তব্যঃ (বা)।

† অন্তঃশব্দস্যাঙ্‌কিবিধিণত্বেষূপসর্গত্বং বাচ্যম্ (বা)।

(৪) নদ্, নম্, নশ্, নহ্, নী, নু, নুদ্, অন্, হন্।
নদো নমো নশশ্চৈব নহনীনুনুদস্তথা।
অনো হনশ্চেতি নব নদাদির্গণ ইষ্যতে

(৫) উপসর্গাদসমাসেঽপি ণোপদেশস্য।

(৬) নশ্ ধাতুর তালব্য শ্ মূর্দ্ধন্য ষ্ হইলে দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না। (নশেঃ ষান্তস্য)। যথা,—প্রনষ্টঃ, পরিনষ্টঃ, নির্নষ্টঃ, অন্তর্নষ্টঃ। (৭) অনিতেঃ।

(৮) হন্ ধাতুর হ্-স্থানে ঘ্ হইলে, দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না (হন্তেরৎপূর্ব্বস্য)। যথা,—প্রঘ্নন্তি, পরিঘ্নন্তি, প্রাঘানি, পর্য্যঘানি, শত্রুঘ্নঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২০। উপসর্গে ণত্বের কারণ থাকিলে যদি হন্ ধাতুর ন্, ম্ অথবা ব-যুক্ত থাকে, তাহা হইলে দন্ত্য ন্ বিকল্পে মূর্দ্ধন্য ণ্ হয় (১)। যথা,—

প্রহণ্মি, প্রহন্মি ; প্রহণ্বঃ, প্রহন্বঃ।

২১। উপসর্গে ণত্বের কারণ থাকিলে (অর্থাৎ প্র, পরা, পরি, নির্, অন্তর্-এর পরস্থিত)—

(ক) নিংস্, নিক্ষ, নিন্দ্ এই তিন ধাতুর দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয়। কিন্তু কৃৎ প্রত্যয় পরে থাকিলে বিকল্পে ণত্ব হইবে (২)। যথা,—

নিংস্—প্রণিংস্তে ; প্রণিংসিতব্যম্, প্রনিংসিতব্যম্ ; নিক্ষ্—প্রণিক্ষতি ; প্রণিক্ষণম্, প্রনিক্ষণম্ ; নিন্দ্—প্রণিন্দতি ; প্রণিন্দনীয়ম্, প্রনিন্দনীয়ম্।

(খ) হিনু ও মীনার দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় (৩)। যথা,—

হিনু—প্রহিণোতি, প্রহিণুতঃ, প্রহিণ্বন্তি।
মীনা—প্রমীণাতি, প্রমীণীতঃ, প্রমীণন্তি।

(গ) লোটের আনি বিভক্তির দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় (৪)। যথা,—

প্রভবাণি, পরাভবাণি, পরিভবাণি, নির্ভবাণি, অন্তর্ভবাণি ; প্রবহাণি, পরিবহাণি, অন্তর্বহাণি ; প্রবপাণি, পরিবপাণি, অন্তর্ব্বপাণি, নির্ব্বপাণি।

(ঘ) গদ্ প্রভৃতি (৫) ধাতুর পূর্ব্ববর্ত্তী নি উপসর্গের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় (৬)। যথা,—

গদ্—প্রণিগদতি। পত্—প্রণিপতন্তি, প্রণিপাতঃ।
দা—প্রণিদদাতি। ধা—প্রণিদধাতি, প্রণিধানম্, প্রণিহিতঃ।
হন্—প্রণিহন্তি, পরিণিহন্তি, নির্ণিহন্তি, অন্তর্ণিহন্তি *।

(১) বমোর্ব্বা। (২) বা নিংসনিক্ষনিন্দাম্ (কৃতি পরে)।
(৩) হিনুমীনা। (৪) আনি লোট্।
(৫) গদ্, পত্, দা, মা, ধা, হন্, নদ্, পদ্, দো, সো, দে, ধে, যা, বা, দ্রা, প্সা, বপ্, বহ্, শম্, চি, দিহ্।
(৬) নের্গদ-নদ-পত-পদ-ঘু-মা-স্যতি-হন্তি-যাতি-বাতি-দ্রাতি-প্সাতি-বপতি-বহতি-শাম্যতি-চিনোতি-দেগ্ধিষু চ।

* ককারাদি, খকারাদি ও ষকারান্ত ধাতুভিন্ন এবং গদনদপতাদিভিন্ন ধাতুর পরবর্ত্তী নি উপসর্গের 'ন' বিকল্পে 'ণ' হয়। যথা,—প্রণিভবতি, প্রনিভবতি ইত্যাদি। কন্তু প্রনিকরোতি। "শেষে বিভাষাঽকখাদাবষান্ত উপদেশে"।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২২। ধাতুর পূর্ব্বে প্র, পরা, পরি, নির্, এই চারি উপসর্গ অথবা অন্তর্ শব্দ থাকিলে—

(ক) কৃৎ-প্রত্যয়ের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় (১)। যথা,—

যা—প্রয়াণম্, নির্য্যাণম্, প্রযাণীয়ম্, অন্তর্যাণীয়ম্।
হা—প্রহাণম্, প্রহীণঃ, পরিহীণঃ, পরিহাণিঃ, পরিহীয়মাণম্।
উহ—প্রোহণীয়ম্. প্রোহণম্; বপ্—প্রবপণীয়ম্, প্রবপণম্।
আপ্—প্রাপণম্, প্রাপণীয়ম্, প্রাপ্যমাণম্।
মা—প্রমাণম্, পরিমাণম্। ইঙ্খ্—প্রেঙ্খণম্, প্রেঙ্খণীয়ম্।

(খ) যে সকল ধাতুর আদিতে ব্যঞ্জনবর্ণ থাকে এবং উপধায় অ আ ভিন্ন স্বরবর্ণ থাকে, তাহাদের উত্তর বিহিত কৃৎ-প্রত্যয়ের দন্ত্য ন্ বিকল্পে মূর্দ্ধন্য ণ্ হয় (২)। যথা,—

কুপ্—প্রকোপণম্. প্রকোপনম্; প্রকোপণীয়ম্, প্রকোপনীয়ম্।
গুপ্—পরিগোপণম্, পরিগোপনম্; পরিগোপণীয়ম্, পরিগোপনীয়ম্।

(গ) ণ্যন্ত (ণিজন্ত) ধাতুর উত্তর বিহিত কৃৎ-প্রত্যয়ের দন্ত্য ন্ বিকল্পে মূর্দ্ধন্য ণ্ হয় (৩)। যথা,—

যাপি—প্রযাপণম, প্রযাপনম্; প্রযাপ্যমাণম্, প্রযাপ্যমানম্; প্রযাপণীয়ম্, প্রযাপনীয় ।

বাহি—প্রবাহণম্, প্রবাহনম্; প্রবাহ্যমাণম্, প্রবাহ্যমানম্; প্রবাহণীয়ম্, প্রবাহনীয়ম্।

(ঘ) ভা, ভূ, পূ, কম্, গম্, প্যায়্, বেপ্, কম্প্, এই সকল ধাতুর উত্তর বিহিত কৃৎ-প্রত্যয়ের দন্ত্য ন্ মূর্দ্ধন্য ণ্ হয় না (৪)। যথা,—

ভা—পরিভানীয়ম্।	ভূ—পরিভবনীয়ম্।	পূ—পরিপবনীয়ম্ *।
কম্—পরিকমনীয়ম্।	গম্—পরিগমনীয়ম্।	প্যায়্—পরিপ্যায়নীয়ম্।
বেপ্—পরিবেপনীয়ম্।		কম্প্—পরিকম্পনীয়ম্।

(১) কৃত্যচঃ। উপসর্গস্থ নিমিত্তের পর পূর্ব্বে স্বরবর্ণযুক্ত কৃৎপ্রত্যয়জাত ন-কারের ণত্ব হয়।

(২) হলশ্চেজুপধাৎ। প্রথমে ব্যঞ্জনযুক্ত এবং উপধায় ইকারাদিস্বরযুক্ত ধাতুর কৃৎপ্রত্যয়জাত উপসর্গস্থ নিমিত্তের পরবর্ত্তী ন-কার স্থানে ণ হয়।

(৩) ণের্বিভাষা। (৪) ন ভাভূপূকমিগমিপ্যায়ীবেপাম্।

* শুধু উভয়পদী পূ ধাতু।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৩। উপসর্গে ণত্বের কারণ থাকিলে কৃৎ-প্রত্যয়ের দন্ত্য ন্ ব্যঞ্জনবর্ণে মিলিত হইলে মূর্দ্ধন্য ণ্ হয় না (১)। যথা,—

প্রভগ্নঃ, পরিভগ্নঃ, প্রভুগ্নঃ, পরিভুগ্নঃ, প্রমগ্নঃ, পরিমগ্নঃ, প্রবিগ্নঃ, পরিবিগ্নঃ, নির্ব্বিগ্নঃ।

Additional :—(1) মাত্র ও ময়ট্ প্রত্যয়ের ম-যোগে ত্-স্থানে যে ন্ হয়, তাহা কখনও মূর্দ্ধন্য ণ্ হয় না। যথা,—মৃন্ময়ঃ, সুহৃন্মাত্রম্ ইত্যাদি।

(2) কতকগুলি শব্দে নিত্য মূর্দ্ধন্য ণ্ হয়, ইহাকে স্বাভাবিক ণত্ব কহে। যথা,—স্থাণুঃ, বণিক্, মাণবকঃ, কঙ্কণম্, নিপুণঃ, কল্যাণম্ পণঃ, গুণঃ, লবণম্ (Salt, কিন্তু লবনম্—Cutting), বিপণিঃ, আপণঃ, শোণিতম্, পুণ্যম্, বাণঃ, মণিঃ, অণুঃ, বীণা, বেণুঃ, কোণঃ, চিক্কণঃ, ঘুণঃ, বেণী, বাণী ইত্যাদি। গগন, ফাল্গুন ও ফেন শব্দে নিত্য দন্ত্য ন্ হয় ('গগনে ফাল্গুনে ফেনে ণত্বমিচ্ছন্তি বর্ব্বরাঃ')।

(3) ক্ষুভ্নাদিষু চ। ক্ষুভ্নাদি (আকৃতিগণ) শব্দের ন্ কখনও ণ্ হয় না। যথা,—নরীনৃত্যতে, তৃপ্নোতি, পুনর্নবা ইত্যাদি।

EXERCISE 6

1. Account for the মূর্দ্ধন্য ণ্ in the following words :—

পিতৃণাম্ ; দর্পেণ ; অর্কেণ ; আম্রবণম্ ; শূর্পণখা ; প্রণবঃ ; অগ্রণী ; নারায়ণঃ ; অপরাহ্ণঃ ; অন্তর্বণম্ ; বিস্তীর্ণম্ ; ধর্ম্মকামাণাম্ ; প্রবাহণম্ and চান্দ্রায়ণম্।

2. Correct the spelling where necessary :—

মূর্খেন ; প্রনমতি ; প্রভবানি ; রুগ্নঃ ; পয়ঃপাণং ভুজঙ্গাণাং কেবলং বিষবর্দ্ধণম্ ; পাণীয়ং প্রাণিনাং প্রানাঃ ; পাণীয়ং পাবণং মহৎ।

3. Account for the দন্ত্য ন্ in the following :—

বিষপায়িনা ; বারিনিধিঃ ; রঘুনন্দনঃ ; নিষ্পন্নম্ ; মৃগান্ ; বৃষবাহনঃ ; ত্রিনেত্রঃ ; হবিষ্পানম্ ; প্রনষ্টঃ ; পরিকম্পনীয়ম্ ; পরিমগ্নঃ।

4. Distinguish between :—

লবণম্ and লবনম্ ; শূর্পনখা and শূর্পণখা।

---

(১) কৃত্যচঃ। উপসর্গস্থ নিমিত্ত বিষয়েই এই নিষেধ ; সুতরাং 'রুগ্ণ' শব্দে মূর্দ্ধন্য ণ্ হইবে। 'নির্বিণ্ণ' শব্দেও মূর্দ্ধন্য ণ্ হয় ("নির্বিণ্ণস্যোপসংখ্যানম্")। প্রাঙ্গণম্ (সংজ্ঞার্থে, পৃষোদরাদিত্বাৎ)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ষত্ব-বিধান

(Change of dental স্ into cerebral ষ্)

১। অ আ ভিন্ন স্বর, ক্, র্, এই সকল বর্ণের পরস্থিত প্রত্যয়ের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (১)। যথা,—

মুনিষু, নদীষু, সাধুষু, বধূষু, ভ্রাতৃষু, নরেষু, অনৈষীৎ, গোষু, নৌষু, দিক্ষু, চতুর্ষু (২)।

২। অনুস্বার ও বিসর্গ ব্যবধান থাকিলেও হয় (৩)। যথা,—

হবীংষি, ধনূংষি, আশীঃষু, আয়ুঃষু (৪)।

৩। ষোপদেশ ধাতুকে (৫) অভ্যস্ত (reduplicated) করিলে যদি ধাতুর দ্বিতীয় দন্ত্য স্—ই, উ, এ, ও, এই চারিবর্ণের পরস্থিত হয়, তাহা হইলে মূর্দ্ধন্য ষ্ হয়। যথা,—

সিচ্—সিষেচ, সিষিচতুঃ, সিষিচুঃ (৬)।
সু—সুষাব, সুষুবতুঃ, সুষুবুঃ।
সেব—সিষেবে, সিষেবাতে, সিষেবিরে।
স্নিহ্—সিষ্ণেহ, সিষ্ণিহতুঃ, সিষ্ণিহুঃ।
স্বপ্—সুষ্বাপ, সুষুপতুঃ, সুষুপুঃ।
সো—সেষীয়তে।
সৃ—সোষূয়তে।
সিধ্—সিষেধ, সিষিধতুঃ, সিষিধুঃ।
সৃ—সুষুবে, সুষুবাতে, সুষুবিরে।
স্তু—তুষ্টাব, তুষ্টুবতুঃ, তুষ্টুবুঃ।
স্মি—সিষ্মিয়ে, সিষ্মিয়াতে, সিষ্মিয়িরে।
স্তভ্—তুষ্টুভে, তুষ্টুভাতে, তুষ্টুভিরে।
সেব্—সেষেব্যতে।
স্তু—তোষ্টূয়তে।

---

(১) ইণ্কোঃ। আদেশ-প্রত্যয়য়োঃ।

(২) সাৎ প্রত্যয়ের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় না ('সাৎ পদাদ্যোঃ') যথা,—অগ্নিসাৎ, বায়ুসাৎ, ভ্রাতৃসাৎ। (৩) নুম্বিসর্জ্জনীয়শর্ব্যবায়েঽপি।

(৪) ক্লীবলিঙ্গ শব্দের প্রথমা ও দ্বিতীয়ার বহুবচনের পদে যে অনুস্বার থাকে, তদ্ভিন্ন অনুস্বার ব্যবধানে হয় না। যথা,—পুম্স্ শব্দের সপ্তমীর বহুবচনে পুংসু; এস্থলে মূর্দ্ধন্য ষ্ হইল না।

(৫) সঞ্জ্, সদ্, সহ্, সাধ্, সিচ্, সিধ্, সিব্, সু, সৃ, সেব্, সো, স্তম্ভ্, স্তু, স্তভ্, স্ত্যৈ, স্থা, স্না, স্নিহ্, স্নু, স্মি, স্বঞ্জ্, স্বদ্, স্বপ্, স্বিদ্ ইত্যাদি।

সঞ্জঃ সদঃ সহঃ সাধঃ সিচ্ সিধৌ সিব্ চ সুস্তথা।
সৃঃ সেবঃ সোস্তথা স্তম্ভঃ স্তুস্তভৌ স্ত্যায়তিস্তথা॥
স্থাস্নাস্নিহস্নবঃ স্মিশ্চ স্বঞ্জঃ স্বদ্স্বপ্স্বিদস্তথা।
এতে চান্যে চ বহবঃ ষোপদেশাঃ প্রকীর্ত্তিতাঃ॥

(৬) ষঙ্ প্রত্যয় হইলে, সিচ্ ধাতুর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় না (সিচো যঙি)। যথা,—সেসিচ্যতে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৪। ধাতুর উত্তর বিহিত **সন্** প্রত্যয়ের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ হইলে, **ধাতুর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় না**। যথা,—

সিচ্—সিসিক্ষতি। স্থ—সুসূষতে। সেব্—সিসেবিষতে।
স্মি—সিস্ময়িষতে। স্তম্ভ্—তিস্তম্ভিষতি। স্তুভ্—তুস্তোভিষতে।
সৃ—সুসৃষতি (১)।

সনের দন্ত্য স্ থাকিলে, ধাতুর স্ **মূর্দ্ধন্য ষ্** হয়। যথা,—
স্থা—তিষ্ঠাসতি। স্বপ্—সুষুপ্সতি। সো—সিষাসতি। স্না—সিষ্ণাসতি।

ণ্যন্ত ধাতুর মধ্যে কেবল স্বিদ্, স্বদ্ ও সহ্ ধাতুর দন্ত্য স্ **মূর্দ্ধন্য ষ্ হয় না** *। যথা,—

স্বিদ্—সিস্বেদয়িষতি। স্বদ্—সিস্বাদয়িষতি। সহ্—সিসাহয়িষতি।

এতদ্ভিন্ন ণ্যন্ত ধাতুর হয় †। যথা,—

স্বপ্—সুষ্বাপয়িষতি। সিচ্—সিষেচয়িষতি। সিধ্—সিষেধয়িষতি।
স্রু—সুস্রাবয়িষতি। সঞ্জ্—সিষঞ্জয়িষতি।

৫। হ্রস্ব ই-কারান্ত (২) ও হ্রস্ব উ-কারান্ত (৩) উপসর্গের পরস্থিত সু প্রভৃতি (৪) ধাতুর দন্ত্য স্ **মূর্দ্ধন্য ষ্** হয় (৫)। যথা,—

সু—অভিষুণোতি, অনুষুণোতি (৬)। সু—অভিষুবতি, অনুষুবতি (৭)।
সো—অধিষ্যতি (লট্)। স্তু—অভিষ্টৌতি, অনুষ্টৌতি।

---

(১) কেবল স্তু ধাতুর হয়। যথা,—তুষ্টূষতি। "স্তৌতিণ্যোরেব ষণ্যভ্যাসাৎ"।

* সঃ সিদিস্বদিসহীনাং চ। † স্তৌতিণ্যোরেব ষণ্যভ্যাসাৎ।

(২) নি, বি, পরি, প্রতি, অতি, অধি, অপি, অভি। (৩) সু, অনু।

(৪) সু, সূ, সো, স্তু, স্তুভ্, স্থা, সেনি, সিধ্, সিচ্, সঞ্জ্, স্বঞ্জ্, সদ্, স্তম্ভ্।

স্থঃ সূঃ সোঃ স্তুঃ স্তুভশ্চৈব স্থাঃ সেনিশ্চ সিধঃ সিচঃ।
সঞ্জঃ স্বঞ্জঃ সদঃ স্তম্ভঃ ষাদিরেতে ত্রয়োদশ॥

(৫) **উপসর্গাৎ সুনোতিসুবতিস্যতিস্তৌতিস্তোভতিস্থাসেনয়সেধসিচসঞ্জস্বঞ্জাম্**। কিন্তু ঐ উপসর্গ কর্ম্মপ্রবচনীয় সংজ্ঞা প্রাপ্ত হইলে ষত্ব হয় না। যথা,—বৃক্ষং বৃক্ষম্ অনু সিঞ্চতি (বিভক্তি-নির্ণয়ের ১১ সূত্রের foot-note দেখ)। সু সিক্তম্, সু স্তুতম্ (প্রশংসা অর্থে সু কর্ম্মপ্রবচনীয় হয়; সুতরাং তাহার পরস্থিত স্, ষ্ হয় না। 'সুঃ পূজায়াম্')।

(৬) লৃট্ ও লৃঙ্ বিভক্তি এবং স্যৎ প্রত্যয় পরে থাকিলে হয় না। যথা,—লৃট্—অভিসোষ্যতি, লৃঙ্—অভ্যসোষ্যৎ, স্যৎ—অভিসোষ্যৎ (৭) তুদাদি-গণীয়

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

স্তভ্—প্রতিষ্টোভতে, অনুষ্টোভতে। স্থা—অধিষ্ঠাস্যতি, অনুষ্ঠাস্যতি।
সেনি—অভিষেণয়তি। সিধ্—(১) প্রতিষেধতি, অনুষেধতি।
সিচ্—নিষিঞ্চতি, অনুষিঞ্চতি। সঞ্জ্—নিষজতি, অনুষজতি।
স্বঞ্জ্—পরিষ্বজতে, অনুষ্বজতে। সদ্—বিষীদতি, অনুষীদতি (২)।
স্তম্ভ্—অভিষ্টভ্নাতি, অনুষ্টভ্নাতি (৩)।

এই ধাতুগুলির অট্ (লঙ্, লুঙ্ ও লৃঙের অ-) ব্যবধানেও **মূর্দ্ধন্য ষ্** হয়। যথা,—

অভ্যষুণোৎ, অভ্যষেণয়ৎ, ন্যষিঞ্চৎ, অন্বষজৎ, ব্যষীদৎ (কিন্তু, প্রত্যসীদৎ)।

পরি, নি, বি-পূর্ব্বক স্তু ও স্বঞ্জ্ ধাতুর বিকল্পে হয়। যথা,—

পর্য্যষ্টাবীৎ, পর্য্যস্তাবীৎ; পর্য্যষ্বজত, পর্য্যস্বজত (৪)।

৬। পরি, নি, বি-পূর্ব্বক সেব্, সিব্ এবং সহ্ ধাতুর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (৫)। যথা,—

সেব্—পরিষেবতে, নিষেবতে, বিষেবতে (কিন্তু, অনুসেবতে)।
সিব্—পরিষীব্যতি, নিষীব্যতি, বিষীব্যতি।
সহ্—পরিষহতে, নিষহতে, বিষহতে (৬)।

অট্ ব্যবধানেও (সূত্র ৫ দেখ) হয়, কিন্তু সেব্ ধাতুর নিত্য; সিব্, সহ্, স্তু ও স্বঞ্জ্ ধাতুর **বিকল্পে** (৪)। যথা,—

সেব্—পর্য্যষেবত। সিব্—পর্য্যষীব্যৎ, পর্য্যসীব্যৎ।
সহ্—ন্যষহত, ন্যসহত। স্তু—ন্যষ্টাবীৎ, ন্যস্তাবীৎ।
স্বঞ্জ্—ন্যষ্বজত, ন্যস্বজত।

---

(১) গমনার্থ সিধ্ ধাতুর হয় না (**সেধতের্গতৌ**)। যথা,—গৃহং প্রতিসেধতি, পরিসেধতি, অভিসেধতি। দিবাদিগণীয় সিধ্ ধাতুরও হয় না। যথা,—নিসিধ্যতি।

(২) প্রতি-পূর্ব্বকের হয় না (**সদিরপ্রতেঃ**)। যথা,—প্রতিসীদতি।

(৩) আলম্বন ও সামীপ্য অর্থে অব-পূর্ব্বকেরও হয়। যথা,—আলম্বন অর্থে—যষ্টিমবষ্টভ্য আস্তে, যষ্টিমালম্ব্য তিষ্ঠতীত্যর্থঃ; সামীপ্য অর্থে—অবষ্টব্ধা গৌঃ, গৌঃ সমীপে বর্ত্ততে ইত্যর্থঃ। ("স্তন্‌ভেঃ", "অবাচ্চালম্বনাবিদূর্য্যয়োঃ"।)

(৪) **'প্রাক্ সিতাদড়্‌ব্যবায়েঽপি'। 'সিবাদীনাং বাঽড়্‌ব্যবায়েঽপি'।**

(৫) পরিনিবিভ্যঃ সেব-সিত-সয়-সিবু-সহ-স্তুট্‌স্তুস্বঞ্জাম্। 'সিবাদীনাং বাঽড়্‌ব্যবায়েঽপি'।

(৬) সহ্-স্থানে সোঢ় হইলে মূর্দ্ধন্য ষ্ হয় না ('সোঢ়ঃ')। যথা,—পরিসোঢ়া, নিসোঢ়ুম্, বিসোঢ়ঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ণিজন্ত করিলে লুঙ্ বিভক্তিতে সিব্ ও সহ্ ধাতুর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় না। যথা,—সিব্—পর্য্যসীসিবৎ। সহ্—পর্য্যসীসহৎ।

বি বা অব-পূর্ব্বক স্বন্ ধাতুরও ষত্ব হয় (*)। যথা,—বিষ্বণতি, অবষ্বণতি।

৭। হ্রস্ব-ই-কারান্ত ও হ্রস্ব-উ-কারান্ত উপসর্গের পরস্থিত সেনি প্রভৃতি (১) ধাতু অভ্যস্ত হইলে উভয় দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয়। যথা,—

সেনি—অভিষিষেণয়িষতি।
সিধ্—নিষিষেধ, প্রতিষিষেধয়িষতি, অভিষেষিধ্যতে।
সিচ্—অভিষিষেচ, অভিষিষেচয়িষতি (২)।
সঞ্জ্—অনুষষঞ্জ, প্রতিষিষঞ্জয়িষতি।
স্বঞ্জ্—পরিষিষ্বঞ্জয়িষতি, পরিষাষ্বজ্যতে।
সদ্—নিষিষাদয়িষতি, বিষাষদ্যতে (৩)।
সেব্—পরিষিষেবে, অভিষিষেব্যতে।

৮। হ্রস্ব-ই-কারান্ত ও হ্রস্ব-উ-কারান্ত উপসর্গের পরস্থিত অভ্যস্ত স্থা ও স্তম্ভ্ ধাতুর দন্ত্য স্ ত-ব্যবধানেও মূর্দ্ধন্য ষ্ হয়। যথা,—

স্থা—অনুতষ্ঠৌ, অধিতষ্ঠৌ, অভিতষ্ঠৌ।
স্তম্ভ্—অনুতষ্টম্ভ, অধিতষ্টম্ভ, অভিতষ্টম্ভ (৪)।

বি- বা অব-পূর্ব্বক অভ্যস্ত 'স্বন্' ধাতুর অভ্যাস ব্যবধানেও ষত্ব হয়। যথা,—বিষষ্বাণ, অবষষ্বাণ।

৯। পরি-পূর্ব্বক কৃ-ধাতুর স্থুট্ আগমের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (৫)। যথা,— পরিষ্করোতি, পরিষ্কারঃ।

(*) 'বেশ্চ স্বনো ভোজনে'।

(১) 'স্থাদিষ্বভ্যাসেন চাভ্যাসস্য'। সেনি, সিধ্, সিচ্, সঞ্জ্, স্বঞ্জ্, সদ্, সেব্।
সেনিঃ সিধঃ সিচশ্চৈব সঞ্জঃ স্বঞ্জঃ সদস্তথা।
সেব ইত্যেব বিজ্ঞেয়ঃ সেন্যাদিঃ সপ্তকো গণঃ॥

(২) ষঙ্ হইলে হয় না ('সিচো যঙি')। যথা,—অভিসেসিচ্যতে।

(৩) লিট্ বিভক্তিতে স্বঞ্জ্ ও সদ্ ধাতুর দ্বিতীয় দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় না। যথা,—স্বঞ্জ্—পরিষস্বজে, বিষস্বজে ; সদ্—নিষসাদ, বিষসাদ। ('সদেঃ পরস্য লিটি'।)

(৪) প্রতিস্তব্ধ ও নিস্তব্ধ এই দুই-এর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় না। ("প্রতিস্তব্ধ-নিস্তব্ধৌ চ"।) ণিজন্ত করিলে লুঙ্ বিভক্তিতে স্তম্ভ্-এর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় না। যথা,—পর্য্যতস্তম্ভৎ।

(৫) পরিনিবিভ্যঃ ইত্যাদি (পূর্ব্ব পৃষ্ঠার ৫নং পাদটীকার সূত্র দ্রঃ)। সংপরিভ্যাং করোতৌ ভূষণে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

লুঙ্-লঙ্-লৃঙের অট্-ব্যবধানে বিকল্পে (১)। যথা,—

পর্য্যস্করোৎ, পর্য্যস্করোৎ; পর্য্যস্কার্ষীৎ, পর্য্যস্কার্ষীৎ।

১০। অনু, বি, পরি, অভি, নি-পূর্ব্বক স্যন্দ্ ধাতুর দন্ত্য স্ বিকল্পে মূর্দ্ধন্য ষ্ হয় (২)। যথা,—

অনুষ্যন্দতে, অনুস্যন্দতে; বিষ্যন্দতে, বিস্যন্দতে; পরিষ্যন্দতে, পরিস্যন্দতে; অভিষ্যন্দতে, অভিস্যন্দতে; নিষ্যন্দতে, নিস্যন্দতে (৩)।

১১। নির্, নি, বি-পূর্ব্বক স্ফুর্ ও স্ফুল্ ধাতুর দন্ত্য স্ বিকল্পে মূর্দ্ধন্য ষ্ হয় (৪)। যথা,—

স্ফুর্—নিঃষ্ফুরতি, নিঃস্ফুরতি; নিষ্ফুরতি, নিস্ফুরতি; বিষ্ফুরতি, বিস্ফুরতি।

স্ফুল্—নিঃষ্ফুলতি, নিঃস্ফুলতি; নিষ্ফুলতি, নিস্ফুলতি; বিষ্ফুলতি, বিস্ফুলতি।

১২। বি-পূর্ব্বক স্কন্ভ্ ধাতুর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (৫)। যথা,—

বিষ্কভ্নাতি, বিষ্কম্ভিতুম্, বিষ্কম্ভিতব্যম্, বিষ্কম্ভকঃ।

১৩। সু, বি, নির্, দুর্ উপসর্গের পরবর্ত্তী হইলে, স্বপ্-ধাতুর স্থানে জাত সুপ্-এর দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (৬)। যথা,—

সুষুপ্তঃ, সুষুপ্তিঃ, বিষুপ্তঃ, নিঃষুপ্তঃ, দুঃষুপ্তঃ, দুঃষুষুপতুঃ, দুঃষুষুপুঃ।

১৪। শাস্ ধাতুর স্থানে শিস্ এবং বস্-ধাতুর স্থানে উস্ হইলে, দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (৭)। যথা,—

শিষ্টঃ, শিষ্যতে, অন্বশিষৎ; উষিতঃ, উষিতবান্, উষতুঃ, উষুঃ।

---

(১) সিবাদীনাং বাঽড্ব্যবায়েঽপি।
(২) অনুবিপর্য্যভিনিভ্যঃ স্যন্দতেরপ্রাণিষু।
(৩) প্রাণী কর্ত্তা হইলে হয় না। যথা,—অনুস্যন্দতে মৎস্যঃ।
(৪) স্ফুরতিস্ফুলত্যোর্নির্নিবিভ্যঃ।
(৫) বেঃ স্কভ্নাতের্নিত্যম্।
(৬) সুবিনির্দুর্ভ্যঃ সুপিসূতিসমাঃ।
(৭) শাসি-বসি-ঘসীনাঞ্চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৫। ঘস্ ধাতুর ঘ-স্থানে ক্ হইলে, দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (১)। যথা,—

জক্ষতুঃ, জক্ষুঃ।

১৬। সহ্ ধাতু-নিষ্পন্ন সাহ্ শব্দ সাট্ ও সাড়্ হইলে, দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (২)। যথা,—

তুরাষাট্, তুরাষাড্ভ্যাম্, তুরাষাড্ভিঃ, তুরাষাট্‌সু।

সাহ্ থাকিলে হয় না। যথা,—

তুরাসাহৌ, তুরাসাহঃ, তুরাসাহম্।

১৭। সমাস হইলে, অঙ্গুলি শব্দের পরস্থিত সঙ্গ শব্দের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (৩)। যথা,—

অঙ্গুলিষঙ্গঃ।

১৮। সমাসে অগ্নি শব্দের পরস্থিত স্তুৎ, স্তোম ও সোম শব্দের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (৪)। যথা,—

অগ্নিষ্টুৎ, অগ্নিষ্টোমঃ, অগ্নীষোমৌ †।

১৯। সমাসে জ্যোতিস্ ও আয়ুস্ শব্দের পরস্থিত স্তোম শব্দের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (৫)। যথা,—

জ্যোতিষ্টোমঃ, আয়ুষ্টোমঃ।

২০। সু, বি, নির্, দুর্ উপসর্গের পরস্থিত সম ও সুতি শব্দের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (৬)। যথা,—

সুষমঃ, বিষমঃ, নিঃষমঃ, দুঃষমঃ ; সুষুতিঃ, নিঃষুতিঃ ইত্যাদি।

---

(১) শাসি-বসি-ঘসীনাঞ্চ। (২) সহেঃ সাড়ঃ সঃ।
(৩) সমাসেঽঙ্গুলেঃ সঙ্গঃ।
(৪) অগ্নেঃ স্তুৎস্তোমসোমাঃ।
† 'ঈদগ্নেঃ সোমবরুণয়োঃ' সূত্রে অগ্নি স্থানে-অগ্নী।
(৫) জ্যোতিরায়ুষঃ স্তোমঃ।
(৬) সুবিনির্দুর্ভ্যঃ সুপিসূতিসমাঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২১। সংজ্ঞা বুঝাইলে, অ আ ভিন্ন স্বরের পরস্থিত সেনা শব্দের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (১)। যথা,—

সুষেণঃ, হরিষেণঃ, মধুষেণঃ।

কিন্তু বিষ্বক্সেনঃ (বিষ্ণু)।

সংজ্ঞা না বুঝাইলে হয় না। যথা,—

কুরুসেনা, যদুসেনা, কপিসেনা।

২২। ভূমি ও দিবি শব্দের পরবর্ত্তী স্থ-শব্দের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয়।* যথা,—

ভূমিষ্ঠঃ, দিবিষ্ঠঃ।

২৩। গবি ও যুধি শব্দের পরবর্ত্তী স্থির শব্দের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (২)। যথা,—

গবিষ্ঠিরঃ, যুধিষ্ঠিরঃ।

২৪। সমাস হইলে, মাতৃ ও পিতৃ শব্দের পরবর্ত্তী স্বসৃ শব্দের প্রথম দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় (৩)। যথা,—

মাতৃষসা, পিতৃষসা।

বিভক্তির লোপ না হইলে (অলুক্ সমাসে) বিকল্পে হয় (৪)। যথা,—

মাতুঃষসা, মাতুঃস্বসা ; পিতুঃষসা, পিতুঃস্বসা।

সমাস না হইলে, দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয় না। যথা,—

মাতুঃ স্বসা, পিতুঃ স্বসা।

Additional :—(1) কতকগুলি শব্দে স্বভাবতঃই ষ্ হয়। যথা,—পাষাণঃ, আষাঢ়ঃ, বাষ্পঃ, ভাষা, কষায়ঃ, ষট্, ষণ্ডঃ, মাষঃ, শষ্পম্, উপষ্টম্ভঃ ইত্যাদি।

(2) বৃক্ষ অথবা আসন বুঝাইলে, বি-পূর্ব্বক স্তৃ ধাতুর 'স্' মূর্দ্ধন্য ষ্ হয় ('বৃক্ষাসনয়োর্বিষ্টরঃ')। যথা,—বিষ্টরঃ (seat, tree) ; কিন্তু বিস্তরঃ, বিস্তারঃ (expansion).

(3) কুশলঃ (skilful) অর্থ বুঝাইলে, নি ও নদী শব্দের পরবর্ত্তী স্না ধাতুর 'স্' মূর্দ্ধন্য ষ্ হয় ('নিনদীভ্যাং স্নাতেঃ কৌশলে')। যথা,—নিষ্ণাতঃ (skilful), নদীষ্ণঃ

(১) এতি সংজ্ঞায়ামগাৎ।

* অম্বাম্বগো ইত্যাদি।

(২) গবিযুধিভ্যাং স্থিরঃ।

(৩) মাতৃপিতৃভ্যাং স্বসা।

(৪) মাতুঃপিতুর্ভ্যামন্যতরস্যাম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

(expert in bathing in the river) ; কিন্তু নিস্নাতঃ (well-bathed), নদীস্নাতঃ (bathed in the river).

(4) অঙ্গু, অম্ব, গো ও পরমে প্রভৃতি কতকগুলি শব্দের পরবর্তী স্থ শব্দের দন্ত্য স্ মূর্দ্ধন্য ষ্ হয়। যথা,—অঙ্গুষ্ঠঃ, অম্বষ্ঠঃ, গোষ্ঠঃ, পরমেষ্ঠী ইত্যাদি।

(5) অপদান্তস্য মূর্দ্ধন্যঃ। সেইজন্য—অগ্নিস্তৃপ্যতি এখানে ষত্ব হইল না। কারণ, এই 'স্' 'অগ্নিঃ' এই পদের অন্তস্থিত।

(6) সুস্থ শব্দে ষত্ব হয় না। এখানে সু উপসর্গপ্রতিরূপক অব্যয়, উপসর্গ নহে। সুষ্ঠু শব্দে 'সুষামাদিষু চ' সূত্রে, এবং চতুষ্টয় শব্দে 'হ্রস্বাৎ তাদৌ তদ্ধিতে' সূত্রে ষত্ব হয়।

EXERCISE 7

1. What are the general rules that bear upon the change of স্ into ষ্? Give examples. (*C. U. Mat., 1933*)

2. Account for the cerebral ষ্ in the following words :—

জিগীষা ; পরিষিচ্যমানঃ ; তিতীর্ষুঃ ; বিষাদঃ ; নিষিদ্ধম্ ; নিষেবতে ; অভিষিক্তঃ ; নিষ্ফুরতি ; মাতুঃষ্বসা ; যুধিষ্ঠিরঃ।

3. Make necessary corrections giving reasons in each case :—

নিসেধঃ ; অশ্রৌসীৎ ; আশীঃসু ; সিসেবে ; উসতুঃ ; তুরাসাট্ ; ত্রিরষ্কৃতঃ ; পরিস্কারঃ ; কুরুষেনা ; বিস্কম্ভঃ।

4. Explain the absence of ষত্ব in নিসর্গ। (*C. U. Mat., 1913*)

Ans. উপসর্গকে ভিন্ন পদ বলিয়া ধরা হয় ; সুতরাং এখানে 'ইণ্কোঃ' এই সূত্রানুসারে ভিন্নপদে ই-কার থাকায় 'স্' 'ষ্' হইবার সম্ভাবনা নাই ; ই-কারান্ত ও উ-কারান্ত উপসর্গের পর ষত্বের ব্যবস্থা মাত্র কয়েকটি ধাতুর আছে, সৃজ্ ধাতুর নাই। এখানে তাই ষত্বের কোন সামান্য সূত্র বা বিশেষ সূত্র না থাকায় ষত্ব হইবে না।

বিশেষ্য ও বিশেষণ

(Nouns and Adjectives)

১। যাহা দ্বারা কেবল কোন বস্তু, ব্যক্তি প্রভৃতির বোধ হয়, তাহাকে বিশেষ্য কহে (১)। যথা,—

গৃহম্, জলম্, বৃক্ষঃ, লতা, নৌকা, বস্ত্রম্, পুস্তকম্, পৃথিবী, চন্দ্রঃ, সূর্য্যঃ, নক্ষত্রম্, শিশুঃ ইত্যাদি।

---

(১) গুণাদিভিস্তু যদ্ভেদ্যং তদ্বিশেষ্যমুদাহৃতম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

যাহা দ্বারা বিশেষ্যের গুণ বা অবস্থা প্রকাশিত হয়, তাহাকে বিশেষণ কহে (১)। বিশেষণ প্রায়ই বিশেষ্যের পূর্ব্বে থাকে (কিন্তু সংস্কৃতে ইহার ব্যতিক্রমও দেখা যায়)। যথা,—

নূতনং গৃহম্; নির্ম্মলং জলম্; ফলবান্ বৃক্ষঃ; পুষ্পিতা লতা; গোলাকারা পৃথিবী।

২। কতকগুলি বিশেষ্য পদ পুংলিঙ্গ (Masculine), কতকগুলি স্ত্রীলিঙ্গ (Feminine) এবং কতকগুলি ক্লীবলিঙ্গ (Neuter)।

৩। বিশেষ্যস্য হি যল্লিঙ্গং বিভক্তি-বচনে চ যে।
তানি সর্ব্বাণি যোজ্যানি বিশেষণপদেষ্বপি॥

বিশেষ্য পদের যে লিঙ্গ, যে বিভক্তি ও যে বচন থাকে, তাহার বিশেষণ পদেরও সেই লিঙ্গ, সেই বিভক্তি ও সেই বচন হইয়া থাকে। যথা,—

ধার্ম্মিকঃ পুরুষঃ; সুশীলৌ শিশূ; উজ্জ্বলানি নক্ষত্রাণি।

Pure ghee—পবিত্রং হবিঃ। The bow of Rama—রামস্য ধনুঃ। His name is Hari—তস্য নাম হরিঃ। He cooks rice with water—স পয়সা অন্নং পচতি। Maricha took the disguise of an illusive deer—মারীচঃ মায়ামৃগস্য ছদ্ম দধার। A wealthy man is powerful in the world—ধনবান্ বলবান্ লোকে।

EXERCISE 15

1. (*a*) Decline :—প্রাচ্ and উদচ্ in ১মা and ২য়া in the neuter gender.

(*b*) Decline :—অসৃজ্, মহৎ, নামন্, পয়স্ and ধনুস্ in ১মা, ২য়া, ৩য়া and ৭মী।

2. Give the vocative singulars of নামন্ and কর্ম্মন্ and alternatives of অস্থি and দদন্তি।

3. Correct :—প্রাঞ্চঃ নভাংসি। উদঙ্ স্থলম্। অসৃজস্য লোভাৎ। ভবিষ্যন্তে কালে। হবিষেণ অন্নং খাদতি বালকঃ। ধনুষে শরং যোজয়তি রামঃ। সদা সন্তং কর্ম্মং কুরু। তস্য মনে সুখং নাস্তি। গুণী যশং লভতে। বীরস্য তেজেন শত্রুঃ নির্জিতঃ।

4. Translate into English :—

মধুরৈঃ পয়োভিঃ। বিশালস্য ধনুষঃ। শৃগালাঃ অসৃঞ্জি পিবন্তি। সরোবরস্য পয়সি কমলানি শোভন্তে। ব্রাহ্মণাঃ অগ্নৌ হবিঃ সমর্পয়ন্তি। রামঃ হরস্য ধনুঃ বভঞ্জ। বিল্বমঙ্গলঃ সুতীক্ষ্ণয়া শলাকয়া স্বচক্ষুষী অবিধ্যৎ। চপলায়াশ্চপলং জ্যোতিঃ।

5. Translate into Sanskrit :—

The western sky (নভঃ). Dark future. Moving carriage. Of a kind heart. By righteous deeds. Rama wishes to drink (পাতুমিচ্ছতি)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

hot milk. No one (ন কোঽপি) utters (উচ্চারয়তি) the name of a miser. He threw down (ভূমাবক্ষিপৎ) his enormous bow. Every day men die (ম্রিয়ন্তে or পঞ্চত্বং গচ্ছন্তি) by thousands (সহস্রশঃ). Rama broke (বভঞ্জ) the bow of Shiva. What is your name ? The jar is filled with milk.

সর্ব্বনাম শব্দ

(Pronouns)

রূপের বৈলক্ষণ্য অনুসারে সর্ব্বনাম শব্দ (ক) সকল পাঁচ শ্রেণীতে বিভক্ত। যথা,—সর্ব্বাদি, অন্যাদি, পূর্ব্বাদি, যদাদি ও ইদমাদি।

সর্ব্বাদি—সর্ব্ব, বিশ্ব (all) (১), উভ, উভয় (২), এক (৩), একতর (either, one of the two), দ্বি, নেম (half), সম, সিম (all), ত্ব, ত্বৎ (other).

(ক) সর্ব্বনাম শব্দ মোট তেত্রিশটি। সর্ব্ব, বিশ্ব, উভ, উভয়, অন্য, অন্যতর, ইতর, ত্বৎ, ত্ব, নেম, সম, সিম, পূর্ব্ব, পর, অবর, দক্ষিণ, উত্তর, অপর, অধর, স্ব, অন্তর্, ত্যদ্, তদ্, যদ্, এতদ্, ইদম্, অদস্, এক, দ্বি, যুষ্মদ্, অস্মদ্, ভবৎ ও কিম্। ইহা ছাড়াও, ডতর ও ডতম প্রত্যয়ান্ত শব্দ সর্ব্বনাম। কিম্, যদ্, তদ্ ও এক শব্দের উত্তর ডতর ও ডতম প্রত্যয় করিলে আটটি পদ পাওয়া যাইবে—কতর, কতম, যতর, যতম, ততর, ততম, একতর, একতম। তাই মোট ৪১টি সর্ব্বনাম শব্দ আছে। ইহার মধ্যে উভ ও দ্বি-শব্দ নিত্য-দ্বিবচনান্ত বলিয়া ইহাদের সর্ব্বনামের কোন চিহ্ন শব্দরূপে নাই। নেম শব্দে শুধু পুংলিঙ্গ প্রথমার বহুবচনেই নেমে নেমাঃ এই দুই পদ হয়, অন্যত্র সর্ব্ব শব্দের মত। ভবৎ (আপনি) শব্দেরও রূপে সর্ব্বনামের কোন বৈশিষ্ট্য নাই। ত্বৎ ও ত্ব কার্য্যতঃ একই (ত্ব-শব্দ)। নাম বুঝাইলে বা সমাসে গৌণ হইয়া গেলে সর্ব্বনাম শব্দগুলি আর সর্ব্বনাম থাকে না। ("সংজ্ঞোপসর্জনীভূতাস্তু ন সর্ব্বাদয়ঃ"।)

(১) সর্ব্ব ও বিশ্ব শব্দ, সকল এই অর্থ বুঝাইলে সর্ব্বনাম হয়, নতুবা তাহাদের রূপ সামান্য অ-কারান্ত শব্দের তুল্য। বিশেষ্য হইলে, সর্ব্ব শব্দের অর্থ শিব (Shiva) এবং বিশ্ব শব্দের অর্থ জগৎ (world) হয়।

(২) 'উভ' শব্দ দ্বিবচনান্ত, কিন্তু 'উভয়' শব্দে একবচন ও বহুবচন হয়—উভৌ বালকৌ ; উভয়ো মুনিঃ, উভয়ে দেবমনুষ্যাঃ।

(৩) এক শব্দ সংখ্যার্থে একবচনান্ত ; কিন্তু কেহ কেহ (some) ইত্যাদি অর্থে সকল বচনেই ব্যবহৃত হইয়া থাকে। তখনও ইহা সর্ব্বনাম।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অন্যাদি—অন্য, অন্যতর (the other, either of the two), ইতর (other, another), কতর, যতর (which of the two), কতম, যতম (which of many), ততর (that one of the two), ততম (that one of them), একতম (one of many)।

পূর্ব্বাদি—পূর্ব্ব, পর, অপর, অবর (posterior), অধর (inferior), দক্ষিণ, উত্তর, অন্তর, স্ব (own)*।

যদাদি—যদ্, তদ্, এতদ্, ত্যদ্, কিম্।

ইদমাদি—ইদম্, অদস্, যুষ্মদ্, অস্মদ্, ভবৎ।

সর্ব্বাদি, অন্যাদি ও পূর্ব্বাদি অ-কারান্ত সর্ব্বনাম শব্দ সামান্য অ-কারান্ত শব্দের তুল্য; কেবল প্রথমা ও ষষ্ঠীর বহুবচনে এবং চতুর্থী, পঞ্চমী ও সপ্তমীর একবচনে রূপের বৈলক্ষণ্য আছে।

সর্ব্বাদি

সর্ব্ব, বিশ্ব, উভ, উভয়, এক, একতর এই ছয়টি শব্দের রূপ একবিধ।

সম, সিম ও ত্ব শব্দও এইরূপ, তবে ইহাদের প্রয়োগ বিরল। সমস্ত সর্ব্বনাম শব্দের সম্বোধনের প্রয়োগ অত্যন্ত বিরল বলিয়াই দেওয়া হইল না।

---

* **পূর্ব্ব** অবধি **উত্তর** পর্য্যন্ত সাতটি শব্দ **দিগ্বাচক, দেশবাচক** ও **কালবাচক** হইলে, অর্থাৎ পূর্ব্বদিক্, পূর্ব্বকাল, পূর্ব্বদেশ ইত্যাদি অর্থ বুঝাইলে, **সর্ব্বনাম** হয়; নতুবা সাধারণ অ-কারান্ত শব্দের তুল্য। **পশ্চিম** শব্দ সর্ব্বনাম নহে। সর্ব্বনাম না হইলে **পূর্ব্ব** শব্দের অর্থ **প্রথম** বা **শ্রেষ্ঠ, পর** ও **অপর** শব্দের অর্থ **শ্রেষ্ঠ, অবর** শব্দের অর্থ **নীচ, অধর** শব্দের অর্থ **নিম্নোষ্ঠ, দক্ষিণ** শব্দের অর্থ **সরল, উদার** বা **সুদক্ষ** এবং **উত্তর** শব্দের অর্থ **প্রতিবাক্য** হয়। **স্ব** শব্দ **আপনি, আপন** এই অর্থ (ধন ও জ্ঞাতি অর্থ নহে "স্বমজ্ঞাতিধনাখ্যায়াম্") বুঝাইলে সর্ব্বনাম হয়; নতুবা সাধারণ অ-কারান্ত শব্দের ন্যায়। অন্তর অর্থে বাহ্য বা পরিধেয় বুঝাইলে সর্ব্বনাম, নচেৎ পার্থক্য, চিত্ত ইত্যাদি অর্থে সর্ব্বনাম নহে (see additional notes on সর্ব্বনাম)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

সর্ব্ব (All)

পুংলিঙ্গ (Masculine)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সর্ব্বঃ	সর্ব্বৌ	সর্ব্বে
দ্বিতীয়া	সর্ব্বম্	সর্ব্বৌ	সর্ব্বান্
তৃতীয়া	সর্ব্বেণ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বৈঃ
চতুর্থী	সর্ব্বস্মৈ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বেভ্যঃ
পঞ্চমী	সর্ব্বস্মাৎ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বেভ্যঃ
ষষ্ঠী	সর্ব্বস্য	সর্ব্বয়োঃ	সর্ব্বেষাম্
সপ্তমী	সর্ব্বস্মিন্	সর্ব্বয়োঃ	সর্ব্বেষু

ক্লীবলিঙ্গ (Neuter)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সর্ব্বম্	সর্ব্বে	সর্ব্বাণি
দ্বিতীয়া	সর্ব্বম্	সর্ব্বে	সর্ব্বাণি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

স্ত্রীলিঙ্গ (Feminine)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সর্ব্বা	সর্ব্বে	সর্ব্বাঃ
দ্বিতীয়া	সর্ব্বাম্	সর্ব্বে	সর্ব্বাঃ
তৃতীয়া	সর্ব্বয়া	সর্ব্বাভ্যাম্	সর্ব্বাভিঃ
চতুর্থী	সর্ব্বস্যৈ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বাভ্যঃ
পঞ্চমী	সর্ব্বস্যাঃ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বাভ্যঃ
ষষ্ঠী	সর্ব্বস্যাঃ	সর্ব্বয়োঃ	সর্ব্বাসাম্
সপ্তমী	সর্ব্বস্যাম্	সর্ব্বয়োঃ	সর্ব্বাসু

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অন্যাদি

অন্য, অন্যতর, ইতর এবং ডতর ও ডতম-প্রত্যয়ান্ত (কতর, কতম, একতম ইত্যাদি) শব্দের রূপ পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে সর্ব্বাদির তুল্য ; কেবল ক্লীবলিঙ্গের প্রথমার ও দ্বিতীয়ার একবচনে অন্যৎ, অন্যতরৎ, ইতরৎ, কতরৎ, কতমৎ, একতমৎ এইরূপ পদ হয়, এই মাত্র বিশেষ। **'অন্যতম' শব্দ সর্ব্বনাম নহে।** ডতর-প্রত্যয়ান্ত হইলেও **'একতর'** শব্দের রূপ **অবিকল সর্ব্ব শব্দের ন্যায়।**

পূর্ব্বাদি

পূর্ব্ব, পর, অপর, অবর, অধর, দক্ষিণ, উত্তর, অন্তর, স্ব, এই কয় শব্দের রূপ একবিধ। ইহাদের প্রথমার বহুবচনে ও পঞ্চমী-সপ্তমীর একবচনে একটি করিয়া অতিরিক্ত পদ হয়, এইমাত্র পার্থক্য (পুংলিঙ্গে)। ক্লীবলিঙ্গে শুধু পঞ্চমী-সপ্তমীর একবচনে একটি করিয়া অতিরিক্ত পদ হয়।

[N. B.—পূর্ব্ব, দক্ষিণ, উত্তর, এই তিনটি দিগ্‌বাচক শব্দ সর্ব্বনাম। কিন্তু **পশ্চিম শব্দ সর্ব্বনাম নহে।**]

পূর্ব্ব (Eastern, Previous)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পূর্ব্বঃ	পূর্ব্বৌ	পূর্ব্বে, পূর্ব্বাঃ
দ্বিতীয়া	পূর্ব্বম্	পূর্ব্বৌ	পূর্ব্বান্
তৃতীয়া	পূর্ব্বেণ	পূর্ব্বাভ্যাম্	পূর্ব্বৈঃ
চতুর্থী	পূর্ব্বস্মৈ	পূর্ব্বাভ্যাম্	পূর্ব্বেভ্যঃ
পঞ্চমী	পূর্ব্বস্মাৎ, পূর্ব্বাৎ	পূর্ব্বাভ্যাম্	পূর্ব্বেভ্যঃ
ষষ্ঠী	পূর্ব্বস্য	পূর্ব্বয়োঃ	পূর্ব্বেষাম্
সপ্তমী	পূর্ব্বস্মিন্, পূর্ব্বে	পূর্ব্বয়োঃ	পূর্ব্বেষু

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পূর্ব্বম্	পূর্ব্বে	পূর্ব্বাণি
দ্বিতীয়া	পূর্ব্বম্	পূর্ব্বে	পূর্ব্বাণি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত। স্ত্রীলিঙ্গে ঠিক সর্ব্ব শব্দের ন্যায়, কোনই প্রভেদ নাই।

যদাদি

যদ্, তদ্, এতদ্, ত্যদ্, কিম্, ইহারা য, ত, এত, ত্য, ক এইরূপ অ-কারান্ত হইয়া যায়। ইহাদের রূপ সর্ব্বাদির তুল্য। কেবল ক্লীবলিঙ্গে প্রথমার ও দ্বিতীয়ার একবচনে যৎ, তৎ, এতৎ, ত্যৎ, কিম্ এইরূপ হয়। আর তদ্, এতদ্, ত্যদ্ (১) শব্দের প্রথমার একবচনে, পুংলিঙ্গে সঃ, এষঃ, স্যঃ এইরূপ, এবং স্ত্রীলিঙ্গে সা, এষা, স্যা এইরূপ হয়, এইমাত্র বিশেষ। যথা,—

যদ্ (Who)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	যঃ	যৌ	যে
দ্বিতীয়া	যম্	যৌ	যান্
তৃতীয়া	যেন	যাভ্যাম্	যৈঃ
চতুর্থী	যস্মৈ	যাভ্যাম্	যেভ্যঃ
পঞ্চমী	যস্মাৎ	যাভ্যাম্	যেভ্যঃ
ষষ্ঠী	যস্য	যয়োঃ	যেষাম্
সপ্তমী	যস্মিন্	যয়োঃ	যেষু

(১) ত্যদ্ শব্দের প্রয়োগ অতি বিরল। এজন্য উহার রূপ স্বতন্ত্র প্রদর্শিত হইল না। (স্যঃ ত্যৌ ত্যে ইত্যাদি
ত্যদ্ ত্যে ত্যানি ইত্যাদি)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

যদ্ (Which)—ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	যৎ	যে	যানি
দ্বিতীয়া	যৎ	যে	যানি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

যদ্ (Who)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	যা	যে	যাঃ
দ্বিতীয়া	যাম্	যে	যাঃ
তৃতীয়া	যয়া	যাভ্যাম্	যাভিঃ
চতুর্থী	যস্যৈ	যাভ্যাম্	যাভ্যঃ
পঞ্চমী	যস্যাঃ	যাভ্যাম্	যাভ্যঃ
ষষ্ঠী	যস্যাঃ	যয়োঃ	যাসাম্
সপ্তমী	যস্যাম্	যয়োঃ	যাসু

তদ্ (He)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সঃ	তৌ	তে
দ্বিতীয়া	তম্	তৌ	তান্
তৃতীয়া	তেন	তাভ্যাম্	তৈঃ
চতুর্থী	তস্মৈ	তাভ্যাম্	তেভ্যঃ
পঞ্চমী	তস্মাৎ	তাভ্যাম্	তেভ্যঃ
ষষ্ঠী	তস্য	তয়োঃ	তেষাম্
সপ্তমী	তস্মিন্	তয়োঃ	তেষু

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

তদ্ (That)—ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	তৎ	তে	তানি
দ্বিতীয়া	তৎ	তে	তানি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

তদ্ (She)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সা	তে	তাঃ
দ্বিতীয়া	তাম্	তে	তাঃ
তৃতীয়া	তয়া	তাভ্যাম্	তাভিঃ
চতুর্থী	তস্যৈ	তাভ্যাম্	তাভ্যঃ
পঞ্চমী	তস্যাঃ	তাভ্যাম্	তাভ্যঃ
ষষ্ঠী	তস্যাঃ	তয়োঃ	তাসাম্
সপ্তমী	তস্যাম্	তয়োঃ	তাসু

এতদ্ (This)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	এষঃ	এতৌ	এতে
দ্বিতীয়া	এতম্, এনম্ (১)	এতৌ, এনৌ	এতান্, এনান্
তৃতীয়া	এতেন, এনেন	এতাভ্যাম্	এতৈঃ
চতুর্থী	এতস্মৈ	এতাভ্যাম্	এতেভ্যঃ
পঞ্চমী	এতস্মাৎ	এতাভ্যাম্	এতেভ্যঃ

(১) **দ্বিতীয়া-টৌস্‌স্বেনঃ**—কেবল পুনরুক্তি (অন্বাদেশ) বুঝাইলে, দ্বিতীয়ার তিনবচন, তৃতীয়ার একবচন এবং ষষ্ঠী ও সপ্তমীর দ্বিবচনে ইদম্ ও এতদ্ শব্দের স্থানে এন আদেশ হইয়া থাকে। যথা,—এষঃ আগতঃ, এনম্ উপবেশয়। পটম্ আনয়, পরিধেহি চ এনম্ ইত্যাদি।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

	একবচন	দ্বিবচন	বহুবচন
ষষ্ঠী	এতস্য	এতয়োঃ, এনয়োঃ	এতেষাম্
সপ্তমী	এতস্মিন্	এতয়োঃ, এনয়োঃ	এতেষু

এতদ্ (This)—ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	এতৎ	এতে	এতানি
দ্বিতীয়া	এতৎ, এনৎ (১)	এতে, এনে	এতানি, এনানি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

এতদ্ (This)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	এষা	এতে	এতাঃ
দ্বিতীয়া	এতাম্, এনাম্	এতে, এনে	এতাঃ, এনাঃ
তৃতীয়া	এতয়া, এনয়া	এতাভ্যাম্	এতাভিঃ
চতুর্থী	এতস্যৈ	এতাভ্যাম্	এতাভ্যঃ
পঞ্চমী	এতস্যাঃ	এতাভ্যাম্	এতাভ্যঃ
ষষ্ঠী	এতস্যাঃ	এতয়োঃ, এনয়োঃ	এতাসাম্
সপ্তমী	এতস্যাম্	এতয়োঃ, এনয়োঃ	এতাসু

কিম্ (Who)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কঃ	কৌ	কে
দ্বিতীয়া	কম্	কৌ	কান্
তৃতীয়া	কেন	কাভ্যাম্	কৈঃ
চতুর্থী	কস্মৈ	কাভ্যাম্	কেভ্যঃ
পঞ্চমী	কস্মাৎ	কাভ্যাম্	কেভ্যঃ
ষষ্ঠী	কস্য	কয়োঃ	কেষাম্
সপ্তমী	কস্মিন্	কয়োঃ	কেষু

(১) "অন্বাদেশে নপুংসকে এনদ্‌বক্তব্যঃ"।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

কিম্ (Which, what)—ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কিম্	কে	কানি
দ্বিতীয়া	কিম্	কে	কানি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

কিম্ (Who)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কা	কে	কাঃ
দ্বিতীয়া	কাম্	কে	কাঃ
তৃতীয়া	কয়া	কাভ্যাম্	কাভিঃ
চতুর্থী	কস্যৈ	কাভ্যাম্	কাভ্যঃ
পঞ্চমী	কস্যাঃ	কাভ্যাম্	কাভ্যঃ
ষষ্ঠী	কস্যাঃ	কয়োঃ	কাসাম্
সপ্তমী	কস্যাম্	কয়োঃ	কাসু

ইদমাদি

ইদম্, অদস্, যুষ্মদ্, অস্মদ্, ইহাদের রূপ পৃথক্ পৃথক্। অতএব প্রত্যেকের রূপ প্রদর্শিত হইতেছে (১)।

ইদম্ (This)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অয়ম্	ইমৌ	ইমে
দ্বিতীয়া	ইমম্, এনম্ (২)	ইমৌ, এনৌ	ইমান্, এনান্

(১) ইদমস্তু সন্নিকৃষ্টং সমীপতরবর্ত্তি চৈতদো রূপম্।
অদসস্তু বিপ্রকৃষ্টং তদিতি পরোক্ষে বিজানীয়াৎ॥

ইদম্ শব্দে নিকটস্থ বস্তু বা ব্যক্তি, এতদ্ শব্দে আরও নিকটস্থ বস্তু বা ব্যক্তি, অদস্ শব্দে দূরবর্ত্তী বস্তু বা ব্যক্তি, এবং তদ্ শব্দে পরোক্ষ বস্তু বা ব্যক্তিকে বুঝায়।

(২) এতদ্ শব্দ দেখ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

	একবচন	দ্বিবচন	বহুবচন
তৃতীয়া	অনেন, এনেন (১)	আভ্যাম্	এভিঃ
চতুর্থী	অস্মৈ	আভ্যাম্	এভ্যঃ
পঞ্চমী	অস্মাৎ	আভ্যাম্	এভ্যঃ
ষষ্ঠী	অস্য	অনয়োঃ, এনয়োঃ	এষাম্
সপ্তমী	অস্মিন্	অনয়োঃ, এনয়োঃ	এষু

ইদম্ (This)—ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ইদম্	ইমে	ইমানি
দ্বিতীয়া	ইদম্, এনৎ (১)	ইমে, এনে	ইমানি, এনানি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

ইদম্ (This)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ইয়ম্	ইমে	ইমাঃ
দ্বিতীয়া	ইমাম্, এনাম্ (১)	ইমে, এনে	ইমাঃ, এনাঃ
তৃতীয়া	অনয়া, এনয়া	আভ্যাম্	আভিঃ
চতুর্থী	অস্যৈ	আভ্যাম্	আভ্যঃ
পঞ্চমী	অস্যাঃ	আভ্যাম্	আভ্যঃ
ষষ্ঠী	অস্যাঃ	অনয়োঃ, এনয়োঃ	আসাম্
সপ্তমী	অস্যাম্	অনয়োঃ, এনয়োঃ	আসু

অদস্ (That)—পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অসৌ	অমূ	অমী
দ্বিতীয়া	অমুম্	অমূ	অমূন্

(১) এতদ্ শব্দ দেখ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

	একবচন	দ্বিবচন	বহুবচন
তৃতীয়া	অমুনা	অমূভ্যাম্	অমীভিঃ
চতুর্থী	অমুষ্মৈ	অমূভ্যাম্	অমীভ্যঃ
পঞ্চমী	অমুষ্মাৎ	অমূভ্যাম্	অমীভ্যঃ
ষষ্ঠী	অমুষ্য	অমুয়োঃ	অমীষাম্
সপ্তমী	অমুষ্মিন্	অমুয়োঃ	অমীষু

অদস্ (That)—ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অদঃ	অমূ	অমূনি
দ্বিতীয়া	অদঃ	অমূ	অমূনি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

অদস্ (That)—স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অসৌ	অমূ	অমূঃ
দ্বিতীয়া	অমুম্	অমূ	অমূঃ
তৃতীয়া	অমুয়া	অমূভ্যাম্	অমূভিঃ
চতুর্থী	অমুষ্যৈ	অমূভ্যাম্	অমূভ্যঃ
পঞ্চমী	অমুষ্যাঃ	অমূভ্যাম্	অমূভ্যঃ
ষষ্ঠী	অমুষ্যাঃ	অমুয়োঃ	অমূষাম্
সপ্তমী	অমুষ্যাম্	অমুয়োঃ	অমূষু

যুষ্মদ্ (Thou, You)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ত্বম্	যুবাম্	যূয়ম্
দ্বিতীয়া	ত্বাম্, ত্বা	যুবাম্, বাম্	যুষ্মান্, বঃ
তৃতীয়া	ত্বয়া	যুবাভ্যাম্	যুষ্মাভিঃ

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	তুভ্যম্, তে	যুবাভ্যাম্, বাম্	যুষ্মভ্যম্, বঃ (১)
পঞ্চমী	ত্বৎ	যুবাভ্যাম্	যুষ্মৎ
ষষ্ঠী	তব, তে	যুবয়োঃ, বাম্	যুষ্মাকম্, বঃ
সপ্তমী	ত্বয়ি	যুবয়োঃ	যুষ্মাসু

তিন লিঙ্গেই সমান, কোনও প্রভেদ নাই।

অস্মদ্ (Individual soul, I)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অহম্	আবাম্	বয়ম্
দ্বিতীয়া	মাম্, মা	আবাম্, নৌ	অস্মান্, নঃ (১)
তৃতীয়া	ময়া	আবাভ্যাম্	অস্মাভিঃ

(১) চ, বা, হ, অহ ও এব, এই পাঁচ অব্যয় শব্দের যোগে, যুস্মদ্ শব্দের ত্বা, তে, বাম্, বঃ, এই চারি পদের এবং অস্মদ্ শব্দের মা, মে, নৌ, নঃ, এই চারি পদের প্রয়োগ হয় না।—"ন চ-বা-হাহৈবযুক্তে"। যথা,—গুরুঃ কৃপয়া ত্বা মা চ উপদিশতি, স কদাচিদপি তে মে চ বচনং ন শৃণোতি, তদাশ্রয়ং বিনা বাং নৌ চ গতির্নাস্তি, তেনৈবং ক্রিয়মাণে বো নশ্চ কা হানিঃ—এরূপ প্রয়োগ হইবে না। ত্বাং মাং চ উপদিশতি, তব মম চ বচনং ন শৃণোতি, যুবয়োঃ আবয়োশ্চ গতির্নাস্তি, যুষ্মাকমস্মাকং চ কা হানিঃ—এইরূপ প্রয়োগ হইবে। বা প্রভৃতি শব্দের যোগেও এইরূপ।

বাক্যের অথবা শ্লোকের চরণের আরম্ভে এই সকল পদের প্রয়োগ হয় না। যথা,—বাক্যের আরম্ভে—তে পুস্তকং গৃহাণ, মে পুস্তকং দেহি, বঃ প্রীতির্বর্দ্ধতে, নঃ সকাশমাগচ্ছ ইত্যাদি প্রয়োগ হয় না। তব পুস্তকং গৃহাণ, মম পুস্তকং দেহি, যুষ্মাকং প্রীতির্বর্দ্ধতে, অস্মাকং সকাশমাগচ্ছ—এইরূপ প্রয়োগ হয়। শ্লোকের চরণের আরম্ভে,—

ত্বা স রক্ষতি যত্নেন মা স দ্বেষ্টি নিরন্তরম্।
তে দোষ এব নৈবাত্র মে দোষো বিদ্যতে সখে॥

এইরূপ প্রয়োগ হয় না।

ত্বাং স রক্ষতি যত্নেন মাং স দ্বেষ্টি নিরন্তরম্।
তবৈব দোষো নৈবাত্র মম দোষোঽস্তি কশ্চন॥

এইরূপ প্রয়োগ হইয়া থাকে। ("অনুদাত্তং সর্ব্বমপাদাদৌ"।)

সম্বোধন পদের ঠিক পরে ইহাদের প্রয়োগ হয় না। যথা,—দেব! মা রক্ষ, ভগবন্! মে দেহি ইত্যাদি প্রয়োগ হয় না। দেব! মাং রক্ষ, ভগবন্! মহ্যং দেহি ইত্যাদি প্রয়োগ হইয়া থাকে। ("আমন্ত্রিতং পূর্ব্বমবিদ্যমানবৎ"।)

সম্বোধন পদের পরে উহার বিশেষণ থাকিলে তাহার পরে ঐগুলির প্রয়োগ হইতে পারে। যথা,—হরে দয়ালো নঃ পাহি। ("নামন্ত্রিতে সমানাধিকরণে সামান্যবচনম্"।)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	মহ্যম্, মে	আবাভ্যাম্, নৌ	অস্মভ্যম্, নঃ
পঞ্চমী	মৎ	আবাভ্যাম্	অস্মৎ
ষষ্ঠী	মম, মে	আবয়োঃ, নৌ	অস্মাকম্, নঃ
সপ্তমী	ময়ি	আবয়োঃ	অস্মাসু

তিন লিঙ্গেই সমান, কোনও প্রভেদ নাই।

বহুব্রীহি, দ্বন্দ্ব ও তৃতীয়া-তৎপুরুষ সমাসে সর্ব্বনামের রূপ হয় না ("ন বহুব্রীহৌ", "তৃতীয়াসমাসে", "দ্বন্দ্বে চ") ; যথা,—বহুব্রীহি সমাসে,—'জিতং সর্ব্বং যেন', এই সমাস করিয়া নিষ্পন্ন 'জিতসর্ব্ব' শব্দের রূপ সর্ব্বনাম শব্দের ন্যায় না হইয়া চতুর্থীর একবচনে 'জিতসর্ব্বায়', পঞ্চমীর একবচনে 'জিতসর্ব্বাৎ', সপ্তমীর একবচনে 'জিতসর্ব্বে' এই প্রকার হইবে। দ্বন্দ্ব সমাসে—'পূর্ব্বশ্চ দক্ষিণশ্চ উত্তরশ্চ', এই সমাস করিয়া নিষ্পন্ন 'পূর্ব্ব-দক্ষিণোত্তর' শব্দের রূপ সর্ব্বনাম শব্দের ন্যায় না হইয়া ষষ্ঠীর বহুবচনে 'পূর্ব্বদক্ষিণোত্তরাণাম্' এইরূপ হইবে। কিন্তু প্রথমার বহুবচনে বিকল্পে সর্ব্বনাম শব্দের ন্যায় রূপ হয়। যথা,—'পূর্ব্বদক্ষিণোত্তরে পূর্ব্বদক্ষিণোত্তরাঃ'। তৃতীয়া-তৎপুরুষ সমাসে—'কালেন পূর্ব্বঃ', এই সমাস করিয়া নিষ্পন্ন 'কালপূর্ব্ব' শব্দের রূপ সর্ব্বনাম শব্দের ন্যায় না হইয়া চতুর্থীর একবচনে 'কালপূর্ব্বায়', পঞ্চমীর একবচনে 'কালপূর্ব্বাৎ', সপ্তমীর একবচনে 'কালপূর্ব্বে' এইরূপ হইবে।

তৃতীয়া-তৎপুরুষ সমাসের সম্ভাবনা-স্থলে সমাস না হইলেও, সর্ব্বনামের রূপ হয় না। যথা,—

কালেন পূর্ব্বায়, কালেন পূর্ব্বাৎ, কালেন পূর্ব্বে।

Some Additional Notes on সর্ব্বনাম

1. প্রথম, চরম, অল্প, অর্দ্ধ, কতিপয়—এই কয়টি শব্দ শুধু পুংলিঙ্গ প্রথমার বহুবচনে বিকল্পে সর্ব্বনাম হয় ; যথা,—প্রথমে, প্রথমাঃ ইত্যাদি। নেম শব্দটি সর্ব্বনাম

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

হইলেও ইহার শব্দরূপে পুংলিঙ্গ প্রথমার বহুবচন ছাড়া কোনও বৈশিষ্ট্য নাই; যথা,—নেমে, নেমাঃ।

2. দ্বিতীয় ও তৃতীয় শব্দেরও চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমীর একবচনে তিন লিঙ্গেই বিকল্পে সর্ব্বনামের মত রূপ হয়ঃ—

পুং ও ক্লীবলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
দ্বিতীয়স্মৈ, দ্বিতীয়ায়	দ্বিতীয়স্যৈ, দ্বিতীয়ায়ৈ
দ্বিতীয়স্মাৎ, দ্বিতীয়াৎ	দ্বিতীয়স্যাঃ, দ্বিতীয়ায়াঃ

ইত্যাদি

3. **এক** শব্দ অল্প, প্রথম, প্রধান, সমান, সাধারণ ও কেবল অর্থে তিন বচনেই ব্যবহৃত হয়; কেবল সংখ্যার্থে একবচন। **অনেক** শব্দ নঞ্‌তৎপুরুষ করিলে সর্ব্বনাম ও একবচন; মতান্তরে বহুবচন; বহুব্রীহি সমাস করিলে সাধারণ-বিশেষণ—অর্থাৎ, তিন লিঙ্গ ও তিন বচন। বিস্তৃত আলোচনা সংখ্যাবাচক শব্দে দ্রষ্টব্য।

4. **সম** শব্দ সকল (all, whole) অর্থে সর্ব্বনাম এবং সর্ব্ব শব্দের তুল্য, কিন্তু সমান (equal) অর্থে সাধারণ-বিশেষ্য-শব্দবৎ।

5. **অন্তর** শব্দ পুর্ (town)-বাচক শব্দের বিশেষণ না হইলে এবং বহির্যোগ (outer) ও অধরবাস বা বহির্ব্বাস (lower or outer garment) বুঝাইলে সর্ব্বনাম হয় এবং পূর্ব্ব শব্দের ন্যায় ইহার রূপ হয়; অন্যত্র সাধারণ-বিশেষ্য-শব্দবৎ; যথা,—অন্তরে অন্তরাঃ বা গৃহাঃ (outer houses), অন্তরে অন্তরাঃ বা শাটকাঃ; কিন্তু অন্তরায়াং পুরি বসতি, অন্তরায়ৈ নগর্য্যৈ ("অন্তরং বহির্যোগোপসংব্যানয়োঃ")।

6. প্রশ্নবোধক **কিম্‌** শব্দ সর্ব্বনাম নহে, অব্যয়। সর্ব্বনাম কিম্‌ শব্দ অনিশ্চয়ার্থক বিশেষণরূপে প্রযুক্ত হইলে ইহাতে বিশেষ্যানুযায়ী বিভক্তি যুক্ত করিয়া পরে চিৎ, চন, অপি অথবা স্বিৎ যোগ করা হয়। যথা,—কস্যচিৎ বালকস্য, কয়াচিৎ বালিকয়া ইত্যাদি।

7. অস্মদ্‌ শব্দের একবচন ও দ্বিবচন স্থলে পক্ষে বহুবচন হইতে পারে, কিন্তু অনুবাদ্য (attributive) বিশেষণ থাকিলে হয় না ("অস্মদো দ্বয়োশ্চ", "সবিশেষণস্য প্রতিষেধো বক্তব্যঃ")। বয়ং পৃচ্ছামঃ—I or we two ask. কিন্তু—দরিদ্রোঽহং দুঃখং ভুঞ্জে।

Translation

কস্তে পিতা—Who is your father? পূর্ব্বস্যাং দিশি—In the eastern direction. সর্ব্বাণি কার্য্যাণি—All works. অমুষ্মৈ বালকায় —To that boy. কেন ভৃত্যেন—By which servant? তব পুস্তকম্‌ —Your book. সর্ব্বাঃ দিশঃ—All directions. পূর্ব্বস্যাং দিশি সূর্য্যঃ

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

উদেতি—The sun rises in the east. অস্মৈ দরিদ্রায় বালকায়—To this poor boy. তস্মাৎ বৃক্ষাৎ—From that tree. কা তব কান্তা—Who is your wife? অস্যাং নদ্যাং কুম্ভীরঃ অস্তি—There is a crocodile in this river. মম পিত্রা ধনঞ্জয়েন—By my father Dhananjaya. অমূনি ফলানি—Those fruits. অনয়া নার্য্যা—By this woman.

EXERCISE 16

1. Under what circumstances are ইদম্ and এতদ্ changed into এন?

2. (*a*) Decline অস্মদ্, যুষ্মদ্ and অদস্ in all genders, cases and numbers.

(*b*) Decline কতর and সর্ব্ব in ১মা বিভক্তি in the neuter gender.

3. Give the optional forms of :—পূর্ব্বে, পূর্ব্বস্মাৎ, ত্বাম্ and যুষ্মাকম্।

4. Translate into Sanskrit :—

These girls. Those flowers. His beautiful wife. From my loving parents. To all countries. In the eastern sky. By these clever damsels. The sun rises (উদেতি) in the east. All men die (ম্রিয়ন্তে). This was done (কৃতম্) by those naughty students. He asked (পপ্রচ্ছ) my servant. He has read (অপঠৎ) all the Vedas. Whose things are these? To whom shall I go (যাস্যামি)? I saw a black bird. I saved (অরক্ষম্) you from that danger. We drink (পিবামঃ) the clear water of the river. Those naughty boys are sleeping (নিদ্রান্তি). He is giving (দদাতি) a pice to his brother. Please give (দাতুম্ অর্হসি) me your pen. Who is the creator of the world? Have you seen the teacher? He has come to the school. Here is a beautiful girl. The girl has none to look after her. Dasharatha sent (প্রাহিণোৎ) Rama to exile. Tadaka was killed by Rama. Vishwamitra was the son of king Gadhi.

5. Correct :—মে পুস্তকানি। তস্মাৎ বালিকায়াঃ। এসঃ বৃক্ষঃ। অমু মেষাঃ। যস্মিন্ দিশি। কতরম্ ফলম্। অস্যাঃ দেবাঃ। যস্মৈ ব্রাহ্মণায় ধনানি দীয়ন্তে। অমূনাং

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

বালিকানাং মাল্যাঃ। যূয়ং গৃহং গচ্ছতি। অমুষ্যয়োঃ দেবতয়োঃ পূজা। পশ্চিমস্যাং দিশি অস্তং যাতি রবিঃ (C. U.)। মে বচনে সো ন বিশ্বসিতি (C. U.)। কশ্চিৎ দূতং প্রেরয় (C. U.)। অন্যতমস্মৈ বালকায়।

6. Where are দক্ষিণ and স্ব used as pronouns (সর্ব্বনাম) ? Illustrate your answer by short Sanskrit sentences (C. U.).

7. What is the difference in meaning between স্বেষাম্ and স্বানাম্ (C. U.) ?

8. Fill up the gaps with suitable pronouns :—

যস্য জনস্য ধনং নাস্তি—জীবনং বিড়ম্বনমেব। —দেশে বিদ্বান্ ন পূজ্যতে তস্মিন্ দেশে জনাঃ ন বসেয়ুঃ। —নারী তত্র বিদ্যতে।

9. Translate into English :—

ত্বমস্মাকং মিত্রম্। দক্ষিণস্যাং দিশি যমো বসতি। কৌ নগরং গচ্ছতঃ ? বয়ং সর্ব্বে পার্ব্বতীপরমেশ্বরৌ নমামঃ। বিচিত্রোঽয়ং সংসারঃ। এষঃ ভগবান্ হরিঃ। মহাজনো যেন গতঃ স পন্থাঃ। কা তব কান্তা, কস্তে পুত্রঃ ? অস্মিন্ বনে রামোঽতিষ্ঠৎ। মমৈতে পুত্রাঃ শাস্ত্রবিমুখাঃ। তস্যাং শাখায়াং কাকো বসতি। সুখিনঃ বয়ম্। সা মে প্রিয়সখী। এষঃ সনাতনঃ ধর্ম্মঃ। স মম জ্যায়ান্ ভ্রাতা। সর্ব্বে জনা ন পণ্ডিতাঃ। অল্পস্য হেতোর্বহু হাতুমিচ্ছন্। বয়ম্ অস্যাং নিশায়াং গমিষ্যামঃ। সা মে কনীয়সী ভগিনী। বিফলং মে জন্ম। ত্বাং শাসনশতেন যোজয়িষ্যামি। অহং গঙ্গাতীরে ব্রহ্মচর্য্যেণ নিবসামি। পরিশ্রমঃ সর্ব্বস্য সুখস্য প্রসূতিঃ। স মে প্রিয়ঃ সুহৃৎ। কায়ঃ সর্ব্বস্য বল্লভঃ।

সংখ্যা-বাচক শব্দ

(Numerals)

'এক' হইতে 'চতুর্' পর্য্যন্ত চারিটি সংখ্যা-বাচক শব্দের লিঙ্গ বিশেষ্যানুসারে পরিবর্ত্তিত হয়। 'এক' একবচন (সংখ্যা বুঝাইতে), দ্বি দ্বিবচন, ত্রি ও চতুর্ বহুবচন। কিন্তু পঞ্চন্ হইতে আরম্ভ করিয়া সমস্ত সংখ্যা-বাচক শব্দেরই বিশেষ্যানুসারে লিঙ্গ পরিবর্ত্তিত হয় না। পঞ্চন্ হইতে অষ্টাদশন্ পর্য্যন্ত বহুবচন। ঊনবিংশতি হইতে সমস্ত সংখ্যা-বাচক শব্দ বিশেষণ

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

হইলে একবচনে এবং বিশেষ্য হইলে তিন বচনেই ব্যবহৃত হয়। ইহার মধ্যে বিংশতি, ষষ্টি, সপ্ততি, অশীতি, নবতি—এই কয়টি শব্দের রূপ 'মতি' শব্দের মত হয়। ত্রিংশৎ, চত্বারিংশৎ, পঞ্চাশৎ—এই কয়টি শব্দের রূপ 'ভূভৃৎ' শব্দের মত হয়। শত, সহস্র, অযুত, লক্ষ—এই কয়টির রূপ হয় (ক্লীব) 'ফল' শব্দের মত। ঊনবিংশতি হইতে নবনবতি শব্দ স্ত্রীলিঙ্গ, শত হইতে ক্লীবলিঙ্গ। 'কোটি' শব্দ স্ত্রীলিঙ্গ, মতি শব্দের মত রূপ (পৃঃ ১৫২-১৫৩ দ্রষ্টব্য)।

এক (One)—একবচনান্ত

'এক' শব্দ সর্ব্বনাম। ইহা তিন লিঙ্গেই সর্ব্ব শব্দের তুল্য; কোনও ভেদ নাই।

'অনেক' শব্দ এক-শব্দবৎ একবচনান্ত। তিন লিঙ্গেই ইহার রূপ সর্ব্ব শব্দের তুল্য। বহুব্রীহি সমাসদ্বারা দ্বিবচন-বহুবচনান্তও হইতে পারে, কিন্তু তখন পদটি সর্ব্বনাম হইবে না ("ন বহুব্রীহৌ")। এইজন্য পুংলিঙ্গের প্রথমার বহুবচনে 'অনেকাঃ' হইবে।*

দ্বি (Two)—দ্বিবচনান্ত

	পুংলিঙ্গ	ক্লীবলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ
	দ্বিবচন	দ্বিবচন
প্রথমা	দ্বৌ	দ্বে
দ্বিতীয়া	দ্বৌ	দ্বে

* "ভবন্ত্যনেকে জলধেরিবোর্ম্ময়ঃ"—এই স্থানে ভারবি-প্রযুক্ত 'অনেকে' পদ ভট্টোজি দীক্ষিত একশেষবৃত্তি দ্বারা অনেকশ্চ অনেকশ্চ অনেকশ্চ ইতি 'অনেকে'—এইরূপে সমর্থন করিয়াছেন। নঞ্‌তৎপুরুষ দ্বারাও কেহ কেহ 'অনেকে' পদ সিদ্ধ করেন।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

	পুংলিঙ্গ	ক্লীবলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ
	দ্বিবচন	দ্বিবচন
তৃতীয়া	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্
চতুর্থী	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্
পঞ্চমী	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্
ষষ্ঠী	দ্বয়োঃ	দ্বয়োঃ
সপ্তমী	দ্বয়োঃ	দ্বয়োঃ

দ্বি-শব্দ সর্ব্বনাম, যদিও শব্দরূপের বেলায় দ্বিবচনান্ত হওয়ায় ইহার কোন সর্ব্বনাম-গত বৈশিষ্ট্য দেখা যায় না।

ত্রি (Three)—বহুবচনান্ত

	পুংলিঙ্গ	ক্লীবলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
	বহুবচন	বহুবচন	বহুবচন
প্রথমা	ত্রয়ঃ	ত্রীণি	তিস্রঃ
দ্বিতীয়া	ত্রীন্	ত্রীণি	তিস্রঃ
তৃতীয়া	ত্রিভিঃ	ত্রিভিঃ	তিসৃভিঃ
চতুর্থী	ত্রিভ্যঃ	ত্রিভ্যঃ	তিসৃভ্যঃ
পঞ্চমী	ত্রিভ্যঃ	ত্রিভ্যঃ	তিসৃভ্যঃ
ষষ্ঠী	ত্রয়াণাম্	ত্রয়াণাম্	তিসৃণাম্
সপ্তমী	ত্রিষু	ত্রিষু	তিসৃষু

চতুর্ (Four)—বহুবচনান্ত

	পুংলিঙ্গ	ক্লীবলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
	বহুবচন	বহুবচন	বহুবচন
প্রথমা	চত্বারঃ	চত্বারি	চতস্রঃ
দ্বিতীয়া	চতুরঃ	চত্বারি	চতস্রঃ
তৃতীয়া	চতুর্ভিঃ	চতুর্ভিঃ	চতসৃভিঃ

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

	পুংলিঙ্গ	ক্লীবলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
	বহুবচন	বহুবচন	বহুবচন
চতুর্থী	চতুর্ভ্যঃ	চতুর্ভ্যঃ	চতসৃভ্যঃ
পঞ্চমী	চতুর্ভ্যঃ	চতুর্ভ্যঃ	চতসৃভ্যঃ
ষষ্ঠী	চতুর্ণাম্	চতুর্ণাম্	চতসৃণাম্
সপ্তমী	চতুর্ষু	চতুর্ষু	চতসৃষু

ষষ্ (Six)—বহুবচনান্ত

প্র	দ্বি	তৃ	চ	প	ষ	স
ষট্	ষট্	ষড়্ভিঃ	ষড়্ভ্যঃ	ষড়্ভ্যঃ	ষণ্ণাম্	ষট্সু

তিন লিঙ্গেই সমান।

অষ্টন্ (Eight)—বহুবচনান্ত

	বহুবচন
প্রথমা	অষ্টৌ, অষ্ট
দ্বিতীয়া	অষ্টৌ, অষ্ট
তৃতীয়া	অষ্টাভিঃ, অষ্টভিঃ
চতুর্থী	অষ্টাভ্যঃ, অষ্টভ্যঃ
পঞ্চমী	অষ্টাভ্যঃ, অষ্টভ্যঃ
ষষ্ঠী	অষ্টানাম্
সপ্তমী	অষ্টাসু, অষ্টসু

তিন লিঙ্গেই সমান।

পঞ্চন্ (Five)—বহুবচনান্ত

	বহুবচন
প্রথমা	পঞ্চ
দ্বিতীয়া	পঞ্চ
তৃতীয়া	পঞ্চভিঃ

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

	বহুবচন
চতুর্থী	পঞ্চভ্যঃ
পঞ্চমী	পঞ্চভ্যঃ
ষষ্ঠী	পঞ্চানাম্
সপ্তমী	পঞ্চসু

তিন লিঙ্গেই সমান।

ন-কারান্ত সংখ্যা-বাচক সপ্তন্, নবন্, দশন্, একাদশন্, দ্বাদশন্, ত্রয়োদশন্, চতুর্দ্দশন্, পঞ্চদশন্, ষোড়শন্, সপ্তদশন্ এবং অষ্টাদশন্ শব্দ 'পঞ্চন্' শব্দের তুল্য।

কতি (How many)—বহুবচনান্ত

	বহুবচন
প্রথমা	কতি
দ্বিতীয়া	কতি
তৃতীয়া	কতিভিঃ
চতুর্থী	কতিভ্যঃ
পঞ্চমী	কতিভ্যঃ
ষষ্ঠী	কতীনাম্
সপ্তমী	কতিষু

তিন লিঙ্গেই সমান।

যতি (as many) এবং **ততি** (so many) শব্দের রূপও **কতি** শব্দের তুল্য।

এতদ্ভিন্ন সংখ্যা-বাচক শব্দ সকলের রূপ, অন্ত্যবর্ণ ও লিঙ্গ অনুসারে সাধারণ শব্দের ন্যায় হইয়া থাকে। যথা,—বিংশতি, ষষ্টি, সপ্ততি, অশীতি, নবতি প্রভৃতি শব্দ স্ত্রীলিঙ্গ ও ই-কারান্ত; ইহাদের রূপ 'মতি' শব্দের ন্যায়। ত্রিংশৎ, চত্বারিংশৎ ও পঞ্চাশৎ শব্দ ত-কারান্ত ও স্ত্রীলিঙ্গ;

ইহাদের রূপ 'ভূভৃৎ' শব্দের ন্যায়। শত, সহস্র প্রভৃতি শব্দ অ-কারান্ত ও ক্লীবলিঙ্গ ; ইহাদের রূপ 'ফল' শব্দের ন্যায়।

বিংশতি এবং তাহার পরবর্ত্তী সংখ্যা-বাচক শব্দ সকল সর্ব্বদা এক-বচনান্ত; বহুবচনান্ত পদের বিশেষণ হইলেও একবচনান্ত প্রয়োগ করিতে হয় (১)। যথা,—

বিংশতিঃ পুরুষাঃ, ত্রিংশৎ স্ত্রিয়ঃ, চত্বারিংশৎ শিশবঃ, পঞ্চাশৎ যুবানঃ, ষষ্টির্বৃদ্ধাঃ, সপ্ততিঃ তরবঃ, অশীতিঃ সরাংসি, নবতিঃ পত্রাণি, শতং লতাঃ, সহস্রং ফলানি (২)।

ঊনবিংশতি শব্দ একবচনান্ত, কিন্তু নবদশন্ (nineteen) শব্দ বহুবচনান্ত।

নিম্নে কতকগুলি সংখ্যা-বাচক শব্দের প্রথমা বিভক্তির রূপ প্রদত্ত হইল ঃ—

1. একঃ, একা, একম্
2. দ্বৌ, দ্বে, দ্বে
3. ত্রয়ঃ, তিস্রঃ, ত্রীণি
4. চত্বারঃ, চতস্রঃ, চত্বারি
5. পঞ্চ
6. ষট্
7. সপ্ত
8. অষ্টৌ, অষ্ট
9. নব
10. দশ
11. একাদশ
12. দ্বাদশ
13. ত্রয়োদশ
14. চতুর্দ্দশ
15. পঞ্চদশ
16. ষোড়শ
17. সপ্তদশ
18. অষ্টাদশ
19. ঊনবিংশতিঃ, একোনবিংশতিঃ
20. বিংশতিঃ
21. একবিংশতিঃ
22. দ্বাবিংশতিঃ
23. ত্রয়োবিংশতিঃ
24. চতুর্ব্বিংশতিঃ
25. পঞ্চবিংশতিঃ
26. ষড়্বিংশতিঃ
27. সপ্তবিংশতিঃ
28. অষ্টাবিংশতিঃ

(১) 'বিংশত্যাদেরনাবৃত্তৌ বহুত্বেঽপ্যেকবচনম্' ইতি ক্রমদীশ্বরঃ।

(২) আবৃত্তি বুঝাইলে, বিংশতি প্রভৃতি শব্দ বিশেষ্য হইয়া যায় (কোন কোন মতে বিশেষণও হইতে পারে) এবং তাহাদের দ্বিবচন ও বহুবচনও হয়। যথা,—দ্বে বিংশতী পুরুষাণাম্, তিস্রো বিংশতয়ঃ স্ত্রীণাম্ ইত্যাদি। "শোকস্থানসহস্রাণি ভয়স্থানশতানি চ" —এস্থলে বহুবচন দ্বারা সহস্র সহস্র, শত শত, অর্থাৎ শোকস্থান ও ভয়স্থানের অসংখ্যতা বুঝা যাইতেছে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

29. { ঊনত্রিংশৎ, একোনত্রিংশৎ
30. ত্রিংশৎ
31. একত্রিংশৎ
32. দ্বাত্রিংশৎ
33. ত্রয়স্ত্রিংশৎ
34. চতুস্ত্রিংশৎ
35. পঞ্চত্রিংশৎ
36. ষট্‌ত্রিংশৎ
37. সপ্তত্রিংশৎ
38. অষ্টাত্রিংশৎ
39. { ঊনচত্বারিংশৎ, একোনচত্বারিংশৎ
40. চত্বারিংশৎ
41. একচত্বারিংশৎ
42. { দ্বিচত্বারিংশৎ, দ্বাচত্বারিংশৎ
43. { ত্রিচত্বারিংশৎ, ত্রয়শ্চত্বারিংশৎ
44. চতুশ্চত্বারিংশৎ
45. পঞ্চচত্বারিংশৎ
46. ষট্‌চত্বারিংশৎ
47. সপ্তচত্বারিংশৎ
48. { অষ্টাচত্বারিংশৎ, অষ্টচত্বারিংশৎ
49. { ঊনপঞ্চাশৎ, একোনপঞ্চাশৎ
50. পঞ্চাশৎ
51. একপঞ্চাশৎ
52. { দ্বিপঞ্চাশৎ, দ্বাপঞ্চাশৎ
53. { ত্রিপঞ্চাশৎ, ত্রয়ঃপঞ্চাশৎ
54. চতুঃপঞ্চাশৎ
55. পঞ্চপঞ্চাশৎ
56. ষট্‌পঞ্চাশৎ
57. সপ্তপঞ্চাশৎ
58. { অষ্টপঞ্চাশৎ, অষ্টাপঞ্চাশৎ
59. { ঊনষষ্টিঃ, একোনষষ্টিঃ
60. ষষ্টিঃ
61. একষষ্টিঃ
62. দ্বিষষ্টিঃ, দ্বাষষ্টিঃ
63. { ত্রিষষ্টিঃ, ত্রয়ঃষষ্টিঃ
64. চতুঃষষ্টিঃ
65. পঞ্চষষ্টিঃ
66. ষট্‌ষষ্টিঃ
67. সপ্তষষ্টিঃ
68. { অষ্টষষ্টিঃ, অষ্টাষষ্টিঃ
69. { ঊনসপ্ততিঃ, একোনসপ্ততিঃ
70. সপ্ততিঃ
71. একসপ্ততিঃ
72. { দ্বিসপ্ততিঃ, দ্বাসপ্ততিঃ
73. { ত্রিসপ্ততিঃ, ত্রয়ঃসপ্ততিঃ
74. চতুঃসপ্ততিঃ
75. পঞ্চসপ্ততিঃ
76. ষট্‌সপ্ততিঃ
77. সপ্তসপ্ততিঃ
78. { অষ্টসপ্ততিঃ, অষ্টাসপ্ততিঃ
79. { ঊনাশীতিঃ, একোনাশীতিঃ
80. অশীতিঃ
81. একাশীতিঃ

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

82. দ্ব্যশীতিঃ
83. ত্র্যশীতিঃ
84. চতুরশীতিঃ
85. পঞ্চাশীতিঃ
86. ষড়শীতিঃ
87. সপ্তাশীতিঃ
88. অষ্টাশীতিঃ
89. { উননবতিঃ, একোননবতিঃ
90. নবতিঃ
91. একনবতিঃ
92. { দ্বিনবতিঃ, দ্বানবতিঃ
93. { ত্রিনবতিঃ, ত্রয়োনবতিঃ
94. চতুর্নবতিঃ
95. পঞ্চনবতিঃ
96. ষণ্ণবতিঃ
97. সপ্তনবতিঃ
98. { অষ্টনবতিঃ, অষ্টানবতিঃ
99. { উনশতম্, একোনশতম্, নববতিঃ

100. { শতম্, একং শতম্
101. একাধিকং শতম্
102. দ্ব্যধিকং শতম্
103. ত্র্যধিকং শতম্
104. চতুরধিকং শতম্
105. পঞ্চাধিকং শতম্
106. ষড়ধিকং শতম্
107. সপ্তাধিকং শতম্
108. অষ্টাধিকং শতম্
109. নবাধিকং শতম্
110. দশাধিকং শতম্
120. বিংশত্যধিকং শতম্
130. ত্রিংশদধিকং শতম্
140. চত্বারিংশদধিকং শতম্
150. পঞ্চাশদধিকংশতম্
160. ষষ্ট্যধিকং শতম্
170. সপ্তত্যধিকং শতম্
180. অশীত্যধিকং শতম্
190. নবত্যধিকং শতম্
200. { দ্বে শতে, দ্বিশতম্
300. { ত্রীণি শতানি, ত্রিশতম্

400. { চত্বারি শতানি, চতুঃশতম্
500. { পঞ্চ শতানি, পঞ্চশতম্
600. { ষট্ শতানি, ষট্শতম্
700. { সপ্ত শতানি, সপ্তশতম্
800. { অষ্ট শতানি, অষ্টশতম্
900. { নব শতানি, নবশতম্
1000. { দশ শতানি, দশশতম্, সহস্রম্
2000. { দ্বে সহস্রে, দ্বিসহস্রম্
3000. { ত্রীণি সহস্রাণি, ত্রিসহস্রম্
4000. { চত্বারি সহস্রাণি, চতুঃসহস্রম্

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

5000. পঞ্চ সহস্রাণি, পঞ্চসহস্রম্	9000. নব সহস্রাণি, নবসহস্রম্
6000. ষট্ সহস্রাণি, ষট্সহস্রম্	10000. দশ সহস্রাণি, দশসহস্রম্, অযুতম্
7000. সপ্ত সহস্রাণি, সপ্তসহস্রম্	100000. লক্ষম্
8000. অষ্ট সহস্রাণি, অষ্টসহস্রম্	1000000. নিযুতম্
	10000000. কোটিঃ

অধিক অর্থে একাদশন্ ইত্যাদি, বিংশতি ও শৎ-ভাগান্ত প্রাতিপদিকের উত্তর ড প্রত্যয় হয়। যথা,—একাদশম্ (একাদশন্+ড) শতম্ =111, বিংশম্ শতম্=120, ত্রিংশম্ সহস্রম্=1030.

বিংশতি, ত্রিংশৎ প্রভৃতি সংখ্যা-বাচক শব্দের পূর্ব্ববর্ত্তী একোন-স্থানে বিকল্পে একান্ন ও একাদ হয়। যথা,—একোনবিংশতিঃ, একান্নবিংশতিঃ, একাদ্নবিংশতিঃ।

পূরণ-বাচক শব্দ

(Ordinals)

পূরণ-বাচক শব্দগুলিও বিশেষণ; সুতরাং যে সকল বিশেষ্যপদের পূর্ব্বে প্রযুক্ত হয়, তাহাদের লিঙ্গ-বচন-অনুসারে রূপান্তর প্রাপ্ত হয়। প্রথম (first) শব্দ মুখ্যার্থে দ্বিবচন ও বহুবচন প্রাপ্ত হয়। ইহার পুংলিঙ্গে প্রথমার বহুবচনে 'প্রথমে, প্রথমাঃ' এই দুই পদ হয়, অবশিষ্ট বিভক্তিতে 'নর' শব্দের তুল্য। চতুর্থ, পঞ্চম ইত্যাদি এবং বিংশতিতম, বিংশ প্রভৃতি শব্দের স্ত্রীলিঙ্গে ঈ-কার হয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

নিম্নে কতকগুলি পূরণ-বাচক শব্দ ও ভিন লিঙ্গে সেইগুলির প্রথমা বিভক্তির আকার প্রদত্ত হইল ঃ—

সংখ্যা	পূরণ-বাচক শব্দ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
এক	প্রথম (first) *	প্রথমঃ	প্রথমা	প্রথমম্
দ্বি	দ্বিতীয় (second)	দ্বিতীয়ঃ	দ্বিতীয়া	দ্বিতীয়ম্
ত্রি	তৃতীয় (third)	তৃতীয়ঃ	তৃতীয়া	তৃতীয়ম্
চতুর্	চতুর্থ (fourth), তুরীয়, তুর্য্য	চতুর্থঃ, তুরীয়ঃ, তুর্য্যঃ	চতুর্থী, তুরীয়া, তুর্য্যা	চতুর্থম্, তুরীয়ম্, তুর্য্যম্
পঞ্চন্	পঞ্চম (fifth)	পঞ্চমঃ	পঞ্চমী	পঞ্চমম্
ষষ্	ষষ্ঠ (sixth)	ষষ্ঠঃ	ষষ্ঠী	ষষ্ঠম্
সপ্তন্	সপ্তম (seventh)	সপ্তমঃ	সপ্তমী	সপ্তমম্
অষ্টন্	অষ্টম (eighth)	অষ্টমঃ	অষ্টমী	অষ্টমম্
নবন্	নবম (ninth)	নবমঃ	নবমী	নবমম্
দশন্	দশম (tenth)	দশমঃ	দশমী	দশমম্
একাদশন্	একাদশ (eleventh)	একাদশঃ	একাদশী	একাদশম্
দ্বাদশন্	দ্বাদশ (twelfth)	দ্বাদশঃ	দ্বাদশী	দ্বাদশম্
ত্রয়োদশন্	ত্রয়োদশ (thirteenth)	ত্রয়োদশঃ	ত্রয়োদশী	ত্রয়োদশম্
চতুর্দ্দশন্	চতুর্দ্দশ (fourteenth)	চতুর্দ্দশঃ	চতুর্দ্দশী	চতুর্দ্দশম্
পঞ্চদশন্	পঞ্চদশ (fifteenth)	পঞ্চদশঃ	পঞ্চদশী	পঞ্চদশম্
ষোড়শন্	ষোড়শ (sixteenth)	ষোড়শঃ	ষোড়শী	ষোড়শম্

* প্রথম শব্দ এক-শব্দ-নিষ্পন্ন নহে ; প্রথ্ + অমচ্ এইরূপে নিষ্পন্ন। কিন্তু এক শব্দের পূরণ-বাচকরূপে ইহা সর্ব্বদা প্রযুক্ত হয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

সংখ্যা	পূরণ-বাচক শব্দ		পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ
সপ্তদশন্	সপ্তদশ	(seventeenth)	সপ্তদশঃ	সপ্তদশী	সপ্তদশম্
অষ্টাদশন্	অষ্টাদশ	(eighteenth)	অষ্টাদশঃ	অষ্টাদশী	অষ্টাদশম্
উনবিংশতি	উনবিংশতিতম, উনবিংশ	(nineteenth)	উনবিংশতিতমঃ, উনবিংশঃ	উনবিংশতিতমী, উনবিংশী	উনবিংশতিতমম্, উনবিংশম্
বিংশতি	বিংশতিতম, বিংশ	(twentieth)	বিংশতিতমঃ, বিংশঃ	বিংশতিতমী, বিংশী	বিংশতিতমম্, বিংশম্
ত্রিংশৎ	ত্রিংশত্তম, ত্রিংশ	(thirtieth)	ত্রিংশত্তমঃ, ত্রিংশঃ	ত্রিংশত্তমী, ত্রিংশী	ত্রিংশত্তমম্, ত্রিংশম্
চত্বারিংশৎ	চত্বারিংশত্তম, চত্বারিংশ	(fortieth)	চত্বারিংশত্তমঃ, চত্বারিংশঃ	চত্বারিংশত্তমী, চত্বারিংশী	চত্বারিংশত্তমম্, চত্বারিংশম্
পঞ্চাশৎ	পঞ্চাশত্তম, পঞ্চাশ	(fiftieth)	পঞ্চাশত্তমঃ, পঞ্চাশঃ	পঞ্চাশত্তমী, পঞ্চাশী	পঞ্চাশত্তমম্, পঞ্চাশম্
ষষ্টি	ষষ্টিতম *	(sixtieth)	ষষ্টিতমঃ	ষষ্টিতমী	ষষ্টিতমম্
সপ্ততি	সপ্ততিতম *	(seventieth)	সপ্ততিতমঃ	সপ্ততিতমী	সপ্ততিতমম্
অশীতি	অশীতিতম	(eightieth)	অশীতিতমঃ	অশীতিতমী	অশীতিতমম্
নবতি	নবতিতম	(ninetieth)	নবতিতমঃ	নবতিতমী	নবতিতমম্
শত	শততম	(hundredth)	শততমঃ	শততমী	শততমম্
সহস্র	সহস্রতম	(thousandth)	সহস্রতমঃ	সহস্রতমী	সহস্রতমম্

* ইহাদের পূর্ব্বে অন্য সংখ্যা-বাচক শব্দ থাকিলে, বিকল্পে ডট্ হয়। যথা,—দ্বিষষ্টিতমঃ, দ্বিষষ্টঃ ; একসপ্ততিতমঃ, একসপ্ততঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

Translation

দ্বৌ বালকৌ—Two boys. চতস্রঃ বালিকাঃ—Four girls. সপ্ত ফলানি—Seven fruits. সহস্রং স্বর্ণমুদ্রাঃ—A thousand gold coins. দ্বে শতে আগতে—Two hundred (men) came. ব্রহ্মণঃ চত্বারি মুখানি—Brahma has four mouths. মম পঞ্চ ভ্রাতরঃ—Five brothers of mine. অষ্টৌ মূর্ত্তয়ঃ—Eight forms. দ্বে বিংশতী ফলানাম্—Two score of fruits. দ্বাদশভির্মাসৈরেকো বৎসরঃ—Twelve months make one year.

EXERCISE 17

1. Give the feminine forms of :—পঞ্চানাম্, চতুর্ষু, ত্রয়াণাম্ and চত্বারঃ।

2. Translate into Sanskrit :—

Two men. Three boys. Three youths. A tree. Five books. Seven sages. Forty rupees (রাজতমুদ্রা). The first class. Twenty nets. Six elephants. A cloud. Eleven dogs. Nine pots. Twelve verses. Thirteen pictures. Eight students. Fifty mangoes. Thirty-two teeth. Four cubits long (দৈর্ঘ্যেণ). Ninety women. One hundred sticks. Four thousand sugar-canes. Ten stones. Seventy ladies. Nineteen spies (চার). Twenty-nine armies. Thirty-seven boxes. A good boy. An ass. An umbrella. The second son. Thousands of people. The fourth boy. Give me (দেহি) five mangoes. He has (সন্তি) eight dogs. Ten snakes came. Bamana covered (আবৃণোৎ) the universe with three legs.

3. Translate into English :—

শতং লতাঃ। নবতিঃ পত্রাণি। বিংশতিঃ পুরুষাঃ। ষষ্টিঃ বালিকাঃ। চত্বারিংশৎ স্ত্রিয়ঃ। পঞ্চাশতা বালকৈঃ। দ্বিচত্বারিংশৎ পরিচ্ছেদাঃ। অষ্টানবতিঃ স্ত্রিয়ঃ। দ্বে বিংশতী নরাণাম্। সহস্রাণি সৈন্যানাম্। চত্বারিংশৎ শিশবঃ। ত্রিংশৎ স্ত্রিয়ঃ। পঞ্চাশৎ যুবানঃ। সহস্রং ফলানি। সপ্ততিঃ তরবঃ। ত্রীণি ভুবনানি। ত্রীণি সহস্রাণি পুস্তকানাম্। চত্বারঃ আশ্রমাঃ। পঞ্চদশ তিথয়ঃ। নব গ্রহাঃ। দ্বৌ মাসৌ। চতস্রঃ নার্য্যঃ। তিস্রঃ কন্যকাঃ। দ্বৌ পক্ষিণৌ। দ্বে ফলে। পঞ্চভিঃ রমণীভিঃ। একা নারী। একং বস্ত্র। একে (some) পণ্ডিতাঃ। বিংশতিশ্ছাত্রাঃ। ত্রিংশৎ ফলানি। অষ্টচত্বারিংশৎ নদ্যঃ। ষষ্টিঃ তরবঃ। অযুতং ফলানি।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

4. Give Sanskrit equivalents for the following :—

Thirty-nine ; one hundred and five ; twenty-nine horses ; the seventieth boy ; with forty men. (*C. U. Mat.*, *1923*)

5. When is বিংশতি used in the singular, and when in the plural? Illustrate the difference in two different sentences.

(*C. U. Mat.*, *1915*)

6. Decline :—চতুর্, ত্রি, পঞ্চন্ and অষ্টন্ in all genders and cases.

7. Correct or justify :—সহস্রাণি ধনানি। দ্বে শতম্। কোটিভিঃ নরৈঃ। একং লক্ষং পুষ্পাঃ। দ্বৌ ফলে। ত্রয়ঃ স্ত্রিয়ঃ। চত্বারঃ ফলানি। পঞ্চাঃ পুষ্পাঃ। অষ্টানি পুস্তকানি। ষটঃ বালকাঃ। চত্বারঃ স্ত্রিয়ঃ। অষ্টৌ নরঃ। পঞ্চ নদী। ত্রীণি বালকাঃ দ্বৌ বালিকা। তিস্রঃ ঘটাঃ। চতস্রঃ দিনানি। চত্বারি তরবঃ। একং লক্ষং মানবাঃ।

অব্যয় শব্দ

(Indeclinables)

সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্ব্বাসু চ বিভক্তিষু।
বচনেষু চ সর্ব্বেষু যন্ন ব্যেতি তদব্যয়ম্

তিন লিঙ্গে, সকল বিভক্তিতে, সকল বচনে কিছুতেই যাহার কোন পরিবর্ত্তন হয় না, তাহাই অব্যয়। অব্যয় শব্দের উত্তর সমুদয় বিভক্তির লোপ হইয়া যায় ('অব্যয়াদাপ্‌-সুপঃ'); সুতরাং সকল বিভক্তিতেই অব্যয় শব্দের এক রূপ। প্রয়োগকালে অব্যয় শব্দের অবয়বের বিকৃতি হয় না, কেবল অন্তস্থিত র্ ও স্ বিসর্গ হয়, এই মাত্র বিশেষ। অব্যয় শব্দ অনেক। তন্মধ্যে সর্ব্বদা ব্যবহৃত কতকগুলি শব্দ প্রদত্ত হইতেছে। যথা,—

অকস্মাৎ, suddenly, all on a sudden, unexpectedly. অকালমেঘবদ্বিত্তমকস্মাদেতি যাতি চ—Like an untimely cloud, wealth appears and vanishes all on a sudden.

অগ্রতঃ (অগ্রতস্), in front of, before. অগ্রতঃ প্রযযৌ রামঃ (রামায়ণম্)—Rama moved in front.

অচিরম্, অচিরাৎ, অচিরায়, অচিরেণ, recently, presently,

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

quickly, within a short time, shortly. অচিরমেব গৃহং যাস্যামি।

অজস্রম্, constantly. অজস্রং বর্ষতি মেঘঃ।

অঞ্জসা†, rightly, justly, soon, instantly. অঞ্জসা গৃহং গচ্ছ।

অতঃ (অতস্), on this account, from this, therefore, for this reason, hence. অতোঽহং ব্রবীমি—Therefore I say.

অতীব, exceedingly. অশনেঃ পতনে ন বেদনা, পতনজ্ঞানমতীব দুঃসহম্—The fall of the thunderbolt is not painful; only the idea of its falling is quite intolerable.

অত্র, here, in this place, herein. অহমত্র বন্ধুহীনঃ মৃতবৎ নিবসামি (হিতোপদেশঃ)—I live here, without a friend, like one dead. অত্র সন্দেহো নাস্তি—There is no doubt about it, or in this matter.

অথ, অথো*, now, then, afterwards, if, and, also. [It is used to introduce a new chapter or topic, doubt, &c., or to make a query.] অথ প্রাতঃ সর্ব্বে যথাভিমতং দেশং গতাঃ (হিতোপদেশঃ)—Then early in the morning they all went to the place they liked best. অথ সোঽত্র বনে রাজা, তর্হি পঞ্চ শশকান্ অত্র ধৃত্বা তমাহূয় দ্রুতমাগচ্ছ (পঞ্চতন্ত্রম্)—If he is the lord of this forest, then keep here five hares, call him and return quickly. অথ গমিষ্যসি দেবালয়ম্?—Will you go to the shrine? রামোঽথ লক্ষ্মণঃ—Rama and Lakshmana. ন কেবলং ব্রজাঙ্গনাঃ কৃষ্ণবিরহেণ পর্য্যাকুলা জাতাঃ, অথ অচেতনা বৃক্ষাদয়ঃ—Not only the women of Braja but also the trees and other inanimate objects were overwhelmed with grief at the separation from Krishna.

অথ কিম্, yest. অষ্টাবক্রঃ (উপবিশ্য)—অথ কিম্, দেবি! (উত্তরচরিতম্)—Ashtavakra (taking his seat) said, "Yes, queen."

অথবা, or, on the other hand. অথবা সাধ্বিদমুচ্যতে—Or it is well said.

অদ্ধা†, truly, evidently, really, in truth. অদ্ধা বিচ্ছিন্নমিদম্—This is really separated.

অদ্য, to-day. অদ্য খলু ভগবতঃ কালপ্রিয়নাথস্য যাত্রায়াম্ আর্য্যমিশ্রান্ বিজ্ঞাপয়ামি (উত্তরচরিতম্)—Let me respectfully inform the honourable gentlemen (assembled) to-day at the festival of Lord Kalapriyanatha. অদ্য ভক্ষ্যো ধনুর্গুণঃ (হিতোপদেশঃ)—Let me

---

* মঙ্গলানন্তরারম্ভ-প্রশ্নকার্ৎস্ন্যেষ্বথো অথ—ইত্যমরঃ।

† তত্ত্বে ত্বদ্ধাঞ্জসাদ্বয়ম্—ইত্যমরঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

pass this day by eating the bow-string.

অধঃ (অধস্), অধস্তাৎ, below, down, under. বৃক্ষস্যাধঃ বর্ত্তকস্তিষ্ঠতি।

অধুনা, now, at present. অধুনা ময়া ভবানুচরেণ সর্ব্বথা ভবিতব্যম্ (হিতোপদেশঃ)—Now I shall be thy attendant by all means.

অন্তঃ (অন্তর্), midst, through, in, into. অন্তঃপ্রবিষ্টম্ মে বাক্যম্।

অন্তরা, between. হরিং রামঞ্চ অন্তরা—Between Hari and Rama.

অন্তরেণ, without, except. অন্তরেণ কদা ধর্ম্মং সুখমাপ্নোতি মানবঃ—When does a man get happiness without righteousness?

অন্যত্র, elsewhere, to another place, somewhere else. অন্যত্র গচ্ছামি ভিক্ষায়ৈ।

অন্যথা, otherwise, else. অন্যথা শরণং নাস্তি ত্বমেব শরণং মম—I have no other support than you.

অন্যদা, some day, another day. ভবান্ অন্যদা আগচ্ছেৎ—You should come some other day.

অন্যেদ্যুঃ (অন্যেদ্যুস্), অপরেদ্যুঃ (অপরেদ্যুস্), on the following day, the day after to-morrow. অপরেদ্যুঃ গৃহং গমিষ্যামি।

অপি*, and, also, assuredly, yet, too, even, though. (It is used also in asking questions and to denote suspicion, fear, &c.). মামপি তত্র নয় (হিতোপদেশঃ)—Take me also there. হিরণ্যকোঽপি স্ববিবরং প্রবিষ্টঃ (হিতোপদেশঃ)—Hiranyaka also retired into his hole. ইয়মার্য্যা, ইয়মপি আর্য্যা মাণ্ডবী, ইয়মপি বধূঃ শ্রুতকীর্ত্তিঃ (উত্তরচরিতম্)—Here is your ladyship; here is our honoured sister-in-law Mandavi and here is our dear sister-in-law Shrutakirti. অপি রাজাত্মজঃ শ্রীমান্—Are you a prince? ন কেবলং যো মহতোঽপভাষতে, শৃণোতি তস্মাদপি যঃ স পাপভাক্ (কুমারসম্ভবম্)—Not only he who vilifies the great but he who listens to him, is also a partaker of sin. অপি কুশলং কুমারলক্ষ্মণস্য (উত্তরচরিতম্)—Is it well with prince Lakshmana? অপি জীবেৎ স বালকঃ—I hope, the boy may come to life.

অপিচ, moreover, also, besides. অপিচ ভবান্ মম মিত্রম্—Moreover, you are my friend.

অভিতঃ (অভিতস্), near, all round, entirely; close by, before, in the presence of. অয়মেব মামভিতো বর্ত্ততে (অভিজ্ঞানশকুন্তলম্)—It is he who stays near me.

অভীক্ষ্ণম্, frequently, repeatedly. অভীক্ষ্ণং দষ্টোঽহং মক্ষিকয়া—I am repeatedly bit by the fly.

* গর্হাসমুচ্চয়প্রশ্নশঙ্কাসম্ভাবনাস্বপি—ইত্যমরঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অমুত্র, there, in the next world. অমুত্র সুখদং দানম্—Charity gives bliss in the next world.

অয়ি, অরে, Oh! Hallo! O! অয়ি মাতঃ—Oh mother! অরে নরাধমাঃ—O vile creatures! [অয়ি is used to denote gentle address whereas অরে implies contempt.]

অর্থে, for the sake of. যেষামর্থে কাঙ্ক্ষিতম্ (গীতা)—For whose sake is desired.

অলম্ (১), match for, enough, sufficient, useless. অলং (match for) মল্লো মল্লায়। বৎসে, অলং রুদিত্বেন (অভিজ্ঞানশকুন্তলম্)—My child, do not weep. অলমতিবিস্তরেণ—No need of prolixity. অলং পল্লবিতেন—It is of no use to amplify any further. অলং গত্বা—Do not go. ন প্রহর্তুমলমস্মি নির্দ্দয়ম্ (রঘুবংশম্)—I cannot be so cruel as to strike (you).

অবশ্যম্, certainly. অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভম্—As you sow so shall you reap.

অসাম্প্রতম্, improper, injudicious, wrong. বিষবৃক্ষোহপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্ (কুমারসম্ভবম্)—It is improper to cut down even a poisonous tree after having reared it personally.

অস্তম্, disappearance. শাপেনাস্তংগমিতমহিমা (মেঘদূতম্)—Being stripped of prowess by the curse.

অহহ, Alas! অহহ মহাপঙ্কে পতিতোঽসি (হিতোপদেশঃ)—Alas! you have fallen into deep mire.

অহোবত, অহো, Ah! Alas! Oh! Bravo! [It is used to denote compassion or regret, praise or approbation.] অহোবত! মহৎ পাপং সাবিত্র্যা নৃপতে কৃতম্ (মহাভারতম্)—Alas! O king, a great sin has been committed by Savitri. অহো ধিগিমাং দরিদ্রতাম্ (পঞ্চতন্ত্রম্)—Oh! fie to this poverty.

অহ্নায়, instantly, early, soon. অহ্নায় সা নিয়মজং ক্লমমুৎসসর্জ্জ—She was forthwith relieved of the fatigue caused by penance.

আঃ, Ah! আঃ! কথম্ এতস্মাংসং স্থললিতম্ ভক্ষয়ামি (হিতোপদেশঃ)—Ah! How shall I feast on his delicate flesh?

আবিঃ (আবিস্), openly. আবির্ভূতোঽসি ত্বমধুনা—Thou hast now appeared before me.

আম্ (স্মরণার্থে), indeed, yes. আম্, ভো মাতুল! 'অহং গমিষ্যামি।

আরাৎ, near; far off. গ্রামাদারাৎ শব্দঃ শ্রূয়তে।

আহো, আহোস্বিৎ [Used in question and argument, or else]. আহোস্বিৎ প্রসবো মমাপচরিতৈর্বিষ্টম্ভিতো বীরুধাম্ (অভিজ্ঞানশকুন্তলম্)—Or else, have the creepers ceased to bear fruits and flowers due to my misrule (misdeeds)?

ইতঃ (ইতস্), hence, from this,

(১) অলং ভূষণপর্য্যাপ্তিশক্তিবারণবাচকম্—ইত্যমরঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

here. ইতঃ পাদমেকং ন গচ্ছামি—I shall not move a single step from here. আর্য্যে! যদি নেপথ্য-বিধানম্ অবসিতম্ ইতস্তাবদাগম্যতাম্ (অভিজ্ঞানশকুন্তলম্)—Revered lady, if you have finished dressing, then please come over here.

ইতস্ততঃ (ইতস্ততস্), hither and thither, to and fro, here and there, round about, up and down. স ইতস্ততো ভ্রাম্যতি।

ইতি*, in this manner, so, thus, because. অশ্বত্থামা হত ইতি গজঃ—Ashwatthama is killed, I mean the elephant of that name. ইত্যর্থঃ—Such is the meaning. বৈদেশিকোঽস্মীতি পৃচ্ছামি (উত্তর-রামচরিতম্)—I ask because I am a foreigner.

ইত্থম্, thus, so, in this way. ইত্থং ক্ষিতীশেন বশিষ্ঠধেনুর্বিজ্ঞাপিতা প্রীততরা বভূব (রঘুবংশম্)—Having been thus addressed by the king, the cow of Vashistha was still more pleased.

ইদানীম্, now, now-a-days, just now, at present. ক্ব ইদানীং মহারাজঃ? (উত্তরচরিতম্)—Where is the king now?

ইব, as, like, as if. বর্ত্তমান ইব মে জনস্থান-বৃত্তান্তঃ প্রতিভাতি (উত্তর-চরিতম্)—The incident of Janasthana seems to be before my eyes. দ্বিতীয়-কৃতান্তমিব—Like a second Pluto (god of death). গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ (হিতোপদেশঃ)—Virtue should be practised (as promptly) as if one were seized by the hair by death.

ইহ, here, in this place, in this world. ইহাগচ্ছ—Come here.

ঈষৎ, somewhat, a little, slightly. ঈষৎ হসতি; ঈষৎ রুষ্টঃ।

উচ্চৈঃ (উচ্চৈস্), **উচ্চকৈঃ (-কৈস্)**, aloud, loudly, on high, high. উচ্চৈঃ নর্দিতবান্। রাজা উচ্চকৈঃ আসনাৎ উত্তিষ্ঠতি।

উতাহো, উত, and (used in argument and question also). অপি মহর্ষিঃ স্নেহবান্? উত সংস্মর্যাতে-ঽস্মদ্গৃহবাসস্য (বিষ্ণুপুরাণম্)—Is the great sage tender-hearted? Does he remember his life in our residence?

উপরি, over, above, on the top of, upon, on. গণ্ডস্যোপরি পিণ্ডকঃ সংবৃত্তঃ (অভিজ্ঞানশকুন্তলম্)—A pimple has grown on a boil. Insult has been added to injury.

উপাংশু, secretly, privately. উপাংশু হত্বা—Having killed secretly. উপাংশু জপতি—He mutters prayer silently.

উভয়তঃ (উভয়তস্), on either side, on both sides. নদীমুভয়তো বৃক্ষাঃ—On either side of the river stand the trees.

উভয়দ্যুঃ (উভয়দ্যুস্), উভয়েদ্যুঃ

* ইতি হেতুপ্রকরণপ্রকাশাদিসমাপ্তিষু—ইত্যমরঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

(উভয়েদ্যুস্), on both days.

ঋতে, without, except, in the absence of. ঋতে সমুদ্রাদন্যঃ কো বিভর্ত্তি বাড়বানলম্? (পঞ্চতন্ত্রম্)—What else than the sea can support the *Badaba* fire?

একত্র, together, in one place. একত্র ভুজ্যতাং রাজ্যম্—Enjoy the kingdom together.

একদা, once, at one time, once upon a time. অহমেকদা দক্ষিণারণ্যে চরন্নপশ্যম্ (হিতোপদেশঃ)—Once upon a time, whilst roaming in the southern forest, I saw.

একধা, in one way.

এতর্হি*, now, at present.

এব, indeed, only, surely. অহমেব মতো মহীপতেঃ (রঘুবংশম্)—I only am liked by the king.

এবম্, thus, so. এবং বিশ্বাস্য স মার্জ্জারঃ তরুকোটরে স্থিতঃ (হিতোপদেশঃ)—Thus creating confidence, the cat lived in the hollow of the tree. এবং কথয়তি তস্মিন্—When he was speaking thus.

ওম্, so be it, yes. ওমিতি ব্রবীমি—I say, yes (I agree).

কচ্চিৎ, কচ্চন (used in asking a question). কচ্চিৎ জীবতি তে মাতা—Is your mother living?

কথম্, how, in what way, why, in what manner; indeed, I see. কথং নিগড়সংযতাসি? নয়ামি ভবতীমিতঃ (রত্নাবলী)—Indeed! Are you in fetters? I shall take you away from here. কথং মারাত্মকে ত্বয়ি বিশ্বাসঃ? (হিতোপদেশঃ)—How am I to place my trust in a murderous one like thyself?

কথঞ্চিৎ, কথঞ্চন, with great difficulty, somehow, in any way, by some means or other. কথঞ্চিৎ অমুক্তজীবিতঃ—Somehow saved.

কদা, when. কদা দ্রক্ষ্যামি (or পশ্যামি) শঙ্করম্?—When shall I see Shankara?

কদাচন, scarcely ever, seldom, rarely. বিজেতুং প্রযতেতারীন্ ন যুদ্ধেন কদাচন (মনুসংহিতা)—One should never try to vanquish the enemy by fighting.

কদাচিৎ, once upon a time.

কদাপি, at times, sometimes, now and then. (ন কদাপি=never.)

কর্হি, when, at what time.

কর্হিচিৎ, at any time; sometimes, occasionally, seldom, if, ever, scarcely ever, hardly. (ন কর্হিচিৎ=never.)

কামম্, প্রকামম্†, in abundance, admitting, supposing. তৈঃ প্রকামং ভুক্তং পীতঞ্চ—They have dined and drunk to their hearts' content. কামং (I admit) প্রিয়া ন সুলভা (অভিজ্ঞানশকুন্তলম্)—The beloved is indeed hard to achieve.

কিংবা, বা, or.

* এতর্হি সম্প্রতীদানীমধুনা সাম্প্রতং তথা—ইত্যমরঃ।

† কামং প্রকামেঽনুমতৌ—ইত্যমরঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

কিংস্বিৎ, what ! (It is used in question, suspicion or in argument.) অদ্রেঃ শৃঙ্গং হরতি পবনঃ কিংস্বিৎ (মেঘদূতম্)!—Is indeed the wind carrying away the peak of the mountain ?

কিঞ্চ, moreover, further, again.

কিঞ্চন, to a certain degree.

কিঞ্চিৎ, some, something, a little, somewhat. কিঞ্চিৎ পশ্চাৎ ব্রজ লঘুগতির্ভূয় এবোত্তরেণ (মেঘদূতম্)—Move a little westward and again proceed to the north, with quick pace.

কিন্তু, but, yet, however, nevertheless.

কিম্*, what, which (used in asking a question). বুভুক্ষিতঃ কিং দ্বিকরেণ ভুঙ্ক্তে—Does the hungry man fall to eating with both the hands ?

কিমু (used in interrogation or deliberation). নির্ব্বাণদীপে কিমু তৈলদানম্—What is the use of pouring oil into a lamp when the light is off ?

কিমুত, how much more, or, needless to say. ঋষিপ্রভাবান্ময়ি নান্তকোঽপি প্রভুঃ প্রহর্তুং কিমুতান্যহিংস্রাঃ (রঘুবংশম্)—Through the power of the sage, not even the god of death is able to assail me, not to speak of other ferocious animals.

কিল, verily, indeed (also used to denote tradition, false action). বভূব যোগী কিল কার্ত্তবীর্য্যঃ (রঘুবংশম্)—It is reported that Kartaviryya became a Yogin.

কুতঃ (**কুতস্**), whence, from where or what place, where, much less. দেবা ন জানন্তি কুতো মনুষ্যাঃ—The gods even do not know, much less men. অশান্তস্য কুতঃ সুখম্—Where is bliss to the discontented one ?

কুত্র, where, in what place. কুত্র তে নিবাসঃ?—Where do you live ?

কুত্রচিৎ, in a certain place, somewhere.

কৃতম্, no use, no need of. কৃতম্ ইদানীং কালহরণেন (মুদ্রারাক্ষসম্)—No use whiling away time now.

কৃতে, for the sake of. মম কৃতে তবোঽয়ং প্রয়াসঃ—This attempt of yours is for my sake.

কেবলম্, only. পরার্থঃ কেবলং যত্নো নম্রতা তে মহীয়সী—Great are your modesty and the care for the good of others only.

ক্ব, where (being used twice in a sentence it also indicates a great difference). রঘুপতেঃ ক্ব গতোত্তরকোশলা—Where is Ayodhya, the city of Ramachandra gone ? ক্ব সূর্য্যপ্রভবো বংশঃ ক্ব চাল্পবিষয়া মতিঃ—There is a gulf of difference between the dynasty sprung from the

---

* কিং পৃচ্ছায়াং জুগুপ্সনে—ইত্যমরঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

sun god and my poor intellect.

ক্কচিৎ, in some place, rarely, somewhere. ক্কচিৎ ক্কচিৎ—sometimes. ক্কচিত্তুষ্টঃ ক্কচিদ্রুষ্টঃ—Now angry, now pleased. উচ্চদন্তঃ ক্কচিন্মূর্খঃ—A man with long teeth seldom becomes a dunce.

খলু*, certainly, indeed. (It is also used to denote prayer, question, prohibition, cause, &c.) ন চলতি খলু বাক্যং সজ্জনানাং কদাচিৎ—Certainly, the words of good men are never alterable. ন খলু ন খলু বাণঃ সন্নিপাত্যোঽয়মস্মিন্ মৃদুনি মৃগশরীরে তূলারাশাবিবাগ্নিঃ (অভিজ্ঞানশকুন্তলম্)—The arrow is indeed not to be planted in the tender body of the stag—not to be planted indeed—like fire on a heap of cotton. ন বিদীর্য্যে কঠিনাঃ খলু স্ত্রিয়ঃ (কুমারসম্ভবম্)—My heart does not (still) burst out, because women are indeed hard-hearted. খলু গত্বা—গমনেন প্রয়োজনং নাস্তীত্যর্থঃ। খলূক্ত্বা খলু বাচিকম্ (শিশুপালবধম্)—It is, indeed, unnecessary to tell anything verbally.

চ†, and, also. হিতং মনোহারি চ দুর্লভং বচঃ (ভারবিঃ)—Rare is the advice which is agreeable and useful at the same time.

চিরম্, চিরেণ, চিরায়, চিরাৎ, চিরস্য, long, for a long time. স নৃপঃ চিরমতিষ্ঠৎ (রঘুবংশম্)—The king stayed a long time. চিরেণ নৃপতিঃ সংজ্ঞাং প্রতিলভ্য (রামায়ণম্)—After a long time the king having regained consciousness. চিরায় মুনিং সন্তর্প্য (দশকুমারচরিতম্)—Having gratified the sage for a long time. চিরান্মহতা স্নেহেন মৃগকাকৌ নিবসতঃ (হিতোপদেশঃ)—The deer and the crow lived there with deep affection for a long time. চিরস্য বাচ্যং ন গতঃ প্রজাপতিঃ (অভিজ্ঞানশকুন্তলম্)—The creator did not incur blame for ever.

চেৎ, if.

জাতু, ever, at any time, perhaps, scarcely. ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি (বিষ্ণুপুরাণম্)—No desire ever subsides by enjoyment.

জোষম্, silently, gladly. কিমিতি জোষমাস্যতে (শকুন্তলা)—Why do you remain silent?

ঝটিতি, quickly, at once, instantly. ঝটিতি প্রবিশ গেহম্—Enter the house soon.

তৎ, therefore.

---

* খলু স্যাদ্ বাক্যভূষায়াং জিজ্ঞাসায়াং চ সান্ত্বনে।
বীপ্সামান-নিষেধেষু পূরণে পাদবাক্যয়োঃ॥—ইতি মেদিনী।

† চ পাদপূরণে পক্ষান্তরে হেতৌ বিনিশ্চয়ে—ইতি ত্রিকাণ্ডশেষঃ।
চান্বাচয়সমাহারেতরেতরসমুচ্চয়ে—ইত্যমরঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ততঃ (ততস্), then, therefore, for that reason, from that place. [ততঃ প্রভৃতি=Thenceforward, since then.] ততঃ কিম্—What then? What next? যতো ধর্ম্মস্ততো জয়ঃ—Where there is virtue, there is victory. ততঃ প্রীতেন রাজ্ঞা তস্মৈ দত্তং স্বর্ণানাং লক্ষম্ (ভোজপ্রবন্ধঃ)—Then the king being pleased gave him one lac of gold coins. ততোঽহমপি গচ্ছামি—So, I too shall go.

২৫৭। লুঙ্ বিভক্তিতে গণ ধাতুর পূর্ব্ব ভাগে **অ-কার** স্থানে **বিকল্পে ঈ** হয় ("ঈ চ গণঃ")। যথা,—গণ—অজীগণৎ, অজগণৎ।

কতকগুলি চুরাদি-গণীয় ধাতু

চিন্ত্—to think. চিন্তয়তি। যন্ত্—to restrain. যন্ত্রয়তি। পীড়্—to hurt; to oppose. পীড়য়তি। ভক্ষ্—to eat. ভক্ষয়তি। লুণ্ঠ্—to rob. লুণ্ঠয়তি। ছন্দ্—to hide. ছন্দয়তি। তড়্—to beat. তাড়য়তি। খণ্ড্—to break. খণ্ডয়তি। ক্ষল্—to wash. ক্ষালয়তি। তুল্—to weigh. (১) তোলয়তি। চূর্ণ্—to break into pieces. চূর্ণয়তি। পূজ্—to worship. পূজয়তি। তিজ্—to sharpen. তেজয়তি। কীর্ত্ত্ (কৃৎ)—to narrate; to praise. কীর্ত্তয়তি। মন্ত্র্—to consult; to counsel. মন্ত্রয়তে। তর্জ্জ্ (২)—to rebuke; to blame. তর্জ্জয়তে। ভর্ৎস্ (২)—to rebuke. ভর্ৎসয়তে। লক্ষ্—to jump. লক্ষয়তি। শম্—to relieve. শময়তি। কুৎস্—

---

(১) তুলা+ণিচ্+লট্ তি=তুলয়তি।
(২) বেদয়তি, ভর্ৎসয়তি, মন্ত্রয়তি, তর্জ্জয়তি ইত্যাদি পরস্মৈপদও সিদ্ধ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

to abuse. কুৎসয়তি। বঞ্চ্—to cheat. বঞ্চয়তি। বিদ্ (১)—to know. বেদয়তে। চর্চ্চ্—to study. চর্চ্চয়তি। শব্দ্—to sound. শব্দয়তি। সূদ্—to throw; to drop down. সূদয়তি। তন্ত্—to consecrate; to set up. তালয়তি। ভ্রংস্—to decorate. ভ্রংসয়তি। দুল্—to throw up. দোলয়তি। দুষ্—to blame; to wrong. দূষয়তি, দোষয়তি। অর্হ্—to worship. অর্হয়তি। অট্—to wander. অটতি, আটয়তি। লোক্—to see. লোকয়তি। লোচ্—to speak. লোচয়তি। তর্ক্—to discuss. তর্কয়তি। পূর্—to fill. পূরয়তি। যুজ্—to join. যোজয়তি। অর্চ্চ্—to worship. অর্চ্চয়তি। বৃ—to prevent. বারয়তি। রিচ্—to leave. রেচয়তি। রুষ্—to be angry. রোষয়তি। শিষ্—to distinguish. শেষয়তি। তপ্—to burn. তাপয়তি। বচ্—to speak. বাচয়তি (reads, causes to speak). বৃষ্—to sprinkle. বর্ষয়তে। অঙ্ক্—to count. অঙ্কয়তি। অংশ—to distribute. অংশয়তি। অর্থ—to beg; to ask. অর্থয়তে। অন্ধ—to be blind. অন্ধয়তি। অবধীর—to disregard. অবধীরয়তি। আন্দোল—to agitate; to discuss. আন্দোলয়তি। কথ—to tell. কথয়তি। কল—to sound; to count. কলয়তি। কর্ত্ত—to cut down. কর্ত্তয়তি। কর্ণ—to pierce. কর্ণয়তি। কেত—to invite. কেতয়তি। ক্ষপ—to send. ক্ষপয়তি। খচ—to be studded with. খচয়তি। গণ—to count; to enumerate. গণয়তি। গবেষ—to inquire. গবেষয়তি। ছিদ্র—to pierce. ছিদ্রয়তি। ছেদ—to cut. ছেদয়তি। দুঃখ—to give pain. দুঃখয়তি। দণ্ড—to punish. দণ্ডয়তি। ধ্বন—to sound. ধ্বনয়তি। পার—to finish. পারয়তি। ভাজ—to divide. ভাজয়তি। মৃগ—to seek. মৃগয়তে। মহ—to worship. মহয়তি। রস—to taste. রসয়তি। রচ—to write; to adorn. রচয়তি। রূপ—to find out; to form. রূপয়তি। রূক্ষ—to abuse. রূক্ষয়তি। বর্ণ—to colour. বর্ণয়তি। বণ্ট—to divide. বণ্টয়তি। বীজ—to go. বীজয়তি। সান্ত্ব—to comfort. সান্ত্বয়তি। স্পৃহ্—to desire. স্পৃহয়তি। সভাজ্—to show courtesy. সভাজয়তি। স্থূল্—to increase; to cherish. স্থূলয়তে। সূচ—to trace out. সূচয়তি। স্তন—to sound. স্তনয়তি। স্তেন্—to steal. স্তেনয়তি। স্ফুট্—to be opened, to clarify. স্ফুটয়তি ইত্যাদি (২)।

---

(১) বেদয়তি, ভর্ৎসয়তি, মন্ত্রয়তি, তর্জ্জয়তি ইত্যাদি পরস্মৈপদও সিদ্ধ।

(২) চুরাদিগণে কতকগুলি বিকল্পিত ণিচ্ ধাতু আছে। যেমন,—সহতি, সাহয়তি (endures), যোজতি, যোজয়তি (unites), তপতি তাপয়তি ইত্যাদি।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

EXERCISE 33

1. Conjugate পূজ্, কথ, গণ, চিন্ত্ and রচ in লট্, লোট্, লিট্ and লুঙ্ second and third persons plural.

2. Translate into English :—

উপায়ং চিন্তয়েৎ প্রাজ্ঞস্তথাপায়ঞ্চ চিন্তয়েৎ। (কৃষ্ণঃ) রচয়তি শয়নং সচকিতনয়নং পশ্যতি তব পন্থানম্। অদ্যাপি তামরহিতাং মনসা চ নিত্যং সংচিন্তয়ামি সততং মম জীবিতেশাম্। স এবায়ং নাগঃ সহতি কলভেভ্যঃ পরিভবম্। কিং বর্ণয়াম তব রূপম-চিন্ত্যমেতৎ। শকুন্তলা সখীমঙ্গুল্যা তর্জ্জয়তি। ভক্তঃ দেবমর্চ্চয়তি।

3. Derive :—শময়তি, সূচয়তি, বর্দ্ধয়েৎ, জনয়তে and সন্তাপয়িষ্যতি। Form a sentence with each of them.

সন্নন্ত ধাতু

(Desiderative Verb)

২৫৮। ইচ্ছা অর্থে ধাতুর উত্তর সন্ প্রত্যয় হয় (১), সনের স্ থাকে।

২৫৯। সন্ প্রত্যয় পরে থাকিলে, ধাতুর উত্তর ই হয়। অনিট্ ধাতুর উত্তর হয় না।

২৬০। সন্-প্রত্যয়ান্ত ধাতু অভ্যস্ত হয়, এবং যাবতীয় অভ্যস্ত কার্য্য প্রাপ্ত হয় (২)।

---

(১) ধাতোঃ কর্ম্মণঃ সমানকর্ত্তৃকাদিচ্ছায়াং বা। আশঙ্কা অর্থেও সন্ হয় ('আশঙ্কায়াং সন্ বক্তব্যঃ')—যথা,—পিপতিষতি কূলম্ (The bank is about to fall down). মুমূর্ষতি বৃদ্ধঃ (The old man is about to die).

(২) সন্যঙোঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৬১। সন্-প্রত্যয়ান্ত ধাতুর পূর্ব্ব-ভাগের **অ-কার-স্থানে ই-কার** হয় (১)। যথা,—লট্, পঠ্—পিপঠিষতি। বদ্—বিবদিষতি। জীব্—জিজীবিষতি।

অনিট্ ধাতু

নম্—নিনংসতি। দহ্—দিধক্ষতি। পা—পিপাসতি। স্থা—তিষ্ঠাসতি। ভিদ্—বিভিৎসতি। বুধ্—বুভুৎসতে।

২৬২। সন্ প্রত্যয় পরে ই হইলে, ধাতুর **উপধা লঘু স্বরের গুণ** হয়। যথা,—লিখ্—লিলেখিষতি (লিলিখিষতি) (২) শুভ্—শুশোভিষতে। নৃত্—নিনর্ত্তিষতি (নিনৃৎসতি)। বৃত্—বিবর্ত্তিষতে (বিবৃৎসতি) (৩)।

২৬৩। রুদ্, বিদ্ ও মুষ্ ধাতুর উপধা লঘু স্বরের **গুণ** হয় না। যথা,—রুদ্—রুরুদিষতি। বিদ্—বিবিদিষতি। মুষ্—মুমুষিষতি (৪)।

২৬৪। সন্ প্রত্যয় পরে থাকিলে, **গ্রহ্** ধাতুর উত্তর **ইট্** হয় না (৫)।

২৬৫। সন্ প্রত্যয় পরে থাকিলে, **গ্রহ্** ধাতু-স্থানে **গৃহ্**, **স্বপ** ধাতু-স্থানে **সুপ্** ও **প্রচ্ছ্** ধাতু-স্থানে **পৃচ্ছ্** হয়। যথা,—গ্রহ্—জিঘৃক্ষতি। স্বপ্—সুষুপ্সতি (ক)।

২৬৬। সন্ প্রত্যয় পরে থাকিলে, **প্রচ্ছ্** (৬) ও **গম্** (৭) ধাতুর উত্তর **ইট্** হয়। যথা,—প্রচ্ছ্—পিপৃচ্ছিষতি। গম্—জিগমিষতি।

---

(১) **সন্যতঃ**। ধাতু যে পদী, সন্ প্রত্যয় হইলে সেই পদীই হইয়া থাকে। কিন্তু সন্নন্ত মৃ ধাতু পরস্মৈপদী হয় এবং জ্ঞা, শ্রু, স্মৃ ও দৃশ্ ধাতু আত্মনেপদী হয়। যথা,—মুমূর্ষতি, জিজ্ঞাসতে, শুশ্রূষতে; সুস্মূর্ষতে ও দিদৃক্ষতে। ণিজন্তের ন্যায় সন্নন্তও স্বতন্ত্র ধাতু বলিয়া গণ্য ও সমুদায় ধাতুকার্য্য প্রাপ্ত হয় এবং লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্ বিভক্তিতে ভ্বাদি-গণীয় ধাতুর তুল্য হয়। বৃত্—বিবর্তিষতে, বিবৃৎসতি; বৃধ্—বিবর্ধিষতে, বিবৃৎসতি।

(২) লিখ্ ধাতু মতান্তরে কুটাদিগণের অন্তর্গত, সে মতে গুণ হয় না।

(৩) **বৃদ্ভ্যঃ স্যসনোঃ** (বিকল্পে পরস্মৈপদ)।

(৪) **রুদবিদমুষগ্রহিস্বপিপ্রচ্ছঃ সংশ্চ**।

(৫) **সনি গ্রহগুহোশ্চ**। (ক) "গ্রহিজ্যা"—ইত্যাদি। বচি-স্বপি-যজাদীনাং কিতি। হলন্তাচ্চ।

(৬) কিরশ্চ পঞ্চভ্যঃ।

(৭) **গমেরিট্ পরস্মৈপদেষু**।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৬৭। সন্ প্রত্যয় পরে থাকিলে, ধাতুর **অন্ত্য স্বর দীর্ঘ** হয় (১)। যথা,—শ্রি—শিশ্রীষতি। দ্রু—দুদ্রূষতি। হু—জুহূষতি।

২৬৮। সন্ প্রত্যয় পরে থাকিলে, জি ধাতুর স্থানে (পর-ভাগের স্থানে) গি হয় (২)। যথা,—জি—জিগীষতি।

২৬৯। সন্ প্রত্যয় পরে থাকিলে, **হন্** ধাতুর পর-ভাগের **অ-কার-**স্থানে **আ-কার** (১) ও **হ-কার-**স্থানে **ঘ** হয় (ক)। যথা,—হন্—জিঘাংসতি।

২৭০। সন্ প্রত্যয় পরে থাকিলে, ধাতুর অন্তস্থিত **ঋ-বর্ণ-**স্থানে **ঈর্** হয় (১, খ)। যথা,—কৃ—চিকীর্ষতি। ধৃ—দিধীর্ষতি। হৃ—জিহীর্ষতি। তৃ—তিতীর্ষতি (৩)। ঋ-বর্ণ **ওষ্ঠ্য-**বর্ণের পরে থাকিলে **উর্** হয়। যথা,—মৃ—মুমূর্ষতি।

২৭১। সন্-প্রত্যয়ান্ত অভ্যস্ত **দা** ধাতু-স্থানে **দিৎস্**, **ধা** ধাতু-স্থানে **ধিৎস্**, **আপ্** ধাতু-স্থানে **ঈপ্স্**, **মা** ধাতু-স্থানে **মিৎস্**, **লভ্** ধাতু-স্থানে **লিপ্স্** এবং **রভ্** ধাতু-স্থানে **রিপ্স্** হয় (৪)। যথা,—দা—দিৎসতি। ধা—ধিৎসতি। আপ্—ঈপ্সতি। মা—মিৎসতি। লভ্—লিপ্সতে। রভ্—রিপ্সতে।

২৭২। লিট্ বিভক্তিতে সন্নন্ত ধাতুর উত্তর **আম্** এবং **ভূ, অস্, কৃ** হয়। যথা,—চিকীর্ষ—চিকীর্ষাম্বভূব, চিকীর্ষামাস, চিকীর্ষাঞ্চকার [লিট্-বিধান ; সূ, ১৭৮ (ক) দ্রষ্টব্য]। লুট্—চিকীর্ষিতা। লৃট্—চিকীর্ষিষ্যতি। লৃঙ্—অচিকীর্ষিষ্যৎ। লুঙ্—অচিকীর্ষীৎ। আশীর্লিঙ্—চিকীর্ষ্যাৎ।

২৭৩। **কিৎ, তিজ্, গুপ্, বধ্, দান্, শান্** ও **মান্** ধাতুর উত্তর কয়েকটি বিশেষ-অর্থে **সন্** হয়, এবং বধ, দান্, শান্ ও মান্ ধাতুর পূর্ব্ব-

---

(১) অজ্ঝনগমাং সনি।
(২) সন্লিটোর্জেঃ। (ক) অভ্যাসাচ্চ। (খ) ঋত ইদ্ ধাতোঃ। উদোষ্ঠ্যপূর্ব্বস্য।
(৩) বিকল্পে ইট্ হয়। যথা,—তিতরিষতি, তিতরীষতি। ('বৃতো বা'।)
(৪) আপ্‌জ্ঞপ্যৃধামীৎ। সনি মীমাঘুরভলভশকপতপদামচ ইস্। অত্র লোপোঽভ্যাসস্য।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ভাগের অ-কার ও আ-কার-স্থানে ঈ-কার হয়। যথা,—কিৎ—চিকিৎসতি। তিজ্—তিতিক্ষতে। গুপ্—জুগুপ্সতে। বধ্—বীভৎসতে। দান্—দীদাংসতে। শান্—শীশাংসতে। মান্—মীমাংসতে। (১)

Some Additional Notes on সন্নন্ত

১। কিৎ, তিজ্ প্রভৃতি ধাতুর উত্তর স্বার্থে সন্ হইলে পর আবার ইচ্ছার্থে সন্ও হইতে পারে। যথা,—চিকিৎসিতুমিচ্ছতি—চিকিৎসিষতি। এইরূপ, মীমাংসিষতে, জুগুপ্সিষতে ইত্যাদি।

২। নিম্নে কতকগুলি ধাতুর সন্নন্ত রূপ দেওয়া হইল। অদ্—জিঘৎসতি ; ভুজ্—বুভুক্ষতি, বুভুক্ষতে ; বিদ্—বিবিদিষতি, বিবিৎসতি ; পত্—পিপতিষতি, পিৎসতি ; ভূ—বুভূষতি ; ব্রূ and বহ্—বিবক্ষতি, বিবক্ষতে ; বচ্—বিবক্ষতি ; ই—জিগমিষতি ; প্রতি-ই—প্রতীয়িষতি ; অধি-ই (to remember)—অধিজিগমিষতি ; অধি-ই (to read)—অধিজিগাংসতে ; নৃত্—নিনর্ত্তিষতি, নিনৃৎসতি ; দিব্—দুদ্যূষতি, দিদেবিষতি ; তন্—তিতনিষতি (তে), তিতাংসতি (তে), তিতংসতি (তে) ; স্তু—তুষ্টূষতি ; যজ্—যিযক্ষতি (তে) ; নশ্—নিনঙ্ক্ষতি, নিনশিষতি ; বস্—বিবৎসতি ; শী—শিশয়িষতে ; গৈ—জিগাসতি ; (সকর্ম্মক)—মুমুক্ষতি ; মুচ্ (অকর্ম্মক)—মোক্ষতে, মুমুক্ষতে ; লিখ্—লিলিখিষতি, লিলেখিষতি ; সৃজ্—সিসৃক্ষতি ; নম্—নিনংসতি ; ত্যজ্—তিত্যক্ষতি।

EXERCISE 34

1. Substitute a single word for each of the following :—
(*a*) কর্ত্তুমিচ্ছতি, (*b*) বক্তুমিচ্ছতি, (*c*) স্থাতুমিচ্ছতি, (*d*) গন্তুমিচ্ছতি, (*e*) পঠিতুমিচ্ছতি, (*f*) জ্ঞাতুমিচ্ছতি, (*g*) দ্রষ্টুমিচ্ছতি, (*h*) ভর্ত্তুমিচ্ছতি।

2. Conjugate নম্, বুধ্, বৃৎ, নৃৎ, স্বপ্, হন্, আপ্, দা and মা applying সন্ to them in লট্, লোট্, লঙ্ and বিধিলিঙ্ first and third persons singular.

3. Derive বুভুৎসতে, জিহীর্ষতি, লিপ্সতে, জুগুপ্সতে and জিঘৃক্ষতি।

4. Translate into Sanskrit :—

Thieves wish to steal the money of the rich man. The girl wishes to write a letter. The hunter wishes to kill the deer. Rama wishes to give food to the poor blind girl. Jadu wishes to stay here for five days. The student wished to read the Vedas. The blind

(১) গুপ্তিজ্কিদ্ভ্যঃ সন্। মান্বধদান্শান্ভ্যো দীর্ঘশ্চাভ্যাসস্য।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

boy wished to sing in the meeting. At the door there is a man who wants to speak to you.

5. Correct the following :—

শিশুঃ শয্যাং শিশীষতি। ত্বং কিম্ ঈপ্সতে। কথং ত্বং গ্রামেঽস্মিন্ বিবসিষসি? বয়ং তানি পুস্তকানি জিগ্রহীষামহে। স মাং ন তিত্যাজিষতি। অহং চন্দ্রং দিদ্রক্ষামি।

যঙন্ত ধাতু

(Frequentative Verb)

২৭৪। এক স্বর-যুক্ত অথচ আদিতে ব্যঞ্জনবর্ণ-বিশিষ্ট ধাতুর উত্তর **পৌনঃপুন্য ও অতিশয় অর্থে** যঙ্ প্রত্যয় হয়। যঙের **য্** থাকে। যঙন্ত ধাতু আত্মনেপদী (১)।

২৭৫। যঙ্-প্রত্যয় হইলে ধাতু **অভ্যস্ত** হয় এবং যাবতীয় অভ্যস্ত কার্য্য প্রাপ্ত হয় (২)।

২৭৬। যঙ্-প্রত্যয়ান্ত ধাতুর পূর্ব্ব-ভাগের **অ-কার-স্থানে আ-কার** হয় (৩)। যথা,—পঠ্—পাপঠ্যতে। লপ্—লালপ্যতে। তপ্—তাতপ্যতে। লষ্—লালষ্যতে। বদ্—বাবদ্যতে। জ্বল্—জাজ্বল্যতে।

---

(১) **ধাতোরেকাচো হলাদেঃ ক্রিয়াসমভিহারে যঙ্।** আদিতে স্বরযুক্ত অট্, ঋ, অশ্, ঊর্ণ এই ধাতুগুলিতে যঙ্ হয় ('সূচি-সূত্রি-মূত্র্যট্যর্ত্যশূর্ণোতিভ্যো যঙ্ বাচ্যঃ')। অটাট্যতে, অরার্য্যতে, অশাশ্যতে, ঊর্ণোনূয়তে)। লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্ বিভক্তিতে যঙন্ত ধাতু ভ্বাদি-গণীয় ধাতুর তুল্য হয়। গমনার্থক ধাতুর উত্তর **কৌটিল্যার্থে** ('নিত্যং কৌটিল্যে গতৌ') এবং লুপ্, চর্, জপ্, দহ্, দন্শ্ প্রভৃতি কয়েকটি ধাতুর উত্তর **নিন্দার্থে** যঙ্ হয় (লুপসদচরজপজভদহদংশগৄভ্যো ভাবগর্হায়াম্)। যথা,—কুটিলং গচ্ছতি—জঙ্গম্যতে; গর্হিতং চরতি—চঞ্চূর্য্যতে।

দ্রষ্টব্য ঃ—কোন কোন মতে গমনার্থক ধাতুর উত্তর ক্রিয়াসমভিহার অর্থেও যঙ্ হইতে পারে। 'শব্দেন্দুশেখরে তু গত্যর্থেভ্যঃ ক্রিয়াসমভিহারে যঙ্ঃস্যাদেবেতি প্রপঞ্চিতম্',—বালমনোরমা।

(২) সন্যঙোঃ। (৩) দীর্ঘোঽকিতঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৭৭। যঙ্-প্রত্যয়ান্ত ধাতুর **পূর্ব্ব-ভাগের গুণ** হয় (১)। যথা,—শুচ্—শোশুচ্যতে। দীপ্—দেদীপ্যতে। লুপ্—লোলুপ্যতে। রুদ্—রোরুদ্যতে। সিচ্—সেসিচ্যতে। ভিদ্—বেভিদ্যতে। শ্রু—শোশ্রূয়তে। ভুজ্—বোভুজ্যতে। লিহ্—লেলিহ্যতে।

২৭৮। যঙ্ হইলে, **নান্ত, মান্ত** ও **লান্ত** ধাতুর পূর্ব্ব-ভাগের **স্বর-বর্ণের পরে ং** (অনুস্বার) হয় (২)। যথা,—জন্—জঞ্জন্যতে (জাজায়তে—'যে বিভাষা')। মন্—মম্মন্যতে। ক্রম্—চঙ্ক্রম্যতে। গম্—জঙ্গম্যতে। চল্—চঞ্চল্যতে। নম্—নংনম্যতে।

২৭৯। ঋ-কারোপধ (অথবা ঋ-কার যুক্ত) ধাতুর **পূর্ব্ব-ভাগের পরে রী** হয় (৩)। যথা,—নৃত্—নরীনৃত্যতে। দৃশ্—দরীদৃশ্যতে। প্রচ্ছ্ (পৃচ্ছ্)—পরীপৃচ্ছ্যতে। সৃপ্—সরীসৃপ্যতে। কৃষ্—চরীকৃষ্যতে। গ্রহ্ (গৃহ্)—জরীগৃহ্যতে।

২৮০। ঋ-কারান্ত ধাতুর **ঋ-স্থানে রী** হয় (৪)। যথা,—কৃ—চেক্রীয়তে। সৃ—সেস্রীয়তে।

লুট্, লৃট্, লৃঙ্, লিট্, লুঙ্, আশীর্লিঙ্

২৮১। লুট্ প্রভৃতি বিভক্তিতে ব্যঞ্জন-বর্ণের পরস্থিত যঙের লোপ হয় (৫)। যথা,—লুট্—শোশুচিতা। লৃট্—শোশুচিষ্যতে। লৃঙ্—অশোশুচিষ্যত। লিট্—শোশুচাম্বভূব, শোশুচামাস, শোশুচাঞ্চক্রে। লুঙ্—অশোশুচিষ্ট। আশীর্লিঙ্—শোশুচিষীষ্ট।

Additional frequentative forms—ভূ বা অস্—বোভূয়তে; খন্—চাখায়তে, চঙ্খন্যতে; হন্—জেঘ্নীয়তে (হিংসার্থে), জঙ্ঘন্যতে (গমনার্থে); পত্—পনীপত্যতে; স্থা—তেষ্ঠীয়তে; শী—শাশয্যতে;

---

(১) গুণো যঙ্লুকোঃ। (২) নুগতোঽনুনাসিকান্তস্য।
(৩) রীগৃদুপধস্য চ। (রীগৃত্বত ইতি বক্তব্যম্)। (৪) রীঙৃতঃ।
(৫) যস্য হলঃ।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

ক্রন্দ্—চাক্রন্দ্যতে ; শাস্—শেশিষ্যতে ; স্মৃ—সাস্মর্য্যতে ; স্বপ্—সোষু-প্যতে ; প্রচ্ছ্—পরীপৃচ্ছ্যতে ; ঘ্রা—জেঘ্রীয়তে ; পা—পেপীয়তে ; দা—দেদীয়তে ; ব্রজ্—বাব্রজ্যতে ; গৄ—জেগিল্যতে।

[দ্রষ্টব্য ঃ—বহুল ভাবে যঙের লুক্ অর্থাৎ লোপ হয়। তাহাতে ধাতু পরস্মৈপদী হওয়ায় শতৃ ইত্যাদি প্রত্যয় হয়। যথা,—পরিলেলিহৎ, চঞ্চূরৎ; সাস্বপৎ ইত্যাদি।]

EXERCISE 35

1. Give an example of a যঙন্ত root, and explain its meaning.
(*C. U. Mat.*, *1915.*)

2. Render into Sanskrit :—

He weeps again and again. He goes crookedly. The peacock is dancing repeatedly. I remember it very often. He goes there frequently.

3. Substitute a single word for each of the following :—

(*a*) ভৃশং পুনঃ পুনর্বা পচতি। (*b*) পুনঃ পুনর্ভবতি। (*c*) কুটিলম্ অটতি। (*d*) পুনঃ পুনঃ অতিশয়েন বা হরতি। (*e*) পুনঃ পুনঃ জায়তে। (*f*) পুনঃ পুনঃ জপতি। (*g*) পুনঃ পুনঃ শিক্ষতি। (*h*) কুটিলং গচ্ছতি। (*i*) গর্হিতং দশতি।

নামধাতু

(Denominative Verb)

২৮২। নাম অর্থাৎ ধাতু ভিন্ন বিশেষ্য-বিশেষণাদিবাচক শব্দের উত্তর কতকগুলি প্রত্যয় হয়। ঐ সকল প্রত্যয় হইলে, শব্দ ধাতুর রূপ প্রাপ্ত ও 'নামধাতু' বলিয়া উল্লিখিত হয়।

২৮৩। সমুদয় নামধাতুর রূপ ভ্বাদি-গণীয় ধাতুর ন্যায় হয়।

২৮৪। আত্ম-সংক্রান্ত ইচ্ছা বুঝাইলে, শব্দের উত্তর **কাম্য** ও ধাতুর **পরস্মৈপদ** হয় (১)। যথা,—আত্মনঃ পুত্রমিচ্ছতি, পুত্রকাম্যতি ;

---

(১) কাম্যচ্চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

আত্মনো ধনমিচ্ছতি, ধনকাম্যতি ; আত্মনো যশঃ ইচ্ছতি, যশস্কাম্যতি—He craves for his own reputation. পুত্রকাম্যতি—He wishes for a son. পুত্রকাম্যেৎ, পুত্রকাম্যতু, অপুত্রকাম্যৎ, অপুত্রকাম্যীৎ, পুত্রকাম্যাম্বভূব, পুত্রকাম্যামাস, পুত্রকাম্যাঞ্চকার, পুত্রকাম্যিতা, পুত্রকাম্যাৎ, পুত্রকাম্যিষ্যতি, অপুত্রকাম্যিষ্যৎ (১)।

২৮৫। আত্ম-সংক্রান্ত ইচ্ছা বুঝাইলে, শব্দের উত্তর **ক্যচ্** ও ধাতুর **পরস্মৈপদ** হয়। ক্যচের য থাকে (২)।

২৮৬। ক্যচ্ প্রত্যয় করিলে, শব্দের অন্তস্থিত **অ-কার ঈ-কার** হয় এবং **হ্রস্ব স্বর দীর্ঘ** হয় (৩)। যথা,—আত্মনঃ পুত্রমিচ্ছতি, পুত্রীয়তি—He desires a son for his own (৪)। আত্মনঃ ধনম্ ইচ্ছতি, ধনীয়তি। আত্মনঃ পতিমিচ্ছতি, পতীয়তি।

২৮৭। **বুভুক্ষা** অর্থে **অশন** শব্দের উত্তর **ক্যচ্** হয় ও অশন শব্দের অন্ত্য অ-কার-স্থানে আ-কার হয় (৫)। যথা,—অশনম্ (অন্নাদি) ভোক্তুম্ ইচ্ছতি ইতি অশনায়তি।

২৮৮। **পিপাসা** অর্থে **উদক** শব্দের উত্তর **ক্যচ্** হয় এবং উদক শব্দ-স্থানে **উদন্** হয় (৫)। যথা,—উদকং পাতুমিচ্ছতি, উদন্যতি।

২৮৯। **নমস্** ও **বরিবস্** শব্দের উত্তর করা অর্থে **ক্যচ্**

(১) অন্যসংক্রান্ত ইচ্ছা বুঝাইলে হয় না। যথা,—পুত্রস্য পুত্রমিচ্ছতি ইত্যাদি স্থলে পুত্রকাম্যতি অথবা পুত্রীয়তি এরূপ প্রয়োগ হইবে না।

(২) **সুপ আত্মনঃ ক্যচ্**। ম-কারান্ত এবং অব্যয় শব্দের উত্তর ক্যচ্ হয় না। যথা,—কিমিচ্ছতি, স্বরিচ্ছতি। ('মান্তপ্রকৃতিকসুবন্তাদব্যয়াচ্চ ক্যচ্ ন'—বা।)

(৩) **ক্যচি চ**।

(৪) অন্যসংক্রান্ত ইচ্ছা বুঝাইলে হয় না।

(৫) **অশনায়োদন্যধনায়াবুভুক্ষাপিপাসাগর্দ্ধেষু**। কিন্তু—অশনং লব্ধুমিচ্ছতি=অশনীয়তি ; স্নাতুমুদকমিচ্ছতি=উদকীয়তি ; (ধনী) ধনায়তি=Greedily wishes to have money. (দরিদ্রঃ) ধনীয়তি=Wishes to have money (as alms).

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

হয় (১)। নমঃ করোতি, নমস্যতি; বরিবঃ করোতি, বরিবস্যতি (serves).

২৯০। **আচরণ** অর্থে **কর্ম্ম**-বাচক ও **অধিকরণ**-বাচক **উপমানের** উত্তর **ক্যচ্** হয় (২)। যথা,—শিষ্যং পুত্রমিব আচরতি, পুত্রীয়তি শিষ্যম্; ভৃত্যং সখায়মিব আচরতি, সখীয়তি ভৃত্যম্; মিত্রং রিপুমিব আচরতি, রিপূয়তি মিত্রম্। প্রাসাদে ইব আচরতি, প্রাসাদীয়তি যঃ কুট্যাম্। গৃহে ইব আচরতি, গৃহীয়তি অরণ্যে সাধুঃ।

অন্তস্থিত **ঋ**-স্থানে **রী** হয় (৩)। যথা,—উপাধ্যায়ং পিতরমিব আচরতি, পিত্রীয়তি উপাধ্যায়ম্।

বিষ্ণুং শিবম্ ইব আচরতি, শিবীয়তি বিষ্ণুম্; দ্বিজং বিষ্ণুম্ ইব আচরতি, বিষ্ণুয়তি দ্বিজম্।

অধিকরণ-বাচক উপমানের ক্যচ্ পরে **ন্** লোপ হয় না। যথা,— রাজনি ইব আচরতি ইতি রাজন্যতি গুরৌ। কিন্তু, রাজানমিব আচরতি ইতি রাজীয়তি।

২৯১। **আচরণ** অর্থে **কর্ত্তৃবাচক উপমানের** উত্তর **ক্যঙ্** ও ধাতুর **আত্মনেপদ** হয়। ক্যঙের য থাকে (৪)।

২৯২। ক্যঙ্ প্রত্যয় করিলে, শব্দের অন্তস্থিত **ন-কার** (ক) ও **স-কারের** (৪) **লোপ** হয়। যথা,—রাজা ইব আচরতি, রাজন্—রাজায়তে। ওজ ইব আচরতি, ওজস্—ওজায়তে। অপ্সরস্—অপ্সরায়তে। বিদ্বস্—বিদ্বায়তে, বিদ্বস্যতে। পয়স্—পয়ায়তে, পয়স্যতে (৫)।

২৯৩। ক্যঙ্ পরে থাকিলে, শব্দের অন্তস্থিত **হ্রস্ব স্বর দীর্ঘ** হয় এবং

---

(১) **নমোবরিবশ্চিত্রঙঃ ক্যচ্।**
(২) **উপমানাদাচারে।** অধিকরণাচ্চেতি বক্তব্যম্।
(৩) **রীঙৃতঃ।** (৪) **কর্ত্তুঃ ক্যঙ্ সলোপশ্চ।** (ক) নঃ ক্যে।
(৫) ওজস্ ও অপ্সরস্ শব্দের স-কারের নিত্য লোপ হয়; অন্য শব্দের বিকল্পে। ('ওজসোঽপ্সরসো নিত্যমিতরেষাং বিভাষয়া'—বা।)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

পয়স্ শব্দের **স-কারের** বিকল্পে **লোপ** হয়। যথা,—পুত্র ইব আচরতি, পুত্রায়তে ; শিষ্য ইব আচরতি, শিষ্যায়তে ; হংস ইব আচরতি, হংসায়তে ; সখা ইব আচরতি, সখীয়তে ; পয় ইব আচরতি, পয়ায়তে, পয়স্যতে। অন্তস্থিত **ঋ**-স্থানে **রী** হয়। যথা,—পিতেব আচরতি, পিত্রীয়তে।

২৯৪। **করা** অর্থে **শব্দ, বৈর ও কলহ** শব্দের উত্তর **ক্যঙ্** হয় (১)। যথা,—শব্দং করোতি, শব্দায়তে (makes sound); বৈরং করোতি, বৈরায়তে (makes enmity); কলহং করোতি, কলহায়তে (quarrels).

২৯৫। **অনুভব** অর্থে **সুখ, দুঃখ ও কৃচ্ছ্র** শব্দের উত্তর ক্যঙ্ হয় (২)। যথা,—সুখমনুভবতি, সুখায়তে ; দুঃখমনুভবতি, দুঃখায়তে ; কৃচ্ছ্র-মনুভবতি, কৃচ্ছ্রায়তে (feels pain).

২৯৬। **উদ্বমন** অর্থে **বাষ্প, ফেন ও উষ্মন্** শব্দের উত্তর ক্যঙ্ হয় (৩)। যথা,—বাষ্পমুদ্বমতি, বাষ্পায়তে (emits vapour); ফেনমুদ্বমতি, ফেনায়তে ; উষ্মাণমুদ্বমতি, উষ্মায়তে।

২৯৭। উদ্‌গারপূর্ব্বক **চর্ব্বণ** অর্থে **রোমন্থ** শব্দের উত্তর এবং **চরণ** অর্থে **তপস্** শব্দের উত্তর ক্যঙ্ হয় (৪)। যথা,—রোমন্থং বর্ত্তয়তি, **রোমন্থায়তে,** উদ্‌গীর্য্য চর্ব্বয়তীত্যর্থঃ। তপস্-শব্দের উত্তর ক্যঙ্ প্রত্যয় করিলেও ধাতুটি পরস্মৈপদী হয়—তপঃ চরতি, **তপস্যতি।**

২৯৮। ভৃশ, শীঘ্র, চপল, মন্দ, পণ্ডিত, উৎসুক, সুমনস্, দুর্ম্মনস্ ও উন্মনস্, এই সকল শব্দের উত্তর **অভূত-তদ্ভাব** (৫) অর্থে ক্যঙ্

---

(১) শব্দবৈরকলহাভ্রকণ্বমেঘেভ্যঃ করণে। (শব্দয়তি—চুরাদি ধাতু বা তৎকরোতীতি ণিচ্)।

(২) সুখাদিভ্যঃ কর্ত্তৃবেদনায়াম্।

(৩) বাষ্পোষ্মভ্যামুদ্বমনে ; ফেনাচ্চেতি বাচ্যম্। ভর্ত্তৃহরি মতে ধূমায়তে হয়।

(৪) কর্ম্মণো রোমন্থতপোভ্যাং বর্ত্তিচরোঃ ('তপসঃ পরস্মৈপদং চ')।

(৫) বস্তু বা ব্যক্তি পূর্ব্বে যে ভাবাপন্ন ছিল না, সেই ভাবাপন্ন হওয়া।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

হয় (১)। যথা,—অভৃশো ভৃশো ভবতি, ভৃশায়তে; অশীঘ্রঃ শীঘ্রো ভবতি, শীঘ্রায়তে; অচপলশ্চপলো ভবতি, চপলায়তে; অমন্দো মন্দো ভবতি, মন্দায়তে (becomes a fool); অপণ্ডিতঃ পণ্ডিতো ভবতি, পণ্ডিতায়তে (becomes wise); অনুৎসুকঃ উৎসুকো ভবতি, উৎসুকায়তে; অসুমনাঃ সুমনা ভবতি, সুমনায়তে; অদুর্ম্মনা দুর্ম্মনা ভবতি, দুর্ম্মনায়তে; অনুন্মনা উন্মনা ভবতি, উন্মনায়তে।

২৯৯। **আচরণ** অর্থে **কর্ত্তৃ-বাচক উপমানের** উত্তর **ক্বিপ্** হয় (২)। ক্বিপের কিছুই থাকে না। ক্বিপ্ করিলে **পরস্মৈপদ** হয়। যথা,—পুত্র ইব আচরতি, পুত্রতি; শিষ্য ইব আচরতি, শিষ্যতি; সখা ইব আচরতি, সখয়তি; কবিরিব আচরতি, কবয়তি; বন্ধুরিব আচরতি, বন্ধবতি; গুরুরিব আচরতি, গুরবতি; পিতেব আচরতি, পিতরতি; মাতেব আচরতি, মাতরতি।

৩০০। **করণ ও আখ্যান** অর্থে শব্দের উত্তর **ণিচ্** হয় (৩)। ণিজন্ত-প্রকরণে যে সকল বিধান হইয়াছে, এস্থলেও যথাসম্ভব সে সকল হইয়া থাকে। যথা,—শব্দং করোতি, শব্দয়তি (makes a sound); প্রশ্নং করোতি আচষ্টে বা, প্রশ্নয়তি।

৩০১। ণিচ্ করিলে **পৃথু, মৃদু, দৃঢ়, কৃশ** ও **ভৃশ** শব্দের ঋ-স্থানে **র ও অন্ত্য স্বরের লোপ** হয়। যথা,—পৃথুং করোতি, প্রথয়তি; মৃদুং করোতি, ম্রদয়তি (makes mild); দৃঢ়ং করোতি, দ্রঢ়য়তি (strengthens). এইরূপ—কৃশ—ক্রশয়তি, ভৃশ—ভ্রশয়তি।

---

(১) ভৃশাদিভ্যো ভুব্যচ্বের্লোপশ্চ হলঃ। অভূত-তদ্ভাবে লোহিত প্রভৃতি শব্দের উত্তর ক্যচ্ (উভয়পদী) হয় ('লোহিতাদিডাজ্ভ্যঃ ক্যচ্')। অলোহিতঃ লোহিতঃ ভবতি—লোহিতায়তে, লোহিতায়তি।

(২) সর্ব্বপ্রাতিপদিকেভ্যঃ ক্বিব্ বা বক্তব্যঃ।

(৩) তৎ করোতি তদাচষ্টে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩০২। ণিচ্ করিলে স্থূল-স্থানে স্থব, দূর-স্থানে দব, অন্তিক-স্থানে নেদ এবং বহুল-স্থানে বংহ্ হয়। যথা,—স্থূলং করোতি, স্থবয়তি; দূরং করোতি, দবয়তি (১); অন্তিকং করোতি, নেদয়তি; বহুলং করোতি, বংহয়তি। এইরূপ, লঘুং করোতি, লঘয়তি; ভৃশং করোতি, ভ্রশয়তি; বাঢ়ং করোতি, সাধয়তি; মিশ্রং করোতি, মিশ্রয়তি; যুবানং করোতি, যবয়তি, কনয়তি; অল্পং করোতি, অল্পয়তি, কনয়তি; প্রশস্যং করোতি, প্রশস্যয়তি; বৃদ্ধং করোতি, বর্ষয়তি, জ্যাপয়তি; ক্ষিপ্রং করোতি, ক্ষেপয়তি; ক্ষুদ্রং করোতি, ক্ষোদয়তি; স্থিরং করোতি, স্থাপয়তি; প্রিয়ং করোতি, প্রপয়তি; উরুং করোতি, বরয়তি, বারয়তি; গুরুং করোতি, গরয়তি; দীর্ঘং করোতি, দ্রাঘয়তি; হ্রস্বং করোতি, হ্রসয়তি; বহু করোতি, ভাবয়তি ইত্যাদি।

বিশেষ বিশেষ অর্থে শব্দের উত্তর ণিচ্ হয়। যথা,—কলিং গৃহ্লাতি, কলয়তি; বর্ম্মণা সংনহতি, সংবর্ম্ময়তি; চূর্ণৈঃ অবধ্বংসয়ত্তে, অবচূর্ণয়তি; বস্ত্রেণ সমাচ্ছাদয়তি, সংবস্ত্রয়তি; হস্তিনা অতিক্রামতি, অতিহস্তয়তি; তূলৈরবকুষ্ণাতি, অবতূলয়তি; শ্লোকৈঃ উপস্তৌতি, উপশ্লোকয়তি; সেনয়া অভিযাতি, অভিষেণয়তি; রূপং পশ্যতি, নিরূপয়তি; হস্তৌ নিরস্যতি, অতিহস্তয়তি; অশ্বেন অতিক্রামতি, অশ্বয়তি; অসিনা হন্তি, অসয়তি; লোমানি অনুমার্ষ্টি, অনুলোময়তি; বীণয়া উপগায়তি, উপবীণয়তি; ত্বচং গৃহ্লাতি, ত্বচয়তি; পাশং বিমুঞ্চতি, বিপাশয়তি ইত্যাদি।

কণ্ডূ প্রভৃতি কতকগুলি ধাতুর উত্তর স্বার্থে যক্ হয়। এইগুলি নামধাতু নহে, ইহাদিগকে 'কণ্ড্বাদি ধাতু' বলে। যথা,—গাত্রং কণ্ডূয়তি, কণ্ডূয়তে। হৃণী—হৃণীয়তে (লজ্জতে)। মহী—মহীয়তে (পূজ্যতে)।

Some Additional Notes on নামধাতু

1. ক্যচ্ প্রত্যয় যুক্ত হইলে, (ক) শব্দের অন্ত্য ও-স্থানে অব্ এবং ঔ-স্থানে আব্ হয় ('বান্তো যি প্রত্যয়ে')। যথা,—গো—গব্যতি; নৌ—নাব্যতি। (খ) অপত্যার্থক তদ্ধিত প্রত্যয়ের লোপ হয় ('ক্য-চ্ব্যোশ্চ')। যথা,—গার্গ্য—গার্গীয়তি।

2. অত্যন্ত ইচ্ছা বা লালসা বুঝাইলে, ক্যচের পূর্ব্বে স্ বা অস্ আগম হয়। যথা,—দধিস্যতি, দধ্যস্যতি। লালসা অর্থে, ক্ষীর এবং লবণ শব্দের উত্তর অস্ আগম হয়। যথা,—ক্ষীরস্যতি, লবণস্যতি।

(১) "প্রাতিপদিকাদ্ধাত্বর্থে বহুলমিষ্ঠবচ্চ"—এই সূত্রে 'বহুল' শব্দটির বলে 'দূরয়তি' প্রয়োগও হয়। 'দূরয়তীতি বহুলগ্রহণাৎ'—ইতি বামনঃ। অথবা, দূর—অত্ + ক্বিপ্ = দূরাৎ; দূরাতং করোতীতি দূরয়তি।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

3. ক্যঙ্ প্রত্যয় হইলে স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয় ('ক্যঙ্মানিনোশ্চ')। যথা,—কুমারী—কুমারায়তে। রাজ্ঞী—রাজায়তে। যুবতী—যুবায়তে। কিন্তু উপধায় ক থাকিলে হয় না ('ন কোপধায়াঃ')। যথা,—বালিকায়তে, পাচিকায়তে। গুর্বী—গুর্ব্বায়তে।

4. পুচ্ছ, ভাণ্ড এবং চীবর শব্দের উত্তর বিশেষ বিশেষ অর্থে ণিঙ্ প্রত্যয় হয়। (পুচ্ছভাণ্ডচীবরাণ্ণিঙ্)। যথা,—উৎপুচ্ছয়তে (raises the tail), সংভাণ্ডয়তে (collects the vessels), চীবরম্ অর্জ্জয়তি পরিদধাতি বা সঞ্চীবরয়তে।

5. বিষ্ণুঃ	ইব	আচরতি	বিষ্ণবতি (ক্বিপ্)
মুনিঃ	"	"	মুনয়তি "
রাজা	"	"	রাজানতি "
পন্থাঃ	"	"	পথীনতি "
সপত্নী (female enemy)		"	সপত্নায়তে (ক্যঙ্)
" (co-wife)		"	সপতীয়তে "
" (remaining with the husband)		"	সপত্নীয়তে "
ত্বম্	ইব	"	ত্বদ্যতে "
অহম্	"	"	মদ্যতে "
সত্যম্	"	করোতি	সত্যাপয়তি (ণিচ্)
অর্থম্	"	"	অর্থাপয়তি "

EXERCISE 36

1. What is a নামধাতু ? Show the use of a নামধাতু।

(*C. U. Mat., 1913.*)

2. How are the Denominative Verbs conjugated ? What terminations are added to words to make them Denominative Verbs ? Under what circumstances are ক্যচ্ and ক্যঙ্ used ? Give examples.

3. Substitute one word for each of the following :—

আত্মনঃ পুত্রমিচ্ছতি ; রিপুরিব আচরতি ; বুভুক্ষয়া অশনমিচ্ছতি ; অভ্রমো ভ্রমো ভবতি ; বাষ্পম্ উদ্বমতি ; সুখম্ অনুভবতি ; দুঃখম্ অনুভবতি ; মিশ্রং করোতি ; বর্ণং গৃহ্ণাতি ; পাশং বিমুঞ্চতি।

4. Distinguish between :—পুত্রায়তে and পুত্রীয়তি

5. Explain and comment grammatically on the underlined words :—

<u>প্রাসাদীয়তি</u> যঃ কুট্যাং <u>পর্য্যঙ্কীয়তি</u> মঞ্চকে।
তস্য সন্তোষশীলস্য কু<u>ভিকাপ্যপ্সরায়তে</u>॥

6. Translate into Sanskrit :—

He is covering his body with cloth. The students are saluting their teacher. Lamps act like the sun at night. You should consider

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

your class-mates as your brothers. The sight of the two handsome boys gave me much pleasure. The Viceroy governs the country like the king. The boiling water vaporises. The son bows down to his parents. You are acting like a king. Dasharatha wished for a son.

7. Correct the following :—

ঋষিঃ বনে তপায়তি। ভেকঃ সরসি মক্‌মকায়ন্তি। রামঃ অদ্য চপলায়তি। অহং চন্দ্রং দরিদৃশ্যতি। বালকঃ পিতরং শুশ্রূষতি। বয়ং ফলানি জরিগৃহ্যে। বালিকা শয্যায়াং শাশয্যতি। মাত্রায়ন্তে পরস্ত্রিয়ম্। দুর্ম্মনস্যন্তি বিধবাঃ।

পরস্মৈপদ-বিধান (১)

৩০৩। **ব্যাঙ্‌পরিভ্যো রমঃ**—বি, আঙ্ ও পরি-পূর্ব্বক রম্ ধাতুর পরস্মৈপদ হয়। যথা,—বিরমতি (ceases), আরমতি (devotes oneself to), পরিরমতি (is pleased).

(ক) **উপাচ্চ**—উপ-পূর্ব্বক (সকর্ম্মক) রম্ ধাতু পরস্মৈপদী হয়। যথা,—যজ্ঞদত্তমুপরমতি ; উপরময়তীত্যর্থঃ। [এস্থলে রম্ ধাতু অণিজন্ত হইয়াও ণিজন্তের অর্থ প্রকাশ করিয়া দিতেছে, এই হেতু ইহা সকর্ম্মক।]

৩০৪। **বিভাষাঽকর্ম্মকাৎ**—উপ-পূর্ব্বক অকর্ম্মক রম্ ধাতু বিকল্পে পরস্মৈপদী হয়। যথা,—উপরমতি, উপরমতে (dies, ceases).

৩০৫। **অনুপরাভ্যাং কৃঞঃ**—অনু ও পরা-পূর্ব্বক কৃ ধাতু পরস্মৈপদী হয়। যথা,—অনুকরোতি (imitates), পরাকরোতি (rejects, slights).

৩০৬। **অভিপ্রত্যতিভ্যঃ ক্ষিপঃ**—অভি, প্রতি, অতি-পূর্ব্বক ক্ষিপ্ ধাতুর পরস্মৈপদ হয়। যথা,—অভিক্ষিপতি, প্রতিক্ষিপতি, অতিক্ষিপতি।

(১) ধাতু তিনরকম—আত্মনেপদী, পরস্মৈপদী, উভয়পদী। কিন্তু বিশেষ-বিধান অনুসারে ইহার ব্যতিক্রম হয়। যথা,—উভয়পদী ধাতু শুধু আত্মনেপদে ও শুধু পরস্মৈপদে, বা আত্মনেপদী ধাতু পরস্মৈপদে বা পরস্মৈপদী ধাতু আত্মনেপদে ব্যবহৃত হয়।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩০৭। **প্রাদ্বহঃ**—প্র-পূর্ব্বক বহ্ ধাতুর পরস্মৈপদ হয়। যথা,—প্রবহতি (flows).

(ক) পরের্ম্মৃষঃ—পরি-পূর্ব্বক (দিবাদি) মৃষ্ ধাতুর পরস্মৈপদ হয়। যথা,—পরিমৃষ্যতি (is angry with).

৩০৮। লিট্, লুট্, লৃট্ ও লৃঙ্ বিভক্তিতে মৃ ধাতুর পরস্মৈপদ হয় (১)। যথা,—লিট্—মমার, লুট্—মর্ত্তা, লৃট্—মরিষ্যতি, লৃঙ্—অমরিষ্যৎ।

৩০৯-৩১০। **বুধযুধনশজনেঙ্প্রুদ্রুস্রুভ্যো ণেঃ**—ণিজন্ত বুধ্, যুধ্, নশ, জন্, অধ্যয়নার্থক অধি-পূর্ব্বক ই, প্রু, দ্রু, স্রু ধাতুর পরস্মৈপদ হয়। যথা,—বোধয়তি, যোধয়তি, নাশয়তি, জনয়তি, অধ্যাপয়তি, প্রাবয়তি (causes to get), দ্রাবয়তি (causes to melt), স্রাবয়তি (causes to flow).

৩১১। **নিগরণ-চলনার্থেভ্যশ্চ**—ণিজন্ত ভোজনার্থক ও চলনার্থক ধাতুর পরস্মৈপদ হয়। যথা,—নিগারয়তি, ভোজয়তি, আশয়তি ; চালয়তি, কম্পয়তি। **অদেঃ প্রতিষেধঃ** (বা)—অদ্ ধাতুর হয় না। যথা,—আদয়তে (feeds) (২)।

৩১২। **অণাবকর্ম্মকাচ্চিত্তবৎকর্ত্তৃকাৎ**—যদি অণিজন্ত কালে প্রাণী কর্ত্তা থাকে, তাহা হইলে অকর্ম্মক ণিজন্ত ধাতুর পরস্মৈপদ হয়। যথা,—পুত্রঃ শেতে (অণিজন্ত) ; মাতা পুত্রং শায়য়তি (ণিজন্ত)—The mother makes the son lie down (or sleep). শিশুর্জাগর্ত্তি—মাতা শিশুং জাগরয়তি ; বৎসঃ ক্রীড়তি—গোপো বৎসং ক্রীড়য়তি। প্রাণী কর্ত্তা না হইলে হয় না। যথা,—জলং শুষ্যতি—সূর্য্যো জলং শোষয়তি শোষয়তে বা—The sun makes the water dry up. নদী বর্দ্ধতে—

(১) **ম্রিয়তের্লুঙ্লিঙোশ্চ**—লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্, লুঙ্ এবং আশীর্লিঙ্-বিভক্তিতে মৃ-ধাতু আত্মনেপদী হয়। যথা,—ম্রিয়তে, ম্রিয়তাম্, অম্রিয়ত, ম্রিয়েত, অমৃত, মৃষীষ্ট।

(২) ফল পরগামী হইলে 'আদয়তি' হইবে। আদয়তি অন্নং বটুনা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

জলদকালো নদীং বর্দ্ধয়তি বর্দ্ধয়তে বা—The rainy-season makes the river increase.

ন পাদম্যাঙ্‌যমাঙ্‌যসপরিমুহরুচিনৃতিবদবসঃ—পা, দম্‌, আ-পূর্ব্বক যম্‌ ও যস্‌, পরি-পূর্ব্বক মুহ্‌ এবং রুচ্‌, নৃৎ, বদ্‌ ও বস্‌ ধাতু ণিজন্ত হইলে পরস্মৈপদী হয় না। যথা,—পায়য়তে, দময়তে, আযাময়তে, আযাসয়তে, পরিমোহয়তে, রোচয়তে, নর্ত্তয়তে, বাদয়তে, বাসয়তে (১)।

দ্যুদ্ভ্যো লুঙি—লুঙ্‌ বিভক্তিতে দ্যুৎ প্রভৃতি ধাতু উভয়পদী হয়। যথা,—অদ্যুতৎ, অদ্যোতিষ্ট (shone).

বৃদ্ভ্যঃ স্য-সনোঃ—লৃট্‌, লৃঙ্‌ ও সন্‌ পরে বৃৎ প্রভৃতি ধাতু উভয়পদী হয়। যথা,—বর্ৎস্যতি, বর্ত্তিষ্যতে ; অবর্ৎস্যৎ, অবর্ত্তিষ্যত ; বিবৃৎসতি, বিবর্ত্তিষতে।

আত্মনেপদ-বিধান

৩১৩। নের্বিশঃ—নি-পূর্ব্বক বিশ্‌ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—নিবিশতে (enters).

৩১৪। পরিব্যবেভ্যঃ ক্রিয়ঃ—পরি, বি, অব-পূর্ব্বক ক্রী ধাতুর আত্মনেপদ হয়। যথা,—পরিক্রীণীতে (buys), বিক্রীণীতে (sells), অবক্রীণীতে (buys, lets out).

৩১৫। বিপরাভ্যাং জেঃ—বি ও পরা-পূর্ব্বক জি ধাতুর আত্মনেপদ হয়। যথা,—বিজয়তে (conquers), পরাজয়তে (defeats, is tired of).

৩১৬। আঙো দোহনাস্যবিহরণে—আ-পূর্ব্বক দা ধাতুর (মুখব্যাদান ভিন্ন অন্য অর্থে) আত্মনেপদ হয়। যথা,—বিদ্যামাদত্তে, অস্ত্রমাদত্তে (takes)। মুখব্যাদান অর্থে হয় না। যথা,—মুখং ব্যাদদাতি (opens) সিংহঃ। শুধু বিস্তার (ব্যাদান) বুঝাইলেও হয় না। যথা,—

(১) ফল পরগামী হইলে পরস্মৈপদী। গোপঃ বৎসান্‌ পয়ঃ পায়য়তি।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

নদী কূলং ব্যাদদাতি (extends). বৈদ্যো বিস্ফোটকং ব্যাদদাতি (opens by operation). পরাঙ্গবিস্তার বুঝাইলে কিন্তু আত্মনেপদই হয়—পিপীলিকাঃ পতঙ্গস্য মুখং ব্যাদদতে।

৩১৭। **ক্রীড়োঽনুসম্পরিভ্যশ্চ**—আ, অনু, সম্ ও পরি-পূর্ব্বক ক্রীড়্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—আক্রীড়তে, অনুক্রীড়তে, সংক্রীড়তে, পরিক্রীড়তে (plays).

৩১৮। **সমোঽকূজনে**—সম্পূর্ব্বক ক্রীড়্ ধাতুর কূজন ভিন্ন অর্থে আত্মনেপদ হয়। যথা,—সংক্রীড়তে। কূজন অর্থে হয় না। যথা,—সংক্রীড়তি চক্রম্; সংক্রীড়ন্তি বিহঙ্গমাঃ; সংক্রীড়ন্তি শকটানি—The carriages creak.

সহার্থক অনু-পূর্ব্বক ক্রীড়্ ধাতুর আত্মনেপদ হয় না। যথা,—বালকমনুক্রীড়তি।

৩১৯। **কিরতের্হর্ষজীবিকাকুলায়করণেষ্বিতি বাচ্যম্** (বা), **(অপাচ্চতুষ্পাচ্ছকুনিষ্বালেখনে)**—পক্ষী অথবা চতুষ্পদ জন্তু কর্ত্তা হইলে, এবং হর্ষপ্রকাশ, আহারান্বেষণ, বাসগ্রহণেচ্ছা অর্থ বুঝাইলে, অপ-পূর্ব্বক কৃ ধাতুর আত্মনেপদ ও ধাতুর আদিতে স-কারের আগম হয়। যথা,—হর্ষপ্রকাশ—অপস্কিরতে (scratches the earth) বৃষভঃ হৃষ্টঃ; আহারান্বেষণ—অপস্কিরতে কুক্কুটঃ। বাসগ্রহণেচ্ছা—অপস্কিরতে সারমেয়ঃ। চতুষ্পদ জন্তু বা পক্ষী কর্ত্তা না হইলে অথবা তাহাদের হর্ষ-প্রকাশাদি অর্থ না বুঝাইলে হয় না। যথা,—অপকিরতি মনুষ্যঃ; মল্লঃ অপকিরতি (ধূল্যর্থং ভূমিমালিখতি); অপকিরতি হস্তী জলম্ (ঊর্দ্ধং ক্ষিপতি)।

৩২০। **আঙি নু-প্রচ্ছ্যোঃ** (বার্ত্তিক-সূত্র)—আ-পূর্ব্বক নু ও প্রচ্ছ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—আনুতে শৃগালঃ, উৎকণ্ঠিতঃ শব্দং করোতীত্যর্থঃ। আপৃচ্ছতে (bids adieu to) গুরূন্। আপৃচ্ছতে বন্ধূন্। 'আপৃচ্ছস্ব প্রিয়সখমমুং তুঙ্গমালিঙ্গ্য শৈলম্' (মেঘদূত)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩২১। **সমবপ্রবিভ্যঃ স্থঃ**—সম্, অব, প্র ও বি-পূর্ব্বক স্থা ধাতুর আত্মনেপদ হয়। যথা,—সন্তিষ্ঠতে (stays with), অবতিষ্ঠতে (stays, waits), প্রতিষ্ঠতে (sets forth), বিতিষ্ঠতে (stands apart).

আঙঃ প্রতিজ্ঞায়ামুপসংখ্যানম্ (বা)—প্রতিজ্ঞা অর্থ বুঝাইলে আ-পূর্ব্বক স্থা ধাতু আত্মনেপদী হয়। যথা,—শব্দং নিত্যমাতিষ্ঠতে (নিত্যত্বেন প্রতিজানীতে)।

প্রকাশনস্থেয়াখ্যয়োশ্চ—উপসর্গশূন্য স্থা ধাতু অভিপ্রায়প্রকাশ ও মধ্যস্থ-নির্ণয় বুঝাইলে আত্মনেপদী হয়। যথা,—গোপী কৃষ্ণায় তিষ্ঠতে (স্বাভিপ্রায়ং প্রকাশয়তি) ; স ত্বয়ি তিষ্ঠতে—সে তোমাকে মধ্যস্থ মানিতেছে।

৩২২। **উদোঽনূর্দ্ধকর্ম্মণি**—ঊর্দ্ধ চেষ্টা ভিন্ন চেষ্টা অর্থে উৎ-পূর্ব্বক স্থা ধাতুর আত্মনেপদ হয়। যথা,—মোক্ষায় উত্তিষ্ঠতে (উদ্যমং করোতি) যোগী। উত্থান অর্থে হয় না। যথা,—আসনাদুত্তিষ্ঠতি (rises from the seat). চেষ্টা না বুঝাইলে হয় না ("ঈহায়ামেবেতি বক্তব্যম্")। যথা,—যদুত্তিষ্ঠতি (is collected) বর্ণেভ্যো নৃপাণাং ক্ষয়ি তদ্ধনম্ (অভিজ্ঞানশকুন্তলম্)।

৩২৩। **উপাদ্দেবপূজা-সঙ্গতিকরণ-মিত্রকরণ-পথিষ্বিতি বাচ্যম্** (বা)—দেবপূজা, মিলন, বন্ধুত্বকরণ অর্থে, অথবা পথ কর্ত্তা হইলে, উপ-পূর্ব্বক স্থা ধাতুর আত্মনেপদ হয়। যথা,—দেবপূজা—বিষ্ণুমুপতিষ্ঠতে (worships) বৈষ্ণবঃ, বিষ্ণুং পূজয়তীত্যর্থঃ। মিলন—যমুনামুপতিষ্ঠতে (joins with) গঙ্গা, যমুনয়া সহ মিলতীত্যর্থঃ। মৈত্রীকরণ—সাধুমুপতিষ্ঠতে সাধুঃ, মিত্রীকরোতীত্যর্থঃ (makes friends with). পথ—গঙ্গামুপতিষ্ঠতে পন্থাঃ (গঙ্গাং গচ্ছতি) ; এখানে পথ কর্ত্তা।

৩২৪। **বা লিপ্সায়ামিতি বক্তব্যম্** (বা)—লাভেচ্ছা বুঝাইলে, উপ-পূর্ব্বক স্থা ধাতুর বিকল্পে আত্মনেপদ হয়। যথা,—ধনিনমুপতিষ্ঠতে উপতিষ্ঠতি বা ভিক্ষুঃ (ধনলাভেচ্ছয়া ধনিসমীপং গচ্ছতীত্যর্থঃ)।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩২৫। **অকর্ম্মকাচ্চ**—উপ-পূর্ব্বক অকর্ম্মক স্থা-ধাতুর আত্মনেপদ হয়। যথা,—স ভোজনকালে উপতিষ্ঠতে (comes, becomes present). সকর্ম্মক হইলে হয় না। যথা,—শিষ্যো গুরুমুপতিষ্ঠতি (comes to).

উদ্বিভ্যাং তপঃ—উদ্ কিংবা বি-পূর্ব্বক তপ্ ধাতু অকর্ম্মক হইলে আত্মনেপদী হয়। যথা,—উত্তপতে, বিতপতে (shines) সূর্য্যঃ। **স্বাঙ্গকর্ম্মকাচ্চেতি বক্তব্যম্** (বা)—স্বকীয় অঙ্গ কর্ম্ম হইলেও আত্মনেপদী হয়। যথা,—বিতপতে, উত্তপতে (warms) পাণিম্। নিজ অঙ্গ কর্ম্ম না হইলে হয় না। যথা,—কর্ম্মকারঃ লৌহম্ উত্তপতি। রামঃ সীতায়াঃ পাণিমুত্তপতি।

৩২৬। **আঙো যমহনঃ** (অকর্ম্মকাৎ স্বাঙ্গকর্ম্মকাচ্চ)—আ-পূর্ব্বক অকর্ম্মক যম্ ও হন্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—আযচ্ছতে (spreads), আহতে (becomes ill or is hurt). সকর্ম্মকের হয় না। যথা,—আযচ্ছতি (pulls up) কূপাদ্রজ্জুম্; আহন্তি শত্রুম্। আত্ম-অবয়ব কর্ম্ম হইলে আত্মনেপদ হয়। যথা,—আযচ্ছতে (stretches) পাণিমাত্মীয়ম্। (দুঃখাৎ) আহতে (strikes at) স্বীয়ং শিরঃ। স্বম্ উরঃ আহতে। স্বকীয় অঙ্গ ভিন্ন অন্য পদার্থ কর্ম্ম হইলে হয় না। যথা,—শত্রোর্মস্তকমাহন্তি।

৩২৭। **সমো গম্যৃচ্ছিভ্যাম্। বিদিপ্রচ্ছিস্বরতীনামুপসংখ্যানম্** (বা)। **অর্ত্তিশ্রুদৃশিভ্যশ্চেতি বক্তব্যম্** (বা) (১)। সম্-পূর্ব্বক অকর্ম্মক গম্, ঋচ্ছ্, বিদ্, প্রচ্ছ্, স্বৃ, ঋ, শ্রু ও দৃশ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—সঙ্গচ্ছতে (is proper), সমৃচ্ছতে, সংপৃচ্ছতে, সংস্বরতে, সংশৃণুতে, সংবিত্তে, সংপশ্যতে, সমৃষীষ্ট। সকর্ম্মকের হয় না। সঙ্গচ্ছতি মিত্রম্; সংশৃণোতি শাস্ত্রম্। (১)

৩২৮। **নিসমুপবিভ্যো হ্বঃ**—নি, সম্, উপ কিংবা বি-পূর্ব্বক হ্বে ধাতুর আত্মনেপদ হয়। যথা,—নিহ্বয়তে (calls), সংহ্বয়তে (speaks), উপহ্বয়তে (invites), বিহ্বয়তে (calls out).

---

(১) 'প্রভা' গ্রন্থে এইভাবে আছে—সমো গম্যৃচ্ছিপ্রচ্ছিস্বরত্যর্ত্তি-শ্রুবিদিভ্যঃ (সূত্র)। 'দৃশশ্চেতি বক্তব্যম্' (বার্ত্তিক)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

স্পর্দ্ধায়ামাঙঃ—স্পর্দ্ধা (যুদ্ধার্থে আহ্বান) অর্থে আ-পূর্ব্বক হ্বে ধাতুর আত্মনেপদ হয়। যথা,—কৃষ্ণশ্চানূরমাহ্বয়তে—চানূরম্ তন্নামকম্ অসুরম্; মল্লমাহ্বয়তে (challenges) মল্লঃ। স্পর্দ্ধা ভিন্ন অর্থে হয় না। যথা,—মাতা পুত্রমাহ্বয়তি (calls).

৩২৯। **বৃত্তিসর্গতায়নেষু ক্রমঃ**—বৃত্তি (অপ্রতিবন্ধ), সর্গ (উৎসাহ) ও তায়ন (বৃদ্ধি) অর্থ বুঝাইলে ক্রম্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—শাস্ত্রেষু ক্রমতে বুদ্ধিঃ (অপ্রতিহতা ভবতি); অধ্যয়নায় ক্রমতে (উৎসহতে) শিষ্যঃ; সতাং শ্রীঃ ক্রমতে, বর্দ্ধতে ইত্যর্থঃ।

উপপরাভ্যাম্—উক্ত অর্থে পরা ও উপ-পূর্ব্বকেরও হয়। যথা,—পরাক্রমতে, উপক্রমতে। অন্য উপসর্গের যোগে হয় না। যথা,—সংক্রামতি।

৩৩০। **আঙ উদ্গমনে (জ্যোতিরুদ্গমন ইতি বাচ্যম্—বা)**—গ্রহনক্ষত্রাদি জ্যোতিঃপদার্থের উর্দ্ধগমন বুঝাইলে, আঙ্-পূর্ব্বক ক্রম্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—আক্রমতে সূর্য্যঃ (rises), নভোমণ্ডলমারোহতীত্যর্থঃ। জ্যোতির্ভিন্ন অন্য পদার্থের উর্দ্ধগমন বুঝাইলে হয় না। যথা,—আকাশমাক্রামতি (rises) ধূমজালম্।

৩৩১। **বেঃ পাদবিহরণে**—পাদবিক্ষেপ অর্থে বি-পূর্ব্বক ক্রম্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—সাধু বিক্রমতে বাজী (trots). অন্য অর্থে হয় না। যথা,—বিক্রামতি সন্ধিঃ, দ্বিধা ভবতীত্যর্থঃ।

৩৩২। **প্রোপাভ্যাং সমর্থাভ্যাম্**—আরম্ভ অর্থে প্র ও উপ-পূর্ব্বক ক্রম্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—প্রক্রমতে ভোক্তুম্ (begins to eat), উপক্রমতে ভোক্তুম্, আরভতে ইত্যর্থঃ। কিন্তু—প্রক্রামতি (গচ্ছতি), উপক্রামতি (আগচ্ছতি)।

৩৩৩। **অনুপসর্গাদ্বা**—উপসর্গবিহীন ক্রম্ ধাতুর বিকল্পে আত্মনেপদ হয়। যথা,—ক্রমতে, ক্রামতি। কিন্তু অপ্রতিবন্ধ প্রভৃতি অর্থে নিত্যই আত্মনেপদ হয় (§৩২৯)।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩৩৪। **অপহ্নবে জ্ঞঃ**—অপহ্নব অর্থাৎ অপলাপ (denial) অর্থে জ্ঞা ধাতুর আত্মনেপদ হয়। যথা,—উক্তমপজানীতে (denies his own statement), অপলপতীত্যর্থঃ। **অকর্ম্মকাচ্চ**—জ্ঞা ধাতু অকর্ম্মক হইলেও আত্মনেপদী হয়। যথা,—সর্পিষো জানীতে,—সর্পিষা (উপায়েন) প্রবর্ত্ততে ইত্যর্থঃ।

৩৩৫। **সংপ্রতিভ্যামনাধ্যানে**—সম্ ও প্রতি-পূর্ব্বক জ্ঞা ধাতুর আত্মনেপদ হয়। যথা,—সংজানীতে (watches, agrees), পিত্রা সংজানীতে। প্রতিজ্ঞানীতে (promises), অঙ্গীকরোতীত্যর্থঃ। স্মরণ অর্থে হয় না। যথা,—মাতরং মাতুর্বা পুত্রঃ সংজানাতি, স্মরতীত্যর্থঃ।

৩৩৬। **অবাদ্ গ্রঃ**—অব-পূর্ব্বক তুদাদি-গণীয় গৄ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—অবগিরতে (eats). **সমঃ প্রতিজ্ঞানে**—প্রতিজ্ঞা অর্থে সম্-পূর্ব্বক গ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—শতং সংগিরতে (promises), প্রতিজ্ঞানীতে ইত্যর্থঃ। অন্য অর্থে হয় না। যথা,—সংগিরতি গ্রাসম্ (eats).

৩৩৭। **উদশ্চরঃ সকর্ম্মকাৎ**—উৎ-পূর্ব্বক সকর্ম্মক চর্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—গুরুবচনমুচ্চরতে, উল্লঙ্ঘয়তীত্যর্থঃ। অকর্ম্মকের হয় না। যথা,—উচ্চরতি (rises) ধূমঃ।

৩৩৮। **সমস্তৃতীয়াযুক্তাৎ**—তৃতীয়ান্ত পদের যোগে সম্-পূর্ব্বক চর্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—অশ্বেন সঞ্চরতে (rides on horse-back); রথেন সঞ্চরতে; বুদ্ধ্যা সঞ্চরতে নৃপঃ। অন্যত্র—সঞ্চরতি ক্ষেত্রে।

৩৩৯। **উপাদ্যমঃ স্বকরণে**—স্বীকরণ* অর্থ বুঝাইলে, উপ-পূর্ব্বক যম্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—সুলক্ষণাং কন্যামুপযচ্ছতে (marries).

* এইস্থানে স্বকরণ শব্দের অর্থ ভার্য্যাগ্রহণ বা বিবাহ। কেহ কেহ যে কোন দ্রব্যের গ্রহণ অর্থেই উহার প্রয়োগ করেন। [স্বকরণশব্দেন ভার্য্যাস্বীকারো গৃহ্যতে ইতি বৃত্তিকৃৎ। ভট্টিস্তু স্বীকারমাত্রেঽপি প্রাযুঙ্ক্ত—'উপাযংস্ত মহাস্ত্রাণি' ইতি সিদ্ধান্তকৌমুদ্যাং তত্ত্ববোধিনী।]

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩৪০। **প্রোপাভ্যাং যুজেরযজ্ঞপাত্রেষু (স্বরাদ্যন্তোপসর্গা-দিতি বক্তব্যম্—বা)**—(আদিতে অথবা অন্তে স্বরবর্ণবিশিষ্ট, অর্থাৎ) নির্, দুর্, সম্ ভিন্ন উপসর্গ-পূর্ব্বক এবং যজ্ঞপাত্র যোগ না থাকিলে, যুজ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—প্রযুঙ্‌ক্তে, নিযুঙ্‌ক্তে, উদ্‌যুঙ্‌ক্তে, অনুযুঙ্‌ক্তে, বিনিযুঙ্‌ক্তে। অন্যত্র,—যজ্ঞপাত্রং প্রযুনক্তি।

৩৪১। **ভুজোঽনবনে**—রক্ষা ভিন্ন অন্য অর্থে রুধাদি-গণীয় ভুজ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—শালীন্ ভুঙ্‌ক্তে (eats) গৌঃ। সুখং ভুঙ্‌ক্তে (enjoys, feels) ধার্ম্মিকঃ। রক্ষার্থে—মহীং ভুনক্তি (protects) রাজা।

৩৪২। **স্বরিতঞিতঃ কর্ত্রভিপ্রায়ে ক্রিয়াফলে ; ণিচশ্চ**—যদি কর্ত্তা স্বপ্রয়োজনোদ্দেশে ক্রিয়ার অনুষ্ঠান করে অর্থাৎ যদি কর্ত্তা স্বয়ং ক্রিয়ার ফলভাগী হয়, তাহা হইলে উভয়পদী ও ণিজন্ত ধাতুর উত্তর কেবল আত্মনেপদ হয়। যথা,—যজতে বিপ্রঃ। যজতি যাজকঃ ; এস্থলে যাজক ব্রাহ্মণ যজমানের নিমিত্ত যাগ করিতেছে, সুতরাং আত্মনেপদ হইল না। ণিজন্ত ধাতু, যথা,—ওদনং পাচয়তে।

যদি উপপদ দ্বারাই কর্ত্রভিপ্রেত ক্রিয়াফল বুঝায়, তবে বিকল্পে আত্মনেপদ হয় (বিভাষোপপদেন প্রতীয়মানে)। যথা,—স্বং যজ্ঞং যজতি যজতে বা।

৩৪৩। **অনুপসর্গাজ্‌জ্ঞঃ**—কর্ত্তা ক্রিয়ার ফলভাগী হইলে, উপসর্গহীন জ্ঞা ধাতুর আত্মনেপদ হয়। যথা,—জানীতে।

৩৪৪। **জ্ঞা-শ্রু-স্মৃ-দৃশাং সনঃ**—সন্নন্ত জ্ঞা, শ্রু, স্মৃ ও দৃশ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—ধর্ম্মং জিজ্ঞাসতে, গুরুং শুশ্রূষতে, নষ্টং সুস্মূর্ষতে, চন্দ্রং দিদৃক্ষতে। **নানোর্জ্ঞঃ**—অনু-পূর্ব্বক জ্ঞা ধাতু সন্নন্ত হইলে আত্মনেপদী হয় না। যথা,—অনুজিজ্ঞাসতি। **প্রত্যাঙ্‌ভ্যাং শ্রুবঃ**—প্রতি ও আ-পূর্ব্বক শ্রু ধাতু সন্নন্ত হইলে আত্মনেপদী হয় না। যথা,—প্রতিশুশ্রূষতি, আশুশ্রূষতি।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

গন্ধনাবক্ষেপণসেবনসাহসিক্যপ্রতিযত্নপ্রকথনোপযোগেষু কৃঞঃ—গন্ধন (হিংসা), অবক্ষেপণ (ভর্ৎসনা), সেবন, সাহসিক্য (অবিবেকিতা), প্রতিযত্ন, প্রকথন (আখ্যান), উপযোগ (ধর্ম্মার্থ দ্রব্যাদি ত্যাগ) অর্থে কৃ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—শত্রুম্ উৎকুরুতে (হিনস্তি); শ্যেনো বর্ত্তিকামুদাকুরুতে (তর্জ্জয়তি ; বর্ত্তিকা পক্ষিবিশেষঃ); বিষ্ণুং প্রকুরুতে (সেবতে); অধর্ম্মং প্রকুরুতে (সাহসাৎ তত্র প্রবর্ত্ততে) ; রজকঃ পটস্য উপস্কুরুতে (গুণান্তরাধানং করোতি : changes the colour) ; গাথাঃ প্রকুরুতে (কথয়তি) ; শতং প্রকুরুতে (ধর্ম্মাদ্যর্থং বিনিযুঙ্‌ক্তে)। অন্য অর্থে হয় না। যথা,—কটং করোতি।

অধেঃ প্রসহনে—প্রসহন অর্থাৎ ক্ষমা বা অভিভব অর্থ বুঝাইলে, অধি-পূর্ব্বক কৃ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—দৈত্যান্ অধিকুরুতে কৃষ্ণঃ (subdues), অভিভবতি ইত্যর্থঃ ; স শত্রুম্ অধিকুরুতে (forgives).

বেঃ শব্দকর্ম্মণঃ, অকর্ম্মকাচ্চ—শব্দকর্ম্ম অথবা অকর্ম্মক হইলে বি-পূর্ব্বক কৃ-ধাতুর আত্মনেপদ হয়। যথা,—স্বরান্ বিকুরুতে (reproduces ; উচ্চারয়তি), বায়ুর্বিকুরুতে, বিকৃতো ভবতি ইত্যর্থঃ। অন্যত্র, ক্রোধঃ চিত্তং বিকরোতি।

ভাসনোপসম্ভাষাজ্ঞানযত্নবিমত্যুপমন্ত্রণেষু বদঃ—ভাসন (নবনব যুক্তি উল্লেখপূর্ব্বক কথন), উপসম্ভাষা (সান্ত্বনা), জ্ঞান, যত্ন, বিমতি (বিবাদ), উপমন্ত্রণ (প্রার্থনা) অর্থে বদ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—শাস্ত্রে বদতে, নবনবযুক্ত্যুল্লেখপূর্ব্বকং কথয়তীত্যর্থঃ ; ভৃত্যান্ উপবদতে, সান্ত্বয়তীত্যর্থঃ ; দর্শনেষু বদতে, বাক্যৈঃ দার্শনিকং জ্ঞানং বিস্তারয়তীত্যর্থঃ ; ক্ষেত্রে বদতে, ক্ষেত্রকর্ষণায় যততে ইত্যর্থঃ ; ক্ষেত্রে বিবদন্তে কৃষকাঃ, বিবাদং কুর্ব্বন্তীত্যর্থঃ ; উপবদতে ভিক্ষুকঃ, ধনং প্রার্থয়তে ইত্যর্থঃ।

ব্যক্তবাচাং সমুচ্চারণে—অনেক মনুষ্য একসঙ্গে সুস্পষ্ট (ব্যক্ত) কথা বলিতেছে, এরূপ অর্থে বদ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—সংপ্রবদন্তে ব্রাহ্মণাঃ। অন্যত্র, সংপ্রবদন্তি খগাঃ। 'ব্রাহ্মণঃ বদতি'—এখানে সহোক্তি না থাকায় আত্মনেপদ হইল না।

অনোরকর্ম্মকাৎ—অনু-পূর্ব্বক অকর্ম্মক বদ্ ধাতুর আত্মনেপদ হয়। যথা,—অনুবদতে (তুল্যং বদতি) রামায়ণস্য। সকর্ম্মক হইলে হয় না। যথা,—উক্তমনুবদতি। ব্যক্ত (সুস্পষ্ট) বাক্য না হইলে হয় না। যথা,—অনুবদতি বীণা।

বিভাষা বিপ্রলাপে—বিরোধোক্তি বুঝাইলে, বি ও প্র-পূর্ব্বক বদ্ ধাতুর বিকল্পে আত্মনেপদ হয়। যথা,—বিপ্রবদন্তে বিপ্রবদন্তি বা বৈদ্যাঃ, রোগে বিভিন্নমতং প্রকাশয়ন্তীত্যর্থঃ।

শপ উপালম্ভে—শপথ করা অর্থে শপ্ ধাতু আত্মনেপদী হয় ; অন্যত্র পরস্মৈপদী। যথা,—স্বামিনে শপতে ভৃত্যঃ ; সা বিধাতারং শপতি। [কোন মতে গাত্রস্পর্শপূর্ব্বক শপথ না হইলে পরস্মৈপদ হয়। 'তথা শপন্ত্যাং বৈদেহ্যাম্' (রামায়ণম্)।]

ভীস্ম্যোর্হেতুভয়ে (ভিয়ো হেতুভয়ে যুক্ ; নিত্যং স্ময়তেঃ)—প্রযোজক কর্ত্তা হইতে ভয় অথবা আশ্চর্য বুঝাইলে, ণিজন্ত ভী এবং স্মি ধাতুর আত্মনেপদ হয়। ভী-স্থানে বিকল্পে ভীষ্ আদেশ হয় এবং স্মি-স্থানে স্মা হয়। যথা,—

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

প্রেতো মাং ভাপয়তে, ভীষয়তে; বিস্মাপয়তে। প্রযোজক হইতে না হইলে হয় না। যথা,—স খড়্গেন মাং ভায়য়তি; রূপেণ মাং বিস্মায়য়তি। (ণিজন্ত প্রকরণ দ্রঃ।)

কর্ত্তরি কর্ম্মব্যতিহারে—একের কার্য্য অন্যে করিতেছে এরূপ বুঝাইলে অথবা কার্য্যের পারস্পরিকত্ব (reciprocity) বুঝাইলে, ধাতু আত্মনেপদী হয়। যথা,—ব্রাহ্মণঃ ব্যতিলুনীতে (শস্যচ্ছেদন শূদ্রের কার্য্য, তাহা ব্রাহ্মণ করিতেছে বলিয়া আত্মনেপদ হইল); ধর্ম্মোঽস্তি সত্যং তব রাক্ষসায়ম্ অন্যো ব্যতিস্তে তু মমাপি ধর্ম্মঃ (ভট্টিকাব্যম্)।

ন গতিহিংসার্থেভ্যঃ—ক্রিয়াবিনিময় বুঝাইলেও গমনার্থক ও হিংসার্থক ধাতুর আত্মনেপদ হয় না। যথা,—ব্যতিগচ্ছন্তি, ব্যতিঘ্নন্তি। **প্রতিষেধে হসাদীনামুপসংখ্যানম্।** যথা,—ব্যতিহসন্তি, ব্যতিজল্পন্তি ইত্যাদি। **হরতে-রপ্রতিষেধঃ**—যথা,—সংপ্রহরন্তে রাজানঃ।

ইতরেতরান্যোঽন্যোপপদাচ্চ; পরস্পরোপপদাচ্চেতি বক্তব্যম্—ইতরেতর, অন্যোঽন্য ও পরস্পর শব্দের প্রয়োগ থাকিলে, আত্মনেপদ হয় না। যথা,—পরস্পরং ব্যতিলুনন্তি, সংপ্রহরন্তি।

সম্মাননোৎসঞ্জনাচার্য্যকরণজ্ঞানভৃতিবিগণনব্যয়েষু নিয়ঃ—সম্মানন (শাস্ত্রাদি শিক্ষাদান করিয়া সম্মানোপযোগী করা), উৎসঞ্জন (উৎক্ষেপণ), আচার্য্যকরণ (দীক্ষাদান প্রভৃতি দ্বারা নিজেকে আচার্য্য করা), জ্ঞান (প্রকৃত অর্থ বুঝাইয়া দেওয়া), ভৃতি (বেতন দ্বারা নিয়োগ), বিগণন (ঋণাদি পরিশোধ) এবং ব্যয় (ধর্ম্মাদি কার্য্যে নিয়োগ) অর্থে নী ধাতু আত্মনেপদী হয়। যথা,—শিষ্যং শাস্ত্রে নয়তে; দণ্ডমুন্নয়তে (throws up or raises); বালকমুপনয়তে (invests with holy thread); তত্ত্বং নয়তে (explains); কর্ম্মকারমুপনয়তে (employs on wages); করং বিনয়তে (pays off); শতং বিনয়তে (spends for charitable purposes).

কর্ত্তৃস্থে চাশরীরে কর্ম্মণি—কর্ত্তাতে বর্ত্তমান অথচ অবয়বশূন্য এইরূপ অর্থবাচক কর্ম্ম হইলে, নী ধাতু আত্মনেপদী হয়। যথা,—স ক্রোধং বিনয়তে (নিজের ক্রোধ দমন করে)। অন্যত্র হয় না—সা পত্যুঃ ক্রোধং বিনয়তি; স স্ফোটকং বিনয়তি। শুধু বি-পূর্ব্বকেরই হয় (মণ্ড্কপ্লুত্যা)—ক্রোধং সমুন্নয়তি; অপনয় মানিনি মানম্।

হরতের্গতভাচ্ছীল্যে (বা)—অভ্যাস, অনুকরণ এবং স্বাভাবিক গুণগ্রহণ বুঝাইলে, হৃ ধাতু আত্মনেপদী হয়। যথা,—অশ্বাঃ পৈতৃকম্ অনুহরন্তে (horses take after their sires).

ণেরণৌ যৎকর্ম্ম ণৌ চেৎ স কর্ত্তাঽনাধ্যানে—অণিজন্ত অবস্থার কর্ম্ম ণিজন্ত অবস্থায় কর্ত্তা হইলে, ধাতু আত্মনেপদী হয়। কিন্তু উৎকণ্ঠাপূর্ব্বক স্মরণ অর্থে হয় না। যথা,—অণিজন্ত—ভক্তাঃ ভবং পশ্যন্তি। ণিজন্ত—ভবঃ ভক্তান্ দর্শয়তে। হস্তিপকান্ আরোহয়তে হস্তী। উৎকণ্ঠাপূর্ব্বক স্মরণবিষয়ে হয় না,—স্মরয়তি কোকিলং বনগুল্মঃ।

সমুদাঙ্ভ্যো যমোঽগ্রন্থে—সম্, উদ্ ও আ-পূর্ব্বক যম্ ধাতু আত্মনেপদী হয়। সংযচ্ছতে (collects) ব্রীহীন্, উদ্যচ্ছতে (raises) ভারম্, আযচ্ছতে (spreads) বস্ত্রম্। কিন্তু গ্রন্থ বিষয়ে হয় না। উদ্যচ্ছতি (tries to master) বেদম্।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

আম্‌প্রত্যয়বৎক্রঞোঽনুপ্রয়োগস্য—লিট্ বিভক্তিতে ধাতুর উত্তর আম্ যোগ করিয়া পরে কৃ ধাতু যোগ করিলে, তাহা মূল ধাতু অনুসারে আত্মনেপদী বা পরস্মৈপদী হয়। যথা,—ঈহতে ঈহাঞ্চক্রে ইত্যাদি। কিন্তু অস্ ও ভূ ধাতু কর্তৃবাচ্যে পরস্মৈপদী ও কর্ম্মবাচ্যে আত্মনেপদী হয়। ঈহামাস, ঈহাম্বভূব।

EXERCISE 37

1. Frame short sentences using each of the following :—

উপ+রম্; সম্+চর্; অনু+জ্ঞা+সন্; বি+রম্; আঙ্+যম্; বি+ক্রী; আঙ্+প্রচ্ছ্; সম্+ক্রীড়্; উপ+স্থা and উপ+ক্রম্।

2. What is the general difference in meaning between পরস্মৈপদ and আত্মনেপদ? Mention one root in each পদ which when preceded by an উপসর্গ changes its পদ। *(C. U. Mat., 1913).*

3. Correct :—রামলক্ষ্মণৌ জনকস্য দুহিতরৌ উপযেমতুঃ। সাধুর্হি সাধুনা সহ সঙ্গচ্ছতি। অন্নং ভুনক্তি মানবঃ। শায়য়তে রামং কৌশল্যা। শিবমুপতিষ্ঠতি শৈবঃ। শ্রীকৃষ্ণশ্চানূরমাহ্বয়তি যুদ্ধার্থম্। স্বাদুমন্নং ভুনক্তি। আসনাদুত্তিষ্ঠতে। ধনমাদদাতি। হিমবতো গঙ্গা প্রভবতে। রথেঽবতিষ্ঠন্ রাবণো রামং যুদ্ধায় আহ্বয়তি।

4. Distinguish between :—আহ্বয়তি and আহ্বয়তে; উচ্চরতি and উচ্চরতে; অপস্কিরতে and অপকিরতি; উত্তিষ্ঠতি and উত্তিষ্ঠতে; ভুনক্তি and ভুঙ্‌ক্তে; বিক্রমতে and বিক্রামতি; ভীষয়তে and ভায়য়তি।

5. Translate into English :—

হিতান্ন যঃ সংশৃণুতে স কিংপ্রভুঃ। সা লক্ষ্মীরুপকুরুতে যয়া পরেষাম্। নাদত্তে কেবলাং লেখাং হরচূড়ামণীকৃতাম্। আশংসন্তে সমিত্তিষু সুরা বিজয়ম্। অয়ং পন্থাঃ সাকেতমুপতিষ্ঠতে। বিজয়তাং শূদ্রকো মহারাজঃ। ন ত্র্যম্বকাদন্যমুপাস্থিতাসৌ। বাগীশং বাগ্‌ভিরর্থ্যাভিঃ প্রণিপত্যোপতস্থিরে। ন তস্য বাক্যে সন্তিষ্ঠতে জনঃ। শাস্ত্রেষু ক্রমতে বুদ্ধিঃ। স দুঃখশতানি ভুঙ্‌ক্তে।

6. Translate into Sanskrit :—

Rama went to the forest with Sita and Lakshmana. The master employs his servants in a piece of work. Rama married Sita, the daughter of King Janaka. The two brothers were quarrelling with each other. This word is not proper. All the jackals yell (আ-নু) in the evening. The sage worshipped the gods with the sacred *Mantras*. The king is roaming in the city on horseback. The king protects (ভুজ্) his subjects like his sons. The cultivator gathers paddy from the field. The musician varies the tones.

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

কর্ম্মবাচ্য ও ভাববাচ্য প্রকরণ

৩৪৫। কর্ম্মবাচ্যে (Transitive Passive) ও ভাববাচ্যে (Intransitive Passive) ধাতু আত্মনেপদী হয়, সুতরাং কেবল আত্মনেপদের বিভক্তি হইয়া থাকে (১)।

৩৪৬। কর্ম্মবাচ্যে কর্ম্মপদে যে পুরুষ ও যে বচন থাকে, ক্রিয়াপদেও সেই পুরুষ ও সেই বচন হয় অর্থাৎ কর্ম্মপদ 'অস্মদ্' হইলে ক্রিয়াতে উত্তম পুরুষের বিভক্তি হয়, 'যুষ্মদ্' হইলে মধ্যম পুরুষের এবং তদ্ভিন্ন হইলে প্রথম পুরুষের বিভক্তি হয়। এইরূপ কর্ম্মপদে একবচন থাকিলে ক্রিয়াপদে একবচন, দ্বিবচন থাকিলে ক্রিয়াপদে দ্বিবচন, বহুবচন থাকিলে ক্রিয়াপদে বহুবচন হয়।

৩৪৭। ভাববাচ্যের ক্রিয়ায় কেবল প্রথম পুরুষের একবচন হয় (২)।

৩৪৮। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্—এই চারি বিভক্তিতে সর্ব্বগণীয় ধাতুর উত্তর **য্** হয় (৩)। যথা,—গম্—গম্যতে। পঠ্—পঠ্যতে। ত্যজ্—ত্যজ্যতে। ভুজ্—ভুজ্যতে। ভিদ্—ভিদ্যতে। ছিদ্—ছিদ্যতে। শুচ্—শুচ্যতে। স্পৃশ্—স্পৃশ্যতে। লভ্—লভ্যতে। নী—নীয়তে। হন্—হন্যতে। জ্ঞা—জ্ঞায়তে। সৃজ্—সৃজ্যতে। ম্না—ম্নায়তে। সেব্—সেব্যতে। লুপ্—লুপ্যতে।

য্ পরে থাকিলে, **শী** ধাতু-স্থানে **শয্** হয় (৪)। যথা,—শয্যতে।

৩৪৯। য্ পরে থাকিলে, দা, ধা, মা, গা (গৈ), হা, পা (৫), সা (সো) এবং স্থা ধাতুর **আকার-স্থানে ঈ-কার** হয় (৬)। যথা,—দা—দীয়তে। ধা—ধীয়তে। মা—মীয়তে। গা (গৈ)—গীয়তে। হা—হীয়তে। পা—পীয়তে। সা (সো)—সীয়তে। স্থা—স্থীয়তে।

---

(১) ভাবকর্ম্মণোঃ।

(২) কারণ, ক্রিয়া যাহার বচন অনুসরণ করিবে সেই কর্ম্মপদ নাই। কৃৎপ্রত্যয়ের ২৪—২৬, ১১৫—১২৬ সূত্র ও কারকের ৬, ১১০—১১২ সূত্র দ্রষ্টব্য।

(৩) সার্ব্বধাতুকে যক্।

(৪) অযঙ্ যি ক্ঙিতি।

(৫) পানার্থক।

(৬) ঘুমাস্থাগাপাজহাতিসাং হলি।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩৫০। ১২৭ অবধি ১৩৫ পর্য্যন্ত ৯ সূত্রে আশীর্লিঙের পরস্মৈপদে যে ধাতুর যে কার্য্য হয়, য পরেও সেই ধাতুর সেই কার্য্য হয়।

১২৭ সূত্রানুযায়ী উদাহরণ। জি—জীয়তে। চি—চীয়তে। শ্রি—শ্রীয়তে। স্তু—স্তূয়তে। শ্রু—শ্রূয়তে। ক্ষি—ক্ষীয়তে। ১২৮ সূত্রানুযায়ী। কৃ—ক্রিয়তে। ভৃ—ভ্রিয়তে। হৃ—হ্রিয়তে। মৃ—ম্রিয়তে। ১২৯ সূত্রানুযায়ী। স্মৃ—স্মর্য্যতে। স্তৃ—স্তর্য্যতে। ঋ—অর্য্যতে। ১৩০ সূত্রানুযায়ী। তৄ—তীর্য্যতে। কৄ—কীর্য্যতে। পৄ—পূর্য্যতে। ১৩১ সূত্রানুযায়ী। গ্রহ্—গৃহ্যতে। প্রচ্ছ্—পৃচ্ছ্যতে। ব্যধ্—বিধ্যতে। যজ্—ইজ্যতে। ১৩২ সূত্রানুযায়ী। বচ্—উচ্যতে। বদ্—উদ্যতে। বপ্—উপ্যতে। বস্—উষ্যতে। বহ্—উহ্যতে। স্বপ্—সুপ্যতে। ১৩৩ সূত্রানুযায়ী। হ্বে—হূয়তে। ১৩৪ সূত্রানুযায়ী। দন্শ্—দশ্যতে। ভ্রন্শ্—ভ্রশ্যতে। শন্স্—শস্যতে। মন্থ্—মথ্যতে। ভন্জ্—ভজ্যতে। বন্ধ্—বধ্যতে। ১৩৫ সূত্রানুযায়ী। শাস্—শিষ্যতে।

৩৫১। য পরে **ণিজন্ত ধাতুর** অন্তস্থিত **ই-কারের লোপ** হয়। যথা,—কারি—কার্য্যতে। স্থাপি—স্থাপ্যতে। দূষি—দূষ্যতে। দর্শি—দর্শ্যতে।

লিট্, লুট্, লৃট্, লৃঙ্, আশীর্লিঙ্

সেব্ ধাতু। লিট্—সিষেবে, সিষেবাতে, সিষেবিরে। লুট্—সেবিতা, সেবিতারৌ, সেবিতারঃ। লৃট্—সেবিষ্যতে, সেবিষ্যেতে, সেবিষ্যন্তে। লৃঙ্—অসেবিষ্যত, অসেবিষ্যেতাম্, অসেবিষ্যন্ত। আশীর্লিঙ্—সেবিষীষ্ট, সেবিষীয়াস্তাম্, সেবিষীরন্।

ভুজ্ ধাতু। লিট্—বুভুজে, বুভুজাতে, বুভুজিরে। লুট্—ভোক্তা, ভোক্তারৌ, ভোক্তারঃ। লৃট্—ভোক্ষ্যতে, ভোক্ষ্যেতে, ভোক্ষ্যন্তে। লৃঙ্—অভোক্ষ্যত, অভোক্ষ্যেতাম্, অভোক্ষ্যন্ত। আশীর্লিঙ্—ভুক্ষীষ্ট, ভুক্ষীয়াস্তাম্, ভুক্ষীরন্। ভূ ধাতু। ভাববাচ্যে লিট্—বভূবে। লুট্—ভবিতা, ভাবিতা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

লৃট্—ভবিষ্যতে, ভাবিষ্যতে। লৃঙ্—অভবিষ্যত, অভাবিষ্যত। আশীর্লিঙ্—ভবিষীষ্ট, ভাবিষীষ্ট।

৩৫২। লুট্, লৃট্, লৃঙ্ ও আশীর্লিঙ্—এই চারি বিভক্তিতে স্বরান্ত, গ্রহ্, দৃশ্ ও হন্ ধাতুর উত্তর পক্ষান্তরে **ই** হয়।

৩৫৩। ই পরে থাকিলে, ধাতুর **অন্ত্য স্বরের ও উপধা অ-কারের বৃদ্ধি** হয়। যথা,—স্বরান্ত—শ্রু ধাতু। লিট্—শুশ্রুবে। লুট্—শ্রোতা, শ্রাবিতা। লৃট্—শ্রোষ্যতে, শ্রাবিষ্যতে। লৃঙ্—অশ্রোষ্যত, অশ্রাবিষ্যত। আশীর্লিঙ্—শ্রোষীষ্ট, শ্রাবিষীষ্ট। গ্রহ্ ধাতু। লিট্—জগৃহে। লুট্—গ্রহীতা, গ্রাহিতা। লৃট্—গ্রহীষ্যতে, গ্রাহিষ্যতে। লৃঙ্—অগৃহীষ্যত, অগ্রাহিষ্যত। আশীর্লিঙ্—গ্রহীষীষ্ট, গ্রাহিষীষ্ট।

৩৫৪। ই পরে থাকিলে, **উপধা লঘু স্বরের গুণ** হয়। যথা,—দৃশ্ ধাতু। লিট্—দদৃশে। লুট্—দ্রষ্টা, দর্শিতা। লৃট্—দ্রক্ষ্যতে, দর্শিষ্যতে। লৃঙ্—অদ্রক্ষ্যত, অদর্শিষ্যত। আশীর্লিঙ্—দ্রক্ষীষ্ট, দর্শিষীষ্ট।

৩৫৫। ই পরে থাকিলে, **হন্** ধাতুর **হ**-স্থানে **ঘ** হয়। যথা,—লিট্—জঘ্নে। লুট্—হন্তা, ঘানিতা। লৃট্—হনিষ্যতে, ঘানিষ্যতে। লৃঙ্—অহনিষ্যত, অঘানিষ্যত। আশীর্লিঙ্—বধিষীষ্ট, ঘানিষীষ্ট।

৩৫৬। ই পরে থাকিলে, **আ-কারান্ত** ধাতুর উত্তর **য্** হয়। যথা,—দা ধাতু (২)। লিট্—দদে। লুট্—দাতা, দায়িতা। লৃট্—দাস্যতে, দায়িষ্যতে। লৃঙ্—অদাস্যত, অদায়িষ্যত। আশীর্লিঙ্—দাসীষ্ট, দায়িষীষ্ট।

৩৫৭। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে লুঙের **ত**-বিভক্তি-স্থানে **ই** হয় (৩)। ই পরে থাকিলে, **অন্ত্য স্বরের ও উপধা অ-কারের বৃদ্ধি** হয় এবং **উপধা লঘু স্বরের গুণ** হয়। যথা,—বদ্ ধাতু—অবাদি, অবদিষাতাম্, অবদিষত। সিব্ ধাতু—অসেবি, অসেবিষাতাম্, অসেবিষত।

(১) স্য-সিচ্-সীয়ুট্-তাসিষু ভাবকর্ম্মণোরুপদেশেঽজ্ঝনগ্রহদৃশাং বা চিণ্-বদিট্ চ।
(২) আতো যুক্ চিণ্কৃতোঃ।
(৩) চিণ্ ভাবকর্ম্মণোঃ।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

ভজ্ ধাতু—অভাজি, অভক্ষাতাম্, অভক্ষত। মন্ ধাতু—অমানি, অমংসাতাম্, অমংসত।

৩৫৮। স্বরান্ত, গ্রহ্, দৃশ্ ও হন্ ধাতুর লুঙের ত ভিন্ন বিভক্তিতে লুট্ প্রভৃতির ন্যায় কার্য্য হয়। যথা,—শ্রু ধাতু—অশ্রাবি, অশ্রোষাতাম্ অশ্রাবিষাতাম্, অশ্রোষত অশ্রাবিষত। গ্রহ্ ধাতু—অগ্রাহি, অগ্রহীষাতাম্ অগ্রাহিষাতাম্, অগ্রহীষত অগ্রাহিষত। দৃশ্ ধাতু—অদর্শি, অদৃক্ষাতাম্ অদর্শিষাতাম্, অদৃক্ষত অদর্শিষত। হন্ ধাতু—অবধি অঘানি, অবধিষাতাম্ অহসাতাম্ অঘানিষাতাম্, অবধিষত অহসত অঘানিষত। দা ধাতু—অদায়ি, অদিষাতাম্ অদায়িষাতাম্, অদিষত অদায়িষত। শমি (শম্+ণিচ্) ধাতু—অশমি, অশমিষাতাম্ অশময়িষাতাম্। দম্—অদমি। আ-চম্—আচামি। গম্—অগামি। কম্—অকামি। জন্—অজনি। জাগৃ—অজাগারি। ভঞ্জ্—অভাজি, অভঞ্জি। লভ্—অলাভি, অলম্ভি।

কর্ম্মবাচ্য ও ভাববাচ্যে য্ পরে তন্ ধাতু-স্থানে বিকল্পে **তা**, জন্ ধাতু-স্থানে বিকল্পে **জা**, খন্ ধাতু-স্থানে বিকল্পে **খা** এবং সন্ ধাতু-স্থানে বিকল্পে **সা** হয় ('তনোতের্যকি', 'যে বিভাষা')। যথা,—তন্—তায়তে, তন্যতে। জন্—জায়তে, জন্যতে। খন্—খায়তে, খন্যতে। সন্—সায়তে, সন্যতে।

৮৭। নিষ্ঠাপ্রত্যয়সহযোগে ইট্ পরে থাকিলে ণিচের লোপ হয় (৩)। যথা,—কারি কারিতঃ (caused to be made), কারিতবান্; ক্ষালি ক্ষালিতঃ, ক্ষালিতবান্; পালি পালিতঃ, পালিতবান্; অর্পি অর্পিতঃ, অর্পিতবান্; স্থাপি স্থাপিতঃ, স্থাপিতবান্; শ্রাবি শ্রাবিতঃ, শ্রাবিতবান্; রোপি রোপিতঃ, রোপিতবান্; জনি জনিতঃ, জনিতবান্।

৮৮। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, শী-ধাতু-স্থানে শয়্ হয় (৪)। যথা,—শয়িতঃ, শয়িতবান্।

(১) ধাবুর্গতিশুদ্ধ্যোঃ। শুদ্ধি অর্থে ধাব্+ক্ত=ধৌত।
(২) ক্র্যাদি-গণীয় ভোজনার্থক। স্বাদি (to pervade) অশ্+ক্ত=অষ্ট।
(৩) নিষ্ঠায়াং সেটি।
(৪) নিষ্ঠা শীঙ্স্বিদিমিদিক্ষ্বিদিধৃষঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৮৯। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, শ্রি, উ-কারান্ত, ঊ-কারান্ত ও বৃ ধাতুর উত্তর ইট্ হয় না। যথা,—শ্রি শ্রিতঃ (protected), শ্রিতবান্; যু যুতঃ, যুতবান্; রু রুতঃ, রুতবান্; নু নুতঃ, নুতবান্; স্নু স্নুতঃ, স্নুতবান্; ধূ ধূতঃ, ধূতবান্; পূ পূতঃ, পূতবান্; ভূ ভূতঃ, ভূতবান্; সূ (১) সূতঃ, সূতবান্; বৃ বৃতঃ, বৃতবান্।

৯০। গণপাঠ-কালে যে সকল ধাতু ঈ-কার-সংসৃষ্ট থাকে, নিষ্ঠা প্রত্যয় পরে সে সকল ধাতুর উত্তর ইট্ হয় না। যথা,—দীপ্ দীপ্তঃ, দীপ্তবান্; ত্রস্ ত্রস্তঃ, ত্রস্তবান্; পৃচ্ পৃক্তঃ, পৃক্তবান্।

৯১। অন্যান্য প্রকরণে যে সকল ধাতুর উত্তর বিকল্পে ইট্ বিধান আছে, নিষ্ঠা-প্রত্যয় পরে তাহাদের উত্তর ইট্ হয় না। যথা,—ইষ্ ইষ্টঃ (desired), ইষ্টবান্; গুপ্ গুপ্তঃ (concealed), গুপ্তবান্; দৃপ্ দৃপ্তঃ, দৃপ্তবান্; লুপ্ লুপ্তঃ, লুপ্তবান্; অস্ (২) অস্তঃ, অস্তবান্; গ্রস্ গ্রস্তঃ, গ্রস্তবান্; বৃষ্ বৃষ্টঃ, বৃষ্টবান্; ঘুষ্ ঘুষ্টঃ, ঘুষ্টবান্; মৃজ্ মৃষ্টঃ, মৃষ্টবান্; গাহ্ গাঢ়ঃ, গাঢ়বান্; গুহ্ গূঢ়ঃ, গূঢ়বান্; স্নিহ্ স্নিগ্ধঃ, স্নিগ্ধবান্; মুহ্ মুগ্ধঃ মূঢ়ঃ, মুগ্ধবান্ মূঢ়বান্; সহ্ সোঢ়ঃ (borne), সোঢ়বান্।

৯২। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, দিব্, ষ্ঠিব্, সিব্ ধাতুর ব্-স্থানে ঊ-কার হয় (৪)। যথা,—দিব্ দ্যূতঃ, দ্যূতবান্; ষ্ঠিব্ ষ্ঠ্যূতঃ, ষ্ঠ্যূতবান্; সিব্ স্যূতঃ, স্যূতবান্।

৯৩। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, ক্রম্ প্রভৃতি ধাতুর অ-স্থানে আ হয় (৩)। যথা,—ক্রম্ ক্রান্তঃ (surpassed), ক্রান্তবান্; ক্লম্ ক্লান্তঃ (fatigued), ক্লান্তবান্; ক্ষম্ ক্ষান্তঃ, ক্ষান্তবান্; দম্ দান্তঃ, দান্তবান্; বম্ বান্তঃ, বান্তবান্; শম্ শান্তঃ, শান্তবান্; শ্রম্ শ্রান্তঃ, শ্রান্তবান্।

---

(১) অদাদি-গণীয়। দিবাদি—সূ+ক্ত=সূনঃ।
(২) দিবাদি-গণীয় ক্ষেপণার্থক। অদাদি—অস্+ক্ত=ভূতঃ।
(৩) ক্তিন্ প্রত্যয়-স্থলেও এই নিয়ম। ক্ত্বা-স্থলে ইট্ হইলে হয় না।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৯৪। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, গম্, নম্, যম্, রম্, ক্ষণ্, তন্, মন্ ও হন্ ধাতুর অন্ত্য বর্ণের লোপ হয় (১)। যথা,—গম্ গতঃ, গতবান্; নম্ নতঃ, নতবান্; যম্ যতঃ, যতবান্; রম্ রতঃ, রতবান্; ক্ষণ্ ক্ষতঃ, ক্ষতবান্; তন্ ততঃ, ততবান্; মন্ মতঃ, মতবান্; হন্ হতঃ, হতবান্।

৯৫। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, খন্, জন্ ও সন্ ধাতু-স্থানে যথাক্রমে খা, জা ও সা হয়। যথা,—খন্ খাতঃ, খাতবান্; জন্ জাতঃ, জাতবান্; সন্ সাতঃ, সাতবান্।

৯৬। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, দন্‌শ্ প্রভৃতি ধাতুর উপধা ন-কারের লোপ হয় (১)। যথা,—দন্‌শ্ দষ্টঃ (bitten), দষ্টবান্; রন্‌জ্ রক্তঃ, রক্তবান্; সন্‌জ্ সক্তঃ (attached), সক্তবান্; বন্ধ্ বদ্ধঃ, বদ্ধবান্; স্তন্‌ভ্ স্তব্ধঃ, স্তব্ধবান্; স্রন্‌ভ্ স্রব্ধঃ, স্রব্ধবান্; ভ্রন্‌শ্ ভ্রষ্টঃ, ভ্রষ্টবান্; ধ্বন্স্ ধ্বস্তঃ, ধ্বস্তবান্; স্রন্স্ স্রস্তঃ, স্রস্তবান্; শন্স্ শস্তঃ, শস্তবান্; গ্রন্থ্ গ্রথিতঃ, গ্রথিতবান্; মন্থ্ মথিতঃ, মথিতবান্।

৯৭। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, দ-কারান্ত ধাতুর দ্ ও তৎপরবর্ত্তী নিষ্ঠার ত্-স্থানে ন্ হয় (২)। যথা,—ক্লিদ্ ক্লিন্নঃ, ক্লিন্নবান্ (moistened); ক্ষুদ্ ক্ষুণ্ণঃ, ক্ষুণ্ণবান্ (bruised); খিদ্ খিন্নঃ, খিন্নবান্; ছিদ্ ছিন্নঃ, ছিন্নবান্; ভিদ্ ভিন্নঃ, ভিন্নবান্; পদ্ পন্নঃ, পন্নবান্; সদ্ সন্নঃ, সন্নবান্। মদ্ ধাতুর হয় না। যথা,—মত্তঃ, মত্তবান্ (intoxicated).

৯৮। গণপাঠকালে যে সকল ধাতু ও-কার সংসৃষ্ট থাকে, তাহাদের উত্তর বিহিত নিষ্ঠা প্রত্যয়ের ত্-স্থানে ন্ হয় (৩)। যথা,—রুজ্ রুগ্‌ণঃ, রুগ্‌ণবান্; বিজ্ বিগ্নঃ, বিগ্নবান্; ভুজ্ (৪) ভুগ্নঃ (bent), ভুগ্নবান্; ভঞ্জ্

(১) ক্তি প্রত্যয়-স্থলেও এই নিয়ম। ক্ত্বা-স্থলে ইট্ হইলে হয় না। (অনিদিতাং হল উপধায়াঃ ক্ঙিতি।)

(২) রদাভ্যাং নিষ্ঠাতো নঃ পূর্ব্বস্য চ দঃ।

(৩) ওদিতশ্চ। ল্বাদিভ্যঃ।

(৪) তুদাদি-গণীয় বক্রীকরণার্থক।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ভগ্নঃ, ভগবান্। মস্জ্ ধাতুর স্-লোপ হয় (স্কোঃ সংযোগাদ্যোরন্তে চ)। যথা,—মগ্নঃ (immersed), মগ্নবান্; দু দূনঃ, দূনবান্; সূ (১) সূনঃ, সূনবান্; লূ লূনঃ, লূনবান্; দী দীনঃ, দীনবান্; ডী ডীনঃ, ডীনবান্। কর্ত্তৃবাচ্যে ক্ষি ধাতুর ই-কার দীর্ঘ হয়। যথা,—ক্ষীণঃ (exhausted), ক্ষীণবান্(২)।

৯৯। র্ পূর্ব্বে থাকিলে, নিষ্ঠার ত্-স্থানে ন্ হয় (৩)। যথা,—গূর্ গূর্ণঃ, গূর্ণবান্; পূর্ পূর্ণঃ (filled), পূর্ণবান্; চূর্ চূর্ণঃ, চূর্ণবান্।

১০০। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, দীর্ঘ-ৠ-কারান্ত ধাতুর ৠ-স্থানে ঈর্ হয় (ৠত ইৎ। হলি চ)। যথা,—কৄ কীর্ণঃ, কীর্ণবান্; গৄ গীর্ণঃ (swallowed), গীর্ণবান্; জৄ জীর্ণঃ, জীর্ণবান্; তৄ তীর্ণঃ (crossed), তীর্ণবান্; দৄ দীর্ণঃ (torn), দীর্ণবান্; শৄ শীর্ণঃ, শীর্ণবান্; স্তৄ স্তীর্ণঃ (spread), স্তীর্ণবান্।

১০১। গ্লা, ম্লা, দ্রা ও স্ত্যা ধাতুর নিষ্ঠার ত্-স্থানে ন্ হয় (৪)। যথা,—গ্লা গ্লানঃ, গ্লানবান্; ম্লা ম্লানঃ (faded), ম্লানবান্; দ্রা দ্রাণঃ, দ্রাণবান্; স্ত্যা স্ত্যানঃ, স্ত্যানবান্।

১০২। হ্রী, ঘ্রা, ত্রা, নুদ্ ও বিন্দ্ ধাতুর নিষ্ঠার ও তৎপূর্ব্ববর্ত্তী দ্-স্থানে বিকল্পে ন্ হয় (৫)। যথা,—হ্রী হ্রীণঃ হ্রীতঃ (ashamed), হ্রীণবান্ হ্রীতবান্; ঘ্রা ঘ্রাণঃ ঘ্রাতঃ ঘ্রাণবান্ ঘ্রাতবান্; ত্রা ত্রাণঃ ত্রাতঃ, ত্রাণবান্ ত্রাতবান্; নুদ্ নুন্নঃ নুত্তঃ, নুন্নবান্ নুত্তবান্; বিন্দ্ বিন্নঃ বিত্তঃ, বিন্নবান্ বিত্তবান্।

১০৩। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, ক্লিশ্, হৃষ্, জপ্, বম্, মুষ্, রুষ্,

(১) দিবাদি-গণীয়। (২) নিষ্ঠায়ামণ্যদর্থে; ক্ষিয়ো দীর্ঘাৎ। কিন্তু কর্ম্মবাচ্য ও ভাববাচ্যে পদ হইবে—ক্ষিত।

(৩) রদাভ্যাং নিষ্ঠাতো নঃ পূর্ব্বস্য চ দঃ। (কিন্তু—পূর্ত, মূর্ত।)

(৪) সংযোগাদেরাতো ধাতোর্যণ্বতঃ। (কিন্তু—খ্যাত, ধ্যাত।)

(৫) নুদবিদোন্দত্রাঘ্রাহ্রীভ্যোঽন্যতরস্যাম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

সম্-পূর্ব্বক ঘুষ্ ও বি-আ-পূর্ব্বক শ্বস্-ধাতুর উত্তর বিকল্পে ইট্ হয় (১)। যথা,—ক্লিশ্ ক্লিষ্টঃ ক্লিশিতঃ (afflicted), ক্লিষ্টবান্ ক্লিশিতবান্; হৃষ্ হৃষ্টঃ হৃষিতঃ, হৃষ্টবান্ হৃষিতবান্; জপ্ জপ্তঃ জপিতঃ, জপ্তবান্ জপিতবান্; বম্ বান্তঃ বমিতঃ, বান্তবান্ বমিতবান্; মুষ্ মুষ্টঃ মুষিতঃ, মুষ্টবান্ মুষিতবান্; রুষ্ রুষ্টঃ রুষিতঃ, রুষ্টবান্ রুষিতবান্; ঘুষ্ (সম্-পূর্ব্বক) সংঘুষ্টঃ সংঘুষিতঃ, সংঘুষ্টবান্ সংঘুষিতবান্; শ্বস্ (বি ও আ-পূর্ব্বক) বিশ্বস্তঃ বিশ্বসিতঃ, বিশ্বস্তবান্ বিশ্বসিতবান্; আশ্বস্তঃ আশ্বসিতঃ, আশ্বস্তবান্ আশ্বসিতবান্।

১০৪। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, ছাদি ও জ্ঞপি-স্থানে বিকল্পে ছদ্ ও জ্ঞপ্ হয় এবং ইট্ হয় না (২)। যথা,—ছাদি ছন্নঃ ছাদিতঃ (covered), ছন্নবান্ ছাদিতবান্; জ্ঞপি জ্ঞপ্তঃ জ্ঞপিতঃ, জ্ঞপ্তবান্ জ্ঞপিতবান্।

১০৫। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, স্ফায়্ ধাতুর স্থানে স্ফী ও স্ফা, এবং প্যায়্ ধাতুর স্থানে পী ও প্যা হয় (৩)। যথা,—স্ফীত (swollen) স্ফাতঃ, স্ফীতবান্ স্ফাতবান্; পীনঃ প্যানঃ, পীনবান্ প্যানবান্।

১০৬। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, দো (দা), মা, সো (সা) ও স্থা ধাতুর আ-কার-স্থানে ই-কার হয় (৪)। যথা,—দো দিতঃ, দিতবান্; মা মিতঃ (measured), মিতবান্; সো সিতঃ, সিতবান্; স্থা স্থিতঃ, স্থিতবান্। শো (শা) এবং ছো (ছা) ধাতুর বিকল্পে। যথা,—শিতঃ শাতঃ, শিতবান্ শাতবান্; ছিতঃ ছাতঃ, ছিতবান্ ছাতবান্ (৫)।

১০৭। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, দা ধাতুর স্থানে দৎ ও ধা ধাতুর স্থানে হি হয় (৬)। যথা,—দা দত্তঃ; দত্তবান্; ধা হিতঃ, হিতবান্।

---

(১) ক্লিশঃ ক্ত্বানিষ্ঠয়োঃ; রুষ্যমত্বরসংঘুষাস্বনাম্; হৃষের্লোমসু।
(২) বা দান্তশান্তপূর্ণদস্তস্পষ্টচ্ছন্নজ্ঞপ্তাঃ।
(৩) স্ফায়ঃ স্ফী নিষ্ঠায়াম্; প্যায়ঃ পী।
(৪) ক্ত্বা ও ক্তি প্রত্যয়-স্থলেও এই নিয়ম। দ্যতিস্যতিমাস্থামিত্তি কিতি। (৫) শাচ্ছোরন্যতরস্যাম্। (৬) দো দদ্ঘোঃ। দধাতে র্হিঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১০৮। স্বরান্ত উপসর্গের পরবর্ত্তী দা ধাতু-স্থানে ৎ হয় এবং উপসর্গের ই-কার বা উ-কার দীর্ঘ হয় (১)। যথা,—(আ-পূর্ব্বক) আত্তঃ, আত্তবান্; (নি-পূর্ব্বক) নীত্তঃ, নীত্তবান্। কিন্তু প্রাদি সমাসে আদত্তঃ, নিদত্তঃ ইত্যাদি।

১০৯। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, যজ্ ও ব্যধ্ ধাতুর য্ ও অ-স্থানে ই হয় (২)। যথা,—যজ্ ইষ্টঃ (worshipped), ইষ্টবান্; ব্যধ্ বিদ্ধঃ (pierced), বিদ্ধবান্।

১১০। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, গ্রহ্, প্রচ্ছ্ ও ভ্রস্জ্ ধাতুর র্ ও অ-স্থানে ঋ হয় (২)। যথা,—গ্রহ্ (৩) গৃহীতঃ, গৃহীতবান্; প্রচ্ছ্ পৃষ্টঃ, পৃষ্টবান্। ভ্রস্জ্ ধাতুর স্-লোপ হয়। যথা,—ভৃষ্টঃ, ভৃষ্টবান্।

১১১। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, শ্বি ও হ্বে ধাতুর স্থানে শূ ও হূ হয় (২)। যথা,—শ্বি শূনঃ, শূনবান্; হ্বে হূতঃ, হূতবান্।

১১২। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, ক্ষুধ্ ও বস্ ধাতুর উত্তর ইট্ হয় (৪)। যথা,—ক্ষুধ্ ক্ষুধিতঃ, ক্ষুধিতবান্; বস্ উষিতঃ, উষিতবান্।

১১৩। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, বস্, বচ্, বদ্, বপ্, বহ্ ও স্বপ্ ধাতুর ব্ ও অ-কার-স্থানে উ হয় (৪)। যথা,—বস্ উষিতঃ (dwelt), উষিতবান্; বচ্ উক্তঃ, উক্তবান্; বদ্ উদিতঃ, উদিতবান্; বপ্ উপ্তঃ (sown), উপ্তবান্; বহ্ ঊঢ়ঃ, ঊঢ়বান্; স্বপ্ সুপ্তঃ, সুপ্তবান্।

১১৪। নিষ্ঠা প্রত্যয় পরে থাকিলে, গা (গৈ), পা (৫) ও হা ধাতুর আ-কার-স্থানে ঈ হয় (৬)। যথা,—গৈ গীতঃ (sung), গীতবান্; পা পীতঃ, পীতবান্; হা (জহাতি) হীনঃ, হীনবান্।

---

(১) অচ উপসর্গাত্তঃ; দস্তি।
(২) ক্ত্বা ও ক্তি প্রত্যয়-স্থলেও এই নিয়ম।
(৩) ইটের ই দীর্ঘ হয়। ক্ত্বা-স্থলেও এই নিয়ম।
(৪) বসতিক্ষুধোরিট্। বচিস্বপিযজাদীনাং কিতি।
(৫) ভ্বাদি-গণীয় পানার্থক।
(৬) ক্ত্বা ও ক্তি প্রত্যয়-স্থলেও এই নিয়ম। কিন্তু হা-ধাতুর হিত্বা, হানিঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১১৫। নিষ্ঠা-সহিত ক্ষৈ, পচ্ ও শুষ্ ধাতু-স্থানে যথাক্রমে ক্ষাম, পক্ব ও শুষ্ক হয় (১)। যথা,—ক্ষৈ ক্ষামঃ (emaciated), ক্ষামবান্ ; পচ্ পক্বঃ, পক্ববান্ ; শুষ্ শুষ্কঃ (dry), শুষ্কবান্।

১১৬। ক্তবতু প্রত্যয় কর্ত্তৃবাচ্যে হয়, এই নিমিত্ত তন্নিষ্পন্ন শব্দ কর্ত্তার বিশেষণ হয়, সুতরাং কর্ত্তার লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়। যথা,—স পুস্তকং পঠিতবান্, তৌ পুস্তকং পঠিতবন্তৌ, তে পুস্তকং পঠিতবন্তঃ। সা চন্দ্রং দৃষ্টবতী, তে চন্দ্রং দৃষ্টবত্যৌ, তাশ্চন্দ্রং দৃষ্টবত্যঃ। বৃক্ষাৎ ফলং পতিতবৎ, বৃক্ষাৎ ফলে পতিতবতী, বৃক্ষাৎ ফলানি পতিতবন্তি।

১১৭। সকর্ম্মক ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে ক্ত হয়, সুতরাং কর্ম্মবাচ্যে ক্ত-প্রত্যয়-নিষ্পন্ন শব্দ কর্ম্মের বিশেষণ ও কর্ম্মের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়। যথা,—কুম্ভকারেণ ঘটঃ কৃতঃ, ঘটৌ কৃতৌ, ঘটাঃ কৃতাঃ। মিত্রেণ পত্রী লিখিতা, পত্র্যৌ লিখিতে, পত্র্যঃ লিখিতাঃ।

১১৮। অকর্ম্মক ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ক্ত হয় (২), এই নিমিত্ত কর্ত্তৃবাচ্যে ক্ত-নিষ্পন্ন শব্দ কর্ত্তার বিশেষণ হয়। যথা,—স জাগরিতঃ, সা ভীতা, জলং শুষ্কম্, শিশুঃ শয়িতঃ, বৃদ্ধো মৃতঃ।

১১৯। গমনার্থক ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ক্ত হয় (২)। যথা,—স গ্রামং গতঃ, স গৃহং প্রস্থিতঃ, স বিদ্যালয়ং প্রয়াতঃ।

১২০। শী, স্থা, আস্, বস্, শ্লিষ্, জন্, জৄ, রুহ্, এই সকল ধাতু উপসর্গ-যোগে সকর্ম্মক হইলেও ইহাদের উত্তর কর্ত্তৃবাচ্যে ক্ত হয় (২)। যথা,—স

(১) ক্ষায়ো মঃ ; পচো বঃ ; শুষঃ কঃ।

(২) গত্যর্থাকর্ম্মকশ্লিষশীঙ্স্থাসবসজনরুহজীর্য্যতিভ্যশ্চ।

বিদিতঃ সমাধযৌ (কিরাত), ভুক্তা ব্রাহ্মণাঃ, পীতা গাবঃ, বিভক্তা ভ্রাতরঃ ইত্যাদি স্থলে ভাববাচ্যে ক্ত প্রত্যয় করিয়া মত্বর্থীয় 'অচ্' প্রত্যয় করিতে হইবে, অথবা বিদিত-বৃত্তান্তঃ, ভুক্তান্নাঃ, পীতোদকাঃ, বিভক্তধনাঃ এইরূপে কর্ম্মপদ অধ্যাহার করিয়া ব্যাখ্যা করিতে হইবে, অথবা ধাতুগুলির অকর্ম্মকত্ব বিবক্ষা করিতে হইবে ("প্রসিদ্ধেরবিবক্ষাতঃ কর্ম্মণোঽকর্ম্মিকা ক্রিয়া")। পূর্ব্বোক্তরূপ প্রয়োগ দেখিয়া ক্রমদীশ্বর ভোজনার্থ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যেও ক্ত প্রত্যয়ের বিধান করিয়াছেন। "গতিভুজ্যর্থাকর্ম্মকাদধিকরণে চ।"

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

গৃহমধিশয়িতঃ, স শয্যামধিষ্ঠিতঃ, মুনিরাশ্রমমধ্যাসিতঃ, স গ্রামমধ্যুষিতঃ, পিতা পুত্রমাশ্লিষ্টঃ, রামমনুজাতঃ লক্ষ্মণঃ, বিশ্বমনুজীর্ণঃ, বানরো বৃক্ষমারূঢ়ঃ।

১২১। যখন ক্তবতু ও ক্ত প্রত্যয়-নিষ্পন্ন শব্দ সমাপিকা ক্রিয়ার ন্যায় প্রযুক্ত না হইয়া, কেবল বিশেষণ-স্বরূপ প্রযুক্ত হয়, তখন বিশেষ্যের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়। যথা,—অধীতবান্ ছাত্রঃ, অধীতবন্তং ছাত্রম্, অধীতবতা ছাত্রেণ, অধীতবতে ছাত্রায় ইত্যাদি। ভীতঃ শিশুঃ, ভীতং শিশুম্, ভীতেন শিশুনা ইত্যাদি।

১২২। সকল ধাতুর উত্তর ভাববাচ্যে ক্ত হয়। ভাববাচ্যে ক্ত-নিষ্পন্ন শব্দ যখন সমাপিকা ক্রিয়ার ন্যায় ব্যবহৃত হয়, তখন সর্ব্বদাই ক্লীবলিঙ্গের প্রথমার একবচনান্ত হয় (১)। যথা,—তেন কৃতম্, তাভ্যাং কৃতম্, তৈঃ কৃতম্; ত্বয়া কৃতম্, যুবাভ্যাং কৃতম্, যুষ্মাভিঃ কৃতম্; ময়া কৃতম্, আবাভ্যাং কৃতম্, অস্মাভিঃ কৃতম্; শিশুনা রুদিতম্; তেন ভুক্তম্; ময়া জ্ঞাতম্; ত্বয়া দৃষ্টম্; কন্যয়া হসিতম্। আর যখন বিশেষ্য পদের ন্যায় ব্যবহৃত হয়, তখন তাহাদের রূপ অ-কারান্ত ক্লীবলিঙ্গ-শব্দের ন্যায় হয়। যথা,—গতম্, গতে, গতানি; কৃতম্, কৃতে, কৃতানি; রুদিতম্, রুদিতে, রুদিতানি।

অধিকরণবাচ্যেও ক্ত হয় (ক্তোঽধিকরণে চ ধ্রৌব্যগতিপ্রত্যবসানার্থেভ্যঃ)। যথা,—আসিতম্ (উপবেশন-স্থান), যাতম্ (গমনপথ), ভুক্তম্ (ভোজনস্থান)—

'মুকুন্দস্যাসিতমিদমিদং যাতং রমাপতেঃ।
ভুক্তমেতদনন্তস্যেত্যূচুর্গোপ্যো দিদৃক্ষবঃ॥'

ইচ্ছার্থক, বুদ্ধ্যর্থক ও পূজার্থক ধাতুর উত্তর বর্ত্তমানকালেও কর্ম্মবাচ্যে ক্ত হয় (২)। যথা,—রাজ্ঞাং মতঃ; সতাম্ ইষ্টঃ; বিদুষাং পূজিতঃ, বিদ্বদ্ভিঃ পূজ্যতে ইত্যর্থঃ।

Additional:—অদ্+ক্ত=জগ্ধ; দিব্+ক্ত=দ্যূত, দ্যূন। নির্-বা+ক্ত=নির্ব্বাণঃ (অগ্নিঃ); নির্ব্বাতঃ (বাতঃ)। 'অনুপসর্গাৎ ফুল্লক্ষীবকৃশোল্লাঘাঃ'; 'উৎফুল্লসংফুল্লয়োরুপসংখ্যানম্'। ফল্ প্রভৃতি ধাতু হইতে ক্ত-প্রত্যয়ে 'ফুল্ল' প্রভৃতি রূপ হয়। কিন্তু প্রফুল্ল= প্র-ফুল্ল (ফল্ ধাতু নহে)+অচ্ ('ক্ত' নহে)। অঞ্চ্+ক্ত=অঞ্চিত (পূজিত); অক্ত (গত)। ধ্বন্+ক্ত=ধ্বান্তঃ (অন্ধকার), ধ্বনিতঃ (শব্দিতঃ)।

(১) নপুংসকে ভাবে ক্তঃ। (২) মতিবুদ্ধিপূজার্থেভ্যশ্চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ক্ত্বা (Indeclinable Past Participle)

১২৩। উভয় ক্রিয়ার এক কর্ত্তা হইলে পূর্ব্বকালিক ক্রিয়া-বোধক (১) ধাতুর উত্তর ক্ত্বা হয় ; ক্ ইৎ, ত্বা থাকে।

১২৪। নিষ্ঠা প্রত্যয় পরে যে নিয়মে ইট্ হইয়া থাকে, ক্ত্বা প্রত্যয় পরেও সেই নিয়মে ইট্ হয়। যথা,—জ্ঞা জ্ঞাত্বা (knowing), ধ্যৈ ধ্যাত্বা (meditating), স্না স্নাত্বা, পা পীত্বা, স্থা স্থিত্বা, দা দত্ত্বা, ধা হিত্বা, চি চিত্বা, জি জিত্বা, শ্রি শ্রিত্বা, ক্রী ক্রীত্বা, নী নীত্বা, শ্রু শ্রুত্বা, হু হুত্বা, ভূ ভূত্বা, কৃ কৃত্বা, ধৃ ধৃত্বা, স্মৃ স্মৃত্বা, মুচ্ মুক্ত্বা, সিচ্ সিক্ত্বা, ত্যজ্ ত্যক্ত্বা, ভুজ্ ভুক্ত্বা, সৃজ্ সৃষ্ট্বা, ছিদ্ ছিত্ত্বা, ভিদ্ ভিত্ত্বা, বুধ্ বুদ্ধ্বা, ক্ষিপ্ ক্ষিপ্ত্বা, তপ্ তপ্ত্বা, লভ্ লব্ধ্বা, দৃশ্ দৃষ্ট্বা, স্পৃশ্ স্পৃষ্ট্বা, দহ্ দগ্ধ্বা, যাচ্ যাচিত্বা, গর্জ্জ্ গর্জ্জিত্বা, পঠ্ পঠিত্বা, ক্রীড়্ ক্রীড়িত্বা, পত্ পতিত্বা, ব্যথ্ ব্যথিত্বা, সেব্ সেবিত্বা, ব্যধ্ বিদ্ধ্বা, যজ্ ইষ্ট্বা, গ্রহ্ গৃহীত্বা, প্রচ্ছ্ পৃষ্ট্বা, বস্ উষিত্বা, স্বপ্ সুপ্ত্বা, গম্ গত্বা, নম্ নত্বা, মন্ মত্বা, হন্ হত্বা, বন্ধ্ বদ্ধ্বা (২)।

১২৫। ক্ত্বা প্রত্যয় পরে ইট্ হইলে ধাতুর অন্ত্য স্বরের ও উপধা লঘু স্বরের গুণ হয় (ক)। যথা,—শী শয়িত্বা, অপি অর্পয়িত্বা, কারি কারয়িত্বা, স্থাপি স্থাপয়িত্বা, শ্রাবি শ্রাবয়িত্বা, বৃৎ বর্ত্তিত্বা, নৃৎ নর্ত্তিত্বা।

১২৬। মৃড়্, মৃদ্, রুদ্, বিদ্, মুষ্ ও ক্লিশ্ ধাতুর গুণ হয় না ("মৃড়মৃদ—")। যথা,—মৃড়িত্বা, মৃদিত্বা, রুদিত্বা, বিদিত্বা, ক্লিশিত্বা (ক্লিষ্ট্বা § ১৩০)।

১২৭। মিল্, লিখ্, স্তিম্, কুপ্, ক্ষুধ্, ত্রুট্, দ্যুৎ, রুচ্, স্ফুট্, কৃশ্, তৃষ ও মৃষ্ ধাতুর বিকল্পে গুণ হয় (খ)। যথা,—মিল্ মিলিত্বা, মেলিত্বা ; লিখ্ লিখিত্বা, লেখিত্বা ; স্তিম্ স্তিমিত্বা, স্তেমিত্বা ;

---

(১) সমানকর্ত্তৃকয়োঃ পূর্ব্বকালে।

(২) অনুদাত্তোপদেশবনতিতনোত্যাদীনামনুনাসিকলোপো ঝলি ক্ঙিতি।

উভয় ক্রিয়ার এক কর্ত্তা হইলেই পূর্ব্বে যে ক্রিয়াটি সম্পন্ন হয়, সেই ক্রিয়ার ধাতুর উত্তর ক্ত্বা হয়। 'রথে চ বামনং দৃষ্ট্বা পুনর্জন্ম ন বিদ্যতে', 'পুত্রং দৃষ্ট্বা সুখং ভবতি'—এই সকল স্থলে 'স্থিতস্য জনস্য'—অধ্যাহার করিয়া ব্যাখ্যা করিতে হইবে।

(ক) ন ক্ত্বা সেট্।

(খ) রলো ব্যুপধাদ্ধলাদেঃ সংশ্চ। তৃষিমৃষিকৃষেঃ কাশ্যপস্য।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

কুপ্ কুপিত্বা, কোপিত্বা; ক্ষুধ্ ক্ষুধিত্বা, ক্ষোধিত্বা; ত্রুট্ ত্রুটিত্বা, ত্রোটিত্বা; দ্যুৎ দ্যুতিত্বা, দ্যোতিত্বা; রুচ্ রুচিত্বা, রোচিত্বা; স্ফুট্ স্ফুটিত্বা, স্ফোটিত্বা; কৃশ্ কৃশিত্বা, কর্শিত্বা; তৃষ্ তৃষিত্বা, তর্ষিত্বা; কৃষ্ কৃষিত্বা, কর্ষিত্বা।

১২৮। ক্ত্বা প্রত্যয় হইলে, জান্ত (১), থান্ত ও ফান্ত (২) ধাতুর উপধা ন-কারের বিকল্পে লোপ হয়। যথা,—ভঞ্জ্ ভক্ত্বা, ভঙ্‌ক্ত্বা; রঞ্জ্ রক্ত্বা, রঙ্‌ক্ত্বা; গ্রন্থ্ গ্রথিত্বা, গ্রন্থিত্বা; মন্থ্ মথিত্বা, মন্থিত্বা; গুম্ফ্ গুফিত্বা, গুম্ফিত্বা। জান্ত ধাতু অনিট্ না হইলে ন্-লোপ হয় না। যথা,—অঞ্জ অঞ্জিত্বা (ক)।

১২৯। ক্ত্বা প্রত্যয় পরে থাকিলে, বন্চ্ ও লুন্চ্ ধাতুর বিকল্পে ন্ লোপ হয়। যথা,—বন্চ্ বচিত্বা, বঞ্চিত্বা; লুন্চ্ লুচিত্বা, লুঞ্চিত্বা।

১৩০। ক্ত্বা প্রত্যয় হইলে, পূ (পূঙ্‌শ্চ) ও ক্লিশ্ (মৃড়মৃদ—) ধাতুর উত্তর বিকল্পে ইট্ হয়। যথা,—পূ পবিত্বা, পূত্বা; ক্লিশ্ ক্লিশিত্বা, ক্লিষ্ট্বা।

১৩১। গণ-পাঠ-কালে যে সকল ধাতু উ-কার-সংসৃষ্ট থাকে, ক্ত্বা প্রত্যয় হইলে, তাহাদের উত্তর বিকল্পে ইট্ হয় (খ)। যথা,—ক্রম্ ক্রমিত্বা, ক্রান্ত্বা; ক্ষম্ ক্ষমিত্বা, ক্ষান্ত্বা; ভ্রম্ ভ্রমিত্বা, ভ্রান্ত্বা; শম্ শমিত্বা, শান্ত্বা; দিব্ দেবিত্বা, দ্যূত্বা; সিব্ সেবিত্বা, স্যূত্বা; ইষ্ এষিত্বা, ইষ্ট্বা।

১৩২। ক্ত্বা প্রত্যয় হইলে, ত্যাগার্থক হা ধাতুর স্থানে হি হয় (গ)। যথা,—হিত্বা। ধা ধাতুর উত্তর ক্ত্বা করিলেও হিত্বা হয়।

১৩৩। নিষেধ অর্থ বুঝাইলে, অলম্ ও খলু শব্দের যোগে ধাতুর উত্তর বিকল্পে ক্ত্বা হয় (৩)। যথা,—অলং গত্বা, অলং দৃষ্ট্বা, খলু উক্ত্বা, খলু কৃত্বা, খলু ভুক্ত্বা। পক্ষে, অলং গমনেন, খলু ভোজনেন (ন ভোক্তব্যমিত্যর্থঃ) ইত্যাদি।

১৩৪। ক্ত্বা প্রত্যয়-নিষ্পন্ন শব্দ অব্যয় ও অসমাপিকা ক্রিয়া (৪)।

---

(১) জান্তনশাং বিভাষা। নশ্—নশিত্বা, নষ্ট্বা, নংষ্ট্বা।

(২) নোপধাৎ থফান্তাদ্বা।

(ক) অঞ্জ্ ধাতু বিকল্পিতেট্ বলিয়া অক্ত্বা, অঙ্‌ক্ত্বা এই দুই পদও হয়।

(খ) উদিতো বা।

(গ) জহাতেশ্চ ক্তি।

(৩) অলংখল্বোঃ প্রতিষেধয়োঃ প্রাচাং ক্ত্বা। অলং গত্বা, খলু গত্বা—Do not go.

(৪) ক্ত্বাতোসুন্‌কসুনঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ক্তিন্ (ক্তি)

১৩৫। ভাববাচ্যে ধাতুর উত্তর ক্তিন্ হয়, ক্ ও ন্ ইৎ, তি থাকে। ক্তিন্ প্রত্যয়-নিষ্পন্ন শব্দ স্ত্রীলিঙ্গ হয় (১)। যথা,—খ্যা খ্যাতিঃ (fame), গৈ গীতিঃ (song), স্থা স্থিতিঃ (state), চি চিতিঃ (collection), নী নীতিঃ, প্রী প্রীতিঃ, ভী ভীতিঃ (fear), চ্যু চ্যুতিঃ, দ্রু দ্রুতিঃ (swiftness), শ্রু শ্রুতিঃ (২), স্তু স্তুতিঃ (২) (praise), কৃ কৃতিঃ (act), ধৃ ধৃতিঃ, ভৃ ভৃতিঃ, বৃ বৃতিঃ, সৃ সৃতিঃ, স্মৃ স্মৃতিঃ, শক্ শক্তিঃ (power), মুচ্ মুক্তিঃ (release), বচ উক্তিঃ, ভজ্ ভক্তিঃ (faith), ভুজ্ ভুক্তিঃ (enjoyment), যজ্ ইষ্টিঃ (sacrifice) (২), সৃজ্ সৃষ্টিঃ (creation), বৃৎ বৃত্তিঃ, ছিদ্ ছিত্তিঃ, ভিদ্ ভিত্তিঃ, বিদ্ বিত্তিঃ (discussion), সদ্ সত্তিঃ, ঋধ্ ঋদ্ধিঃ (prosperity), বুধ্ বুদ্ধিঃ (intellect), বৃধ্ বৃদ্ধিঃ, শুধ্ শুদ্ধিঃ (purification), ক্ষণ্ ক্ষতিঃ (loss), তন্ ততিঃ (line), মন্ মতিঃ (mind), তৃপ্ তৃপ্তিঃ, দীপ্ দীপ্তিঃ (light), স্বপ্ সুপ্তিঃ (sleep), ক্রম্ ক্রান্তিঃ, ক্লম্ ক্লান্তিঃ (fatigue), ক্ষম্ ক্ষান্তিঃ (forbearance), গম্ গতিঃ, নম্ নতিঃ, ভ্রম্ ভ্রান্তিঃ (error), রম্ রতিঃ (sport), শম্ শান্তিঃ, শ্রম্ শ্রান্তিঃ (exhaustion), দৃশ্ দৃষ্টিঃ (sight), কৃষ্ কৃষ্টিঃ, রুহ্ রূঢ়িঃ (growth).

১৩৬। গ্লা, ম্লা, হা প্রভৃতি ধাতুর তি-স্থানে নি হয় (৩)। যথা,—গ্লা গ্লানিঃ (weariness), ম্লা ম্লানিঃ, হা হানিঃ (loss), লূ লূনিঃ, ধূ ধূনিঃ, কৄ কীর্ণিঃ, গৄ গীর্ণিঃ ইত্যাদি।

ণক (ণ্বুল্ *)

১৩৭। ধাতুর উত্তর কর্তৃবাচ্যে ণক হয়; ণ্ ইৎ, অক থাকে।

(১) স্ত্রিয়াং ক্তিন্।
(২) শ্রুযজীষিস্তুভ্যঃ করণে (বা)।
(৩) ঋল্বাদিভ্যঃ ক্তিন্নিষ্ঠাবদ্বাচ্যঃ। (বা)।
* পাণিনি-সূত্রের বু=অক। সূত্র—'যুবোরনাকৌ'। (যু=অন। বু=অক)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

যথা,—নী নায়কঃ (leader), শ্রু শ্রাবকঃ (hearer), পূ্ পাবকঃ (fire), কৃ কারকঃ, তৃ তারকঃ, স্মৃ (ণিচ্) স্মারকঃ (reminder), নশ্ (ণিচ্) নাশকঃ (destroyer), পচ্ পাচকঃ (cook), পঠ্ পাঠকঃ (reader), রিচ্ রেচকঃ (purgative), সিচ্ সেচকঃ, মুচ্ মোচকঃ (liberator), ক্ষিপ্ ক্ষেপকঃ, রুধ্ রোধকঃ, শুষ্ শোষকঃ, দা দায়কঃ (giver), গৈ গায়কঃ (singer), জনি জনকঃ (father), পালি পালকঃ (protector), যোজি যোজকঃ, হন্ ঘাতকঃ (slayer), বধ্ বধকঃ।†

১৩৮। নিমিত্ত অর্থ বুঝাইলে, ভবিষ্যৎ কালে ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণক হয়। যথা,—ভুজ্, ভোজকো ব্রজতি, ভোজন করিবার নিমিত্ত যাইতেছে ; পচ্, পাচকো ব্রজতি, পাক করিবার নিমিত্ত যাইতেছে।

ষক (ষ্বুন্)

১৩৯। শিল্পী বুঝাইলে, নৃত্, খন্ ও রন্জ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ষক হয় ; ষ্ ইৎ, অক থাকে (১)। যথা,—নৃৎ নর্ত্তকঃ, খন্ খনকঃ (digger). রন্জ্ ধাতুর ন্-লোপ হয়। যথা,—রজকঃ (washerman) (ক)।

ণনট্ (ণ্যুট্) ও থক (থকন্)

১৪০। শিল্পী বুঝাইলে, গৈ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণনট্ (ণ্যুট্) ও থক (থকন্) হয় ; ণ্ ট্ ইৎ, অন থাকে (২)। যথা,—গায়নঃ, গাথকঃ।

তৃন্ (তৃচ্)

১৪১। ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে তৃন্ হয় ; ন্ ইৎ, তৃ থাকে (৩)।

---

† বধ্ ধাতু ধাতুপাঠে না থাকিলেও স্বীকৃত (ভ্বাদেরাকৃতিগণত্বাৎ)।

(১) শিল্পিনি ষ্বুন্। নৃত্তিখনিরঞ্জিভ্য এব। (বার্ত্তিক)।

(ক) ভাষ্যমতে রন্জ্ + ক্বুন্ ; স্ত্রী=রজিকা (জাতি অর্থে), রজকী (পত্নী অর্থে)।

(২) গস্থকন্। ণ্যুট্ চ।

(৩) শীল, ধর্ম্ম ও সম্যক্-করণ অর্থে তৃচ্ হইয়া থাকে। (ণ্বুল্তৃচৌ।)

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

যথা,—দা দাতা (giver), পা পাতা (protector, drinker), মা মাতা (measurer), জি জেতা (conqueror), নী নেতা (leader), শ্রু শ্রোতা (hearer), কৃ কর্ত্তা, হৃ হর্ত্তা, ক্ষিপ্ ক্ষেপ্তা, সিচ্ সেক্তা, ভৃ ভর্ত্তা (husband), বিদ্ বেত্তা, বুধ্ বোদ্ধা, যুধ্ যোদ্ধা, রুধ্ রোদ্ধা, গম্ গন্তা, হন্ হন্তা (killer), লভ্ লব্ধা। স্ত্রীলিঙ্গে দাত্রী, পাত্রী ইত্যাদি।

১৪২। লুট্ বিভক্তিতে যে সকল ধাতুর উত্তর যে নিয়মে ইট্ হইয়া থাকে, তৃন্ প্রত্যয় পরে সেই সকল ধাতুর উত্তর সেই নিয়মে ইট্ হয়। যথা,—ভূ ভবিতা, বদ্ বদিতা, ফল্ ফলিতা, চল্ চলিতা, দিব্ দেবিতা, নুদ্ নোদিতা, নৃত্ নর্ত্তিতা, দীপ্ দীপিতা, সেব্ সেবিতা, কারি কারয়িতা, স্থাপি স্থাপয়িতা, জনি জনয়িতা, সূ সবিতা সোতা, স্তু স্তবিতা স্তোতা, ইষ্ এষিতা এষ্টা, শুচ্ শোচিতা শোক্তা, রুষ্ রোষিতা রোষ্টা।

অণ্

১৪৩। কর্ম্ম-বাচক পদের পরবর্ত্তী ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অণ্ হয়; ণ ইৎ, অ থাকে (১)। যথা,—কুম্ভং করোতি কুম্ভকারঃ, তন্তূন্ বয়তি তন্তুবায়ঃ (weaver), তন্ত্রং বয়তি তন্ত্রবায়ঃ (weaver). এইরূপ, সূত্রকারঃ, চাটুকারঃ (flatterer), সূত্রধারঃ (stage-manager), মালাকারঃ (florist), কর্ম্মকারঃ (blacksmith), বারিবাহঃ (cloud).

অট্ (ট, টক্)

১৪৪। দিবা প্রভৃতি কর্ম্ম-বাচক পদের পরবর্ত্তী কৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অট্ হয়; ট্ ইৎ, অ থাকে (২)। যথা,—দিবাকরঃ, বিভাকরঃ (sun), নিশাকরঃ (moon), প্রভাকরঃ, ভাস্করঃ (sun), অন্তকরঃ

(১) কর্ম্মণ্যণ্। (অণ্-প্রত্যয়ান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈপ্ হয়।) শীলিকামি-ভক্ষ্যাচরিভ্যো ণঃ। ঈক্ষিক্ষমিভ্যাং চ। সেইজন্য মাংসকামা, বহুক্ষমা ইত্যাদি স্ত্রীলিঙ্গরূপ হয়।

(২) দিবা-বিভা-নিশা-প্রভা-ভাস্কারা-ন্তা-নন্তাদি-বহু-নান্দী-কিং-লিপি-লিবি-বলি-ভক্তি-কর্ত্তৃ-চিত্র-ক্ষেত্র-সংখ্যা-জঙ্ঘা-বাহ্বহর্য্যত্তদ্ধনুররুঃষু।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

(destructive), কিঙ্করঃ (servant), লিপিকরঃ (scribe), বলিকরঃ, ভক্তিকরঃ, অহস্করঃ (sun), চিত্রকরঃ (painter), কর্ম্মকরঃ (১)।

১৪৫। হেতু ও অনুকূল অর্থ বুঝাইলে, কর্ম্ম-বাচক পদের পরবর্ত্তী কৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অট্ হয় (২)। যথা,—হেতু অর্থে—শোককরঃ (causing grief) বন্ধুনাশঃ; অর্থকরঃ যশস্করঃ বিদ্যালাভঃ; এইরূপ, ক্লেশকরঃ, ক্ষোভকরঃ, রোগকরঃ। অনুকূল অর্থে—বলকরং পুষ্টিকরম্ অন্নম্, অন্ন বল ও পুষ্টিবিষয়ে অনুকূল; এইরূপ, হিতকরঃ, প্রীতিকরঃ, মঙ্গলকরঃ।

১৪৬। পুরঃ, অগ্র, অগ্রে, অগ্রতঃ—এই কয় শব্দের পরবর্ত্তী সৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অট্ হয় (৩)। যথা,—পুরঃসরঃ, অগ্রসরঃ, অগ্রেসরঃ, অগ্রতঃসরঃ (leader).

১৪৭। অধিকরণ-বাচক পদের পরবর্ত্তী চর্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অট্ হয় (৪)। যথা,—জলে চরতি জলচরঃ (aquatic), বারিণি চরতি বারিচরঃ (fish), স্থলে চরতি স্থলচরঃ, ভুবি চরতি ভূচরঃ, বনে চরতি বনচরঃ, বনেচরঃ (forester), নিশায়াং চরতি নিশাচরঃ, পার্শ্বে চরতি পার্শ্বচরঃ, খে চরতি খচরঃ, খেচরঃ (bird). রাত্রি শব্দের পর বিকল্পে ম্ (মুম্) আগম হয়। যথা,—রাত্রৌ চরতি রাত্রিচরঃ রাত্রিঞ্চরঃ (night-rover) (৫)।

১৪৮। কর্ম্ম-বাচক পদের পরবর্ত্তী উপসর্গহীন গৈ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অট্ (টক্) হয়। যথা,—সাম গায়তি সামগঃ (A Brahmin chanting the *Sama Veda*).

১৪৯। মনুষ্য ভিন্ন কর্ত্তা হইলে, কর্ম্ম-বাচক পদের পরবর্ত্তী হন্ ধাতুর

(১) ভৃত্য প্রভৃতি অর্থ বুঝাইলে অট্ (ট) হয়; অন্যত্র অণ্ হয়,—কর্ম্মকারঃ।
(২) কৃঞো হেতুতাচ্ছীল্যানুলোম্যেষু। (তাচ্ছীল্য=স্বভাব।)
(৩) পুরোঽগ্রতোঽগ্রেষু সর্ত্তেঃ। (৪) চরেষ্টঃ।
(৫) রাত্রেঃ কৃতি বিভাষা। কখনও কখনও অধিকরণ-বাচক পদ বিভক্ত্যন্ত থাকে। যথা,—বনেচরঃ (hunter), খেচরঃ (bird) ইত্যাদি। ১৫০ সূত্রের ফুটনোট দ্রষ্টব্য।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

উত্তর কর্ত্তৃবাচ্যে অট্ (টক্) হয় এবং হন্-স্থানে ঘ্ন হয় (১)। যথা,—ত্রিদোষং হন্তি ত্রিদোষঘ্ন (corrective of the disordered state of the three humours of the body, *viz.* bile, wind and phlegm), পাপং হন্তি পাপঘ্নঃ (removing sin), পিত্তং হন্তি পিত্তঘ্নঃ (antibilious), বাতং হন্তি বাতঘ্নঃ (removing rheumatism). মনুষ্য কর্ত্তা হইলে অট্ (ট) না হইয়া ক প্রত্যয় হয় এবং তাহাতে ট্ ইৎ না থাকাতে স্ত্রীলিঙ্গে ঈপ্ হয় না। যথা,—শত্রুং হন্তি শত্রুঘ্নঃ (স্ত্রী—শত্রুঘ্না), কৃতং হন্তি কৃতঘ্নঃ (ungrateful), গাং হন্তি অস্মৈ গোঘ্নঃ (guest)। কিন্তু হস্তিঘ্নঃ নরঃ, কবাটঘ্নঃ চোরঃ ; পাণিঘঃ, রাজঘঃ টক্ প্রত্যয় দ্বারা সাধিত।

বিশেষ চিহ্ন বুঝাইতে জায়া ও পতি শব্দের উত্তর অট্ (টক্) প্রত্যয় হয় (১)। যথা,—জায়াঘ্নঃ নরঃ, পতিঘ্নী নারী [যাহার পাণিরেখা বা হাতের রেখায় পত্নী বা পতির মারক চিহ্ন আছে]।

অ (অচ্)

১৫০। পচ্ প্রভৃতি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অ হয় (২)। যথা,—পচ্ পচঃ (cook), চল্ চলঃ, সৃপ্ সর্পঃ (snake), দিব্ দেবঃ (god), চর্ চরঃ (spy) (৩), ধৃ ধরঃ (mountain).

১৫১। কর্ম্ম-বাচক পদের পরবর্ত্তী হৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অ হয়। যথা,—অংশং হরতি অংশহরঃ (sharer), ভাগং হরতি ভাগহরঃ (co-sharer), এইরূপ, রোগহরঃ (curative), দুঃখহরঃ, ক্লেশহরঃ (৪)।

১৫২। কর্ম্ম-বাচক পদের পরবর্ত্তী অর্হ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অ হয় (৫)। যথা,—পূজাম্ অর্হতি পূজার্হঃ (deserving worship), তৎ অর্হতি তদর্হঃ, সৎকারম্ অর্হতি সৎকারার্হঃ, নিন্দাম্ অর্হতি নিন্দার্হঃ (censurable).

---

(১) অমনুষ্যকর্ত্তৃকে চ। লক্ষণে জায়াপত্যোষ্টক্।

(২) নন্দিগ্রহিপচাদিভ্যো ল্যুণিন্যচঃ।

(৩) অনু, সহ প্রভৃতি অধিকরণ নয় বলিয়া (§১৪৭) অনুচর, সহচর প্রভৃতি ট-প্রত্যয়-নিষ্পন্ন নহে, অচ্-প্রত্যয়-নিষ্পন্ন। কিন্তু পচাদিগণে চরট্, দেবট্, নদট্, এইরূপ (ট্-ইৎ) পাঠ থাকাতে, ইহাদের স্ত্রীলিঙ্গে ঈ হয়।

(৪) হরতেরনুদ্যমনেঽচ্। ভারবহন অর্থে হয় না। যথা,—ভারং হরতি ভারহারঃ (bearer of a burden), এস্থলে অণ্ হইল। (৫) অর্হঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৫৩। অধিকরণ-বাচক পদের পরবর্ত্তী শী ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অ হয় (১)। যথা,—শিলায়াং শেতে শিলাশয়ঃ (sleeping on a rock), ভূমৌ শেতে ভূমিশয়ঃ, শয্যায়াং শেতে শয্যাশয়ঃ (confined to bed).

১৫৪। পার্শ্ব প্রভৃতি শব্দের পরবর্ত্তী ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অ হয় (২)। যথা,—পার্শ্বেন পার্শ্বাভ্যাং বা শেতে পার্শ্বশয়ঃ (sleeping on the side), পৃষ্ঠেন শেতে পৃষ্ঠশয়ঃ, উদরেণ শেতে উদরশয়ঃ, উত্তানঃ শেতে উত্তানশয়ঃ, অবমূর্দ্ধা শেতে অবমূর্দ্ধশয়ঃ, অধোমুখঃ শেতে ইত্যর্থঃ।

অ (ক)

১৫৫। কর্ম্ম-বাচক পদের পরবর্ত্তী আ-কারান্ত ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অ হয় এবং ধাতুর আ-কারের লোপ হয় (৩)। যথা,—অন্নং দদাতি অন্নদঃ (one who gives food), ভূমিং দদাতি ভূমিদঃ, করং দদাতি করদঃ, ধনং দদাতি ধনদঃ, জলং দদাতি জলদঃ (cloud), বারি দদাতি বারিদঃ (cloud), তনুং ত্রায়তে তনুত্রম্ (armour) (৪), ধর্ম্মং জানাতি ধর্ম্মজ্ঞঃ, রসং জানাতি রসজ্ঞঃ, সর্ব্বং জানাতি সর্ব্বজ্ঞঃ (all-knowing), নৃন্ পাতি নৃপঃ (king), ভুবং পাতি ভূপঃ, ভূমিং পাতি ভূমিপঃ (king), মধু পিবতি মধুপঃ (bee), (৫) ; সুখং প্রদদাতি—সুখপ্রদঃ (প্রে দা-জ্ঞঃ)।

১৫৬। সুবন্ত পদ বা উপসর্গের পরবর্ত্তী স্থা ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অ হয় ও ধাতুর আ-কারের লোপ হয় (৬)। যথা,—গৃহে তিষ্ঠতি গৃহস্থঃ, মধ্যে তিষ্ঠতি মধ্যস্থঃ (umpire), বনে তিষ্ঠতি বনস্থঃ, প্রকৃতৌ তিষ্ঠতি

---

(১) **অধিকরণে শেতেঃ।** গিরিশ (ভ) বৈদিক শব্দ বা গিরি+শ অস্ত্যর্থে।

(২) **পার্শ্বাদিষূপসংখ্যানম্** (বা)।

(৩) **আতোঽনুপসর্গে কঃ।** আতো লোপ ইটি চ।

(৪) অপাদানের পরবর্ত্তী ত্রৈ ধাতুর উত্তরও হয়। যথা,—আতপাৎ ত্রায়তে আতপত্রম্ (umbrella).

(৫) **আতশ্চোপসর্গে।** উপসর্গের পরবর্ত্তী আ-কারান্ত ধাতুর উত্তরও ক হয়। যথা,—বিজ্ঞঃ, অভিজ্ঞঃ, প্রদঃ, অধিপঃ (lord), ব্যাঘ্রঃ, প্রভঃ, নিভঃ (similar). 'গেহে কঃ'—গৃহ্লাতি ধান্যাদিকম্ ইতি গ্রহ্+ক=গৃহম্।

(৬) **সুপি স্থঃ।** আবার মহীধ্র (মহী—ধৃ+ক) প্রভৃতি শব্দ "মূলবিভুজাদিভ্যঃ কঃ" এই বার্ত্তিক অনুসারে সিদ্ধ।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

প্রকৃতিস্থঃ (standing in the natural state) ; এইরূপ, সুস্থঃ (well), সংস্থঃ (spy), দুঃস্থঃ (poor), উত্থঃ (standing), নিষ্ঠঃ (fixed, devoted to a thing).

অ (ড)

১৫৭। উপসর্গ বা সুবন্ত পদের পরবর্ত্তী জন্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অ হয় ও ধাতুর অ-কার ও ন-কারের লোপ হয় (১)। যথা,—সরসি জায়তে সরোজম্ (lotus), মনসি জায়তে মনোজঃ (Kama) (২), অপ্সু জায়তে অব্জম্ (lotus), অঙ্গাৎ জায়তে অঙ্গজঃ, জলে জায়তে জলজম্ (lotus), পঙ্কাৎ জায়তে পঙ্কজম্ (lotus), স্বেদাৎ জায়তে স্বেদজঃ (insect and worm), অণ্ডাৎ জায়তে অণ্ডজঃ (oviparous), জরায়োর্জায়তে জরায়ুজঃ (viviparous), সহ জায়তে সহজঃ (natural), অনু জায়তে অনুজঃ (younger brother), অগ্রে জায়তে অগ্রজঃ (elder brother), দ্বিঃ জায়তে দ্বিজঃ (a Brahmin), আত্মনো জায়তে আত্মজঃ (a son), প্র জায়তে প্রজা (subject).

১৫৮। সুবন্ত পদের পরবর্ত্তী গম্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অ হয় ও ধাতুর অ-কার ও ম-কারের লোপ হয় (৩)। যথা,—অন্তং গচ্ছতি অন্তগঃ, অধ্বানং গচ্ছতি অধ্বগঃ (traveller), দূরং গচ্ছতি দূরগঃ, পারং গচ্ছতি পারগঃ, সর্ব্বং গচ্ছতি সর্ব্বগঃ, সর্ব্বত্র গচ্ছতি সর্ব্বত্রগঃ, পন্নং পতিতং গচ্ছতি পন্নগঃ (সর্বত্রপন্নয়োরুপসংখ্যানম্), খে গচ্ছতি খগঃ (bird).

১৫৯। পত, ভুজ, ত্বরা, উরস্ ও বিহায়স্ শব্দের পরবর্ত্তী গম্ ধাতুর

(১) সপ্তম্যাং জনের্ডঃ। পঞ্চম্যামজাতৌ। উপসর্গে চ সংজ্ঞায়াম্। অন্যেষ্বপি দৃশ্যতে। পরিতঃ খাতা পরিখা (পরি-খন্+ড কর্ম্মণি)।

(২) কখনও কখনও পূর্ব্বপদ বিভক্ত্যন্ত থাকে অর্থাৎ অলুক্ সমাস হয়। যথা,—সরসিজম্, মনসিজঃ।

(৩) অন্তাত্যন্তাধ্বদূরপারসর্ব্বানন্তেষু ডঃ।

n Public domain. Digitization Muthulakshmi Research Academ

উত্তর কর্ত্তৃবাচ্যে অ হয়; পক্ষে খচ্ হয়; এই খচ্ আবার বিকল্পে ডিৎ (ডকারেৎ) হয় (১)। যথা,—পতেন (পক্ষেণ) গচ্ছতি (ড) পতগঃ, (ডিৎ-খচ্) পতঙ্গঃ, (খচ্) পতঙ্গমঃ (bird); ভুজং (বক্রং) গচ্ছতি ভুজগঃ, ভুজঙ্গঃ, ভুজঙ্গমঃ (serpent); ত্বরয়া গচ্ছতি তুরগঃ, তুরঙ্গঃ, তুরঙ্গমঃ (horse); উরসা গচ্ছতি উরগঃ (২), উরঙ্গঃ, উরঙ্গমঃ (serpent); বিহায়সা গচ্ছতি বিহগঃ, বিহঙ্গঃ, বিহঙ্গমঃ (বিহায়সো বিহ ইতি বাচ্যম্)।

১৬০। ক্লেশ ও তমস্ শব্দের পরবর্ত্তী অপ-পূর্ব্বক হন্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অ হয় এবং ধাতুর অ-কার ও ন-কারের লোপ হয় (৩)। যথা,—ক্লেশম্ অপহন্তি ক্লেশাপহঃ (removing pain), তমঃ অপহন্তি তমোপহঃ সূর্য্যঃ (sun).

অঙ্ (ক)

১৬১। যে ধাতুর উপধা-স্থলে ই, উ অথবা ঋ থাকে, তাহাদের এবং জ্ঞা ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অঙ্ হয়; ঙ্ ইৎ, অ থাকে (৪)। যথা,—বিদ্ বিদঃ (one who knows; a learned man), বুধ্ বুধঃ (a wise man), নৃৎ নৃতঃ (a dancer), জ্ঞা জ্ঞঃ (learned).

১৬২। প্রী, কৄ ও গৄ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অঙ্ হয় (৪); এবং ঈ-স্থানে ইয়্ ও ৠ-স্থানে ইর্ হয়। যথা,—প্রী প্রিয়ঃ (dear), কৄ কিরঃ, গৄ গিরঃ (one who speaks).

১৬৩। সুবন্ত পদের পরবর্ত্তী দুহ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অঙ্ (কপ্) হয়। দুহের হ্-স্থানে ঘ্ হয় (৫)। যথা,—কামং দোগ্ধি কামদুঘা ধেনুঃ।

(১) **গমশ্চ**। খচ্ প্রত্যয়ে ভুজঙ্গম, ড-ইৎ-যুক্ত খচ্ প্রত্যয়ে (**খচ্চ ডিদ্বা বক্তব্যঃ**) ভুজঙ্গ এবং ড-প্রত্যয় যোগে (**অন্যেষ্বপি দৃশ্যতে**) ভুজগ পদ সিদ্ধ।

(২) **উরসো লোপশ্চ** (বা)—স্-লোপ।

(৩) **অপে ক্লেশতমসোঃ**। সংক্ষিপ্তসারের 'ক্লেশাদেরপাৎ' সূত্রানুসারে শোকাপহঃ, ভয়াপহঃ, দুঃখাপহঃ প্রভৃতি পদও হইয়া থাকে।

(৪) **ইগুপধজ্ঞাপ্রীকিরঃ কঃ**। (৫) **দুহঃ কব্ ঘশ্চ**।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

ণিন্ (ণিনি)

১৬৪। ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণিন্ হয়; ণ্ ইৎ, ইন্ থাকে (১)। যথা,—মন্ত্র্ মন্ত্রী (minister), বদ্ বাদী (plaintiff), প্রতিবাদী (respondent), পরিবাদী (accuser), বস্ বাসী (dweller), প্রবাসী, অধিবাসী, রাধ্ অপরাধী (criminal), চর্ ব্যভিচারী, সঞ্চারী (moving), স্থা স্থায়ী (fixed), দ্বিষ্ দ্বেষী (enemy), বিদ্বেষী, রুধ্ রোধী (enemy), বিরোধী, প্রতিরোধী (opponent), দ্রুহ্ দ্রোহী (rebellious), বিদ্রোহী, কৃ অধিকারী (master), মথ্ প্রমাথী (troublesome), লষ্ অভিলাষী (desirous).

১৬৫। উপসর্গের ও সুবন্ত পদের পরবর্ত্তী ধাতুর উত্তর ব্রত, শীল ও পৌনঃপুন্য অর্থে ণিন্ হয় (২)। যথা,—ব্রত অর্থে—স্থণ্ডিলে শেতে স্থণ্ডিলশায়ী, অশ্রাদ্ধভোজী। শীল অর্থে—উষ্ণং ভুঙ্‌ক্তে উষ্ণভোজী, অনু যাতি অনুযায়ী (follower), অনু জীবতি অনুজীবী, সোমং পিবতি সোমপায়ী, অগ্রে যাতি অগ্রযায়ী, প্র মাদ্যতি প্রমাদী, সত্যং বদতি সত্যবাদী, প্রিয়ং বদতি প্রিয়বাদী (flatterer), মনো হরতি মনোহারী (agreeable), বি করোতি বিকারী, হৃদয়ং গৃহ্লাতি হৃদয়গ্রাহী, কণান্ বহতি কণবাহী, (আত্মানং) পণ্ডিতং মন্যতে পণ্ডিতমানী (৩), (আত্মানং) সুভগং মন্যতে সুভগমানী, অনু গচ্ছতি অনুগামী, সহ গচ্ছতি সহগামী। পৌনঃপুন্য অর্থে —পুনঃ পুনঃ মিথ্যা বদতি মিথ্যাবাদী, পুনঃ পুনঃ পাপং করোতি পাপকারী, পুনঃ পুনঃ কলহং করোতি কলহকারী, পুনঃ পুনঃ মিত্রায় দ্রুহ্যতি মিত্রদ্রোহী।

---

(১) সুপ্যজাতৌ ণিনিস্তাচ্ছীল্যে—তাচ্ছীল্য অর্থাৎ তাহাই স্বভাব—ইহা বুঝাইলে অজাতি-বাচক সুবন্ত উপপদের পরবর্ত্তী ধাতুর উত্তর ণিনি হয়। উপসর্গ-যোগেও ণিনি হয়। যথা,—উপজীবী, অনুযায়ী ইত্যাদি। পরিবাদী, দ্বেষী প্রভৃতি কতকগুলি শব্দ ঘিনুণ্-প্রত্যয়-নিষ্পন্ন। মন্ত্র্ প্রভৃতি কতকগুলি ধাতু গ্রহাদিগণে আছে বলিয়া তদুত্তরে ণিনি প্রত্যয় হইয়াছে। উপমানবাচক উপপদযোগেও ণিন্ প্রত্যয় হয় (কর্ত্তর্য্যুপমানে)। যথা,—সিংহনর্দ্দী, মরালগামিনী।

(২) ব্রতে। বহুলমাভীক্ষ্ণ্যে। (৩) মনঃ।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

কোথাও কোথাও তাচ্ছীল্যাদি অর্থ না বুঝাইলেও ণিন্ হয়। যথা,—সাধু করোতি সাধুকারী, ব্রহ্ম বদতি ব্রহ্মবাদী। কর্ত্তা উপমান হইলেও ণিন্ হয়। যথা,—উষ্ট্র ইব ক্রোশতি, উষ্ট্রক্রোশী; ধাঙ্‌ক্ষ ইব রৌতি, ধাঙ্‌ক্ষরাবী।

১৬৬। করণ-বাচক পদের পরবর্ত্তী যজ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অতীত কালে ণিন্ হয় (১)। যথা,—সোমেন ইষ্টবান্ সোমযাজী (one who has performed Soma-sacrifice), অগ্নিষ্টোমেন ইষ্টবান্ অগ্নিষ্টোমযাজী।

১৬৭। কর্ম্ম-বাচক পদের পরবর্ত্তী হন্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অতীত কালে ণিন্ হয় (২); হন্ ধাতুর হ্-স্থানে ঘ্ ও ন্-স্থানে ত্ হয়। যথা,—পিতরং জঘান পিতৃঘাতী (a patricide), পিতৃব্যং জঘান পিতৃব্যঘাতী, পুত্রং জঘান পুত্রঘাতী, মিত্রং জঘান মিত্রঘাতী।

১৬৮। ভবিষ্যৎ-কাল বুঝাইলে, ভূ, যা, স্থা, গম্, যুধ্ বুধ্ ও রুধ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণিন্ হয় (৩)। যথা,—ভূ ভাবী (what will be), যা যায়ী (who will go), স্থা স্থায়ী (who will stay), প্রস্থায়ী, গম্ গমী (who will go), আ-গম্ আগামী (উণাদি ইনি); বুধ্ প্রতিবোধী, যুধ্ প্রতিযোধী, রুধ্ প্রতিরোধী (who will obstruct) (ণিনি)।

ঘিনুণ্

১৬৯। যুজ্, ত্যজ্, ভজ্, রন্‌জ্, বি-পূর্ব্বক বিচ্ এবং সম্-পূর্ব্বক পৃচ্ ও সৃজ্ ধাতুর উত্তর শীলার্থে কর্ত্তৃবাচ্যে ঘিনুণ্ হয়, ঘ্ উ ণ্ ইৎ, ইন্ থাকে (৪)। যথা,—যুজ্ যোগী (devotee), ত্যজ্ ত্যাগী (one who abandons), ভজ্ ভাগী (sharer). রন্‌জ্ ধাতুর ন-লোপ হয়; যথা,—রাগী (passionate); বি-বিচ্ বিবেকী (discreet); সম্-পৃচ্ সম্পর্কী (connected); সম্-সৃজ্ সংসর্গী (an acquaintance).

(১) করণে যজঃ।
(২) কর্ম্মণি হনঃ।
(৩) ভবিষ্যতি গম্যাদয়ঃ।
(৪) সংপৃচানুরুধাঙ্ ইত্যাদি।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

শম্ প্রভৃতি ধাতুর উত্তর শীলার্থে কর্ত্তৃবাচ্যে ইন্ (ঘিনুণ্) হয় (১)। যথা,—শম্ শমী (pacific); শ্রম্ শ্রমী (laborious), পরিশ্রমী ; দম্ দমী (tamer); ক্লম্ ক্লমী (weary); ভ্রম্ ভ্রমী (going round) ; ক্ষম্ ক্ষমী ; প্রমাদী, উন্মাদী।

ইন্ (ইনি)

১৭০। নিন্দা বুঝাইলে, কর্ম্ম-বাচক পদের পরবর্ত্তী বি-পূর্ব্বক ক্রী ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অতীত কালে ইন্ হয় (২)। যথা,—মাংসং বিক্রীতবান্ মাংসবিক্রয়ী (one who has sold flesh), সুতবিক্রয়ী, তৈলবিক্রয়ী, ঘৃতবিক্রয়ী, সোমবিক্রয়ী। নিন্দা না বুঝাইলে ইন্ প্রত্যয় হয় না। যথা,—ধান্য-বিক্রায়ো বৈশ্যঃ (গোয়ীচন্দ্রঃ)।

১৭১। জি, ক্ষি, প্র-সূ, পরি-ভূ প্রভৃতি কতকগুলি ধাতুর উত্তর ইন্ (ইনি) প্রত্যয় হয় (ক)। যথা,—জি জয়ী, ক্ষি ক্ষয়ী, প্র-সূ প্রসবী (used in feminine—প্রসবিনী) ; পরি-ভূ পরিভবী (অনাদরশীলঃ) ইত্যাদি।

খশ্ (খশ্, খচ্)

১৭২। বিধু ও অরুস্ শব্দের পরবর্ত্তী তুদ্ ধাতুর এবং পর ও ললাট শব্দের পরবর্ত্তী ণিজন্ত তপ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খশ্ হয়, খ্ ঙ্ ইৎ, অ থাকে (৩)। যথা,—বিধুং তুদতি বিধুন্তুদঃ (*Rahu*), অরুস্ শব্দের স্-স্থানে ম্ হয়, অরুস্তুদতি অরুন্তুদঃ (cutting to the quick), পরং তাপয়তি পরন্তপঃ (doing injury to an enemy) (৪), ললাটং তাপয়তি ললাটন্তপঃ (scorching the forehead) (৫)।

---

(১) শমিত্যষ্টাভ্যো ঘিনুণ্—এই সূত্রে পাণিনি শমাদি আটটি ধাতুর উত্তর ঘিনুণ্ প্রত্যয় নির্দ্দেশ করিয়াছেন। শমাদি—যথা,—শম্, তম্, দম্, শ্রম্, ক্ষম্, ভ্রম্, ক্লম্ ও মদ্।

(২) কর্ম্মণীনি বিক্রিয়ঃ। (ক) জিদৃক্ষিবিশ্রীণ্ ইত্যাদি।

(৩) বিধ্বরুষোস্তুদঃ (খশ্)। অরুর্দ্বিষদজন্তস্য মুম্।

(৪) দ্বিষৎপরয়োস্তাপেঃ (খচ্)। খচি হ্রস্বঃ। দ্বিষৎ এবং পর শব্দের পরবর্ত্তী তাপি ধাতুর উত্তর খশ্ হয় এবং আ-কার-স্থানে অ-কার হয়।

(৫) অসূর্য্যললাটয়োর্দৃশিতপোঃ (খশ্)।

n Public domain. Digitization Muthulakshmi Research Academ

১৭৩। অসূর্য্য ও উগ্র শব্দের পরবর্ত্তী দৃশ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খশ্ হয় এবং দৃশ্-স্থানে পশ্য্ হয়। যথা,—অসূর্য্যম্পশ্যঃ (not looking at the sun) (১), উগ্রম্পশ্যঃ (fierce-looking) (২)।

খঙ্ (খচ্)

১৭৪। প্রিয় ও বশ শব্দের পরবর্ত্তী বদ্ ধাতুর এবং অভ্র শব্দের পরবর্ত্তী লিহ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খঙ্ হয় (৩)। যথা,—প্রিয়ংবদঃ (pleasant-speaking), বশংবদঃ (submissive), অভ্রংলিহঃ (cloud-kissing).

১৭৫। ব্রত অর্থে বাচ্ শব্দের পরবর্ত্তী যম্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খঙ্ হয় (৪)। যথা,—বাচংযমঃ (adopting the vow of silence).

পুরন্দর শব্দ খঙ্ (খচ্) প্রত্যয়ে নিপাতনে নিষ্পন্ন হয়। যথা,—পুরম্ (পুর) দারয়তি পুরন্দরঃ। (৪) (ক)

১৭৬। সর্ব্ব, কূল, অভ্র ও করীষ শব্দের পরবর্ত্তী কষ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খঙ্ হয় (৫)। যথা,—সর্ব্বঙ্কষঃ (all-destroying), কূলঙ্কষঃ (নদঃ) (sweeping away the banks), অভ্রঙ্কষঃ (পর্ব্বতঃ) (dashing against the cloud), করীষঙ্কষঃ (dispersing dry cowdung). সর্ব্ব শব্দের পর সহ্ ধাতুর উত্তরও খঙ্ (খচ্) প্রত্যয় হয়। যথা,—সর্ব্বং সহতে, সর্ব্বংসহঃ। সর্ব্বংসহা পৃথিবী। (ক)

১৭৭। কূল শব্দের পরবর্ত্তী উৎ-পূর্ব্বক রুজ্ ও বহ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খঙ্ হয় (৬)। যথা,—কূলমুদ্রুজঃ (breaking down the banks), কূলমুদ্বহঃ (carrying away the banks).

---

(১) অসূর্য্যললাটয়োর্দৃশিতপোঃ (খশ্)।
(২) উগ্রম্পশ্যেরম্মদপাণিন্ধমাশ্চ (খশ্)।
(৩) প্রিয়বশে বদঃ খচ্। বহাভ্রে লিহঃ (খশ্)।
(৪) বাচংযমপুরন্দরৌ চ। (ক) পূঃসর্ব্বয়োর্দারিসহোঃ (খচ্)।
(৫) সর্ব্বকূলাভ্রকরীষেষু কষঃ (খচ্)।
(৬) উদি কূলে রুজিবহোঃ (খশ্)।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

খ (খচ্)

১৭৮। সংজ্ঞা বুঝাইলে, বিশ্ব শব্দের পরবর্ত্তী ভৃ, পতি ও স্বয়ম্ শব্দের পরবর্ত্তী বৃ এবং বসু শব্দের পরবর্ত্তী ধৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খ হয়, খ্ ইৎ, অ থাকে (১)। যথা,—বিশ্বম্ভরো বিষ্ণুঃ (all-preserving), বিশ্বম্ভরা পৃথিবী ; পতিংবরা (a bride who chooses her husband), স্বয়ংবরা কন্যা ; বসুন্ধরা (holding riches) পৃথিবী।

খট্ (খচ্, খশ্)

১৭৯। ভয়, প্রিয়, ক্ষেম প্রভৃতি শব্দের পরবর্ত্তী কৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খট্ হয় ; খ্ ট্ ইৎ, অ থাকে (২)। যথা,—ভয়ঙ্করঃ (causing fear) (ভয়ঙ্করী, ক্ষেমঙ্করী গৌরাদিত্বাৎ), প্রিয়ঙ্করঃ (amiable), ক্ষেমঙ্করঃ (doing good), মদ্রঙ্করঃ, ঋতিঙ্করঃ, মেঘঙ্করঃ (৩)।

১৮০। স্তন শব্দের পরবর্ত্তী ধে ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খট্ (খশ্) হয় (৪)। যথা,—স্তনন্ধয়ঃ শিশুঃ, স্তনন্ধয়ী (sucking the breast) কন্যা।

খি (ইন্)

১৮১। কুক্ষি ও উদর শব্দের পরবর্ত্তী ভৃ ধাতুর উত্তর খি (ইন্) হয়, খ্ ইৎ, ই থাকে (৫)। যথা,—কুক্ষিম্ভরিঃ, উদরম্ভরিঃ (gluttonous).

খ্য (খশ্)

১৮২। আত্ম-মনন অর্থে, কর্ম্ম-বাচক পদের পরবর্ত্তী মন্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খ্য হয়, খ্ ইৎ, য থাকে (৬)। যথা,—আত্মানং পণ্ডিতং মন্যতে

---

(১) সংজ্ঞায়াং ভৃতৃবৃজিধারিসহিতপিদমঃ (খচ্)।

(২) মেঘর্ত্তিভয়েষু কৃঞঃ (খচ্)।

(৩) ক্ষেমপ্রিয়মদ্রেঽণ্ চ (খচ্)। ক্ষেম, মদ্র, প্রিয় প্রভৃতি শব্দের পরবর্ত্তী কৃ ধাতুর উত্তর পক্ষে অণ্‌ও হয়। যথা,—ক্ষেমকারঃ, মদ্রকারঃ, প্রিয়কারঃ।—'ক্ষেমকরঃ' এই পদটি 'কৃ' ধাতুর উত্তর অচ্ করিয়া 'ক্ষেমস্য করঃ' এই বাক্যে নিষ্পন্ন।

(৪) নাসিকাস্তনয়োর্ধ্মাধেটোঃ (খশ্)।

(৫) পরপৃষ্ঠায় ২ ফুটনোট দ্রষ্টব্য।

(৬) (মনঃ) আত্মমানে খশ্চ। পক্ষে ণিনি প্রত্যয়ও হয়। যথা,—পণ্ডিতমানী।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

পণ্ডিতম্মন্যঃ (fancying oneself to be learned), এইরূপ কৃতার্থম্মন্যঃ, সুভগম্মন্যঃ, ধন্যম্মন্যঃ।

ই (ইন্)

১৮৩। শকৃৎ ও স্তম্ব শব্দের পরবর্ত্তী কৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ই (ইন্) হয় (১)। যথা,—শকৃৎকরিঃ (a calf), স্তম্বকরিঃ (corn or rice).

১৮৪। ই প্রত্যয় হইয়া ফলেগ্রহি ও আত্মম্ভরি, এই দুই পদ নিপাতনে সিদ্ধ হয় (২)। যথা,—ফলানি গৃহ্লাতি ফলেগ্রহিঃ, আত্মানং বিভর্ত্তি আত্মম্ভরিঃ (selfish, greedy).

খনট্ (খ্যুন্)

১৮৫। অভূত-তদ্ভাব অর্থে, প্রিয় প্রভৃতি শব্দের পরবর্ত্তী কৃ ধাতুর উত্তর করণবাচ্যে খনট্ হয়; খ্ ও ট্ ইৎ, অন থাকে (৩)। যথা,—অপ্রিয়ঃ প্রিয়ঃ ক্রিয়তেঽনেন প্রিয়ঙ্করণম্ (gratifying), পলিতঙ্করণম্, অন্ধঙ্করণম্, স্থূলঙ্করণম্, সুভগঙ্করণম্, আঢ্যঙ্করণম্ (enriching).

খিষ্ণু (খিষ্ণুচ্) ও খুকঞ্

১৮৬। অভূত-তদ্ভাব অর্থে, প্রিয় প্রভৃতি শব্দের পরবর্ত্তী ভূ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খিষ্ণু ও খুকঞ্ হয়; খিষ্ণুর খ্ ইৎ, ইষ্ণু থাকে; খুকঞের খ্ ঞ্ ইৎ, উক থাকে (৪)। যথা,—অপ্রিয়ঃ প্রিয়ো ভবতি প্রিয়ম্ভবিষ্ণুঃ (endearing oneself); আঢ্যম্ভবিষ্ণুঃ, সুভগম্ভবিষ্ণুঃ; প্রিয়ম্ভাবুকঃ, আঢ্যম্ভাবুকঃ, সুভগম্ভাবুকঃ।

---

(১) স্তম্বশকৃতোরিন্।
(২) ফলেগ্রহিরাত্মম্ভরিশ্চ। সূত্রে চ থাকাতে কুক্ষিম্ভরিঃ ও উদরম্ভরিঃ।
(৩) আঢ্যসুভগস্থূলপলিতনগ্নান্ধপ্রিয়েষু চ্ব্যর্থেষ্বচ্বৌ কৃঞঃ করণে খ্যুন্।
(৪) কর্ত্তরি ভুবঃ খিষ্ণুচ্-খুকঞৌ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

খ্বি

১৮৭ (ক)। সুবন্ত পদের পরবর্ত্তী ভজ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে খ্বি হয়, সমুদায় ইৎ, কিছুই থাকে না (১)। যথা,—অংশং ভজতে অংশভাক্ (co-sharer), দুঃখং ভজতে দুঃখভাক্ (one who suffers pain).

বিট্

১৮৭ (খ)। অন্ন ভিন্ন খাদ্য-বাচক শব্দের এবং ক্রব্য-শব্দের পরবর্ত্তী অদ্ ধাতুর উত্তর বিট্-প্রত্যয়-যোগে ক্রব্যাৎ, বৃক্ষাৎ প্রভৃতি শব্দ নিষ্পন্ন হয় (২)। কিন্তু অন্নাদঃ (অণ্ প্রত্যয়)।

ক্বিপ্

১৮৮। সুবন্ত পদের পরবর্ত্তী ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ক্বিপ্ হয় ; সমুদায় ইৎ (৩)। যথা,—সদ্ সভাসৎ (councillor), সংসৎ (assembly), দ্যুসৎ (god), উপনিষৎ, পরিষৎ ; সূ পুত্রসূঃ, বীরসূঃ (mother of a hero), প্রসূঃ (mother) ; ভূ প্রতিভূঃ (surety) ; দ্বিষ্ ধর্ম্মদ্বিট্ (wicked), মিত্রদ্বিট্ ; বিদ্ শাস্ত্রবিৎ, ধর্ম্মবিৎ ; ভিদ্ গোত্রভিৎ (the cleaver of mountains ; Indra), মর্ম্মভিৎ (heart-rending); ছিদ্ পক্ষচ্ছিৎ, মর্ম্মচ্ছিৎ ; জি শত্রুজিৎ, ইন্দ্রজিৎ (conqueror of Indra); নী সেনানীঃ (leader of an army), গ্রামণীঃ, অগ্রণীঃ ; রাজ্ বিরাট্ (great), স্বরাট্, সম্রাট্ (emperor) ; দ্রুহ্—মিত্রধ্রুক্।

১৮৯। সু, কর্ম্মন্, পাপ, মন্ত্র ও পুণ্য শব্দের পরবর্ত্তী কৃ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে **অতীত কালে** ক্বিপ্ হয় (৪)। যথা,—সু কৃতবান্ সুকৃৎ (virtuous), কর্ম্ম কৃতবান্ কর্ম্মকৃৎ (artisan), পাপকৃৎ, মন্ত্রকৃৎ, পুণ্যকৃৎ।

১৯০। ভ্রূণ, ব্রহ্মন্ ও বৃত্র শব্দের পরবর্ত্তী হন্ ধাতুর উত্তর কর্ত্তৃ-

(১) ভজো খ্বিঃ। (২) অদোঽনন্নে ; ক্রব্যে চ।
(৩) সৎ-সূ-দ্বিষ-দ্রুহ-দুহ-যুজ-বিদ-ভিদ-চ্ছিদ-জি-নী-রাজা-মুপসর্গেঽপি ক্বিপ্। (৪) সুকর্ম্মপাপমন্ত্রপুণ্যেষু কৃঞঃ।

n Public domain. Digitization Muthulakshmi Research Academ

বাচ্যে অতীত কালে ক্বিপ্ হয় (১)। যথা,—ভ্রূণং জঘান ভ্রূণহা, ব্রহ্মহা (one who killed a Brahmin), বৃত্রহা (Indra).

১৯১। অগ্নি শব্দের পরবর্ত্তী চি ও সোম শব্দের পরবর্ত্তী সু ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অতীত কালে ক্বিপ্ হয় (২)। যথা,—অগ্নিং চিতবান্ অগ্নিচিৎ (householder), সোমং সুতবান্ সোমসুৎ (sacrificer).

ক্বিপ্ (ক্বিন্) ও ষঙ্ (কঞ্)

১৯২। উপমান-বাচক তদ্, যদ্, এতদ্, কিম্, ভবৎ, যুষ্মদ্, অস্মদ্, অদস্, ইদম্, অন্য ও সমান শব্দের পরবর্ত্তী দৃশ্ ধাতুর উত্তর কর্ম্মকর্ত্তৃবাচ্যে ক্বিপ্ ও ষঙ্ হয় (৩)। ক্বিপের সমুদায় ইৎ, ষঙের ষ্ ঙ্ ইৎ, অ থাকে।

১৯৩। ক্বিপ্ ও ষঙ্-প্রত্যয়ান্ত দৃশ্ ধাতু পরে থাকিলে, তদ্, যদ্, এতদ্, অস্মদ্, যুষ্মদ্ শব্দের দ্ লোপ ও তৎপূর্ব্ববর্ত্তী অ-স্থানে আ হয়। যথা,—স ইব দৃশ্যতে তাদৃক্ (like him), তাদৃশঃ; যাদৃক্, যাদৃশঃ; এতাদৃক্, এতাদৃশঃ; অস্মাদৃক্, অস্মাদৃশঃ; যুষ্মাদৃক্, যুষ্মাদৃশঃ (৪)।

১৯৪। ক্বিপ্ ও ষঙ্-প্রত্যয়ান্ত দৃশ্ ধাতু পরে থাকিলে, অদস্-স্থানে অমূ, ইদম্-স্থানে ঈ, কিম্-স্থানে কী, ভবৎ-স্থানে ভবা, সমান-স্থানে স ও অন্য-শব্দ-স্থানে অন্যা হয় (৫)। যথা,—অসৌ ইব দৃশ্যতে অমূদৃক্, অমূদৃশঃ; অয়মিব দৃশ্যতে ঈদৃক্, ঈদৃশঃ; ক ইব দৃশ্যতে কীদৃক্, কীদৃশঃ; ভবানিব দৃশ্যতে ভবাদৃক্, ভবাদৃশঃ; সমান ইব দৃশ্যতে সদৃক্, সদৃশঃ; অন্য ইব দৃশ্যতে অন্যাদৃক্, অন্যাদৃশঃ।

---

(১) ব্রহ্মভ্রূণবৃত্রেষু ক্বিপ্। (২) সোমে সুঞঃ; অগ্নৌ চেঃ।

(৩) ত্যদাদিষু দৃশোঽনালোচনে কঞ্চ। সমানান্যয়োশ্চেতি বাচ্যম্ (বা)।

(৪) আ সর্ব্বনাম্নঃ; অস্মদ্ ও যুষ্মদ্ শব্দের স্থানে একবচনে মদ্ ও ত্বদ্ হইলেও হয়। যথা,—মাদৃক্, মাদৃশঃ; ত্বাদৃক্, ত্বাদৃশঃ। সক্-প্রত্যয়-যোগে ত্বাদৃক্ষ, মাদৃক্ষ রূপও হয়। কঞ্ প্রত্যয় ভাষ্যমতে কর্ম্মকর্ত্তৃবাচ্যে হয়। কিন্তু অন্যমতে কর্ত্তৃবাচ্যে। সে মতে দৃশ্ ধাতুর অর্থ এই স্থানে "জ্ঞানবিষয় হওয়া"।

(৫) দৃগ্দৃশবতুষু। ইদংকিমোরীশ্কী। অদসোঽসের্দাদু দো মঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ক্বনিপ্

১৯৫। কর্ম্ম-বাচক পদের পরবর্ত্তী দৃশ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অতীত কালে ক্বনিপ্ হয়; ক্, ই ও প্ ইৎ, বন্ থাকে (১)। যথা,—পারং দৃষ্টবান্ পারদৃশ্বা (-দৃশ্বন্)। স্ত্রীলিঙ্গে—পারদৃশ্বরী ('বনো র চ')।

ইষ্ণু (ইষ্ণুচ্)

১৯৬। শীল, ধর্ম্ম ও সম্যক্-করণ অর্থে, সহ্ প্রভৃতি (২) ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ইষ্ণু হয় (৩)। যথা,—সহ্ সহিষ্ণুঃ (patient), রুচ্ রোচিষ্ণুঃ (splendid), বৃধ্ বর্দ্ধিষ্ণুঃ (thriving), অলঙ্ক্ব অলঙ্করিষ্ণুঃ (decorating), নিরা-কৃ নিরাকরিষ্ণুঃ (turning aside), প্র-জন্ প্রজনিষ্ণুঃ (producing), উদ্-পচ্ উৎপচিষ্ণুঃ, উদ্-পত্ উৎপতিষ্ণুঃ (clever in flying up), উন্মদ্ উন্মদিষ্ণুঃ, অপ-ত্রপ্ অপত্রপিষ্ণুঃ (bashful), বৃৎ বর্ত্তিষ্ণুঃ (staying), চর্ চরিষ্ণুঃ (movable), প্র-ভূ প্রভবিষ্ণুঃ (all-powerful).

স্নুক্ (গ্স্নু)

১৯৭। শীলাদি অর্থে, জি, ভূ, স্থা ও গ্লা ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে স্নুক্ হয়; ক্ ইৎ, স্নু থাকে (৪)। যথা,—জিষ্ণুঃ (victorious), ভূষ্ণুঃ (being immovable), স্থাস্নুঃ, গ্লাস্নুঃ (wearied).

ঞুক্ (উকঞ)

১৯৮। শীলাদি অর্থে, কম্ (৫) প্রভৃতি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ঞুক্ হয়; ঞ্ ইৎ, উক থাকে। যথা,—কম্ কামুকঃ (amorous), লষ্ লাষুকঃ (desiring), পত্ পাতুকঃ (falling), পদ্ পাদুকঃ (one who goes

---

(১) দৃশেঃ ক্বনিপ্।

(২) সহ্, রুচ্, বৃধ্, অলঙ্কৃ, নিরাকৃ, প্রজন্, উৎপচ্, উৎপত্, উন্মদ্, অপত্রপ্, বৃত্, চর্।

(৩) অলংকৃঞ্-নিরাকৃঞ্-প্রজনোৎপচোৎপতোন্মদরুচ্যপত্রপবৃতুবৃধুসহচরঃ ইষ্ণুচ্।

(৪) গ্লাজিস্থশ্চ গ্স্নু (বা কৃস্নু)।

(৫) লষপতপদস্থাভূবৃষহনকমগমশভ্য উকঞ্। লষ্, পত্, পদ্, স্থা, ভূ, বৃষ্, হন্, কম্, গম্, শৄ।

n Public domain. Digitization Muthulakshmi Research Academ

on foot), স্থা স্থায়ুকঃ (stationary), ভূ ভাবুকঃ (happening, being), বৃষ্ বর্ষুকঃ (rainy), গম্ গামুকঃ (going), শৄ শারুকঃ (injurious); (হন্-স্থানে ঘাত্ হয়), হন্ ঘাতুকঃ (slayer).

ক্নু

১৯৯। শীলাদি অর্থে, ত্রস্, গৃধ্, ধৃষ্ ও ক্ষিপ্ ধাতুর উত্তর কর্তৃবাচ্যে ক্নু হয়; ক্ ইৎ, নু থাকে (১)। যথা,—ত্রস্নুঃ (timid), গৃধ্নুঃ (greedy), ধৃষ্ণুঃ (bold), ক্ষিপ্নুঃ (throwing).

আলু (আলুচ্)

২০০। শীলাদি অর্থে, দয়্ (২) প্রভৃতি ধাতুর উত্তর কর্তৃবাচ্যে আলু হয়। যথা,—দয়্ দয়ালুঃ (kind), নি-দ্রা নিদ্রালুঃ (sleepy), তন্-দ্রা তন্দ্রালুঃ (drowsy), শ্রৎ-ধা শ্রদ্ধালুঃ (full of faith), গৃহি গৃহয়ালুঃ, স্পৃহি স্পৃহয়ালুঃ (desirous), পতি পতয়ালুঃ (falling), শী শয়ালুঃ (sleepy).

ঘুর (ঘুরচ্)

২০১। শীলাদি অর্থে, ভঞ্জ্, ভাস্ ও মিদ্ ধাতুর উত্তর কর্তৃবাচ্যে ঘুর হয়; ঘ্ ইৎ, উর থাকে (৩)। যথা,—ভঙ্গুরঃ (brittle), ভাস্বুরঃ (shining), মেদুরঃ (smooth, mild).

ক্বরপ

২০২। শীলাদি অর্থে, নশ্, ই, জি, সৃ ও গম্ ধাতুর উত্তর কর্তৃবাচ্যে ক্বরপ্ হয়; ক্ ও প্ ইৎ, বর থাকে (৪)। যথা,—নশ্বরঃ, ইত্বরঃ, জিত্বরঃ (victorious), সৃত্বরঃ (moving); গম্ ধাতুর ম্-স্থানে ত্ হয়। যথা,—গত্বরঃ (transitory).

---

(১) ত্রসিগৃধিধৃষিক্ষিপেঃ ক্নুঃ।

(২) স্পৃহিগৃহিপতিদয়িনিদ্রাতন্দ্রাশ্রদ্ধাভ্য আলুচ্। 'শীঙো বাচ্যঃ' (বার্ত্তিক)। দয়্, নি ও তন্-পূর্ব্বক দ্রা, শ্রৎ-পূর্ব্বক ধা, গৃহি, স্পৃহি, পতি, শী।

(৩) ভঞ্জ-ভাস-মিদো ঘুরচ্।

(৪) ইণ্-নশ্-জিসর্ত্তিভ্যঃ ক্বরপ্। গত্বরশ্চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ম্র

২০৩। শীলাদি অর্থে, নম্ প্রভৃতি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে র হয় (১)। যথা,—নম্ নম্রঃ (yielding), হিন্স্ হিংস্রঃ (injurious), স্মি স্মেরঃ (smiling), কম্প্ কম্প্রঃ (shaking), অ-জস্ অজস্রঃ (incessant), দীপ্ দীপ্রঃ (shining), কম্ কম্রঃ (কামুক)।

উ

২০৪। শীলাদি অর্থে, আ-পূর্ব্বক শন্স্, ইষ্, বিদ্ (to get), ভিক্ষ্ ও সন্নন্ত ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে উ হয় (২)। যথা,—আশংসুঃ (desirous); ইষ্-স্থানে ইচ্ছ্ হয়, ইচ্ছুঃ; বিদ্-বিন্দুঃ, ভিক্ষুঃ, জিজ্ঞাসুঃ (inquisitive), পিপাসুঃ (thirsty), বুভুক্ষুঃ (wishing to eat), চিকীর্ষুঃ (desirous of doing), বিবক্ষুঃ (wishing to speak), জিঘৃক্ষুঃ (wishing to seize), জিঘাংসুঃ (desirous of killing), তিতীর্ষুঃ (desirous of crossing), ঈপ্সুঃ (wishing to get), দিৎসুঃ (desirous of giving), লিপ্সুঃ (desirous of getting), জিগীষুঃ (wishing victory) (৩)।

বর (বরচ্)

২০৫। শীলাদি অর্থে, স্থা প্রভৃতি (৪) ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে বর হয়। যথা,—স্থা স্থাবরঃ (fixed), ঈশ্ ঈশ্বরঃ (God) (ক); ভাস্ ভাস্বরঃ (shining), যঙ্প্রত্যয়ান্ত ধাতুর উত্তরও বর (বরচ্) হয়, যঙের লোপ হয়। যথা,—যাযায়্ যাযাবরঃ (vagrant, nomadic).

উক

২০৬। শীলাদি অর্থে, জাগৃ ধাতু এবং যঙন্ত যজ্, জপ্, বদ্ ও দন্শ্

(১) নমিকম্পিস্ম্যজসকমহিংসদীপো রঃ।
(২) সনাশংসভিক্ষ উঃ। বিন্দুরিচ্ছুঃ।
(৩) ভী-ধাতুর উত্তর রু ও ক্লুকন্ হয়। যথা,—ভীরুঃ, ভীলুকঃ।
(৪) স্থেশভাসপিসকসো বরচ্। যশ্চ যঙঃ। (ক) অশ্+বরট্ করি লে স্ত্রীলিঙ্গে ঈশ্বরী হয়।

h Public domain. Digitization Muthulakshmi Research Academ

ধাতুর উত্তর উক হয় (১); যঙের লোপ হইয়া যায়। যথা,—জাগরূকঃ (watchful), যাযজূকঃ (performing sacrifices frequently), জঞ্জপূকঃ (ascetic), বাবদূকঃ (talkative), দন্দশূকঃ (biting frequently).

ইত্নু (উণাদি)

২০৭। শীলাদি অর্থে, ণিজন্ত স্তনি, মদি, পুষি, গদি ও হৃষি ধাতুর উত্তর ইত্নু হয় (২)। যথা,—স্তনয়িত্নুঃ (cloud), মদয়িত্নুঃ (wine, cupid), পোষয়িত্নুঃ (cuckoo, Brahmin), গদয়িত্নুঃ (talkative), হর্ষয়িত্নুঃ (a son, gold).

ক্মর (ক্মরচ্)

২০৮। শীলাদি অর্থে, ঘস্, অদ্ ও সৃ ধাতুর উত্তর ক্মর হয়; ক্ ইৎ, মর থাকে (৩)। যথা,—ঘস্মরঃ (রাক্ষসঃ), অদ্মরঃ (voracious), সৃমরঃ (moving).

কুর (কুরচ্)

২০৯। শীলাদি অর্থে, ছিদ্, ভিদ্ ও বিদ্ ধাতুর উত্তর কুর হয়; ক্ ইৎ, উর থাকে (৪)। যথা,—ছিদুরঃ (cutting), ভিদুরঃ (breaking), বিদুরঃ (knowing).

ত্র (ষ্ট্রন্)

২১০। করণবাচ্যে নী প্রভৃতি (৫) ধাতুর উত্তর ত্র হয়। যথা,—নীয়তে অনেন নেত্রম্ (eye), দাতি অনেন দাত্রম্ (a sickle), শসতি

(১) জাগরূকঃ। যজজপদশাং যঙঃ। (কুর্ব্বাদিগণে পাঠ হেতু বাবদূক।)
(২) "স্তনিহৃষিপুষিগদিমদিভ্যো ণেরিত্নুচ" (উণাদি)।
(৩) সৃঘস্যদঃ ক্মরচ্। (৪) বিদিভিদিচ্ছিদেঃ কুরচ্।
(৫) দাম্নীশসযুযুজস্তুতুদসিসিচমিহপতদশনহঃ করণে। দা (দাপ্), নী, শস্, যু, যুজ্, স্তু, তুদ্, সি, সিচ্, মিহ্, পত্, দন্শ্, নহ্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অনেন শস্ত্রম্, স্তৌতি অনেন স্তোত্রম্, পততি অনেন পত্রম্ (wing of a bird), দশতি অনয়া দংষ্ট্রা (a large tooth ; a fang).

ইত্র

২১১। করণবাচ্যে পূ প্রভৃতি (১) ধাতুর উত্তর ইত্র হয়। যথা,—পূয়তে অনেন পবিত্রম্ (ক), চর্ চরিত্রম্ (character), খন্ খনিত্রম্ (pick-axe), বহ্ বহিত্রম্ (উণাদি) (a boat).

কি

২১২। উপসর্গ ও অন্তর শব্দের পরবর্ত্তী দা ও ধা ধাতুর উত্তর ভাববাচ্যে কি হয় ; ক্ ইৎ, ই থাকে, এবং দা ও ধা ধাতুর আ-কারের লোপ হয় (২)। যথা,—আদিঃ, বিধিঃ (rule), নিধিঃ (treasure), সন্ধিঃ (joint), আধিঃ (mental agony), উপাধিঃ (title), অন্তর্দ্ধিঃ (disappearance).

২১৩। কর্ম্ম-বাচক পদের পরবর্ত্তী ধা ধাতুর উত্তর অধিকরণবাচ্যে কি হয় ও ধাতুর আ-কারের লোপ হয় (৩)। যথা,—জলানি ধীয়ন্তেঽস্মিন্ জলধিঃ (ocean), বারিধিঃ, পয়োধিঃ, জলনিধিঃ, বারিনিধিঃ, পয়োনিধিঃ, তোয়নিধিঃ।

ত্রিমক্ (ক্ত্রি+মপ্)

২১৪। গণ-পাঠ-কালে যে সকল ধাতু ডু-সংসৃষ্ট থাকে, তাহাদের উত্তর তন্নির্ব্বৃত্ত অর্থে ত্রিমক্ হয় ; ক্ ইৎ, ত্রিম থাকে (৪)। যথা,—কৃ ক্রিয়য়া নির্ব্বৃত্তম্ কৃত্রিমম্ (artificial). দা-স্থানে দৎ হয়, দানেন নির্ব্বৃত্তম্ দত্ত্রিমম্ (received by gift) ; পচ্ পাকেন নির্ব্বৃত্তম্ পক্ত্রিমম্ (cooked).

---

(১) অর্ত্তিলূধূসূখনসহচর ইত্রঃ। পুবঃ সংজ্ঞায়াম্। পূ, চর্, খন্, লূ, ঋ, ধূ, সূ, সহ্। (সংজ্ঞার্থে পবিত্রম্=কুশ ; তাহা হইতে গৌণার্থে বিশেষণ।)

(২) উপসর্গে ঘোঃ কিঃ। অন্তঃশব্দস্যাঙ্-কিবিধিণত্বেষূপসর্গত্বং বাচ্যম্। (বা)

(৩) কর্ম্মণ্যধিকরণে চ।

(৪) ড্বিতঃ ক্ত্রিঃ ; ক্ত্রের্ম্মপ্নিত্যম্।

n Public domain. Digitization Muthulakshmi Research Academ

অথু (অথুচ্)

২১৫। গণ-পাঠ-কালে যে সকল ধাতু টু-সংসৃষ্ট থাকে, তাহাদের উত্তর ভাববাচ্যে অথু হয় (১)। যথা,—বেপ্ বেপথুঃ (trembling), বম্ বমথুঃ (vomiting), শ্বি শ্বয়থুঃ (swelling), স্ফূর্জ্ স্ফূর্জথুঃ (thunder-sound).

অনি

২১৬। নঞের পরবর্ত্তী ধাতুর উত্তর ভাববাচ্যে আক্রোশ (curse) অর্থে অনি হয়। অনি-প্রত্যয়-নিষ্পন্ন পদ স্ত্রীলিঙ্গ (২)। যথা,—জীব্ অজীবনিঃ (death ; non-existence); জন্ অজননিঃ (cessation of birth).

অনট্ (ল্যুট্)

২৭। **বা গত্যর্থকর্ম্মণি চেষ্টায়াম্‌।** (৪)

চেষ্টা বুঝাইতে, গত্যর্থ ধাতুর কর্ম্মে বিকল্পে চতুর্থী বিভক্তি হয়। যথা,—গ্রামায় গচ্ছতি (goes to a village), ব্রজায় ব্রজতি। পক্ষে দ্বিতীয়া;

(ক) নমঃস্বস্তিস্বাহাস্বধালংবষড্‌যোগাচ্চ।

(খ) 'নমঃ-স্বস্তি' ইত্যাদি সূত্রের অলম্‌-শব্দ বলে। ('অলমিতি পর্য্যাপ্ত্যর্থগ্রহণম্‌' —বা।)

(গ) "তস্মৈ প্রভবতি—" ইত্যাদি সূত্র-নির্দ্দেশ-হেতু সমর্থার্থক ক্রিয়াযোগেও চতুর্থী হয়। সমর্থার্থক প্রভু ইত্যাদি শব্দের যোগে ষষ্ঠীও হইতে পারে—"প্রভুর্বুভূষুর্ভুবনত্রয়স্য যঃ" —শিশুপালবধম্‌।

(১) **মন্যকর্ম্মণ্যনাদরে বিভাষাঽপ্রাণিষু।**

(২) অপ্রাণিষ্বিত্যপনীয়—নৌকাকান্নশুকশৃগালবর্জ্জেষ্বিতি বাচ্যম্‌। (বা)

(৩) শৃগাল, কাক, শুক, নৌ, অন্ন।

(৪) **গত্যর্থকর্ম্মণি দ্বিতীয়াচতুর্থ্যৌ চেষ্টায়ামনধ্বনি।**

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

চেষ্টা (কায়িক ব্যাপার) না বুঝাইলে হয় না। যথা,—মনসা মথুরাং গচ্ছতি ; অধ্ব-বাচক শব্দ কর্ম্ম হইলে হয় না। যথা,—অধ্বানং গচ্ছতি, পন্থানং গচ্ছতি।

ক্রিয়ার্থোপপদস্য চ কর্ম্মণি স্থানিনঃ।

যদি কোনও তুমন্ত ক্রিয়া উহ্য থাকে, তবে সেই তুমন্ত ক্রিয়ার কর্ম্মকারকে চতুর্থী বিভক্তি হয়। যথা,—ফলেভ্যো যাতি (goes for fruits), ফলানি আহর্ত্তুং যাতীত্যর্থঃ।

তুমর্থাচ্চ ভাববচনাৎ।

ভাববাচ্যে যে সব প্রত্যয় হয়, তাহাতে যদি তুমন্ত ক্রিয়ার অর্থ থাকে, তবে সেই প্রত্যয়ান্ত শব্দের উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা,—যাগায় যাতি (goes to perform a sacrifice), যষ্টুং যাতীত্যর্থঃ।

উৎপাতেন জ্ঞাপিতে চ (বার্ত্তিক)।

উৎপাত অর্থাৎ প্রাণিসমূহের শুভাশুভসূচক পৃথিবী, আকাশ, বায়ু প্রভৃতির অবস্থাবিকৃতি দ্বারা যাহা সূচিত হয়, তাহার উত্তর চতুর্থী বিভক্তি হয়। যথা,—বাতায় কপিলা বিদ্যুৎ, আতপায়াতিলোহিনী। পীতা বর্ষায় বিজ্ঞেয়া, দুর্ভিক্ষায় সিতা ভবেৎ॥

পঞ্চমী

২৮। অপাদানে পঞ্চমী। (পা)

অপাদান কারকে পঞ্চমী বিভক্তি হয়। যথা,—অশ্বাৎ পতিতঃ, গৃহাচ্চলিতঃ, জলাদুত্থিতঃ।

২৯। ল্যব্লোপে কর্ম্মণ্যধিকরণে চ। (বা)

ল্যপ্-প্রত্যয়ান্ত ক্রিয়া-পদের অপ্রয়োগে, সেই ক্রিয়ার কর্ম্মে ও অধিকরণে পঞ্চমী বিভক্তি হয়। যথা,—প্রাসাদাৎ প্রেক্ষতে (sees from the palace), প্রাসাদমারুহ্য ইত্যর্থঃ ; আসনাদবলোকয়তি, আসনে উপবিশ্য ইত্যর্থঃ, শ্বশুরাৎ জিহ্রেতি, শ্বশুরং বীক্ষ্য ইত্যর্থঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩০। কালাধ্বনোরবধেঃ। (১)

কালপরিমাণ ও অধ্বপরিমাণ বুঝাইলে, অবধিবোধক শব্দের উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা,—কালপরিমাণ—অগ্রহায়ণাৎ পঞ্চ মাসাঃ, মাঘাৎ তৃতীয়ে মাসি, বিবাহাৎ সপ্তমে দিনে (on the seventh day from marriage); অধ্বপরিমাণ—পাটলিপুত্রাৎ শতং ক্রোশাঃ, প্রয়াগাৎ ত্রিংশৎ ক্রোশাঃ, কুরুক্ষেত্রাৎ দশ যোজনানি (ten yojanas from Kurukshetra).

৩১। নিকৃষ্টাদেকোৎকর্ষে। (২)

দুই বা বহুর মধ্যে একের উৎকর্ষ (বা অপকর্ষ) বুঝাইলে, নিকৃষ্টের (বা উৎকৃষ্টের) উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা,—ধনাৎ বিদ্যা গরীয়সী (learning is superior to riches), চৈত্রো মৈত্রাৎ বলীয়ান্ (Chaitra is stronger than Maitra), মাথুরাঃ পাটলিপুত্রকেভ্যঃ আঢ্যতরাঃ। এইরূপ,—সম্পৎ জ্ঞানাৎ লঘীয়সী। পাটলিপুত্রকাঃ মাথুরেভ্যঃ দীনতরাঃ।

৩২। মর্য্যাদাভিবিধ্যোরাযোগে। (৩)

মর্য্যাদা (সীমা বা আরম্ভ) ও অভিবিধি (ব্যাপ্তি) বুঝাইলে, আ এই অব্যয় শব্দের (কর্ম্মপ্রবচনীয়) যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা,—মর্য্যাদা—আ জন্মনঃ (from birth), আ শৈশবাৎ (from childhood), আ

---

(১) **যতশ্চাধ্বকালনির্মাণং ততঃ পঞ্চমী** (বা)। তদ্‌যুক্তাদধ্বনঃ প্রথমাসপ্তম্যৌ (বা)। কালাৎ সপ্তমী চ বক্তব্যা। (বা)।

(২) **পঞ্চমী বিভক্তে**। ভেদপ্রতীতৌ অপেক্ষাবোধকাৎ পঞ্চমী স্যাৎ।

(৩) **পঞ্চম্যপাঙ্‌-পরিভিঃ**। মর্য্যাদা ও অভিবিধিবাচক (কর্ম্মপ্রবচনীয়) আ-যোগে পঞ্চমী হয়। যথা,—আ মুক্তেঃ সংসারঃ। (আঙ্‌মর্য্যাদাবচনে।) যথা,—অপ পরি বা (with the exclusion of) হরেঃ সংসারঃ ('অপপরী বর্জ্জনে')। মর্য্যাদা ও অভিবিধি এই দুইয়ের অর্থের কিছু পার্থক্য আছে। যাহাতে পঞ্চমী হইবে, তাহাকে বাদ দিয়া **মর্য্যাদা** এবং তাহাকে লইয়া **অভিবিধি** (বিনা তেন ইতি

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

সমুদ্রাৎ, আ হিমাচলাৎ; অভিবিধি—আ বনাৎ বৃষ্টো দেবঃ (It rained everywhere in the forest), বনং ব্যাপ্য ইত্যর্থঃ; আ সকলাৎ ব্রহ্ম (Brahma pervades all things), সকলং ব্যাপ্য ইত্যর্থঃ।

৩৩। **অন্যার্থৈঃ। (১)**

অন্যার্থ শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা,—মিত্রাদন্যঃ কঃ পরিত্রাতুং সমর্থঃ (who else but a friend is able to save me), ঘটঃ পটাদিতরঃ, ইদমস্মাদ্ভিন্নম্ (it is different from this), অন্যার্থ ক্রিয়ার যোগেও হয়। যথা,—স্বর্ণং রজতাদ্ভিদ্যতে।

৩৪। **দিগ্‌দেশকালবাচিভিঃ। (১)**

দিগ্বাচক, দেশ-বাচক ও কাল-বাচক শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা,—দিগ্বাচক—পূর্ব্বো গ্রামাৎ (to the east of the village), উত্তরো গৃহাৎ; দেশ-বাচক—চৈত্রো মৈত্রাৎ পূর্ব্বদেশে (বা, পূর্ব্বঃ); কাল-বাচক—চৈত্রাৎ পূর্ব্বঃ ফাল্গুনঃ (Falgoon is prior to Chaitra), ভোজনাৎ প্রাক্ (before eating), শয়নাৎ পূর্ব্বম্, উত্থানাৎ পরতঃ, প্রস্থানাদনন্তরম্। কিন্তু অংশ (অবয়ব) বুঝাইলে ষষ্ঠী হয়। যেমন,—তস্য পরম্ (পরের অংশ) আম্রেড়িতম্, পূর্ব্বং কায়স্য।

৩৫। **বহিরারাৎপ্রভৃতিভিঃ। (১)**

বহিস্, আরাৎ ও প্রভৃতি শব্দের যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা,—গৃহাৎ বহিঃ (outside the house), গ্রামাৎ বহিঃ (outside the village), আরাৎ বনাৎ (near or away from the forest), আরাৎ উদ্যানাৎ (near or away from the garden), জন্মনঃ প্রভৃতি

মর্য্যাদা, সহ তেন ইতি অভিবিধিঃ)। যথা,—আ মুক্তেঃ সংসারঃ (মুক্তির পূর্ব্ব পর্য্যন্ত—মর্য্যাদা)। আ সকলাদ্ ব্রহ্ম (সকলকে ব্যাপিয়া—অভিবিধি)।

(১) অন্যারাদিতরর্ত্তেদিক্‌শব্দাঞ্চূত্তরপদাজাহিযুক্তে।

'দিশি দৃষ্টঃ শব্দো দিক্‌শব্দঃ। তেন সম্প্রতি দেশকালবৃত্তিনা যোগেঽপি ভবতি'—সিঃ কৌঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

(from birth), শৈশবাৎ প্রভৃতি (from childhood) (১)। আরভ্য এই অব্যয়যোগেও পঞ্চমী হয়—জন্মনঃ আরভ্য সেব্যো হরিঃ।

৩৬। আ-আহিভ্যাঞ্চ। (২)

আ ও আহি-প্রত্যয়ান্ত শব্দের যোগে (এই শব্দগুলি অব্যয়) পঞ্চমী বিভক্তি হয়। যথা,—উদ্যানাদুত্তরা গৃহম্, গৃহাদুত্তরাহি সরঃ, হিমালয়াৎ দক্ষিণা ভারতবর্ষম্, প্রয়াগাৎ দক্ষিণাহি বিন্ধ্যঃ।

৩৭। ঋতেযোগে দ্বিতীয়া চ। (২)

ঋতে শব্দের যোগে পঞ্চমী ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা,—জ্ঞানাদৃতে (without knowledge), জ্ঞানমৃতে।

৩৮। পৃথগ্বিনাভ্যাং দ্বিতীয়াতৃতীয়ে চ। (৩)

পৃথক্ ও বিনা শব্দের যোগে পঞ্চমী এবং দ্বিতীয়া ও তৃতীয়া বিভক্তি হয়। যথা,—চৈত্রাৎ পৃথক্ (different from Chaitra), চৈত্রং পৃথক্, চৈত্রেণ পৃথক্ ; শ্রমাৎ বিনা, শ্রমং বিনা, শ্রমেণ বিনা (without effort).

৩৯। স্তোককৃচ্ছ্রাল্পকতিপয়েভ্যস্তৃতীয়া চ। (৪)

স্তোক, কৃচ্ছ্র, অল্প ও কতিপয় শব্দের উত্তর (করণ-কারকের অর্থে) পঞ্চমী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা,—স্তোকান্মুক্তঃ, স্তোকেন মুক্তঃ (let off with little effort, *i. e.*, easily) ; কৃচ্ছ্রান্মুক্তঃ, কৃচ্ছ্রেণ মুক্তঃ (got free with difficulty) ; অল্পান্মুক্তঃ, অল্পেন মুক্তঃ ; কতিপয়ান্মুক্তঃ, কতিপয়েন মুক্তঃ। বিশেষণ হইলে হয় না। যথা,—স্তোকঃ পাকঃ, স্তোকং পচতি (cooks a little). দ্রব্য বুঝাইলে পঞ্চমী হয় না। যথা,—স্তোকেন বিষেণ হতঃ।

---

(১) 'কার্ত্তিক্যাঃ প্রভৃতী'তি ভাষ্যপ্রয়োগাৎ প্রভৃত্যর্থ-যোগে পঞ্চমী। 'অপপরি-বহিরঞ্চবঃ পঞ্চম্যা' ইতি সমাসবিধানাজ্জ্ঞাপকাদ্বহির্যোগে পঞ্চমী। সিঃ কৌঃ।

দ্রষ্টব্য ঃ—'করস্য করভো বহিঃ'—এস্থলে বহির্যোগে ৬ষ্ঠীর প্রয়োগ দেখা যায়। টীকাকারগণ বলেন—"'জ্ঞাপকসিদ্ধং ন সর্ব্বত্র' ইতি বহির্যোগে ষষ্ঠ্যপি।" ক্রমদীশ্বর বহির্যোগে পঞ্চমী ও ষষ্ঠী উভয় বিভক্তির বিধান করিয়াছেন—বহির্যুক্তাৎ ষষ্ঠীপঞ্চম্যৌ। কিন্তু বস্তুতঃ ইহার অন্য কারণ আছে। অবয়বাবয়বি-ভাব বর্ত্তমান থাকিলে ষষ্ঠীই হয়। যথা,—"'তস্য পরম্ আম্রেড়িতম্' ইতি নির্দ্দেশাৎ পূর্ব্বং কায়স্য" ইতি। সিঃ কৌঃ।

(২) অন্যারাদিতরর্ত্তেদিক্‌শব্দাঞ্চূত্তরপদাজাহিযুক্তে॥ "ততোঽন্যত্রাপি দৃশ্যতে"—এই বার্ত্তিকাংশবলে 'ঋতে' যোগে দ্বিতীয়াও হয়।

(৩) পৃথগ্‌বিনানানাভিস্তৃতীয়াঽন্যতরস্যাম্।

(৪) করণে চ স্তোকাল্পকৃচ্ছ্রকতিপয়স্যাসত্ত্ববচনস্য।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৪০। (১) হেতৌ। (পা)

হেতু বুঝাইলে, তদ্বোধক শব্দের উত্তর পঞ্চমী ও তৃতীয়া (১) বিভক্তি হয়। যথা,—ধনাৎ কুলম্, ধনেন কুলম্; ভয়াৎ কম্পঃ, ভয়েন কম্পঃ; হর্ষাৎ নৃত্যতি, হর্ষেণ নৃত্যতি; দুঃখাৎ রোদিতি, দুঃখেন রোদিতি।

(২) বিভাষা গুণেঽস্ত্রিয়াম্। (পা)

হেতুসূচক গুণবাচক শব্দ অস্ত্রীলিঙ্গ হইলে তাহার উত্তর বিকল্পে পঞ্চমী বিভক্তি হয়। যথা,—জাড্যাৎ জাড্যেন বা বদ্ধঃ। স্ত্রীলিঙ্গ হইলে কেবল তৃতীয়া হয়। যথা,—বুদ্ধ্যা মুক্তঃ। (ক)

প্রতিনিধি প্রতিদানে চ যস্মাত্। (পা)

প্রতিনিধি বা পরিবর্ত্ত বুঝাইতে 'প্রতি' এই অব্যয় কর্ম্মপ্রবচনীয় হয়। কর্ম্মপ্রবচনীয় প্রতি-শব্দ যাহার প্রতিনিধি বা পরিবর্ত্ত বুঝাইতে প্রযুক্ত হয়, তাহার উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা,—প্রদ্যুম্নঃ কৃষ্ণাৎ প্রতি (representative), তিলেভ্যঃ প্রতি যচ্ছতি মাষান্ (exchanges *masha* for sesamum).

ষষ্ঠী

৪১। ষষ্ঠী সম্বন্ধে। (২)

সম্বন্ধে (শেষে) ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—মম পিতা, তব পুত্রঃ, তস্য ভ্রাতা, মহিষস্য শৃঙ্গম্, গোর্দুগ্ধম্, নদ্যাঃ জলম্, বৃক্ষস্য ছায়া, অগ্নেঃ শিখা, বায়োর্বেগঃ।

---

(১) পাণিনি-ব্যাকরণে (১) সূত্রটি দ্বারা তৃতীয়ার এবং (২) সূত্রটি দ্বারা তৃতীয়া এবং পঞ্চমী উভয়ের বিধান হইয়াছে। হেতু এবং করণে প্রভেদ এই যে, কর্ত্তা হেতুর অধীন এবং করণ কর্ত্তার অধীন। অপিচ করণ শুধু ক্রিয়ার উৎপত্তি করে, কিন্তু হেতু গুণ, ক্রিয়া অথবা দ্রব্য উৎপত্তির কারণ হইলেও ক্রিয়া-সাধন-ব্যাপারে করণের ন্যায় ক্রিয়ার সহিত ঘনিষ্ঠ-সম্বন্ধযুক্ত হয় না। ('দ্রব্যাদি বিষয়ো হেতুঃ করণং নিয়তক্রিয়ম্'; 'অনাশ্রিতে তু ব্যাপারে নিমিত্তং হেতুরিষ্যতে')। নয়নেন পশ্যতি (করণ); পুণ্যেন হরিং পশ্যতি (হেতু)।

(ক) এই সূত্রটির উপর বৈয়াকরণেরা বিশেষ জোর দেন নাই, কারণ ইহার ব্যতিক্রম দেখা যায়—'বিভাষা' ইতি যোগবিভাগাৎ অগুণে স্ত্রিয়াং চ ক্বচিৎ—ধূমাৎ অগ্নিমান্; নাস্তি ঘটঃ অনুপলব্ধেঃ।—সিঃ কৌঃ।

(২) ষষ্ঠী শেষে—(কারকপ্রাতিপদিকার্থব্যতিরিক্তঃ স্বস্বামিভাবাদিসম্বন্ধঃ শেষঃ, তত্র ষষ্ঠী স্যাৎ)। কর্ম্মাদীনামপি সম্বন্ধমাত্রবিবক্ষায়াং ষষ্ঠী এব। সতাং মতম্। সর্পিষো জানীতে, মাতুঃ স্মরতি, ফলানাং তৃপ্তঃ ইত্যাদি। কারকের বা প্রাতিপদিকের অর্থ ভিন্ন

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৪২। কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতি। (পা)

কৃৎ-প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তায় ও কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—কর্ত্তায়—শিশোঃ শয়নম্, অশ্বস্য গতিঃ, তব পিপাসা, মম বুভুক্ষা (my hunger) ; কর্ম্মে—অন্নস্য পাকঃ (the cooking of rice), পয়সঃ পানম্ (the drinking of milk), সুখস্য ভোগঃ, ধনস্য দানম্, বৃক্ষস্য ছেদকঃ।

৪৩। উভয়প্রাপ্তৌ কর্ম্মণি। (পা)

(কৃদ্‌যোগে) কর্ত্তা ও কর্ম্ম উভয়ত্র (ষষ্ঠী বিভক্তির) প্রাপ্তি-সম্ভাবনা হইলে, কেবল কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—গবাং দোহো গোপেন (the milking of the cows by the cowherd), পয়সঃ পানং শিশুনা, ধনস্য দানং নৃপেণ, জলস্য শোষণং সূর্য্যেণ, অর্থস্য হরণং চৌরেণ (১)।

৪৪। ক্বচিদ্বিভাষা কর্ত্তরি।

কোনও কোনও স্থলে কর্ত্তায় বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয় (২)। যথা,—ঘটস্য কৃতিঃ কুম্ভকারেণ কুম্ভকারস্য বা, চন্দ্রস্য দিদৃক্ষা ময়া মম বা, শিষ্যস্য প্রশংসা গুরুণা গুরোর্বা, শব্দানামনুশাসনম্ আচার্য্যেণ আচার্য্যস্য বা। (ক)

৪৫। ন শত্রাদেঃ। (৩)

শতৃ, শানচ্, ক্বসু, কানচ্, স্যতৃ ও স্যমান প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী

অন্য অর্থ (যাহা সূত্রে উক্ত হয় নাই) ব্যাকরণে 'শেষ' এই নামে উক্ত হয়। শেষে ষষ্ঠী বিভক্তি হয়। অর্থাৎ যে স্থলে কোনো বিভক্তির বিধান করা এ পর্য্যন্ত হয় নাই, সেখানে শেষে (সম্বন্ধ-সামান্যে) ষষ্ঠী হইবে।

(১) স্ত্রীপ্রত্যয়য়োরকাকারয়োর্নায়ং নিয়মঃ (বা)—ভেদিকা বিভিৎসা বা রুদ্রস্য জগতঃ।

(২) শেষে বিভাষা (বা)। কাহারও মতে স্ত্রীপ্রত্যয় বিষয়ে, কাহারও মতে অন্যত্রও।

(ক) এইরূপ প্রয়োগ ক্বচিৎ দেখা যায়। তাই শিক্ষার্থীর এইরূপ প্রয়োগ না করাই ভাল। সূঃ ৪২—৪৩ অনুসারে প্রয়োগ করাই ভাল।

(৩) ন লোকাব্যয়নিষ্ঠাখলর্থতৃনাম্। লকার-স্থানীয় প্রত্যয়—শতৃ, শানচ্, ক্বসু, কানচ্ প্রভৃতি, উ, উক প্রত্যয়, অব্যয় (ক্ত্বা, ল্যপ্, তুমুন্ ও ণমুল্ ইত্যাদি), নিষ্ঠা, খলর্থ প্রত্যয় (খল্ ও অন) ও তৃন্ প্রত্যয়ের যোগে ষষ্ঠী হয় না।

দ্বিষঃ শতুর্বা—বার্ত্তিক। (শতৃ-প্রত্যয়ান্ত) দ্বিষ্ ধাতুর প্রয়োগে বিকল্পে ষষ্ঠী হয়। যথা,—মুরং দ্বিষন্, মুরস্য দ্বিষন্ (enemy)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

বিভক্তি হয় না। যথা,—শতৃ—গৃহং গচ্ছন্ (going to the house), জলং পিবন্ ; শানচ্—অন্নং ভুঞ্জানঃ, ব্যাকরণমধীয়ানঃ ; ক্বসু—ওদনং পেচিবান্, গ্রামং জগ্মিবান্ ; কানচ্—গুরুং ববন্দানঃ, শাস্ত্রং শুশ্রূষাঞ্চক্রাণঃ ; স্যতৃ—গৃহং গমিষ্যন্, বেদং পঠিষ্যন্ ; স্যমান—গুরুং সেবিষ্যমাণঃ, ধনং দাস্যমানঃ।

৪৬। ন তুমুনাদেঃ। (১)

তুমুন্, ক্ত্বা, ল্যপ্ ও ণমুল্ প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা,—তুমুন্—গৃহং গন্তুম্ (to go to the house), চন্দ্রং দ্রষ্টুম্ ; ক্ত্বা—জলং পীত্বা, গৃহীত্বা ; ল্যপ্—ব্যাকরণমধীত্য, গৃহমাগত্য (coming to the house) ; ণমুল্—গুরুং সেবং সেবম্ ; শাস্ত্রং শ্রাবং শ্রাবম্।

৪৭। নোদন্তস্য। (১)

উ-কারান্ত কৃৎ-প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা,—জলং পিপাসুঃ (desirous of drinking water), রিপূন্ জিষ্ণুঃ, শিলাং ক্ষিপ্নুঃ, বিপক্ষং নিরাকরিষ্ণুঃ, ফলং গৃহয়ালুঃ।

৪৮। নোকশীলতৃন্ভবিষ্যণ্ণিনাম্। (১)

উক, শীলার্থ তৃন্ ও ভবিষ্যদর্থ ণিন্ প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা,—উক—গৃহং গামুকঃ, জলং বর্ষুকঃ, শত্রুং ঘাতুকঃ (২) ; শীলার্থ তৃন্—ধনং দাতা, অন্নং ভোক্তা, বিপক্ষং নিরাকর্ত্তা ; ভবিষ্যদর্থ ণিন্—ধনং দায়ী, ঘৃতং ভোজী, গৃহং গামী।

৪৯। ন খলর্থানাম্। (১)

খলর্থ প্রত্যয়ের প্রয়োগে (৩) ষষ্ঠী বিভক্তি হয় না। যথা,—নৈতৎ

---

(১) ন লোকাব্যয়নিষ্ঠাখলর্থতৃনাম্। অকেনোর্ভবিষ্যদাধমর্ণ্যয়োঃ। ভবিষ্যদর্থক অক যোগেও হয় না। যথা,—ওদনং পাচকঃ ব্রজতি।

(২) (কমেরনিষেধঃ—বা)—কামুক শব্দের প্রয়োগে হয়। যথা,—ধনস্য কামুকঃ।

(৩) সু, দুর্ ও ঈষৎ শব্দের যোগে ধাতুর উত্তর যে অ (খল্) ও অন (যুচ্) হয়, তাহা দিগকে খলর্থ প্রত্যয় বলে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

সুকরং ভবতা, নৈতদ্দুষ্করং তেন, সর্ব্বমীষৎকরং সুধিয়া, ময়া সুমর্ষণঃ শত্রুঃ, ত্বয়া দুঃশাসনো রিপুঃ।

৫০। **ন নিষ্ঠায়াঃ।** (১)

নিষ্ঠা প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয় না। যথা,—ক্ত—তেন ব্যাকরণমধীতম্, ময়া জলং পীতম্, ত্বয়া চন্দ্রো দৃষ্টঃ; ক্তবতু—স গৃহং গতবান্, অহং চন্দ্রং দৃষ্টবান্, ত্বং বেদমধীতবান্।

৫১। **ক্তস্য বর্ত্তমানে।** (২)

বর্ত্তমানকালে বিহিত ক্ত-প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—রাজ্ঞাং মতঃ (liked by kings), রাজভির্ম্মন্যতে ইত্যর্থঃ; সর্ব্বেষাং জ্ঞাতম্ (known to all), সর্ব্বৈর্জ্ঞায়তে ইত্যর্থঃ; সতাং পূজিতঃ, সদ্ভিঃ পূজ্যতে ইত্যর্থঃ। সদ্ভিঃ পূজিতঃ—সদ্ভিঃ অপূজ্যত ইত্যর্থঃ।

৫২। **অধিকরণবাচিনশ্চ।** (পা)

অধিকরণকারকে বিহিত ক্ত-প্রত্যয়ের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—ইদমেষাং শয়িতম্ (this is their bed), এতদেষামাসিতম্ (this is their seat).

৫৩। **বিভাষা ভাবে।** (৩)

ভাববাচ্যবিহিত ক্ত-প্রত্যয়ের প্রয়োগে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয় (সম্বন্ধার্থে ষষ্ঠী ও কারকার্থে তৃতীয়া)। যথা,—মম স্নাতম্ (my bath), মম স্থিতম্, মম শয়িতম্, মম জাগরিতম্। পক্ষে তৃতীয়া কারকার্থে—শিশুনা সুপ্তম্ (the child has slept).

৫৪। **কৃত্যানাং কর্ত্তরি বা।** (পা)

কৃত্য-প্রত্যয়ের প্রয়োগে কর্ত্তার বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—

(১) ন লোকাব্যয়নিষ্ঠাখলর্থতৃনাম্। এই সকল নিষেধ কারকষষ্ঠী সম্বন্ধে, শেষষষ্ঠীর কোন বাধা নাই। যথা,—ব্রাহ্মণস্য কুর্ব্বন্, নরকস্য জিষ্ণুঃ।

(২) ক্তস্য চ বর্ত্তমানে। (৩) নপুংসকে ভাব উপসংখ্যানম্। (কাশিকাধৃত বার্ত্তিক)। সিদ্ধান্ত কৌমুদী মতে এখানে ষষ্ঠী হয়, কারকের অবিবক্ষায়, শেষে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

পুস্তকং তব (ত্বয়া বা) পাঠ্যম্, চন্দ্রো মম ('ময়া বা) দ্রষ্টব্যঃ, গুরুস্তস্যার্চ্চনীয়ঃ (তেন বা)।

৫৫। কর্ম্মণি জাসি-পিষ্-নিপ্রহণাং হিংসায়াম্। (১)

হিংসা অর্থ বুঝাইলে, জাসি, পিষ্ এবং নি ও প্র-পূর্ব্বক হন্ ধাতুর কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—চৌরস্য উজ্জাসয়তি (punishes a thief), শত্রোঃ পিনষ্টি (hurts the enemy), নি ও প্র ব্যস্ত, সমস্ত ও বিপর্য্যস্ত (পৃথক্, একত্র বা উল্টাপাল্টা) ভাবে থাকিলেও হয়। যথা,—নিহন্তি প্রহন্তি নিপ্রহন্তি প্রণিহন্তি বা চৌরস্য ; ব্রহ্মদ্বিষস্তে প্রণিহন্মি (ভট্টিকাব্যম্)।

৫৬। বা স্মৃত্যর্থদয়েশাং কর্ম্মণি। (২)

স্মরণার্থক ধাতু এবং দয়্ ও ঈশ্ ধাতুর কর্ম্মে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—পুত্রো মাতুঃ (মাতরং বা) স্মরতি, দাতা দরিদ্রস্য (দরিদ্রং বা) দয়তে, পিতা পুত্রস্য (পুত্রং বা) ঈষ্টে (the father is the master of the son).

৫৭। তৃপ্ত্যর্থানাং বিভাষা করণে। (৩)

তৃপ্ত্যর্থক ধাতুর করণকারকে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠানাম্ (কাষ্ঠৈঃ বা)। অপাং হি তৃপ্তায় ন বারিধারা, স্বাদুঃ সুগন্ধিঃ স্বদতে তুষারা—(নৈষধ)। পক্ষে তৃতীয়া (অদ্ভিঃ)।

৫৮। অস্তাদস্যাত্যতসুভিঃ। (৪)

অস্তাৎ, অসি, আতি ও অতসু প্রত্যয়ের যোগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—অস্তাৎ—পুরস্তাদুত্থানস্য, উপরিষ্টাৎ মঞ্চস্য ; অসি—পুরো নগরস্য, অধো বৃক্ষস্য ; আতি—উত্তরাৎ সমুদ্রস্য, দক্ষিণাৎ হিমালয়স্য ; অতসু—দক্ষিণতো গ্রামস্য, উত্তরতো গৃহস্য।

---

(১) জাসিনিপ্রহণনাটক্রাথপিষাং হিংসায়াম্।

(২) অধীগর্থদয়েশাং কর্ম্মণি।

(৩) 'পূরণ-গুণ-সুহিতার্থ' ইত্যাদিসূত্রেণ সুহিতার্থৈঃ (তৃপ্ত্যর্থৈঃ) ষষ্ঠীসমাস-নিষেধাজ্জ্ঞাপকাতৃপ্ত্যর্থধাতূনাং করণেষু শেষত্ববিবক্ষয়া ষষ্ঠী স্যাৎ।

(৪) ষষ্ঠ্যতসর্থপ্রত্যয়েন।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৫৯। কৃত্বসুসুচোঃ কালাধিকরণে। (১)

কৃত্বসুচ্ ও সুচ্ প্রত্যয়ের প্রয়োগে, কালবাচক অধিকরণে ষষ্ঠী বিভক্তি হয় (২)। যথা,—কৃত্বসুচ্—পঞ্চকৃত্বো দিবসস্যাধীতে (he reads five times a day), সপ্তকৃত্বো দিবসস্যাগচ্ছতি; সুচ্—দ্বির্দিবসস্য ভুঙ্‌ক্তে (eats twice a day), ত্রির্দিবসস্য স্বপিতি।

৬০। এনপা দ্বিতীয়া চ। (৩)

এনপ্-প্রত্যয়ান্ত শব্দের যোগে ষষ্ঠী ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা,—দক্ষিণেন বৃক্ষবাটিকায়াঃ (বৃক্ষবাটিকাং বা) সরঃ (the lake is to the south of the garden).

৬১। তুল্যার্থৈস্তৃতীয়া চ। (৪)

তুল্যার্থ শব্দের যোগে ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা,—মম তুল্যঃ (like me), ময়া তুল্যঃ; তব সমঃ, ত্বয়া সমঃ; তস্য সদৃশঃ, তেন সদৃশঃ। তুলা ও উপমা শব্দের যোগে কেবল ষষ্ঠী হয়। যথা,—তুলা উপমা বা কৃষ্ণস্য নাস্তি (৫)।

৬২। আশিষি কুশলাদিভিশ্চতুর্থী চ। (৬)

আশীর্ব্বাদ বুঝাইলে, কুশল প্রভৃতি (৭) শব্দের যোগে ষষ্ঠী ও চতুর্থী বিভক্তি হয়। যথা,—কুশলং দেবদত্তস্য ভূয়াৎ, কুশলং দেবদত্তায় ভূয়াৎ; নিরাময়ং দেবদত্তস্য ভূয়াৎ, নিরাময়ং দেবদত্তায় ভূয়াৎ; সুখং দেবদত্তস্য ভূয়াৎ, সুখং দেবদত্তায় ভূয়াৎ। আশীর্ব্বাদ না বুঝাইলে—দেবদত্তস্য নিরাময়মস্তি।

---

(১) কৃত্বোঽর্থপ্রয়োগে কালেঽধিকরণে।

(২) বোপদেব ও ক্রমদীশ্বরের মতে বিকল্পে। (৩) এনপা দ্বিতীয়া।

(৪) তুল্যার্থৈরতুলোপমাভ্যাং তৃতীয়াঽন্যতরস্যাম্।

(৫) "তুলাং যদারোহতি দণ্ডবাসসা" (কুমার); 'স্ফুটোপমং ভূতিসিতেন শম্ভুনা' (মাঘ)—এইরূপ স্থলে সহার্থে তৃতীয়া, তুলা বা উপমা শব্দের যোগে নহে।

(৬) চতুর্থী চাশিষ্যায়ুষ্যমদ্রভদ্রকুশলসুখার্থহিতৈঃ।

(৭) কুশল, ভদ্র, মদ্র, নিরাময়, হিত, সুখ, অর্থ, আয়ুষ্য ও এতদর্থক শব্দ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৬৩। দূরান্তিকার্থৈঃ পঞ্চমী চ। (১)

দূরার্থ ও অন্তিকার্থ শব্দের যোগে ষষ্ঠী ও পঞ্চমী বিভক্তি হয়। যথা,—দূরং গ্রামস্য, দূরং গ্রামাৎ। অন্তিকং নগরস্য, অন্তিকং নগরাৎ।

৬৪। নিমিত্তাদ্ধেতুপ্রয়োগে। (২)

হেতু শব্দের প্রয়োগ থাকিলে, নিমিত্তবোধক শব্দের উত্তর ষষ্ঠী বিভক্তি হয় (৩)। যথা,—অন্নস্য হেতোর্ব্বসতি, "অল্পস্য হেতোর্ব্বহু হাতুমিচ্ছন্" (রঘুবংশম্) (wishing to sacrifice a lot for the sake of a little).

৬৫। সর্ব্বনাম্নস্তৃতীয়া চ। (পা)

হেতু শব্দের প্রয়োগ থাকিলে, নিমিত্তবোধক সর্ব্বনাম শব্দের উত্তর ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয় (৪)। যথা,—কস্য হেতোঃ স আগতঃ (with what object is he come)? কেন হেতুনা স আগতঃ?

অবজ্ঞা বুঝাইলে, অবজ্ঞেয়ের উত্তর ভাবে ষষ্ঠী হয় (পক্ষে সপ্তমী)। রুদতঃ শিশোঃ মাতা জগাম (পক্ষে রুদতি শিশৌ)। সূঃ ৭৪ (সপ্তমী) দ্রঃ। অনেকস্থলে অবজ্ঞা না বুঝাইলেও ষষ্ঠী বিভক্তির প্রয়োগ দেখা যায়। প্রোঃ আপ্তে এইরূপ প্রয়োগকে genitive absolute (ভাবে ষষ্ঠী) বলিয়াছেন। যথা,—এবং গচ্ছতস্তস্য রবিরস্তং গতঃ।

সাক্ষিন্, প্রতিভূ, কুশল ইত্যাদি শব্দের যোগে ষষ্ঠী (পক্ষে সপ্তমী) হয়। যথা,—বিবাদস্য সাক্ষী (পক্ষে বিবাদে সাক্ষী)। সূঃ ৭৫ (সপ্তমী) দ্রঃ।

নির্দ্ধারণে ষষ্ঠী বিভক্তি হয়। কবীনাং কালিদাসঃ শ্রেষ্ঠঃ। সূঃ ৭৬ (সপ্তমী) দ্রঃ।

সপ্তমী

৬৬। সপ্তম্যধিকরণে চ। (পা)

অধিকরণকারকে সপ্তমী বিভক্তি হয়। যথা,—গৃহে তিষ্ঠতি, শয্যায়াং শেতে, নদ্যাং স্নাতি।

৬৭। যস্য চ ভাবেন ভাবলক্ষণম্। (পা)

যাহার ক্রিয়ার (ভাবের) কাল দ্বারা অপরের ক্রিয়ার (ভাবের) কাল

---

(১) দূরান্তিকার্থৈঃ ষষ্ঠ্যন্যতরস্যাম্। (২) ষষ্ঠী হেতুপ্রয়োগে।

(৩) বোপদেব ও ভট্টোজিদীক্ষিত এই স্থলে তৃতীয়াদি পাঁচ বিভক্তির বিধান করিয়াছেন।

(৪) নিমিত্তপর্য্যায়প্রয়োগে সর্ব্বাসাং প্রায়দর্শনম্ (বার্ত্তিক)। সর্ব্বনামস্থলে বোপদেব, ক্রমদীশ্বর ও ভট্টোজিদীক্ষিত প্রথমা প্রভৃতি সাত বিভক্তিরই বিধান করিয়াছেন।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

নিরূপিত হয়, তাহার উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা,—রবাবস্তং গতে গতঃ (He went away after the sun had set), রবেরস্তগমনসমকালং গত ইত্যর্থঃ ; বিধাবুদিতে সমাগতঃ, বিধূদয়সমকালং সমাগত ইত্যর্থঃ ; রজন্যাং প্রভাতায়াং প্রস্থিতঃ, রজনীপ্রভাতসমকালং প্রস্থিত ইত্যর্থঃ।

এখানে ক্রিয়া কর্ত্তৃপদাশ্রয়া বা কর্ম্মপদাশ্রয়া দুইই হইতে পারে। যথা,—গোষু (কর্ম্ম) দুহ্যমানাসু দেবদত্তো গতঃ।

৬৮। সাধুনিপুণাভ্যামর্চায়াম্। (১)

প্রশংসা বুঝাইলে (২), সাধু ও নিপুণ শব্দের যোগে সপ্তমী বিভক্তি হয়। নিন্দা বুঝাইলে অসাধু শব্দের যোগেও হয়। যথা,—ব্যাকরণে সাধুঃ (good in grammar), কৃষ্ণঃ মাতুলে অসাধুঃ (cruel to his maternal uncle), সাহিত্যে নিপুণঃ (proficient in literature)। প্রশংসা বা পূজা না বুঝাইলে—নিপুণো রাজ্ঞো ভৃত্যঃ। প্রতি প্রভৃতি অব্যয় শব্দের যোগেও সপ্তমী হয় না। যথা,—সাধুর্বিপ্রো মাতরং প্রতি।

৬৯। ক্তস্য সহেনিনা কর্ম্মণি। (৩)

ইনি-সহিত ক্ত-প্রত্যয়ের প্রয়োগে কর্ম্মে সপ্তমী বিভক্তি হয়। যথা,—অধীতং ব্যাকরণমনেন অধীতী ব্যাকরণে (one by whom grammar has been studied), অবকীর্ণং ব্রতমনেন অবকীর্ণী ব্রতে।

৭০। অধ্বনো ব্যবধৌ প্রথমা চ। (৪)

ব্যবধান বুঝাইলে, অধ্ব-বাচক শব্দের উত্তর সপ্তমী ও প্রথমা বিভক্তি হয়। যথা,—গ্রামো বনাৎ পঞ্চসু ক্রোশেষু পঞ্চ ক্রোশা বা, পঞ্চক্রোশব্যবধানে বিদ্যতে ইত্যর্থঃ ; প্রয়াগঃ পাটলিপুত্রাৎ দশসু যোজনেষু দশ যোজনানি বা, দশযোজনব্যবধানে বিদ্যতে ইত্যর্থঃ।

---

(১) সাধুনিপুণাভ্যামর্চ্চায়াং সপ্তম্যপ্রতেঃ। অপ্রত্যাদিভিরিতি বক্তব্যম্ (বা)—অর্থাৎ প্রতি, অনু, পরি ইত্যাদি।

(২) সাধ্বসাধুপ্রয়োগে চ। (বার্ত্তিক)।

(৩) ক্তস্যেন্বিষয়স্য কর্ম্মণ্যুপসংখ্যানম্। (বা)।

(৪) যতশ্চাধ্বকালনির্মাণং তত্র পঞ্চমী। তদ্যুক্তাদধ্বনঃ প্রথমাসপ্তম্যৌ। কালাৎ সপ্তমী চ বক্তব্যা। (বার্ত্তিক)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৭১। **প্রসিতোৎসুকাভ্যাং তৃতীয়া চ। (পা)**

প্রসিত ও উৎসুক শব্দের যোগে সপ্তমী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা,—ধনেষু প্রসিতঃ (longing for wealth), ধনৈঃ প্রসিতঃ ; বিদ্যায়ামুৎসুকঃ, বিদ্যয়োৎসুকঃ (eager for learning).

৭২। **ক্রিয়ামধ্যেঽধ্বকালাভ্যাং পঞ্চমী চ। (১)**

দুই ক্রিয়ার মধ্যবর্ত্তী অধ্ব-বাচক ও কাল-বাচক শব্দের উত্তর সপ্তমী ও পঞ্চমী বিভক্তি হয়। যথা,—অধ্ব-বাচক—অয়মিহ স্থিত্বা ক্রোশে ক্রোশাদ্বা লক্ষ্যং বিধ্যেৎ ; কাল-বাচক—অয়মদ্য ভুক্ত্বা দ্ব্যহে দ্ব্যহাদ্বা ভোক্তা (having dined to-day he will dine again after two days).

৭৩। **দূরান্তিকার্থেভ্যো দ্বিতীয়াতৃতীয়াপঞ্চম্যশ্চ। (২)**

দূরার্থ ও অন্তিকার্থ শব্দের উত্তর সপ্তমী এবং দ্বিতীয়া, তৃতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা,—দূরে গ্রামস্য, দূরং গ্রামস্য, দূরেণ গ্রামস্য, দূরাৎ গ্রামস্য (distant from the village); অন্তিকে গৃহস্য, অন্তিকং গৃহস্য, অন্তিকেন গৃহস্য, অন্তিকাৎ গৃহস্য (near the house). বিশেষণ হইলে হয় না। যথা,—দূরো গ্রামঃ, দূরঃ পন্থাঃ।

৭৪। **ষষ্ঠী চানাদরে। (পা)**

ক্রিয়া দ্বারা অবজ্ঞা বুঝাইলে, অবজ্ঞেয়ের উত্তর ভাবলক্ষণে সপ্তমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—রুদতি শিশৌ জগাম, রুদতঃ শিশোর্জগাম (went away regardless of the child weeping), রুদন্তং শিশুমনাদৃত্যেত্যর্থঃ। (৬৫ সূত্রের পর দ্রঃ)।

৭৫। **স্বামিপ্রভৃতিভিশ্চ। (৩)**

সাক্ষিন্, প্রতিভূ, কুশল, স্বামিন্, অধিপতি, প্রসূত, আযুক্ত, দায়াদ—

---

(১) সপ্তমীপঞ্চম্যৌ কারকমধ্যে। (২) দূরান্তিকার্থেভ্যো দ্বিতীয়া চ।

(৩) স্বামীশ্বরাধিপতিদায়াদসাক্ষিপ্রতিভূপ্রসূতৈশ্চ। আযুক্তকুশলাভ্যাং চাসেবায়াম্। আযুক্তঃ (employed) কুশলো বা হরিপূজনে হরিপূজনস্য বা। কিন্তু আসেবা (অর্থাৎ নিরত থাকা) অর্থ না থাকিলে শুধু সপ্তমী—আযুক্তঃ গোঃ শকটে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

এই সকল শব্দের যোগে সপ্তমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—বিবাদে সাক্ষী, বিবাদস্য সাক্ষী (witness in a quarrel); ব্যবহারে প্রতিভূঃ, ব্যবহারস্য প্রতিভূঃ; মীমাংসায়াং কুশলঃ, মীমাংসায়াঃ কুশলঃ; স্ত্রিয়াং প্রসূতঃ, স্ত্রিয়াঃ প্রসূতঃ।

৭৬। **যতশ্চ নির্দ্ধারণম্।** (পা)

জাতি, গুণ, ক্রিয়া অথবা সংজ্ঞা দ্বারা সমুদয় স্বজাতীয় হইতে একের যে পৃথক্করণ, তাহাকে নির্দ্ধারণ কহে। যাহা হইতে নির্দ্ধারণ করা যায়, তাহার উত্তর সপ্তমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—জাতি দ্বারা—মনুষ্যেষু ক্ষত্রিয়ঃ শূরঃ, মনুষ্যাণাং ক্ষত্রিয়ঃ শূরঃ; গুণ দ্বারা—গোষু কৃষ্ণা বহুক্ষীরা, গবাং কৃষ্ণা বহুক্ষীরা (among the cows the black one gives much milk); ক্রিয়া দ্বারা—অধ্বগেষু ধাবন্তঃ শীঘ্রগামিনঃ, অধ্বগানাং ধাবন্তঃ শীঘ্রগামিনঃ; সংজ্ঞা দ্বারা—ছাত্রেষু মৈত্রঃ প্রবীণঃ, ছাত্রাণাং মৈত্রঃ প্রবীণঃ।

৭৭। **নিমিত্তাৎ কর্ম্মসমবায়ে।** (১)

কর্ম্মের সহিত যোগ থাকিলে, নিমিত্তবোধক শব্দের উত্তর সপ্তমী বিভক্তি হয়। যথা,—চর্ম্মণি দ্বীপিনং হন্তি (kills the leopard for its skin), দন্তয়োর্হন্তি কুঞ্জরম্, কেশেষু চমরীং হন্তি, সীম্নি পুষ্কলকো হতঃ। নিমিত্ত পদার্থটি অচাক্ষুষ হইলে চতুর্থী (তাদর্থ্যে) বিভক্তি হয়। যথা,—মুক্তাফলায় করিণং, হরিণং পলায়, সিংহং নিহন্তি ভুজবিক্রমসূচনায়। (এই সকল স্থলে 'ক্রিয়ার্থোপপদস্য চ কর্ম্মণি স্থানিনঃ' এই সূত্র দ্বারাও নির্ব্বাহ করা যায়।)

---

(১) **নিমিত্তাৎ কর্ম্মযোগে** (পাঠান্তর—'কর্ম্মসংযোগে')। (বা)। এখানে 'যোগ' বা 'সংযোগ' শব্দের অর্থ সম্বন্ধ। এ স্থলে দুই প্রকার সম্বন্ধ অভিপ্রেত—সংযোগ সম্বন্ধ ও সমবায় সম্বন্ধ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

কারক

(Case)

৭৮। ক্রিয়ান্বয়ি কারকম্।

ক্রিয়ার সহিত যাহার অন্বয় হয়, তাহাকে কারক বলে।

৭৯। ষঠ্ কারকাণি।

অপাদান, সম্প্রদান, করণ, অধিকরণ, কর্ম্ম, কর্ত্তা—এই ছয়টি কারক (১)।

অপাদান (Ablative Case)

৮০। যতো বিশ্লেষোঽপাদানম্। (২)

যাহা হইতে বিশ্লেষ হয়, তাহাকে অপাদান কারক বলে। যথা,—অশ্বাৎ পতিতঃ, হস্তাদ্ভ্রষ্টঃ, গৃহাৎ প্রস্থিতঃ, বিদেশাৎ প্রত্যাগতঃ।

৮১। ভীত্রার্থানাং ভয়হেতুঃ। (পা)

ভয়ার্থ ও ত্রাণার্থ ধাতুর প্রয়োগে ভয়হেতু অপাদান হয়। যথা,—ভয়ার্থ—ব্যাঘ্রাদ্বিভেতি, মহিষাৎ ত্রস্যতি ; ত্রাণার্থ—আতপাৎ ত্রায়তে, ভল্লূকাদ্ রক্ষতি (protects from the bear).

৮২। হেতুরুৎপত্তেঃ। (৩)

উৎপত্তির কারণ অপাদান হয়। যথা,—বীজাদঙ্কুরো জায়তে, পিতুঃ পুত্রো জায়তে, দুগ্ধাৎ ঘৃতমুৎপদ্যতে, ধর্ম্মাৎ সুখং ভবতি, অধর্ম্মাৎ দুঃখমুদ্ভবতি।

---

(১) অপাদান-সম্প্রদান-করণাধারকর্ম্মণাম্।
কর্ত্তুশ্চান্যোঽন্যসন্দেহে পরমেকং প্রবর্ত্ততে॥ (সংক্ষিপ্তসার)

একই বাক্যমধ্যে একটি পদকে অবলম্বন করিয়া দুইটি ক্রিয়া সংযুক্ত হইলে সেই পদটির একাধিক কারক বলিয়া যদি সন্দেহ হয়, তবে অপাদানাদিক্রমে পরবর্ত্তী কারকই হইবে। যথা,—বিপ্রায় বস্ত্রং দত্ত্বা (তস্মাৎ) গৃহ্লাতি ; গৃহং প্রবিশ্য (তস্মাৎ) নিঃসরতি ; ধাবতি অশ্বঃ (তম্) পশ্য।

(২) ধ্রুবমপায়েঽপাদানম্। অপায়ে যদুদাসীনং চলং বা যদি বাচলম্। ধ্রুবমেবাতদাবেশাৎ তদপাদানমুচ্যতে॥

(৩) জনিকর্ত্তুঃ প্রকৃতিঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৮৩। **आविर्भवनभूर्भुवः।** (১)

ভূ ধাতুর প্রয়োগে আবির্ভাবভূমি অর্থাৎ যাহা হইতে প্রকাশিত হয়, তাহা অপাদান হয়। যথা,—হিমবতো গঙ্গা প্রভবতি (The Ganges rises from the Himalayas), বল্মীকাগ্রাৎ প্রভবতি ধনুঃখণ্ডমাখণ্ডলস্য (মেঘদূত), আবির্ভবতীত্যর্থঃ (ন তু জায়তে)।

৮৪। **विरामार्थानां यतो विरतिः।** (২)

যাহা হইতে বিরতি হয়, বিরামার্থক ধাতুর প্রয়োগে, উহা অপাদান হয়। যথা,—অধ্যয়নাদ্বিরমতি (desists from studying), কলহান্নিবর্ত্ততে।

৮৫। **पराजेरसह्यम्।** (৩)

পরা-পূর্ব্বক জি ধাতুর প্রয়োগে অসহ্য বিষয় অপাদান হয়। যথা,—অধ্যয়নাৎ পরাজয়তে (finds study unbearable), পাপাৎ পরাজয়তে; অধ্যয়নং পাপঞ্চ সোঢ়ুমসমর্থ ইত্যর্থঃ। অন্যত্র,—শত্রুং পরাজয়তে।

৮৬। **यस्यादर्शनमिच्छति।** (৪)

যাহার অদর্শন, অর্থাৎ যে দেখিতে না পাউক, (কর্ত্তা) এই ইচ্ছা করে, সেই বস্তু অপাদান হয়। যথা,—গুরোরন্তর্ধত্তে (conceals himself from the teacher), পিতুর্নিলীয়তে, দস্যোরন্তর্দ্ধত্তে, গুরুঃ পিতা দস্যুর্বা ন মাং পশ্যেদিতি লজ্জয়া ভয়েন বা তদ্দর্শনপথাদপসরতীত্যর্থঃ (avoids being seen by the teacher, etc.).

৮৭। **यतो जुगुप्सा तदर्थानाम्।** (২)

যাহাতে জুগুপ্সা (ঘৃণা) জন্মে, জুগুপ্সার্থক ধাতুর প্রয়োগে উহা অপাদান হয়। যথা,—পাপাজ্জুগুপ্সতে, নরকাৎ বীভৎসতে।

---

(১) ভুবঃ প্রভবঃ। (ভবনক্রিয়াকর্ত্তুরুৎপত্তিস্থলম্)।
(২) জুগুপ্সাবিরামপ্রমাদার্থানামুপসংখ্যানম্। (বা)।
(৩) পরাজেরসোঢ়ঃ।
(৪) অন্তর্ধৌ যেনাদর্শনমিচ্ছতি।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৮৮। **ত্রপার্থানাং যতস্ত্রপা।**

যাহার নিকট লজ্জিত হয়, লজ্জার্থক ধাতুর প্রয়োগে উহা অপাদান হয়। যথা,—গুরোর্লজ্জতে, পিতুস্ত্রপতে, মাতুর্জিহ্রেতি (১)।

৮৯। **অধীত্যর্থানামধ্যাপয়িতা। (২)**

অধ্যয়নার্থক ধাতুর প্রয়োগে অধ্যাপয়িতা অপাদান হয়। যথা,—উপাধ্যায়াদধীতে (learns from the preceptor), গুরোঃ পঠতি।

৯০। **বারণার্থানামীপ্সিতঃ। (পা)**

বারণার্থক ধাতুর প্রয়োগে যাহাকে বারণ করা হয়, তাহার আকাঙ্ক্ষিত পদার্থ অপাদান হয়। যথা,—অন্নেভ্যঃ কাকং বারয়তি, যবেভ্যশ্ছাগং নিষেধতি, ব্যসনাৎ (from vice) পুত্রং নিবারয়তি।

৯১। **শ্রুত্যর্থানাং শ্রাবয়িতা। (২)**

শ্রবণার্থক ধাতুর প্রয়োগে যাহার নিকট হইতে শোনে, সেই কারক অপাদান হয়। যথা,—গুরোঃ শাস্ত্রং শৃণোতি, নটাদ্গীতিমাকর্ণয়তি, কস্মাৎ শ্রুতং ভবতা, ময়া শ্রুতমিদং তাতাৎ (from my father).

৯২। **গ্রহণপ্রাপ্ত্যর্থানাং তত্স্থানম্। (২)**

গ্রহণার্থক ও প্রাপ্ত্যর্থক ধাতুর প্রয়োগে যাহা হইতে নেওয়া হয়, বা পাওয়া যায়, সেই কারক অপাদান হয়। যথা,—গ্রহণার্থক—আচার্য্যাদুপদেশং

---

(১) পাণিনি-ব্যাকরণ-মতে এই অর্থে বুদ্ধিস্থ অপায় কল্পনা করিয়া অপাদান হয়। অথবা, গুরুমবলোক্য লজ্জতে এইরূপে "ল্যব্‌লোপে" ইত্যাদি সূত্র দ্বারা পঞ্চমী হয়।

(২) আখ্যাতোপযোগে। উপযোগ শব্দের অর্থ নিয়মপূর্ব্বক বিদ্যাগ্রহণ, সেজন্য 'নটস্য গাথাং শৃণোতি' এস্থলে অপাদান হইল না। ৯১ সূত্র দ্বারা যে অপাদান সংজ্ঞা করা হইয়াছে, ভাষ্যকার-মতে তাহা "ধ্রুবম্ অপায়েঽপাদানম্"—সূত্র দ্বারাই হইয়াছে, এখানে মুখ হইতে নির্গমনরূপ অপায়ের বিবক্ষা হইয়াছে। ৯২ সূত্রেও এইরূপ। আবার কোন মতে আখ্যাতা অর্থ 'বক্তা' এবং উপযোগ অর্থ 'বাক্য-গ্রহণ' এই অর্থ সর্ব্ব-ক্ষেত্রেই প্রযোজ্য হইতে পারে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

গৃহ্লাতি, প্রজাভ্যঃ করমাদত্তে (takes revenue from the subjects); প্রাপ্ত্যর্থক—উপাধ্যায়াদ্বিদ্যাং প্রাপ্নোতি, গুরোর্জ্ঞানং লভতে।

৯৩। प्रमादार्थाना यतः प्रमादः। (১)

যে বিষয়ে প্রমাদ (কর্ত্তব্যচ্যুতি) হয়, প্রমাদার্থক ধাতুর প্রয়োগে উহা অপাদান হয়। যথা,—ধর্ম্মাৎ প্রমাদ্যতি (swerves from duty).

সম্প্রদান (Dative Case)

৯৪। यस्मै दानं सम्प्रदानम्। (২)

যাহাকে কোনও বস্তু দান করা যায়, তাহাকে সম্প্রদান কারক বলে। যথা,—দরিদ্রায় ধনং দদাতি, ভিক্ষবে ভিক্ষাং দদাতি, সর্ব্বস্বং গুরবে দদ্যাৎ।

৯৫। रुच्यर्थानां प्रीयमाणः। (পা)

রুচ্যর্থক ধাতুর প্রয়োগে যাহার কাছে রুচিকর হয়, অর্থাৎ যে প্রীত হয়, তাহা সম্প্রদান হয়। যথা,—মোদকঃ শিশবে রোচতে (The child likes sweetmeat), ইদং মহ্যং স্বদতে (I like this).

৯৬। स्पृहेरीप्सितः। (পা)

স্পৃহি ধাতুর প্রয়োগে কর্ত্তার ঈপ্সিত পদার্থ সম্প্রদান হয়। যথা,—ধনায়

(১) জুগুপ্সাবিরামপ্রমাদার্থানামুপসংখ্যানম্। (বা)।

(২) কর্ম্মণা যমভিপ্রৈতি স সম্প্রদানম্। বৃত্তিকার মতে কর্ত্তা দান-ক্রিয়ার কর্ম্মদ্বারা যাহাকে অভিপ্রেত করে, তাহাই সম্প্রদান হয়। দান শব্দের অর্থ—পুনর্ব্বার গ্রহণ না করিবার জন্য 'স্বস্বত্বনিবৃত্তিপূর্ব্বক পরস্বত্ব উৎপাদন' (দানং চাপুনর্গ্রহণায় স্বস্বত্বনিবৃত্তিপূর্ব্বকং পরস্বত্বোৎপাদনম্)। সুতরাং 'রজকস্য বস্ত্রং দদাতি' এস্থলে সম্প্রদান হইবে না। কিন্তু ভাষ্যকার-মতে দানার্থ ধাতুর প্রয়োগ থাকিলেই সম্প্রদান হইবে। যথা,—'খণ্ডিকোপাধ্যায়ঃ শিষ্যায় চপেটাং দদাতি।' তন্মতে 'রজকস্য বস্ত্রং দদাতি'—এস্থলে সম্বন্ধবিবক্ষায় ষষ্ঠী

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

স্পৃহয়তি (He longs for wealth), পুষ্পেভ্যঃ স্পৃহয়তি (He longs for flowers) (১২৩ সূত্র দ্রষ্টব্য)।

৯৭। **ধারেরুত্তমর্ণঃ।** (পা)

ধারি ধাতুর প্রয়োগে উত্তমর্ণ (যাহার কাছে ঋণ করা হয়) সম্প্রদান হয়। যথা,—স তুভ্যং শতং ধারয়তি (He owes you a hundred), ত্বং মহ্যং সহস্রং ধারয়সি।

৯৮। **ক্রিয়য়া যমভিপ্রৈতি।** (১)

কর্তা ক্রিয়া-দ্বারা যাহাকে লক্ষ্য করে অর্থাৎ যাহার প্রীতিজননাদির উদ্দেশ্যে ক্রিয়ার অনুষ্ঠান করে, তাহা সম্প্রদান (Dative of interest) হয়। যথা,—শিশবে ক্রীড়নকমানয়তি, গুরবে দক্ষিণামাহরতি, পুত্রায় চন্দ্রং দর্শয়তি, রাজ্ঞে নিবেদয়তি, স্বামিনে উপায়নং প্রেষয়তি।

তত্তদ ভূমিপতিঃ **পত্ন্যৈ** দর্শয়ন্ প্রিয়দর্শনঃ।
অপি লঙ্ঘিতমধ্বানং বুবুধে ন বুধোপমঃ॥ (রঘুবংশম্)

৯৯। **ক্রোধদ্রোহের্ষ্যাসূয়ার্থানাং যদুদ্দিশ্যঃ।** (২)

ক্রোধার্থক, দ্রোহার্থক (৩), ঈর্ষ্যার্থক (৪) ও অসূয়ার্থক (৫) ধাতুর প্রয়োগে, ক্রোধাদির বিষয়ীভূত পদার্থ (ব্যক্তি) সম্প্রদান হয়। যথা,—ভৃত্যায় ক্রুধ্যতি (is angry with his servant), শত্রবে দ্রুহ্যতি (bears hatred towards his enemy), প্রতিবেশিনে ঈর্ষ্যতি (is jealous of his neighbour), প্রতিদ্বন্দ্বিনে অসূয়তি (finds fault with his rival). (১০৭ সূত্র দ্রষ্টব্য)।

---

(১) ক্রিয়য়া যমভিপ্রৈতি সোঽপি সম্প্রদানম্। (বা)। ইহাকে চলিত কথায় ক্রিয়াযোগে চতুর্থী বলে।

(২) ক্রুধদ্রুহের্ষ্যাসূয়ার্থানাং যং প্রতি কোপঃ।

(৩) দ্রোহঃ=অনিষ্টকরণম্। (৪) ঈর্ষা=পরগুণাসহনম্।

(৫) অসূয়া=গুণেষু দোষাবিষ্করণম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১০০। প্রত্যাঙ্‌ভ্যাং শ্রুবঃ প্রবর্ত্তকঃ। (১)

প্রতি-পূর্ব্বক ও আঙ্‌-পূর্ব্বক শ্রু ধাতুর প্রয়োগে যে প্রতিজ্ঞা করায়, সে (সেই ব্যক্তি) সম্প্রদান হয়। যথা,—দরিদ্রায় ধনং প্রতিশৃণোতি আশৃণোতি বা (promises wealth to the poor after being solicited), দরিদ্রেণ মহ্যং ধনং দেহীতি প্রবর্ত্তিতঃ প্রতিজানীতে ইত্যর্থঃ (দরিদ্রের প্রার্থনামতে তাহাকে ধন দিবে বলিয়া প্রতিজ্ঞা করে)।

করণ (Instrumental Case)

১০১। সাধকতমং করণম্। (পা)

ক্রিয়ানিষ্পত্তির যে সর্ব্বপ্রধান সহায়ক, তাহাকে করণকারক বলে।

(ক্রিয়ায়াঃ পরিনিষ্পত্তির্যদ্‌ব্যাপারাদনন্তরম্।
বিবক্ষ্যতে যদা যত্র করণং তৎ তদা স্মৃতম্॥)

যথা,—চক্ষুষা পশ্যতি (sees with the eye), কর্ণেন শৃণোতি, হস্তেন গৃহ্লাতি, দাত্রেণ লুনাতি, যষ্ট্যা প্রহরতি, শরেণ বিধ্যতি, বস্ত্রেণ আচ্ছাদয়তি। অভেদ সম্বন্ধেও করণ হয়। যথা,—ধান্যেন ধনবান্। পথ-বাচক এবং যান-বাহন-ইত্যাদি-বাচক শব্দ করণ হয়। যথা,—পথা গচ্ছতি; রথেন সঞ্চরতে।

অধিকরণ (Locative Case)

১০২। আধারোঽধিকরণম্। (পা)

কর্ত্তা ও কর্ম্মের উদ্দিষ্ট ক্রিয়ার যে আধার, তাহাকে অধিকরণকারক বলে। আধার ত্রিবিধ—ঐকদেশিক, বৈষয়িক, অভিব্যাপক। যথা,—ঐকদেশিক—বনে বসতি, বনৈকদেশে ইত্যর্থঃ; নদ্যাং স্নাতি, নদ্যা এক-দেশে ইত্যর্থঃ; গৃহে স্বপিতি, গৃহৈকদেশে ইত্যর্থঃ; শয্যায়াং শিশুং শায়য়তি, শয্যৈকদেশে ইত্যর্থঃ। বৈষয়িক—জলে ইচ্ছা, জলবিষয়ে ইত্যর্থঃ; বিদ্যায়ামনুরাগঃ, বিদ্যাবিষয়ে ইত্যর্থঃ। অভিব্যাপক—দুগ্ধে মাধুর্য্যমস্তি, দুগ্ধস্য সর্ব্বানবয়বান্ ব্যাপ্য ইত্যর্থঃ, তিলেষু তৈলমস্তি, তিলানাং সর্ব্বানবয়বান্ ব্যাপ্যেত্যর্থঃ; বহ্নৌ দাহিকাশক্তিরস্তি, বহ্নেঃ সর্ব্বানবয়বান্ ব্যাপ্যেত্যর্থঃ।

নদ্যাম্ আস্তে—এখানে নদ্যাম্=নদীসমীপে। কেহ কেহ ইহাকে সামীপ্যিক অধিকরণ বলেন। কাহারও মতে লক্ষণা দ্বারা সামীপ্য বুঝায়। শ্বস্ ধাতুর অর্থ—নিশ্বাস

(১) প্রত্যাঙ্‌ভ্যাং শ্রুবঃ পূর্ব্বস্য কর্ত্তা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ফেলা, জীবনধারণ করা (to breathe). ধাতুটি অকর্ম্মক। বি-শ্বস্ ধাতুর অর্থ—বিশ্বাস স্থাপন করা।—এ অর্থেও অকর্ম্মক। বি-শ্বস্ ধাতুর আবার স্বভাবতঃই অধিকরণ হইবে। যথা,—'ন বিশ্বসেদবিশ্বস্তে'। স্নিহ্ ধাতুর অর্থ—প্রীতি অনুভব করা।—ঐ ধাতুও অকর্ম্মক। প্রীতির পাত্রও স্বভাবতঃই অধিকরণ হইবে। যথা,—মাতা পুত্রে স্নিহ্যতি। যাহাতে কোন কিছু সঙ্গত বা সম্ভব হয় এবং যাহার প্রতি কেহ প্রসন্ন হয় তাহাও অধিকরণ হয়। নৈতদ্ ত্বয়ি উপপদ্যতে, এতৎ ত্বয়ি সম্ভাব্যতে, ময়ি প্রসীদ। সম্প্রদানের অবিবক্ষা থাকিলে দানের পাত্রও অধিকরণ হয়। যথা,—মা প্রযচ্ছেশ্বরে ধনম্ (মহাভারতম্)। সমমব্রাহ্মণে দানম্ (মনুসংহিতা)।

দ্রষ্টব্য।—চৌরো **হস্তে** ধৃতঃ, 'গৃহীত ইব **কেশেষু** মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ' ইত্যাদি স্থলে **অবচ্ছেদে** ৭মী বলা হয়। উহা ঐকদেশিকেরই অন্তর্গত।

কর্ম্ম (Accusative Case)

১০৩। ক্রিয়যাক্রান্তং কর্ম্ম। (১)

কর্ত্তা ক্রিয়া দ্বারা যাহা অবলম্বন (অর্থাৎ ইচ্ছা) করে, তাহাকে কর্ম্ম-কারক বলে। যথা,—গৃহং প্রবিশতি, চন্দ্রং পশ্যতি, গ্রামং গচ্ছতি, অন্নং ভুঙ্‌ক্তে, জলং পিবতি, পুষ্পং চিনোতি, বস্ত্রং দদাতি, বেদমধীতে, বৃক্ষমারোহতি, শাখাং ছিনত্তি, কাষ্ঠং ভিনত্তি।

১০৪। অধিশীঙ্‌স্থাসামধিকরণম্। (২)

অধি-পূর্ব্বক শী, স্থা, আস্ ধাতুর অধিকরণকারক কর্ম্ম-সংজ্ঞা প্রাপ্ত হয়। যথা,—শয্যামধিশেতে, গৃহমধিতিষ্ঠতি, গ্রামমধ্যাস্তে।

১০৫। উপান্বধ্যাঙ্ বসঃ। (পা)

উপ, অনু, অধি ও আঙ্-পূর্ব্বক বস্ ধাতুর অধিকরণকারক কর্ম্ম-সংজ্ঞা প্রাপ্ত হয়। যথা,—গ্রামমুপবসতি (lives in the village) (৩), গৃহমনুবসতি, নগরমধিবসতি, গুরোরালয়মাবসতি।

১০৬। অভিনিবিশো বিভাষা। (৪)

অভি-নি-পূর্ব্বক বিশ্ ধাতুর অধিকরণকারক বিকল্পে কর্ম্ম-সংজ্ঞা প্রাপ্ত

(১) **কর্ত্তুরীপ্সিততমং কর্ম্ম।** (২) **অধিশীঙ্‌স্থাসাং কর্ম্ম।**

(৩) **অভুক্ত্যর্থস্য ন** (বা)—উপবাস (ভোজন-নিবৃত্তি) অর্থে হয় না। যথা,—উপবসতি বনে। একাদশীমুপবসন্তি নিরম্বুভক্ষ্যাঃ—এই স্থানে অত্যন্ত সংযোগে ২য়া, উপ-পূর্ব্বক বস্ ধাতুর যোগে নহে। (৪) **অভিনিবিশশ্চ।**

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

হয়। যথা,—ধর্ম্মমভিনিবিশতে, ধর্ম্মেঽভিনিবিশতে (fondly resorts to virtue).

১০৭। ক্রুধদ্রুহোরুপসৃষ্টয়োঃ সম্প্রদানম্। (১)

উপসর্গ-পূর্ব্বক ক্রুধ্ ও দ্রুহ্ ধাতুর সম্প্রদানকারক কর্ম্ম-সংজ্ঞা প্রাপ্ত হয়। যথা,—ভৃত্যমভিক্রুধ্যতি (is angry with the servant), শত্রুমভিদ্রুহ্যতি।

১০৮। বিভাষা দিবঃ করণম্। (২)

দিব্ ধাতুর করণকারক বিকল্পে কর্ম্ম-সংজ্ঞা প্রাপ্ত হয়। যথা,—অক্ষান্ দীব্যতি, অক্ষৈর্দীব্যতি।

অকর্ম্মকধাতুভির্যোগে দেশঃ কালো ভাবো গন্তব্যোঽধ্বা চ কর্ম্মসংজ্ঞক ইতি বাচ্যম্ (বা)—অকর্ম্মক ধাতুর যোগে দেশ, কাল, ক্রিয়া ও গন্তব্য-পথ-পরিমাণের বাচক ক্রোশাদি শব্দের কর্ম্ম-সংজ্ঞা হয়। যথা,—কুরূন্ স্বপিতি, মাসম্ আস্তে, গোদোহম্ আস্তে, ক্রোশম্ আস্তে।

১০৯। দ্বি কর্ম্মণী দুহাদেঃ। (৩)

দুহ্, যাচ্, পচ্, দণ্ড্, রুধ, প্রচ্ছ্, চি, ব্রূ প্রভৃতি কতকগুলি ধাতুর দুইটি কর্ম্ম থাকে ; একের নাম প্রধান (মুখ্য), অপরের নাম অপ্রধান (গৌণ)। ক্রিয়ার সহিত প্রধান-ভাবে যাহার অন্বয় হয়, তাহাকে প্রধান কর্ম্ম, আর অপ্রধান-ভাবে যাহার অন্বয় হয় (অর্থাৎ যাহা অন্য কারকও হইতে পারে), তাহাকে অপ্রধান কর্ম্ম বলে। যথা,—গোপো গাং দুগ্ধং দোগ্ধি (the milk-man milks the cow for milk), দরিদ্রো রাজানং ধনং যাচতে, মালাকারো বৃক্ষং পুষ্পং চিনোতি, শিষ্যো গুরুং ধর্ম্মং পৃচ্ছতি, পিতা পুত্রং গৃহং নয়তি, দেবা জলধিমমৃতং মমন্থুঃ। এই সকল স্থলে দুগ্ধ,

---

(১) ক্রুধদ্রুহোরুপসৃষ্টয়োঃ কর্ম্ম। (২) দিবঃ কর্ম্ম চ।
(৩) অকথিতঞ্চ।

দুহ্যাচ্‌পচ্‌দণ্ড্‌রুধিপ্রচ্ছিচিব্রূশাসুজিমন্থমুষাম্।
কর্ম্মযুক্ স্যাদকথিতং তথা স্যান্নীহৃকৃষ্‌বহাম্॥

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ধন, পুষ্প, ধর্ম্ম, পুত্র ও অমৃত—প্রধান কর্ম্ম ; আর গো, রাজা, বৃক্ষ, গুরু, গৃহ ও জলধি—অপ্রধান কর্ম্ম। এই অপ্রধান কর্ম্মকেই অকথিত বা অবিবক্ষিত কর্ম্ম বলে, অর্থাৎ দুইটি কর্ম্মের মধ্যে যাহা অন্য কারক হইতে পারে, অথচ বক্তার ইচ্ছাবশে অন্য কারক না হইয়া কর্ম্মকারকই হয়, তাহাকেই অকথিত, অবিবক্ষিত বা অপ্রধান কর্ম্ম বলে। পূর্ব্বোক্ত উদাহরণসমূহে গো প্রভৃতির কর্ম্ম-সংজ্ঞা হইয়াছে, কিন্তু কর্ত্তার ইচ্ছা (বিবক্ষা) থাকিলে গোর্দুগ্ধং দোগ্ধি, রাজ্ঞো ধনং যাচতে, বৃক্ষাৎ পুষ্পং চিনোতি, গুরোর্ধর্ম্মং পৃচ্ছতি, পুত্রং গৃহে নয়তি, জলধেরমৃতং মমন্থুঃ—এইরূপে যথাসম্ভব অপাদানাদি কারকও হইতে পারে।

'অর্থপ্রধানেয়ং সংজ্ঞা'—সিঃ কৌঃ। এই ধাতুগুলির সমার্থক অন্য ধাতুর যোগেও অকথিত কর্ম্মে দ্বিতীয়া হইবে। যথা,—গুরুং ধর্ম্মং পৃচ্ছতি, জিজ্ঞাসতে ; বলিং বসুধাং যাচতে, ভিক্ষতে, কাময়তে ; শিষ্যং শাস্ত্রং ব্রবীতি, ভাষতে, কথয়তি ইত্যাদি।

১১০। কর্ম্মণি বাচ্যে প্রথমা।

কর্ম্মবাচ্য-প্রয়োগে, কর্ম্মকারকে প্রথমা বিভক্তি হয়। যথা,—গ্রামো গম্যতে, চন্দ্রো দৃশ্যতে, বৃক্ষ আরুহ্যতে, শত্রুরভিদ্রুহ্যতে।

যদি কর্ত্তৃবাচ্যে সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার এক কর্ম্ম থাকে, তবে সমাপিকা ক্রিয়া অনুযায়ী কর্ম্মবাচ্যে কর্ম্মে প্রথমা বিভক্তি হইবে (নাব্যয়কৃদ্‌বিধিঃ ক্রিয়ান্তরকারকে)। যথা,—রাক্ষসঃ বিপ্রং দৃষ্ট্বা হন্তি (কর্ত্তৃবা) ; রাক্ষসেন বিপ্রঃ দৃষ্ট্বা হন্যতে। ব্যাঘ্রঃ মুনিং হন্তুম্ ইচ্ছতি ; ব্যাঘ্রেণ মুনিঃ হন্তুম্ ইষ্যতে। অনেকের মতে কর্ত্তৃবাচ্যে তুমন্ত ক্রিয়ার ও তৎপরবর্ত্তী ইচ্ছার্থক ক্রিয়ার একই কর্ম্ম হইলে বাচ্যান্তরে ঐ কর্ম্মে প্রথমা বিভক্তি হয় না, দ্বিতীয়াই থাকে।

১১১। ন্যাদেঃ প্রধানে।

কর্ম্মবাচ্য-প্রয়োগে, নী প্রভৃতি (১) ধাতুর প্রধান কর্ম্মে প্রথমা বিভক্তি হয়। যথা,—গৌগ্রামং নীয়তে, হ্রিয়তে, কৃষ্যতে, উহ্যতে বা।

(১) গৌণে কর্ম্মণি দুহ্যাদেঃ প্রধানে নীহৃকৃষ্‌বহাম্।
বুদ্ধিভক্ষার্থয়োঃ শব্দ-কর্ম্মকাণাং নিজেচ্ছয়া॥
প্রযোজ্যকর্ম্মণ্যন্যেষাং ণ্যন্তানাং লাদয়ো মতাঃ॥—সিঃ কৌঃ।

নী, হৃ, কৃষ্, বহ্—চারি ধাতু প্রায় একার্থবোধক।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১১২। দুহাদেরপ্রধানে।

কর্ম্মবাচ্য-প্রয়োগে, দুহ্ প্রভৃতি (১) ধাতুর অপ্রধান কর্ম্মে প্রথমা বিভক্তি হয়। যথা,—গৌর্দুগ্ধং দুহ্যতে, রাজা ধনং যাচ্যতে, চৌরঃ শতং দণ্ড্যতে, গুরুর্ধর্ম্মং পৃচ্ছ্যতে, বৃক্ষঃ পুষ্পং চীয়তে, শিষ্যো ধর্ম্মমনুশিষ্যতে, জলধিরমৃতং মমন্থে।

কর্ত্তা (Nominative Case)

১১৩। ক্রিয়াসম্পাদকঃ কর্ত্তা। (২)

যে অপরের অধীন না হইয়া ক্রিয়া সম্পন্ন করে, তাহাকে কর্ত্তৃকারক বলে। যথা,—শিশুঃ ক্রীড়তি, গৌঃ শব্দায়তে, মেঘো গর্জ্জতি, গোপো দুগ্ধং দোগ্ধি, মালাকারঃ পুষ্পং চিনোতি, বানরো বৃক্ষমারোহতি, রাজা প্রজাঃ পালয়তি।

১১৪। প্রযোজকশ্চ। (৩)

যে প্রযোজক অর্থাৎ অন্যকে ক্রিয়ায় প্রবর্ত্তিত করে, তাহাকেও কর্ত্তৃকারক বলে। এই কর্ত্তৃকারকের অন্য নাম হেতুকর্ত্তা বা প্রযোজক কর্ত্তা।

১১৫। তৃতীয়া প্রযোজ্যে। (৪)

ক্রিয়ার অণিজন্ত অবস্থার কর্ত্তাকে ণিজন্ত অবস্থায় প্রযোজ্য কর্ত্তা বলে; প্রযোজ্য কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়। যথা,—দেবদত্তঃ ওদনং পচতি, যজ্ঞদত্তো দেবদত্তেন ওদনং পাচয়তি। এস্থলে দেবদত্ত পাক-ক্রিয়ার অণিজন্ত অবস্থায় কর্ত্তা ছিল, ণিজন্ত অবস্থায় তাহার প্রযোজ্য সংজ্ঞা ও তাহাতে তৃতীয়া বিভক্তি হইল; আর, যজ্ঞদত্ত দেবদত্তকে পচন-ক্রিয়ায় প্রবর্ত্তিত করিতেছে, এজন্য সে প্রয়োজক এবং তাহার কর্ত্তৃ-সংজ্ঞা ও তাহাতে প্রথমা বিভক্তি হইল।

---

(১) দুহ্, যাচ্, পচ্, দণ্ড্, রুধ্, প্রচ্ছ্, চি, ব্রূ (কথনার্থক—কথ, বচ্, বদ্, ভাষ্ প্রভৃতি), শাস্, জি, মন্থ্, মুষ্। (২) স্বতন্ত্রঃ কর্ত্তা।
(৩) তৎপ্রযোজকো হেতুশ্চ। (৪) কর্ত্তৃকরণয়োস্তৃতীয়া

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১১৬। গত্যর্থানাং কর্ম্মসংজ্ঞা প্রযোজ্যস্য। (১)

গমনার্থ ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্ত্তার কর্ম্ম-সংজ্ঞা হয়। যথা,—দেবদত্তো গৃহং গচ্ছতি, যজ্ঞদত্তো দেবদত্তং গৃহং গময়তি (২)।

১১৭। জ্ঞানাশনার্থানাঞ্চ। (১)

জ্ঞানার্থ ও অশনার্থ (৩) ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্ত্তার কর্ম্ম-সংজ্ঞা হয়। যথা,—জ্ঞানার্থ—শিষ্যো ধর্ম্মং বুধ্যতে, গুরুঃ শিষ্যং ধর্ম্মং বোধয়তি; অশনার্থ—পুত্রোঽন্নমশ্নাতি, মাতা পুত্রমন্নম্ আশয়তি।

১১৮। শব্দকর্ম্মকাণামকর্ম্মকাণাঞ্চ। (১)

শব্দ-কর্ম্মক (৪) ও অকর্ম্মক ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্ত্তার কর্ম্ম-সংজ্ঞা হয়। যথা,—শব্দ-কর্ম্মক—শিষ্যো বেদমধীতে, গুরুঃ শিষ্যং বেদমধ্যাপয়তি (৫); অকর্ম্মক—শিশুঃ শেতে, মাতা শিশুং শায়য়তি।

১১৯। বিভাষা হৃকৃঞোঃ। (৬)

হৃ ও কৃ ধাতুর প্রয়োগে প্রযোজ্য কর্ত্তার বিকল্পে কর্ম্ম-সংজ্ঞা হয়। যথা,

---

(১) **গতিবুদ্ধিপ্রত্যবসানার্থশব্দকর্ম্মাকর্ম্মকাণামণিকর্ত্তা স ণৌ।** লভের্গত্যর্থত্বাণ্ণিচি অণৌ কর্ত্তুঃ কর্ম্মত্বাকর্ম্মত্বে—শিশিরাঃ কুমুদানি বিকাসং লম্ভয়ন্তি (গত্যর্থে)—বামনঃ। গ্রহ্ ধাতুর বেলায়ও দ্বিতীয়া তৃতীয়া দুইই হয়। যথা,—নহি দেবদেবম্ অদ্রিঃ সুতাং গ্রাহয়িতুং শশাক; পার্থিবঃ ত্বয়া দুহিতুঃ পাণিং গ্রাহয়িষ্যতি।

(২) নী ও বহ্ ধাতুর প্রযোজ্য কর্ত্তার কর্ম্ম-সংজ্ঞা হয় না; (**নীবহ্যোর্ন**—বা)। যথা,—নায়য়তি বাহয়তি বা ভারং ভৃত্যেন প্রভুঃ। নিয়ন্তা অর্থাৎ সারথি (driver)-অর্থবাচক কর্ত্তা হইলে, বহ্ ধাতুর প্রযোজ্য কর্ত্তার কর্ম্ম-সংজ্ঞা হয় (**নিয়ন্তৃ-কর্ত্তৃকস্য বহেরনিষেধঃ**—বা)। যথা,—সূতঃ অশ্বান্ রথং বাহয়তি। **দৃশেশ্চ** (বা)—দর্শয়তি হরিং ভক্তান্।

(৩) অদ্, খাদ্, ভক্ষ্ ভিন্ন (**আদিখাদ্যোর্ন। ভক্ষেরহিংসার্থস্য ন**—বা)। অহিংসার্থে ভক্ষি—মাতা পুত্রেণ অন্নং ভক্ষয়তি। হিংসার্থে ভক্ষি—রাজা কুক্কুরং চৌরং ভক্ষয়তি।

(৪) **জল্পতিপ্রভৃতীনামুপসংখ্যানম্** (বা)। যথা,—জল্পয়তি, ভাষয়তি বা ধর্ম্মং পুত্রং দেবদত্তঃ। শব্দাত্মক বিষয়—পদ, বাক্য, গ্রন্থ, উপদেশ, তিরস্কার, প্রশংসা প্রভৃতি।

(৫) হ্বে, ক্রন্দ্, শব্দায় (**শব্দায়তের্ন**—বা), বি-জ্ঞা, উপ-লভ্ ভিন্ন।

(৬) **হৃক্রোরন্যতরস্যাম্।** অভিবাদিদৃশোরাত্মনেপদেবেতি বাচ্যম্ (বা)। যথা,—অভিবাদয়তে দর্শয়তে বা দেবং ভক্তং ভক্তেন বা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

—ভৃত্যো ভারং হরতি, প্রভুর্ভৃত্যং ভৃত্যেন বা ভারং হারয়তি ; কুম্ভকারো ঘটং করোতি, যজ্ঞদত্তঃ কুম্ভকারং কুম্ভকারেণ বা ঘটং কারয়তি।

১২০। কর্ম্মভাবয়োস্তৃতীয়া। (১)

কর্ম্মবাচ্য ও ভাববাচ্য প্রয়োগে, কর্ত্তায় তৃতীয়া বিভক্তি হয়। যথা,—কর্ম্মবাচ্যে—গোপেন দুগ্ধং দুহ্যতে, মালাকারেণ পুষ্পং চীয়তে, রাজ্ঞা ধনং দীয়তে। ভাববাচ্যে—শিশুনা রুদ্যতে, যূনা হস্যতে, বৃদ্ধেন সুপ্যতে।

১২১। কর্ম্মসংজ্ঞায়াং প্রযোজ্যকর্ম্মণোঃ প্রথমাদ্বিতীয়ে কর্ম্মণি।

যে স্থলে প্রযোজ্য কর্ত্তার কর্ম্ম-সংজ্ঞা হয়, তথায় কর্ম্মবাচ্য-প্রয়োগে প্রযোজ্য কর্ত্তায় প্রথমা বিভক্তি আর কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হয় (২)। যথা,—শিষ্যেণ বেদোঽধীয়তে, গুরুণা শিষ্যো বেদমধ্যাপ্যতে। এস্থলে প্রযোজ্য কর্ত্তা শিষ্যে প্রথমা বিভক্তি আর কর্ম্ম বেদে দ্বিতীয়া বিভক্তি হইল। তদ্ভিন্ন স্থলে দেবদত্তেন ওদনঃ পচ্যতে, যজ্ঞদত্তেন (প্রযোজক) দেবদত্তেন (প্রযোজ্য) ওদনঃ পাচ্যতে।

১২২। নিবৃত্তৌ চ প্রবৃত্তিবৎ ক্রিয়ায়াঃ।

ক্রিয়া-প্রবৃত্তি-স্থলেই তত্তৎ কারকের বিধান হইয়াছে, কিন্তু ক্রিয়া-প্রবৃত্তির ন্যায় ক্রিয়া-নিবৃত্তি-স্থলেও অবিশেষে তত্তৎ কারকের বিধান হইয়া থাকে। যথা,—অশ্বাৎ পতিতঃ, অশ্বান্ন পতিতঃ ; অধ্যয়নাদ্বিরমতি, অধ্যয়নান্ন বিরমতি ; ভিক্ষবে ভিক্ষাং দদাতি, ভিক্ষবে ভিক্ষাং ন দদাতি ; মহ্যমিদং স্বদতে, মহ্যমিদং ন স্বদতে; হস্তেন গৃহ্লাতি, হস্তেন ন গৃহ্লাতি; বস্ত্রেণাচ্ছাদয়তি, বস্ত্রেণ নাচ্ছাদয়তি ; গৃহে তিষ্ঠতি, গৃহে ন তিষ্ঠতি ; শয্যায়াং শেতে, শয্যায়াং ন শেতে ; জলং পিবতি, জলং ন পিবতি ; চন্দ্রং পশ্যতি, চন্দ্রং ন পশ্যতি ; মেঘো বর্ষতি, মেঘো ন বর্ষতি ; নদী বহতি, নদী ন বহতি।

১২৩। বিবক্ষাবশাৎ কারকাণি।

যে স্থলে যে কারক বিহিত হইল, বিবক্ষা-বশতঃ অর্থাৎ বক্তার ইচ্ছা অনুসারে তাহার অন্যথা-ভাব লক্ষিত হইয়া থাকে। যথা,—গৃহং গচ্ছতি,

(১) কর্তৃকরণয়োস্তৃতীয়া। (২) প্রযোজ্যকর্ম্মণ্যন্যেষাং ণ্যন্তানাং লাদয়ো মতাঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

গৃহে গচ্ছতি ; গৃহং প্রবিশতি, গৃহে প্রবিশতি ; পুষ্পেভ্যঃ স্পৃহয়তি (ঈপ্সিত-মাত্র বিবক্ষায়), পুষ্পাণি স্পৃহয়তি (ঈপ্সিততম-বিবক্ষায়) ; পুষ্পেভ্যঃ স্পৃহা, পুষ্পেষু স্পৃহা ; অরয়ে কুপ্যতি, অরৌ কুপ্যতি ; গাঃ দুগ্ধং দোগ্ধি, গোভ্যো দুগ্ধং দোগ্ধি ; নৃপং ধনং যাচতে, নৃপাদ্ধনং যাচতে ; বৃক্ষং পুষ্পং চিনোতি, বৃক্ষাৎ পুষ্পং চিনোতি ; পুত্রং গৃহ নয়তি, পুত্রং গৃহে নয়তি ; জলধিমমৃতং মমন্থুঃ, জলধেরমৃতং মমন্থুঃ ; শিষ্যায় বিদ্যাং বিতরতি, শিষ্যে বিদ্যাং বিতরতি ; তাবদ্ ভয়স্য (অপাদানের শেষত্ব বিবক্ষা) ভেতব্যম্ ; অনু-করোতি নারায়ণস্য (কর্ম্মের শেষত্ব বিবক্ষা)।

EXERCISE 41

1. Distinguish between কারক and বিভক্তি and illustrate your answer with examples.

2. Define and illustrate সম্প্রদান কারক। What are the conditions to form a সম্প্রদান?

3. Illustrate fully the difference between হেতু and নিমিত্ত in হেতৌ তৃতীয়াপঞ্চম্যৌ and নিমিত্তার্থে চতুর্থী।

4. Show the difference in meaning of the following :—
বনে উপবসতি and বনম্ উপবসতি ; মাসং ব্যাকরণমধীতম্ and মাসেন ব্যাকরণমধীতম্ ; রজকায় বস্ত্রং দদাতি and রজকস্য বস্ত্রং দদাতি।

5. Construct sentences in Sanskrit showing the use of the following :—
কর্ত্তরি ষষ্ঠী, কর্ম্মণি প্রথমা, ভাবে সপ্তমী, নির্দ্ধারে ষষ্ঠী, অধিকরণে পঞ্চমী, অনাদরে ষষ্ঠী, উপলক্ষণে তৃতীয়া, ক্রিয়াযোগে চতুর্থী, অধিকরণে দ্বিতীয়া, অন্যার্থযোগে পঞ্চমী, তাদর্থ্যে চতুর্থী, নিমিত্তার্থে সপ্তমী, অবচ্ছেদে সপ্তমী, করণে দ্বিতীয়া, করণে ষষ্ঠী।

6. Construct two sentences to show that intransitive verbs become transitive and transitive verbs become intransitive with prepositions (উপসর্গ)।

7. Cite and illustrate the rules of অপবর্গ and অত্যন্তসংযোগ and show the difference between them.

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

8. State the circumstances of a Locative case becoming Accusative and Instrumental taking দ্বিতীয়া and ষষ্ঠী।

9. Translate into English and account for the case-endings in the words underlined :—

পশ্যতো বক-মূর্খস্য নকুলৈর্ভক্ষিতাঃ সুতাঃ। ত্রৈলোক্যস্যাপি প্রভুত্বং ত্বয়ি যুজ্যতে। প্রাক্ সমর্থো ভব পশ্চাৎ উচ্চাকাঙ্ক্ষা কর্ত্তব্যা। যো হি মিতং ভাষতে স এব জ্ঞানী। মহীয়াংসঃ প্রকৃত্যা মিতভাষিণঃ। অনেন সদৃশো লোকে ন ভূতো ন ভবিষ্যতি। লোভাৎ ক্রোধঃ প্রভবতি। রাজা ধেনুং বনায় মুমোচ। অযোধ্যাপি ভবেৎ তস্যাঃ রামেণ রহিতাটবী। বলির্দাতেতি বিখ্যাতঃ। শব্দায়তে শূন্যপাত্রমধিকম্, ন তু পূরিতম্। মরণং প্রকৃতিঃ শরীরিণাম্। ব্রাহ্মণায় রোচতে মিষ্টান্নম্। নারদায় রোচতে কলহঃ। বিপ্রায় শতং ধারয়তি বণিক্। জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী। পাপায় প্রায়শ্চিত্তম্। ক্ষময়া পৃথিবীসমঃ। চর্ম্মণি দ্বীপিনং হন্তি। নাগ্নিঃ তৃপ্যতি কাষ্ঠানাম্। পুত্রায় চন্দ্রং দর্শয়তি। অলমতিবিস্তরেণ। ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে। ভোজেন দূতো রঘবে বিসৃষ্টঃ। আমূলাৎ শ্রোতুমিচ্ছামি। পর্ব্বতো বহ্নিমান্ ধূমাৎ। জন্মনঃ প্রভৃতি সেব্যো হরিঃ। লোকাপবাদো বলবান্ মতো মে। স শুশ্রূষাংস্তদ্বচনং মুমোহ রাজাসহিষ্ণুঃ সুতবিপ্রয়োগম্। মা প্রযচ্ছেশ্বরে ধনম্। বিতরতি গুরুঃ প্রাজ্ঞে বিদ্যাং যথৈব তথা জড়ে। বিকারহেতৌ সতি বিক্রিয়ন্তে যেষাং ন চেতাংসি ত এব ধীরাঃ। বলিং যাচতে বসুধাম্। অল্পস্য হেতোর্বহু হাতুমিচ্ছন্। ন কিল দেব্যাঃ স্থানং গৃহে অভিমতং ভবতাম্। ছেত্তুঃ পার্শ্বগতাচ্ছায়াং নোপসংহরতি দ্রুমঃ। উপদেশো হি মূর্খাণাং প্রকোপায় ন শান্তয়ে। আদিত্যাৎ জায়তে বৃষ্টিঃ বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ। গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ। ভরতায় প্রদাতব্যমিদং রাজ্যমকণ্টকম্। আকৃত্যা সুন্দরঃ শিশুঃ। মাধুর্য্যমস্তি দুগ্ধেষু তৈলমস্তি তিলেষু চ। প্রীতঃ প্রতস্থে মুনিরাশ্রমায়। দন্তয়োর্হন্তি কুঞ্জরম্। নীরুজস্য কিমৌষধৈঃ।

10. Correct :—ভক্তিঃ দেবতাং রোচতে। যস্য নিকষা যে গচ্ছতি তস্য প্রতি সঃ অনুরক্তঃ। কৃপণেষু ধনেষু কিম্? ত্রৈলোক্যস্যাপি প্রভুত্বং তস্মৈ ন যুজ্যতে। শ্রমেণ ঋতে কো বিদ্যাং লভতে। আশৈশবং স ময়ি উপদিশতি। বিদ্যাং হীনাঃ ব্রাহ্মণাঃ কোঽপি ন আদ্রিয়ন্তে। নৃপেভ্যঃ প্রতি কবয়ঃ বদন্তি। পুরাবিদস্তাং অপর্ণামিতি বদন্তি। পিতা পুত্রেণ পাঠয়তি। ত্বামহং শৃগালায় মন্যে। স উত্তরং দিক্ গতবান্। ত্বং অয়ং দৃষ্টবান্। বৃক্ষোঽয়ং কুঠারাৎ ছিন্নম্। মহতি উদ্যমে অয়ং কর্ম্ম সিদ্ধঃ। অহং বিপ্রং গ্রন্থঃ প্রতিশ্রুতঃ। সত্যেন ধর্ম্মঃ জাতঃ। পাত্রং জলং পিব। স দন্তায় গজং হতবান্। নদ্যাং সমীপে গৃহং প্রতিষ্ঠিতঃ। অধিতিষ্ঠতি বৈকুণ্ঠে হরিঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

12. Translate into Sanskrit :—

The girl, having lost her parents whilst still an infant, was reared up by her uncle as fondly and carefully as his own daughter. The eldest boy built, under his sister's direction, a shed for the cow and cultivated the garden. My mother was the daughter of a king; she died the moment I was born in the sea, as my nurse often told me weeping. The robbers conveyed her to a cave, but a brave young man rescued her from the hands of the robbers. The goddess appeared to him in a dream and commanded him to go to her temple and to declare there the story of his life. Make no peace with the man who has a host of enemies, for he will be destroyed like a pigeon surrounded by hawks. So passed the short winter's day. With the approach of night, came fresh sorrow.

(*C. U. Mat., 1920.*)

The night being over, Rama went to the forest. He went to school when his brother was crying. The Kshatriyas are the most powerful of all men. The boy goes to the garden for flowers. The prince killed a deer for venison. Do not tear the small leaves of the plant. Karna was slain by Arjuna with an arrow in the battle of Kurukshetra. There lived a boy named Prahlada, who was very gentle in behaviour and pious in nature. All the ponds in our village become dry in summer. The month of Kartika is next to the month of Ashwina. Standing here he will hit a mark at a distance of two miles. Having travelled to-day he will travel again after five days. This is the biggest tree in the garden. Woe be to those who follow immoral paths. Knowledge without modesty is useless. He owes me a hundred rupees. The cowherds are on both sides of Krishna. Krishna is well-behaved towards his mother, but ill-behaved towards his maternal uncle. The Vindhyas are to the south of Prayaga. Nothing can be accomplished without labour.

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

তদ্ধিত-প্রত্যয়

(Secondary Suffixes)

১। **তদ্ধিতাঃ। (পা)**

এই প্রকরণে যে সকল প্রত্যয় বিহিত হইয়াছে, তাহাদের নাম তদ্ধিত।

২। **ণিতি বৃদ্ধিরাদ্যস্য। (১)**

মূর্দ্ধন্য ণ্ ইৎ হয়, এরূপ তদ্ধিত-প্রত্যয় হইলে, প্রাতিপদিকের আদ্যস্বরের বৃদ্ধি হয়। যথা,—ককুৎস্থ+ষণ্ (অণ্)=কাকুৎস্থঃ। দশরথ+ষিণ্ (ইঞ্)=দাশরথিঃ।

৩। **সুভগাদেরুভয়োঃ। (২)**

সুভগা (a fortunate woman), দুর্ভগা, অধিদেব (a presiding deity), অধিভূত (all animate creation), ইহলোক, পরলোক, সর্ব্বলোক, সর্ব্বভূমি, অকুশল, পঞ্চভূত, পরস্ত্রী, অগ্নামরুৎ প্রভৃতি প্রাতিপদিকের অন্তর্গত উভয় পদের আদ্যস্বরের বৃদ্ধি হয় (৩)।

৪। **সুপঞ্চালাদের্দ্বিতীয়স্য। (৪)**

সুপঞ্চাল, অর্দ্ধপঞ্চাল, অগ্নিদেবতা, পিতৃদেবতা, দ্বিবর্ষ, ত্রিবর্ষ, চতুর্বর্ষ, পঞ্চবর্ষ প্রভৃতি প্রাতিপদিকের অন্তর্গত দ্বিতীয় পদের আদ্যস্বরের বৃদ্ধি হয়।

---

(১) **অচোঞ্ণিতি। তদ্ধিতেষ্বচামাদেঃ। কিতি চ।** পাণিনি-মতে ক্, ঞ্ ও ণ্ ইৎ হইলে উক্ত ফল হয়।

(২) **হৃদ্ভগসিন্ধ্বন্তে পূর্ব্বপদস্য চ। অনুশতিকাদীনাঞ্চ। দেবতাদ্বন্দ্বে চ।**

(৩) সুহৃদ্ শব্দের বিকল্পে হয়। যথা,—সৌহার্দ্দম্, সৌহৃদম্। বামনের মতে 'সুহৃদয়' শব্দের উত্তর ষ্ণ (অণ্) প্রত্যয়ে সৌহৃদ পদ সিদ্ধ। (**সৌহৃদদৌর্হৃদশব্দাবণি হৃদ্ভাবাৎ**)।

(৪) **সুসর্ব্বার্দ্ধাজ্জনপদস্য**—সুপঞ্চাল, অর্দ্ধপঞ্চাল ও সর্ব্বপঞ্চাল এই সূত্রের বিষয়ীভূত। কিন্তু অগ্নিদেবতা, পিতৃদেবতা প্রভৃতি শব্দের উত্তরপদের আদিস্বর বৃদ্ধির জন্য পাণিনির স্পষ্টতঃ কোন সূত্র নাই। মহাভাষ্যকারের "পর্য্যায়শব্দানাং গুরুলাঘব-চিন্তা নাস্তি" এই প্রয়োগপ্রামাণ্যে পিতৃদৈবতম্, পিতৃপৈতামহম্, গুরুলাঘবম্ প্রভৃতি পদ সমর্থন করিতে হয়। কাহারও মতে—'উত্তরপদস্য' (৭।৩।১০) এইটিকে শুধু অধিকার সূত্র না ধরিয়া লক্ষণ সূত্ররূপে গ্রহণ করিতে হইবে, তাহাতেই উক্ত পদগুলি সিদ্ধ হয়। আবার কাহারও মতে শিবভাগবতবৎ (শিবস্য ভগবতঃ ভক্ত ইতি অণ্) সমাসে পদগুলি সিদ্ধ, অর্থাৎ যুগপৎ সমাস ও প্রত্যয় হইবে—পূর্ব্বে বা পরে নহে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৫। **ন ণিতূকার্য্যং সর্ব্বত্র।**

মূর্দ্ধন্য ণ্ ইতের আগুস্বর বৃদ্ধিরূপ যে কার্য্য বিহিত হইল, তাহা সর্ব্বত্র হয় না *। যথা,—স্বস্থ—স্বস্রীয়ঃ (খীয়ণ্)।

৬। **লোপোঽবর্ণোবর্ণয়োর্য-স্বরয়োঃ।**

তদ্ধিত-প্রত্যয়ের য্ ও স্বরবর্ণ পরে থাকিলে, প্রাতিপদিকের অন্তস্থিত অ-বর্ণ ও ই-বর্ণের লোপ হয় (১)। যথা,—মায়া—মায়িকঃ, বিধি—বৈধঃ।

৭। **গুণো উবর্ণস্য।**

তদ্ধিত-প্রত্যয়ের য্ ও স্বরবর্ণ পরে থাকিলে, প্রাতিপদিকের অন্তস্থিত উ-বর্ণের গুণ হয় (২)। যথা,—বিষ্ণু—বৈষ্ণবঃ।

৮। **ঋদোদৌদ্ভ্যো যঃ স্বরবত্।**

ঋ-কার, ও-কার ও ঔ-কারের পরস্থিত তদ্ধিত-প্রত্যয়ের য্ স্বরকার্য্য নির্ব্বাহ করে (৩)। যথা,—পিতৃ-যৎ পিত্র্যম্, গো-যৎ গব্যম্, নৌ-যৎ নাব্যম্।

৯। **টের্লোপো ডিতি।**

ডকারেৎ তদ্ধিত-প্রত্যয় পরে থাকিলে, প্রাতিপদিকের টির (৪) লোপ হয়। যথা,—পিতৃ-ডামহ পিতামহঃ, কিম্-ডতর কতরঃ।

১০। **তের্বিংশাতেঃ।**

ডকারেৎ তদ্ধিত-প্রত্যয় হইলে, বিংশতি শব্দের তি এই ভাগের লোপ হয় (৫)। যথা,—বিংশতি—বিংশঃ (ডট্) (twentieth).

সংক্ষিপ্তসারে এইগুলির জন্য "গুরুলঘ্বাদেরুত্তরপদস্থ" এই সূত্রসমর্থন আছে। সংখ্যা-বাচক শব্দ পূর্ব্বে থাকিলে, বর্ষ শব্দের অভবিষ্যৎ অর্থাৎ অতীত অর্থে পরপদের বৃদ্ধি হয় এবং ভবিষ্যৎ অর্থে পূর্ব্বপদের বৃদ্ধি হয় (সংখ্যায়াঃ সংবৎসরসংখ্যস্য চ। বর্ষস্যাভবিষ্যতি)। যথা,—দ্বে বর্ষেঽধীতো গ্রন্থঃ দ্বিবার্ষিকঃ ; দ্বে বর্ষে ভাবি দ্বৈবর্ষিকম্।

* পাণিনি ব্যাকরণে ছ, ছণ্, ঠন্, ঠক্ প্রভৃতি পৃথক্ পৃথক্ প্রত্যয় গ্রহণহেতু তাহার সম্বন্ধে ইহা অপ্রযোজ্য।

(১) যস্যেতি চ।

(২) ওর্গুণঃ।

(৩) বান্তো যি প্রত্যয়ে। রীঙ্ ঋতঃ।

(৪) অচোঽন্ত্যাদি টিঃ। অন্ত্য স্বর ও তদরধি বর্ণকে টি বলে। টেঃ।

(৫) তির্বিংশতের্ডিতি।

n Public domain. Digitization Muthulakshmi Research Academy

১১। ইয়ুবৌ যবয়োরাদ্যচঃ পদান্তে ণিতি।

ণকারেৎ তদ্ধিত-প্রত্যয় হইলে, পদের অন্তস্থিত আদ্যস্বর-স্থান-জাত ম স্থানে ইয়্ এবং ব্-স্থানে উব্ হয় (১)। [পরে বৃদ্ধিকার্য্য হয়।]

১২। দ্বারাদীনাঞ্চ। (পা)

দ্বার প্রভৃতি (২) প্রাতিপদিকের আদ্য য্ ও ব্-স্থানে ইয়্ ও উব্ হয়। [পরে বৃদ্ধিকার্য্য হয়।] যথা,—দৌবারিকঃ (door-keeper), সৌবরম্, সৌবম্।

১৩। ন স্বাগতাদীনাম্।

স্বাগত প্রভৃতি (৩) প্রাতিপদিকের আদ্য য্ ও ব্-স্থানে ইয়্ ও উব্ হয় না। যথা,—স্বাগতিকম্, ব্যবহারিকম্।

১৪। বা শ্বাপদন্যঙ্ক্বোঃ।

শ্বাপদ ও ন্যঙ্কু, এই দুই প্রাতিপদিকের বিকল্পে (৪)। যথা,—শৌবাপদম্, শ্বাপদম্; নৈয়ঙ্কবম্, ন্যাঙ্কবম্।

১৫। অব্যয়াশ্রিতঃ। (৫)

যে সমস্ত তদ্ধিত-প্রত্যয়ের চ্ ইৎ হয়, তদন্ত শব্দ সকল অব্যয় হয়। যথা,—চতুঃ, দ্বিঃ (সুচ্), সর্ব্বদা (দাচ্), তথা (থাচ্) ইত্যাদি। [কিন্তু পাণিনি ব্যাকরণের প্রত্যয় সম্বন্ধে ইহা প্রযোজ্য নহে। যথা,—ফেন+ইলচ্ =ফেনিল।]

১৬। অপত্যে।

বক্ষ্যমাণ প্রত্যয় সকল অপত্য অর্থে বিহিত হয় (৬)।

দ্রষ্টব্য।—পাণিনির প্রত্যয়গুলির যু=অন, বু=অক, ঠ=ইক, ফ=আয়ন, ছ=ঈয়, ঘ=ইয়, ঢ=এয়, খ=ঈন, ঝ্=অন্ত্। 'যুবোরনাকৌ'; 'ঠস্যেকঃ'; 'আয়নেয়ীনীয়িয়ঃ ফ-ঢ-খ-ছ-ঘাং প্রত্যয়াদীনাম্'; 'ঝোঽন্তঃ'।

---

(১) ন য্বাভ্যাং পদান্তাভ্যাং পূর্ব্বৌ তু তাভ্যাম্ ঐচ্।

(২) দ্বার স্বর, স্বর্. স্বাধ্যায়, স্বগ্রাম, বাল্কশ, স্বস্তি, স্বাদু. মৃদু. শ্বস্. শ্বন্, স্ব।

(৩) স্বাগতাদীনাঞ্চ। স্বাগত, স্বধ্বর. স্বঙ্গ. ব্যঙ্গ. ব্যড়, ব্যবহার, স্বপতি, স্বপিত্তি।

(৪) পদান্তস্যান্যতরস্যাম্। (নৈয়ঙ্কবম্ ন্যাঙ্কবম্—মুগ্ধবোধ মতে।)

(৫) তদ্ধিতশ্চাসর্ব্ববিভক্তিঃ। (৬) তস্যাপত্যম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৭। অদন্তান্ ষিঞ্। (১)

অপত্য অর্থে অ-কারান্ত প্রাতিপদিকের উত্তর ষিণ্ (ইঞ্) হয়; ষ্ ণ্ ইৎ, ই থাকে। যথা,—শূরস্যাপত্যম্ শৌরিঃ (a name of Krishna), দশরথস্যাপত্যম্ দাশরথিঃ (the son of Dasharatha), দ্রোণস্যাপত্যম্ দ্রৌণিঃ, গবল্‌গণস্যাপত্যম্ গাবল্‌গণিঃ, যুধিষ্ঠিরস্যাপত্যম্ যৌধিষ্ঠিরিঃ, অর্জ্জুনস্যাপত্যম্ আর্জ্জুনিঃ, বিকর্ণস্যাপত্যম্ বৈকর্ণিঃ, কুষীতকস্যাপত্যম্ কৌষীতকিঃ, মণ্ডূকস্যাপত্যম্ মাণ্ডূকিঃ, কৃষ্ণস্যাপত্যম্ কার্ষ্ণিঃ, প্রদ্যুম্নস্যাপত্যম্ প্রাদ্যুম্নিঃ, রাবণস্যাপত্যম্ রাবণিঃ।

১৮। বাহ্বাদিভ্যশ্চ। (পা)

অপত্য অর্থে বাহু প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষিণ্ (ইঞ্) হয়। যথা,—বাহোরপত্যম্ বাহবিঃ, উপবাহোরপত্যম্ ঔপবাহবিঃ, উপবিন্দোঃ অপত্যম্ ঔপবিন্দবিঃ, বৃষল্যা অপত্যম্ বার্ষলিঃ, বৃকলায়া অপত্যম্ বার্কলিঃ, ছগলায়া অপত্যম্ ছাগলিঃ, সুমিত্রায়া অপত্যম্ সৌমিত্রিঃ (the son of Sumitra), দুর্মিত্রায়া অপত্যম্ দৌর্ম্মিত্রিঃ, উডুলোম্নঃ অপত্যম্ ঔডুলোমিঃ (ক), উদঞ্চোরপত্যম্ ঔদঞ্চবিঃ।

১৯। ডকৌ ব্যাসসুধাত্রোঃ ষিণি।

ষিণ্ (ইঞ্) প্রত্যয় হইলে, ব্যাস, সুধাতৃ, এই দুই প্রাতিপদিকের উত্তর ডক হয় (২); ড্ ইৎ, অক থাকে। যথা,—ব্যাসস্যাপত্যম্ বৈয়াসকিঃ (the son of Vyasa), সুধাতুঃ অপত্যম্ সৌধাতকিঃ।

---

(১) অত ইঞ্।

(ক) কিন্তু বহুবচন বুঝাইতে এই প্রত্যয়ের স্থানে 'অ' হয়, উডুলোম্নঃ অপত্যানি উডুলোমাঃ, (৩য়া) উডুলোমৈঃ। "লোম্নোঽপত্যেষু বহুষু" (বা)।

(২) সুধাতুরকঙ্ চ। ব্যাসবরুড়নিষাদচণ্ডালবিম্বানাঞ্চেতি। বক্তব্যম্ (বা)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২০। নড়াদিভ্যঃ ষায়নণ্। (১)

অপত্য অর্থে, নড় প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষায়নণ্ (ফক্) হয়; ষ্ ণ্ ইৎ, আয়ন থাকে। যথা,—নড়স্যাপত্যম্ নাড়ায়নঃ, চরস্যাপত্যম্ চারায়ণঃ, মুঞ্জস্যাপত্যম্ মৌঞ্জায়নঃ, সপ্তলস্যাপত্যম্ সাপ্তলায়নঃ, নরস্যাপত্যম্ নারায়ণঃ, দাসস্যাপত্যম্ দাসায়নঃ, কাতলস্যাপত্যম্ কাতলায়নঃ, শকটস্যাপত্যম্ শাকটায়নঃ, জলন্ধরস্যাপত্যম্ জালন্ধরায়ণঃ, দ্রোণস্যাপত্যম্ দ্রৌণায়নঃ, পর্ব্বতস্যাপত্যম্ পার্ব্বতায়নঃ, যুগন্ধরস্যাপত্যম্ যৌগন্ধরায়ণঃ, অশ্বলস্যাপত্যম্ আশ্বলায়নঃ, বদরস্যাপত্যম্ বাদরায়ণঃ, উডুম্বরস্যাপত্যম্ ঔডুম্বরায়ণঃ, দক্ষস্যাপত্যম্ দাক্ষায়ণঃ।

২১। গর্গাদিভ্যঃ ষ্যণ্। (২)

অপত্য অর্থে, গর্গ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষ্যণ্ (যঞ্) হয়। ষ্ ণ্ ইৎ, য থাকে। যথা,—গর্গস্যাপত্যম্ গার্গ্যঃ, বৎসস্যাপত্যম্ বাৎস্যঃ, অগস্তেরপত্যম্ আগস্ত্যঃ, পুলস্তেরপত্যম্ পৌলস্ত্যঃ, বিশ্বাবসোরপত্যম্ বৈশ্বাবসব্যঃ, লোহিতস্যাপত্যম্ লৌহিত্যঃ, বভ্রোরপত্যম্ বাভ্রব্যঃ, মণ্ডোরপত্যম্ মাণ্ডব্যঃ, মধোরপত্যম্ মাধব্যঃ, জিগীষোরপত্যম্ জৈগীষব্যঃ, কুণ্ডিন্যা অপত্যম্ কৌণ্ডিন্যঃ, যজ্ঞবল্কস্যাপত্যম্ যাজ্ঞবল্ক্যঃ, শণ্ডিলস্যাপত্যম্ শাণ্ডিল্যঃ, চণকস্যাপত্যম্ চাণক্যঃ, চুলুকস্যাপত্যম্ চৌলুক্যঃ, মুদ্গলস্যাপত্যম্ মৌদ্গল্যঃ, জমদগ্নেরপত্যম্ জামদগ্ন্যঃ, পরাশরস্যাপত্যম্ পারাশর্য্যঃ, জতুকর্ণস্যাপত্যম্ জাতুকর্ণ্যঃ, অশ্বরথস্যাপত্যম্ আশ্বরথ্যঃ, পূতিমাষস্যাপত্যম্ পৌতিমাষ্যঃ, উলূকস্যাপত্যম্ ঔলূক্যঃ, অগ্নিবেশস্যাপত্যম্ আগ্নিবেশ্যঃ, দিতেরপত্যম্ দৈত্যঃ, অদিতেরপত্যম্ আদিত্যঃ, প্রজাপতেরপত্যম্ প্রাজাপত্যঃ (৩)।

---

(১) নড়াদিভ্যঃ ফক্। (ফক্=আয়ন)

(২) গর্গাদিভ্যো যঞ্।

(৩) দিতি, অদিতি, আদিত্য ও যাহার শেষে পতি আছে সেই সকল শব্দের উত্তর ণ্য হয়। (দিত্যদিত্যাদিত্যপত্যুত্তরপদাণ্ণ্যঃ।)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২২। শিবাদিভ্যঃ ষণ্। (১)

অপত্য অর্থে, শিব প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষণ্ (অণ্) হয়। ষ্ ণ্ ইৎ, অ থাকে। যথা,—শিবস্যাপত্যম্ শৈবঃ, ককুৎস্থস্যাপত্যম্ কাকুৎস্থঃ, কহোড়স্যাপত্যম্ কাহোড়ঃ, কুপিঞ্জলস্যাপত্যম্ কৌপিঞ্জলঃ, বিশ্রবণস্য অপত্যম্ বৈশ্রবণঃ†, রবণস্যাপত্যম্ রাবণঃ†, উর্ণনাভস্যাপত্যম্ ঔর্ণনাভঃ, পৃথায়া অপত্যম্ পার্থঃ, যস্কস্যাপত্যম্ যাস্কঃ, দ্রুহস্যাপত্যম্ দ্রৌহঃ, লহস্যাপত্যম্ লাহঃ, অয়ঃস্থূণস্যাপত্যম্ আয়ঃস্থূণঃ, ইলায়া অপত্যম্ ঐলঃ, সপত্ন্যা অপত্যম্ সাপত্নঃ।

২৩। বিদাদেঃ। (২)

অপত্য অর্থে বিদ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষণ্ (অঞ্) হয়। যথা,—বিদস্যাপত্যম্ বৈদঃ*, উর্ব্বস্যাপত্যম্ ঔর্ব্বঃ, কশ্যপস্যাপত্যম্ কাশ্যপঃ, কুশিকস্যাপত্যম্ কৌশিকঃ, ভরদ্বাজস্যাপত্যম্ ভারদ্বাজঃ, উপমন্যোঃ অপত্যম্ ঔপমন্যবঃ, বিশ্বানরস্যাপত্যম্ বৈশ্বানরঃ, ঋষ্টিষেণস্য অপত্যম্ আর্ষ্টিষেণঃ, শরদ্বতোঽপত্যম্ শারদ্বতঃ, শুনকস্যাপত্যম্ শৌনকঃ, অর্কলুষস্যাপত্যম্ আর্কলুষঃ, পুনর্ভ্বাঃ (পুনর্ভূ) অপত্যম্ পৌনর্ভবঃ, পুত্রস্যাপত্যম্ পৌত্রঃ, দুহিতুরপত্যম্ দৌহিত্রঃ।

২৪। ভৃগ্বাদেশ্চ। (৩)

অপত্য অর্থে ভৃগু প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষণ্ (অণ্) হয়। যথা,—ভৃগোরপত্যম্ ভার্গবঃ, মরীচেরপত্যম্ মারীচঃ, বশিষ্ঠস্যাপত্যম্

---

(১) **শিবাদিভ্যোঽণ্।** † বিশ্রবণ এবং রবণ শব্দ 'বিশ্রবস্' শব্দ স্থানে আদেশ, ('তৌ চ বিশ্রবঃশব্দাদেশৌ। বিশ্রবসোঽপত্যং বৈশ্রবণঃ, রাবণঃ—ইতি তত্ত্ববোধিনী।)

(২) **অনৃষ্যানন্তর্য্যে বিদাদিভ্যোঽঞ্।**

* বাহ্বাদেরাকৃতিগণত্বাদিঞ্—বৈদিঃ। পাণিনি-মতে বিদাদির মধ্যে যে সকল শব্দ ঋষি-বাচক তাহাদের উত্তর গোত্রাপত্য (বংশের সন্তান) অর্থেই উক্ত প্রত্যয় হয়, অন্য শব্দগুলির উত্তর অপত্য (নিজেরই সন্তান) অর্থে ঐ প্রত্যয় হয়। সুতরাং বৈদঃ—বিদের বংশের সন্তান, বৈদিঃ—বিদের নিজের সন্তান।

(৩) **ঋষ্যন্ধকবৃষ্ণিকুরুভ্যশ্চ।**

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

বাশিষ্ঠঃ, কুৎসস্যাপত্যম্ কৌৎসঃ, গোতমস্যাপত্যম্ গৌতমঃ, অঙ্গিরসোঽপত্যম্ আঙ্গিরসঃ, বিশ্বামিত্রস্যাপত্যম্ বৈশ্বামিত্রঃ, ধৃতরাষ্ট্রস্যাপত্যম্ ধার্ত্তরাষ্ট্রঃ, পাণ্ডোরপত্যম্ পাণ্ডবঃ, বসুদেবস্যাপত্যম্ বাসুদেবঃ, যদোরপত্যম্ যাদবঃ, পুরোরপত্যম্ পৌরবঃ, রঘোরপত্যম্ রাঘবঃ, কুরোরপত্যম্ কৌরবঃ, মনোরপত্যম্ মানবঃ (অণ্ বা অঞ্) (১), দ্রুপদস্যাপত্যম্ দ্রৌপদঃ।

২৫। ঐক্ষ্বাক-কৌরব্য-মনুষ্য-মানুষাঃ। (১)

ঐক্ষ্বাক, কৌরব্য, মনুষ্য, মানুষ, এই চারি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—ইক্ষ্বাকোরপত্যম্ ঐক্ষ্বাকঃ (অঞ্)†, কুরোরপত্যম্ কৌরব্যঃ (ণ্য), মনোরপত্যম্ মনুষ্যঃ (যৎ), মানুষঃ (অঞ্)।

২৬। মাতুরুর্ সংখ্যায়াঃ। (২)

ষণ্ (অণ্) প্রত্যয় হইলে, সংখ্যাবাচক শব্দের পরবর্ত্তী মাতৃ শব্দের উত্তর ডুর্ হয় ; ড্ ইৎ, উর্ থাকে। যথা,—দ্বয়োর্মাত্রোরপত্যম্, দ্বৈমাতুরঃ (Ganesha), তিসৃণাং মাতৃণাম্ অপত্যম্ ত্রৈমাতুরঃ (Lakshmana), ষণ্ণাং মাতৃণামপত্যম্ ষাণ্মাতুরঃ (Kartikeya).

২৭। কন্যায়াঃ কনীন চ। (পা)

ষণ্ (অণ্) প্রত্যয় পরে, কন্যা শব্দ-স্থানে কনীন হয়। যথা,—কন্যায়াঃ (অনূঢ়ায়াঃ) অপত্যম্ কানীনঃ (son of an unmarried woman).

---

(১) জনপদশব্দাৎ ক্ষত্রিয়াদঞ্। কুর্ব্বাদিভ্যো ণ্যঃ। মনোর্জাতাবঞ্যতৌ ষুক্ চ। মনু মানুষঃ (অঞ্, ষুক্-আগম), মনুষ্যঃ (যৎ, ষুক্-আগম)। অপত্যে কুৎসিতে মূঢ়ে মনোরৌৎসর্গিকঃ স্মৃতঃ। ন-কারস্য চ মূর্দ্ধণ্যস্তেন সিধ্যতি মাণবঃ। (কুৎসিতঃ মানবঃ=মাণবঃ)।—মহাভাষ্য।

† দাণ্ডিনায়ন ইত্যাদি সূত্রেণ নিপাতনাৎ।

(২) মাতুরুৎসংখ্যাসংভদ্রপূর্ব্বায়াঃ।

· অতএব সম্ ও ভদ্র শব্দের পর থাকিলেও হয়। যথা,—সাম্মাতুরঃ, ভাদ্রমাতুরঃ (son of a virtuous mother).

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৮। স্ত্রীভ্যঃ ষেয়ণ্। (১)

অপত্য অর্থে স্ত্রী-প্রত্যয়ান্ত প্রাতিপদিকের উত্তর ষেয়ণ্ (ঢক্) হয় ; ষ্ ণ্ ইৎ, এয় থাকে। যথা,—গঙ্গায়া অপত্যম্ গাঙ্গেয়ঃ (the son of Ganga), রাধায়া অপত্যম্ রাধেয়ঃ (Karna), বিনতায়া অপত্যম্ বৈনতেয়ঃ (Garuda), তাড়কায়া অপত্যম্ তাড়কেয়ঃ, সরমায়া অপত্যম্ সারমেয়ঃ (dog), সুপর্ণায়া অপত্যম্ সৌপর্ণেয়ঃ, ভগিন্যা অপত্যম্ ভাগিনেয়ঃ, মহ্যা অপত্যম্ মাহেয়ঃ, কুন্ত্যা অপত্যম্ কৌন্তেয়ঃ, রোহিণ্যা অপত্যম রৌহিণেয়ঃ, রুক্মিণ্যা অপত্যম্ রৌক্মিণেয়ঃ, কুমারিকায়া অপত্যম্ কৌমারিকেয়ঃ, অম্বিকায়া অপত্যম্ আম্বিকেয়ঃ, গোধায়া অপত্যম্ গৌধেয়ঃ (শুভ্রাদিত্বাৎ)।

২৯। গৌধের-গৌধারৌ। (২)

গোধায়া অপত্যম্—এই অর্থে, গৌধেরঃ, গৌধারঃ এই দুই শব্দ নিপাতনে সিদ্ধ হয়।

৩০। শুভ্রাদিভ্যশ্চ। (পা)

অপত্য অর্থে শুভ্র প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষেয়ণ্ (ঢক্) হয়। যথা,—শুভ্রস্যাপত্যম্ শৌভ্রেয়ঃ, অত্রেরপত্যম্ আত্রেয়ঃ (৩), বিমাতুরপত্যম্ বৈমাত্রেয়ঃ, শকুনেরপত্যম্ শাকুনেয়ঃ, শতলস্যাপত্যম্ শাতলেয়ঃ, ইতরস্যাপত্যম্ ঐতরেয়ঃ।

৩১। লোপঃ ষেয়ণ্যুবর্ণস্য। (৪)

ষেয়ণ্ (ঢক্) প্রত্যয় হইলে, প্রাতিপদিকের অন্তস্থিত উ-বর্ণের লোপ হয়। যথা,—মৃকণ্ডোরপত্যম্ মার্কণ্ডেয়ঃ, কমণ্ডল্বাঃ (জন্তুবিশেষস্য) অপত্যম্ কামণ্ডলেয়ঃ।

৩২। ন পাণ্ডুকদ্র্বোঃ। (৪)

পাণ্ডু ও কদ্রূ শব্দের উ-বর্ণের লোপ হয় না। যথা,—পাণ্ডোরপত্যম্ পাণ্ডবেয়ঃ, কদ্র্বা অপত্যম্ কাদ্রবেয়ঃ।

---

(১) স্ত্রীভ্যো ঢক্। (ঢ=এয়)
(২) গোধায়া ঢ্রক্ (লোপো ব্যোর্বলি) ; আরগুদীচাম্।
(৩) ইতশ্চানিঞঃ।
(৪) ঢে লোপোঽকদ্র্বাঃ। মুগ্ধবোধমতে পাণ্ডবেয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩৩। সুভগাদেরিন্ ষেয়ণি। (১)

ষেয়ণ্ (ঢক্) প্রত্যয় হইলে, সুভগা প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ইন্ হয়। যথা,—সুভগায়া অপত্যম্ সৌভাগিনেয়ঃ, দুর্ভগায়া অপত্যম্ দৌর্ভাগিনেয়ঃ, বন্ধক্যা অপত্যম্ বান্ধকিনেয়ঃ, কনিষ্ঠায়া অপত্যম্ কানিষ্ঠিনেয়ঃ, মধ্যমায়া অপত্যম্ মাধ্যমিনেয়ঃ, পরস্ত্রিয়া অপত্যম্ পারস্ত্রৈণেয়ঃ (উভয়পদবৃদ্ধি)।

৩৪। কুলটায়া বা। (পা)

কুলটা শব্দের (২) উত্তর বিকল্পে হয়। যথা,—কুলটায়া অপত্যম্ কৌলটিনেয়ঃ, কৌলটেয়ঃ।

৩৫। স্বস্রাদিভ্যঃ ষীয়ণ্। (৩)

অপত্য অর্থে স্বসৃ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষীয়ণ্ (ছ) হয়; ষ্ ণ্ ইৎ, ঈয় থাকে। যথা,—স্বসুরপত্যম্ স্বস্রীয়ঃ (a sister's son).

৩৬। পিতৃমাতৃষ্বস্রোঃ ষয়ণ্ বা ঋলোপশ্চ। (৪)

পিতৃষ্বসৃ ও মাতৃষ্বসৃ শব্দের উত্তর বিকল্পে ষেয়ণ্ (ঢক্) হয়, পক্ষে ষীয়ণ্ (ছণ্); ষেয়ণ্ হইলে ঋ-কারের লোপ হয়। যথা,—পিতৃষ্বসুরপত্যম্ (ষেয়ণ্) পৈতৃষ্বসেয়ঃ (ষীয়ণ্), পৈতৃষ্বস্রীয়ঃ (son of father's sister, পিস্‌তুত ভাই); মাতৃষ্বসুরপত্যম্ মাতৃষ্বসেয়ঃ, মাতৃষ্বস্রীয়ঃ (son of mother's sister, মাসতুত ভাই)।

৩৭। রেবত্যাদিভ্যঃ ষিকণ্। (৫)

অপত্য অর্থে রেবতী প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষিকণ্ (ঠক্) হয়;

---

(১) কল্যাণ্যাদীনামিনঙ্।

(২) এস্থলে কুলটা শব্দে সতী ভিক্ষোপজীবিনী নারী বুঝায়। ব্যভিচারিণী নারীর পুত্র এই অর্থে কৌলটেয়ঃ, কৌলটেরঃ, এই দুই পদ নিষ্পন্ন হয় (ক্ষুদ্রাদিভ্যো বা)।

(৩) স্বসুশ্ছঃ। (ছ=ঈয়)

(৪) পিতৃষ্বসুশ্ছণ্; ঢকি লোপঃ; মাতৃষ্বসুশ্চ।

(৫) রেবত্যাদিভ্যষ্ঠক্। (ঠক্=ইক)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

য্ ণ্ ইৎ, ইক থাকে। যথা,—রেবত্যা অপত্যম্ রৈবতিকঃ, অশ্বপাল্যা অপত্যম্ আশ্বপালিকঃ, কর্ণগ্রাহস্যাপত্যম্ কার্ণগ্রাহিকঃ, দণ্ডগ্রাহস্যাপত্যম্ দাণ্ডগ্রাহিকঃ, দ্বারপাল্যা অপত্যম্ দৌবারপালিকঃ (সূ ১১-১২ দ্রঃ)।

৩৮। **লোপো গর্গাদের্বহুবচনে।** (১)

বহুবচনে গর্গাদির উত্তর বিহিত অপত্য-প্রত্যয়ের লোপ হয়। যথা,—গর্গস্যাপত্যানি গর্গাঃ, বৎসস্যাপত্যানি বৎসাঃ, অগস্তেরপত্যানি অগস্তয়ঃ, বিশ্বাবসোরপত্যানি বিশ্বাবসবঃ, বভ্রোরপত্যানি বভ্রবঃ, মুদ্গলস্যাপত্যানি মুদ্গলাঃ, জমদগ্নেরপত্যানি জমদগ্নয়ঃ, জতূকর্ণস্যাপত্যানি জতূকর্ণাঃ, পূতিমাষস্যাপত্যানি পূতিমাষাঃ।

৩৯। **যস্কাদেঃ।** (২)

বহুবচনে যস্কাদির উত্তর বিহিত অপত্য-প্রত্যয়ের লোপ হয়। যথা,—যস্কস্যাপত্যানি যস্কাঃ, লহস্যাপত্যানি লহাঃ, দ্রুহস্যাপত্যানি দ্রুহাঃ, তৃণকর্ণস্যাপত্যানি তৃণকর্ণাঃ, জঙ্ঘারথস্যাপত্যানি জঙ্ঘারথাঃ।

৪০। **বিদাদেঃ।** (২)

বহুবচনে বিদাদির উত্তর বিহিত অপত্য-প্রত্যয়ের লোপ হয়। যথা,—বিদস্যাপত্যানি বিদাঃ, উর্বস্যাপত্যানি উর্বাঃ, কশ্যপস্যাপত্যানি কশ্যপাঃ, কুশিকস্যাপত্যানি কুশিকাঃ, ভরদ্বাজস্য অপত্যানি ভরদ্বাজাঃ, উপমন্যোরপত্যানি উপমন্যবঃ, বিশ্বানরস্য অপত্যানি বিশ্বানরাঃ, ঋতভাগস্যাপত্যানি ঋতভাগাঃ, হর্য্যশ্বস্যাপত্যানি হর্য্যশ্বাঃ, শরদ্বতোঽপত্যানি শরদ্বন্তঃ, শুনকস্য অপত্যানি শুনকাঃ।

৪১। **অত্র্যাদেশ্চ।** (৩)

বহুবচনে অত্র্যাদির উত্তর বিহিত অপত্য-প্রত্যয়ের লোপ হয়। যথা,—অত্রেরপত্যানি অত্রয়ঃ, ভৃগোরপত্যানি ভৃগবঃ, কুৎসস্য অপত্যানি কুৎসাঃ,

(১) যঞঞোশ্চ।
(২) যস্কাদিভ্যো গোত্রে; যঞঞোশ্চ।
(৩) অত্রিভৃগুকুৎসবশিষ্ঠগোতমাঙ্গিরোভ্যশ্চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

বশিষ্ঠস্যাপত্যানি বশিষ্ঠাঃ, গোতমস্যাপত্যানি গোতমাঃ, অঙ্গিরসোঽপত্যানি অঙ্গিরসঃ।

৪২। রাজসংজ্ঞাভ্যো বিভাষা। (১)

বহুবচনে রাজসংজ্ঞা-বাচক প্রাতিপদিকের উত্তর বিহিত অপত্য-প্রত্যয়ের বিকল্পে লোপ হয়। যথা,—রঘোরপত্যানি রঘবঃ, রাঘবাঃ; কুরোঃ অপত্যানি কুরবঃ, কৌরবাঃ; যদোরপত্যানি যদবঃ, যাদবাঃ; ইক্ষ্বাকোরপত্যানি ইক্ষ্বাকবঃ, ঐক্ষ্বাকাঃ; বৃষ্ণেরপত্যানি বৃষ্ণয়ঃ, বার্ষ্ণেয়াঃ; নিমেরপত্যানি নিময়ঃ, নৈমেয়াঃ।

৪৩। ন স্ত্রিয়াম্।

স্ত্রীলিঙ্গে অপত্য-প্রত্যয়ের লোপ হয় না। যথা,—যস্কস্যাপত্যানি স্ত্রিয়ঃ যাস্ক্যঃ, বিদস্যাপত্যানি স্ত্রিয়ঃ বৈদ্যঃ, অত্রেরপত্যানি স্ত্রিয়ঃ আত্রেয্যঃ, রঘোরপত্যানি স্ত্রিয়ঃ রাঘব্যঃ (the female descendants of Raghu).

৪৪। অর্থবিশেষে চাপত্যানি।

অপত্য অর্থে যে সকল প্রত্যয় বিহিত হইল, তৎ-সমুদায় অর্থ-বিশেষেও প্রযুক্ত হইয়া থাকে।

৪৫। ইয়-কণ্-খীন-ষীকণশ্চ।

অর্থ-বিশেষে ইয় (ঘ), কণ্ (ঠক্, ঠঞ্), খীন (খ), ষীকণ্ (ঈকক্), এই সকল প্রত্যয়ও যথাসম্ভব হইয়া থাকে। কণের ণ্ ইৎ, ক থাকে; খীনের খ্ ইৎ, ঈন থাকে; ষীকণের ষ্ ণ্ ইৎ, ঈক থাকে।

---

(১) পূজ্যপাদ বিদ্যাসাগর মহাশয়ের এই সূত্রে পাণিনি ব্যাকরণের সমর্থন নাই। পাণিনি-মতে যে শব্দ জনপদবাচী হইয়াও ক্ষত্রিয়বাচী, সেই সব শব্দের উত্তর অণ্, অঞ্ প্রভৃতি যে কয়েকটি প্রত্যয় হয়, তাহার নাম তদ্রাজ-প্রত্যয়। পূর্ব্বোক্ত অর্থবাচী শব্দগুলির উত্তর অপত্যার্থে যে প্রত্যয় হয়, "তস্য রাজা" এই অর্থেও সেই প্রত্যয়গুলি হয়। অস্ত্রীলিঙ্গের বহুবচন অর্থে ঐ শব্দগুলির উত্তর ঐ প্রত্যয়গুলির লোপ হয়। পাণিনি-মতে বিভাষা হইবে না, নিত্যই লোপ হইবে। রঘবঃ যদবঃ প্রভৃতি লক্ষণা (secondary meaning) বলে হয়। **তদ্রাজস্য বহুষু তেনৈবাস্ত্রিয়াম্। জনপদ-ক্ষত্রিয়াদঞ্। ক্ষত্রিয়সমানশব্দাজ্জনপদাত্তস্য রাজন্যপত্যবৎ (বা)।**

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৪৬। তদ্বেত্তি তদধীতে। (১)

তৎ বেত্তি, তৎ অধীতে, এই দুই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—তর্কং বেত্তি অধীতে বা তার্কিকঃ (logician). ন্যায়ং বেত্তি অধীতে বা নৈয়ায়িকঃ (one who knows *Nyaya* Philosophy), বেদান্তং বেত্তি অধীতে বা বৈদান্তিকঃ, পুরাণং বেত্তি অধীতে বা পৌরাণিকঃ (ঠক্), বেদং বেত্তি অধীতে বা বৈদিকঃ (ঠঞ্), অলঙ্কারং বেত্তি অধীতে বা আলঙ্কারিকঃ (one who knows rhetoric), জ্যোতিষং বেত্তি অধীতে বা জ্যৌতিষিকঃ (ঠক্), ব্যাকরণং বেত্তি অধীতে বা বৈয়াকরণঃ (অণ্)।

৪৭। হ্রস্বোঽন্ত্যঃ শিক্ষাদেঃ। (২)

শিক্ষা প্রভৃতি প্রাতিপদিকের অন্ত্যস্বর হ্রস্ব হয়। যথা,—শিক্ষাং বেত্তি অধীতে বা শিক্ষকঃ, মীমাংসাং বেত্তি অধীতে বা মীমাংসকঃ (বুন্)।

৪৮। তেন প্রোক্তম্। (পা)

তেন প্রোক্তম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—ঋষিণা প্রোক্তম্ আর্ষম্ (said by a Rishi), মনুনা প্রোক্তম্ মানবম্ (অণ্), মানবীয়ম্ (ছ), বিষ্ণুনা প্রোক্তম্ বৈষ্ণবম্, পতঞ্জলিনা প্রোক্তম্ পাতঞ্জলম্ (composed by Patanjali), কণাদেন প্রোক্তম্ কাণাদম্ (অণ্) (composed by Kanada), পাণিনিনা প্রোক্তম্ পাণিনীয়ম্, জৈমিনিনা প্রোক্তম্ জৈমিনীয়ম্ (ছ), অত্রিণা প্রোক্তম্ আত্রেয়ম্ (ঢক্) (৩), উশনসা প্রোক্তম্ ঔশনসম্, অঙ্গিরসা প্রোক্তম্ আঙ্গিরসম্ (অণ্), পরাশরেণ প্রোক্তম্ পারাশরীয়ম্ (ছণ্), বৃহস্পতিনা প্রোক্তম্

---

(১) তদধীতে তদ্বেদ।

(২) ক্রমাদিভ্যো বুন্। (বু=অক।)

(৩) ইতশ্চাণিঞঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

বার্হস্পত্যম্ (ণ্য), নারদেন প্রোক্তম্ নারদীয়ম্, বাল্মীকিনা প্রোক্তম্ বাল্মীকীয়ম্, বৌধায়নেন প্রোক্তম্ বৌধায়নীয়ম্ (ছ)।

৪৯। তেন কৃতম্।

তেন কৃতম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—কায়েন কৃতম্ কায়িকম্ (ঠক্) (corporal), অঙ্গেন কৃতম্ আঙ্গিকম্ (ঠঞ্), শরীরেণ কৃতম্ শারীরিকম্ (physical), বাচা কৃতম্ বাচিকম্, বচনেন কৃতম্ বাচনিকম্, মনসা কৃতম্ মানসিকম্, সহসা কৃতম্ সাহসিকম্ (ঠক্), পুরুষেণ কৃতম্ পৌরুষেয়ম্ (ঢক্), মক্ষিকাভিঃ কৃতম্ মাক্ষিকম্ (অণ্) (honey), ক্ষুদ্রাভিঃ কৃতম্ ক্ষৌদ্রম্ (অঞ্) (honey).

৫০। তেন রক্তম্। (১)

তেন রক্তম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—কষায়েণ রক্তম্ কাষায়ম্ (dyed with reddish colour), কুসুম্ভেন রক্তম্ কৌসুম্ভম্ (অণ্), নীল্যা রক্তম্ নীলম্ (অন্), হরিদ্রয়া রক্তম্ হারিদ্রম্ (অঞ্), মঞ্জিষ্ঠয়া রক্তম্ মাঞ্জিষ্ঠম্ (অণ্), লাক্ষয়া রক্তম্ লাক্ষিকম্, রোচনয়া রক্তম্ রৌচনিকম্ (ঠক্), পীতেন রক্তম পীতকম্ (কন্)।

৫১। সাস্য দেবতা। (পা)

সা অস্য দেবতা, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—শিবোঽস্য দেবতা শৈবঃ (a worshipper of Shiva), বিষ্ণুরস্য দেবতা বৈষ্ণবঃ, শক্তিরস্য দেবতা শাক্তঃ (অণ্), গণপতিরস্য দেবতা গাণপতঃ (অণ্) (a worshipper of Ganesha), প্রজাপতিরস্য দেবতা প্রাজাপত্যঃ (ণ্য), বায়ুরস্য দেবতা বায়ব্যঃ (যৎ), অগ্নিরস্য দেবতা আগ্নেয়ঃ (ঢক্), সোমোঽস্য দেবতা সৌম্যঃ (ট্যণ্), দ্যাবাপৃথিব্যৌ অস্য

(১) তেন রক্তং রাগাৎ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

দেবতা দ্যাবাপৃথিবীয়ম্ (ছ), দ্যাবাপৃথিব্যম্ (যৎ), অগ্নীষোমাবস্য দেবতে অগ্নীষোমীয়ম্ (ছ), অগ্নীষোম্যম্ (যৎ)।

৫২। তস্য সমূহঃ। (পা)

তস্য সমূহঃ, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—ভিক্ষাণাং সমূহঃ ভৈক্ষম্ (alms), অঙ্গারাণাং সমূহঃ আঙ্গারম্ (অণ্), ময়ূরাণাং সমূহঃ মায়ূরম্ (অঞ্) (a flock of peacocks), ধেনূনাং সমূহঃ ধৈনুকম্ (ঠক্), কলাপানাং সমূহঃ কালাপকম্, রাজন্যানাং সমূহঃ রাজন্যকম্ (a number of Kshatriyas), রাজপুত্রাণাং সমূহঃ রাজপুত্রকম্, মনুষ্যাণাং সমূহঃ মানুষ্যকম্ (বুঞ্), অপূপানাং সমূহঃ আপূপিকম্ (ঠক্), গণিকানাং সমূহঃ গাণিক্যম্ (যঞ্), ব্রাহ্মণানাং সমূহঃ ব্রাহ্মণ্যম্ (যৎ) (an assembly of Brahmins).

৫৩। সমূহে খণ্ড-কাণ্ড-তলঃ।

সমূহ অর্থে, প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব খণ্ড, কাণ্ড ও তল্ প্রত্যয় হয়। যথা,—কমলানাং সমূহঃ কমলখণ্ডম্, কুমুদানাং সমূহঃ কুমুদখণ্ডম্, দূর্ব্বাণাং সমূহঃ দূর্ব্বাকাণ্ডম্, কর্ম্মণাং সমূহঃ কর্ম্মকাণ্ডম্ (ক)। তল্প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয়। যথা,—জনানাং সমূহঃ জনতা (crowd), বন্ধূনাং সমূহঃ বন্ধুতা (১)।

৫৪। তত্র ভবঃ। (পা)

তত্র ভবঃ (২), এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—মথুরায়াং ভবঃ মাথুরঃ, কলিঙ্গে ভবঃ কালিঙ্গঃ (অণ্), গ্রামে ভবঃ গ্রামীণঃ (খঞ্) (৩) (born in a village), নগরে ভবঃ

(ক) খণ্ড ও কাণ্ড-প্রত্যয় কাশিকাধৃত বার্ত্তিকসূত্রে পাওয়া যায়।

(১) গ্রামজনবন্ধুভ্যস্তল্। এইরূপ,—গজতা, সহায়তা, গ্রামতা। ('তলন্তং স্ত্রিয়াম্' ইতি আপ্)।

(২) এস্থলে ভব শব্দে জাত, স্থিত, সংক্রান্ত, আবির্ভূত প্রভৃতি অনেক অর্থ বুঝায়।

(৩) গ্রামাদ্ যখঞৌ। (খ=ঈন) ; পক্ষে গ্রাম্যঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

নাগরঃ (অণ্), নাগরেয়কঃ (ঢকঞ্), নাগরকঃ (বুঞ্—নিন্দার্থে বা প্রাবীণ্যার্থে), বর্ষাসু ভবঃ বার্ষিকঃ (ঠক্), শরদি ভবঃ শারদঃ (অণ্), বসন্তে ভবঃ বাসন্তিকঃ (vernal), হেমন্তে ভবঃ হৈমন্তিকঃ (ঠক্), সমুদ্রে ভবঃ সামুদ্রিকঃ (ঠঞ্) (marine), দ্বীপে ভবঃ দ্বৈপায়নঃ (ফক্), দ্বৈপ্যঃ (যঞ্), অকালে ভবঃ আকালিকঃ, শশ্বদ্ভবঃ শাশ্বতিকঃ (ঠঞ্) (১) (eternal), কুলে ভবঃ কুলীনঃ (খ) (born of a good family), দুষ্কুলে ভবঃ দৌষ্কুলেয়ঃ (ঢক্), দুষ্কুলীনঃ (খ), প্রাচি ভবম্ প্রাচ্যম্, দিশি ভবম্ দিশ্যম্, বর্গে ভবম্ বর্গ্যম্†, কণ্ঠে ভবম্ কণ্ঠ্যম্, দন্তে ভবম্ দন্ত্যম্, তালৌ ভবম্ তালব্যম্, ওষ্ঠে ভবম্ ওষ্ঠ্যম্ (যৎ) জিহ্বামূলে ভবম্ জিহ্বামূলীয়ম্ (ছ), অন্তরে ভবম্ আন্তরিকম্ (ঠক্), আন্তরম্ (অণ্), মনসি ভবম্ মানসম্ (অণ্), মানসিকম্ (ঠক্) (mental), শরীরে ভবম্ শারীরম্ (অণ্), শারীরিকম্ (ঠক্) (physical), অরণ্যে ভবঃ আরণ্যকঃ (বুঞ্) (an inhabitant of the forest) মনুষ্যঃ (২), আরণ্যঃ (ণ) (wild) পশুঃ, কোশে ভবম্ কৌশেয়ম্ (ঢক্), ইহ ভবম্ ঐহিকম্, লোকে ভবম্ লৌকিকম্ (ঠঞ্), ভূমৌ ভবঃ ভৌমঃ (অণ্), দিবি ভবঃ দিব্যঃ (divine), অগ্রে ভবম্ অগ্র্যম্, আদৌ ভবম্ আদ্যম্, অন্তে ভবম্ অন্ত্যম্, বেশে ভবা বেশ্যা (যৎ), সর্ব্বকালে ভবম্ সার্ব্বকালিকম্ (ঠঞ্), কদাচিদ্ভবম্ কাদাচিৎকম্ (বুঞ্) (occasional), সম্প্রতি ভবম্ সাম্প্রতিকম্, অধ্যাত্মং ভবম্ আধ্যাত্মিকম্, অধিভূতং ভবম্ আধিভৌতিকম্, অধিদেবং ভবম্ আধিদৈবিকম্ (ঠঞ্) (*), মধ্যন্দিনে ভবম্ মাধ্যন্দিনম্ (অণ্)।

(১) 'শাশ্বতম্ ইতি প্রযুক্তেঃ' (বামনঃ)—'শাশ্বতে প্রতিষেধঃ' এই প্রয়োগ আছে বলিয়া 'শাশ্বতম্' পদও হয়।

† কিন্তু ক-বর্গে ভবম্, কবর্গীয়ম্ (**বর্গান্তাচ্চ**)।

(২) **অরণ্যান্মনুষ্যে।** পথ্যধ্যায়ন্যায়বিহারমনুষ্যহস্তিষ্বিতি বাচ্যম্ (বা)। যথা,—আরণ্যকঃ পন্থাঃ, অধ্যায়ঃ, ন্যায়ঃ, বিহারঃ, মনুষ্যঃ, হস্তী বা।

* 'অনুশতিকাদীনাং চ' ইতি উভয়পদবৃদ্ধিঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৫৫। টিলোপোঽকস্মাদ্বহিষোঃ।

অকস্মাৎ, বহিস্, এই দুই প্রাতিপদিকের টির লোপ হয়। যথা,—অকস্মাদ্ভবম্ আকস্মিকম্ (ঠঞ্) (sudden), বহির্ভবম্ বাহ্যম্ (যঞ্), বাহীকম্ (ঈকক্) (external). (১)

৫৬। স্ত্রীপুংসাভ্যাং নণ্। (২)

স্ত্রী ও পুম্‌স্ শব্দের উত্তর ভব প্রভৃতি অর্থে নণ্ (নঞ্ ও স্নঞ্) হয়; ণ্ ইৎ, ন থাকে। যথা,—স্ত্রীষু ভবম্ স্ত্রৈণম্, পুংসু ভবম্ পৌংস্নম্।

৫৭। হৈমন-শৌবস্তিক-পৌনঃপুনিকাঃ। (৩)

হৈমন, শৌবস্তিক ও পৌনঃপুনিক শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—হেমন্তে ভবম্ হৈমনম্ (অণ্), শ্বো ভবম্ শৌবস্তিকম্ (ঠক্) (pertaining to to-morrow), পুনঃপুনর্ভবম্ পৌনঃপুনিকম্ (recurring). 'হেমন্ত' শব্দের 'হৈমন্তম্' এই পদও হয়।

৫৮। প্রতীচ্যোদীচ্য-তিরশ্চীনাঃ। (৪)

প্রতীচ্য, উদীচ্য, তিরশ্চীন, এই তিন শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—প্রতীচি ভবম্ প্রতীচ্যম্ (western), উদীচি ভবম্ উদীচ্যম্ (যৎ) (northern), তিরশ্চি ভবম্ তিরশ্চীনম্ (খ) (oblique).

৫৯। তত্র সাধুঃ। (পা)

তত্র সাধুঃ, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—সভায়াং সাধুঃ সভ্যঃ (য) (suitable for an assembly), সমাজে সাধুঃ সামাজিকঃ (ঠক্) (social), অতিথৌ সাধুঃ আতিথেয়ঃ

---

(১) অব্যয়ানাং ভ-মাত্রে টি-লোপঃ। 'বহিষষ্টিলোপঃ' এই বিধান থাকায় সর্ব্বত্র টি-লোপ হয় না; সুতরাং সাম্প্রতিক, শাশ্বতিক ইত্যাদি পদ হয়। বহিষষ্টিলোপো যঞ্ চ। ঈকক্ চ।

(২) স্ত্রীপুংসাভ্যাং নঞ্স্নঞৌ ভবনাৎ।

(৩) সর্ব্বত্রাণ্ চ তলোপশ্চ। শ্বসস্তুট্ চ। দ্বারাদীনাঞ্চ।

(৪) দ্যুপ্রাগপাগুদক্প্রতীচো যৎ। তিরসস্তির্য্যলোপে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

(ঢঞ্) (hospitable), বেদে সাধুঃ বৈদিকঃ (ঠক্), সংগ্রামে সাধুঃ সাংগ্রামিকঃ (ঠঞ্), সংযুগে সাধুঃ সাংযুগীনঃ (খঞ্), বিতণ্ডায়াং সাধুঃ বৈতণ্ডিকঃ, কথায়াং সাধুঃ কাথিকঃ, সংকথায়াং সাধুঃ সাংকথিকঃ, সংগ্রহে সাধুঃ সাংগ্রহিকঃ (ঠক্)।

৬০। দেয়ে কালাদবশ্যম্ভাবে। (১)

অবশ্যম্ভাব বুঝাইলে, দেয় অর্থে, কাল-বাচক প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—মাসে দেয়ম্ মাসিকম্ (payable in a month), বর্ষে দেয়ম্ বার্ষিকম্ (payable in a year), অব্দে দেয়ম্ আব্দিকম্, সংবৎসরে দেয়ম্ সাংবৎসরিকম্, অগ্রহায়ণে দেয়ম্ আগ্রহায়ণিকম্ (ঠঞ্), শ্রাবণে দেয়ম্ শ্রাবণিকম্ (ঠক্)।

৬১। নির্বৃত্তে চ। (২)

নির্বৃত্ত (নিষ্পন্ন) অর্থেও হয়। যথা, —দিনেন নির্বৃত্তম্ দৈনিকম্ (completed in a day), মাসেন নির্বৃত্তম্ মাসিকম্, বর্ষেণ নির্বৃত্তম্ বার্ষিকম্ (ঠঞ্), সংবৎসরেণ নির্বৃত্তম্ সাংবৎসরীয়ম্ (ছণ্), সাংবৎসরিকম্ (ঠঞ্)।

৬২। অহ্নোঽহ্নঃ।

অহন্-শব্দ-স্থানে অহ্ন হয় (৩)। যথা,—অহ্না নির্বৃত্তম্ আহ্নিকম্ (ঠঞ্)।

৬৩। ব্যাপ্তৌ চ।

ব্যাপ্তি অর্থেও হয়। যথা,—দিনং ব্যাপ্য স্থিতম্ দৈনিকম্, মাসং ব্যাপ্য স্থিতম্ মাসিকম্, বর্ষং ব্যাপ্য স্থিতম্ বার্ষিকম্ (ঠক্), চতুরো মাসান্ ব্যাপ্য স্থিতম্ চাতুর্মাস্যম্ (ণ্য) (lasting for four months).

---

(১) দেয়মৃণে।
(২) তেন নির্বৃত্তম্।
(৩) অল্লোপোঽনঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৬৪। বয়সি চ। (১)

বয়স্ অর্থেও হয়। যথা,—দ্বে বর্ষে অস্য বয়ঃ দ্বিবর্ষীণঃ (খ), দ্বিবর্ষীয়ঃ (ছ), দ্বিবার্ষিকঃ (ঠঞ্), দ্বিবর্ষঃ (২) (প্রত্যয়ের লোপ) (two years old); পঞ্চ বর্ষাণ্যস্য বয়ঃ পঞ্চবর্ষীণঃ (খ), পঞ্চবর্ষীয়ঃ (ছ), পঞ্চবার্ষিকঃ (ঠঞ্), পঞ্চবর্ষঃ (লোপ); ষোড়শ বর্ষাণ্যস্য বয়ঃ ষোড়শবর্ষীণঃ (খ), ষোড়শবর্ষীয়ঃ (ছ), ষোড়শবার্ষিকঃ (ঠঞ্), ষোড়শবর্ষঃ (লোপ)।

৬৫। তত আগতঃ। (পা)

ততঃ আগতঃ, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—মথুরায়া আগতঃ মাথুরঃ (অণ্) (one who hails from Mathura), নগরাদাগতঃ নাগরিকঃ, আপণাদাগতঃ আপণিকঃ (ঠক্), উপাধ্যায়াদাগতম্ ঔপাধ্যায়কম্, পিতামহাদাগতম্ পৈতামহকম্ (বুঞ্), মাতুরাগতম্ মাতৃকম্ (ঠঞ্) (maternal), সবিতুরাগতম্ সাবিত্রম্ (অণ্), ভ্রাতুরাগতম্ ভ্রাতৃকম্ (fraternal), পিতুরাগতম্ পৈতৃকম্ (ঠঞ্) (ক), পিত্র্যম্ (যৎ) (paternal), স্ত্রিয়া আগতম্ স্ত্রৈণম্ (নঞ্), পুংস আগতম্ পৌংস্নম্ (স্নঞ্)।

৬৬। তদর্হতি। (পা)

তৎ অর্হতি (তাহার যোগ্য), এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—শতমর্হতি শতিকঃ (ঠন্), সহস্রমর্হতি সাহস্রিকঃ, ছেদমর্হতি ছৈদিকঃ (ঠঞ্), দণ্ডমর্হতি দণ্ড্যঃ (deserving punishment), অর্ঘমর্হতি অর্ঘ্যঃ, শীর্ষচ্ছেদমর্হতি শীর্ষচ্ছেদ্যঃ (৩) (fit to be killed or beheaded), বধমর্হতি বধ্যঃ (যৎ), যজ্ঞমর্হতি যজ্ঞিয়ঃ (ঘ) (যজ্ঞীয়ঃ—তস্যেদমর্থে ছ), দক্ষিণামর্হতি দক্ষিণীয়ঃ (ছ), দক্ষিণ্যঃ (যৎ)।

---

(১) বর্ষাল্লুক্ চ। (ক) ইসুসুক্তান্তাৎ কঃ। ইস্, উস্ এবং উ, ঋ, ৯ ও ত বর্ণের পর ঠ-স্থানে ইক না হইয়া শুধু ক হয়।

(২) চিত্তবতি নিত্যম্—প্রাণীর সম্বন্ধে নিত্য লোপ হয়। যথা,—দ্বিবর্ষঃ মনুষ্যঃ। দ্বিবার্ষিকং—'বর্ষস্যাভবিষ্যতি' এই সূত্রে পরপদে বৃদ্ধি।

(৩) শীর্ষচ্ছেদাদ্ যচ্চ। (শিরসঃ শীর্ষভাবো নিপাত্যতে।)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৬৭। **তস্মাদনপেতম্‌।** (১)

তস্মাৎ অনপেতম্‌, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—ধর্ম্মাদনপেতম্‌ ধর্ম্ম্যম্‌ (consistent with Dharma), ন্যায়াদনপেতম্‌ ন্যায্যম্‌ (just), অর্থাদনপেতম্‌ অর্থ্যম্‌ (significant), পথোঽনপেতম্‌ পথ্যম্‌ (যৎ) (suitable), শাস্ত্রাদনপেতম্‌ শাস্ত্রীয়ম্‌ (ছ), বিধেরনপেতম্‌ বৈধম্‌ (অণ্‌) (lawful).

৬৮। **তস্যেদম্‌।** (পা)

তস্য ইদম্‌, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—বিষ্ণোরিদম্‌ বৈষ্ণবম্‌, শিবস্যেদম্‌ শৈবম্‌, জনপদস্যেদম্‌ জানপদম্‌ (অণ্‌), তস্যেদম্‌ তদীয়ম্‌, এতস্যেদম্‌ এতদীয়ম্‌ (ছ), দেবস্যেদম্‌ দৈবম্‌ (divine), অসুরস্যেদম্‌ আসুরম্‌ (অণ্‌), সম্রাজ ইদম্‌ সাম্রাজ্যম্‌ (ষ্যঞ্‌), ইন্দ্রস্যেদম্‌ ঐন্দ্রম্‌, মহেন্দ্রস্যেদম্‌ মাহেন্দ্রম্‌, মনস ইদম্‌ মানসম্‌ (mental), শরীরস্যেদম্‌ শারীরম্‌ (অণ্‌), পিতুরিদম্‌ পিত্র্যম্‌ (paternal), গোরিদম্‌ গব্যম্‌ (যৎ), মহিষস্যেদম্‌ মাহিষম্‌, বেণোরিদম্‌ বৈণবম্‌, পলাশস্যেদম্‌ পালাশম্‌, খদিরস্যেদম্‌ খাদিরম্‌, বিল্বস্যেদম্‌ বৈল্বম্‌, মুঞ্জানামিদম্‌ মৌঞ্জম্‌ (অণ্‌), স্ত্রিয়া ইদম্‌ স্ত্রৈণম্‌ (নঞ্‌), পুংস ইদম্‌ পৌংস্নম্‌ (স্নঞ্‌), গঙ্গায়া ইদম্‌ গাঙ্গম্‌, হিমবত ইদম্‌ হৈমবতম্‌, পশুপতেরিদম্‌ পাশুপতম্‌, শঙ্করস্যেদম্‌ শাঙ্করম্‌, সুরস্যেদম্‌ সৌরম্‌, চন্দ্রস্যেদম্‌ চান্দ্রম্‌ (অণ্‌), বেদস্যেদম্‌ বৈদিকম্‌ (ঠক্‌), উপনিষদ ইদম্‌ ঔপনিষদম্‌ (অণ্‌), পৃথিব্যা ইদম্‌ পার্থিবম্‌ (ঞ, অঞ্‌), জলস্যেদম্‌ জলীয়ম্‌ (ছ) (watery), তেজস ইদম্‌ তৈজসম্‌ (অণ্‌), বায়োরিদম্‌ বায়বীয়ম্‌ (ছ), শত্রোরিদম্‌ শাত্রবম্‌, রুরোরিদম্‌ রৌরবম্‌, ন্যঙ্কোরিদম্‌ নৈয়ঙ্কবম্‌ ন্যাঙ্কবম্‌, শ্বাপদস্যেদম্‌ শৌবাপদম্‌ শ্বাপদম্‌, ভরতস্যেদম্‌ ভারতম্‌ (অণ্‌), ভারতবর্ষস্যেদম্‌ ভারতবর্ষীয়ম্‌, যুষ্মাকমিদম্‌ যুষ্মদীয়ম্‌, অস্মাকমিদম্‌ অস্মদীয়ম্‌ (ছ)।

(১) ধর্ম্মপথ্যর্থন্যায়াদনপেতে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৬৯। त्वन्मदावेकवचने। (১)

একবচনে যুষ্মদ্-স্থানে ত্বদ্ ও অস্মদ্-স্থানে মদ্ হয়। যথা,—তব ইদম্ ত্বদীয়ম্, মম ইদম্ মদীয়ম্ (ছ) (belonging to me).

৭০। युष्माकास्माकौ खीनञणोः। (২)

খীন ও ষণ্ প্রত্যয় পরে, যুষ্মদ্-স্থানে দ্বি-বহুবচনে যুষ্মাক ও অস্মদ্-স্থানে অস্মাক হয়। যথা,—যুষ্মাকমিদম্ যৌষ্মাকীণম্ (খঞ্), যৌষ্মাকম্ (অণ্), অস্মাকমিদম্ আস্মাকীনম্ (খঞ্), আস্মাকম্ (অণ্)।

৭১। तवकममकावेकवचने। (পা)

একবচনে তবক ও মমক হয়। যথা,—তব ইদম্ তাবকীনম্ (খঞ্), তাবকম্ (অণ্) (thine), মম ইদম্ মামকীনম্ (খঞ্), মামকম্ (অণ্) (mine).

৭২। परादेः कन् चीयणि। (৩)

ঈয়ণ্ (ছ) প্রত্যয় হইলে পর, স্ব, রাজন্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর কন্ হয়; ন্ ইৎ, ক থাকে। যথা,—পরস্যেদম্ পরকীয়ম্ (belonging to others), রাজ্ঞঃ ইদম্ রাজকীয়ম্ (royal, regal). স্ব-শব্দের উত্তর বিকল্পে; যথা,—স্বস্যেদম্ স্বকীয়ম্, স্বীয়ম্ (own).

৭৩। सौर-सारव-स्वायम्भुवाः।

সৌর, সারব ও স্বায়ম্ভুব শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—সূর্য্যস্যেদম্ সৌরম্ দিনম্ (Sunday), সরয্বা ইদম্ সারবম্ জলম্ (water of the Sarayu), স্বয়ম্ভুব ইদম্ স্বায়ম্ভুবম্ ধাম (অণ্) (৪)।

---

(১) ত্বমাবেকবচনে। প্রত্যয়োত্তরপদয়োশ্চ।

(২) যুষ্মদস্মদোরন্যতরস্যাং খঞ্চ। তস্মিন্নণি চ যুষ্মাকাস্মাকৌ।

(৩) কুগ্জনস্য পরস্য চ (গণসূত্র); স্বস্য চ (গণসূত্র); রাজ্ঞঃ ক চ।

(৪) সূর্য্যতিষ্যাগস্ত্যমৎস্যানাং য উপধায়াঃ—ইতি সৌরঃ, "দাণ্ডিনায়ন" ইত্যাদিসূত্রেণ সারবঃ, সংজ্ঞাপূর্ব্বকস্য বিধেরনিত্যত্বাৎ স্বায়ম্ভুবাদয়ঃ সিধ্যন্তি। কিন্তু 'সূর্য্যাগস্ত্যয়োশ্ছে চ ঙ্যাং চ' এই বার্ত্তিক অনুযায়ী, সূর্য্য + অণ্ = সৌর্য্যঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৭৪। ভবদীয়ান্যদীয়ৌ। (১)

ভবদীয় ও অন্যদীয় শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—ভবত ইদম্ ভবদীয়ম্ (belonging to you), অন্যস্যেদম্ অন্যদীয়ম্ (ছ)।

৭৫। তস্য বিকারঃ। (পা)

তস্য বিকারঃ, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—সুবর্ণস্য বিকারঃ সৌবর্ণঃ (অণ্) (golden), রজতস্য বিকারঃ রাজতঃ, সীসস্য বিকারঃ সৈসঃ, দারোর্বিকারঃ দারবঃ, দেবদারোর্বিকারঃ দৈবদারবঃ (অঞ্), পয়সাং বিকারঃ পায়সঃ (অণ্) (made of milk), অগ্নের্বিকারঃ আগ্নেয়ঃ (ঢক্), মুদ্গস্য বিকারঃ মৌদ্গঃ, ইক্ষোর্বিকারঃ ঐক্ষবঃ, গুড়স্য বিকারঃ গৌড়ঃ, তিলস্য বিকারঃ তৈলম্ (অণ্) (oil).

৭৬। তদস্য পণ্যম্। (পা)

তৎ অস্য পণ্যম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—লবণমস্য পণ্যম্ লাবণিকঃ (ঠঞ্) (salt-dealer), তৈলমস্য পণ্যম্ তৈলিকঃ (oilman), অপূপা অস্য পণ্যম্ আপূপিকঃ, তণ্ডুলমস্য পণ্যম্ তাণ্ডুলিকঃ, মোদকা অস্য পণ্যম্ মৌদকিকঃ (ঠক্) (confectioner), উশীরমস্য পণ্যম্ উশীরিকঃ (ষ্ঠন্), তাম্বূলমস্য পণ্যম্ তাম্বূলিকঃ (ঠক্) (a seller of betel).

৭৭। তদস্য প্রহরণম্। (২)

তৎ অস্য প্রহরণম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—ধনুরস্য প্রহরণম্ ধানুষ্কঃ (archer), অসিঃ অস্য প্রহরণম্ আসিকঃ (one who has a sword as weapon), প্রাসোঽস্য প্রহরণম্ প্রাসিকঃ (ঠক্), পরশ্বধঃ অস্য প্রহরণম্ পারশ্বধিকঃ (ঠক্,

(১) ভবতষ্ঠক্‌ছসৌ। 'সিতি চ' এবং 'ঋলাপ্তশোঽন্তে' সূত্রে ভবতীয় না হইয়া ভবদীয় হয়।

(২) প্রহরণম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ঠঞ্), পরশুরস্য প্রহরণম্ পারশবিকঃ, তরবারিরস্য প্রহরণম্ তারবারিকঃ (ঠক্), শক্তিরস্য প্রহরণম্ শাক্তীকঃ, যষ্টিরস্য প্রহরণম্ যাষ্টীকঃ (ঈকক্)।

৭৮। তদস্য প্রয়োজনম্। (১)

তৎ অস্য প্রয়োজনম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—স্বর্গঃ প্রয়োজনমস্য স্বর্গ্যম্ (heavenly), যশঃ প্রয়োজনমস্য যশস্যম্ (leading to fame), আয়ুঃ প্রয়োজনমস্য আয়ুষ্যম্ (promoting long life), কামঃ প্রয়োজনমস্য কাম্যম্ (যৎ), গৃহপ্রবেশনং প্রয়োজনমস্য গৃহপ্রবেশনীয়ম্, অনুপ্রবচনম্ প্রয়োজনমস্য অনুপ্রবচনীয়ম্, সংবেশনম্ প্রয়োজনমস্য সংবেশনীয়ম্ (ছ)।

৭৯। তদস্য শীলম্। (২)

তৎ অস্য শীলম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—তপোঽস্য শীলম্ তাপসঃ (ascetic), গুরোঃ দোষাণামাবরণম্ ছত্রম্—ছত্রমস্য শীলম্ ছাত্রঃ (pupil), শিক্ষাস্য শীলম্ শৈক্ষঃ, প্ররোহোঽস্য শীলম্ প্রারোহঃ (a sprout), চুরা অস্য শীলম্ চৌরঃ (ণ) (thief).

৮০। তদস্য প্রাপ্তং কালাৎ। (৩)

তৎ অস্য প্রাপ্তম্, এই অর্থে কাল-বাচক প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—সময়োঽস্য প্রাপ্তঃ সাময়িকঃ (ঠঞ্) (observing time or season), কালোঽস্য প্রাপ্তঃ কাল্যঃ (যৎ) (relating to time) (৪), দিষ্টোঽস্য প্রাপ্তঃ দৈষ্টিকঃ (ঠঞ্), ঋতুরস্য প্রাপ্তঃ আর্ত্তবঃ (অণ্) (conforming to season).

---

(১) প্রয়োজনম্। (২) শীলম্। ছত্রাদিভ্যো ণঃ।
(৩) সময়স্তদস্য প্রাপ্তম্।
(৪) প্রকৃষ্টঃ কালঃ অস্য এই অর্থে কালিকঃ (ঠঞ্)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৮১। অধিকৃত্য কৃতে গ্রন্থে। (পা)

গ্রন্থ বুঝাইলে, অধিকৃত্য কৃতম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—রামমধিকৃত্য কৃতম্ রামায়ণম্ (ফক্), ভগবন্তমধিকৃত্য কৃতম্ ভাগবতম্, ভরতানধিকৃত্য কৃতম্ ভারতম্ (অণ্), বাক্যম্ পদঞ্চাধিকৃত্য কৃতম্ বাক্যপদীয়ম্। এইরূপ—রাঘব-পাণ্ডবীয়ম্, কিরাতার্জ্জুনীয়ম্ (ছ) (১), আনুশাসনিকম্, আশ্বমেধিকম্, আশ্রমবাসিকম্ (ঠক্), মৌষলম্ (অণ্), মাহাপ্রস্থানিকম্, স্বার্গারোহণিকম্ (ঠক্) (২)।

৮২। তস্মৈ প্রভবতি। (৩)

তস্মৈ প্রভবতি, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—সন্তাপায় প্রভবতি সান্তাপিকঃ, সন্নাহায় প্রভবতি সান্নাহিকঃ, সংগ্রামায় প্রভবতি সাংগ্রামিকঃ, সংঘাতায় প্রভবতি সাংঘাতিকঃ, উৎপাতায় প্রভবতি ঔৎপাতিকঃ (ঠঞ্)।

৮৩। কার্ম্মুকং ধনুষি। (৪)

ধনুঃ অর্থে কার্ম্মুক শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—কর্ম্মণে প্রভবতি কার্ম্মুকম্ (উকঞ্) ধনুঃ (a bow).

৮৪। তস্মৈ হিতম্। (পা)

তস্মৈ হিতম্, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—যজ্ঞায় হিতম্ যজ্ঞীয়ম্ (sacrificial), অধ্বরায় হিতম্

(১) শিশুক্রন্দযমসভদ্বন্দ্বেন্দ্রজননাদিভ্যশ্ছঃ।

(২) আখ্যায়িকা বুঝাইলে, কোন কোন স্থলে প্রত্যয়ের লোপ হয় (লুবাখ্যায়িকাভ্যো বহুলম্)। যথা,—বাসবদত্তা, কাদম্বরী ইত্যাদি।

(৩) তস্মৈ প্রভবতি সন্তাপাদিভ্যঃ। (৪) কর্ম্মণ উকঞ্।

দ্রষ্টব্য ঃ—বৈদিক সাহিত্য-আলোচনায় দেখা যায়, উকঞ্ প্রত্যয়নিষ্পন্ন কার্ম্মুক শব্দ সাধারণ বিশেষণ; ধনুর্বাচক কার্ম্মুক শব্দ—কৃমুক+অণ্। কৃমুক—বৃক্ষবিশেষ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অধ্বরীয়ম্ (ছ), ব্রহ্মণে হিতম্ ব্রহ্মণ্যম্ (যৎ) (fit for a Brahmin), বিশ্বজনেভ্যো হিতম্ বিশ্বজনীনম্ (beneficial to all men), সর্ব্ব-জনেভ্যো হিতম্ সর্ব্বজনীনম্ (খ) (universal) (১)।

৮৫। **কালে নক্ষত্রাত্তদ্যোগে। (২)**

কাল ও নক্ষত্র-যোগ বুঝাইলে, নক্ষত্র-বাচক প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—বিশাখয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ বৈশাখঃ, রাধয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ রাধঃ, জ্যেষ্ঠয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ জ্যৈষ্ঠঃ, আষাঢ়য়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ আষাঢ়ঃ, শ্রবণয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ শ্রাবণঃ (অণ্), শ্রাবণিকঃ (শ্রাবণীনক্ষত্রযুক্তা পূর্ণিমা অস্মিন্নিত্যর্থে শ্রাবণী+ঠক্), ভদ্রয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ ভাদ্রঃ, ভদ্রপদয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ ভাদ্রপদঃ, প্রোষ্ঠপদয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ প্রোষ্ঠপদঃ, অশ্বিন্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ আশ্বিনঃ, অশ্বযুজা নক্ষত্রেণ যুক্তো মাসঃ আশ্বযুজঃ, কৃত্তিকয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ কার্ত্তিকঃ (অণ্), কার্ত্তিকিকঃ (কার্ত্তিকী+ঠক্), অগ্রহায়ণ্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ আগ্রহায়ণঃ, আগ্রহায়ণিকঃ, মৃগ্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ মার্গঃ, মৃগশীর্ষেণ নক্ষত্রেণ যুক্তো মাসঃ মার্গশীর্ষঃ, মৃগশিরসা নক্ষত্রেণ যুক্তো মাসঃ মার্গশিরসঃ, মঘয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ মাঘঃ, ফল্গুন্যা নক্ষত্রেণ যুক্তো মাসঃ ফাল্গুনঃ (অণ্), ফাল্গুনিকঃ (ফাল্গুনী+ঠক্), চিত্রয়া নক্ষত্রেণ যুক্তো মাসঃ চৈত্রঃ (অণ্), চৈত্রিকঃ (চৈত্রী+ঠক্)।

এই মাস-বাচক শব্দগুলি নক্ষত্রযুক্ত অর্থে অণ্-প্রত্যয়-নিষ্পন্ন না করিয়া, পৌর্ণমাসীযুক্ত অর্থে ঠক্ ও অণ্ প্রত্যয়-যোগে নিষ্পন্ন করাই পাণিনি-সম্মত। যথা,—বৈশাখ্যা পৌর্ণমাস্যা যুক্তো মাসঃ বৈশাখঃ।

---

(১) আত্মন্-বিশ্বজনভোগোত্তরপদাৎ খঃ। আত্মনীনম্, বিশ্বজনীনম্। সর্ব্বজনাট্ঠঞ্ খশ্চ। (বা)। সার্ব্বজনিকঃ, সর্ব্বজনীনঃ। প্রতিজনাদিভ্যঃ খঞ্। প্রতিজনং সাধুঃ প্রাতিজনীনঃ। সর্ব্বজনেষু সাধুঃ, সার্ব্বজনীনঃ। ('সাধু-রিহ প্রবীণো যোগ্যো বা')।

(২) সাস্মিন্ পৌর্ণমাসীতি। আগ্রহায়ণ্যশ্বত্থাট্ ঠক্। বিভাষা ফাল্গুনীশ্রবণাকার্ত্তিকীচৈত্রীভ্যঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অগ্রে হায়নম্ (ব্রীহিঃ) অস্যা অগ্রহায়ণী, আগ্রহায়ণী (স্বার্থে অণ্) বা পৌর্ণমাসী, সা বর্ত্ততে অস্মিন্ মাস ইতি আগ্রহায়ণিকঃ (ঠক্)। অগ্রঃ পূর্ব্বঃ হায়নঃ বর্ষম্ ইতি বিগ্রহে অগ্রহায়ণঃ, ততঃ স্বার্থে অণি আগ্রহায়ণঃ।

৮৬। যলোপস্তিষ্যপুষ্যয়োঃ। (১)

তিষ্য ও পুষ্য শব্দের য লুপ্ত হয়। যথা,—তিষ্যেণ নক্ষত্রেণ যুক্তো মাসঃ তৈষঃ, পুষ্যেণ নক্ষত্রেণ যুক্তো মাসঃ পৌষঃ।

৮৭। তদ্বহতি। (২)

তৎ বহতি, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—ধুরম্ বহতি ধুর্য্যঃ (যৎ), ধৌরেয়ঃ (ঢক্), সর্ব্বধুরাম্ বহতি সর্ব্বধুরীণঃ (খ), হলম্ বহতি হালিকঃ, সীরম্ বহতি সৈরিকঃ (ঠক্) (a ploughman), রথম্ বহতি রথ্যঃ, যুগম্ বহতি যুগ্যঃ (যৎ) (carriage-horse), শকটম্ বহতি শাকটঃ (অণ্) (a draught-ox).

৮৮। তেন জীবতি। (৩)

তেন জীবতি, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—বেতনেন জীবতি বৈতনিকঃ (hired labourer), বাহনেন জীবতি বাহনিকঃ (ঠক্), জালেন জীবতি জালিকঃ (ষ্ঠন্, ঠক্) (a fisherman), উপদেশেন জীবতি ঔপদেশিকঃ, ধনুষা জীবতি ধানুষ্কঃ (ঠক্) (৪), ক্রয়বিক্রয়াভ্যাম্ জীবতি ক্রয়বিক্রয়িকঃ (ঠন্) (a trader), আয়ুধেন জীবতি আয়ুধিকঃ (ঠন্), আয়ুধীয়ঃ (ছ) (a soldier), বাগুরয়া জীবতি বাগুরিকঃ (a hunter), নাবা জীবতি নাবিকঃ, ব্যবহারেণ জীবতি ব্যবহারিকঃ (ঠন্) (a lawyer).

---

(১) তিষ্যপুষ্যয়োর্নক্ষত্রাণি যলোপ ইতি বাচ্যম্। (বা)।

(২) তদ্বহতি রথযুগ-প্রাসঙ্গম্। ধুরো যড্ঢকৌ। খঃ সর্ব্বধুরাৎ। হলসীরাট্ ঠক্। শকটাদ্ অণ্।

(৩) বেতনাদিভ্যো জীবতি।

(৪) ইসুসুক্তান্তাৎ কঃ—ইস্, উস্, উ-ঋ-ঌ ও ত অন্তে থাকিলে তাহার উত্তর ঠ-স্থানে ইক না হইয়া ক হয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৮৯। তদস্মিন্ দীয়তে। (১)

তৎ অস্মিন্ দীয়তে, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—দ্বাবস্মিন্ বৃদ্ধিঃ আয়ঃ লাভঃ শুল্কম্ উপদা বা দীয়তে দ্বিকঃ। এইরূপ ত্রিকঃ ; চতুষ্কঃ ; পঞ্চকঃ। বৃদ্ধি প্রভৃতির দান-স্থলেই হইয়া থাকে।

৯০। তাদর্থ্যে।

তাদর্থ্য বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—পাদার্থমুদকম্ পাদ্যম্ (water meant for the feet), অর্ঘার্থমুদকম্ অর্ঘ্যম্ (যৎ) (oblation to gods) (২), বলয়ে ইদম্ বালেয়ম্ (ঢক্), অতিথয়ে ইদম্ আতিথ্যম্ (ঞ্য) (meant for the guest), অগ্নিদেবতায়ৈ ইদম্ অগ্নিদেবত্যম্, পিতৃদেবতায়ৈ ইদম্ পিতৃদেবত্যম্ (যৎ) (৩)।

৯১। স্বার্থে। (৪)

স্বার্থে (অর্থের পরিবর্ত্তন না ঘটাইয়া) প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। এই সকল প্রত্যয় হইলে পূর্ব্ব অর্থ ই অবিকৃত থাকে। যথা,—বন্ধুরেব বান্ধবঃ (friend), চোর এব চৌরঃ (thief), চণ্ডাল এব চাণ্ডালঃ, মন এব মানসম্ (mind), দেবতৈব দৈবতম্ (৫), প্রজ্ঞ এব প্রাজ্ঞঃ (wise man), কুতুকমেব কৌতুকম্, কুতূহলমেব কৌতূহলম্ (curiosity), মরুদেব মারুতঃ, রক্ষ এব রাক্ষসঃ (অণ্) (demon), ভেষজমেব ভৈষজ্যম্ (medicine), ইতিহৈব ঐতিহ্যম্ (ঞ্য), ত্রিলোকী এব ত্রৈলোক্যম্ (the three worlds), করুণা এব কারুণ্যম্, দ্বিগুণা এব দ্বৈগুণ্যম্, ত্রিগুণা এব ত্রৈগুণ্যম্, ষড়্গুণা এব

(১) তদস্মিন্ বৃদ্ধ্যায়লাভশুল্কোপদা দীয়তে।
(২) পাদার্ঘাভ্যাঞ্চ।
(৩) দেবতান্তাৎ তাদর্থ্যে যৎ। (৪) প্রজ্ঞাদিভ্যশ্চ।
(৫) 'ক্বচিৎ স্বার্থিকাঃ প্রকৃতিতো লিঙ্গবচনান্যতিবর্ত্তন্তে।' সেইজন্য দেবতা স্ত্রীং, দৈবতম্ ক্লীং।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ষাড়্গুণ্যম্, চত্বারো বর্ণা এব চাতুর্ব্বর্ণ্যম্, সেনা এব সৈন্যম্, সন্নিধিরেব সান্নিধ্যম্, সমীপমেব সামীপ্যম্, উপমা এব ঔপম্যম্ (resemblance), সুখমেব সৌখ্যম্ (ষ্যঞ্) (pleasure), সোদর এব সোদর্য্যঃ (যৎ) (brother), এক এব এককঃ (কন্) (alone), অত্যয় এব আত্যয়িকঃ (ঠক্), সূর এব সূর্য্যঃ (sun), মর্ত্ত এব মর্ত্ত্যঃ (যৎ) (১), সমানমেব সামান্যম্ (ষ্যঞ্), যাব এব যাবকঃ, বাল এব বালকঃ (boy), নৌরেব নৌকা (কন্) (boat), নবমেব নবীনম্ (খ) (new), বাগেব বাচিকম্ (ঠক্)।

৯২। দেবাত্তল্। (পা)

স্বার্থে দেব শব্দের উত্তর তল্ প্রত্যয় হয়। যথা,—দেব এব দেবতা (২)।

৯৩। ভাগ-রূপ-নামভ্যো ধেয়ঃ। (পা)

স্বার্থে ভাগ, রূপ, নামন্, এই তিন প্রাতিপদিকের উত্তর ধেয় প্রত্যয় হয়। যথা,—ভাগ এব ভাগধেয়ম্ (portion, destiny), রূপমেব রূপধেয়ম, নামৈব নামধেয়ম্ (name).

৯৪। মৃদস্তিকন্। (পা)

স্বার্থে মৃদ্ শব্দের উত্তর তিকন্ প্রত্যয় হয়। যথা,—মৃদেব মৃত্তিকা (earth).

৯৫। স-স্নৌ প্রশংসায়াম্। (পা)

প্রশংসা বুঝাইলে, স্বার্থে মৃদ্ শব্দের উত্তর স ও স্ন প্রত্যয় হয়। যথা, —প্রশস্তা মৃৎ মৃৎসা, মৃৎস্না (good earth or soil).

---

(১) মর্ত্তে ভবঃ—এই অর্থে 'মর্ত্ত্যঃ' (মর্ত্তবাসী) পদও হয় (ভবার্থে যৎ)।
(২) 'তলন্তঃ' এই লিঙ্গানুশাসন-সূত্রানুসারে স্ত্রীলিঙ্গ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৯৬। **নূত্ননূতনৌ। (১)**

নূত্ন ও নূতন শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—নবমেব নূত্নম্ (ত্নপ্), নূতনম্ (তনপ্) (new).

৯৭। **ঔপয়িকঞ্চ। (২)**

ঔপয়িক শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—উপায় এব ঔপয়িকঃ (ঠক্)।

৯৮। **সোঽস্য নিবাসোঽভিজনো বা। (৩)**

সঃ অস্য নিবাসঃ (৪), সঃ অস্য অভিজনঃ (৫), এই দুই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—মথুরা অস্য নিবাসঃ মাথুরঃ (an inhabitant of Mathura), মিথিলা অস্য নিবাসঃ মৈথিলঃ, কম্বোজোঽস্য নিবাসঃ কাম্বোজঃ, কশ্মীরোঽস্য নিবাসঃ কাশ্মীরঃ, গন্ধারোঽস্য নিবাসঃ গান্ধারঃ, কলিঙ্গোঽস্য নিবাসঃ কালিঙ্গঃ, উৎকলোঽস্য নিবাসঃ ঔৎকলঃ, সিন্ধুরস্য নিবাসঃ সৈন্ধবঃ (অণ্), তক্ষশিলাস্য নিবাসঃ তাক্ষশিলঃ (অঞ্), বিদেহোঽস্য নিবাসঃ বৈদেহঃ, পঞ্চালোঽস্য নিবাসঃ পাঞ্চালঃ, মগধোঽস্য নিবাসঃ মাগধঃ (অণ্), অযোধ্যা অস্য নিবাসঃ আযোধ্যিকঃ (ঠক্), মদ্রোঽস্য নিবাসঃ মাদ্রঃ (an inhabitant of Madra), অঙ্গোঽস্য নিবাসঃ আঙ্গঃ, বঙ্গোঽস্য নিবাসঃ বাঙ্গঃ (অণ্)। অভিজন অর্থেও এইরূপ। যথা,—গন্ধারোঽস্যাভিজনঃ গান্ধারঃ ইত্যাদি।

---

(১) নবস্য নূ আদেশঃ ত্নপ্-তনপ্-খাশ্চ (প্রত্যয়া) বক্তব্যাঃ। (বা)। খ-প্রত্যয়ে নবীন।

(২) উপায়াৎ ঠক্ হ্রস্বত্বং চ। (বা)।

(৩) **সোঽস্য নিবাসঃ। অভিজনশ্চ।**

(৪) নিবাসো নাম যত্র সম্প্রত্যুষ্যতে (present residence).

(৫) অভিজনো নাম যত্র পূর্ব্বৈরুষিতম্ (ancestral abode).

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৯৯। लीपो बहुवचने। (১)

বহুবচনে নিবাস ও অভিজন অর্থে বিহিত প্রত্যয়ের লোপ হয়। যথা,—অঙ্গ এষাম্ নিবাসঃ অঙ্গাঃ, বঙ্গ এষাম্ নিবাসঃ বঙ্গাঃ, কলিঙ্গ এষাম্ নিবাসঃ কলিঙ্গাঃ, বিদেহ এষাম্ নিবাসঃ বিদেহাঃ, উৎকল এষাম্ নিবাসঃ উৎকলাঃ, কম্বোজ এষাম্ নিবাসঃ কম্বোজাঃ, মগধ এষাম্ নিবাসঃ মগধাঃ, পঞ্চাল এষাম্ নিবাসঃ পঞ্চালাঃ, কশ্মীর এষাম্ নিবাসঃ কশ্মীরাঃ।

১০০। न स्त्रियाम्। (১)

স্ত্রীলিঙ্গে হয় না। যথা,—মগধ আসাম্ নিবাসঃ মাগধ্যঃ, পঞ্চাল আসাম্ নিবাসঃ পাঞ্চাল্যঃ, বিদেহ আসাম্ নিবাসঃ বৈদেহ্যঃ, কলিঙ্গ আসাম্ নিবাসঃ কালিঙ্গ্যঃ।

১০১। सोऽस्य राजेत्येवम्। (২)

সঃ অস্য রাজা, এই অর্থেও এইরূপ; অর্থাৎ সোঽস্য নিবাসঃ, সোঽস্যাভিজনঃ, এই দুই অর্থে যে প্রত্যয় ও কার্য্য হয়, সোঽস্য রাজা, এই অর্থেও সেইরূপ হয়। যথা,—কশ্মীরস্য রাজা কাশ্মীরঃ (the king of Kashmira), কলিঙ্গস্য রাজা কালিঙ্গঃ, বিদেহস্য রাজা বৈদেহঃ, পঞ্চালস্য রাজা পাঞ্চালঃ, মগধস্য রাজা মাগধঃ (অণ্), নিষধস্য রাজা নৈষধ্যঃ (ণ্য)। বহুবচনে—কশ্মীরাঃ, কলিঙ্গাঃ, বিদেহাঃ, পঞ্চালাঃ, মগধাঃ, নিষধাঃ।

১০২। तस्य भावः। (৩)

তস্য ভাবঃ, এই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—কুমারস্য ভাবঃ কৌমারম্, শিশোর্ভাবঃ শৈশবম্ (অণ্) (childhood), বৃদ্ধস্য ভাবঃ বার্দ্ধকম্ (বুঞ্) (৪) (old age), স্থবিরস্য

(১) ভদ্রাজস্য বহুষু তেনৈবাস্ত্রিয়াম্।
(২) ক্ষত্রিয়সমানশব্দাজ্জনপদাৎ তস্য রাজন্যপত্যবৎ (বা)।
(৩) প্রাণভৃজ্জাতিবয়োবচনোদ্গাত্রাদিভ্যোঽঞ্; হায়নান্তযুবাদিভ্যোঽণ্; বর্ণদৃঢ়াদিভ্যঃ ষ্যঞ্ চ।
(৪) 'বার্দ্ধক' শব্দের উত্তর স্বার্থে ষ্যঞ্ করিয়া 'বার্দ্ধক্য'-ও হয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ভাবঃ স্থাবিরম্, গুরোঃ ভাবঃ গৌরবম্ (respectability), লঘোর্ভাবঃ লাঘবম্ (lightness), সুষ্ঠোর্ভাবঃ সৌষ্ঠবম্, ঋজোঃ ভাবঃ আর্জবম্ (sincerity), মৃদোর্ভাবঃ মার্দবম্, পটোর্ভাবঃ পাটবম্ (cleverness), সুরভেঃ ভাবঃ সৌরভম্ (অণ্), রমণীয়স্য ভাবঃ রামণীয়কম্, কমনীয়স্য ভাবঃ কামনীয়কম্ (বুঞ্), স্থিরস্য ভাবঃ স্থৈর্য্যম্ (firmness), ধীরস্য ভাবঃ ধৈর্য্যম্ (patience), গম্ভীরস্য ভাবঃ গাম্ভীর্য্যম্, কৃশস্য ভাবঃ কার্শ্যম্ (thinness), জড়স্য ভাবঃ জাড্যম্, শীতস্য ভাবঃ শৈত্যম্ (coolness), উষ্ণস্য ভাবঃ ঔষ্ণ্যম্, দৃঢ়স্য ভাবঃ দার্ঢ্যম্, মন্দস্য ভাবঃ মান্দ্যম্, সুভগস্য ভাবঃ সৌভাগ্যম্ (good fortune), দুর্ভগস্য ভাবঃ দৌর্ভাগ্যম্, মধুরস্য ভাবঃ মাধুর্য্যম্, মাধুরী (sweetness), মূর্খস্য ভাবঃ মৌর্খ্যম্ (folly), বিষমস্য ভাবঃ বৈষম্যম্ (inequality), সমস্য ভাবঃ সাম্যম্ (equality), কাতরস্য ভাবঃ কাতর্য্যম্, কর্কশস্য ভাবঃ কার্কশ্যম্, বালস্য ভাবঃ বাল্যম্ (boyhood), শুক্লস্য ভাবঃ শৌক্ল্যম্ (whiteness), সুমনসো ভাবঃ সৌমনস্যম্, দুর্মনসো ভাবঃ দৌর্মনস্যম্, বিমনসো ভাবঃ বৈমনস্যম্, প্রবীণস্য ভাবঃ প্রাবীণ্যম্ (skilfulness), উদাসীনস্য ভাবঃ ঔদাসীন্যম্, কৃপণস্য ভাবঃ কার্পণ্যম্, মধ্যস্থস্য ভাবঃ মাধ্যস্থ্যম্, উদারস্য ভাবঃ ঔদার্য্যম্, বিগুণস্য ভাবঃ বৈগুণ্যম্, সুজনস্য ভাবঃ সৌজন্যম্ (generosity), স্থূলস্য ভাবঃ স্থৌল্যম্, অধিকস্য ভাবঃ আধিক্যম্ (ষ্যঞ্) (excess).

১০৩। তস্য ভাবঃ কর্ম্ম চ। (১)

তস্য ভাবঃ, তস্য কর্ম্ম, এই দুই অর্থে প্রাতিপদিকের উত্তর যথাসম্ভব উক্ত প্রত্যয় সকল হয়। যথা,—ব্রাহ্মণস্য ভাবঃ কর্ম্ম বা ব্রাহ্মণ্যম্ (the state or work of a Brahmin), চোরস্য ভাবঃ কর্ম্ম বা চৌর্য্যম্ (২),

(১) গুণবচনব্রাহ্মণাদিভ্যঃ কর্ম্মণি চ; পত্যন্তপুরোহিতাদিভ্যো যক্; সখ্যুর্যঃ; ইগন্তাচ্চ লঘুপূর্ব্বাৎ।

(২) স্তেনস্য ভাবঃ কর্ম্ম বা স্তেয়ম্ (স্তেনাদ্ যন্নলোপশ্চ), কোন কোন মতে স্তৈন্যমও হয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অলসস্য ভাবঃ কর্ম্ম বা আলস্যম্ (ষ্যঞ্) (idleness), সেনাপতের্ভাবঃ কর্ম্ম বা সৈনাপত্যম্ (যক্), অধিপতের্ভাবঃ কর্ম্ম বা আধিপত্যম্ (ষ্যঞ্), সখ্যুর্ভাবঃ কর্ম্ম বা সখ্যম্ (friendship) (য); শূরস্য ভাবঃ কর্ম্ম বা শৌর্য্যম্ (prowess), বীরস্য ভাবঃ কর্ম্ম বা বীর্য্যম্ (strength) (যৎ), দূতস্য ভাবঃ কর্ম্ম বা দৌত্যম্ (ষ্যঞ্) (১), পুরোহিতস্য ভাবঃ কর্ম্ম বা পৌরোহিত্যম্, সুহিতস্য ভাবঃ কর্ম্ম বা সৌহিত্যম্, সারথের্ভাবঃ কর্ম্ম বা সারথ্যম্ (driving), আস্তিকস্য ভাবঃ কর্ম্ম বা আস্তিক্যম্ (faith), নাস্তিকস্য ভাবঃ কর্ম্ম বা নাস্তিক্যম্ (যক্) (infidelity), পণ্ডিতস্য ভাবঃ কর্ম্ম বা পাণ্ডিত্যম্ (learning), বণিজো ভাবঃ কর্ম্ম বা বাণিজ্যম্ (commerce) (ষ্যঞ্) (১), শুচের্ভাবঃ কর্ম্ম বা শৌচম্ (purity), মুনের্ভাবঃ কর্ম্ম বা মৌনম্ (silence) (অণ্), অনুকূলস্য ভাবঃ কর্ম্ম বা আনুকূল্যম্, প্রতিকূলস্য ভাবঃ কর্ম্ম বা প্রাতিকূল্যম্ (ষ্যঞ্), পুরুষস্য ভাবঃ কর্ম্ম বা পৌরুষম্ (manliness), সুভ্রাতুর্ভাবঃ কর্ম্ম বা সৌভ্রাত্রম্, দুর্ভ্রাতুর্ভাবঃ কর্ম্ম বা দৌর্ভ্রাত্রম্, সুহৃদো ভাবঃ কর্ম্ম বা সৌহার্দ্দম্ (friendship), দুর্হৃদো ভাবঃ কর্ম্ম বা দৌহার্দ্দম্ (enmity) (অণ্) (২), অনৃশংসস্য ভাবঃ কর্ম্ম বা আনৃশংস্যম্ (mildness), কুশলস্য ভাবঃ কর্ম্ম বা কৌশল্যম্ (ষ্যঞ্), কৌশলম্ (অণ্) (cleverness, চপলস্য ভাবঃ কর্ম্ম বা চাপল্যম্, চাপলম্ (restlessness), নিপুণস্য ভাবঃ কর্ম্ম বা নৈপুণ্যম্, নৈপুণম্ (skill), পিশুনস্য ভাবঃ কর্ম্ম বা পৈশুন্যম্, পৈশুনম্ (ষ্যঞ্, অণ্), সহায়স্য ভাবঃ কর্ম্ম বা সাহায্যম্ (ষ্যঞ্), সাহায়কম্ (বুঞ্) (help), চতুরস্য ভাবঃ কর্ম্ম বা চাতুর্য্যম্, চাতুরী (ষ্যঞ্+ঈপ্) (৩)।

(১) দূত-বণিগ্‌ভ্যাং চ। এই বার্ত্তিক অনুসারে 'য' প্রত্যয়ে দূত্যম্ এবং বণিজ্যম্ বা বণিজ্যা পদও হয়।

(২) সুহৃদয়+ষ্যঞ্—সৌহৃদয্যম, সৌহৃদ্যম্। সুহৃদয়+অণ্—সৌহৃদম্। 'সৌহৃদ-দৌহৃদশব্দাবণি চ হৃদ্ভাবাৎ'—বামনঃ)। সুহৃদ্+ষ্যঞ্—সৌহার্দ্দ্যম্। সুহৃদ্+অণ্—সৌহার্দ্দম্। দুর্হৃদ্ শব্দেও এইরূপ।

(৩) 'হলন্তদ্ধিতস্য' এই সূত্রে য-লোপ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১০৪। **ইতরেষ্বপি দৃশ্যন্তে।**

ষিণ্ (ইঞ্) প্রভৃতি প্রত্যয় সকল অপত্য প্রভৃতি যে সকল অর্থে দর্শিত হইল, তদ্ভিন্ন নানা অর্থে দেখিতে পাওয়া যায়। কতিপয় স্থলের উদাহরণ দর্শিত হইতেছে। যথা,—ধর্ম্মম্ চরতি ধার্ম্মিকঃ (ঠক্) (virtuous) (১), বশম্ গতঃ বশ্যঃ (যৎ), পৃথিব্যা ঈশ্বরঃ পার্থিবঃ (অঞ্) (king), সর্ব্বভূমেরীশ্বরঃ সার্ব্বভৌমঃ (অণ্) (emperor), চক্ষুষা গৃহ্যতে চাক্ষুষম্ (visible) রূপম্, শ্রবণেন গৃহ্যতে শ্রাবণঃ শব্দঃ, রসনয়া গৃহ্যতে রাসনো রসঃ, ত্বচা গৃহ্যতে ত্বাচঃ স্পর্শঃ, চক্ষুষা নিষ্পন্নম্ চাক্ষুষম্, শ্রবণেন নিষ্পন্নম্ শ্রাবণম্, রসনয়া নিষ্পন্নম্ রাসনম্, ত্বচা নিষ্পন্নম্ ত্বাচম্ (অণ্), পারম্ গতবান্ পারীণঃ, পারাবারম্ গতবান্ পারাবারীণঃ (খঞ্), অর্থেন ক্রীতঃ আর্থঃ, বিদ্যয়া লব্ধম্ বৈদ্যম্, বিদ্যায়াম্ কুশলঃ বৈদ্যঃ (অণ্), স্ত্রিয়া জিতঃ স্ত্রৈণঃ (নঞ্), দ্বারে নিযুক্তঃ দৌবারিকঃ (২), ভাণ্ডাগারে নিযুক্তঃ ভাণ্ডাগারিকঃ (ঠন্), হিমবতঃ প্রভবতি হৈমবতী (অণ্+ঈপ্) গঙ্গা, বিদূরাৎ প্রভবতি বৈদূর্য্যঃ (ঞ্য) মণিঃ, রথেন সঞ্চরতে রথিকঃ, অশ্বেন সঞ্চরতে অশ্বিকঃ (ষ্ঠন্) (cavalier), শকুনীন্ হন্তি শাকুনিকঃ, শকুন্তান্ হন্তি শাকুন্তিকঃ (ঠঞ্) (fowler), সহসা বর্ত্ততে সাহসিকঃ (ঠক্) চৌরঃ, জলেন বর্ত্ততে জলীয়ো (ছ) (aquatic) মৎস্যঃ, অনুকূলম্ বর্ত্ততে আনুকূলিকঃ (ঠক্), নাবা তার্য্যা নাব্যা (navigable) নদী, বয়সা তুল্যঃ বয়স্যঃ (companion), তুলয়া রচিতম্ তুল্যম্ (যৎ), গৃহপতিনা সংযুক্তঃ গার্হপত্যোঽগ্নিঃ (ঞ্য), সমানে তীর্থে (গুরৌ) বসতি সতীর্থ্যঃ (যৎ) (fellow-student), সমানে উদরে শয়িতঃ সমানোদর্য্যঃ (য) (brother) (৩), অগ্রে দীয়তে অগ্রিয়ম্ (ঘ), অগ্রীয়ম্ (ছ) (chief), লোকে বিদিতঃ লৌকিকঃ, সর্ব্বলোকে বিদিতঃ সার্ব্বলৌকিকঃ (ঠঞ্)

(১) অধর্ম্ম শব্দের উত্তরও হয়। যথা,—অধর্ম্মং-চরতি আধর্ম্মিকঃ; কিন্তু ন ধার্ম্মিকঃ=অধার্ম্মিকঃ।

(২) দ্বারি নিযুক্তঃ=দ্বারিকঃ।

(৩) সোদরাদ্যঃ। সুতরাং 'সোদর্য্যঃ' পদও হয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

(universally known), নিত্যম্ ক্রিয়তে দীয়তে বা নৈত্যম্ (অণ্), নৈত্যকম্ (বুঞ্), নৈত্যিকম্ (ঠক্), নিমিত্তেন ক্রিয়তে দীয়তে বা নৈমিত্তিকম্ (occasional) (ঠক্), প্রবেশনে দীয়তে প্রাবেশনম্ (অণ্), প্রাবেশনিকম্ (ঠক্), সর্ব্বাঙ্গাণি ব্যাপ্নোতি সর্ব্বাঙ্গীণস্তালঃ, আপ্রপদং প্রাপ্নোতি আপ্রপদীনঃ পটঃ, অনুপদম্ বদ্ধা অনুপদীনা উপানৎ, অভ্যমিত্রম্ সম্যক্ গচ্ছতি অভ্যমিত্রীণঃ (খ), অভ্যমিত্রীয়ঃ (ছ), সপ্তভিঃ পাদৈরবাপ্যতে সাপ্তপদীনম্ সখ্যম্ (খঞ্), ইন্দ্রস্য (আত্মনো) লিঙ্গম্ ইন্দ্রিয়ম্ (ঘ), কুশাগ্রমিব কুশাগ্রীয়া বুদ্ধিঃ, কাকতালমিব (১) কাকতালীয়ম্ (ছ) (accidental), প্রাক্ সম্ভূতঃ প্রাচীনঃ, অবাক্ সম্ভূতঃ অবাচীনঃ (খ), সুস্নাতম্ পৃচ্ছতি সৌস্নাতিকঃ (one who asks another whether he had an auspicious ablution), সুখশয়নম্ পৃচ্ছতি সৌখশায়নিকঃ (one who asks another whether he had a comfortable sleep), পরদারান্ গচ্ছতি পারদারিকঃ (ঠক্), যাচিতেন নির্ব্বৃত্তম্ যাচিকতম্ (কন্), অর্থম্ গৃহ্লাতি আর্থিকঃ, আপণস্য ধর্ম্ম্যম্ আপণিকম্ (ঠক্), নরস্য ধর্ম্ম্যা নারী (অঞ্), বাতস্য শমনম্ কোপনম্ বা বাতিকম্, পিত্তস্য শমনম্ কোপনম্ বা পৈত্তিকম্, সন্নিপাতস্য শমনম্ কোপনম্ বা সান্নিপাতিকম্, অস্তি পরলোক ইতি মতির্যস্য আস্তিকঃ, নাস্তি পরলোক ইতি মতির্যস্য নাস্তিকঃ (atheist), অস্তি দিষ্টমিতি মতির্যস্য দৈষ্টিকঃ (ঠক্) (fatalist), আমলক্যাঃ ফলম্ আমলকম্ (অণ্ প্রত্যয় ও ঈপের লোপ), বদর্য্যাঃ ফলম্ বাদরম্, অশ্বত্থস্য ফলম্ আশ্বত্থম্, ন্যগ্রোধস্য ফলম্ নৈয়গ্রোধম্ (অণ্)।

১০৫। লোপঃ ক্বচিত্ প্রত্যয়স্য। (২)

কোন কোন স্থলে প্রত্যয়ের লোপ হয়। যথা,—ব্রীহীণাম্ ফলানি ব্রীহয়ঃ, যবানাম্ ফলানি যবাঃ, মাষাণাম্ ফলানি মাষাঃ, মল্লিকায়াঃ পুষ্পম্

---

(১) কাকগমনম্ তালপতনম্ কাকতালম্।
(২) ফলে লুক্ ; লুপ্ চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

মল্লিকা, মালত্যাঃ পুষ্পম্ মালতী, করবীরস্য পুষ্পম্ করবীরম্, পাটলস্য পুষ্পম্ পাটলম্, জাত্যাঃ পুষ্পম্ জাতী, যূথ্যাঃ পুষ্পম্ যূথী।

১০৬। **জম্ব্বা বিভাষা।** (১)

জম্বু শব্দের উত্তর বিকল্পে লোপ হয়। যথা,—জম্ব্বাঃ ফলম্ জম্বু জম্বুঃ জাম্ববম্ (অণ্)।

১০৭। **হৈয়ঙ্গবীনাদ্যশ্বীনৌ।** (২)

হৈয়ঙ্গবীন ও অদ্যশ্বীন নিপাতনে সিদ্ধ হয়। যথা,—হ্যো গোদোহাৎ উদ্ভবতি হৈয়ঙ্গবীনম্ (খঞ্) (clarified butter prepared a day before), অদ্য শ্বো বা ঘটতে অদ্যশ্বীনম্ (খ) মরণম্ (likely to take place to-day or to-morrow); অদ্যশ্বীনো বিয়োগঃ, অদ্য শ্বো বা প্রসূতে অদ্যশ্বীনা স্ত্রী।

১০৮। **পান্থ-সাক্ষি-বার্দ্ধুষিকাঃ।** (৩)

পান্থ, সাক্ষিন্ ও বার্দ্ধুষিক শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—পথি কুশলঃ (পন্থানম্ নিত্যম্ গচ্ছতি) পান্থঃ (ণ), সাক্ষাৎ দৃষ্টবান্ সাক্ষী (ইনি), বৃদ্ধ্যা জীবতি বার্দ্ধুষিকঃ (ঠক্) (a usurer).

১০৯। **আমুষ্মিকামুষ্যায়ণৌ।**

ষিকণ্ (ঠক্) ও ষায়নণ্ (ফক্) প্রত্যয়-সহিত অদস্ শব্দ-স্থানে আমুষ্মিক ও আমুষ্যায়ণ, এই দুই শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—অমুষ্মিন্ (পরলোকে) হিতম্ আমুষ্মিকম্ (belonging to the next world), অমুষ্য (মৃতস্য) পুত্রঃ আমুষ্যায়ণঃ (৪)।

---

(১) জম্ব্বা বা।

(২) হৈয়ঙ্গবীনং সংজ্ঞায়াম্। অদ্যশ্বীনাবষ্টব্ধে। প্রযচ্ছতি গর্হ্যম্। বৃদ্ধের্বৃধুষিভাবো বক্তব্যঃ। বা।

(৩) পন্থো ণ নিত্যম্। সাক্ষাদ্‌দ্রষ্টরি সংজ্ঞায়াম্।

(৪) নড়াদিগণে 'অমুষ্য' শব্দ পঠিত হইয়াছে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১১০। পৌনঃপুন্যম্। (১)

পৌনঃপুন্য শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—পুনঃ পুনরনুষ্ঠানম্ সঙ্ঘটনম্ বা পৌনঃপুন্যম্ (যঞ্) (repetition).

১১১। নস্য লোপোঽন্ত্যস্য। (২)

তদ্ধিত-প্রত্যয় হইলে, প্রাতিপদিকের অন্তস্থিত ন-কারের লোপ হয়। যথা,—অগ্নিশর্ম্মণোঽপত্যম্ আগ্নিশর্ম্মিঃ (the son of Agnisharman), উড়ুলোম্নোঽপত্যম্ ঔড়ুলোমিঃ (ইঞ্), রাজ্ঞাম্ সমূহঃ রাজকম্ (বুঞ্) (the assemblage of kings), হস্তিনাম্ সমূহঃ হাস্তিকম্ (ঠক্), পন্থানম্ গচ্ছতি পথিকঃ (ষ্কন্) (৩) (traveller), সর্ব্বকর্ম্মসু কুশলঃ সর্ব্বকর্ম্মীণঃ (খ) (conversant with every business), নামৈব নামধেয়ম্ (ধেয়) (name), দ্বায়োরহ্নোর্ভবঃ দ্ব্যহীনঃ (খ), সাম বেত্তি অধীতে বা সামকঃ (বুন্), আত্মনঃ ইদম্ আত্মীয়ম্ (ছ) (own).

১১২। নানন্তস্য ষণি। (৪)

ষণ্ (অণ্) প্রত্যয় হইলে, অন্-ভাগান্ত প্রাতিপদিকের ন-কারের লোপ হয় না। যথা,—যূনো ভাবঃ যৌবনম্ (youth), মঘোন ইদম্ মাঘবনম্, শুনাম্ সমূহঃ শৌবনম্ (a collection of dogs), পর্ব্বণি ক্রিয়তে দীয়তে বা পার্ব্বণম্, সামনি কুশলঃ সামনঃ, সুত্বন ইদম্ সৌত্বনম্, যজ্বনোঽপত্যম্ যাজ্বনঃ, চর্ম্মণা পরিবৃতঃ চার্ম্মণঃ, কর্ম্মাস্য শীলম্ কার্ম্মণঃ (active), ভস্মনো বিকারঃ ভাস্মনঃ।

১১৩। যে চ ভাবকর্ম্মবর্জ্জে। (৫)

তদ্ধিতের য পরে থাকিলে, অন্-ভাগান্ত প্রাতিপদিকের ন-কারের

---

(১) অব্যয়ানাং ভ-মাত্রে টিলোপঃ। (বা)।
(২) নস্তদ্ধিতে।
(৩) পথঃ ষ্কন্। স্ত্রীলিঙ্গে—পথিকী। কিন্তু—পথি কুশলঃ=পথকঃ (বুন্)।
(৪) অন্। (৫) যে চাভাবকর্ম্মণোঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

লোপ হয় না। যথা,—সামনি সাধুঃ সামন্যঃ, ব্রহ্মণি সাধুঃ ব্রহ্মণ্যঃ, অধ্বনি সাধুঃ অধ্বন্যঃ, রাজনি সাধুঃ রাজন্যঃ, কর্ম্মণে প্রভবতি কর্ম্মণ্যঃ, মূর্দ্ধ্নি ভবঃ মূর্দ্ধন্যঃ। কর্ম্ম ও ভাব অর্থে ন-কারের লোপ হয়। যথা,—রাজ্ঞো ভাবঃ কর্ম্ম বা রাজ্যম্ (kingdom).

১১৪। নাধ্বাত্মনোর্ণীনি। (১)

ণীন (খ) প্রত্যয় হইলে, অধ্বন্, আত্মন্ এই দুই প্রাতিপদিকের ন-কারের লোপ হয় না। যথা,—অধ্বনি সাধুঃ অধ্বনীনঃ (traveller), আত্মনে হিতম্ আত্মনীনম্।

১১৫। মনন্তস্যাপত্যষণি। (২)

অপত্যার্থে বিহিত ষণ্ (অণ্) প্রত্যয় পরে থাকিলে, মন্-ভাগান্ত প্রাতিপদিকের ন-কারের লোপ হয়। যথা,—সুসাম্নোঽপত্যম্ সৌসামঃ, দুর্নাম্নোঽপত্যম্ দৌর্নামঃ, কৃতনাম্নোঽপত্যম্ কার্ত্তনামঃ।

১১৬। বা হিতনাম্নঃ। (বা)

হিতনামন্ এই প্রাতিপদিকের বিকল্পে হয়। যথা,—হিতনাম্নোঽপত্যম্ হৈতনামঃ, হৈতনামনঃ।

১১৭। হেমাঽশ্মনোর্বিকারে। (৩)

বিকারার্থে বিহিত ষণ্ (অণ্) প্রত্যয় পরে থাকিলে, হেমন্, অশ্মন্ এই দুই প্রাতিপদিকের ন-কারের লোপ হয়। যথা,—হেম্নো বিকারঃ হৈমঃ (golden), অশ্মনো বিকারঃ আশ্মঃ (made of stone).

১১৮। চর্ম্মণঃ কোষে। (৪)

কোষ অর্থে, চর্ম্মন্ শব্দের ন-কারের লোপ হয়। যথা,—চর্ম্মণো বিকারঃ চার্ম্মঃ (made of eather) কোষঃ।

(১) আত্মাধ্বানৌ খে। (২) ন মপূর্ব্বোঽপত্যেঽবর্ম্মণঃ।
(৩) অশ্মনো বিকারে টিলোপো বক্তব্যঃ। (বা)। নস্তদ্ধিতে।
(৪) চর্ম্মণঃ কোষ উপসংখ্যানম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১১৯। **ব্রহ্মণোঽজাতৌ। (১)**

জাতি ভিন্ন অর্থে, ব্রহ্মন্ শব্দের ন-কারের লোপ হয়। যথা,—ব্রহ্মাস্য দেবতা ব্রাহ্মম্ অস্ত্রম্ (the missile presided over by Brahman), ব্রাহ্মম্ হবিঃ, ব্রাহ্মী ওষধিঃ (a kind of pot-herb), ব্রহ্ম উপাস্তে ব্রাহ্মঃ, ব্রহ্মণ ইয়ম্ ব্রাহ্মী তনুঃ। জাতি অর্থে হয় না। যথা,—ব্রহ্মণোঽপত্যম্ ব্রাহ্মণঃ জাতিবিশেষঃ।

১২০। **নেনন্তস্য ষণি। (২)**

ষণ্ (অণ্) প্রত্যয় হইলে, ইন্-ভাগান্ত প্রাতিপদিকের ন-কারের লোপ হয় না। যথা,—বলিন ইদম্ বালিনম্, হস্তিন ইদম্ হাস্তিনম্, মেধাবিন ইদম্ মৈধাবিনম্, স্রগ্বিণ ইদম্ স্রাগ্বিণম্। অপত্য অর্থে হয়। যথা,—মেধাবিনোঽপত্যম্ মৈধাবঃ, মায়াবিনোঽপত্যম্ মায়াবঃ। গাথিন্ প্রভৃতির হয় না। যথা,—গাথিনোঽপত্যম্ গাথিনঃ, কেশিনোঽপত্যম্ কৈশিনঃ। ইন্ সংযুক্ত বর্ণে মিলিত হইলে হয় না। যথা,—স্রগ্বিণোঽপত্যম্ স্রাগ্বিণঃ, তপস্বিনোঽপত্যম্ তাপস্বিনঃ, চক্রিণঃ অপত্যম্ চাক্রিণঃ।

১২১। **তস্য ভাবস্ত্বতলৌ। (পা)**

তস্য ভাবঃ, এই অর্থে প্রাতিপদিকের উত্তর ত্ব ও তল্ হয়; ল্ ইৎ, ত থাকে। ত্ব-প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ ও তল্-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ হয় (৩)। যথা,—প্রভোর্ভাবঃ প্রভুত্বম্, প্রভুতা (lordship); ভীরোর্ভাবঃ ভীরুত্বম্, ভীরুতা (cowardice); মনুষ্যস্য ভাবঃ মনুষ্যত্বম্, মনুষ্যতা; অমরস্য ভাবঃ অমরত্বম্, অমরতা; পশোর্ভাবঃ পশুত্বম্, পশুতা; শূরস্য ভাবঃ শূরত্বম্, শূরতা; কাতরস্য ভাবঃ কাতরত্বম্, কাতরতা; চপলস্য ভাবঃ চপলত্বম্, চপলতা; নাস্তিকস্য ভাবঃ নাস্তিকত্বম্, নাস্তিকতা (atheism);

(১) ব্রাহ্মোঽজাতৌ।
(২) ইনণ্যনপত্যে (ইন্+অণি+অনপত্যে)। গাথিবিদথিকেশিগণিপণিনশ্চ। সংযোগাদিশ্চ।
(৩) তলন্তঃ স্ত্রিয়াম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অলসস্য ভাবঃ অলসত্বম্, অলসতা (idleness); অন্ধস্য ভাবঃ অন্ধত্বম্, অন্ধতা (blindness); মূর্খস্য ভাবঃ মূর্খত্বম্, মূর্খতা (stupidity); মূকস্য ভাবঃ মূকত্বম্, মূকতা; রাজ্ঞো ভাবঃ রাজত্বম্, রাজতা; যূনো ভাবঃ যুবত্বম্, যুবতা; ন্যূনস্য ভাবঃ ন্যূনত্বম্, ন্যূনতা (defect).

১২২। বা নীলাদেরিমনিঃ। (১)

তস্য ভাবঃ, এই অর্থে নীল প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিকল্পে ইমনি (ইমনিচ্) হয়; ই ইৎ, ইমন্ থাকে; পক্ষে ত্ব ও তল্ হয়। ইমন্-প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ হয়। যথা,—নীলস্য ভাবঃ নীলিমা, নীলত্বম্, নীলতা (bluishness); পীতস্য ভাবঃ পীতিমা, পীতত্বম্, পীততা (yellowishness); রক্তস্য ভাবঃ রক্তিমা, রক্তত্বম্, রক্ততা (redness); শুক্লস্য ভাবঃ শুক্লিমা, শুক্লত্বম্, শুক্লতা (whiteness); বক্রস্য ভাবঃ বক্রিমা, বক্রত্বম্, বক্রতা; শীতস্য ভাবঃ শীতিমা, শীতত্বম্, শীততা; উষ্ণস্য ভাবঃ উষ্ণিমা, উষ্ণত্বম্, উষ্ণতা (warmth); জড়স্য ভাবঃ জড়িমা, জড়ত্বম, জড়তা (dullness); মধুরস্য ভাবঃ মধুরিমা, মধুরত্বম্, মধুরতা (sweetness)।

১২৩। ওর্লোপোঽন্ত্যস্য। (২)

ইমনি (ইমনিচ্) প্রত্যয় হইলে, শব্দের অন্তস্থিত উ-বর্ণের লোপ হয় (৩)। যথা,—লঘোর্ভাবঃ লঘিমা, লঘুত্বম্, লঘুতা (lightness); অণোর্ভাবঃ অণিমা, অণুত্বম্, অণুতা (subtlety); তনোর্ভাবঃ তনিমা, তনুত্বম্, তনুতা (minuteness); স্বাদোর্ভাবঃ স্বাদিমা, স্বাদুত্বম্, স্বাদুতা (sweetness); পটোর্ভাবঃ পটিমা, পটুত্বম্, পটুতা (cleverness); ঋজোর্ভাবঃ ঋজিমা, ঋজুত্বম্, ঋজুতা (straightness, sincerity).

---

(১) পৃথ্বাদিভ্য ইমনিজ্ বা। বর্ণদৃঢ়াদিভ্যঃ ষ্যঞ্ চ। ষ্যঞ্ প্রত্যয়ে শৌক্ল্যম্, দার্ঢ্যম্ ইত্যাদি।

(২) টেঃ।

(৩) ইষ্ঠ ও ঈয়সু স্থলেও এই সূত্রের কার্য্য হয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১২৪। ঋতো রঃ পৃথ্বাদেঃ। (১)

ইমনি (ইমনিচ্) প্রত্যয় হইলে, পৃথু, মৃদু, দৃঢ়, কৃশ, ভৃশ, পরিবৃঢ়, এই সকল শব্দের ঋ-স্থানে র হয় (২)। যথা,—পৃথোর্ভাবঃ প্রথিমা, পৃথুত্বম্, পৃথুতা (largeness); মৃদোর্ভাবঃ ম্রদিমা, মৃদুত্বম্, মৃদুতা (softness); দৃঢ়স্য ভাবঃ দ্রঢ়িমা, দৃঢ়ত্বম্, দৃঢ়তা (firmness); কৃশস্য ভাবঃ ক্রশিমা, কৃশত্বম্, কৃশতা (leanness); ভৃশস্য ভাবঃ ভ্রশিমা, ভৃশত্বম্, ভৃশতা; পরিবৃঢ়স্য ভাবঃ পরিব্রঢ়িমা, পরিবৃঢ়ত্বম্, পরিবৃঢ়তা (superiority).

১২৫। প্রিয়-মহতোঃ প্র-মহৌ। (৩)

ইমনি (ইমনিচ্) প্রত্যয় হইলে, প্রিয়-স্থানে প্র ও মহৎ-স্থানে মহ হয় (২)। যথা,—প্রিয়স্য ভাবঃ প্রেমা (পুং), প্রেম (ক্লীব), প্রিয়ত্বম্, প্রিয়তা (affection, love); মহতো ভাবঃ মহিমা, মহত্ত্বম্, মহত্তা (greatness).

১২৬। গুরু-হ্রস্ব-দীর্ঘাণাং গর-হ্রস-দ্রাঘাঃ। (৩)

ইমনি (ইমনিচ্) প্রত্যয় হইলে, গুরু শব্দ-স্থানে গর্, হ্রস্ব শব্দ-স্থানে হ্রস্ ও দীর্ঘ শব্দ-স্থানে দ্রাঘ্ হয় (২)। যথা,—গুরোর্ভাবঃ গরিমা, গুরুত্বম্, গুরুতা (greatness); হ্রস্বস্য ভাবঃ হ্রসিমা, হ্রস্বত্বম্, হ্রস্বতা (shortness); দীর্ঘস্য ভাবঃ দ্রাঘিমা, দীর্ঘত্বম্, দীর্ঘতা (length).

১২৭। ভূমা। (৪)

বহু-শব্দের উত্তর ইমনি (ইমনিচ্) প্রত্যয়ে ভূমন্ শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—বহোর্ভাবঃ ভূমা (a great quantity).

---

(১) র ঋতো হলাদের্লঘোঃ। ইমন্ প্রত্যয় হইলে ইষ্ঠ ও ঈয়সুর মত কার্য্য হয়।

(২) ইষ্ঠ ও ঈয়সু-স্থলেও এই সূত্রের কার্য্য হয়।

(৩) প্রিয়স্থিরস্ফিরোরুবহুলগুরুবৃদ্ধতৃপ্রদীর্ঘবৃন্দারকাণাং প্রস্থস্ফবর্বংহিগর্বর্ষিত্রব্দ্রাঘিবৃন্দাঃ।

(৪) বহোর্লোপো ভূ চ বহোঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১২৮। ঔপম্যে বতিচ্। (১)

সাদৃশ্য বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর বতিচ্ (বতি) হয়; ই চ্ ইৎ, বৎ থাকে। যথা,—চন্দ্র ইব মুখম্ চন্দ্রবন্মুখম্ (a moon-like face), হিমমিব শীতলম্ হিমবৎ শীতলম্, সমুদ্র ইব গম্ভীরঃ সমুদ্রবদ্গম্ভীরঃ, পর্ব্বত ইব উন্নতঃ পর্ব্বতবদুন্নতঃ, ব্রাহ্মণ ইব অধীতে ব্রাহ্মণবদধীতে, ক্ষত্রিয় ইব যুধ্যতে ক্ষত্রিয়বদ্যুধ্যতে, পিতরমিব পূজয়তি পিতৃবৎ পূজয়ত্যুপাধ্যায়ম্; পুত্রে ইব স্নিহ্যতি পুত্রবৎ স্নিহ্যতি শিষ্যে, গৃহে ইব বসতি গৃহবদ্বসতি বনে, শয্যায়ামিব শেতে শয্যাবৎ শেতে ভূতলে, দেবদত্তস্যেব ভবনম্ দেবদত্তবদ্ভবনম্ যজ্ঞদত্তস্য, রামস্যেব পিতৃভক্তিঃ রামবৎ পিতৃভক্তির্ভরতস্য, রাজ্ঞেব রাজবৎ, আত্মেব আত্মবৎ।

১২৯। তেন বিত্তশ্চুঞ্চু-চণৌ। (২)

তেন বিত্তঃ, এই অর্থে প্রাতিপদিকের উত্তর চুঞ্চু (চুঞ্চুপ্) ও চণ (চণপ্) হয়। যথা,—অর্থেন বিত্তঃ অর্থচুঞ্চুঃ, অর্থচণঃ (famous for wealth); বিদ্যয়া বিত্তঃ বিদ্যাচুঞ্চুঃ, বিদ্যাচণঃ (famous for learning); জ্ঞানেন বিত্তঃ জ্ঞানচুঞ্চুঃ, জ্ঞানচণঃ; মায়য়া বিত্তঃ মায়াচুঞ্চুঃ, মায়াচণঃ; অস্ত্রেণ বিত্তঃ অস্ত্রচুঞ্চুঃ, অস্ত্রচণঃ; কর্ম্মণা বিত্তঃ কর্ম্মচুঞ্চুঃ, কর্ম্মচণঃ (diligent).

১৩০। তদস্যাস্মিন্ বা সংজাতং তারকাদিভ্য ইতঃ। (৩)

তৎ অস্য সংজাতম্, তৎ অস্মিন্ সংজাতম্, এই দুই অর্থে প্রাতিপদিকের উত্তর ইত (ইতচ্) হয়। যথা,—তারকা অস্মিন্ সংজাতাঃ তারকিতম্ (starry) নভঃ, পল্লবা অস্য সংজাতাঃ পল্লবিতস্তরুঃ, ফলানি অস্য সংজাতানি ফলিতো বৃক্ষঃ, পুষ্পাণ্যস্যাঃ সংজাতানি পুষ্পিতা লতা, তরঙ্গা

(১) তেন তুল্যং ক্রিয়া চেদ্বতিঃ। তত্র তস্যেব।
(২) তেন বিত্তশ্চুঞ্চুপ্‌চণপৌ।
(৩) তদস্য সঞ্জাতং তারকাদিভ্য ইতচ্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অস্যাঃ সংজাতাঃ তরঙ্গিতা নদী, উৎকণ্ঠা অস্মিন্ সংজাতা উৎকণ্ঠিতম্ মনঃ, অন্ধকারোঽস্মিন্ সংজাতঃ অন্ধকারিতম্ জগৎ, কলঙ্কোঽস্য সংজাতঃ কলঙ্কিতশ্চন্দ্রঃ, কর্দ্দমোঽস্মিন্ সংজাতঃ কর্দ্দমিতঃ পন্থাঃ, পুলকান্যস্মিন্ সংজাতানি পুলকিতম্ শরীরম্ (having the hairs of the body erect), অঙ্কুরমস্য সংজাতম্ অঙ্কুরিতম্ ধান্যম্, ব্যাধিরস্য সংজাতঃ ব্যাধিতো মনুষ্যঃ। এইরূপ, মঞ্জরী মঞ্জরিতঃ, কুট্মল কুট্মলিতঃ, স্তবক স্তবকিতঃ, কিসলয় কিসলয়িতঃ, মুকুল মুকুলিতঃ, কুবলয় কুবলয়িতঃ, কোরক কোরকিতঃ, নিদ্রা নিদ্রিতঃ, মুদ্রা মুদ্রিতঃ, বুভুক্ষা বুভুক্ষিতঃ (hungry), পিপাসা পিপাসিতঃ (thirsty), সুখ সুখিতঃ (happy), দুঃখ দুঃখিতঃ (sorry), ব্রণ ব্রণিতঃ, তিলক তিলকিতঃ, গর্ব্ব গর্ব্বিতঃ (proud), হর্ষ হর্ষিতঃ (cheerful), ক্ষুধ্ ক্ষুধা ক্ষুধিতঃ, সীমন্ত সীমন্তিতঃ, জ্বর জ্বরিতঃ, রোমাঞ্চ রোমাঞ্চিতঃ, পণ্ডা পণ্ডিতঃ (learned), কজ্জল কজ্জলিতঃ, তৃষ্ তৃষা তৃষিতঃ, কল্লোল কল্লোলিতঃ, শৈবল শৈবলিতঃ, কন্দল কন্দলিতঃ, বিম্ব বিম্বিতঃ, প্রতিবিম্ব প্রতিবিম্বিতঃ, মূর্চ্ছা মূর্চ্ছিতঃ, লজ্জা লজ্জিতঃ, দীক্ষা দীক্ষিতঃ।

১৩১। প্রমাণে মাত্র-দঘ্ন-দ্বয়সটঃ। (১)

পরিমাণ-অর্থে প্রাতিপদিকের উত্তর মাত্রট্ (মাত্রচ্), দঘ্নট্ (দঘ্নচ্) ও দ্বয়স্ট্ (দ্বয়সচ্) প্রত্যয় হয়। ট্ ইৎ, মাত্র, দঘ্ন ও দ্বয়স থাকে। যথা,—হস্তঃ প্রমাণমস্য হস্তমাত্রম্, হস্তদঘ্নম্, হস্তদ্বয়সম্ ; জানু প্রমাণমস্য জানুমাত্রম্, জানুদঘ্নম্, জানুদ্বয়সম্ (reaching as far as the knee) ; উরুঃ প্রমাণমস্য উরুমাত্রম্, উরুদঘ্নম্, উরুদ্বয়সম্ ; বিতস্তিঃ প্রমাণমস্য বিতস্তি-মাত্রম্, বিতস্তিদঘ্নম্, বিতস্তিদ্বয়সম্ ; তালঃ প্রমাণমস্য তালমাত্রম্, তালদঘ্নম্, তালদ্বয়সম্ ; গজঃ প্রমাণমস্য গজমাত্রম্, গজদঘ্নম্, গজদ্বয়সম্। ইহাদের স্ত্রীলিঙ্গে ঈ হয়। যথা,—তিলমাত্রী, জানুদঘ্নী।

---

(১) প্রমাণে দ্বয়সজ্-দঘ্নঞ্-মাত্রচঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৩২। यत्तदेतेभ्यः परिमाणे वतुप्। (পা)

পরিমাণ-অর্থে যদ্, তদ্, এতদ্, এই তিন প্রাতিপদিকের উত্তর বতুপ্ হয়; উ প্ ইৎ, বৎ থাকে।

১৩৩। आ दः। (১)

বতুপ্ হইলে, যদ্, তদ্, এতদ্, ইহাদের দ্-স্থানে আ হয়। যথা,—যৎ পরিমাণমস্য যাবান্ (as large), তৎ পরিমাণমস্য তাবান্ (so much), এতৎ পরিমাণমস্য এতাবান্ (so much).

১৩৪। किमिदंभ्यां वो घः। (২)

কিম্ ও ইদম্ শব্দের উত্তর বতুপ্ হইলে, যথাক্রমে কিয়ৎ, ইয়ৎ, এই দুই শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—কিম্ পরিমাণমস্য কিয়ান্ (how much); ইদম্ পরিমাণমস্য ইয়ান্ (so much).

১৩৫। किमः संख्यापरिमाणे डतिः। (৩)

সংখ্যা-পরিমাণ বুঝাইলে, কিম্ শব্দের উত্তর ডতি (ডতিচ্) হয়; ড্ ইৎ, অতি থাকে। যথা,—কা সংখ্যা পরিমাণমেষাম্ কতি (how many, some); কতি শব্দ বহুবচনান্ত।

১৩৬। अवयवे तयट् संख्यायाः। (৪)

অবয়ব-অর্থে, সংখ্যা-বাচক প্রাতিপদিকের উত্তর তয়ট্ (তয়প্) হয়; ট্ ইৎ, তয় থাকে। যথা,—চত্বারোঽবয়বা অস্য চতুষ্টয়ম্ (four-fold), পঞ্চ অবয়বা অস্য পঞ্চতয়ম্, শতমবয়বা অস্য শততয়ম্, সহস্রমবয়বা অস্য সহস্রতয়ম্।

১৩৭। द्वित्रिभ्यां तयस्यायज्वा। (৫)

অবয়ব-অর্থে দ্বি, ত্রি, এই দুই প্রাতিপদিকের উত্তর বিকল্পে ডয়ট্

---

(১) আ সর্ব্বনাম্নঃ। (২) কিমিদংভ্যাং বো ঘঃ। (ঘ=ইয়)।
(৩) কিমঃ সংখ্যাপরিমাণে ডতিচ্।
(৪) সংখ্যায়া অবয়বে তয়প্। (৫) দ্বিত্রিভ্যাং তয়স্যায়জ্ বা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

(অয়চ্) হয় ; ড্ ট্ ইৎ, অয় থাকে ; পক্ষে তয়ট্। যথা,—দ্বৌ অবয়বৌ অস্য দ্বয়ম্, দ্বিতয়ম্ ; ত্রয়োঽবয়বা অস্য ত্রয়ম্ ত্রিতয়ম্ (three-fold).

১৩৮। **উভাদ্ য়ঃ।** (১)

অবয়ব-অর্থে উভ, এই প্রাতিপদিকের উত্তর য় হয়। যথা,—উভৌ অবয়বৌ অস্য উভয়ম্ (both).

১৩৯। **তদস্মিন্নধিকমিতি দশান্তাড্ডঃ।** (পা)

তৎ অস্মিন্ অধিকম্, এই অর্থে, দশন্-ভাগান্ত প্রাতিপদিকের উত্তর ড হয় ; ড্ ইৎ, অ থাকে। যথা,—একাদশ অধিকা অস্মিন্ একাদশম্ শতম্, দ্বাদশম্ শতম্, ত্রয়োদশম্ শতম্, চতুর্দ্দশম্ শতম্।

১৪০। **শদন্ত-বিংশতেশ্চ।** (পা)

তৎ অস্মিন্ অধিকম্, এই অর্থে, শৎ-ভাগান্ত ও বিংশতি শব্দের উত্তর ড হয়। যথা,—ত্রিংশৎ অধিকা অস্মিন্ ত্রিংশম্ শতম্, চত্বারিংশম্ শতম্, পঞ্চাশম্ শতম্, একত্রিংশম্ শতম্, চতুশ্চত্বারিংশম্ শতম্, পঞ্চপঞ্চাশম্ শতম্, বিংশতিরধিকা অস্মিন্ বিংশম্ শতম্, একবিংশম্ শতম্, দ্বাবিংশম্ শতম্।

১৪১। **সংখ্যায়াঃ পূরণে ডট্।** (২)

পূরণ-অর্থে, সংখ্যা-বাচক প্রাতিপদিকের উত্তর ডট্ হয় ; ড্ ট্ ইৎ, অ থাকে। যথা,—একাদশানাম্ পূরণঃ একাদশঃ (eleventh) ; এইরূপ, দ্বাদশঃ, ত্রয়োদশঃ, চতুর্দ্দশঃ, পঞ্চদশঃ, ষোড়শঃ, সপ্তদশঃ, অষ্টাদশঃ।

১৪২। **নান্তাদসংখ্যাদের্মট্।** (পা)

অন্য সংখ্যাবাচক শব্দ পূর্ব্বে না থাকিলে পূরণ-অর্থে, ন-কারান্ত সংখ্যা-বাচক প্রাতিপদিকের উত্তর মট্ হয় ; ট্ ইৎ, ম থাকে। যথা,—পঞ্চানাম্ পূরণঃ পঞ্চমঃ (fifth), সপ্তানাম্ পূরণঃ সপ্তমঃ (seventh), অষ্টানাম্ পূরণঃ অষ্টমঃ, নবানাম্ পূরণঃ নবমঃ, দশানাম্ পূরণঃ দশমঃ। অন্য সংখ্যা-বাচক শব্দ পূর্ব্বে থাকিলে ডট্ হয়। যথা,—একাদশানাম্ পূরণঃ একাদশঃ ; এইরূপ দ্বাদশঃ, ত্রয়োদশঃ।

---

(১) উভাদুদাত্তো নিত্যম্। (২) তস্য পূরণে ডট্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৪৩। থট্ চতুর্-ষষ্-কতিভ্যঃ। (১)

পূরণ-অর্থে, চতুর্, ষষ্, কতি, এই তিন প্রাতিপদিকের উত্তর থট্ (থুক্) হয় ; ট্ ইৎ, থ থাকে। যথা,—চতুর্ণাং পূরণঃ চতুর্থঃ (fourth), ষণ্ণাম্ পূরণঃ ষষ্ঠঃ, কতীনাম্ পূরণঃ কতিথঃ (১)।

১৪৪। দ্বেস্তীয়ঃ। (পা)

পূরণ-অর্থে, দ্বি শব্দের উত্তর তীয় হয়। যথা,—দ্বয়োঃ পূরণঃ দ্বিতীয়ঃ (second).

১৪৫। তৃতীয়-তুর্য্যতুরীয়াঃ। (২)

পূরণ-অর্থে, তৃতীয়, তুর্য্য, তুরীয়, এই তিন শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—ত্রয়াণাম্ পূরণঃ তৃতীয়ঃ (third) ; চতুর্ণাম্ পূরণঃ তুর্য্য (যৎ), তুরীয়ঃ (ছ) (fourth).

১৪৬। বিংশত্যাদেস্তমট্ বা। (৩)

পূরণ-অর্থে, বিংশতি প্রভৃতি সংখ্যা-বাচক প্রাতিপদিকের উত্তর বিকল্পে তমট্ হয় ; ট্ ইৎ, তম থাকে ; পক্ষে ডট্। যথা,—বিংশতেঃ পূরণঃ বিংশতিতমঃ, বিংশঃ ; এইরূপ, একবিংশতিতমঃ, একবিংশঃ ; দ্বাবিংশতিতমঃ, দ্বাবিংশঃ ; ত্রয়োবিংশতিতমঃ, ত্রয়োবিংশঃ ; ত্রিংশত্তমঃ, ত্রিংশঃ ; চত্বারিংশত্তমঃ, চত্বারিংশঃ ; পঞ্চাশত্তমঃ, পঞ্চাশঃ (fiftieth).

১৪৭। নিত্যং শতাদেঃ। (৪)

শত প্রভৃতি প্রাতিপদিকের উত্তর নিত্য তমট্ হয়। যথা,—শতস্য পূরণঃ শততমঃ (hundredth), সহস্রস্য পূরণঃ সহস্রতমঃ, অযুতস্য পূরণঃ অযুততমঃ (৪)।

---

(১) ষট্কতিকতিপয়চতুরাং থুক্। কতিপয় শব্দের উত্তরও হয়। যথা,—কতিপয়ানাম্ পূরণঃ কতিপয়থঃ।

(২) ত্রেঃ সম্প্রসারণঞ্চ ; চতুরশ্ছয়তাবাদ্যক্ষরলোপশ্চ। (বা)।

(৩) বিংশত্যাদিভ্যস্তমডন্যতরস্যাম্।

(৪) নিত্যং শতাদিমাসার্দ্ধমাসসংবৎসরাচ্চ। মাস, অর্দ্ধমাস,

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৪৮। ষষ্ট্যাদেশ্চাসংখ্যাদেঃ। (পা)

অন্য সংখ্যা-বাচক শব্দ পূর্ব্বে না থাকিলে ষষ্টি প্রভৃতি সংখ্যা-বাচক প্রাতিপদিকের উত্তর নিত্য তমট্ হয়। যথা,—ষষ্টেঃ পূরণঃ ষষ্টিতমঃ; এইরূপ, সপ্ততিতমঃ, অশীতিতমঃ, নবতিতমঃ। অন্য সংখ্যা-বাচক শব্দ পূর্ব্বে থাকিলে, তমট্ এবং ডট্ দুইই হয়। যথা,—একষষ্টেঃ পূরণঃ একষষ্টিতমঃ, একষষ্টঃ; দ্বিষষ্টিতমঃ, দ্বিষষ্টঃ।

১৪৯। বহু-গণ-পূগ-সংঘেভ্যস্তিথুক্। (১)

পূরণ-অর্থে, বহু, গণ, পূগ, সংঘ, এই চারি প্রাতিপদিকের উত্তর তিথুক্ হয়; উ ক্ ইৎ, তিথ থাকে। যথা,—বহূনাম্ পূরণঃ বহুতিথঃ, গণানাম্ পূরণঃ গণতিথঃ, পূগানাম্ পূরণঃ পূগতিথঃ, সংঘানাম্ পূরণঃ সংঘতিথঃ।

১৫০। বত্বন্তাদিথুক্। (২)

পূরণ-অর্থে, বতু-প্রত্যয়ান্ত প্রাতিপদিকের উত্তর ইথুক্ হয়; উ ক্ ইৎ, ইথ থাকে। যথা,—যাবতাম্ পূরণঃ যাবতিথঃ (that which is as far as); এইরূপ, তাবতিথঃ, এতাবতিথঃ, কিয়তিথঃ, ইয়তিথঃ।

১৫১। তদস্যাস্মিন্ বাস্তি মতুপ্। (৩)

তৎ অস্য অস্তি, তৎ অস্মিন্ অস্তি, এই দুই অর্থে প্রাতিপদিকের উত্তর মতুপ্ হয় (৪); উ প্ ইৎ, মৎ থাকে। যথা,—মতিরস্যাস্তি মতিমান্ (intelligent), বুদ্ধিরস্যাস্তি বুদ্ধিমান্, ধীরস্যাস্তি ধীমান্, শ্রীরস্যাস্তি শ্রীমান্ (beautiful), অংশবোঽস্য সন্তি অংশুমান্ (sun).

সংবৎসর, এই তিনের উত্তরও হয়। যথা,—মাসস্য পূরণঃ মাসতমঃ, অর্দ্ধমাসস্য পূরণঃ অর্দ্ধমাসতমঃ, সংবৎসরস্য পূরণঃ সংবৎসরতমঃ।

(১) বহুপূগগণসঙ্ঘস্য তিথুক্। (২) বতোরিথুক্।

(৩) তদস্যাস্ত্যস্মিন্নিতি মতুপ্।

(৪) ভূমনিন্দাপ্রশংসাসু নিত্যযোগেঽতিশায়নে।
সংসর্গেঽস্তিবিবক্ষায়াং ভবন্তি মতুবাদয়ঃ॥

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

পিতা অস্যাস্তি পিতৃমান্ (having one's father alive), ধনুরস্যাস্তি ধনুষ্মান্ (archer), বপুরস্যাস্তি বপুষ্মান্, অগ্নিরস্মিন্নস্তি অগ্নিমান্, বায়ুরস্মিন্নস্তি বায়ুমান্, নদ্যোহস্মিন্ সন্তি নদীমান্ দেশঃ (a country where there are rivers), গাবোহস্যাম্ সন্তি গোমতী শালা।

১৫২। অবর্ণান্তাদ্ বঃ। (১)

অ-বর্ণান্ত প্রাতিপদিকের উত্তর বিহিত মতুপের ম-স্থানে ব হয়। যথা,—জ্ঞানমস্যাস্তি জ্ঞানবান্ (wise), ধনমস্যাস্তি ধনবান্ (rich), বলম্ অস্যাস্তি বলবান্ (strong), বিদ্যা অস্যাস্তি বিদ্যাবান্ (learned), দয়া অস্যাস্তি দয়াবান্ (kind), ক্ষমা অস্যাস্তি ক্ষমাবান্ (forgiving).

১৫৩। স্পর্শান্তাত্। (২)

যে সকল প্রাতিপদিকের অন্তে স্পর্শবর্ণ থাকে, তাহাদের উত্তর বিহিত মতুপের ম-স্থানে ব হয়। যথা,—তড়িৎ অস্মিন্নস্তি তড়িত্বান্ (cloud), বিদ্যুৎ অস্মিন্নস্তি বিদ্যুত্বান্ (cloud), আত্মা অস্যাস্তি আত্মবান্, সম্পদস্যাস্তি সম্পদ্বান্ (rich).

১৫৪। অবর্ণোপধাত্। (১)

যে সকল প্রাতিপদিকের উপধা-স্থলে অ-বর্ণ থাকে, তাহাদের উত্তর বিহিত মতুপের ম-স্থানে ব হয়। যথা,—ভাসোহস্য সন্তি ভাস্বান্ (bright), দ্বাঃ অস্যাস্তি দ্বার্বান্ (a door-keeper).

১৫৫। মকারোপধাচ্চ। (১)

যে সকল প্রাতিপদিকের উপধা-স্থানে ম থাকে, তাহাদের উত্তর

ভূমা (abundance), নিন্দা, প্রশংসা, নিত্যযোগ, অতিশায়ন (excess), সংসর্গ ও অস্তিবিবক্ষা বুঝাইতে, মতুপ্ প্রভৃতি অস্ত্যর্থক প্রত্যয়গুলি হইয়া থাকে। ক্রমিক উদাহরণ—যথা,—গোমান্ (having many cows); হনুমান্ (নিন্দিতা হনুর্যস্য সঃ); রূপবান্; ক্ষীরী বৃক্ষঃ; উদরিণী কন্যা; দণ্ডী; অস্তিমান্।

(১) মাদুপধায়াশ্চ মতোর্বোহযবাদিভ্যঃ।
(২) ঝয়ঃ; সংজ্ঞায়াম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

বিহিত মতুপের ম-স্থানে ব হয়। যথা,—লক্ষ্মীরস্যাস্তি লক্ষ্মীবান (fortunate); শমী অস্মিন্নস্তি শমীবান্।

১৫৬। ন যবাদেঃ। (১)

যব প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিহিত মতুপের ম-স্থানে ব হয় না। যথা,—যবমান্, ক্রুঞ্চামান্, বসামান্, দ্রাক্ষামান্, গরুত্মান্, হরিত্মান্, ককুদ্মান্, উর্ম্মিমান্, ভূমিমান্, কৃমিমান্।

১৫৭। উদন্বদাদয়ঃ সংজ্ঞায়াম্। (২)

মতুপ্ প্রত্যয় হইলে এবং সংজ্ঞা বুঝাইলে, উদন্বৎ প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—উদকমস্মিন্নস্তি উদন্বান্ সমুদ্রঃ (sea), অন্যত্র উদকবান্ (containing water); রাজা অস্মিন্নস্তি রাজন্বান্ (a country having a good king), শোভনরাজযুক্তো দেশঃ, অন্যত্র রাজবান্ (having a king); চর্ম্ম অস্যামস্তি চর্ম্মণ্বতী (name of a river) নাম নদী, অন্যত্র চর্ম্মবতী (leathern); অস্থি অস্মিন্নস্তি অষ্ঠীবান্ (knee), জানু (উরুসন্ধিঃ) মুনিবিশেষো বা, অন্যত্র অস্থিমান্ (bony); চক্রমস্যাস্তি চক্রীবান্ গর্দ্দভঃ রাজবিশেষো বা, অন্যত্র চক্রবান্ (one who has a disc); কক্ষ্যা অস্যাস্তি কক্ষীবান্ নাম ঋষিঃ, অন্যত্র কক্ষ্যাবান্; লবণমস্মিন্নস্তি রুমণ্বান্ নাম পর্ব্বতঃ, অন্যত্র লবণবান্ (saline).

১৫৮। কুমুদ্-নড়্-বেতস-মহিষেভ্যো ড্বতুপ্। (৩)

কুমুদ, নড়, বেতস, মহিষ, এই চারি প্রাতিপদিকের উত্তর ড্বতুপ্ (ড্মতুপ্) হয়; ড উ প্ ইৎ, বৎ থাকে। যথা,—কুমুদান্যস্মিন্ সন্তি কুমুদ্বান্ (a place abounding with lotuses), নড়ান্যস্মিন্ সন্তি নড্বান্, বেতসান্যস্মিন্ সন্তি বেতস্বান্, মহিষা অস্মিন্ সন্তি মহিষ্বান্।

---

(১) মাদুপধায়াঃ ইত্যাদি।

(২) উদন্বানুদধৌ চ। রাজন্বান্ সৌরাজ্যে। আসন্দীবদষ্ঠীবচ্চক্রীবৎকক্ষীবদ্রুমণ্বচ্চর্ম্মণ্বতী।

(৩) কুমুদনড়বেতসেভ্যো ড্মতুপ্। মহিষাচ্চেতি বক্তব্যম্। (বা)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৫৯। **অস্-মায়া-মেধা-স্রজো বিনির্বা। (১)**

অস্-ভাগান্ত, মায়া, মেধা, স্রজ্, এই সকল প্রাতিপদিকের উত্তর বিকল্পে বিনি হয়; ই ইৎ, বিন্ থাকে; পক্ষে মতুপ্। যথা,—যশোঽস্যাস্তি যশস্বী, যশস্বান্ (famous); তেজোঽস্যাস্তি তেজস্বী, তেজস্বান্ (strong); পয়োঽস্যা অস্তি পয়স্বিনী, পয়স্বতী (milch) ধেনুঃ; মায়া অস্যাস্তি মায়াবী, মায়াবান্; মেধা অস্যাস্তি মেধাবী, মেধাবান্; স্রক্ অস্যাস্তি স্রগ্বী, স্রগ্বান্ (having a garland).

১৬০। **নিত্যং তপসঃ। (২)**

তপস্ শব্দের উত্তর নিত্য বিনি হয়। যথা,—তপোঽস্যাস্তি তপস্বী।

১৬১। **ইন্ বা নৈকস্বরাদবর্ণাৎ। (৩)**

একাধিক-স্বর-বিশিষ্ট অ-বর্ণান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ইন্ (ইনি) হয়; পক্ষে যথাসম্ভব মতুপ্ ও বিনি ইত্যাদি হয়। যথা,—জ্ঞানমস্যাস্তি জ্ঞানী, জ্ঞানবান্ (wise); বলমস্যাস্তি বলী, বলবান্ (strong); ধনমস্যাস্তি ধনী, ধনবান্ (rich); শিখা অস্যাস্তি শিখী, শিখাবান্ (fire, peacock); চূড়া অস্যাস্তি চূড়ী, চূড়াবান্ (crested); মায়া অস্যাস্তি মায়ী, মায়াবান্, মায়াবী (deceitful); সাহসম্ অস্যাস্তি সাহসী, সাহসবান্ (brave); বিবেকোঽস্যাস্তি বিবেকী, বিবেকবান্; উৎসাহঃ অস্যাস্তি উৎসাহী, উৎসাহবান্ (energetic); সহস্রমস্য অস্তি সহস্রী, সাহস্রঃ।

১৬২। **নিত্যং সুখাদেঃ। (৪)**

সুখ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর নিত্য ইন্ (ইনি) হয়। যথা,—সুখম্ অস্যাস্তি সুখী (happy), দুঃখমস্যাস্তি দুঃখী, প্রণয়োঽস্যাস্তি প্রণয়ী, কৃচ্ছ্রমস্যাস্তি কৃচ্ছ্রী।

---

(১) অস্মায়ামেধাস্রজো বিনিঃ।
(২) তপঃসহস্রাভ্যাং বিনীনী। অণ্ চ। পক্ষে তাপসঃ।
(৩) অত ইনিঠনৌ। (৪) সুখাদিভ্যশ্চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৬৩। হস্ত-করাভ্যাং জাতৌ। (১)

জাতি বুঝাইলে, হস্ত ও কর, এই দুই প্রাতিপদিকের উত্তর নিত্য ইন্ (ইনি) হয়। যথা,—হস্তোঽস্যাস্তি হস্তী গজঃ (elephant), করোঽস্যাস্তি করী গজঃ। অন্যত্র হস্তোঽস্যাস্তি হস্তবান্ (having hands) পুরুষঃ।

১৬৪। বর্ণাদ্ ব্রহ্মচারিণি। (পা)

ব্রহ্মচারী বুঝাইলে, বর্ণ শব্দের উত্তর নিত্য ইন্ (ইনি) হয়। যথা,—বর্ণঃ অস্যাস্তি বর্ণী ব্রহ্মচারী (ascetic); অন্যত্র বর্ণবান্ (having a colour).

১৬৫। পুষ্করাদিভ্যো দেশে। (পা)

স্থান বুঝাইলে, পুষ্কর প্রভৃতি প্রাতিপদিকের উত্তর নিত্য ইন্ (ইনি) হয়। যথা,—পুষ্করাণ্যস্যাম্ সন্তি পুষ্করিণী দীর্ঘিকা (a large pond), পদ্মান্যস্যাম্ সন্তি পদ্মিনী (lake). এইরূপ, উৎপলিনী, পঙ্কজিনী, সরোজিনী, সরোরুহিণী, অরবিন্দিনী, অম্ভোজিনী, অব্জিনী, কমলিনী, কুমুদিনী, কৈরবিণী, বিসিনী, মৃণালিনী, তমালিনী, নলিনী, তরঙ্গিণী, কল্লোলিনী, তটিনী, প্রবাহিণী (river).

১৬৬। অর্থাদ্ যাচকে। (২)

যাচক বুঝাইলে, অর্থ এই প্রাতিপদিকের উত্তর নিত্য ইন্ (ইনি) হয়। যথা,—অর্থোঽস্যাস্তি (কাম্যত্বেন) অর্থী যাচকঃ (a beggar); অন্যত্র অর্থবান্ (rich).

১৬৭। অর্থান্তেভ্যশ্চ। (৩)

অর্থান্ত প্রাতিপদিকের উত্তর নিত্য ইন্ (ইনি) হয়। যথা,—বিদ্যারূপোঽর্থঃ প্রয়োজনমস্যাস্তি বিদ্যার্থী (pupil). এইরূপ, ধনার্থী, ধান্যার্থী, হিরণ্যার্থী, গুরুদক্ষিণার্থী।

---

(১) হস্তাজ্জাতৌ। 'করিন্' শব্দ পাণিনি সূত্রে না থাকিলেও যোগরূঢ়রূপে গৃহীত।

(২) অর্থাচ্চাসন্নিহিতে। (বা)। (৩) তদন্তাচ্চ। (বা)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৬৮। **মাংসাদেৰ্লো বিভাষা। (১)**

মাংস প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিকল্পে ল (লচ্) হয়। যথা,—মাংসমস্যাস্তি মাংসলঃ (fleshy), শ্রীরস্যাস্তি শ্রীলঃ (prosperous), পক্ষ্ম অস্যাস্তি পক্ষ্মলঃ, স্নেহোঽস্যাস্তি স্নেহলঃ (affectionate), শীতো গুণোঽস্যাস্তি শীতলঃ (cold), শ্যামো গুণোঽস্যাস্তি শ্যামলঃ, পিঙ্গো গুণোঽস্যাস্তি পিঙ্গলঃ। এইরূপ, পিত্তলঃ, পুষ্কলঃ, পৃথুলঃ, মৃদুলঃ, মঞ্জুলঃ, মণ্ডলঃ, চটুলঃ, কপিলঃ, গ্রন্থিলঃ, কুশলঃ (clever), পাংশুলঃ (dusty), শ্লেষ্মলঃ, পেশলঃ, কুণ্ডলঃ (ear-ring), অংশলঃ, বৎসলঃ (affectionate). পক্ষে মতুপ্। যথা,—মাংসবান্।

১৬৯। **ফেনাদিলচ্চ। (পা)**

ফেন, এই প্রাতিপদিকের উত্তর বিকল্পে ল (লচ্) ও ইল (ইলচ্) হয়। যথা,—ফেনোঽস্মিন্নস্তি ফেনলঃ ফেনিলঃ (foamy), পক্ষে ফেনবান্।

১৭০। **লোমাদেঃ শঃ। (২)**

লোমন্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর শ হয়। যথা,—লোমান্যস্য সন্তি লোমশঃ (hairy). এইরূপ, রোমশঃ, গিরিশঃ, কর্কশঃ, কপিশঃ (tawny).

১৭১। **পিচ্ছাপঙ্কাভ্যামিলঃ। (২)**

পিচ্ছা, পঙ্ক, এই দুই প্রাতিপদিকের উত্তর ইল (ইলচ্) হয়। যথা,—পিচ্ছা অস্যাস্তি পিচ্ছিলঃ (slippery). এইরূপ, পঙ্কিলঃ (muddy).

১৭২। **দন্তাদুরঃ। (৩)**

দন্ত, এই প্রাতিপদিকের উত্তর উর (উরচ্) হয়। যথা,—উন্নতা দন্তাঃ সন্ত্যস্য দন্তুরঃ (having long teeth) ; অন্যত্র দন্তবান্।

---

(১) **সিধ্মাদিভ্যশ্চ।** সিধ্মাদি শব্দে এবং অন্যত্রও 'লা+ক কর্ত্তরি' দ্বারা পদ-সাধন করা যায়। যথা,—কুশ—লা (আদানে)+ক=কুশলঃ ; পত্র—লা+ক=পত্রলঃ ; ('পত্রলমিতি লাতেঃ কে'—বামনঃ)।

(২) **লোমাদিপামাদিপিচ্ছাদিভ্যঃ শনেলচঃ।**

(৩) **দন্ত উন্নত উরচ্।**

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৭৩। ঊষ-সুষি-মুষ্ক-মধো রঃ। (পা)

ঊষ, সুষি, মুষ্ক, মধু, এই চারি প্রাতিপদিকের উত্তর র হয়। যথা,—ঊষরঃ (impregnated with salt), সুষিরঃ (full of holes), মুষ্করঃ, মধুরঃ (sweet).

১৭৪। মুখাদিভ্যশ্চ। (১)

মুখ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর র হয়। যথা,—মুখমস্যাস্তি মুখরঃ (garrulous), কুঞ্জরঃ, নগরম্, পাণ্ডুরঃ (pale).

১৭৫। নড়-শাদাভ্যাং ড্বলপ্। (২)

নড়, শাদ, এই দুই প্রাতিপদিকের উত্তর ড্বলপ্ (ড্বলচ্) হয়; ড প্ ইৎ, বল থাকে। যথা,—নড়া অস্মিন্ সন্তি নড্বলঃ (abounding with reeds), শাদা অস্মিন্ সন্তি শাদ্বলঃ (green, grassy).

১৭৬। কৃষ্যাদের্বলঃ। (৩)

কৃষি প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বল (বলচ্) হয়।

১৭৭। দীর্ঘোঽন্ত্যঃ। (৪)

বল প্রত্যয় হইলে, অন্ত্য স্বর দীর্ঘ হয়। যথা,—কৃষিরস্যাস্তি কৃষীবলঃ (one living by agriculture). এইরূপ, পরিষদ্বলঃ, পর্ষদ্বলঃ, রজস্বলা, ঊর্জ্জস্বলঃ (৫) (powerful), দন্তাবলো হস্তী (elephant), শিখাবলো ময়ূরঃ (৬)।

১৭৮। কেশাদের্বঃ সংজ্ঞায়াম্। (৭)

সংজ্ঞা বুঝাইলে, কেশ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ব হয়। যথা,—

(১) রপ্রকরণে খমুখকুঞ্জেভ্য উপসংখ্যানম্। (বা)।
(২) নড়শাদাড্ড্বলচ্।
(৩) রজঃকৃষ্যাসুতিপরিষদো বলচ্। (৪) বলে।
(৫) জ্যোৎস্নাতমিস্রাশৃঙ্গিণোর্জস্বিন্নূর্জস্বলগোমিন্মলিনমলীমসাঃ।
(৬) দন্তশিখাৎ সংজ্ঞায়াম্। [দৃশ্যতে। (বা)।
(৭) কেশাদ্বোঽন্যতরস্যাম্। গাণ্ড্যজগাৎ সংজ্ঞায়াম্। অন্যেভ্যোঽপি

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

কেশাঃ সন্ত্যস্য কেশবঃ বিষ্ণুঃ, মণিরস্যাস্তি মণিবঃ নাগবিশেষঃ (a kind of snake), অজগঃ অস্যাস্তি অজগবম্ পিনাকঃ (bow of Shiva), গাণ্ডিরস্যাস্তি গাণ্ডিবঃ, গাণ্ডিবম্ অর্জ্জুনস্য ধনুঃ ; ই-কার দীর্ঘও হয়,—গাণ্ডীবঃ, গাণ্ডীবম্ (the bow of Arjuna).

১৭৯। **স্বাদামিন্নৈশ্বর্য্যে। (১)**

ঐশ্বর্য্য বুঝাইলে, স্ব এই প্রাতিপদিকের উত্তর আমিন্ হয়। যথা,—স্বম্ ঐশ্বর্য্যম্ অস্যাস্তি স্বামী (owner).

১৮০। **শীতোষ্ণাভ্যামালুরসহনে। (২)**

অসহন-অর্থে, শীত, উষ্ণ, এই দুই প্রাতিপদিকের উত্তর আলু (আলুচ্) হয়। যথা,—শীতম্ ন সহতে শীতালুঃ (unable to bear cold), উষ্ণম্ ন সহতে উষ্ণালুঃ।

১৮১। **বাতাতীসারাভ্যাং রোগে কিন্। (৩)**

রোগ বুঝাইলে, বাত, অতীসার, এই দুই প্রাতিপদিকের উত্তর কিন্ (ইন্+কুক্ আগম) হয়। যথা,—বাতোঽস্যাস্তি বাতকী, অতীসারোঽস্যাস্তি অতীসারকী (afflicted with diarrhœa).

১৮২। **বল্যাদের্ভঃ। (৪)**

বলি প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ভ হয়। যথা,—বলয়োঽস্মিন্ সন্তি বলিভম্ মধ্যম্ (wrinkled belly). এইরূপ, তুন্দিভঃ (having a protuberant belly) (also, তুন্দিলঃ), বটিভঃ।

১৮৩। **অর্শ-আদেরৎ। (৫)**

অর্শস্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর অৎ (অচ্) হয় ; ৎ ইৎ, অ থাকে। যথা,—অর্শাংসি অস্য সন্তি অর্শসঃ (suffering from piles), উরোঽস্যাস্তি

(১) স্বামিন্নৈশ্বর্য্যে।
(২) শীতোষ্ণতৃপ্রেভ্যস্তদসহনে। (বা)।
(৩) বাতাতীসারাভ্যাং কুক্ চ। (৪) তুন্দিবলিবটের্ভঃ।
(৫) অর্শআদিভ্যোঽচ্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

উরসঃ (having a prominent breast), পলিতম্ অস্যাস্তি পলিতঃ, জটা অস্য সন্তি জটঃ (having matted hair), অম্লো গুণোঽস্যাস্তি অম্লঃ, অঘমস্যাস্তি অঘঃ, লবণো রসোঽস্যাস্তি লবণঃ (saline).

১৮৪। অহং-শুভংম্যাং যুঃ। (১)

অহম্, শুভম্, এই দুই প্রাতিপদিকের উত্তর যু (যুস্) হয়। যথা,— অহম্ অস্যাস্তি অহংযুঃ অহঙ্কারবান্ (proud), শুভম্ অস্যাস্তি শুভংযুঃ, শুভান্বিতঃ (fortunate).

১৮৫। জ্যোত্স্নাদয়ঃ। (২)

জ্যোৎস্না প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—জ্যোতিরস্যা অস্তি জ্যোৎস্না (moon-lit night) ; তমোঽস্যা অস্তি তমিস্রা (dark night) ; শৃঙ্গমস্যাস্তি শৃঙ্গিণঃ ; মলমস্যাস্তি মলিনঃ, মলীমসঃ (dirty) ; অর্ণাংসি অস্মিন্ সন্তি অর্ণবঃ সমুদ্রঃ (sea).

১৮৬। বাগ্মিন্-বাচাল-বাচাটাঃ। (৩)

বাগ্মিন্, বাচাল, বাচাট শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—বাচোঽস্য সন্তি বাগ্মী (গ্মিনি) (eloquent) ; যঃ কুৎসিতম্ বহু ভাষতে স বাচালঃ (আলচ্), বাচাটঃ (আটচ্) (talkative).

১৮৭। মূলে জাহঃ কর্ণাদেঃ। (৪)

মূল অর্থে, কর্ণ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর জাহ (জাহচ্) হয়। যথা,—কর্ণস্য মূলম্ কর্ণজাহম্ (the root of the ear), অক্ষ্ণোঃ মূলম্ অক্ষিজাহম্। এইরূপ, ভ্রূজাহম্, নখজাহম্, কেশজাহম্, পাদজাহম্, শৃঙ্গ-জাহম্, দন্তজাহম্ (the root of a tooth).

---

(১) অহং-শুভমোর্যুস্। [(বা) ।

(২) জ্যোৎস্নাতমিস্রাশৃঙ্গিণোর্জস্বিন্নূর্জস্বলগোমিন্মলিনমলীমসাঃ। অর্ণসো লোপশ্চ।

(৩) বাচো গ্মিনিঃ। প্রকৃত বানান বাগ্‌গ্মিন্। বালমনোরমায় প্রকারান্তরে 'বাগ্মিন্' শব্দও সমর্থিত হইয়াছে। আলজাটচৌ বহুভাষিণি। কুৎসিত ইতি বক্তব্যম্। (বা)।

(৪) তস্য পাকমূলে পীল্বাদিকর্ণাদিভ্যঃ কুণব্জাহচৌ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৮৮। **পক্ষাত্তিঃ। (পা)**

মূল-অর্থে, পক্ষ এই প্রাতিপদিকের উত্তর তি হয়। যথা,—পক্ষস্য মূলম্ পক্ষতিঃ (the root of a wing).

১৮৯। **মাতৃ-পিতৃভ্যাং-ডুল-ব্যৌ ভ্রাতরি। (১)**

ভ্রাতৃ-অর্থে, মাতৃ এই প্রাতিপদিকের উত্তর ডুল (ডুলচ্) এবং পিতৃ এই প্রাতিপদিকের উত্তর ব্য (ব্যৎ) হয় ; ড্ ইৎ, উল থাকে। যথা,—মাতুর্ভ্রাতা মাতুলঃ (maternal uncle), পিতুর্ভ্রাতা পিতৃব্যঃ।

১৯০। **ডামহঃ পিত্রোঃ। (১)**

পিতৃ ও মাতৃ অর্থে, মাতৃ, পিতৃ, এই দুই প্রাতিপদিকের উত্তর ডামহ (ডামহচ্) হয় ; ড্ ইৎ, আমহ থাকে। যথা,—মাতুঃ পিতা মাতামহঃ, পিতুঃ পিতা পিতামহঃ, মাতুর্মাতা মাতামহী (mother's mother), পিতুর্মাতা পিতামহী (father's mother).

১৯১। **ঠঃ কর্ম্মণঃ কুশলে। (২)**

কুশল অর্থে, কর্ম্মন্ এই প্রাতিপদিকের উত্তর ঠ (অঠচ্) হয়। যথা,—কর্ম্মণি কুশলঃ কর্ম্মঠঃ (active).

১৯২। **পূর্ব্বাদিনিস্তৃতীয়ার্থে। (৩)**

তৃতীয়ার অর্থে পূর্ব্ব এই প্রাতিপদিকের উত্তর ইনি হয় ; ই ইৎ, ইন্ থাকে। যথা,—পূর্ব্বমনেন কৃতম্ ভুক্তম্ পীতম্ গতম্ বা পূর্ব্বী, কৃতম্ পূর্ব্বমনেন কৃতপূর্ব্বী (done before) কটম্, ভুক্তম্ পূর্ব্বমনেন ভুক্তপূর্ব্বী (eaten before) ওদনম্, পীতম্ পূর্ব্বমনেন পীতপূর্ব্বী পয়ঃ, গতম্ পূর্ব্বমনেন গতপূর্ব্বী গৃহম্ (এখানে কটম্, ওদনম্, পয়ঃ, গৃহম্ এইগুলি কৃত, ভুক্ত ইত্যাদি ক্রিয়ার কর্ম্ম)।

---

(১) পিতৃব্যমাতুলমাতামহপিতামহাঃ।
(২) কর্ম্মণি ঘটোঽঠচ্। (৩) পূর্ব্বাদিনিঃ। সপূর্ব্বাচ্চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৯৩। ইষ্টাদিভ্যশ্চ। (পা)

তৃতীয়ার অর্থে ইষ্ট প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ইনি হয়। যথা,—ইষ্টমনেন ইষ্টী যজ্ঞে, অধীতমনেন অধীতী (studying) শাস্ত্রে, শ্রুতমনেন শ্রুতী বেদে, গৃহীতমনেন গৃহীতী উপদেশে, আম্নাতমনেন আম্নাতী ইতিহাসে, আসেবিতমনেন আসেবিতী গুরৌ, নিরাকৃতমনেন নিরাকৃতী শত্রৌ, উপকৃতমনেন উপকৃতী মিত্রে, অবকীর্ণমনেন অবকীর্ণী ব্রতে (one who has violated a vow).

১৯৪। অতিশায়নে তমবিষ্ঠনৌ। (বা)

বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর তমপ্ ও ইষ্ঠন্ হয়; তমপের প্ ইৎ, তম থাকে; ইষ্ঠনের ন্ ইৎ, ইষ্ঠ থাকে। যথা,—অয়মেষামতিশয়েন পটুঃ পটুতমঃ (most clever), পটিষ্ঠঃ (১); অয়মেষাম্ অতিশয়েন লঘুঃ লঘুতমঃ, লঘিষ্ঠঃ; অয়মেষামতিশয়েন গুরুঃ গুরুতমঃ, গরিষ্ঠঃ। এইরূপ, প্রিয়তমঃ, প্রেষ্ঠঃ (dearest); দীর্ঘতমঃ, দ্রাঘিষ্ঠঃ; দৃঢ়তমঃ, দ্রঢ়িষ্ঠঃ (strongest); মৃদুতমঃ, ম্রদিষ্ঠঃ; কৃশতমঃ, ক্রশিষ্ঠঃ (leanest). *

১৯৫। দ্বয়োস্তরবীয়সুনৌ। (২)

দুয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর তরপ্ ও ঈয়সুন্ হয়; তরপের প্ ইৎ, তর থাকে; ঈয়সুনের উ ন্ ইৎ, ঈয়স্ থাকে। যথা,—অয়মনয়োরতিশয়েন পটুঃ পটুতরঃ, পটীয়ান্ (abler); অয়মনয়োরতিশয়েন লঘুঃ লঘুতরঃ, লঘীয়ান্ (lighter). এইরূপ, গুরুতরঃ, গরীয়ান্; প্রিয়তরঃ, প্রেয়ান্; দীর্ঘতরঃ, দ্রাঘীয়ান্ (longer); দৃঢ়তরঃ, দ্রঢ়ীয়ান্

---

(১) টেঃ (ইষ্ঠ, ইমন্ ও ঈয়সু প্রত্যয় যুক্ত হইলে টি-ভাগের লোপ হয়)।

* 'অজাদী গুণবচনাদেব'। গুণবাচক শব্দ না হইলে ইষ্ঠ ও ঈয়সু হয় না। যথা,—পাচকতরঃ, পাচকতমঃ।

(২) দ্বিবচন-বিভজ্যোপপদে তরবীয়সুনৌ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

(harder), মৃদুতরঃ, ম্রদীয়ান্ (milder); কৃশতরঃ, ক্রশীয়ান্ (leaner) (১)।

১৯৬। প্র-জ্যৌ প্রশস্যস্য। (২)

ইষ্ঠন্ ও ঈয়সুন্ প্রত্যয় হইলে, প্রশস্য শব্দের স্থানে শ্র ও জ্য হয়। যথা,—অয়মেষামতিশয়েন প্রশস্যঃ শ্রেষ্ঠঃ, জ্যেষ্ঠঃ (best); অয়মনয়োঃ অতিশয়েন প্রশস্যঃ শ্রেয়ান্ (better).

১৯৭। স্মা জ্যাদেরীয়সুনঃ। (৩)

জ্য, এই আদেশের পরবর্ত্তী ঈয়সুনের ঈ-স্থানে আ হয়। যথা,—জ্যায়ান্ (more excellent).

১৯৮। বর্ষ-জ্যৌ বৃদ্ধস্য। (৪)

ইষ্ঠন্ ও ঈয়সুন্ পরে থাকিলে, বৃদ্ধ শব্দের স্থানে বর্ষ ও জ্য হয়। যথা,—অয়মেষামনয়োর্বা অতিশয়েন বৃদ্ধঃ বর্ষিষ্ঠঃ, বর্ষীয়ান্ (very old, older); জ্যেষ্ঠঃ, জ্যায়ান্ (eldest, elder).

১৯৯। অন্তিক-বাঢ়য়োর্নেদ্-সাধৌ। (পা)

অন্তিক শব্দের স্থানে নেদ ও বাঢ় শব্দের স্থানে সাধ হয়। যথা,—নেদিষ্ঠঃ (nearest), নেদীয়ান্ (nearer); সাধিষ্ঠঃ (heaviest), সাধীয়ান্ (heavier).

২০০। অল্পস্য কন্ বিভাষা। (৫)

অল্প শব্দের স্থানে বিকল্পে কন্ হয়। যথা,—কনিষ্ঠঃ অল্পিষ্ঠঃ (least); কনীয়ান্ অল্পীয়ান্ (less).

২০১। যূনঃ কন্-যবৌ। (৬)

যুবন্ শব্দের স্থানে কন্ ও যব্ হয়। যথা,—কনিষ্ঠঃ যবিষ্ঠঃ (youngest); কনীয়ান্ যবীয়ান্ (younger).

---

(১) র ঋতো হলাদের্লঘোঃ। (ইষ্ঠ, ইমন্ ও ঈয়সু প্রত্যয় পরে থাকিলে ব্যঞ্জনাদি ঋ-কার-স্থানে র হয়।) (২) প্রশস্যস্য শ্রঃ; জ্য চ। প্রকৃত্যৈকাচ্।
(৩) জ্যাদাদীয়সঃ। (৪) বৃদ্ধস্য চ।
(৫) যুবাল্পয়োঃ কনন্যতরস্যাম্।
(৬) স্থূলদূরযুবহ্রস্বক্ষিপ্রক্ষুদ্রাণাং যণাদিপরং পূর্ব্বস্য চ গুণঃ

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২০২। স্থূল-দূরয়োঃ স্থব-দবৌ। (১)

স্থূল শব্দ-স্থানে স্থব ও দূর শব্দ-স্থানে দব হয়। যথা,—স্থবিষ্ঠঃ (very fat), স্থবীয়ান্; দবিষ্ঠঃ (most distant), দবীয়ান্ (more distant).

২০৩। উরু-ক্ষুদ্রয়োর্বর-ক্ষোদৌ। (২)

উরু শব্দ-স্থানে বর ও ক্ষুদ্র শব্দ-স্থানে ক্ষোদ হয়। যথা,—বরিষ্ঠঃ, বরীয়ান্; ক্ষোদিষ্ঠঃ (smallest), ক্ষোদীয়ান্ (smaller).

২০৪। ক্ষিপ্রবহুলয়োঃ ক্ষেপ-বংহৌ। (২)

ক্ষিপ্র শব্দ-স্থানে ক্ষেপ ও বহুল শব্দ-স্থানে বংহ হয়। যথা,—ক্ষেপিষ্ঠঃ (very quick), ক্ষেপীয়ান্; বংহিষ্ঠঃ (most), বংহীয়ান্ (more).

২০৫। স্থিরস্য স্থঃ। (২)

স্থির শব্দ-স্থানে স্থ হয়। যথা,—স্থেষ্ঠঃ (firmest), স্থেয়ান্ (firmer).

২০৬। বিন্মতোর্লুক্। (পা)

ইষ্ঠন্ ও ঈয়সুন্ প্রত্যয় পরে থাকিলে, বিন্ ও মতুপ্ প্রত্যয়ের লোপ হয়। যথা,—অয়মেষামতিশয়েন মায়াবী মায়িষ্ঠঃ; মায়ীয়ান্; অয়মেষামতিশয়েন বলবান্ বলিষ্ঠঃ (strongest); বলীয়ান্ (stronger).

২০৭। ভূয়োভূয়িষ্ঠৌ। (৩)

বহু শব্দের উত্তর ঈয়সুন্ হইলে ভূয়স্, ইষ্ঠন্ হইলে ভূয়িষ্ঠ শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—অয়মনয়োরতিশয়েন বহুঃ ভূয়ান্ (more), অয়মেষামতিশয়েন বহুঃ ভূয়িষ্ঠঃ (most).

২০৮। কিংযত্তদাং দ্বয়োরেকস্য নির্দ্ধারণে ডতরঃ। (৪)

দুইয়ের মধ্যে একের নির্দ্ধারণ বুঝাইলে কিম্, যদ্, তদ্ এই তিন প্রাতি-

(১) পূর্ব্ব পৃষ্ঠার (৬) ফুট-নোট দ্রষ্টব্য।

(২) প্রিয়স্থিরস্ফিরোরুবহুলগুরুবৃদ্ধতৃপ্রদীর্ঘবৃন্দারকাণাং প্রস্থস্ফবর্বংহিগর্বর্ষিত্রব্দ্রাঘিবৃন্দাঃ।

(৩) বহোর্লোপো ভূ চ বহোঃ; ইষ্ঠস্য য়িট্ চ।

(৪) কিংযত্তদো নির্দ্ধারণে দ্বয়োরেকস্য ডতরচ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

পদিকের উত্তর ডতর (ডতরচ্) হয়; ড্ ইৎ, অতর থাকে। যথা,—অনয়োঃ কতরো বৈষ্ণবঃ (which of these two is a Vaishnava)? অনয়োর্যতরো ব্রাহ্মণঃ ততর আগচ্ছতু।

২০৯। বহূনাং ডতমঃ। (১)

বহুর মধ্যে একের নির্দ্ধারণ বুঝাইলে ডতম (ডতমচ্) হয়; ড্ ইৎ, অতম থাকে। যথা,—এষাম্ কতমঃ শৈবঃ (which of these is a Shaiva)? এষাম্ যতমঃ ক্ষত্রিয়ঃ ততমঃ প্রয়াতু।

২১০। একান্যাভ্যাঞ্চ। (২)

এক, অন্য—এই দুই প্রাতিপদিকের উত্তর ডতম (ডতমচ্) ও ডতর (ডতরচ্) হয়। যথা,—ভবতোরেকতরঃ পঠতু, ভবতামেকতমঃ শৃণোতু; তয়োরন্যতরো যাতঃ, তেষামন্যতমো মৃতঃ (one of them has died).

২১১। কিমেদ্ব্যয়েভ্যোঽদ্রব্যে চতরাং চতমামেকোৎকর্ষে। (৩)

দুই ও বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে অথবা অতিশয়ার্থে কিম্, এ-কারান্ত ও অব্যয় শব্দের উত্তর চতরাম্ ও চতমাম্ প্রত্যয় হয়; চ ইৎ, তরাম্ ও তমাম্ থাকে। যথা,—কিন্তরাম্, কিন্তমাম্; প্রাহ্ণেতরাম্, প্রাহ্ণেতমাম্; উচ্চৈস্তরাম্, উচ্চৈস্তমাম্। দ্রব্য বুঝাইলে হয় না। যথা,—উচ্চৈস্তরস্তরুঃ।

২১২। প্রশংসায়াং রূপঃ। (৪)

প্রশংসা বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর রূপ (রূপপ্) প্রত্যয় হয়। যথা,—প্রশস্তো বৈয়াকরণঃ বৈয়াকরণরূপঃ (an excellent

(১) বা বহূনাং জাতিপরিপ্রশ্নে ডতমচ্।
(২) একাচ্চ প্রাচাম্।
(৩) কিমেত্তিঙব্যয়ঘাদাম্বদ্রব্যপ্রকর্ষে। (তর+আম্, তম+আম্)।
(৪) প্রশংসায়াং রূপপ্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

grammarian); এইরূপ, নৈয়ায়িকরূপঃ (an excellent logician), আলঙ্কারিকরূপঃ, মীমাংসকরূপঃ।

২১৩। ঈষদূনে কল্প-দেশ্য-দেশীয়াঃ। (১)

ঈষৎ ন্যূন এই অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর কল্প (কল্পপ্), দেশ্য ও দেশীয় (দেশীয়র্) প্রত্যয় হয়। যথা,—ঈষদূনো বিদ্বান্ বিদ্বৎকল্পঃ, বিদ্বদ্দেশ্যঃ, বিদ্বদ্দেশীয়ঃ (not fully learned).

২১৪। তিঙন্তাচ্চ। (২)

পূর্ব্ব সূত্র-ত্রয়ে বিহিত প্রত্যয় সকল তিঙন্ত পদের উত্তরও হয়। যথা,—পঠতিতরাম্ (reads better), পঠতিতমাম্ (reads best), পঠতিরূপম্ (reads well), পঠতিকল্পম্, পঠতিদেশ্যম্, পঠতিদেশীয়ম্ (reads badly).

২১৫। বা সুপো বহুঃ পুরস্তাৎ। (৩)

ঈষদূন অর্থে সুবন্ত পদের উত্তর বিকল্পে বহু (বহুচ্) প্রত্যয় হয়; প্রত্যয় সুবন্ত পদের পূর্ব্বে যায়। যথা,—ঈষদূনঃ পটুঃ বহুপটুঃ; পটুকল্পঃ, পটুদেশ্যঃ, পটুদেশীয়ঃ (not fully able).

২১৬। তেন তুল্যঃ স্থান-স্থানীয়ৌ। (৪)

'তেন তুল্যঃ' এই অর্থে প্রাতিপদিকের উত্তর স্থান ও স্থানীয় প্রত্যয় হয়। যথা,—পিত্রা তুল্যঃ পিতৃস্থানঃ, পিতৃস্থানীয়ঃ (guardian) ; এইরূপ, ভ্রাতৃস্থানঃ, ভ্রাতৃস্থানীয়ঃ ; মাতৃস্থানা, মাতৃস্থানীয়া মাতৃষ্বসা।

---

(১) ঈষদসমাপ্তৌ কল্পব্-দেশ্য-দেশীয়রঃ।
(২) তিঙশ্চ। কিমেত্তিঙব্যয়ঘাদাম্বদ্রব্যপ্রকর্ষে।
(৩) বিভাষা সুপো বহুচ্ পুরস্তাত্তু।
(৪) স্থানান্তাদ্বিভাষা সস্থানেনেতি চেৎ। পাণিনিমতে এই দুইটি প্রত্যয় নহে। সেমতে, প্রথমটি সমাসের উত্তরপদ (পিতৃস্থানমিব স্থানং যস্য), দ্বিতীয়টি তদুত্তরে ছ (ঈয়) প্রত্যয় যোগে নিষ্পন্ন বলিতে হইবে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২১৭। জাতৌ জাতীয়ঃ। (১)

তুল্যার্থে প্রাতিপদিকের উত্তর জাতীয় প্রত্যয় হয়। যথা,—ব্রাহ্মণজাতীয়ঃ, ক্ষত্রিয়জাতীয়ঃ, পুরুষজাতীয়ঃ, স্ত্রীজাতীয়ঃ, বণিগ্‌জাতীয়ঃ, রজকজাতীয়ঃ, তার্কিকজাতীয়ঃ, বৈয়াকরণজাতীয়ঃ।

২১৮। সংখ্যায়াঃ ক্রিয়াভ্যাবৃত্তিগণনে কৃত্বসুচ্। (পা)

ক্রিয়ার অভ্যাবৃত্তি-গণন, অর্থাৎ কতবার সেই ক্রিয়া অনুষ্ঠিত হইল, তাহার গণনা বুঝাইলে সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর কৃত্বসুচ্ হয়; উ চ্ ইৎ, কৃত্বস্ থাকে। যথা,—পঞ্চ বারান্ ভুঙ্‌ক্তে, পঞ্চকৃত্বঃ (five times) ভুঙ্‌ক্তে, সপ্ত বারান্ স্বপিতি, সপ্তকৃত্বঃ স্বপিতি (sleeps seven times), শতং বারান্ পঠতি, শতকৃত্বঃ (a hundred times) পঠতি।

২১৯। দ্বি-ত্রি-চতুর্ভ্যঃ সুচ্। (পা)

ক্রিয়ার অভ্যাবৃত্তি-গণন বুঝাইলে, দ্বি, ত্রি, চতুর্ এই তিন প্রাতিপদিকের উত্তর সুচ্ হয়; উ চ্ ইৎ, স্ থাকে। যথা,—দ্বৌ বারৌ ভুঙ্‌ক্তে, দ্বির্ভুঙ্‌ক্তে, ত্রীন্ বারান্ ভুঙ্‌ক্তে, ত্রির্ভুঙ্‌ক্তে (eats three times).

২২০। লোপোঽন্ত্যস্য চতুরঃ। (২)

সুচ্ প্রত্যয় হইলে, চতুর্ এই প্রাতিপদিকের অন্ত্য বর্ণের লোপ হয়। যথা,—চতুরো বারান্ ভুঙ্‌ক্তে, চতুর্ভুঙ্‌ক্তে (eats four times).

২২১। একস্য সকৃচ্চ। (পা)

এক, এই প্রাতিপদিকের উত্তর সুচ্ হয় এবং তৎসহিত এক-শব্দস্থানে সকৃৎ হয়। যথা,—একম্ বারম্ ভুঙ্‌ক্তে; সকৃদ্‌ভুঙ্‌ক্তে (eats once); সকৃদধীতে।—এস্থলে 'অভ্যাবৃত্তি' সম্ভব নহে, গণনামাত্র বুঝাইতেছে।

---

(১) প্রকারবচনে জাতীয়র্। অথবা 'জাত্যন্তাচ্ছ বন্ধুনি'।
(২) রাৎ সস্য।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২২২। **বিভাষা বহোর্ধাবিপ্রকৃষ্টকালে ধাচ্।** (১)

ক্রিয়ার অভ্যাবৃত্তি-গণন এবং ক্রিয়ানুষ্ঠান-কালের পরস্পরের নৈকট্য বুঝাইলে, বহু এই প্রাতিপদিকের উত্তর বিকল্পে ধাচ্ হয়; চ্ ইৎ, ধা থাকে। পক্ষে কৃত্বসুচ্। যথা,—বহুধা দিবসস্য ভুঙ্‌ক্তে, বহুকৃত্বো দিবসস্য ভুঙ্‌ক্তে (he eats several times a day). নৈকট্য না বুঝাইলে হয় না। যথা,—বহুকৃত্বো মাসস্যাগচ্ছতি (he comes several times a month).

২২৩। **বহ্বল্পার্থাচ্চশস্।** (২)

বহ্বর্থ ও অল্পার্থ প্রাতিপদিকের উত্তর বিকল্পে চশস্ (শস্) হয়। চ ইৎ, শস্ থাকে। যথা,—বহু দদাতি, বহুশো (abundantly) দদাতি; ভূরি দদাতি, ভূরিশো (much) দদাতি; অল্পম্ দদাতি, অল্পশো (a little) দদাতি; স্তোকম্ দদাতি, স্তোকশো দদাতি। কারকের উত্তর হয়, অন্যত্র হয় না। যথা,—বহূনাম্ স্বামী,—এস্থলে বহুশঃ স্বামী হইবে না।

২২৪। **সংখ্যৈকদেশবচনাচ্চ বীপ্সায়াম্।** (৩)

বীপ্সা বুঝাইলে, সংখ্যা-বাচক ও একদেশ-বাচক প্রাতিপদিকের উত্তর বিকল্পে চশস্ (শস্) হয়। যথা,—সংখ্যা-বাচক—দ্বৌ দ্বৌ দদাতি, দ্বিশো দদাতি (gives *two at a time*); পঞ্চ পঞ্চ দদাতি, পঞ্চশো দদাতি। একদেশ-বাচক—পাদম্ পাদম্ দদাতি, পাদশো দদাতি (gives *one-fourth at a time*); অর্দ্ধমর্দ্ধম্ দদাতি, অর্দ্ধশো দদাতি।

২২৫। **বিকারে ময়ট্।** (৪)

বিকার অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়; ট্ ইৎ, ময়

---

(১) বিভাষা বহোর্ধাঽবিপ্রকৃষ্টকালে।
(২) বহ্বল্পার্থাচ্ছস্ কারকাদন্যতরস্যাম্।
(৩) সংখ্যৈকবচনাচ্চ বীপ্সায়াম্।
(৪) তস্য বিকারঃ। ময়ড়্বৈতয়োর্ভাষায়ামভক্ষ্যাচ্ছাদনয়োঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

থাকে। যথা,—স্বর্ণস্য বিকারঃ স্বর্ণময়ঃ (made of gold) ঘটঃ, স্বর্ণময়ী প্রতিমা ; মৃদো বিকারঃ মৃন্ময়ো ঘটঃ (earthen pot), মৃন্ময়ী প্রতিমা।

২২৬। হিরণ্ময়ঃ। (১)

হিরণ্ময় শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—হিরণ্যস্য বিকারঃ হিরণ্ময়ঃ (made of gold).

২২৭। অবয়বে। (২)

অবয়ব বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা,—দারূণ্যস্যাবয়বাঃ দারুময়মাসনম্ (a seat made of wood), দর্ভা অস্যাবয়বাঃ দর্ভময়ো ব্রাহ্মণঃ, কাষ্ঠান্যস্যাবয়বাঃ কাষ্ঠময়ো হস্তী, ঊর্ণা অস্যাবয়বাঃ ঊর্ণাময়ম্ বাসঃ, অন্নান্যস্যাবয়বাঃ অন্নময়ো যজ্ঞঃ, অপূপা অস্য অবয়বাঃ অপূপময়ম্ শ্রাদ্ধম্।

২২৮। ব্যাপ্তৌ। (২)

ব্যাপ্তি অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা,—জলেন ব্যাপ্তম্ জলময়ম্ (watery) জগৎ প্রলয়ে ; রোগেণ ব্যাপ্তম্ রোগময়ম্ শরীরম্ ; ধূমেন ব্যাপ্তম্ ধূমময়ম্ গৃহম্।

২২৯। সংসর্গে। (২)

সংসর্গ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা,—তিলেন সংসৃষ্টম্ তিলময়ম্ তর্পণম্, ঘৃতেন সংসৃষ্টম্ ঘৃতময়ম্ ব্যঞ্জনম্, পাপেন সংসৃষ্টম্ পাপময়ম্ (full of sin) শরীরম্।

২৩০। অপৃথগ্‌ভাবে চ। (২)

অপৃথগ্‌ভাব বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা,—বিষ্ণো-

---

(১) দাণ্ডিনায়ন...মৈত্রেয়হিরণ্ময়ানি। (৬।৪।১৭৪)।

(২) ময়ড্‌বৈতয়োঃ—ইত্যাদি। তৎপ্রকৃতবচনে ময়ট্। সমূহবচ্চ বহুষু।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

রপৃথগ্ভূতম্ বিষ্ণুময়ম্ জগৎ, বাগ্ভ্যোঽপৃথগ্ভূতম্ বাঙ্ময়ম্ (composed of words) শাস্ত্রম্, চিতোঽপৃথগ্ভূতঃ চিন্ময়ঃ (spiritual) পুরুষঃ।

২৩১। গোশ্চ পুরীষে। (পা)

পুরীষ বুঝাইলে, গো এই প্রাতিপদিকের উত্তর ময়ট্ হয়। যথা,—গোঃ পুরীষম্ গোময়ম্ (cow-dung).

২৩২। স্নেহে তৈলন্। (১)

স্নেহ অর্থে প্রাতিপদিকের উত্তর তৈলন্ (তৈলচ্) প্রত্যয় হয়; ন্ ইৎ, তৈল থাকে। যথা,—তিলস্য স্নেহঃ তিলতৈলম্, সর্ষপস্য স্নেহঃ সর্ষপতৈলম্, এরণ্ডস্য স্নেহঃ এরণ্ডতৈলম্।

২৩৩। ধাচ্ সংখ্যায়া বিধার্থে। (২)

বিধা (প্রকার) অর্থে সংখ্যা-বাচক প্রাতিপদিকের উত্তর ধাচ্ (ধা) প্রত্যয় হয়; চ্ ইৎ, ধা থাকে। যথা,—একা বিধা একধা (in one way), দ্বে বিধে দ্বিধা, তিস্রো বিধাঃ ত্রিধা, চতস্রো বিধাঃ চতুর্ধা, পঞ্চ বিধাঃ পঞ্চধা। একধা, দ্বিধা, ত্রিধা বা ভুঙ্‌ক্তে।

২৩৪। ভাবান্তরাপাদনে চ। (৩)

ভাবান্তরাপাদন অর্থাৎ অন্যথাভাব-সম্পাদন (৪) অর্থেও ধাচ্ (ধা) হয়। যথা,—পঞ্চ রাশীন্ একধা কুরু, একম্ রাশিম্ পঞ্চধা কুরু।

২৩৫। ঐকধ্যাদয়ো বা। (৫)

ঐকধ্য প্রভৃতি শব্দ বিকল্পে নিপাতনে সিদ্ধ হয়। যথা,—একা বিধা ঐকধ্যম্, দ্বে বিধে দ্বৈধম্ দ্বেধা, তিস্রো বিধাঃ ত্রৈধম্ ত্রেধা, ষড় বিধাঃ ষোঢ়া। পক্ষে একধা, দ্বিধা, ত্রিধা, ষড়্ধা ইত্যাদি।

---

(১) স্নেহে তৈলচ্। (বা)
(২) সংখ্যায়া বিধার্থে ধা।
(৩) অধিকরণবিচালে চ।
(৪) এক বস্তুর অনেকীকরণ অথবা বহু বস্তুর সমুচ্চয় বা একীকরণ।
(৫) একাদ্ধো ধ্যমুঞন্যতরস্যাম্। দ্বিত্র্যোশ্চ ধমুঞ্। এধাচ্চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৩৬। पाशः कुत्सिते। (১)

কুৎসিত বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর পাশ (পাশপ্) প্রত্যয় হয়। যথা,—কুৎসিতো বৈয়াকরণঃ বৈয়াকরণপাশঃ (a bad grammarian); এইরূপ, মীমাংসকপাশঃ, ভিষক্‌পাশঃ, বৈদিকপাশঃ, লেখকপাশঃ, পাচকপাশঃ।

২৩৭। भूतपूर्व्वे चरट्। (পা)

ভূতপূর্ব্ব অর্থে প্রাতিপদিকের উত্তর চরট্ প্রত্যয় হয়। ট্ ইৎ, চর থাকে। যথা,—আঢ্যো ভূতপূর্ব্বঃ আঢ্যচরঃ, দৃষ্টো ভূতপূর্ব্বঃ দৃষ্টচরঃ, অর্পিতো ভূতপূর্ব্বঃ অর্পিতচরঃ, অধীতো ভূতপূর্ব্বঃ অধীতচরঃ (read before). ট্ ইৎ হওয়ায় স্ত্রীলিঙ্গে 'ঈ'। যথা,—অনর্পিতচরী।

২৩৮। सम्बन्धे रूप्यश्च। (২)

সম্বন্ধ বুঝাইলে ভূতপূর্ব্ব অর্থে চরট্ ও রূপ্য প্রত্যয় হয়। যথা,—দেবদত্তস্য ভূতপূর্ব্বম্, দেবদত্তরূপ্যম্ দেবদত্তচরম্ বা ভবনম্ (a house that formerly belonged to Devadatta).

২৩৯। एकादाकिनिरसहाये। (৩)

সহায়-শূন্য বুঝাইলে, এক শব্দের উত্তর আকিনি (আকিনিচ্) প্রত্যয় হয়। ই ইৎ, আকিন্ থাকে। যথা,—এক এব একাকী (alone).

২৪০। स्वाक् टेरक् स्वार्थे। (৪)

স্বার্থ বুঝাইলে (অর্থাৎ অর্থের পরিবর্ত্তন না ঘটাইয়া), প্রাতিপদিকের টির পূর্ব্বে অক (অকচ্) হয়। যথা,—কন্যা এব কন্যকা (daughter), তারা এব তারকা (star).

(১) যাপ্যে পাশপ্। (যাপ্যম্—কুৎসিতম্।)

(২) ষষ্ঠ্যা রূপ্যশ্চ।

(৩) একাদাকিনিচ্চাসহায়ে। পক্ষে কন্ হইয়া ও আকিনিচের লোপ হইয়া এককঃ এবং একঃ এই দুই পদ হয়।

(৪) প্রত্যয়স্থাৎ কাৎ পূর্ব্বস্যাত ইদাপ্যসুপঃ। [ক্ষিপকাদীনাং চ (বা)—ক্ষিপকা, কন্যকা, তারকা ইত্যাদিতে ইৎ (ই) হয় না।]

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৪১। বালাদেরিক্। (১)

স্বার্থ বুঝাইলে, বালা প্রভৃতি প্রাতিপদিকের টির পূর্ব্বে ইক্ হয়। যথা,—বালা এব বালিকা (girl), তরলা এব তরলিকা, নিপুণা এব নিপুণিকা, চতুরা এব চতুরিকা, চপলা এব চপলিকা, লতা এব লতিকা, গোধা এব গোধিকা (an iguana).

২৪২। অজ্ঞাতে কন্। (২)

অজ্ঞাত অর্থে, প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ প্রত্যয় হয়; ন্ ইৎ, ক থাকে। যথা,—কস্যায়মশ্বঃ অশ্বকঃ (an unknown horse); এইরূপ, উষ্ট্রকঃ, মহিষকঃ, গর্দ্দভকঃ।

২৪৩। কুৎসিতে। (পা)

কুৎসিত অর্থে, প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা,—কুৎসিতোঽশ্বঃ অশ্বকঃ (an ugly-looking horse), কুৎসিতো মহিষঃ মহিষকঃ।

২৪৪। অল্পে। (পা)

অল্প অর্থে, প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা,—অল্পম্ তৈলম্ তৈলকম্ (a small quantity of oil); এইরূপ, ক্ষীরকম্, সলিলকম্।

২৪৫। হ্রস্বে। (পা)

হ্রস্ব অর্থে, প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা,—হ্রস্বো বৃক্ষঃ বৃক্ষকঃ (a plant), হ্রস্বঃ পটঃ পটকঃ, হ্রস্বঃ স্তম্ভঃ স্তম্ভকঃ, হ্রস্বো দণ্ডঃ দণ্ডকঃ।

২৪৬। অনুকম্পায়াম্। (পা)

অনুকম্পা অর্থে, প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা,—অনুকম্পিতঃ পুত্রঃ পুত্রকঃ; এইরূপ, বৎসকঃ, দুর্ব্বলকঃ।

---

(১) প্রত্যয়স্থাৎ কাৎ পূর্ব্বস্যাত ইদাপ্যসুপঃ। ক্ষিপকাদীনাং চ (বা)—ক্ষিপকা, কন্যকা, তারকা ইত্যাদিতে ইক্ (ইৎ) হয় না। (২) অজ্ঞাতে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৪৭। সংজ্ঞায়াম্। (১)

সংজ্ঞা অর্থে, প্রাতিপদিকের উত্তর স্বার্থে কন্ হয়। যথা,—করভকঃ, রোহিতকঃ, শর্ব্বিলকঃ (names).

২৪৮। স্ত্রিয়ামন্ত্যো হ্রস্বঃ। (২)

স্ত্রীলিঙ্গ প্রাতিপদিকের উত্তর কন্ হইলে অন্ত্য স্বর হ্রস্ব হয়। যথা,—মালবী মালবিকা, সাগরী সাগরিকা, লবঙ্গী লবঙ্গিকা, মাধবী মাধবিকা, চণ্ডী চণ্ডিকা, কুশণ্ডী কুশণ্ডিকা, শেফালী শেফালিকা, মৃণালী মৃণালিকা, যূথী যূথিকা, বদরী বদরিকা, দূতী দূতিকা, কালী কালিকা, শারী শারিকা (a female parrot), সূচী সূচিকা (a needle).

২৪৯। হ্রস্বে কুটী-শমী-শুণ্ডাভ্যো রঃ। (৩)

হ্রস্ব অর্থে, কুটী, শমী, শুণ্ডা, এই তিন প্রাতিপদিকের উত্তর র হয়। যথা,—হ্রস্বা কুটী কুটীরঃ (cottage), হ্রস্বা শমী শমীরঃ, হ্রস্বা শুণ্ডা শুণ্ডারঃ (a small trunk of an elephant).

২৫০। অশ্বোক্ষবৎসর্ষভেভ্যস্তরট্। (৪)

হ্রস্ব অর্থে, অশ্ব, উক্ষন্, বৎস, ঋষভ, এই চারি প্রাতিপদিকের উত্তর তরট্ (ষ্টরচ্) হয়; ট্ ইৎ, তর থাকে। যথা,—হ্রস্বোঽশ্বঃ, অশ্বতরঃ (a small horse, a mule), উক্ষতরঃ (a young ox), বৎসতরঃ, ঋষভতরঃ (a young bull).

২৫১। পঞ্চম্যাস্তসিল্ বা। (৫)

পঞ্চমী-বিভক্তি-স্থানে বিকল্পে তসিল্ হয়; ই ল্ ইৎ, তস্ থাকে। যথা,—গৃহাৎ গৃহতঃ (from the house), গ্রামাৎ গ্রামতঃ (from the

(১) সংজ্ঞায়াং কন্। জাতিনাম্নঃ কন্।
(২) কেঽণঃ। (৩) কুটীশমীশুণ্ডাভ্যো রঃ।
(৪) বৎসোক্ষাশ্বর্ষভেভ্যশ্চ তনুত্বে। (৫) পঞ্চম্যাস্তসিল্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

village), নগরাৎ নগরতঃ, সর্ব্বস্মাৎ সর্ব্বতঃ, বিশ্বস্মাৎ বিশ্বতঃ, উভয়স্মাৎ উভয়তঃ, ভবতঃ ভবত্তঃ, একস্মাৎ একতঃ, অন্যস্মাৎ অন্যতঃ, পূর্ব্বস্মাৎ পূর্ব্বতঃ, পরস্মাৎ পরতঃ, দক্ষিণস্মাৎ দক্ষিণতঃ, উত্তরস্মাৎ উত্তরতঃ, হস্তাৎ হস্ততঃ, বৃক্ষাৎ বৃক্ষতঃ, মেঘাৎ মেঘতঃ, জলাৎ জলতঃ, মৎ মত্তঃ, অস্মৎ অস্মত্তঃ।

২৫২। **সপ্তম্যাশ্চ।** (১)

সপ্তমী-স্থানে বিকল্পে তসিল্ হয়। যথা,—পূর্ব্বস্মিন্ পূর্ব্বতঃ (in the east), দক্ষিণস্মিন্ দক্ষিণতঃ, উত্তরস্মিন্ উত্তরতঃ, প্রথমে প্রথমতঃ, পরস্মিন্ পরতঃ, অগ্রে অগ্রতঃ, আদৌ আদিতঃ (in the beginning), মধ্যে মধ্যতঃ, অন্তে অন্ততঃ (at the end), পৃষ্ঠে পৃষ্ঠতঃ, পার্শ্বয়োঃ পার্শ্বতঃ, সর্ব্বস্মিন্ সর্ব্বতঃ (on all sides).

২৫৩। **নিত্যং পর্য্যভিভ্যাম্।** (২)

পরি ও অভি উপসর্গের উত্তর নিত্য তসিল্ হয়। যথা,—পরিতঃ (all around), অভিতঃ (on both the sides).

২৫৪। **ন হাক্‌রুহোঃ।** (৩)

হাক্ (হা) ও রুহ্ ধাতুর প্রয়োগে তসিল্ হয় না। যথা,—স্বর্গাৎ হীয়তে, পর্ব্বতাদবরোহতি (comes down from the hill).

২৫৫। **সপ্তম্যাস্ত্রল্ বা সর্ব্বনাম্নঃ।** (৪)

সর্ব্বনাম (৫) শব্দের সপ্তমী-স্থানে বিকল্পে ত্রল্ হয়; ল্ ইৎ, ত্র থাকে। যথা,—সর্ব্বস্মিন্ সর্ব্বত্র, উভয়স্মিন্ উভয়ত্র (on both sides or places), একস্মিন্ একত্র (together), অন্যস্মিন্ অন্যত্র (somewhere else), ইতরস্মিন্ ইতরত্র (in another place), পূর্ব্বস্মিন্ পূর্ব্বত্র (in former

(১) আদ্যাদিভ্য উপসংখ্যানম্ (বা)। 'অয়ং সার্ব্ববিভক্তিকস্তসি' ইতি বালমনোরমা।

(২) পর্য্যভিভ্যাং চ। সর্ব্বোভয়ার্থাভ্যামেব। (বা.)

(৩) অপাদানে চাহীয়রুহোঃ।

(৪) সপ্তম্যাস্ত্রল্।

(৫) দ্বি, অস্মদ্, যুষ্মদ্ ভিন্ন।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

place), পরস্মিন্ পরত্র (in another world, elsewhere), অপরস্মিন্ অপরত্র (in another place).

২৫৬। অ-য-তা এতদ্-যত্-তদাম্। (১)

তসিল্ ও ত্রল্ হইলে, এতদ্-স্থানে অ, যদ্-স্থানে য ও তদ্-স্থানে ত হয়। যথা,—এতস্মাৎ অতঃ, এতস্মিন্ অত্র (here), যস্মাৎ যতঃ (whence), যস্মিন্ যত্র (where), তস্মাৎ ততঃ (thence), তস্মিন্ তত্র (there).

২৫৭। কিমঃ কুঃ। (২)

কিম্-স্থানে কু হয়। যথা,—কস্মাৎ কুতঃ (wherefrom), কস্মিন্ কুত্র (where).

২৫৮। ক্ব-কুহৌ। (২)

ক্ব ও কুহ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—কস্মিন্ ক্ব, কুহ (where).

২৫৯। ইরিদমঃ। (৩)

ইদম্-স্থানে ই হয়। যথা,—অস্মাৎ ইতঃ (from here).

২৬০। সপ্তম্যা হঃ। (৪)

সপ্তমী-স্থানে হ হয়। যথা,—অস্মিন্ ইহ (here).

২৬১। ইতরাভ্যোঽপি দৃশ্যন্তে। (পা)

পঞ্চমী, সপ্তমী ভিন্ন অন্যান্য বিভক্তি-স্থানেও তসিল্ ও ত্রল্ প্রত্যয় দেখিতে পাওয়া যায়। যথা,—স ভবান্ ততোভবান্, তত্রভবান্ (his honour); তম্ ভবন্তম্ ততোভবন্তম্, তত্রভবন্তম্; তেন ভবতা

---

(১) এতদোঽশ্। ত্যদাদীনাম্ অঃ।

(২) কু তিহোঃ। ত-কারাদি ও হ-কারাদি প্রত্যয় পরে থাকিলে কিম্-স্থানে কু হয়। কিমোঽৎ। ক্বাতি।

(৩) ইদম, ইশ্।

(৪) ইদমো হঃ। কিন্তু কাল বুঝাইলে র্হিল্ (ইদমো র্হিল্)। অস্মিন্ স্থানে ইহ ; অস্মিন্ কালে এতর্হি (এতেতৌ রথোঃ)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ততোভবতা, তত্রভবতা ; তস্মৈ ভবতে ততোভবতে, তত্রভবতে ; তস্য ভবতঃ ততোভবতঃ, তত্রভবতঃ।

২৬২। **एक-सर्व्वयोः काले दा।** (১)

কাল বুঝাইলে, এক, সর্ব্ব, এই দুই সর্ব্বনাম-শব্দের সপ্তমী-স্থানে দা হয়। যথা,—একস্মিন্ কালে একদা (once upon a time).

২৬৩। **सो वा सर्व्वस्य।** (২)

দা হইলে সর্ব্ব-স্থানে বিকল্পে স হয়। যথা,—সর্ব্বস্মিন্ কালে সদা, সর্ব্বদা (always).

২৬৪। **अन्य-किं-यदां र्हिल् च।** (৩)

অন্য, কিম্, যদ্, এই তিনটি সর্ব্বনাম শব্দের সপ্তমী স্থানে দা ও র্হিল্ হয়। ল্ ইৎ, র্হি থাকে। যথা,—অন্যস্মিন্ কালে অন্যর্হি, অন্যদা (at another time).

২৬৫। **किं-यदोः क-यौ।** (৪)

দা ও র্হিল্ হইলে, কিম্-স্থানে ক ও যদ্-স্থানে য হয়। যথা,—কস্মিন্ কালে কর্হি, কদা ; যস্মিন্ কালে যর্হি, যদা (when).

২৬৬। **तदो दानीं च।** (৫)

তদ্ শব্দের সপ্তমী-স্থানে দা, র্হিল্ ও দানীম্ হয়।

২৬৭। **तस्तदः।** (৪)

দা, র্হিল্ ও দানীম্ হইলে তদ্ শব্দ-স্থানে ত হয়। যথা,—তস্মিন্ কালে তদা, তর্হি, তদানীম্ (at that time, then).

---

(১) সর্ব্বৈকান্যকিংযত্তদঃ কালে দা।
(২) সর্ব্বস্য সোঽন্যতরস্যাং দি।
(৩) অনদ্যতনে র্হিলন্যতরস্যাম্।
(৪) ত্যদাদীনামঃ।
(৫) তদো দা চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৬৮। इदमो दानीम्। (১)

ইদম্ শব্দের সপ্তমী-স্থানে দানীম্ হয়। যথা,—অস্মিন্ কালে ইদানীম্ (at present).

২৬৯। अधुनैतर्हि। (২)

অধুনা, এতর্হি, এই দুই পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—অস্মিন্ কালে অধুনা (now-a-days), অস্মিন্ এতস্মিন্ বা কালে এতর্হি (at this time).

২৭০। एद्युस् पूर्व्वादेरहनि। (৩)

দিন বুঝাইলে, পূর্ব্ব প্রভৃতি প্রাতিপদিকের উত্তর এদ্যুস্ হয়। যথা,—পূর্ব্বস্মিন্নহনি পূর্ব্বেদ্যুঃ (the previous day, yesterday), অন্যস্মিন্নহনি অন্যেদ্যুঃ (the other day), অপরস্মিন্নহনি অপরেদ্যুঃ। এইরূপ, ইতরেদ্যুঃ, অন্যতরেদ্যুঃ, অধরেদ্যুঃ, উত্তরেদ্যুঃ, উভয়েদ্যুঃ (৪)।

২৭১। ह्यः-सद्योऽद्य-श्वः-परेद्यवयः। (৩)

দিন বুঝাইলে, বিভক্তি-সহিত পূর্ব্ব শব্দ-স্থানে হ্যস্, সমান শব্দ-স্থানে সদ্যস্, ইদম্-স্থানে অদ্য এবং পর-স্থানে শ্বস্ ও পরেদ্যবি হয়। যথা,—পূর্ব্বস্মিন্নহনি হ্যঃ (yesterday)†, সমানেঽহনি সদ্যঃ (the same day), অস্মিন্নহনি অদ্য (to-day), পরস্মিন্নহনি শ্বঃ † (to-morrow), পরেদ্যবি (the next day).

২৭২। ऐषमः-परुत्-परारयो वर्षे। (৩)

বৎসর বুঝাইলে বিভক্তি-সহিত ইদম্ শব্দ-স্থানে ঐষমস্, পূর্ব্ব শব্দ-স্থানে পরুৎ এবং পূর্ব্বতর শব্দ-স্থানে পরারি হয়। যথা,—অস্মিন্ বর্ষে

---

(১) দানীং চ। (২) অধুনা। এতেতৌ রথোঃ।

(৩) সদ্যঃ-পরুৎপরার্য্যৈষমঃ-পরেদ্যব্যদ্য-পূর্ব্বেদ্যুরন্যেদ্যুরন্যতরেদ্যুরিতরেদ্যুরপরেদ্যুরধরেদ্যুরুভয়েদ্যুরুত্তরেদ্যুঃ।

(৪) পূর্ব্বাদ্যান্যতরেতরাপরাধরোভয়োত্তরেভ্য এদ্যুস্ চ। (বা)। যথা,—উভয়স্মিন্-অহনি উভয়েদ্যুঃ, উভয়দ্যুঃ। দ্যুশ্চোভয়াদ্বক্তব্যঃ। (বা)।

† যাতমহঃ হ্যঃ, আগামি অহঃ শ্বঃ (পৃষোদরাদিত্বাৎ, ঐষমো হ্যঃশ্বসোঽন্যতরস্যাম্ ইতি সূত্রেণ নিপাতনাৎ বা)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ঐষমঃ (in the present year), পূর্ব্বস্মিন্ বর্ষে পরুৎ (last year), পূর্ব্বতরে বর্ষে পরারি (in the year before last).

২৭৩। থাল্ প্রকারে তৃতীয়ায়াঃ। (১)

প্রকার অর্থে তৃতীয়া-স্থানে থাল্ হয় ; ল্ ইৎ, থা থাকে। যথা,—সর্ব্বৈঃ প্রকারৈঃ সর্ব্বথা (in all respects), অন্যেন প্রকারেণ অন্যথা (otherwise), ইতরেণ প্রকারেণ ইতরথা, উভয়েন প্রকারেণ উভয়থা (in both ways), অপরেণ প্রকারেণ অপরথা।

২৭৪। য-তৌ যত্তদোঃ। (২)

থাল্ প্রত্যয় হইলে, যদ্ শব্দ-স্থানে য ও তদ্ শব্দ-স্থানে ত হয়। যথা,—যেন প্রকারেণ যথা, তেন প্রকারেণ তথা (so, thus).

২৭৫। কথমিত্থমৌ। (২)

কথম্ ও ইত্থম্, এই দুই পদ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—কেন প্রকারেণ কথম্ (how), অনেন এতেন বা প্রকারেণ ইত্থম্ (thus).

২৭৬। পরাদেরস্তাত্ সপ্তমী-পঞ্চমী-প্রথমানাম্। (৩)

(দিগ্‌বাচী) পর প্রভৃতি প্রাতিপদিকের উত্তর (দিক্, দেশ বা কাল বুঝাইতে) সপ্তমী, পঞ্চমী ও প্রথমার স্থানে অস্তাৎ (অস্তাতি) হয়। যথা,—পরস্মিন্ পরস্মাৎ পরো বা পরস্তাৎ।

২৭৭। পশ্চাত্। (পা)

অপর শব্দ-স্থানে 'অস্তাৎ' প্রত্যয়ের অর্থে পশ্চাৎ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—অপরস্মিন্ অপরস্মাৎ অপরো বা পশ্চাৎ ; অপর-স্থানে পশ্চ-আদেশ, আতি (আৎ) প্রত্যয়। (অপরস্য পশ্চ-ভাবঃ আতিশ্চ প্রত্যয়ঃ ইতি ভাষ্যম্)।

(১) প্রকারবচনে থাল্।
(২) ত্যদাদীনামঃ। ইদমস্থমুঃ (এতদোঽপি বাচ্যঃ)। কিমশ্চ।
(৩) দিক্‌শব্দেভ্যঃ সপ্তমীপঞ্চমীপ্রথমাভ্যো দিগ্‌দেশকালেষ্বস্তাতিঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৭৮। उपर्य्युपरिष्टात्। (पा)

ঊর্দ্ধ-শব্দ-স্থানে উপরি ও উপরিষ্টাৎ, 'অস্তাৎ' প্রত্যয়ের অর্থে নিপাতনে সিদ্ধ হয়। যথা,—ঊর্দ্ধে ঊর্দ্ধাৎ ঊর্দ্ধো বা উপরি, উপরিষ্টাৎ; ঊর্দ্ধ-স্থানে উপ-আদেশ, রিল্ (রি) ও রিষ্টাতিল্ (রিষ্টাৎ) প্রত্যয়। (ঊর্দ্ধস্য উপভাবো রিল্-প্রত্যয়ো রিষ্টাতিল্-প্রত্যয়শ্চ ইতি ভাষ্যম্)।

২৭৯। पूर्व्वाधरावराणामसिश्च। (১)

পূর্ব্ব, অধর, অবর, এই তিন প্রাতিপদিকের সপ্তমী, পঞ্চমী ও প্রথমার স্থানে অস্তাৎ ও অসি হয়; ই ইৎ, অস্ থাকে।

২৮০। पुराधौ पूर्व्वाधरयोः। (১)

অস্তাৎ ও অসি হইলে, পূর্ব্ব শব্দ-স্থানে পুর ও অধর শব্দ-স্থানে অধ হয়। যথা,—পূর্ব্বস্মিন্ পূর্ব্বস্মাৎ পূর্ব্বো বা পুরস্তাৎ, পুরঃ; অধরস্মিন্ অধরস্মাৎ অধরো বা অধস্তাৎ, অধঃ (below).

২৮১। अवो विभाषावरस्य। (২)

অস্তাৎ ও অসি হইলে, অবর শব্দ-স্থানে বিকল্পে অব হয়। যথা,—অবরস্মিন্ অবরস্মাৎ অবরো বা অবস্তাৎ অবরস্তাৎ, অবঃ অবরঃ (অসি) (younger, inferior).

২৮২। दिग्देशयोर्द्दक्षिणोत्तरयोरतसुः। (৩)

দিগ্বাচক ও দেশ-বাচক দক্ষিণ ও উত্তর শব্দের উত্তর সপ্তমী, পঞ্চমী ও প্রথমার স্থানে অতসু (অতসুচ্) হয়; উ ইৎ, অতস্ থাকে। যথা,—দক্ষিণস্মিন্ দক্ষিণস্মাৎ দক্ষিণো বা দক্ষিণতঃ, উত্তরস্মিন্ উত্তরস্মাৎ উত্তরো বা উত্তরতঃ।

২৮৩। उत्तराधरदक्षिणानामातिः। (৪)

উত্তর, অধর, দক্ষিণ, ইহাদের উত্তর সপ্তমী, পঞ্চমী ও প্রথমার স্থানে

---

(১) পূর্ব্বাধরাবরাণামসি পুরধবশ্চৈষাম্। অস্তাতি চ।
(২) বিভাষাঽবরস্য। (৩) দক্ষিণোত্তরাভ্যামতসুচ্। এইরূপ পরতঃ, পরস্তাৎ, অবরতঃ, অবরস্তাৎ (বিভাষা পরাবরাভ্যাম্)। কিন্তু প্রাচ্, উদচ্ ইত্যাদির পর অস্তাতি প্রত্যয়ের লোপ হয় (অঞ্চের্লুক্)। প্রাক্, উদক্। (৪) উত্তরাধরদক্ষিণাদাতিঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

আতি হয় ; ই ইৎ, আৎ থাকে। যথা,—উত্তরস্মিন্ উত্তরস্মাৎ উত্তরো বা উত্তরাৎ। এইরূপ, অধরাৎ (downward), দক্ষিণাৎ (southward).

২৮৪। **एनप् चादूरेऽपञ्चम्याः।** (১)

অদূর অর্থে এনপ্ হয় ; প্ ইৎ, এন থাকে। যথা,—উত্তরস্মিন্ উত্তরো বা উত্তরেণ। এইরূপ, অধরেণ, দক্ষিণেন (on the right side of), পঞ্চমী-স্থানে হয় না। পক্ষে—অধরাৎ, দক্ষিণাৎ।

২৮৫। **दक्षिणोत्तरयोराद्‌आही च।** (২)

দক্ষিণ ও উত্তর শব্দের সপ্তমী ও প্রথমার স্থানে আৎ (আচ্) ও আহি হয়। ৎ ইৎ, আ থাকে। যথা,—দক্ষিণস্মিন্, দক্ষিণো বা দক্ষিণা, দক্ষিণাহি (to the south) ; উত্তরা, উত্তরাহি (to the north). [শুধু দক্ষিণ বা উত্তর বুঝাইতে আ এবং দূর-অর্থে আ ও আহি হয়।]

২৮৬। **भवे कालाव्ययेभ्यस्तनष्।** (৩)

ভব অর্থে কাল-বাচী অব্যয় শব্দের উত্তর তনষ্ (ট্যু, ট্যুল্ প্রত্যয়, তুট্ আগম) প্রত্যয় হয় ; ষ্ ইৎ, তন থাকে। যথা,—অদ্য ভবম্ অদ্যতনম্, প্রাতর্ভবম্ প্রাতস্তনম্, সায়ম্ ভবম্ সায়ন্তনম্ (pertaining to evening). এইরূপ, দোষাতনম্, দিবাতনম্, পুরাতনম্ (ক), চিরন্তনম্, সদাতনম্, অধুনাতনম্, ইদানীন্তনম্, তদানীন্তনম্ (pertaining to that time).

২৮৭। **प्राह्ण-प्रगेभ्याश्च।** (৩)

প্রাহ্ণে, প্রগে, এই দুই সপ্তম্যন্ত অব্যয় শব্দের উত্তর তনষ্ প্রত্যয় হয়। যথা,—প্রাহ্ণেতনম্, প্রগেতনম্ (to be performed in the morning).

---

(১) এনবন্যতরস্যামদূরেঽপঞ্চম্যাঃ।
(২) দক্ষিণাদাচ্। আহি চ দূরে। উত্তরাচ্চ।
(৩) সায়ংচিরংপ্রাহ্ণেপ্রগেঽব্যয়েভ্যষ্টু্যট্যুলৌ তুট্ চ।
(ক) "পুরাণপ্রোক্তেষু-ব্রাহ্মণ-কল্পেষু ইত্যাদি সূত্রনির্দ্দেশাৎ বিকল্পে পুরাণম্।"

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৮৮। বিভাষা পূর্ব্বাহ্ণাপরাহ্ণাভ্যাং সপ্তম্যাম্। (১)

সপ্তমী বিভক্তিতে পূর্ব্বাহ্ণ ও অপরাহ্ণ শব্দের উত্তর বিকল্পে তনষ্ (ট্যু, ট্যুল্, তুট্ আগম) হয়। যথা,—পূর্ব্বাহ্ণে ভবম্ পূর্ব্বাহ্ণেতনম্, পৌর্ব্বাহ্ণিকম্; অপরাহ্ণে ভবম্ অপরাহ্ণেতনম্, আপরাহ্ণিকম্। †

২৮৯। নিত্যমূর্দ্ধ্বাদিঃ।

ঊর্দ্ধ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর নিত্য তনষ্ হয়। যথা,—ঊর্দ্ধে ভবঃ ঊর্দ্ধতনঃ, উপরি ভবঃ উপরিতনঃ, অধঃ ভবঃ অধস্তনঃ (lower), প্রাক্ ভবঃ প্রাক্তনঃ (relating to the former state of existence), পূর্ব্বে ভবঃ পূর্ব্বতনঃ (২)।

২৯০। আদি-মধ্যাভ্যাং মন্। (৩)

সপ্তমী বিভক্তিতে আদি, মধ্য, এই দুই প্রাতিপদিকের উত্তর মন্ হয়; ন্ ইৎ, ম থাকে। যথা,—আদৌ ভবঃ আদিমঃ (primary), মধ্যে ভবঃ মধ্যমঃ।

২৯১। অগ্রান্তপশ্চাদ্ভ্যো ডিমঃ। (৪)

অগ্র, অন্ত, পশ্চাৎ, এই তিন প্রাতিপদিকের উত্তর ডিম (ডিমচ্) হয়; ড্ ইৎ, ইম থাকে। যথা,—অগ্রে ভবঃ অগ্রিমঃ, অন্তে ভবঃ অন্তিমঃ (final), পশ্চাৎ ভবঃ পশ্চিমঃ (west, behind).

২৯২। চির-পরুত্-পরারিভ্যস্ ত্নো বক্তব্যঃ। (বা)

চির, পরুৎ, পরারি, এই তিনের উত্তর ত্ন প্রত্যয় হয়। যথা,—চিরত্নম্ (ancient), পরুত্নম্, পরারিত্নম্।

---

(১) বিভাষা পূর্ব্বাহ্ণাপরাহ্ণাভ্যাম্।

† 'ঘকালতনেষু কালনাম্নঃ' ইতি পক্ষে সপ্তম্যা লুক্—পূর্ব্বাহ্ণতনম্, অপরাহ্ণতনম্।

(২) ঊর্দ্ধতনঃ ও পূর্ব্বতনঃ, এই পদ দুইটি প্রাচীন কোন ব্যাকরণের মতে সিদ্ধ নহে। বিদ্যাসাগর মহাশয় লৌকিক ব্যবহার অনুসারে ঐ পদ দুইটির জন্য পৃথক্ সূত্র করিয়া গিয়াছেন।

(৩) মধ্যান্মঃ। আদ্যাদিভ্য উপসংখ্যানম্।

(৪) অগ্রাদিপশ্চাড্ডিমচ্। অন্তাচ্চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৯৩। দক্ষিণা-পশ্চাৎ-পুরসস্ত্যণ্। (১)

দক্ষিণা, পশ্চাৎ, পুরস্, এই তিনের উত্তর ত্যণ্ (ত্যক্) হয়; ণ্ ইৎ, ত্য থাকে। যথা,—দাক্ষিণাত্যঃ, পাশ্চাত্ত্যঃ (western), পৌরস্ত্যঃ।

২৯৪। অমেহ-ক্ব-তসিল্-ত্রল্ভ্যস্ত্যঃ। (২)

অমা, ইহ, ক্ব এবং তসিল্ ও ত্রল্-প্রত্যয়ান্ত প্রাতিপদিকের উত্তর ত্য (ত্যপ্) হয়। যথা,—অমাত্যঃ, ইহত্যঃ, ক্বত্যঃ; তসিল্-প্রত্যয়ান্ত—ততস্ত্যঃ, অতস্ত্যঃ, কুতস্ত্যঃ; ত্রল্-প্রত্যয়ান্ত—তত্রত্যঃ, অত্রত্যঃ, কুত্রত্যঃ।

২৯৫। কিমশ্চিচ্চনৌ বিভক্ত্যন্তাৎ। (৩)

বিভক্ত্যন্ত (ও প্রত্যয়ান্ত) কিম্ শব্দের (ক) উত্তর চিৎ ও চন হয়। যথা,—কশ্চিৎ, কঞ্চিৎ, কেনচিৎ, কস্মৈচিৎ, কস্মাচ্চিৎ, কস্যচিৎ, কস্মিংশ্চিৎ, কুতশ্চিৎ, ক্বচিৎ, কুত্রচিৎ, কশ্চন, কিঞ্চন, কুতশ্চন, ক্বচন, কুত্রচন।

২৯৬। কৃভ্বস্তি-যোগেঽভূততদ্ভাবে চ্বিঃ। (৪)

কৃ, ভূ ও অস্ ধাতুর যোগে, অভূত-তদ্ভাব (৫) অর্থে প্রাতিপদিকের উত্তর চ্বি প্রত্যয় হয়; চ্বি প্রত্যয়ের সমুদয় ইৎ, কিছুই থাকে না।

২৯৭। দীর্ঘোঽন্ত্যঃ। (৬)

অভূত-তদ্ভাব অর্থে প্রত্যয় হইলে, প্রাতিপদিকের অন্তস্থিত হ্রস্ব স্বর

---

(১) দক্ষিণাপশ্চাৎপুরসস্ত্যক্।

(২) অব্যয়াত্ত্যপ্। অমেহক্বতসিত্রেভ্য এব। (বা)। অমান্তিকসহার্থয়োঃ।

ত্যব্‌নের্ধ্রুব ইতি বক্তব্যম্ (বা)। ধ্রুব অর্থে নি+ত্যপ্ = নিত্যঃ।

(৩) পাণিনি-মতে চিৎ এবং চন প্রত্যয় নহে, পৃথক্ অব্যয় পদ। স্পষ্ট উল্লেখ না থাকিলেও এই দুইটি স্বরাদি বা চাদিতে (আকৃতিগণ) অন্তর্ভুক্ত হইয়াছে। অমরকোষেও চিৎ ও চনকে অব্যয় বলা হইয়াছে। 'অসাকল্যে তু চিচ্চন'। অমরকোষের টীকায় ভানুজীদীক্ষিত "কদা চ চিৎ চ তয়োঃ সমাহারঃ, কদাচিৎ" এইভাবে পদসাধন করিয়াছেন।

(ক) জাতু শব্দের উত্তরও হয়। জাতুচিৎ।

(৪) কৃভ্বস্তিযোগে সম্পদ্যকর্ত্তরি চ্বিঃ। অভূততদ্ভাব ইতি বক্তব্যম্। (বা)।

(৫) অভূতের তদ্ভাব অর্থাৎ যে যেরূপ না থাকে, তাহার সেরূপ হওয়া—যেমন, যে বস্তু শুক্ল ছিল না বা নহে, তাহার শুক্ল হওয়া। (৬) চ্বৌ চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

দীর্ঘ হয়। যথা,—অলঘুম্ লঘুম্ করোতি লঘূকরোতি (makes something light that was not so before), অলঘুর্লঘুঃ ভবতি লঘূভবতি, অলঘুর্লঘুঃ স্যাৎ লঘূস্যাৎ।

২৯৮। ঈস্বর্ণস্য। (১)

অভূত-তদ্ভাব অর্থে প্রত্যয় হইলে, প্রাতিপদিকের অন্তস্থিত অ-বর্ণ-স্থানে ঈ হয়। যথা,—অশুক্লম্ শুক্লম্ করোতি শুক্লীকরোতি, অশুক্লঃ শুক্লো ভবতি শুক্লীভবতি, অশুক্লঃ শুক্লঃ স্যাৎ শুক্লীস্যাৎ।

২৯৯। ঋতো রীঃ। (২)

অভূত-তদ্ভাব অর্থে প্রত্যয় হইলে, প্রাতিপদিকের অন্তস্থিত ঋ-কার-স্থানে রী হয়। যথা,—অশ্রোতারম্ শ্রোতারম্ করোতি শ্রোত্রীকরোতি; এইরূপ, শ্রোত্রীভবতি, শ্রোত্রীস্যাৎ।

৩০০। লোপোঽরুসাদেরন্ত্যস্য। (৩)

অভূত-তদ্ভাব অর্থে প্রত্যয় হইলে, অরুস্, মনস্, চক্ষুস্, চেতস্, রহস্, রজস্, ইহাদের অন্ত্য বর্ণের লোপ হয়। যথা,—অরূকরোতি, অরূভবতি, অরূস্যাৎ; বিমনীকরোতি, বিমনীভবতি, বিমনীস্যাৎ; উচ্চক্ষূকরোতি, উচ্চক্ষূভবতি, উচ্চক্ষূস্যাৎ; সুচেতীকরোতি, সুচেতীভবতি, সুচেতীস্যাৎ; বিরহীকরোতি, বিরহীভবতি, বিরহীস্যাৎ; বিরজীকরোতি, বিরজীভবতি, বিরজীস্যাৎ।

৩০১। বিভাষা সাতিচ্ কার্ৎস্ন্যে। (৪)

কার্ৎস্ন্য (৫) বুঝাইলে, অভূত-তদ্ভাব অর্থে কৃ, ভূ, অস্ ধাতুর যোগে বিকল্পে সাতিচ্ (সাতি) হয়; ই চ্ ইৎ, সাৎ থাকে। যথা,—কৃৎস্নম্ লবণম্

(১) অস্য চ্বৌ। অব্যয়ের হয় না। যথা,—দিবাভূতা রাত্রিঃ (অব্যয়স্য চ্বাবীত্বং নেতি বাচ্যম্)। (২) রীঙৃতঃ।

(৩) অরুর্মনশ্চক্ষুশ্চেতোরহোরজসাং লোপশ্চ।

(৪) বিভাষা সাতি কার্ৎস্ন্যে।

(৫) একস্যা ব্যক্তেঃ সর্ব্বাবয়বাবচ্ছেদেনান্যথাভাবঃ কার্ৎস্ন্যম্ (সাকল্যম্)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

জলম্ করোতি জলসাৎ করোতি, কৃৎস্নম্ লবণম্ জলম্ ভবতি জলসাদ্ভবতি, কৃৎস্নম্ লবণম্ জলম্ স্যাৎ জলসাৎ স্যাৎ ; ভস্মসাৎ করোতি (completely reduces to ashes), ভস্মসাদ্ভবতি, ভস্মসাৎ স্যাৎ। পক্ষে চ্বি ; যথা,—জলীকরোতি, জলীভবতি, জলীস্যাৎ ; ভস্মীকরোতি, ভস্মীভবতি, ভস্মীস্যাৎ।

৩০২। **অভিবিধৌ সম্পদা চ। (পা)**

অভিবিধি (১) বুঝাইলে, অভূত-তদ্ভাব অর্থে কৃ, ভূ, অস্ ও সম্-পূর্ব্বক পদ্ ধাতুর যোগে বিকল্পে সাতিচ্ (সাতি) হয়। যথা,—অগ্নিসাৎ করোতি, অগ্নিসাদ্ভবতি, অগ্নিসাৎ স্যাৎ, অগ্নিসাৎ সম্পদ্যতে। পক্ষে চ্বি ; যথা,—অগ্নীকরোতি, অগ্নীভবতি, অগ্নীস্যাৎ, অগ্নীসম্পদ্যতে।

৩০৩। **অধীনতায়াঞ্চ। (২)**

অধীনতা অর্থেও হয়। যথা,—রাজ্ঞোঽধীনম্ করোতি রাজসাৎ করোতি, রাজ্ঞোঽধীনম্ ভবতি রাজসাদ্ভবতি, রাজ্ঞোঽধীনম্ স্যাৎ রাজসাৎ স্যাৎ, রাজ্ঞোঽধীনম্ সম্পদ্যতে রাজসাৎ সম্পদ্যতে (comes under the control of the king), পক্ষে চ্বি ; যথা,—রাজীকরোতি, রাজীভবতি, রাজীস্যাৎ, রাজীসম্পদ্যতে।

৩০৪। **দেয়ে ত্রাচ্ চ। (৩)**

দেয় বুঝাইলে, কৃ, ভূ, অস্ ও সম্-পূর্ব্বক পদ ধাতুর যোগে সাতিচ্ (সাতি) ও ত্রাচ্ (ত্রা) হয় ; চ্ ইৎ, ত্রা থাকে। যথা,—ব্রাহ্মণায় দেয়ম্ করোতি ব্রাহ্মণসাৎ করোতি (gives to a Brahmin what ought to be given to him), ব্রাহ্মণত্রা করোতি ; ব্রাহ্মণসাদ্ভবতি, ব্রাহ্মণত্রা ভবতি ; ব্রাহ্মণসাৎ স্যাৎ, ব্রাহ্মণত্রা স্যাৎ ; ব্রাহ্মণসাৎ সম্পদ্যতে, ব্রাহ্মণত্রা সম্পদ্যতে। (ক)

---

(১) বহূনাং ব্যক্তীনাং কিঞ্চিদবয়বাবচ্ছেদেনান্যথাভাবঃ অভিবিধিঃ (ব্যাপ্তিঃ)।

(২) তদধীন-বচনে। (ক) ভস্মসাৎ কৃতবতঃ পিতৃদ্বিষঃ, পাত্রসাচ্চ বসুধাং সসাগরাম্ (রঘুবংশম্)।

(৩) দেয়ে ত্রা চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩০৫। **কৃঞো দ্বিতীয়াদেঃ কৃষৌ ডাচ্।** (১)

কৃ ধাতুর যোগে দ্বিতীয়, তৃতীয়, শম্ব, বীজ, এই সকল প্রাতিপদিকের উত্তর কর্ষণ অর্থে ডাচ্ হয়; ড্ চ্ ইৎ, আ থাকে। যথা,—দ্বিতীয়াকরোতি (ploughs for the second time), তৃতীয়াকরোতি; দ্বিতীয়ম্ তৃতীয়ম্ কর্ষণম্ করোতি ইত্যর্থঃ; শম্বাকরোতি, অনুলোমকৃষ্টম্ ক্ষেত্রম্ প্রতিলোমম্ কর্ষতীত্যর্থঃ; বীজাকরোতি, বীজেন সহ কর্ষতীত্যর্থঃ।

৩০৬। **সংখ্যায়াশ্চ গুণান্তায়াঃ।** (পা)

গুণ শব্দ অন্তে থাকিলে, সংখ্যা-বাচক শব্দের উত্তর, কৃ ধাতু-যোগে কর্ষণ অর্থে ডাচ্ হয়। যথা,—দ্বিগুণাকরোতি, ত্রিগুণাকরোতি ক্ষেত্রম্ (ploughs the field twice or thrice), দ্বিগুণম্ ত্রিগুণম্ কর্ষতীত্যর্থঃ।

৩০৭। **সময়াচ্চ যাপনায়াম্।** (পা)

যাপন বুঝাইলে, সময় শব্দের উত্তর ডাচ্ হয়। যথা,—সময়াকরোতি (spends time), সময়ম্ যাপয়তীত্যর্থঃ।

৩০৮। **সপত্র-নিষ্পত্রাভ্যাং ব্যথনে।** (২)

ব্যথন অর্থে সপত্র, নিষ্পত্র, এই দুই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা,—সপত্রাকরোতি মৃগম্ ব্যাধঃ, সপত্রম্ সপুঙ্খং শরম্ অস্য শরীরে প্রবেশয়ন্ ব্যথয়তীত্যর্থঃ; নিষ্পত্রাকরোতি, শরীরাৎ সপুঙ্খং শরম্ অপরপার্শ্বে নিষ্ক্রাময়ন্ ব্যথয়তীত্যর্থঃ।

৩০৯। **নিষ্কুলান্নিষ্কোষণে।** (পা)

নিষ্কোষণ (৩) অর্থে নিষ্কুল এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা,—নিষ্কুলাকরোতি দাড়িমম্; দাড়িমস্য অন্তরবয়বান্ বহির্নিঃসারয়তীত্যর্থঃ। নির্গতং কুলম্ অন্তরবয়বানাং সমূহো যস্মাৎ ইতি নিষ্কুলম্।

---

(১) কৃঞো দ্বিতীয়-তৃতীয়-শম্ব-বীজাৎ কৃষৌ।
(২) সপত্রনিষ্পত্রাদতিব্যথনে।
(৩) কোষ হইতে বহিষ্করণ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩১০। সুখপ্রিয়াদানুলোম্যে। (পা)

আনুলোম্য (help, patronage, direct order) অর্থে সুখ, প্রিয়, এই দুই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা,—সুখাকরোতি, প্রিয়াকরোতি (pleases) মিত্রম্, অনুকূলাচরণেন আনন্দয়তীত্যর্থঃ।

৩১১। দুঃখাৎ প্রাতিলোম্যে। (পা)

প্রাতিলোম্য (প্রতিকূল আচরণ) বুঝাইলে, দুঃখ এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা,—দুঃখাকরোতি ভৃত্যঃ স্বামিনম্, পীড়য়তীত্যর্থঃ।

৩১২। শূলাৎ পাকে। (পা)

পাক অর্থে শূল এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা,—শূলাকরোতি মাংসম্ (roasts the meat on a spit), শূলেন শূলে বা পচতীত্যর্থঃ।

৩১৩। সত্যাদশপথে। (পা)

শপথ ভিন্ন অর্থে, সত্য এই প্রাতিপদিকের উত্তর ডাচ্ হয়। যথা,—সত্যাকরোতি ভাণ্ডম্ বণিক্, ক্রেতব্যমিতি প্রতিজানীতে ইত্যর্থঃ (১)।

৩১৪। মদ্রাৎ পরিবাপণে। (পা)

মুণ্ডন (shaving) অর্থে মদ্র শব্দের উত্তর ডাচ্ হয়। যথা,—মদ্রাকরোতি (shaves on an auspicious occasion), মাঙ্গল্যম্ মুণ্ডনম্ করোতীত্যর্থঃ। মদ্রশব্দঃ মঙ্গলার্থঃ। ভদ্রাচ্চেতি বক্তব্যম্ (বা)। ভদ্রাকরোতি (একই অর্থে)।

———

(১) সত্যাকরোতি (তথ্যং করোতি)। শপথ অর্থে—সত্যম্ করোতি বিপ্রঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

তদ্ধিত-পরিশিষ্ট

১। পুংবত্তসিলাদিষু ভাষিতপুংস্কস্য। (১)

তসিল্, ত্রল্, চরট্, জাতীয়, দেশীয় ও পাশ প্রত্যয় পরে, ভাষিত-পুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা,—উত্তরস্যা দিশঃ উত্তরতঃ, উত্তরস্যাম্ দিশি উত্তরতঃ, সর্ব্বস্যাম্ দিশি সর্ব্বত্র সর্ব্বতঃ, অর্পিতা ভূতপূর্ব্বা অর্পিতচরী, জাত্যা ব্রাহ্মণী ব্রাহ্মণজাতীয়া, ঈষদূনা পণ্ডিতা পণ্ডিতদেশীয়া, কুৎসিতা পাচিকা পাচকপাশা (a bad female cook).

২। কল্পাদিষু চ। (১)

কল্প, রূপ, তর ও তম প্রত্যয় পরে, ভাষিত-পুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা,—ঈষদূনা পণ্ডিতা পণ্ডিতকল্পা, প্রশস্তা গায়িকা গায়করূপা, ইয়মনয়োরতিশয়েন নিপুণা নিপুণতরা, ইয়মাসামতিশয়েন চপলা চপলতমা।

৩। ঈবুপোর্বিভাষা। (২)

কল্প প্রভৃতি (কল্প, রূপ, তর, তম) প্রত্যয় পরে, ভাষিত-পুংস্ক ঈবন্ত ও উবন্ত স্ত্রীলিঙ্গ শব্দের বিকল্পে পুংবদ্ভাব হয়। যথা,—ঈষদূনা বিদুষী বিদুষী-কল্পা, বিদ্বৎকল্পা; প্রশস্তা মেধাবিনী মেধাবিনীরূপা, মেধাবিরূপা; ইয়মনয়োরতিশয়েন মায়াবিনী মায়াবিনীতরা, মায়াবিতরা; ইয়মাসামতি-শয়েন মনোহারিণী মনোহারিণীতমা, মনোহারিতমা। এইরূপ, বামোরূকল্পা, বামোরুকল্পা; বামোরূরূপা, বামোরুরূপা; বামোরূতরা, বামোরুতরা বামোরূতমা, বামোরুতমা (৩)।

---

(১) তসিলাদিষু আ কৃত্বসুচঃ।

(২) ঘরূপকল্পচেলড়্ব্রুবগোত্রমতহতেষু ঙ্যোঽনেকাচো হ্রস্বঃ।

(৩) বৈয়াকরণেরা উবন্তের পুংবদ্ভাব নিষেধ করিয়া বিকল্পে হ্রস্ব বিধান করেন; আপ্, ঈপের, স্থল-বিশেষে বিকল্পে ও স্থল-বিশেষে নিত্য হ্রস্বত্ব-বিধান করিয়া থাকেন; তদনুসারে, স্ত্রীতরা, স্ত্রিতরা; স্ত্রীতমা, স্ত্রিতমা বিদুষিকল্পা, বিদুষীকল্পা, (পুংবদ্ভাবে

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৪। শসি বহ্বল্পার্থস্য। (১)

শস্ প্রত্যয় পরে, বহ্বর্থ ও অল্পার্থ ভাবিত-পুংস্ক স্ত্রীলিঙ্গের পুংবদ্ভাব হয়। যথা,—বহ্বীভ্যো দেহি, বহুশো দেহি; অল্পাভ্যো দেহি, অল্পশো দেহি।

৫। ত্বতলোর্গুণবচনস্য। (পা)

ত্ব ও তল্ প্রত্যয় পরে, গুণ-বাচক ভাষিত-পুংস্ক স্ত্রীলিঙ্গের পুংবদ্ভাব হয়। যথা,—নিপুণায়াঃ ভাবঃ নিপুণত্বম্, নিপুণতা; চপলায়াঃ ভাবঃ চপলত্বম্, চপলতা; মেধাবিন্যাঃ ভাবঃ মেধাবিত্বম্, মেধাবিতা; প্রিয়বাদিন্যাঃ ভাবঃ প্রিয়বাদিত্বম্, প্রিয়বাদিতা। কিন্তু গুণবাচী না হইলে তাহার পুংবদ্ভাব হয় না, নার্য্যাঃ ভাবঃ নারীত্বম্, সত্যাঃ ভাবঃ সতীত্বম্।

EXERCISE 42

1. What is the distinction between কৃৎ-প্রত্যয় (*Primary Suffix*) and তদ্ধিত-প্রত্যয় (*Secondary Suffix*)? Give two examples of each in sentences of your own.

2. Name some *Taddhitanta* words (*i*) the first vowel of the *first* part of which undergoes বৃদ্ধি; (*ii*) the first vowel of the *second* part of which undergoes বৃদ্ধি; (*iii*) the first vowels of *both* the parts of which undergo বৃদ্ধি।

3. Give the *Taddhitanta* words for the following, citing the relevant সূত্রs from Vyakarana-Kaumudi in at least two cases.

পুনঃ পুনঃ ভবম্; হেম্নঃ বিকারঃ; তর্কম্ বেত্তি অধীতে বা; বিদেশাৎ আগতঃ; দশরথস্য অপত্যম্ পুমান্; ভগিন্যা অপত্যম্ স্ত্রী; সর্ব্বজনেভ্যঃ হিতম্ (57); যূনো ভাবঃ; কর্ম্মণে প্রভবতি; বিশাখয়া নক্ষত্রেণ যুক্তঃ মাসঃ; শিক্ষাম্ বেত্তি; দ্বয়োঃ মাত্রোঃ অপত্যম্ পুমান্; মনসঃ ইদম্; জ্ঞানম্ অস্তি অস্য; অয়ম্ অনয়োঃ অতিশয়েন লঘুঃ; ঈষদূনা পণ্ডিতা; কুৎসিতা পাচিকা; পৃথিব্যাঃ ঈশ্বরঃ; ব্যাকরণং বেত্তি যঃ সঃ; সর্ব্বস্মাৎ স্থানাৎ; দেবাৎ আগতম্; কাষ্ঠেন নির্ম্মিতম্; ব্রাহ্মণেন তুল্যঃ; ব্যাসস্য পুত্রঃ; বিংশতেঃ পূরণঃ;

বিদ্বৎকল্পা) এইরূপ হইতে পারে ('নদ্যাঃ শেষস্যান্যতরস্যাম্'; 'উগিতশ্চ')। কিন্তু, লক্ষ্মীতরা, লক্ষ্মীতমা (কৃদ্ব্যা ন)। সিদ্ধান্তকৌমুদী-মতে বিদুষীকল্পা, শ্রেয়সীতরা প্রভৃতি রূপ হয় না।

(১) শসি বহ্বল্পার্থস্য পুংবদ্ভাবো বক্তব্যঃ (বা)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

পূর্ব্বাহ্ণে ভবম্ ; ইতরেণ প্রকারেণ ; সেনা এব ; হ্রস্বা কুটী ; পথি কুশলঃ ; সমানে অহনি অন্তস্মিন্নহনি (57) ; বনে ভবঃ ; বিদ্যুৎ অস্মিন্নস্তি ; কস্মিন্ কালে ; মৃদো বিকারঃ ; পূর্ব্বস্মিন্ বর্ষে ; সমুদ্রে ভবঃ ; রাজ্ঞ ইদম্ ; কষায়েণ রক্তম্ ; শ্বো ভবম্ ; সভায়াম্ সাধুঃ ; স্বসুঃ অপত্যম্ ; উন্নতাঃ দন্তাঃ সন্ত্যস্য ; কৃষিরস্যাস্তি ; অর্থায় ইদম্ ; গোরিদম্ ; দ্বারি নিযুক্তঃ (দ্বারিকঃ, but দ্বারে নিযুক্তঃ দৌবারিকঃ) ; উভয়েন প্রকারেণ ; দ্বে বিধে ; জ্ঞানমস্যাস্তি ; বহূনাম্ পূরণঃ ।

4. Give the resulting forms of :—

লক্ষ্মী + মতুপ্, হিরণ্য + ময়ট্, উরু + ইষ্ঠন্ (S. F. 56), বহু + ঈয়সুন্, পাণ্ডু + ঢক্ ।

5. Derive the following :—

সদা, কুলীনঃ, কুটীরঃ, তমিস্রা, মলিনম্, পুত্রকঃ, রথ্যঃ, কাঙ্ক্ষিঃ, পার্ব্বতী, পটুতরঃ, স্ত্রৈণঃ, বাচালঃ, চতুষ্টয়ম্, ভূমা, স্থাবিরম্, নৌকা, মৃত্তিকা, যুগ্যঃ, নূতনম্, শাক্তীকঃ, ভৈক্ষ্যম, সাংযুগীনঃ, বাহীকম্, আরণ্যঃ, বৈদিকঃ, রথিকঃ, পথিকঃ, কুশলঃ, কর্ম্মঠঃ, কনিষ্ঠঃ, সৌমিত্রিঃ ।

6. Distinguish in meaning between অর্থী and অর্থবান্ ; পার্থবম্ and পার্থিবম্ ; নাব্যঃ and নাবিকঃ ; মদীয়ঃ and অস্মদীয়ঃ ; আরণ্যঃ and আরণ্যকঃ ; ব্রাহ্মণঃ and ব্রাহ্মঃ ; মানবঃ and মাণবকঃ ; বর্ণী, বর্ণবান্ ; হস্তী, হস্তবান্ ; রুমণ্বান্, লবণবান্ ; উদন্বান্, উদক্বান্ ; রাজন্বান্, রাজবান্ ; চর্ম্মণ্বতী, চর্ম্মবতী ।

7. Give the comparative and superlative forms of the following :—

দীর্ঘ, গুরু, মৃদু, পৃথু, বৃদ্ধ, অন্তিক, যুবন্, প্রশস্য, অল্প, বহু, স্থির, প্রিয় and বলবৎ ।

8. Explain :—মদ্রাকরোতি ; শূলাকরোতি ; সুখাকরোতি and নিষ্কুলাকরোতি and give the derivations of মেধাবী, বুদ্ধিমান্ and বলিষ্ঠঃ ।

9. Substitute Sanskrit synonyms for each of the following :—

A flock of peacocks ; crowd ; one who knows the Nyaya Philosophy ; one who is versed in the Mimansa Philosophy ; one who asks another whether he had an auspicious ablution ; a fellow student ; restlessness ; the king of Kashmira ; an inhabitant of Madra ; payable in a month ; lasting for a day ; manhood ; born of a good family ; that which is as far as ; having beautiful hair ; unable to bear cold ; an excellent grammarian ; not fully learned ; done before ; the root of a wing ; suffering from piles ; wrinkled belly ; talkative ; seven times ; four times ; two at a time ; made of wood ; composed of words ; an ugly-looking horse ; a house that formerly belonged to Devadatta

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

a small quantity of oil; somewhere else; yesterday; last year; relating to the former state of existence.

10. Translate into Sanskrit :—

One should acquire knowledge in childhood. The monthly salary of the Headmaster of our school is one hundred rupees. The devotees of Shiva are worshipping Him. Rama, the son of Dasharatha, went to the forest with his wife. He, with his brother, came to my house the day before. Sushil did not come to school yesterday. I revere him as my father. Arjuna, the son of Pritha, was an expert warrior. By a certain lake, there lives a frog named Hiranyaka. Why are you anxious for the result of the examination? The Brahmins drink the water of the Ganga. He wrote many books for the boys. Much of his time was spent in this way.

স্ত্রী-প্রত্যয়

(Feminine Affixes)

১। স্ত্রিয়াম্। (পা)

এই প্রকরণে যে সকল কার্য্য বিহিত হইতেছে, তাহা স্ত্রীলিঙ্গে বুঝিতে হইবে।

২। অদন্তাদাপ্। (১)

অ-কারান্ত প্রাতিপদিকের উত্তর আপ্ (টাপ্) হয়; প্ ইৎ, আ থাকে। যথা,—কৃশ কৃশা (thin), দীন দীনা (poor), মলিন মলিনা (dirty), কৃপণ কৃপণা (miserly) (২), ক্রূর ক্রূরা (cruel), সরল সরলা (simple), প্রবল প্রবলা (strong), অচল অচলা (fixed), নিপুণ নিপুণা (expert), চতুর চতুরা (clever), তরল তরলা (liquid), চপল চপলা (restless), দক্ষিণ দক্ষিণা (south), উত্তর উত্তরা, পূর্ব্ব পূর্ব্বা, পশ্চিম পশ্চিমা, প্রথম

---

(১) অজাদ্যতষ্টাপ্।

(২) বিকল্পে কৃপণী (বহ্বাদিভ্যশ্চ)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

প্রথমা, দ্বিতীয় দ্বিতীয়া, তৃতীয় তৃতীয়া, অনুকূল অনুকূলা (favourable), প্রতিকূল প্রতিকূলা (unfavourable, contrary), মনোহর মনোহরা।

৩। আপি প্রত্যয়কাৎ পূর্ব্বস্যাত ইন্। (১)

আপ্ হইলে, প্রত্যয়-স্থিত ক-কারের পূর্ব্ববর্ত্তী অ-কারের স্থানে ই-কার হয়। যথা,—নায়ক নায়িকা, পাচক পাচিকা, নাটক নাটিকা, পালক পালিকা, কারক কারিকা, সাধক সাধিকা, বালক বালিকা। সমাসবদ্ধ পদে হয় না—বহুপরিব্রাজকা নগরী।

৪। নাষ্টকাদেঃ। (২)

অষ্টক প্রভৃতি শব্দে ক-কারের পূর্ব্ববর্ত্তী অ-কারের স্থানে ই-কার হয় না। যথা,—অষ্টকা (a kind of Shraddha), ইষ্টকা (brick), সেবকা (service, bad service) (৩), কন্যকা (daughter), করকা (hail), ক্ষিপকা (a female archer), চটকা (hen-sparrow), তারকা (star, eyeball) (৪), অধিত্যকা (table-land), উপত্যকা (valley).

৫। ঈব্ গৌরাদিভ্যঃ। (৫)

গৌর প্রভৃতি অ-কারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়; প্ ইৎ, ঈ থাকে।

৬। ইপি লোপোঽবর্ণস্য। (৬)

ঈপ্ হইলে, প্রাতিপদিকের অন্তস্থিত অ-বর্ণের লোপ হয়। যথা,—গৌর গৌরী (a girl of 8 years), কুমার কুমারী (virgin), কিশোর

---

(১) প্রত্যয়স্থাৎ কাৎ পূর্ব্বস্যাত ইদাপ্যসুপঃ।

(২) ক্ষিপকাদীনাং চ ন। তারকা জ্যোতিষি। অষ্টকা পিতৃদেবত্যে। ত্যকনশ্চ নিষেধঃ। (বা)। 'অভাষিতপুংস্কাচ্চ' এবং 'আদাচার্যাণাম্' এই দুই সূত্রমতে গঙ্গকা, গঙ্গাকা, গঙ্গিকা ইত্যাদি শব্দ সাধিত হয়। পাখী অর্থে বর্তকা বর্তিকা দুইই হয়। এইরূপ সূতকা, সূতিকা; পুত্রকা পুত্রিকা।

(৩) 'সেবাকারিণী' অর্থে 'সেবিকা'।

(৪) তারিকা—Protectress.

(৫) ষিদ্গৌরাদিভ্যশ্চ। (৬) যস্যেতি চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

কিশোরী (young lady), সুন্দর সুন্দরী (handsome) (১), তরুণ তরুণী (young woman), পিতামহ পিতামহী (grand-mother), মাতামহ মাতামহী, তট তটী, নট নটী, পট পটী, কদল কদলী, স্থল স্থলী, কাল কালী (black), নীল নীলী, নাগ নাগী (she-elephant) (২), মণ্ডল মণ্ডলী, সল্লক সল্লকী, বেতস বেতসী, অতস অতসী, আমলক আমলকী, তূণ তূণী (quiver), দ্রোণ দ্রোণী, বদর বদরী, কবর কবরী (a braid of hair) (৩)।

৭। জাতৌ জাতেরদন্তাদীপ্। (৪)

জাতি বুঝাইলে, জাতি-বাচক অ-কারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—সিংহ সিংহী (lioness), ব্যাঘ্র ব্যাঘ্রী (tigress), ভল্লুক ভল্লুকী (she-bear), মৃগ মৃগী (doe), হরিণ হরিণী (doe), কুরঙ্গ কুরঙ্গী (doe), গর্দ্দভ গর্দ্দভী (she-ass), শূকর শূকরী (sow), কুক্কুর কুক্কুরী (bitch), জম্বুক জম্বুকী, শৃগাল শৃগালী, বিড়াল বিড়ালী, ঘোটক ঘোটকী, মহিষ মহিষী, হংস হংসী, সারস সারসী, চক্রবাক চক্রবাকী, মানুষ মানুষী (woman), ব্রাহ্মণ ব্রাহ্মণী, গোপ গোপী, চণ্ডাল চণ্ডালী, পিশাচ পিশাচী, রাক্ষস রাক্ষসী, নিশাচর নিশাচরী।

৮। নাজাদেঃ। (৫)

জাতি-বাচকের মধ্যে অজ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—অজ অজা (she-goat), কোকিল কোকিলা (she-cuckoo), চটক

---

(১) সুপদ্ম-মতে সুন্দর এবং পাণ্ডুর শব্দ মনুষ্যজাতির বিশেষণ হইলেই স্ত্রীলিঙ্গে ঈ-কারান্ত হয়, অন্যত্র আ-কারান্ত।

(২) 'জানপদকুণ্ড'—ইত্যাদি (৪—১—৪২) সূত্রানুসারে। স্থলী = অকৃত্রিমা ভূমিঃ; স্থলা = কৃত্রিমা (পুরুষেণ সংস্কৃতা) ভূমিঃ। 'বর্ণ' ভিন্ন অন্য অর্থে (ভীষণ ইত্যাদি অর্থে) 'কালা'। যথা,—কালা রাত্রিঃ। নীলী=A kind of herb. Also নীলী গৌঃ; but নীলা শাটী। হস্তী ও সর্প-বাচক 'নাগ' শব্দের স্ত্রীলিঙ্গে জাতি অর্থে 'নাগী'ই হইবে। গৌণ অর্থে (অর্থাৎ তদ্রূপ নারী বুঝাইতে) উহার স্ত্রীলিঙ্গে হইবে 'নাগী' (হস্তীর ন্যায় স্থূলা নারী) ও 'নাগা' (সর্পের ন্যায় দীর্ঘা নারী)।

(৩) কবরা=Variegated.

(৪) জাতেরস্ত্রীবিষয়াদযোপধাৎ। (৫) অজাদ্যতষ্টাপ্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

চটকা (hen-sparrow), অশ্ব অশ্বা (mare), মূষিক মূষিকা, পুত্রক পুত্রিকা (daughter) (১), বাল বালা, বৎস বৎসা, জ্যেষ্ঠ জ্যেষ্ঠা, কনিষ্ঠ কনিষ্ঠা, শূদ্র শূদ্রা (a woman of the Shudra class) (২)। মহৎ শব্দ পূর্ব্বে থাকিলে শূদ্র শব্দের উত্তর ঈপ্ হয়। যথা,—মহাশূদ্রী (a woman of the Abhira class) (৩)।

৯। **ন যোপধাদ্গবয়াদিবর্জ্জাত্।** (৪)

যে সকল জাতি-বাচক প্রাতিপদিকের উপধা-স্থলে য থাকে, তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা,—বৈশ্য বৈশ্যা (a woman of the Vaishya caste); গবয়, হয়, মুকয়, মৎস্য, মনুষ্য, ইহাদের উত্তর হয়। গবয়ী (a cow-like doe), হয়ী (a mare), মুকয়ী।

১০। **লোপো মৎস্যমনুষ্যযোর্যস্য।** (৫)

ঈপ্ হইলে, মৎস্য ও মনুষ্য শব্দের য-এর লোপ হয়। যথা,—মৎসী, মনুষী।

১১। **ঋদন্তাদীপ্।** (৬)

ঋ-কারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ (ঙীপ্) হয়। যথা,—দাতৃ দাত্রী, ধাতৃ ধাত্রী (midwife), কর্ত্তৃ কর্ত্রী, জনয়িতৃ জনয়িত্রী, প্রসবিতৃ প্রসবিত্রী।

১২। **ন স্বস্রাদেঃ।** (৭)

ঋ-কারান্তের মধ্যে, স্বসৃ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—স্বসা, মাতা, দুহিতা, যাতা, ননান্দা, তিস্রঃ, চতস্রঃ।

---

(১) বিকল্পে পুত্রকা (বা সূতকা-পুত্রিকা-বৃন্দারকাণামুপসংখ্যানম্।)
(২) শূদ্রী—wife of a Shudra.
(৩) শূদ্রস্য পত্নী=শূদ্রী। শূদ্রা চামহৎপূর্ব্বা জাতিঃ।
(৪) জাতেরস্ত্রী—ইত্যাদি। যোপধপ্রতিষেধে হয়-গবয়-মুকয়-মনুষ্য-মৎস্যানামপ্রতিষেধঃ। (বা)।
(৫) সূর্য্যতিষ্যাগস্ত্যমৎস্যানাং য উপধায়াঃ। হলস্তদ্ধিতস্য। মৎস্যস্য ঙ্যাম্। (বা)।
(৬) ঋন্নেভ্যো ঙীপ্।
(৭) ন ষট্স্বস্রাদিভ্যঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৩। নান্তাদীপ্। (১)

ন-কারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ (ঙীপ্) হয়। যথা,—কামিন্ কামিনী, মানিন্ মানিনী, মায়াবিন্ মায়াবিনী, মেধাবিন্ মেধাবিনী, তপস্বিন্ তপস্বিনী, বিলাসিন্ বিলাসিনী, অধিকারিন্ অধিকারিণী, অনুগামিন্ অনুগামিনী (follower), উপকারিন্ উপকারিণী, অনুরাগিন্ অনুরাগিণী, প্রিয়বাদিন্ প্রিয়বাদিনী, মনোহারিন্ মনোহারিণী (pleasant).

১৪। উপধায়া লোপোঽনঃ। (২)

ঈপ্ হইলে, অন্-ভাগান্ত প্রাতিপদিকের উপধার লোপ হয়। যথা,—রাজন্ রাজ্ঞী (queen) (৩)। উপধা ম্-সংযুক্ত অথবা ব্-সংযুক্ত বর্ণে মিলিত থাকিলে হয় না।

১৫। ন সংখ্যায়াঃ। (৪)

ন-কারান্তের মধ্যে, সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—পঞ্চ, সপ্ত, অষ্ট, নব, দশ।

১৬। ন মনন্তাত্। (৫)

ন-কারান্তের মধ্যে, মন্-ভাগান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—সীমা, পামা, সুদামা, অতিমহিমা।

১৭। নানন্তাদ্‌বহুব্রীহৌ। (৬)

বহুব্রীহি সমাস হইলে, অন্-ভাগান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—বহূনি সন্ত্যস্যাম্ পর্ব্বাণি বহুপর্ব্বা বেণুযষ্টিঃ (a bamboo-stick).

১৮। বিভাষা ডাপ্। (৭)

বহুব্রীহি সমাস হইলে, অন্-ভাগান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ডাপ্

---

(১) ঋন্নেভ্যো ঙীপ্।

(২) অল্লোপোঽনঃ। ন সংযোগাদ্বমন্তাৎ।

(৩) এইরূপ বৃত্রহন্—বৃত্রঘ্নী, ব্রহ্মহন্—ব্রহ্মঘ্নী।

(৪) ন ষট্স্বস্রাদিভ্যঃ। ষ্ণান্তা ষট্।

(৫) মনঃ।

(৬) অনো বহুব্রীহেঃ।

(৭) ডাবুভাভ্যামন্যতরস্যাম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

হয়, ড্ প্ ইৎ, আ থাকে। যথা,—বহুপর্ব্বা, বহুপর্ব্বে, বহুপর্ব্বাঃ ; পক্ষে—বহুপর্ব্বা, বহুপর্ব্বাণৌ, বহুপর্ব্বাণঃ। বহুব্রীহি সমাস না হইলেও মন্-ভাগান্ত শব্দের উত্তর বিকল্পে ডাপ্ হয়। যথা,—সীমা, সীমানৌ (সীমন্) ; সীমা সীমে (ডাপ্)।

১৯। ঈপ্ চোপধালোপিনো বা। (১)

যে সকল অন্-ভাগান্ত প্রাতিপদিকের উপধার লোপ হইতে পারে, বহুব্রীহি সমাস হইলে, তাহাদের উত্তর বিকল্পে ডাপ্ ও ঈপ্ হয়। যথা,—বহবঃ সন্ত্যস্যাং রাজানঃ বহুরাজা ভূঃ (where there are many kings), বহুরাজে, বহুরাজাঃ ; বহুরাজ্ঞী, বহুরাজ্ঞ্যৌ, বহুরাজ্ঞ্যঃ ; পক্ষে—বহুরাজা, বহুরাজানৌ, বহুরাজানঃ।

২০। যুবত্যাদয়ঃ। (২)

যুবতি প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—যুবন্ যুবতিঃ (young lady), যূনী ; শ্বন্ শুনী ; মঘবন্ মঘোনী, মঘবতী (the wife of Indra).

২১। উদৃদ্ভ্যামীপ্। (৩)

উ-কারেৎ ও ঋ-কারেৎ প্রত্যয়ের যোগে নিষ্পন্ন প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—উ-কারেৎ—ভবৎ (you ; ভা+ডবতু) ভবতী (কিন্তু ভূ +শতৃ=ভবৎ হইলে, স্ত্রীলিঙ্গে ভবন্তী), ইয়ৎ ইয়তী, শ্রীমৎ শ্রীমতী, বুদ্ধিমৎ বুদ্ধিমতী (intelligent), পুত্রবৎ পুত্রবতী (having a son), লজ্জাবৎ লজ্জাবতী, বলবৎ বলবতী, প্রভাবৎ প্রভাবতী, কৃতবৎ কৃতবতী, প্রেয়স্ প্রেয়সী, শ্রেয়স্ শ্রেয়সী, গরীয়স্ গরীয়সী, লঘীয়স্ লঘীয়সী, কনীয়স্ কনীয়সী। ঋ-কারেৎ—সৎ সতী, রুদৎ রুদতী, শৃণ্বৎ শৃণ্বতী, দ্বিষৎ দ্বিষতী, বিভ্রৎ বিভ্রতী, কুর্ব্বৎ কুর্ব্বতী, গৃহ্নৎ গৃহ্নতী, জনৎ জানতী।

(১) অন উপধালোপিনোঽন্যতরস্যাম্।

(২) যূনস্তিঃ (যুবতিঃ)। শ্বযুবমঘোনামতদ্ধিতে (যূনী)। কিন্তু—যুবতী=যুবৎ (যু+শতৃ)+ঙীপ্ অথবা বহ্বাদিত্বাৎ পক্ষে ঙীষ্ (যুবতি+ঙীষ্)। বহুব্রীহি সমাসে বহুযুবা নগরী।

(৩) উগিতশ্চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২২। শতুর্নুম্ ভূ-দিবাদিভ্যাম্। (১)

ঈপ্ হইলে, ভ্বাদি ও দিবাদি-গণীয় ধাতুর উত্তর বিহিত শতৃ-প্রত্যয়-স্থানে নুন্ হয়; উ ন্ ইৎ, ন্ থাকে; ন্ পূর্ব্ববর্ত্তী হইয়া ত-কারের সহিত মিলিত হয়। যথা,—ভ্বাদি-গণীয়—ধাবৎ ধাবন্তী, গচ্ছৎ গচ্ছন্তী, পতৎ পতন্তী, তিষ্ঠৎ তিষ্ঠন্তী, চলৎ চলন্তী, পশ্যৎ পশ্যন্তী, কারয়ৎ কারয়ন্তী, স্মারয়ৎ স্মারয়ন্তী, স্থাপয়ৎ স্থাপয়ন্তী, পালয়ৎ পালয়ন্তী (২)। দিবাদি-গণীয়—দীব্যৎ দীব্যন্তী, নশ্যৎ নশ্যন্তী, নৃত্যৎ নৃত্যন্তী, জীর্য্যৎ জীর্য্যন্তী, মুহ্যৎ মুহ্যন্তী।

২৩। বা তুদাদেঃ। (৩)

ঈপ্ হইলে, তুদাদি-গণীয় ধাতুর উত্তর বিহিত শতৃ-প্রত্যয়-স্থানে বিকল্পে নুন্ হয়। যথা,—তুদৎ তুদন্তী, তুদতী; ইচ্ছৎ ইচ্ছন্তী, ইচ্ছতী; পৃচ্ছৎ পৃচ্ছন্তী, পৃচ্ছতী; স্পৃশৎ স্পৃশন্তী, স্পৃশতী; সিঞ্চৎ সিঞ্চন্তী, সিঞ্চতী।

২৪। অদাদেশ্চাদন্তাৎ। (৩)

ঈপ্ হইলে, অদাদি-গণীয় আ-কারান্ত ধাতুর (দরিদ্রা ভিন্ন) উত্তর বিহিত শতৃ-প্রত্যয়-স্থানে বিকল্পে নুন্ হয়। যথা,—যাৎ যান্তী, যাতী; মাৎ মান্তী, মাতী; ভাৎ ভান্তী, ভাতী; স্নাৎ স্নান্তী, স্নাতী।

২৫। বিভাষা স্যতুঃ। (৩)

ঈপ্ হইলে, স্যতৃ-প্রত্যয়-স্থানে বিকল্পে নুন্ হয়। যথা,—ভবিষ্যৎ ভবিষ্যন্তী, ভবিষ্যতী; করিষ্যৎ করিষ্যন্তী, করিষ্যতী; দাস্যৎ দাস্যন্তী, দাস্যতী; যাস্যৎ যাস্যন্তী, যাস্যতী।

---

(১) শপ্শ্যনোর্নিত্যম্।
(২) ণিচ্ প্রভৃতি প্রত্যয়ান্ত ধাতুও ভ্বাদি-গণীয়।
(৩) আচ্ছীনদ্যোর্নুম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৬। টিড্‌-ষিদ্ভ্যামীপ্। (১)

ট-কারেৎ ও ষ-কারেৎ প্রত্যয়ের যোগে নিষ্পন্ন প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—ট-কারেৎ-প্রত্যয়-নিষ্পন্ন—গায়ন গায়নী, অর্থকর অর্থকরী, যশস্কর যশস্করী, নিশাচর নিশাচরী, কিঙ্কর কিঙ্করী, চতুর্থ চতুর্থী, পঞ্চম পঞ্চমী, ষষ্ঠ ষষ্ঠী, সপ্তম সপ্তমী, একাদশ একাদশী, দ্বাদশ দ্বাদশী, ত্রয়োদশ ত্রয়োদশী, দ্বয় দ্বয়ী, ত্রয় ত্রয়ী, চতুষ্টয় চতুষ্টয়ী, দয়াময় দয়াময়ী, স্বর্ণময় স্বর্ণময়ী, মৃন্ময় মৃন্ময়ী, হিরণ্ময় হিরণ্ময়ী। ষ-কারেৎ প্রত্যয়-নিষ্পন্ন—নর্ত্তক নর্ত্তকী, রজক রজকী, মানব মানবী, বৈষ্ণব বৈষ্ণবী, দ্রৌপদ দ্রৌপদী, পাঞ্চাল পাঞ্চালী, মাগধ মাগধী, পার্ব্বত পার্ব্বতী, ভাগিনেয় ভাগিনেয়ী, পৌত্র পৌত্রী, দৌহিত্র দৌহিত্রী, ঈদৃশ ঈদৃশী (২), তাদৃশ তাদৃশী, এতাদৃশ এতাদৃশী, অন্যাদৃশ অন্যাদৃশী (২)।

২৭। ঈপি লোপঃ ষ্যণো হলঃ। (৩)

ঈপ্ হইলে, হল্-বর্ণের পরবর্ত্তী ষ্যণ্ (ষ্যঞ্) প্রত্যয়ের লোপ হয়। যথা,—গার্গ্য গার্গী, বাৎস্য বাৎসী, আগস্ত্য আগস্তী, বাভ্রব্য বাভ্রবী, মাণ্ডব্য মাণ্ডবী, মৌদ্গল্য মৌদ্গলী, কৌণ্ডিন্য কৌণ্ডিনী। এইরূপ, চাতুরী, মৈত্রী, মাধুরী ইত্যাদি।

---

(১) ষিদ্গৌরাদিভ্যশ্চ। টিড্‌ঢাণঞ্দ্বয়সজ্‌দঘ্নঞ্মাত্রচ্‌তয়প্-ঠক্‌ঠঞ্কঞ্ক্করপঃ। ট্ ইৎ-প্রত্যয়ান্ত—পালনী, ঢক্-প্রত্যয়ান্ত—নৈকষেয়ী, অণ্-প্রত্যয়ান্ত—মাগধী, অঞ্-নিষ্পন্ন—মানুষী, দ্বয়সজ্ ইত্যাদি নিষ্পন্ন—জানুদ্বয়সী, উরুদঘ্নী, উরুমাত্রী, তয়প্-প্রত্যয়ান্ত—পঞ্চতয়ী, ঠক্-নিষ্পন্ন—ধার্ম্মিকী, ঠঞ্-নিষ্পন্ন—শাশ্বতিকী, কঞ্-নিষ্পন্ন—সদৃশী (এইরূপ ঈদৃশ প্রভৃতি), ক্করপ্-নিষ্পন্ন—গত্বরী। 'তাচ্ছীলিকে-ণেঽপি' এই পরিভাষা সূত্র বলে 'ছাত্রী' ইত্যাদি হয়।

(২) সমাসে গৌণ হইলে হয় না। যথা,—বহুকুরুচরা।

(৩) হলস্তদ্ধিতস্য।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৮। প্রাচাদেরীপ্। (১)

প্রাচ্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—প্রাচ্ প্রাচী, অবাচ্ অবাচী।

২৯। প্রতীচ্যাদয়ঃ। (১)

প্রতীচী প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—প্রত্যচ্ প্রতীচী, প্রত্যঞ্চী; উদচ্ উদীচী, উদঞ্চী; তির্য্যচ্ তিরশ্চী, তির্য্যঞ্চী।

৩০। জাতেরদন্তাজ্জায়ায়াম্। (২)

জায়া অর্থে, জাতি-বাচক অ-কারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—ব্রাহ্মণস্য জায়া ব্রাহ্মণী, শূদ্রস্য জায়া শূদ্রী, গোপস্য জায়া গোপী, গণকস্য জায়া গণকী, নাপিতস্য জায়া নাপিতী, নিষাদস্য জায়া নিষাদী।

৩১। ন পালকান্তাত্। (৩)

পালক শব্দ অন্তে থাকে, এরূপ জাতি-বাচক অ-কারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—গোপালকস্য জায়া গোপালিকা, পশুপালকস্য জায়া পশুপালিকা।

৩২। ভবাদেরানীপৌ। (৪)

জায়া অর্থে, ভব প্রভৃতি প্রাতিপদিকের উত্তর আন্ ও ঈপ্ হয়। যথা,—ভবস্য জায়া ভবানী, শর্ব্বস্য জায়া শর্ব্বাণী, রুদ্রস্য জায়া রুদ্রাণী, মৃড়স্য জায়া মৃড়ানী, ইন্দ্রস্য জায়া ইন্দ্রাণী, বরুণস্য জায়া বরুণানী।

৩৩। নলোপো ব্রহ্মণঃ। (৫)

আন্ হইলে, ব্রহ্মন্ শব্দের ন-কারের লোপ হয়। যথা,—ব্রহ্মণো জায়া ব্রহ্মাণী।

---

(১) অঞ্চতেশ্চোপসংখ্যানম্। (বা)।

(২) পুংযোগাদাখ্যায়াম্। (৩) পালকান্তান্ন। (সিঃ কৌঃ)

(৪) ভব, শর্ব্ব, রুদ্র, মৃড়, ইন্দ্র, বরুণ, ব্রহ্মন্, মাতুল, ক্ষত্রিয়, অর্য্য, উপাধ্যায়, আচার্য্য। ইন্দ্রবরুণভবশর্ব্বরুদ্রমৃড়হিমারণ্যযবযবনমাতুলাচার্য্যাণামানুক্।

(৫) ব্রহ্মাণম্ আনয়তি জীবয়তীতি 'কর্মণ্যণ্' ইতি সিদ্ধান্তকৌমুদী (ব্রহ্মন্—অন্ + ণিচ্ + অণ্ কর্ত্তৃবা + ঙীপ্)। কারণ, ব্রহ্মন্ শব্দের উত্তর আনুক্ আগম হয় না।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩৪। মাতুলাদান্ বিভাষা। (১)

মাতুল শব্দের উত্তর বিকল্পে আন্ হয়। যথা,—মাতুলস্য জায়া মাতুলানী, মাতুলী।

৩৫। বানীপৌ ক্ষত্রিয়াদেঃ। (২)

ক্ষত্রিয় প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিকল্পে আন্ ও ঈপ্ হয়। যথা,—ক্ষত্রিয়া, ক্ষত্রিয়াণী (ক্ষত্রিয়জাতীয়া স্ত্রী); ক্ষত্রিয়ী (ক্ষত্রিয়পত্নী)। অর্য্যা অর্য্যাণী (বৈশ্যজাতীয়া স্ত্রী); অর্য্যী (অর্য্যপত্নী, the wife of a *Vaishya, a mistress*). উপাধ্যায়ানী, উপাধ্যায়ী (উপাধ্যায়-পত্নী, the wife of a preceptor) (১); উপাধ্যায়ী, উপাধ্যায়া (স্বয়ং অধ্যাপিকা, a female preceptor) (৩)। আচার্য্যানী (৪) (আচার্য্য-পত্নী, the wife of a preceptor); আচার্য্যা (স্বয়ং অধ্যাপিকা, a preceptress).

৩৬। অর্থবিশেষে হিমাদেঃ। (৫)

অর্থ-বিশেষে হিম, অরণ্য, যব, যবন, এই চারি প্রাতিপদিকের উত্তর নিত্য আন্ ও ঈপ্ হয়। যথা,—মহৎ হিমম্ হিমানী (much snow), মহৎ অরণ্যম্ অরণ্যানী (a dense forest), দুষ্টো যবঃ যবানী (a kind of barley; caraway), যবনানাম্ লিপিঃ যবনানী (the alphabet of the *Yavanas*). কিন্তু যবনজাতীয়া স্ত্রী অর্থে যবনী।

---

(১) মাতুলোপাধ্যায়য়োরানুগ্বা। (বা)। [কোন কোন মতে মাতুলা পদও হয়।]

(২) অর্য্যক্ষত্রিয়াভ্যাং বা স্বার্থে। (বা)।

(৩) যা তু স্বয়মেবাধ্যাপিকা তত্র বা ঙীষ্ বাচ্যঃ। (বা)।

(৪) আচার্য্যাদণত্বং চ। (বা)। দন্ত্য ন মূর্দ্ধন্য ণ্ হয় না।

(৫) হিমারণ্যয়োর্মহত্ত্বে। যবাদ্দোষে। যবনাল্লিপ্যাম্। (বা)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩৭। বা শোণাদেরীপ্। (১)

শোণ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা,—শোণী শোণা, চণ্ডী চণ্ডা, অরালী অরালা, কৃপণী কৃপণা, কল্যাণী কল্যাণা, পুরাণী পুরাণা, উদারী উদারা, বিকটী বিকটা, বিশালী বিশালা, বিশঙ্কটী বিশঙ্কটা (big).

৩৮। অবয়বাদ্বহুব্রীহৌ। (২)

বহুব্রীহি সমাস হইলে, অবয়ব-বাচক (৩) প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা,—চন্দ্রমুখী চন্দ্রমুখা, সুকেশী সুকেশা, তাম্রনখী তাম্রনখা।

৩৯। ন সংজ্ঞায়াং নখ-মুখাভ্যাম্। (৪)

সংজ্ঞা বুঝাইলে, নখ, মুখ, এই দুই অবয়ব-বাচক প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—শূর্পণখা (Ravana's sister), গৌরমুখা। সংজ্ঞা না বুঝাইলে ঈপ্ হয়। যথা,—শূর্পণখী (having finger-nails like winnowing fans); তাম্রমুখী (having a copper-coloured face).

৪০। ন ক্রোড়াদেঃ। (৫)

ক্রোড় প্রভৃতি অবয়ব-বাচক প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—সুক্রোড়া, তীক্ষ্ণখুরা, চারুশিখা, দীর্ঘশফা।

---

(১) শোণাৎ প্রাচাম্। বহ্বাদিভ্যশ্চ।

(২) স্বাঙ্গাচ্চোপসর্জ্জনাদসংযোগোপধাৎ। (ঙীষ্—বা টাপ্)।

(৩) এখানে অবয়ব বা স্বাঙ্গ শব্দটি পারিভাষিক। উহার লক্ষণ :—

অদ্রবং মূর্ত্তিমৎ স্বাঙ্গং প্রাণিস্থমবিকারজম্।
অতৎস্থং তত্র দৃষ্টং চ তেন চেৎ তৎ তথা যুতম্॥

সুস্বেদা (দ্রবত্বাৎ), সুজ্ঞানা (অমূর্ত্তত্বাৎ), সুমুখা শালা (অপ্রাণিস্থত্বাৎ), সুশোথা (বিকারজত্বাৎ), সুকেশী সুকেশা বা রথ্যা (প্রাণিনি দৃষ্টত্বাৎ), সুস্তনী সুস্তনা বা প্রতিমা (প্রাণিবৎ প্রাণিসদৃশে স্থিতত্বাৎ)। দিক্পূর্ব্বপদান্ ঙীষ্। প্রাঙ্মুখী।

(৪) নখমুখাৎ সংজ্ঞায়াম্। (৫) ন ক্রোড়াদিবহ্বচঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৪১। ন সংযুক্তোপধাদঙ্গাদিবর্জ্জাৎ। (১)

যে সকল অবয়ব-বাচক প্রাতিপদিকের উপধা-স্থলে সংযুক্ত বর্ণ থাকে, তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা,—মৃগনেত্রা (deer-eyed woman), চারুগুল্ফা, লোলজিহ্বা। অঙ্গ প্রভৃতির উত্তর হয়। যথা,—কৃশাঙ্গী কৃশাঙ্গা, মৃদুগাত্রী মৃদুগাত্রা, বিম্বোষ্ঠী বিম্বোষ্ঠা, কোকিলকণ্ঠী কোকিলকণ্ঠা, কুন্দদন্তী কুন্দদন্তা, চারুকর্ণী চারুকর্ণা, দীর্ঘজঙ্ঘী দীর্ঘজঙ্ঘা, সৎপুচ্ছী সৎপুচ্ছা, তীক্ষ্ণশৃঙ্গী তীক্ষ্ণশৃঙ্গা।

৪২। ন দ্ব্যধিকস্বরান্নাসিকোদরবর্জ্জাৎ। (১)

যে সকল অবয়ব-বাচক প্রাতিপদিকের দুইয়ের অধিক স্বরবর্ণ থাকে, তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা,—মৃগনয়না, চন্দ্রবদনা, চারুদশনা, পৃথুজঘনা, লোলরসনা। নাসিকা ও উদর শব্দের উত্তর বিকল্পে হয়। যথা,—তুঙ্গনাসিকী তুঙ্গনাসিকা, কৃশোদরী কৃশোদরা।

৪৩। ন সহ-নঞ্-বিদ্যমানপূর্ব্বাৎ। (২)

সহ, নঞ্ ও বিদ্যমান শব্দ পূর্ব্বে থাকিলে, অবয়ব-বাচক প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—সকেশা, অকেশা, বিদ্যমানকেশা।

৪৪। নিত্যমূধসষ্ট স্থ নঃ। (৩)

বহুব্রীহি সমাস হইলে, ঊধস্ শব্দের উত্তর নিত্য ঈপ্ ও টি-স্থানে ন (অনঙ্) হয়। যথা,—পীনমস্যা ঊধঃ পীনোধ্নী (a cow with a full udder), ঘটবদস্যা ঊধঃ ঘটোধ্নী (a cow with a potlike udder), দ্বিবিধমস্যা ঊধঃ দ্বিবিধোধ্নী, অতি অস্যা ঊধঃ অত্যূধ্নী।

(১) স্বাঙ্গাচ্চোপসর্জ্জনাদসংযোগোপধাৎ। ন ক্রোড়াদি-বহ্বচঃ। নাসিকোদরৌষ্ঠজঙ্ঘাদন্তকর্ণশৃঙ্গাচ্চ। অঙ্গগাত্রকণ্ঠেভ্যো বক্তব্যম্। (বা)।

(২) সহনঞ্-বিদ্যমানপূর্ব্বাচ্চ।

(৩) ঊধসোঽনঙ্। বহুব্রীহেরূধসো ঙীষ্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৪৫। দামহায়নান্ত্যাং সংখ্যায়াঃ। (১)

বহুব্রীহি সমাস হইলে, সংখ্যা-বাচক শব্দের পরবর্ত্তী দামন্, হায়ন, এই দুই প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—দ্বে অস্যা দাম্নী দ্বিদাম্নী (tied with two ropes), ত্রীণ্যস্যা দামানি ত্রিদাম্নী, দ্বাবস্যা হায়নৌ দ্বিহায়নী (two years old), ত্রিহায়ণী, চতুর্হায়ণী গৌঃ। হায়ন শব্দ বয়োবাচক না হইলে ঈপ্ ও ণত্ব হয় না (২)। যথা,—দ্বিহায়না, ত্রিহায়না, চতুর্হায়না (standing for four years) শালা।

৪৬। ইদন্তাদ্বিভাষা। (৩)

ই-কারান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা,—শ্রেণী শ্রেণিঃ, রাজী রাজিঃ, আলী আলিঃ, কটী কটিঃ, রাত্রী রাত্রিঃ, রজনী রজনিঃ, শারী শারিঃ, যষ্টী যষ্টিঃ, অহী অহিঃ, কপী কপিঃ, মুনী মুনিঃ, শকটী শকটিঃ।

৪৭। নিত্যং সখ্যুঃ। (৪)

সখি শব্দের উত্তর নিত্য ঈপ্ হয়। যথা,—সখী (a female friend).

৪৮। ন ক্তেঃ। (৩)

ক্তি প্রত্যয়-নিষ্পন্ন ই-কারান্ত প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয় না। যথা,—গতিঃ, স্থিতিঃ, কৃতিঃ, মতিঃ, ভক্তিঃ, মুক্তিঃ, যুক্তিঃ, বুদ্ধিঃ।

৪৯। বা শক্তি-পদ্ধতিভ্যাম্। (৫)

শক্তি ও পদ্ধতি শব্দের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা,—শক্তী শক্তিঃ (৬), পদ্ধতী পদ্ধতিঃ।

৫০। পত্যুর্নো যজ্ঞসংযোগে। (পা)

যজ্ঞ-সংযোগ অর্থাৎ যজ্ঞের ফল-ভাগিত্ব বুঝাইলে পতি এই প্রাতিপদিকের উত্তর ঈপ্ ও ই-কার-স্থানে ন হয়। যথা,—বশিষ্ঠস্য পত্নী, বশিষ্ঠানুষ্ঠিতযজ্ঞফলভোক্ত্রীত্যর্থঃ। গ্রামস্য পতিরিয়ম্ (this is the mistress

(১) দামহায়নান্তাচ্চ।
(২) বয়োবাচকস্যৈব হায়নস্য ঙীপ্ ণত্বং চেষ্যতে। (মহাভাষ্য)।
(৩) কৃদিকারাদক্তিনঃ। ইতো মনুষ্যজাতেঃ—এই সূত্রে মনুষ্যবাচক ই-কারান্ত শব্দের উত্তর ঙীষ্ হয়। যথা,—দাক্ষী। (৪) সখ্যশিশ্বীতি ভাষায়াম্।
(৫) বহ্বাদিভ্যশ্চ। (৬) অস্ত্র অর্থে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

of the village), এ স্থলে পতিশব্দের অর্থ অধিকারিণী, যজ্ঞফল-ভোক্ত্রী নহে ; এজন্য ঈপ্ ও ন হইল না।

৫১। সপত্নীসম্ভৃতয়ঃ। (১)

সপত্নী প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—সমানঃ পতিরস্যাঃ সপত্নী (co-wife), একঃ পতিরস্যাঃ একপত্নী (সাধ্বী), বীরঃ পতিরস্যাঃ বীরপত্নী, বৃদ্ধঃ পতিরস্যাঃ বৃদ্ধপত্নী, ভদ্রঃ পতিরস্যাঃ ভদ্রপত্নী, পঞ্চ পতয়োঽস্যাঃ পঞ্চপত্নী (দ্রৌপদী), পতিরস্ত্যস্যাঃ পতিবত্নী জীবদ্ভর্তৃকা (a woman whose husband is living). কিন্তু পতিমতী (a woman who has a master), পতিমতী পৃথ্বী (the earth having a king), অন্তরস্ত্যস্যাঃ অন্তর্বত্নী (a pregnant woman) গর্ভিণী।

৫২। পদো বহুব্রীহৌ। (২)

বহুব্রীহি সমাস হইলে, পদ্ এই প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—দ্বাবস্যাঃ পাদৌ দ্বিপদী (two-footed), ত্রয়োঽস্যাঃ পাদাঃ ত্রিপদী। এইরূপ, চতুষ্পদী, বহুপদী, শতপদী।

৫৩। দতশ্চ। (৩)

বহুব্রীহি সমাস হইলে, দৎ এই প্রাতিপদিকের উত্তর ঈপ্ হয়। যথা,—সুদতী, চারুদতী, শুভ্রদতী, কুন্দদতী। বয়স বুঝাইতে উক্ত কয়েকস্থলে দন্তস্থলে দৎ (দতৃ) হইয়াছে। পুংলিঙ্গে সুদন্ (সুদৎ) ইত্যাদি।

৫৪। পাণিগৃহীতান্ পত্ন্যাম্। (৪)

পত্নী অর্থ বুঝাইলে পাণিগৃহীত শব্দের উত্তর ঈপ্ হয়। যথা,—

(১) নিত্যং সপত্ন্যাদিষু। অন্তর্বৎপতিবতোর্নুক্। 'বিভাষা সপূর্ব্বস্য'—এই সূত্রানুসারে গৃহপতিঃ, গৃহপত্নী ; সভাপতিঃ, সভাপত্নী প্রভৃতিতে দুইটি করিয়া রূপ হয়।

(২) পাদোঽন্যতরস্যাম্। পুংলিঙ্গে রূপ—দ্বিপাদ্ (৯) ; স্ত্রীলিঙ্গে—দ্বিপদী (পাদঃ পৎ), বিকল্পে দ্বিপাৎ ; কিন্তু ঋক্ বুঝাইলে টাপ্ হয়। যথা,—দ্বিপদা ঋক্।

(৩) বয়সি দন্তস্য দতৃ। উগিতশ্চ।

(৪) পাণিগৃহীতী ভার্য্যায়াম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

পাণিগৃহীতোঽস্যাঃ পাণিগৃহীতী (espoused) পত্নী ; অন্যত্র পাণিগৃহীতা (caught by the hand) নারী।

৫৫। বা গুণবাচকাদুদন্তাৎ। (১)

গুণ-বাচক উ-কারান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে ঈপ্ হয়। যথা,—মৃদ্বী মৃদুঃ, সাধ্বী সাধুঃ, পট্বী পটুঃ, গুর্ব্বী গুরুঃ, লঘ্বী লঘুঃ, অণ্বী অণুঃ, স্বাদ্বী স্বাদুঃ, বহ্বী বহুঃ (২)। খরু (a girl who chooses her husband) শব্দের হয় না (৩)।

৫৬। ন সংযুক্তোপধাৎ। (৩)

যে সকল গুণ-বাচক উ-কারান্ত প্রাতিপদিকের উপধা-স্থলে সংযুক্ত বর্ণ থাকে, তাহাদের উত্তর ঈপ্ হয় না। যথা,—পাণ্ডুঃ (pale-white).

৫৭। নিত্যমশিশ্বনড্বুদ্ভ্যাম্। (৪)

অশিশু ও অনডুহ্ শব্দের উত্তর নিত্য ঈপ্ হয়। যথা,—অশিশ্বী, নাস্ত্যস্যাঃ শিশুরিত্যর্থঃ (a childless woman), অনডুহী (a cow) (৫)।

৫৮। অনড্বাহী। (৫)

ইহা নিপাতনে সিদ্ধ।

৫৯। উদন্তাদূপ্। (৬)

উ-কারান্ত প্রাতিপদিকের উত্তর ঊপ্ (ঊঙ্) হয় ; প্ ইৎ, ঊ থাকে। যথা,—কুরূঃ (a woman of the *Kuru* country), কদ্রূঃ (a wife of Kashyapa), অলাবূঃ, কর্কন্ধূঃ, ব্রহ্মবন্ধূঃ। উ-কারান্ত শব্দেও ঊঙ্ যুক্ত হয় (উকারান্তাদপ্যূঙ্ প্রবৃত্তেঃ—বামনঃ)।

৬০। ন রজ্ব্বাদেঃ। (৭)

রজ্জু প্রভৃতি উ-কারান্ত প্রাতিপদিকের উত্তর ঊপ্ (ঊঙ্) হয় না। যথা,—রজ্জুঃ, ধেনুঃ, আখুঃ, হনুঃ, কমণ্ডলুঃ, কৃকবাকুঃ, বৃত্তবাহুঃ (a woman

(১) বোতো গুণবচনাৎ। (২) বহ্বাদিভ্যশ্চ।
(৩) খরুসংযোগোপধান্ন। (৪) সখ্যশিশ্বীতি ভাষায়াম্।
(৫) গৌরাদিগণান্তর্গত বলিয়া অনডুহী। আমনডুহঃ স্ত্রিয়াং বা। (বা)। (৬) ঊঙুতঃ।
(৭) অপ্রাণিজাতেশ্চারজ্জ্বাদীনামিতি বক্তব্যম্। (বা)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

having well-rounded arms), অধ্বর্য্যুঃ (a priest proficient in the *Yajurveda*).

৬১। **বিভাষা তন্বাদেঃ।** (১)

তনু প্রভৃতি উ-কারান্ত প্রাতিপদিকের উত্তর বিকল্পে উপ্ হয়। যথা,—তনুঃ তনূঃ, চঞ্চুঃ চঞ্চূঃ।

৬২। **শ্বশ্রূঃ শ্বশুরস্য।** (২)

শ্বশুর-শব্দ-স্থানে নিপাতনে শ্বশ্রূ হয়। যথা,—শ্বশুরস্য জায়া শ্বশ্রূঃ (mother-in-law).

৬৩। **ঊরোরৌপম্যে।** (৩)

উপমা বুঝাইলে, উরু এই প্রাতিপদিকের উত্তর উপ্ হয়। যথা,—রম্ভে ইবাস্যা উরূ রম্ভোরূঃ (plantain-thighed), করভাবিবাস্যা উরূ করভোরূঃ, করিকরাবিবাস্যা উরূ করিকরোরূঃ (having thighs like the trunk of an elephant).

৬৪। **বামাদিপূর্ব্বাচ্চ।** (৪)

বাম প্রভৃতি শব্দের পরবর্ত্তী উরু এই প্রাতিপদিকের উত্তর উপ্ হয়। যথা,—বামোরূঃ, সহিতোরূঃ, সহোরূঃ, সংহিতোরূঃ, লক্ষণোরূঃ, শফোরূঃ (a woman having thighs like the two divisions of a cow's hoof).

Some Additional Notes on স্ত্রী-প্রত্যয়

(১) পূতক্রতু, বৃষাকপি (হরি বা হর) শব্দের স্ত্রীলিঙ্গে পূতক্রতায়ী, বৃষাকপায়ী (লক্ষ্মী বা গৌরী) হয় এবং অগ্নি শব্দের স্ত্রীলিঙ্গে অগ্নায়ী হয়। (৫)

(২) মনু শব্দের স্ত্রীলিঙ্গে মনায়ী, মনাবী এবং মনুঃ এই তিন পদ হয়। (৬)

---

(১) তন্বাদের্ব্বা ইতি কেচিৎ—ইতি পাণিনি-প্রভায়াং দেবেন্দ্রঃ।
(২) শ্বশুরস্যোকারাকার-লোপশ্চ। (বা)।
(৩) ঊরূত্তরপদাদৌপম্যে।
(৪) সংহিতশফলক্ষণবামাদেশ্চ। সহিতসহাভ্যাং চেতি বক্তব্যম্ (বা)।
(৫) পূতক্রতোরৈ চ। বৃষাকপ্যগ্নিকুসিতকুসিদানামুদাত্তঃ।
(৬) মনোরৌ বা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

(৩) সূর্য্য শব্দের স্ত্রীলিঙ্গে (দেবতা বুঝাইলে) সূর্য্যা এবং (মানুষী বুঝাইলে) সূরী (কুন্তী), এই দুই পদ হয়। (১)

(৪) ব্যঞ্জনান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈ যুক্ত হইবার পূর্ব্বে তাহাদের রূপ দ্বিতীয়ার বহুবচনে বিভক্তি যোগ হইবার পূর্ব্বে যেরূপ হয়, সেইরূপ হইবে (যচি ভম্। ভস্য)। যথা, —বিদ্বস্—বিদুষী, জগ্মিবস্—জগ্মুষী, বিশ্ববাহ্—বিশ্বৌহী ('বাহঃ'), বৃত্রহন্—বৃত্রঘ্নী, যুবন্—যূনী (যুবতিঃ), শ্বন্—শুনী, মঘবন্—মঘোনী, মঘবৎ—মঘবতী।

(৫) যে সকল শব্দের উত্তর স্ত্রী-প্রত্যয়ের বিধান নাই, তাহাদের স্ত্রীলিঙ্গে ও পুংলিঙ্গে একই রূপ হয়। যথা,—সম্রাট্ (emperor or empress), গৌঃ (bull or cow).

(৬) নিম্নলিখিত শব্দগুলিতে স্ত্রী-প্রত্যয়যোগে রূপের কিছু বৈশিষ্ট্য হয়। যথা,—নৃ বা নর—নারী (ক) ; হরিত (yellow)—হরিতা, হরিণী ; শ্বেত (white)—শ্বেতা, শ্বেনী ; লোহিত (red)—লোহিতা, লোহিনী ; রোহিত (red)—রোহিতা, রোহিণী (২) ; অসিত—অসিতা, অসিক্নী ; পলিত—পলিতা, পলিক্নী (৩)।

(৭) বন্-ভাগান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈপ্ হয় এবং ন-স্থানে র্ হয় ('বনো র চ')। যথা,—ধীবন্—ধীবরী ; শর্ব্বন্—শর্ব্বরী ; পীবন্—পীবরী ; পারদৃশ্বন্—পারদৃশ্বরী ; কিন্তু বহুব্রীহি সমাসে বহুধীবরী, বহুধীবা (ডাপ্) ('বহুব্রীহৌ বা')।

EXERCISE 43

1. Give the corresponding feminine forms of the following :—

জগ্মিবান্, সেবকঃ, শ্রেয়ান্, জ্যায়ান্, নীলঃ, সূর্য্যঃ, যুবা, আচার্য্যঃ, শূদ্রঃ, সুদন্, ইন্দ্রঃ, মৎস্যঃ, সুকেশঃ, মনুষ্যঃ, মৃগঃ, বিদ্বাংসঃ, কর্ত্তা, সাধুঃ, দীব্যন্তঃ, চন্দ্রমুখঃ, মনুঃ, অশ্বঃ, মঘবা, শ্বা, গুরুঃ, পতিঃ, ঈশ্বরঃ, অতিমহিমা, উপাধ্যায়ঃ, অগ্নিঃ, দদৎ, কুর্ব্বন্, গচ্ছন্, মৃদুঃ, পুরাণঃ, দ্বিপাৎ, ক্ষত্রিয়ঃ, বৈশ্যঃ, কৃশাঙ্গঃ, রুদ্রঃ, আয়ুষ্মতা, শ্বশুরঃ, মাতুলঃ and যবনঃ।

2. Construct short sentences to illustrate the difference in meaning between the following pairs of words :—

শূদ্রা and শূদ্রী ; উপাধ্যায়ানী and উপাধ্যায়া ; ত্রিহায়ণী and ত্রিহায়না ; ক্ষত্রিয়ী and ক্ষত্রিয়া ; তারকা and তারিকা ; পতিমতী and পতিবত্নী ; সূর্য্যা and সূরী ; আচার্য্যা and আচার্য্যানী ; পাণিগৃহীতী, পাণিগৃহীতা and পাণিগ্রহিত্রী।

3. Correct or justify :—মাতঙ্গিনী, বিহঙ্গিনী, মনুষ্যা, নায়কী, ভয়ঙ্করী, শশিবদনী, ছাত্রী।

4. Give one word for each of the following expressions :—

অন্নং দদাতি যা সা, জ্ঞানমস্তি যস্যাঃ সা, গানং করোতি যা সা, শীঘ্রং গচ্ছতি যা সা,

---

(১) সূর্য্যাদ্দেবতায়াং চাব্ বাচ্যঃ। (বা)।

(ক) নৃনরয়োর্বৃদ্ধিশ্চ। আবার নরস্য ধর্ম্ম্যা নারী ইহাও হয়।

(২) বর্ণাদনুদাত্তাত্তোপধাত্তো নঃ।

(৩) অসিতপলিতয়োর্ন। ছন্দসি ক্নমেকে। (বা)। 'অন্যতো ঙীষ্' এই সূত্রে শবলী, কল্মাষী ইত্যাদি।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

পীনমস্যাঃ উধঃ, লোলা জিহ্বা যস্যাঃ সা, রম্ভে ইব উরূ যস্যাঃ সা, মৃগস্য ইব নয়নে অস্যাঃ, শ্বশুরস্য জায়া, মহৎ হিমম্, শোভনাঃ দন্তাঃ যস্যাঃ।

5. Mention some words that have double feminine forms with different meanings.

6. Correct the following :—চটুলনয়নী সা রমণী। বলবান্ মে লজ্জা। স্তম্ভৈকা সুপয়সী গবী বিদ্যতে। ইয়ং নর্ত্তকী সুগায়কী। স্মরামি তাং চটুলনয়নীম্।

সমাস

(Compound)

সাধারণ নিয়ম

১। একপদীভাবঃ সমাসঃ।

পরস্পর সম্বন্ধবিশিষ্ট দুই বা বহু পদের যে একপদীভাব, অর্থাৎ একপদ হইয়া যাওয়া, তাহাকে সমাস বলে। (ক)

২। লুগ্ বিভক্তেঃ। (১)

সমাসের অন্তর্গত পদসমূহের বিভক্তির লোপ হয়। যথা,—নদ্যাঃ জলম্, নদীজলম্। (ক)

৩। নস্য লোপঃ পূর্ব্বস্য। (২)

সমাস হইলে, পূর্ব্ব-পদের অন্তস্থিত ন-কারের লোপ হয়। যথা,—রাজ্ঞঃ পুরুষঃ, রাজপুরুষঃ।

৪। পরস্য স্বরে। (৩)

স্বরবর্ণ (খ) পরে থাকিলে, পর-পদের অন্তস্থিত ন-কারের লোপ হয়। যথা,—আত্মনি, অধ্যাত্মম্ (অধি-আত্মন্+অ অর্থাৎ টচ্)। রাজ্ঞঃ সমীপে উপরাজম্ (উপ-রাজন্+অ)।

---

(১) সুপো ধাতুপ্রাতিপদিকয়োঃ

(ক) পদগুলি একত্র মিলিত হওয়ায় একটিমাত্র পদের (অন্ত্যপদের) বিভক্তি থাকে, অপরগুলি লুপ্ত হয়। অলুক্ সমাসে প্রথম পদটিরও বিভক্তি থাকিয়া যায়, কিন্তু তাহা নিয়মের ব্যতিক্রম। (খ) সমাসান্তের আদিতে স্থিত।

(২) ন-লোপঃ প্রাতিপদিকান্তস্য। (৩) নস্তদ্ধিতে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৫। লোপোঽবর্ণেবর্ণয়োঃ। (১)

স্বর-বর্ণ পরে থাকিলে, সমাসের অন্ত্যপদস্থিত অ-বর্ণ ও ই-বর্ণের লোপ হয়। যথা,—দেবানাং রাজা, দেবরাজঃ [দেবরাজন্+অ (টচ্)=দেবরাজ +অ=দেবরাজঃ], প্রিয়ঃ সখা, প্রিয়সখঃ (প্রিয়সখি+অ)।

৬। অকারো নঞো হলি। (২)

হল্ (ব্যঞ্জন) বর্ণ পরে থাকিলে, নঞের স্থানে অ হয়। যথা,—ন সময়ঃ, অসময়ঃ।

৭। অন্ স্বরে। (৩)

স্বর-বর্ণ পরে থাকিলে, নঞের স্থানে অন্ হয়। যথা,—ন আচারঃ, অনাচারঃ।

৮। টের্লোপো ডিতি। (৪)

ড-কারেৎ প্রত্যয় পরে থাকিলে, টি-ভাগের লোপ হয়। যথা,—দীর্ঘঃ পন্থাঃ, দীর্ঘপথঃ (ক)।

৯। তের্বিংশতেঃ। (৫)

বিংশতি শব্দের তি ভাগের লোপ হয়। যথা,—আসন্নবিংশাঃ (ডচ্)।

১০। হ্রস্বাবন্তে গোস্ত্রিয়াবন্যার্থে। (৬)

যে স্থলে অন্য পদার্থের প্রতীতি হয়, তথায় অন্তস্থিত গো শব্দ ও স্ত্রী-প্রত্যয় হ্রস্ব হয়। যথা,—চিত্রগুঃ (৭), মহাপ্রজ্ঞঃ।

---

(১) যস্যেতি চ।

(২) নলোপো নঞঃ। কিন্তু নভ্রাট্, নপাৎ, নমুচি, নক্র, নক্ষত্র, নাক প্রভৃতি কতকগুলি শব্দের নঞ্-স্থানে 'অ' হয় না; 'ন'ই থাকে। অপ্রাণী বুঝাইলে নগ এবং অগ শব্দ দুইই হয়; প্রাণী বুঝাইলে শুধু অগ হয় ('নগোঽপ্রাণিষ্বন্যতরস্যাম্')। নগঃ, অগঃ (বৃক্ষ); অগঃ (গতিহীন)। আবার নৈকঃ (ন একঃ) প্রভৃতি পদও দেখা যায়, এরূপ স্থলে 'ন' একটি পৃথক্ অব্যয়, উহা 'নঞ্' নহে; সুতরাং এইরূপ পদগুলি নঞ্‌তৎপুরুষ-সমাস-নিষ্পন্ন নহে, সুপ্‌সুপা সমাস-নিষ্পন্ন। (নৈকশব্দঃ সুপ্‌সুপেতি সমাসাৎ—বামনঃ)।

(৩) তস্মান্নুড়চি।

(৪) টেঃ। সর্ব্বসমাস সাধারণবিধির ১নং সূত্র ও পাদটীকা দ্রষ্টব্য।

(৫) তি বিংশতের্ডিতি।

(৬) গোস্ত্রিয়োরুপসর্জ্জনস্য।

(৭) এচ ইগ্‌ঘ্রস্বাদেশে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১১। স্ত্রী নেয়সুনঃ। (১)

ঈয়সুনের পরবর্ত্তী স্ত্রী-প্রত্যয় হ্রস্ব হয় না। যথা,—বহুশ্রেয়সী।

১২। সমাসাঃ প্রাতিপদিকানি। (২)

সমাস হইলে, সমস্ত ভাগ প্রাতিপদিক হয়, অর্থাৎ পুনরায় তাহাদের উত্তর নূতন বিভক্তি হয়।

১৩। বিশেষ্যলিঙ্গমন্যার্থে।

যে স্থলে অন্য পদার্থের প্রতীতি হয়, তথায় সমস্ত ভাগ বিশেষ্য-লিঙ্গ হয়। যথা,—মহাপ্রজ্ঞঃ পুরুষঃ, মহাপ্রজ্ঞা নারী।

১৪। নপুংসকৈকবচনে সমাহারে। (৩)

সমাহার সমাস হইলে, সমস্ত ভাগ নপুংসক-লিঙ্গ ও একবচনান্ত হয়। যথা,—ত্রিভুবনম্, করচরণম্।

১৫। পুংবদ্ভাবঃ সর্ব্বনাম্নঃ। (৪)

সমাসে স্ত্রীলিঙ্গ সর্ব্বনাম-শব্দের পুংবদ্ভাব অর্থাৎ পুংলিঙ্গের ন্যায় আকার হয়। যথা,—তস্যাঃ করঃ, তৎকরঃ।

১৬। মহতো মহা বিশেষ্য। (৫)

বিশেষ্য পদ (অর্থাৎ মহৎ যাহার বিশেষণ তাহা) পরে থাকিলে, মহৎ-শব্দ-স্থানে মহা হয়। যথা,—মহাভুজঃ, মহাপুরুষঃ। কিন্তু মহতঃ ভুজঃ, মহদ্ভুজঃ।

---

(১) ঈয়সো বহুব্রীহের্নেতি বাচ্যম্। (বা)।
(২) কৃত্তদ্ধিতসমাসাশ্চ।
(৩) স নপুংসকম্। (তৎপুরুষ সমাসের ১২—১৩ সূত্র দ্রষ্টব্য।)
(৪) সর্ব্বনাম্নো বৃত্তিমাত্রে পুংবদ্ভাবঃ। (বা)।
(৫) আন্মহতঃ সমানাধিকরণ-জাতীয়য়োঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অব্যয়ীভাব সমাস

(Adverbial Compound)

১। अव्ययीभावः। (पा)

এই প্রকরণে যে সমাস বিহিত হইতেছে, তাহার নাম অব্যয়ীভাব।

২। नपुंसकमव्ययीभावे। (১)

অব্যয়ীভাব সমাস হইলে, সমস্ত ভাগ নপুংসকলিঙ্গ হয়। যথা,—উপরাজম্।

হ্রস্বো নপুংসকে প্রাতিপদিকস্য। এচ ইগ্‌হ্রস্বাদেশে। (পা)। ক্লীবলিঙ্গে শব্দের অন্তস্থিত দীর্ঘস্বর হ্রস্ব হয় এবং হ্রস্বাদেশ হইলে এ ঐ স্থানে ই এবং ও ঔ স্থানে উ হয়। যথা,—অনুগঙ্গম্, পঞ্চগু, উপনদি।

৩। अदन्ताद्विभक्त रपञ्चम्या मः। (২)

অ-কারান্ত অব্যয়ীভাবের পরবর্ত্তী পঞ্চমী ভিন্ন বিভক্তির স্থানে ম্ হয়। যথা,—শিবস্য সমীপম্ উপশিবম্। পঞ্চমীর স্থানে হয় না, শিবস্য সমীপাৎ উপশিবাৎ।

৪। विभाषा तृतीयासप्तम्योः। (৩)

তৃতীয়া ও সপ্তমী বিভক্তির স্থানে বিকল্পে ম্ হয়। যথা,—উপশিবম্ উপশিবেন, উপশিবম্ উপশিবে (৪)।

৫। लुक् परात्। (৫)

অ-কারান্ত ভিন্ন অব্যয়ীভাবের পরবর্ত্তী বিভক্তির লোপ হয়। যথা,—উপশম্ভু, উপধাতৃ।

---

(১) অব্যয়ীভাবশ্চ। অব্যয়ীভাব সমাসে অব্যয় পদ বা অব্যয়স্থানীয় পদ পূর্ব্বে বসে। (প্রথমানির্দ্দিষ্টং সমাস উপসর্জ্জনম্। উপসর্জ্জনং পূর্ব্বম্।)
(প্রায়েণ) পূর্ব্বপদার্থপ্রধানোঽব্যয়ীভাবঃ।

(২) নাব্যয়ীভাবাদতোঽম্ ত্বপঞ্চম্যাঃ।

(৩) তৃতীয়াসপ্তম্যোর্বহুলম্।

(৪) বহুলগ্রহণাৎ পারেসমুদ্রম্, উন্মত্তগঙ্গম্ ইত্যাদৌ সপ্তম্যাঃ নিত্যমম্ভাবঃ।

(৫) অব্যয়াদাপ্‌ সুপঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৬। सुपाव्ययं समीपादौ। (১)

সমীপ প্রভৃতি (২) অর্থে, সুবন্ত পদের সহিত অব্যয়ের সমাস হয়। যথা,—**সমীপ**—গৃহস্য সমীপম্ উপগৃহম্ (near the house), গঙ্গায়াঃ সমীপম্ উপগঙ্গম্; **অভাব**—বিঘ্নস্যাভাবঃ নির্ব্বিঘ্নম্, মক্ষিকাণাম্ অভাবঃ নির্মক্ষিকম্ (absence of flies, *i. e.*, loneliness), ভিক্ষাণাম্ অভাবঃ দুর্ভিক্ষম্ (scarcity of alms, famine); **অত্যয়**—হিমস্যাত্যয়ঃ অতিহিমম্ (after the winter season), বাধায়া অত্যয়ঃ অতিবাধম্ (the obstacles being removed); **অসম্প্রতি**—নিদ্রা সম্প্রতি ন যুজ্যতে অতিনিদ্রম্ (past sleeping time), শোকঃ সম্প্রতি ন যুজ্যতে অতিশোকম্; **পশ্চাৎ**—রথস্য পশ্চাৎ অনুরথম্ (behind the chariot), গৃহস্য পশ্চাৎ অনুগৃহম্; **যোগ্যতা**—রূপস্য যোগ্যম্ অনুরূপম্ (in conformity with), কূলস্য যোগ্যম্ অনুকূলম্; **বীপ্সা**—দিনং দিনং প্রতি প্রতিদিনম্ (every day), গৃহং গৃহং প্রতি প্রতিগৃহম্; **অনতিবৃত্তি**—শক্তিমনতিক্রম্য যথাশক্তি (not exceeding one's power), জ্ঞানমনতিক্রম্য যথাজ্ঞানম্; **আনুপূর্ব্ব্য**—জ্যেষ্ঠস্যানুপূর্ব্ব্যেণ অনুজ্যেষ্ঠম্ (according to seniority), বর্ণানাম্ আনুপূর্ব্ব্যেণ অনুবর্ণম্; **বিভক্ত্যর্থে**—হরৌ অধিহরি (upon Hari), গৃহে অধিগৃহম্ (in the house); **সমৃদ্ধি**—মদ্রাণাং সমৃদ্ধিঃ সমদ্রম্; **ব্যৃদ্ধি**—যবনানাং বৃদ্ধিঃ—দুর্যবনম্।

---

(১) অব্যয়ং বিভক্তিসমীপসমৃদ্ধিব্যৃদ্ধ্যর্থাভাবাত্যয়াসম্প্রতিশব্দপ্রাদুর্ভাবপশ্চাদ্-যথানুপূর্ব্ব্যযৌগপদ্যসাদৃশ্যসম্পত্তিসাকল্যান্তবচনেষু।

(২) সমীপ (vicinity), অভাব (absence), অত্যয় (close of), অসম্প্রতি (unfitness of time), পশ্চাৎ (after), যোগ্যতা (fitness), বীপ্সা (pervasion), অনতিবৃত্তি (non-violation), আনুপূর্ব্ব্য (succession in order), বিভক্তি (the meaning of a case), সাদৃশ্য (similarity), যৌগপদ্য (simultaneousness), সাকল্য (entirety), সমৃদ্ধি (prosperity), ব্যৃদ্ধি (adversity), পর্য্যন্ত ইত্যাদি।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৭। সহঃ সোঽকালে। (১)

অব্যয়ীভাব সমাসে সহ-শব্দ-স্থানে স হয়। যথা,—সাদৃশ্য—হরেঃ সদৃশম্ সহরি (like Hari) ; যৌগপদ্য—চক্রেণ যুগপৎ সচক্রম্ (along with the wheel) ; সাকল্য—তৃণমপ্যপরিত্যজ্য সতৃণম্ (not leaving even grass, *i. e.*, everything) অত্তি (eats) ; সম্পত্তি—ক্ষত্রাণাং সম্পত্তিঃ সক্ষত্রম্ (work befitting a Kshatriya) ; পর্য্যন্ত—অগ্নিগ্রন্থপর্য্যন্তমধীতে সাগ্নি (as far as the chapters on fire). কাল বুঝাইলে হয় না। যথা,—সহপূর্ব্বাহ্ণম্, সহাপরাহ্ণম্।

৮। যাবদবধারণে। (পা)

অবধারণ বুঝাইলে, সুবন্তের সহিত যাবৎ এই শব্দের সমাস হয়। যথা,—যাবদমত্রং ব্রাহ্মণানামন্ত্রয়স্ব (invite as many Brahmins as there are pots), যাবন্ত্যমত্রাণি সন্তি পঞ্চ ষড় বা, তাবৎ আমন্ত্রয়স্বেত্যর্থঃ।

৯। বিভাষা বহিরাদিঃ পঞ্চম্যা। (২)

পঞ্চম্যন্ত পদের সহিত বহিস্ প্রভৃতি (৩) শব্দের বিকল্পে সমাস হয়। যথা,—বহির্গ্রামম্ (outside the village), গ্রামাদ্বহিঃ ; প্রাগুপবনম্ (to the east of the garden), উপবনাৎ প্রাক্।

১০। আঙ্ মর্য্যাদাভিবিধ্যোঃ। (পা)

মর্য্যাদা (exclusion) ও অভিবিধি (inclusion) (৪) বুঝাইলে, সুবন্ত পদের সহিত আঙ্ এই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা,—আপাটলিপুত্রম্, আ পাটলিপুত্রাৎ বৃষ্টো দেবঃ। আকুমারম্, আ কুমারেভ্যঃ যশঃ কালিদাসস্য।

---

(১) অব্যয়ীভাবে চাকালে।
(২) অপপরিবহিরঞ্চবঃ পঞ্চম্যা।
(৩) বহিস্, অপ, পরি, প্রাচ্, অবাচ্, প্রত্যচ্ ইত্যাদি অঞ্চ্ ধাতু নিষ্পন্ন শব্দ।
(৪) তেন বিনা মর্য্যাদা, তৎসহিতোঽভিবিধিঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১১। লক্ষণেনাভি-প্রতী আভিমুখ্যে। (১)

আভিমুখ্য বুঝাইলে, লক্ষ্য-বাচক সুবন্ত পদের সহিত অভি, প্রতি, এই দুই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা,—অভ্যগ্নি (in the direction of fire), অগ্নিম্ অভি শলভাঃ পতন্তি ; প্রত্যগ্নি, অগ্নিং প্রতি।

১২। যস্য চায়ামস্তেনানুঃ। (২)

যাহার আয়াম অর্থাৎ দৈর্ঘ্য বুঝায়, তাহার সহিত অনু এই অব্যয়ের বিকল্পে সমাস হয়। যথা,—অনুগঙ্গম্ (stretched alongside the Ganga), গঙ্গায়া অনু বারাণসী, গঙ্গা-দৈর্ঘ্যসদৃশ-দৈর্ঘ্যোপলক্ষিতা ইত্যর্থঃ।

১৩। পারেমধ্যে ষষ্ঠ্যা। (৩)

ষষ্ঠ্যন্ত পদের সহিত পার ও মধ্য শব্দের বিকল্পে অব্যয়ীভাব সমাস হয়। যথা,—সমুদ্রস্য পারম্ পারেসমুদ্রম্ (beyond the sea) ; গঙ্গায়াঃ মধ্যম্ মধ্যেগঙ্গম্ (the middle of the Ganges). নিপাতনে এ-কারাগম হয়। পক্ষে ষষ্ঠীসমাস, সমুদ্রপারম্ ইত্যাদি।

১৪। সংখ্যা নদীভিঃ সমাহারে। (৪)

সমাহার বুঝাইলে, নদী-বাচক সুবন্ত পদের সহিত সংখ্যা-বাচক শব্দের অব্যয়ীভাব সমাস হয়। যথা,—তিসৃণাং গঙ্গানাং সমাহারঃ ত্রিগঙ্গম্। পঞ্চনদম্, সপ্তগোদাবরম্। (৫)

১৫। অন্যপদার্থে চ সংজ্ঞায়াম্। (পা)

সংজ্ঞা বুঝাইলে ও অন্য পদার্থ প্রতীয়মান হইলে (অর্থাৎ বহুব্রীহি সমাসের ন্যায় বাক্য হইলে), নদীবাচক পদের সহিত সুবন্ত পদের অব্যয়ীভাব সমাস হয়। যথা,—উন্মত্তা গঙ্গা যস্মিন্ উন্মত্তগঙ্গম্ (name of a place). লোহিতগঙ্গম্, তূষ্ণীংগঙ্গম্, শনৈর্গঙ্গম্। ইমানি দেশবিশেষনামানি।

---

(১) লক্ষণেনাভিপ্রতী আভিমুখ্যে।
(২) যস্য চায়ামঃ। (৩) পারে-মধ্যে ষষ্ঠ্যা বা।
(৪) নদীভিশ্চ। সমাহারে চায়মিষ্যতে—বা।
(৫) সংখ্যায়া নদীগোদাবরীভ্যাং চ এই বার্ত্তিক অনুসারে সমাসান্ত অচ্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৬। তিষ্ঠদ্গুপ্রভৃতীনি। (১)

অব্যয়ীভাব সমাসে, তিষ্ঠদ্গু প্রভৃতি (১) শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—তিষ্ঠন্তি গাবো যস্মিন্ কালে দোহায় তিষ্ঠদ্গু (the time when the cows stand for being milked), আয়ান্তি যস্মিন্ কালে গাবো গোষ্ঠম্ আয়তীগবম্ (the time when the cows return home). (ক)

১৭। শরদাদিভ্যঃ। (২)

অব্যয়ীভাব সমাস হইলে, শরদ্ প্রভৃতি (৩) শব্দের উত্তর অন্ (টচ্) হয়; ন্ ইৎ, অ থাকে। যথা,—শরদঃ সমীপম্ উপশরদম্; এইরূপ, প্রতিদিশম্, আহিমবতম্, অনুদৃশম্।

১৮। জরায়া জরস্। (৪)

অন্ হইলে, জরা শব্দ-স্থানে জরস্ হয়। যথা,—জরায়াঃ সমীপম্ উপজরসম্ (towards old age).

১৯। সরজসোপশুনে। (৫)

সরজস ও উপশুন শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—রজোঽপ্যপরিত্যজ্য সরজসম্ (ক), শুনঃ সমীপম্ উপশুনম্।

---

(১) তিষ্ঠদ্গু, বহদ্গু, আয়তীগবম্, খলেযবম্, খলেবুসম্, লূনযবম্, লূয়মানযবম্, পূতযবম্, পূয়মানযবম্, সংহৃতযবম্, সংহ্রিয়মাণযবম্, সংহৃতবুসম্, সংহ্রিয়মাণবুসম্, সমভূমি, সমপদাতি, সুষমম্, বিষমম্, দুঃষমম্, নিঃষমম্, অপসমম্, আয়তীসমম্, প্রোঢ়ম্, পাপসমম্, পুণ্যসমম্, প্রাহ্নম্, প্ররথম্, প্রমৃগম্, প্রদক্ষিণম্, অপরদক্ষিণম্, সম্প্রতি, অসম্প্রতি।

(ক) সূত্র ১৫ ও ১৬ নিষ্পন্ন পদগুলি বহুব্রীহির ন্যায় অন্যপদার্থবোধক, অথচ অব্যয়ীভাব বলিয়া ক্লীবলিঙ্গ। সরজসম্ অব্যয়ীভাব, সরজঃ বহুব্রীহিঃ (সরজঃ পঙ্কজম্)।

(২) **অব্যয়ীভাবে শরৎপ্রভৃতিভ্যঃ।** (টচ্ সমাসান্ত)।

(৩) শরদ্, বিপাশ্, অনস্, মনস্, উপানহ্, অনডুহ্, দিব্, হিমবৎ, হিরুক্, বিদ্, সদ্, দিশ্, দৃশ্, বিশ্, চেতস্, চতুর্, ত্যদ্, তদ্, যদ্, কিয়ৎ, জরা।

(৪) জরায়া জরস্ চ (গণসূত্রম্)।

(৫) **অচতুর-বিচতুর-সুচতুর-স্ত্রীপুংস-ধেন্বনডুহর্ক্সাম-বাঙ্মন-সাক্ষিভ্রুব-দারগবোর্বষ্ঠীব-পদষ্ঠীব-নক্তন্দিব-রাত্রিন্দিবাহর্দিব-সরজস-নিঃশ্রেয়স-পুরুষায়ুষ-দ্ব্যায়ুষ-ত্র্যায়ুষর্গ্য-জুষ-জাতোক্ষ-মহোক্ষ-বৃদ্ধোক্ষোপশুন-গোষ্ঠশ্বাঃ** (অচ্)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২০। प्रति-पर-समनुभ्योऽक्ष्णः। (वा)

প্রতি, পর, সম্, অনু, ইহাদের পরবর্তী অক্ষি শব্দের উত্তর অন্ (টচ্) হয়। যথা,—প্রত্যক্ষম্ (before one's eyes), পরোক্ষম্* (out of one's sight), সমক্ষম্ (in the presence), অন্বক্ষম (afterwards).

২১। अनन्तात्। (১)

অন্-ভাগান্ত শব্দের উত্তর অন্ (টচ্) হয়। যথা,—উপরাজম্ (near the king), অধ্যাত্মম্ (on the soul), প্রত্যধ্বম্।

২২। वा नपुंसकात्। (১)

নপুংসক অন্-ভাগান্ত শব্দের বিকল্পে অন্ (টচ্) হয়। যথা,—উপচর্ম্মম্ উপচর্ম্ম (near the skin).

২৩। गिरि-नदी-पौर्णमास्याग्रहायणीभ्यः। (৩)

গিরি, নদী, পৌর্ণমাসী ও আগ্রহায়ণী শব্দের উত্তর বিকল্পে অন্ (টচ্) হয়। যথা,—উপগিরম্, উপগিরি ; উপনদম্, উপনদি, পক্ষে হ্রস্ব (সূ ১০)। উপপৌর্ণমাসম্, উপপৌর্ণমাসি; উপাগ্রহায়ণম্, উপাগ্রহায়ণি (near to the full-moon day of Agrahayana).

২৪। स्पर्शान्ताच्चापञ्चमात्। (৪)

পঞ্চম ভিন্ন স্পর্শ-বর্ণান্ত শব্দের উত্তর বিকল্পে অন্ (টচ্) হয়। যথা,—উপদৃশদম্, উপদৃশৎ ; অনুসমিধম্, অনুসমিৎ।

২৫। प्रतेरुरसः सप्तमीस्थात्। (पा)

প্রতি শব্দের পরবর্তী সপ্তম্যর্থে বর্ত্তমান উরস্ শব্দের উত্তর অন্ (অচ্) হয়। যথা,—উরসি প্রত্যুরসম্। বিভক্ত্যর্থে অব্যয়ীভাবঃ।

* পদটি 'পরাক্ষ' না হইয়া 'পরোক্ষ' হইবে—"পরোক্ষে লিট্ ইতি জ্ঞাপকাৎ"।

(১) অনশ্চ। নস্তদ্ধিতে। (২) নপুংসকাদন্যতরস্যাম্। সেইজন্য—প্রত্যহম্, প্রত্যহঃ (প্রত্যহন্)।

(৩) নদীপৌর্ণমাস্যাগ্রহায়ণীভ্যঃ। গিরেশ্চ সেনকস্য।

(৪) ঝয়ঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৬। **अनुगवमायामे।** (पा)

আয়াম অর্থাৎ দৈর্ঘ্য বুঝাইলে, (সমাসান্ত অচ্-যোগে) অনুগবম্ এই পদ সিদ্ধ হয়। যথা,—গোঃ পশ্চাৎ অনুগবম্ (in accordance with the length of the cow).

তৎপুরুষ সমাস

(Determinative Compound)

১। **तत्पुरुषः।** (पा)

এই প্রকরণে যে সমাস বিহিত হইতেছে, তাহার নাম তৎপুরুষ। (প্রায়েণ) উত্তরপদার্থপ্রধানস্তৎপুরুষঃ; তৎপুরুষ সমাসে প্রায়শঃ পরপদের অর্থ প্রধান হয়।

২। **परलिङ्गं तत्पुरुषे।** (১)

তৎপুরুষ সমাস হইলে, সমস্ত ভাগ পরপদের লিঙ্গ প্রাপ্ত হয়।

৩। **रात्राह्नाहाः पुमांसः।** (২)

তৎপুরুষ সমাস হইলে, সমস্ত ভাগের অন্তস্থিত রাত্র, অহ্ন, অহ পুংলিঙ্গ হয়।

৪। **रात्रं नपुंसकं संख्यापूर्व्वम्।** (৩)

সংখ্যা-বাচক শব্দ পূর্ব্বে থাকিলে, রাত্র শব্দ ক্লীবলিঙ্গ হয়।

---

(১) **পরবল্লিঙ্গং দ্বন্দ্বতৎপুরুষয়োঃ।** কিন্তু দ্বিগু সমাসে, প্রাপ্ত, আপন্ন এবং অলং শব্দের সহিত উত্তরপদের সমাসে ও প্রাদি সমাসে এই নিয়মের ব্যতিক্রম হয় (**"দ্বিগুপ্রাপ্তাপন্নালংপূর্ব্বগতিসমাসেষু প্রতিষেধো বক্তব্যঃ"**)। যথা,—পঞ্চকপালঃ, প্রাপ্তজীবিকঃ, অলংজীবিকঃ, নিষ্কৌশাম্বিঃ ইত্যাদি। ইতরেতর দ্বন্দ্বে অশ্বশ্চ বড়বা চ=অশ্ববড়বৌ (সমাহার দ্বন্দ্বে অশ্ববড়বম্) হয়।

(২) **রাত্রাহ্নাহাঃ পুংসি।**

(৩) **সংখ্যাপূর্ব্বং রাত্রং ক্লীবম্।** (সিঃ কৌঃ)। অথবা—সংখ্যাপূর্ব্বা রাত্রিঃ (লিঙ্গানুশাসনসূত্র)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৫। पुण्यादहः। (১)

পুণ্য শব্দের পরবর্ত্তী অহ ক্লীবলিঙ্গ হয়। যথা,—পুণ্যাহম্।

৬। द्वितीया श्रितादिभिः। (২)

শ্রিত প্রভৃতি সুবন্ত পদের সহিত দ্বিতীয়ান্ত পদের সমাস হয়। যথা,—কষ্টম্ শ্রিতঃ কষ্টশ্রিতঃ (one who is in difficulty), দুঃখমতীতঃ দুঃখাতীতঃ (past sorrow), কূপম্ পতিতঃ কূপপতিতঃ, গৃহম্ গতঃ গৃহগতঃ, তুহিনমত্যস্তঃ (অতিক্রান্তঃ) তুহিনাত্যস্তঃ, সুখম্ প্রাপ্তঃ সুখপ্রাপ্তঃ, সুখমাপন্নঃ সুখাপন্নঃ, গ্রামম্ গমী গ্রামগমী (going to the village), (২) অন্নম্ বুভুক্ষুঃ অন্নবুভুক্ষুঃ, বেদম্ বিদ্বান্ বেদবিদ্বান্ (one who knows the Vedas).

৭। खट्वा क्तेन कुत्सायाम्। (৩)

নিন্দা বুঝাইলে, ক্ত-প্রত্যয়-নিষ্পন্ন সুবন্ত পদের সহিত দ্বিতীয়ান্ত খট্বা শব্দের সমাস হয়। যথা,—খট্বারূঢ়ঃ (wild, gone to dogs), অবিনীত ইত্যর্থঃ (নিত্যসমাস)।

৮। काला अत्यन्तसंयोगे। (৪)

অত্যন্ত-সংযোগে (ব্যাপ্তি) বুঝাইলে, সুবন্ত পদের সহিত দ্বিতীয়ান্ত কাল-বাচক সুবন্ত পদের সমাস হয়। যথা,—মুহূর্ত্তম্ সুখম্ মুহূর্ত্তসুখম্ (pleasure lasting for a moment), মাসম্ গম্যঃ মাসগম্যঃ, বর্ষম্ ভোগ্যঃ বর্ষভোগ্যঃ, মুহূর্ত্তম্ মাসম্ বর্ষম্ ব্যাপ্য ইত্যর্থঃ।

---

(১) পুণ্যসুদিনাভ্যামহ্নঃ ক্লীবতেষ্টা। (বা)।

(২) দ্বিতীয়া শ্রিতাতীতপতিতগতাত্যস্তপ্রাপ্তাপন্নৈঃ। দ্বিতীয়া-প্রকরণে—গমিগাম্যাদীনামুপসংখ্যানম্। এই বার্ত্তিক অনুসারে গমী, পিপাসু, জিষ্ণু প্রভৃতির সহিতও দ্বিতীয়ান্ত পদের সমাস হয়।

(৩) খট্বা ক্ষেপে

(৪) কালাঃ। অত্যন্তসংযোগে চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৯। তৃতীয়া পূর্ব্বাদিভিঃ। (১)

পূর্ব্ব প্রভৃতি সুবন্ত পদের সহিত তৃতীয়ান্ত পদের সমাস হয়। যথা,—মাসেন পূর্ব্বঃ মাসপূর্ব্বঃ (a month before), বর্ষেণ অবরঃ বর্ষাবরঃ (২) (younger by a year), বাচা কলহঃ বাক্কলহঃ (quarrel in words), গুড়েন মিশ্রঃ গুড়মিশ্রঃ (mixed with treacle), আচারেণ শ্লক্ষ্ণঃ আচারশ্লক্ষ্ণঃ (thin on account of religious duties), ধান্যেন অর্থঃ ধান্যার্থঃ, মাত্রা সদৃশী মাতৃসদৃশী (like mother), পিত্রা সমঃ পিতৃসমঃ (like father).

১০। ঊনার্থৈশ্চ। (১)

ঊনার্থ সুবন্ত পদের সহিত তৃতীয়ান্ত পদের সমাস হয়। যথা,—একেন ঊনঃ একোনঃ (less by one), বিদ্যয়া হীনঃ বিদ্যাহীনঃ (devoid of learning), শ্রমেণ রহিতঃ শ্রমরহিতঃ (idle), গর্ব্বেণ শূন্যঃ গর্ব্বশূন্যঃ, অঙ্গেন বিকলঃ অঙ্গবিকলঃ (deformed).

১১। কৃতা কর্ত্তৃকরণয়োঃ। (৩)

কৃৎ-প্রত্যয়-নিষ্পন্ন সুবন্ত পদের সহিত, কর্ত্তায় ও করণে বিহিত তৃতীয়া-বিভক্ত্যন্ত পদের সমাস হয়। যথা,—কর্ত্তায়—ব্যাঘ্রেণ হতঃ ব্যাঘ্রহতঃ (killed by the tiger), অহিনা দষ্টঃ অহিদষ্টঃ, ব্যাসেন রচিতঃ ব্যাসরচিতঃ (composed by Vyasa), পাণিনিনা প্রণীতম্ পাণিনিপ্রণীতম্, নারদেন প্রোক্তম্ নারদপ্রোক্তম্, দ্বিজেন ভক্ষ্যম্ দ্বিজভক্ষ্যম্, পুত্রেণ দেয়ম্ পুত্রদেয়ম্। করণে—নখৈর্ভিন্নঃ নখভিন্নঃ

---

(১) তৃতীয়া তৎকৃতার্থেন গুণবচনেন। পূর্ব্বসদৃশসমোনার্থ-কলহনিপুণমিশ্রশ্লক্ষ্ণৈঃ। মিশ্রগ্রহণে সোপসর্গস্যাপি গ্রহণম্—গুড়সংমিশ্রাঃ ধানাঃ।

(২) পূর্ব্বাদিষু অবরস্যোপসংখ্যানম্। (বা)।

(৩) কর্ত্তৃকরণে কৃতা বহুলম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

(split by the nails), অসিনা ছিন্নম্ অসিচ্ছিন্নম্ (cut by the sword), অগ্নিনা দগ্ধঃ অগ্নিদগ্ধঃ, জলেন সিক্তঃ জলসিক্তঃ, অঞ্জলিনা পেয়ম্ অঞ্জলিপেয়ম্, শিরসা ধার্য্যম্ শিরোধার্য্যম্। †

১২। চতুর্থী বলি-হিত-সুখৈঃ। (১)

সুবন্ত বলি, হিত ও সুখ শব্দের সহিত চতুর্থ্যন্ত পদের সমাস হয়। যথা,—ভূতায় বলিঃ ভূতবলিঃ (an offering to the *Bhutas*), পুত্রায় হিতম্ পুত্রহিতম্ (good for a son), ভ্রাত্রে সুখম্ ভ্রাতৃসুখম্।

১৩। অর্থেন চ। (১)

অর্থ শব্দের সহিত চতুর্থ্যন্ত পদের সমাস হয়। সমস্ত ভাগ বিশেষ্যের লিঙ্গ প্রাপ্ত হয়। যথা,—দ্বিজায় অয়ম্ দ্বিজার্থঃ সূপঃ (broth for a Brahmin), দ্বিজার্থা যবাগূঃ, দ্বিজার্থম্ পয়ঃ (অস্বপদবিগ্রহ নিত্যসমাস)।

১৪। বিকৃতিঃ প্রকৃত্যা তাদর্থ্যে। (১)

তাদর্থ্য বুঝাইলে, প্রকৃতি-বাচক সুবন্ত পদের সহিত বিকৃতি-বাচক চতুর্থ্যন্ত পদের সমাস হয়। যথা,—কুণ্ডলায় হিরণ্যম্ কুণ্ডলহিরণ্যম্ (gold for ear-ring), যূপায় দারু যূপদারু (wood for a sacrificial post). (১)

১৫। পঞ্চমী ভয়াদিভিঃ। (২)

ভয় প্রভৃতি সুবন্ত পদের সহিত পঞ্চম্যন্ত পদের সমাস হয়। যথা,—

---

† বিশিষ্ট অর্থে কৃত্যপ্রত্যয়ান্ত শব্দের সহিত তৃতীয়াতৎপুরুষ সমাস হয় (কৃত্যৈরধিকার্থবচনে)। যথা,—কাকপেয়া নদ। 'অন্নেন ব্যঞ্জনম্' সূত্রে দধ্না ওদনঃ দধ্যোদনঃ।

(১) **চতুর্থী তদর্থার্থবলিহিতসুখরক্ষিতৈঃ।** অর্থেন নিত্যসমাসো বিশেষ্য-লিঙ্গতা চেতি বক্তব্যম্। (বা)। নিত্যসমাস বলিয়া 'দ্বিজায় অয়ম্, ইয়ম্ অথবা ইদম্' এইরূপে ভিন্ন পদ দ্বারা বিগ্রহ বাক্য হইবে।

তদর্থেন প্রকৃতিবিকৃতিভাবে সমাসোঽয়মিষ্যতে। অশ্বঘাসঃ, ধর্ম্মপত্নী, ধনেচ্ছা প্রভৃতি স্থলে প্রকৃতি-বিকৃতিভাব না থাকায় ষষ্ঠীতৎপুরুষ সমাস হইয়াছে। এইরূপ সমাসকে বলা হয় **'অশ্বঘাসাদিবৎ তাদর্থ্যে ষষ্ঠী-সমাসঃ'**।

(২) **পঞ্চমী ভয়েন। ভয়ভীতভীতিভীভিরিতি বাচ্যম্। অপেতাপোঢ়মুক্তপতিতাপত্রস্তৈরল্পশঃ** (অপোঢ়=carried away)। পাণিনি মতে 'চোরত্রস্তঃ', 'ভোগোপরতঃ' ইত্যাদি সুপ্‌সুপা সমাস।

৩৮

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ব্যাঘ্রাৎ ভয়ম্ ব্যাঘ্রভয়ম্ (fear from a tiger), ব্যাঘ্রাৎ ভীতঃ ব্যাঘ্রভীতঃ, ব্যাঘ্রাৎ ভীঃ ব্যাঘ্রভীঃ, ব্যাঘ্রাৎ ভীতিঃ ব্যাঘ্রভীতিঃ, সুখাৎ অপেতঃ সুখাপেতঃ (deprived of happiness), বন্ধনাৎ মুক্তঃ বন্ধনমুক্তঃ, রথাৎ পতিতঃ রথপতিতঃ, তরঙ্গাৎ অপত্রস্তঃ (afraid) তরঙ্গাপত্রস্তঃ।

১৬। ষষ্ঠী সমর্থেন। (১)

সমর্থ সুবন্ত পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয়। যথা,—গঙ্গায়াঃ জলম্ গঙ্গাজলম্ (water of the Ganges), তরোঃ ছায়া তরুচ্ছায়া (shade of the tree), অগ্নেঃ শিখা অগ্নিশিখা, বায়োঃ বেগঃ বায়ুবেগঃ, জলস্য প্রবাহঃ জলপ্রবাহঃ, সুখস্য ভোগঃ সুখভোগঃ, পয়সঃ পানম্ পয়ঃপানম্, কন্যায়াঃ দানম্ কন্যাদানম্, গবাম্ দোহঃ গোদোহঃ (milking of cows), আজ্ঞায়াঃ ভঙ্গঃ আজ্ঞাভঙ্গঃ, দশায়াঃ অন্তঃ দশান্তঃ, সূর্য্যস্য উদয়ঃ সূর্য্যোদয়ঃ, বৃষ্টেঃ পাতঃ বৃষ্টিপাতঃ, শিরসঃ ছেদঃ শিরশ্ছেদঃ, গবাম্ বধঃ গোবধঃ, পিতুঃ গৃহম্ পিতৃগৃহম্, রাজ্ঞঃ ভবনম্ রাজভবনম্, মনোঃ বচনম্ মনুবচনম্, অর্থস্য নাশঃ অর্থনাশঃ, কূপস্য উদকম্ কূপোদকম্।

১৭। ন নির্দ্ধারণে। (পা)

নির্দ্ধারণ অর্থে বিহিত ষষ্ঠীর সমাস হয় না। যথা,—মনুষ্যাণাং ক্ষত্রিয়ঃ শূরঃ, গবাং কৃষ্ণা বহুক্ষীরা। (২)

১৮। ন পূরণার্থৈঃ। (৩)

পূরণার্থ পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা,—রাজ্ঞাম্ প্রথমঃ, পুত্রয়োঃ দ্বিতীয়ঃ, ভ্রাতৃণাম্ তৃতীয়ঃ, শিষ্যাণাম্ চতুর্থঃ, ছাত্রাণাম্ পঞ্চমঃ।

---

(১) ষষ্ঠী।

(২) কৈয়টের মতে যাহা হইতে নির্দ্ধারণ হয়, যাহার নির্দ্ধারণ হয়, এবং যাহা নির্দ্ধারণের হেতু—এই তিনটি বিদ্যমান থাকিলে সমাসের নিষেধ হয়। সুতরাং 'পুরুষোত্তমঃ' ইত্যাদি পদ ব্যাকরণসম্মত, কারণ এখানে নির্দ্ধারণের হেতুর উল্লেখ নাই। মতান্তরে 'পুরুষোত্তমঃ' পদ কর্ম্মধারয়-সমাসনিষ্পন্ন (উত্তমঃ পুরুষঃ, রাজদন্তাদি)। অনেকের মতে ষষ্ঠীসমাসের নিষেধ পক্ষে সপ্তমী সমাস হয়।

(৩) পূরণগুণসুহিতার্থসদব্যয়তব্যসমানাধিকরণেন।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৯। ন গুণবাচিভিঃ। (১)

গুণ-বাচক পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা,—পটস্য শৌক্ল্যম্, কোকনদস্য লৌহিত্যম্, আকাশস্য নীলিমা, দ্রাক্ষায়াঃ মাধুর্য্যম্। কোনও কোনও স্থলে হয়। যথা,—অর্থস্য গৌরবম্ অর্থগৌরবম্ (২), বুদ্ধেঃ মান্দ্যম্ বুদ্ধিমান্দ্যম্, অর্থস্য কার্শ্যম্ অর্থকার্শ্যম্।

২০। ন তৃপ্ত্যর্থৈঃ। (১)

তৃপ্ত্যর্থ (সুহিতার্থ) পদের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা,—অপাম্ তৃপ্তঃ, ফলানাম্ সুহিতঃ (satiated with fruits), অন্নস্য আশিতঃ (satisfied with food). (৩)

২১। ন তৃজকাভ্যাং যাজকাদিবর্জ্জম্। (৪)

তৃচ্ ও অক প্রত্যয়ের যোগে নিষ্পন্ন শব্দের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা,—তৃচ্—জগতঃ স্রষ্টা, সুখস্য দাতা, দুঃখস্য হর্ত্তা; অক—প্রজানাম্ পালকঃ, বৃক্ষাণাম্ ছেদকঃ, শত্রূণাম্ ঘাতকঃ। যাজকাদির হয়। যথা,—শূদ্রযাজকঃ, দেবপূজকঃ, রাজপরিচারকঃ, বেদাধ্যাপকঃ, সর্ব্বোৎসাহকঃ, দেবস্নাতকঃ, জলপরিষেচকঃ, গুণগ্রাহকঃ, ভুবনভর্ত্তা, ভূভর্ত্তা, হবির্হোতা।

(ক) **ক্তেন চ পূজায়াম্**।—'মতিবুদ্ধিপূজার্থেভ্যশ্চ'—এই সূত্র দ্বারা বর্ত্তমান-কাল-বিহিত ক্ত-প্রত্যয়ান্ত শব্দের ষষ্ঠীসমাস হয় না, কিন্তু অতীতকাল বুঝাইলে তৃতীয়া-

(১) **পূরণগুণসুহিতার্থসদব্যয়তব্যসমানাধিকরণেন।**

(২) অনিত্যোঽয়ং গুণেন নিষেধঃ 'তদশিষ্যং সংজ্ঞাপ্রমাণত্বাৎ' ইত্যাদি নির্দ্দেশাৎ (ভট্টোজি দীক্ষিত)। নাগেশ 'অর্থগতং গৌরবম্' এইভাবে শাক-পার্থিবাদি সমাস দ্বারা শব্দগুলি নিষ্পন্ন করেন। অনেকের মতে যে শব্দ বিশেষণ এবং গুণবাচক বিশেষ্য উভয়-রূপে প্রযুক্ত হইতে পারে, সেগুলিরই ষষ্ঠী সমাস নিষেধ। যেমন,—শুক্লঃ (white) পটঃ, পটস্য শুক্লম্ (whiteness). 'গুণোত্তরেণ তরলোপশ্চেতি বক্তব্যম্' (বা)। সর্ব্বেষাং মহত্তরঃ সর্ব্বমহান্।

(৩) তৃতীয়াতৎপুরুষ সমাস হইতে পারে।

(৪) **তৃজকাভ্যাং কর্ত্তরি। যাজকাদিভিশ্চ।** আবার কারক-ষষ্ঠী না ধরিয়া শেষ-ষষ্ঠী ধরিলেও সমাস হইতে পারে। যথা,—জগৎস্রষ্টা, প্রজাপালকঃ ইত্যাদি।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

তৎপুরুষ সমাস হয়। যথা,—স রাজ্ঞাং পূজিতঃ (he is honoured by kings), স রাজভিঃ পূজিতঃ, রাজপূজিতঃ (he was honoured by kings). (১)

(খ) **অধিকরণবাচিনা চ।**—অধিকরণবাচ্যে বিহিত ক্ত-প্রত্যয়ান্ত শব্দের সহিত ষষ্ঠীতৎপুরুষ সমাস হয় না। যথা,—ইদম্ এষাম্ আসিতম্।

(গ) **কর্ম্মণি চ।**—'উভয়প্রাপ্তৌ কর্ম্মণি' সূত্রদ্বারা বিহিত ষষ্ঠীর সমাস হয় না। যথা,—আশ্চর্য্যো গবাং দোহোঽগোপেন। 'পয়ঃপানং ভুজঙ্গানাম্'—এস্থলে পয়সঃ পানম্ এইরূপে শেষ-ষষ্ঠীর সমাস করিতে হইবে। অথবা, 'ভুজঙ্গানাম্' শেষ-ষষ্ঠী স্বীকার করিতে হইবে।

২২। সপ্তমী শৌণ্ডাদিভিঃ। (২)

শৌণ্ড প্রভৃতি শব্দের সহিত সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা,—দানে শৌণ্ডঃ দানশৌণ্ডঃ (exceedingly liberal), শাস্ত্রে প্রবীণঃ শাস্ত্রপ্রবীণঃ, রণে পণ্ডিতঃ রণপণ্ডিতঃ, ক্রীড়ায়াম্ কুশলঃ ক্রীড়াকুশলঃ, কর্ম্মসু নিপুণঃ কর্ম্মনিপুণঃ, আতপে শুষ্কঃ আতপশুষ্কঃ, স্থাল্যাম্ পক্বঃ স্থালীপক্বঃ।

২৩। কৃত্যৈ র্ঋণে। (পা)

ঋণ বুঝাইলে, কৃত্য-প্রত্যয়-নিষ্পন্ন (৩) শব্দের সহিত সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা,—মাসে দেয়ম্ মাসদেয়ম্ ঋণম্, বর্ষে পরিশোধ্যম্ বর্ষপরিশোধ্যম্ (payable in a year).

২৪। ক্তেনাহোরাত্রাবয়বাঃ। (পা)

ক্ত-প্রত্যয়-নিষ্পন্ন শব্দের সহিত দিন ও রাত্রির অবয়ব-বোধক সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা,—পূর্ব্বাহ্নে কৃতম্ পূর্ব্বাহ্নকৃতম্, অপরাহ্নে কৃতম্ অপরাহ্নকৃতম্, পূর্ব্বরাত্রে কৃতম্ পূর্ব্বরাত্রকৃতম্।

---

(১) রাজমতঃ ইতি তু সম্বন্ধষষ্ঠ্যাঃ কর্ত্তৃতৃতীয়ায়া বা সমাসঃ (জুমর)।

(২) **সপ্তমী শৌণ্ডৈঃ। সিদ্ধশুষ্কপক্কবন্ধৈশ্চ।** শৌণ্ডাদি—শৌণ্ড, ধূর্ত্ত, কিতব, প্রবীণ, সংবীত, পটু, পণ্ডিত, কুশল, চপল, নিপুণ ইত্যাদি।

(৩) যৎপ্রত্যয় এব কৃত্যোঽত্র বিবক্ষিত ইতি ভাষ্যম্। সুতরাং পূর্ব্বাহ্নে দাতব্যা ভিক্ষা এখানে সমাস হইবে না।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৫। কুৎসায়াং কাকবাচিনা। (১)

নিন্দা বুঝাইলে, কাক-বাচক সুবন্ত পদের সহিত সপ্তম্যন্ত পদের সমাস হয়। যথা,—তীর্থে কাক ইব তীর্থকাকঃ, তীর্থবায়সঃ, তীর্থধ্বাঙ্ক্ষঃ (a pupil that often changes his teachers or one unsettled in actions), অনবস্থিতঃ ইত্যর্থঃ।

২৬। পূর্ব্বাদিরেকদেশিনৈকবচনে। (২)

একবচনান্ত অবয়বীর সহিত পূর্ব্ব, অপর, অধর, উত্তর, ইহাদের সমাস হয়। এইগুলির নাম **একদেশী** সমাস। এইস্থলে ষষ্ঠীতৎপুরুষ হয় না। যথা,—পূর্ব্বম্ কায়স্য পূর্ব্বকায়ঃ (the fore-part of the body); এইরূপ, অপরকায়ঃ, অধরকায়ঃ, উত্তরকায়ঃ। একবচন না হইলে হয় না। যথা,—পূর্ব্বম্ ছাত্রাণাম্ আমন্ত্রয়স্ব।

২৭। অর্দ্ধং নপুংসকম্। (পা)

একবচনান্ত অবয়বীর সহিত ক্লীবলিঙ্গ অর্দ্ধ (exact half) শব্দের সমাস হয়। যথা,—অর্দ্ধম্ পিপ্পল্যাঃ অর্দ্ধপিপ্পলী (half of a long pepper). অন্য লিঙ্গে হয় না। যথা,—গ্রামস্য অর্দ্ধঃ (part). একবচন না হইলে হয় না। যথা,—অর্দ্ধম্ পিপ্পলীনাম্। *

২৮। কালাঃ পরিমাণিনা। (পা)

পরিচ্ছেদ্য-বাচক পদের সহিত কাল-বাচক পদের সমাস হয়। যথা,—মাসো জাতস্য মাসজাতঃ (born a month ago), বর্ষং মৃতস্য বর্ষমৃতঃ (dead a year ago).

---

(১) ধ্বাঙ্ক্ষেণ ক্ষেপে।

(২) পূর্ব্বাপরাধরোত্তরমেকদেশিনৈকাধিকরণে। (ষষ্ঠ্যন্ত পদের সহিত একদেশ-বাচকের সমাস হইলে, তাহাকে **একদেশী সমাস** বলে।)

* বা পুংস্যর্দ্ধোঽর্দ্ধং সমেঽংশকে (অমরকোষ)। অংশ বুঝাইতে অর্দ্ধঃ অর্দ্ধম্। কিন্তু ঠিক অর্দ্ধেক বুঝাইতে শুধু অর্দ্ধম্। সুতরাং এখানে ক্লীবলিঙ্গে ঠিক অর্দ্ধেক অর্থই বুঝাইবে। অংশ বুঝাইলে ষষ্ঠীতৎ, গ্রামস্য অর্দ্ধঃ, অর্দ্ধম্—গ্রামার্দ্ধঃ, গ্রামার্দ্ধম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৯। একদেশবাচিনা চ।

একদেশ-বাচক পদের সহিত কাল-বাচক পদের সমাস হয়।

[কেচিত্তু সর্ব্ব একদেশঃ কালেন সমস্যতে ন ত্বহ্নৈব—সিঃ কৌঃ]

৩০। অহ্নোঽহ্ন একদেশাৎ। (১)

একদেশ-বাচক পদের পরবর্ত্তী অহন্ শব্দ-স্থানে অহ্ন (সমাসান্ত অচ্-প্রত্যয়ে নিষ্পন্ন) হয়। যথা,—পূর্ব্বম্ অহ্নঃ পূর্ব্বাহ্নঃ (fore-noon), মধ্যম্ অহ্নঃ মধ্যাহ্নঃ (mid-day), অপরম্ অহ্নঃ অপরাহ্নঃ (after-noon), সায়ম্ অহ্নঃ সায়াহ্নঃ (evening).

৩১। রাত্র রন্। (১)

একদেশ-বাচক শব্দের পরবর্ত্তী রাত্রি শব্দের উত্তর অন্ (অচ্) হয়; ন্ ইৎ, অ থাকে। যথা,—পূর্ব্বম্ রাত্রেঃ পূর্ব্বরাত্রঃ (the fore-part of the night), মধ্যম্ রাত্রেঃ মধ্যরাত্রঃ, পশ্চিমম্ রাত্রেঃ পশ্চিমরাত্রঃ, অপরম্ রাত্রেঃ অপররাত্রঃ (the latter part of the night).

৩২। বিভাষা দ্বিতীয়-তৃতীয়-চতুর্থ-তুর্য্যাণি। (২)

ষষ্ঠ্যন্ত অবয়বীর সহিত দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, তুর্য্য, ইহাদের বিকল্পে সমাস হয়। যথা,—দ্বিতীয়ং ভিক্ষায়াঃ দ্বিতীয়ভিক্ষা (half the quantity of alms), তৃতীয়ম্ ভিক্ষায়াঃ তৃতীয়ভিক্ষা, চতুর্থম্ ভিক্ষায়াঃ চতুর্থভিক্ষা, তুর্য্যং ভিক্ষায়াঃ তুর্য্যভিক্ষা। পক্ষে ষষ্ঠীতৎপুরুষ সমাস। যথা,—ভিক্ষায়াঃ দ্বিতীয়ম্ ভিক্ষাদ্বিতীয়ম্। এইরূপ, ভিক্ষাতৃতীয়ম্, ভিক্ষাচতুর্থম্, ভিক্ষাতুর্য্যম্।

৩৩। অলং চতুর্থ্যা পুংবচ্চ। (৩)

চতুর্থ্যন্ত পদের সহিত, অলম্ এই অব্যয়ের সমাস ও চতুর্থ্যন্ত স্ত্রীলিঙ্গ

(১) অহঃসর্ব্বৈকদেশসংখ্যাত-পুণ্যাচ্চ রাত্রেঃ। (অচ্)। অহ্নোঽহ্ন এতেভ্যঃ। সর্ব্ব, সংখ্যাত, অব্যয়, সংখ্যাবাচী শব্দ ও একদেশবাচী শব্দের পর অহন্ শব্দের অহ্ন আদেশ হয়। অহ্ন না হইলে একদেশ বুঝাইবে না। যথা,—পূর্ব্বাহ্নঃ (the previous day).

(২) দ্বিতীয়-তৃতীয়-চতুর্থ-তুর্য্যাণ্যন্যতরস্যাম্।

(৩) 'দ্বিগু-প্রাপ্তাপন্নালম্' ইত্যাদি সূত্রাজ্ জ্ঞাপকাৎ সমাসঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

পদের পুংবদ্ভাব হয়। যথা,—অলম্ জীবিকায়ৈ অলংজীবিকঃ (sufficient for livelihood).

৩৪। অত্যাদয়ঃ ক্রান্তাদৌ দ্বিতীয়য়া। (১)

ক্রান্ত প্রভৃতি অর্থে, দ্বিতীয়ান্ত পদের সহিত অতি প্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ দ্বিতীয়ান্ত পদের পুংবদ্ভাব হয় (ক)। যথা,—অতিক্রান্তঃ খট্বাম্ অতিখট্বঃ, উৎক্রান্তো বেলাম্ উদ্বেলঃ (overflowing the shore; excessive).

৩৫। অবাদয়ঃ ক্রুষ্টাদৌ তৃতীয়য়া। (২)

ক্রুষ্ট প্রভৃতি অর্থে, তৃতীয়ান্ত পদের সহিত অব প্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ তৃতীয়ান্ত পদের পুংবদ্ভাব হয় (ক)। যথা,—অবক্রুষ্টঃ কোকিলয়া অবকোকিলঃ (what is declared by the cuckoo, *i. e.*, spring).

৩৬। পর্য্যাদয়ো গ্লানাদৌ চতুর্থ্যা। (৩)

গ্লান প্রভৃতি অর্থে, চতুর্থ্যন্ত পদের সহিত পরি প্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ চতুর্থ্যন্ত পদের পুংবদ্ভাব হয় (ক)। যথা,—পরিগ্লানঃ অধ্যয়নায় পর্য্যধ্যয়নঃ (weary of study), পরিগ্লানঃ সেবায়ৈ পরিষেবঃ।

৩৭। নিরাদয়ঃ ক্রান্তাদৌ পঞ্চম্যা। (৪)

ক্রান্ত প্রভৃতি অর্থে, পঞ্চম্যন্ত পদের সহিত নির্ প্রভৃতির সমাস ও স্ত্রীলিঙ্গ পঞ্চম্যন্ত পদের পুংবদ্ভাব হয় (ক)। যথা,—নিষ্ক্রান্তঃ কৌশাম্ব্যাঃ নিষ্কৌশাম্বিঃ (departed from Kaushambi), উত্থিতো নিদ্রায়াঃ উন্নিদ্রঃ।

---

(১) **অত্যাদয়ঃ ক্রান্তাদ্যর্থে দ্বিতীয়য়া।** (বা)। ৩৪—৩৭ সূত্র দ্বারা নিষ্পন্ন সমাসকে **প্রাদিতৎপুরুষ** বলে। গত প্রভৃতি অর্থে প্র প্রভৃতি শব্দের প্রথমান্ত পদের সহিতও সমাস হয় (প্রাদয়ো গতাদ্যর্থে প্রথময়া)। যথা,—সুগতঃ গন্ধঃ—সুগন্ধঃ, প্রগতঃ আচার্য্যঃ—প্রাচার্য্যঃ। এইজন্য ৫১—৪৩ সূত্রনিষ্পন্ন সমাসও প্রাদিতৎপুরুষ।

(ক) 'একবিভক্তি চাপূর্ব্বনিপাতে'—এই সূত্র-অনুসারে উপসর্জ্জন সংজ্ঞা হওয়াতে 'গোস্ত্রিয়োরুপসর্জ্জনস্য' এই সূত্রে হ্রস্বত্ব।

(২) **অবাদয়ঃ ক্রুষ্টাদ্যর্থে তৃতীয়য়া।** (বা)।

(৩) **পর্য্যাদয়ো গ্লানাদ্যর্থে চতুর্থ্যা।** (বা)।

(৪) **নিরাদয়ঃ ক্রান্তাদ্যর্থে পঞ্চম্যা।** (বা)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩৮। সামি-স্বয়মৌ ক্তেন। (১)

ক্ত-প্রত্যয়-নিষ্পন্ন সুবন্ত পদের সহিত সামি ও স্বয়ম্, এই দুই অব্যয়ের সমাস হয়। যথা,—সামিকৃতম্ (done half), সামিঘটিতম্, স্বয়ংকৃতম্, স্বয়ন্দত্তম্।

৩৯। নঞ্ সুপা। (২)

সুবন্ত পদের সহিত নঞের সমাস হয়। যথা,—ন ব্রাহ্মণঃ অব্রাহ্মণঃ, ন মোঘঃ অমোঘঃ (not fruitless), ন প্রিয়ঃ অপ্রিয়ঃ, ন বিকৃতঃ অবিকৃতঃ, ন সিদ্ধঃ অসিদ্ধঃ, ন সুখম্ অসুখম্, ন দর্শনম্ অদর্শনম্, ন উপলম্ভঃ অনুপলম্ভঃ, ন একম্ অনেকম্।

৪০। ঈষদকৃতা। (পা)। ঈষদ্গুণবচনেনেতি বাচ্যম্। (বা)

কৃদন্ত ভিন্ন (গুণবাচক) সুবন্ত পদের সহিত ঈষৎ এই অব্যয়ের সমাস হয়। যথা,—ঈষৎকড়ারঃ (of a slight yellowish brown colour), ঈষৎপিঙ্গলঃ (slightly pink), ঈষদ্বিকচঃ, ঈষন্মুকুলিতঃ। (৩)

৪১। আঙীষদর্থে। ৪)

ঈষদর্থ বুঝাইলে, সুবন্ত পদের সহিত আঙ্ এই অব্যয়ের (প্রাদি) সমাস হয়। আঙ্ প্রাদিগণের অন্তর্ভুক্ত বলিয়া ইহাকে প্রাদি সমাস বলা

---

(১) স্বয়ং ক্তেন। সামি। তৎপুরুষ হইলেও বিশেষ নাম না থাকায় সুপ্সুপা।

(২) নঞ্। নঞের ছয়টি বিভিন্ন অর্থ হয়। যথা,—

(১) তৎসাদৃশ্যম্ (২) অভাবশ্চ (৩) তদন্যত্বং (৪) তদল্পতা।
(৫) অপ্রাশস্ত্যং (৬) বিরোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ॥

ক্রমিক উদাহরণ :—(১) অব্রাহ্মণঃ (ব্রাহ্মণসদৃশঃ), (২) অপাপম্ (পাপাভাবঃ—অভাব অর্থে বিকল্পে অব্যয়ীভাব হয়), (৩) অঘটঃ (ঘটভিন্নং দ্রব্যম্), (৪) অনুদরা (অল্পোদরী, বহুব্রী), (৫) অকার্য্যম্ (অপ্রশস্ত-কার্য্যম্), (৬) অসুরঃ (সুরবিরোধী)। (সাধারণ নিয়মের ৬—৭ সূত্র দ্রষ্টব্য)।

'নঞস্তৎপুরুষাৎ'—এই সূত্রে সমাসান্ত নিষেধ হেতু—অসখা, অরাজা। 'পথো বিভাষা' সূত্রে—অপথম্, অপন্থাঃ। কিন্তু বহুব্রীহি সমাসে—অপথঃ দেশঃ।

(৩) অবিহিতলক্ষণ তৎপুরুষ বলিয়া এইরূপ সমাসকে সহসুপা বা সুপ্সুপা বলা যায়।

(৪) কুগতিপ্রাদয়ঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

হয়। যথা,—আমধুরঃ (sweetish), আপিঙ্গলঃ (yellowish), আপাণ্ডুরঃ (whitish), আলোহিতঃ (reddish).

৪২। স্বতী পূজায়াম্। (১)

প্রশংসা অর্থ বুঝাইলে, সুবন্ত পদের সহিত সু, অতি, এই দুই অব্যয়ের (প্রাদি) সমাস হয়। যথা,—সুপুরুষঃ, সুব্রাহ্মণঃ, অতিমৃদুঃ, অতিদয়ালুঃ।

৪৩। দুর্নিন্দায়াম্। (১)

নিন্দা অর্থ বুঝাইলে, সুবন্ত পদের সহিত দুর্ এই অব্যয়ের (প্রাদি) সমাস হয়। যথা,—দুষ্কুলম্, দুর্নীতিঃ, দুশ্চরিতম্, দুষ্পুরুষঃ।

৪৪। কুঃ পাপার্থে। (১)

কুৎসিত অর্থ বুঝাইলে, সুবন্ত পদের সহিত কু এই অব্যয়ের (সুপ্সুপা বা নিত্য) সমাস হয়। যথা,—কুব্রাহ্মণঃ, কুপুরুষঃ, কুসংস্কারঃ (prejudice).

উপপদতৎপুরুষ

৪৫। ধাতুস্থিদুপপদানি। (২)

ধাতুর সহিত উপপদের (৩) সমাস হয়। যথা,—কুম্ভকারঃ, প্রভাকরঃ, নিশাকরঃ, হিতকরঃ, প্রীতিকরঃ, অগ্রসরঃ, জলচরঃ, পার্শ্বচরঃ (an attendant), শিলাশয়ঃ, সরসিজম্, পঙ্কজম্, অণ্ডজঃ, জলজঃ, পতগঃ, ভুজঙ্গঃ

গতিসমাস

৪৬। উপসর্গাশ্চ। (১)

ধাতুর সহিত উপসর্গের (ক) সমাস হয়। যথা,—সম্—সংস্করোতি, সংস্কারঃ, সংস্কৃত্য; বি—বিজয়তে, বিজয়ঃ, বিজিত্য; অভি—অভিষিঞ্চতি, অভিষেকঃ, অভিষিচ্য; আ—আরভতে, আরম্ভঃ, আরভ্য।

---

(১) কুগতিপ্রাদয়ঃ। সর্ব্বসমাস-সাধারণ বিধির ২৭—৩২ সূত্র দ্রষ্টব্য।

(ক) উপসর্গাঃ ক্রিয়াযোগে। গতিশ্চ।

(২) উপপদমতিঙ্। (গতিকারকোপপদানাং কৃদ্ভিঃ সহ সমাসবচনং প্রাক্‌সুবুৎপত্তেঃ—পরিভাষা সূত্র)।

(৩) যে সকল সুবন্ত পদের পরবর্ত্তী ধাতুর উত্তর কৃৎ-প্রত্যয় বিহিত হয় (যেমন কর্ম্মবাচক উপপদের পর ধাতুর উত্তর অণ্ প্রত্যয় হয়, অধিকরণবাচক উপপদের পর চর্ ধাতুর উত্তর ট হয়, ইত্যাদি), তাহাদিগকে উপপদ বলে (তত্রোপপদং সপ্তমীস্থম্)। কুম্ভকারঃ, এস্থলে কুম্ভম্ এই উপপদের সহিত কৃ ধাতুর সমাস হইয়া কুম্ভকৃ এইরূপ হইলে অণ হয়। এইরূপ সর্ব্বত্র।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৪৭। ঊর্য্যাদি-চ্বি-ডাচশ্চ। (পা)

ধাতুর সহিত ঊরী প্রভৃতি (১) শব্দের এবং চ্বি ও ডাচ্ প্রত্যয়ের সমাস হয়। যথা,—ঊরী—ঊরীকরোতি (accepts), ঊরীকরণম্, ঊরীকৃত্য †; আবিস্—আবিষ্করোতি, আবিষ্ক্রিয়া (discovery, invention), আবিষ্কৃত্য; প্রাদুস্—প্রাদুর্ভবতি, প্রাদুর্ভাবঃ, প্রাদুর্ভূয়। চ্বি—স্বীকরোতি, স্বীকারঃ, স্বীকৃত্য; ভস্মীভবতি, ভস্মীভাবঃ, ভস্মীভূয়; ডাচ্—সময়াকরোতি, সময়াকরণম্, সময়াকৃত্য; দুঃখাকরোতি, দুঃখাকরণম্, দুঃখাকৃত্য।

৪৮। অনুকরণঞ্চানিতিপরম্। (পা)

ধাতুর সহিত অনুকরণ শব্দের সমাস হয়। যথা,—খাট্‌করোতি, খাট্‌করণম্, খাট্‌কৃত্য; দ্রাঙ্করোতি, দ্রাঙ্ক্রিয়া, দ্রাঙ্কৃত্য। ইতি শব্দ পরে থাকিলে হয় না। যথা,—খাড়িতি কৃত্বা নিষ্ঠীবতি (spits), দ্রামিতি কৃত্বা পতিতঃ।

৪৯। আদরানাদরয়োঃ সদসতী। (পা)

যথাক্রমে, আদর ও অনাদর অর্থে, ধাতুর সহিত সৎ ও অসৎ শব্দের সমাস হয়। যথা,—সৎকরোতি, সৎকারঃ (reverence, hospitality), সৎকৃত্য; অসৎকরোতি, অসৎক্রিয়া, অসৎকৃত্য।

৫০। অলং ভূষণে। (২)

ভূষণ অর্থ বুঝাইলে, ধাতুর সহিত অলম্ শব্দের সমাস হয়। যথা,—অলঙ্করোতি, অলঙ্করণম্, অলঙ্কৃত্য।

৫১। অন্তরপরিগ্রহে। (পা)

ধাতুর সহিত অন্তর্ শব্দের সমাস হয়। যথা,—অন্তর্ভবতি, অন্তর্ভাবঃ, অন্তর্ভূয়। পরিগ্রহ অর্থে হয় না। যথা,—অন্তর্হত্বা গতঃ, হতং পরিগৃহ্য গত ইত্যর্থঃ।

---

† গতিসমাস হইলেই ক্ত্বা স্থানে ল্যপ্ হয় (সমাসেঽনঞ্পূর্ব্বে ক্ত্বো ল্যপ্)।

(১) ঊরী, উররী, আবিস্, প্রাদুস্, স্বধা, স্বাহা, বষট্, বৌষট্ ইত্যাদি। তদ্ধিতের ২৯৬—৩১৪ সূত্র দ্রষ্টব্য।

(২) ভূষণেঽলম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৫২। **पुरोऽव्ययम्।** (পা)

ধাতুর সহিত পুরস্ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা,—পুরস্করোতি (places in front), পুরস্কারঃ, পুরস্কৃত্য।

৫৩। **अस्तं च।** (পা)

ধাতুর সহিত অস্তম্ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা,—অস্তঙ্গচ্ছতি, অস্তঙ্গতঃ (set), অস্তঙ্গত্য।

৫৪। **अच्छ च वदगत्यर्थैः।** (১)

বদ্ ধাতু ও গত্যর্থ ধাতুর সহিত অচ্ছ (towards) এই অব্যয় শব্দের সমাস হয়। যথা,—অচ্ছবদতি, অচ্ছোদ্য ; অচ্ছগচ্ছতি (goes near), অচ্ছগত্য ; অভিমুখম্ উক্ত্বা গত্বা চ ইত্যর্থঃ।

৫৫। **अन्तर्द्धौ तिरः।** (২)

অন্তর্দ্ধি অর্থাৎ ব্যবধান বুঝাইলে, ধাতুর সহিত তিরস্ এই অব্যয় শব্দের সমাস হয়। যথা,—তিরোভবতি, তিরোভাবঃ, তিরোভূয়।

৫৬। **विभाषा कृञि।** (৩)

কৃ ধাতুর সহিত তিরস্ এই অব্যয় শব্দের বিকল্পে সমাস হয়। যথা,—তিরস্কৃত্য, তিরঃকৃত্য (ক), তিরঃ কৃত্বা।

৫৭। **साक्षात्प्रभृतीनि च।** (পা)

কৃ ধাতুর সহিত সাক্ষাৎ প্রভৃতি (৪) শব্দের বিকল্পে সমাস হয়। যথা,—সাক্ষাৎকৃত্য, সাক্ষাৎ কৃত্বা ; নমস্কৃত্য, নমঃ কৃত্বা ; বশেকৃত্য, বশে কৃত্বা ; মিথ্যাকৃত্য, মিথ্যা কৃত্বা।

---

(১) **অচ্ছ গত্যর্থবদেষু।**

(২) **তিরোঽন্তর্দ্ধৌ** অন্য অর্থে সমাস হয় না। যথা,—তিরো (apart) ভূত্বা স্থিতং কান্তম্। ভৎর্সনা অর্থে সমাস হয় ('তিরস্কৃত ইতি পরিভূতে অন্তর্দ্ধ্যুপচারাৎ' —বামনঃ)।

(৩) **বিভাষা কৃঞি।**

(ক) **তিরসোঽন্যতরস্যাম্।**

(৪) সাক্ষাৎ, মিথ্যা, নমস্, প্রাদুস্, অর্থে, বশে, অমা, অদ্ধা, উষ্ণম্, শীতম্, আর্দ্রম্, বিকসনে, প্রহসনে ইত্যাদি।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৫৮। অনুপশ্লেষ উরসি-মনসী। (১)

কৃ ধাতুর সহিত উরসি, মনসি, এই দুই সপ্তম্যন্ত শব্দের বিকল্পে সমাস হয়। যথা,—উরসিকৃত্য (having accepted), উরসি কৃত্বা, স্বীকৃত্যেত্যর্থঃ। মনসিকৃত্য (having resolved), মনসি কৃত্বা, নিশ্চিত্যেত্যর্থঃ। উপশ্লেষ অর্থাৎ সংযোগ অর্থে হয় না। যথা,—উরসি শয়িত্বা (sleeping on the breast).

৫৯। মধ্যে পদে নিবচনে চ। (পা)

কৃ ধাতুর সহিত মধ্যে, পদে, নিবচনে, এই তিন সপ্তম্যন্ত পদের বিকল্পে সমাস হয়। যথা,—মধ্যেকৃত্য, মধ্যে কৃত্বা; পদেকৃত্য, পদে কৃত্বা; নিবচনেকৃত্য (being silent), নিবচনে কৃত্বা। উপশ্লেষ (একদেশ-সংযোগ) অর্থে হয় না। যথা,—শ্বা মস্তকং পদে কৃত্বা শেতে।

৬০। নিত্যং হস্তে পাণাবুপযমনে। (পা)

বিবাহ অর্থ বুঝাইলে, কৃ ধাতুর সহিত হস্তে, পাণৌ, এই দুই সপ্তম্যন্ত পদের নিত্য সমাস হয়। যথা,—হস্তেকৃত্য, পাণৌকৃত্য (having married), দারকর্ম্ম কৃত্বেত্যর্থঃ (ক)।

কর্ম্মধারয়

৬১। তৎপুরুষঃ সমানাধিকরণপদঃ কর্ম্মধারয়ঃ। (২)

যে তৎপুরুষ সমাসে সমস্যমান পদ সকল সমানাধিকরণ অর্থাৎ বিশেষ্য-বিশেষণ-ভাবাপন্ন, অথবা অভেদ-সম্বন্ধে একার্থ-প্রতিপাদক হয়, তাহাকে কর্ম্মধারয় সমাস (Appositional Compound) বলে।

৬২। বিশেষণং বিশেষ্যেণ। (৩)

বিশেষ্য পদের সহিত বিশেষণ পদের সমাস হয় (৪)। যথা,—নীলম্

(১) অনভ্যাধান উরসি-মনসী। (ক) কেহ কেহ বলেন গ্রহণ করা অর্থ।

(২) তৎপুরুষঃ সমানাধিকরণঃ কর্ম্মধারয়ঃ।

(৩) বিশেষণং বিশেষ্যেণ বহুলম্।

(৪) একই পদের বিশেষণরূপে প্রযুক্ত একাধিক বিশেষণের কর্ম্মধারয় সমাস হয়। যথা,—হৃষ্টানি চ তানি পুষ্টানি চ ইতি হৃষ্টপুষ্টানি, কর্ম্মধারয়। পাণিনি-সূত্রে বহুল শব্দটি থাকাতে কোন কোন স্থলে নিত্যসমাস হয়। যথা,—কৃষ্ণসর্পঃ (cobra). আবার কোন কোন স্থলে সমাস হয় না। যথা,—রামঃ জামদগ্ন্যঃ, অর্জ্জুনঃ কার্ত্তবীর্য্যঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

উৎপলম্ নীলোৎপলম্, শীতঃ পবনঃ শীতপবনঃ, উষ্ণম্ উদকম্ উষ্ণোদকম্, নবঃ পল্লবঃ নবপল্লবঃ, মধুরম্ বচনম্ মধুরবচনম্, নবম্ অন্নম্ নবান্নম্, সর্ব্বে লোকাঃ সর্ব্বলোকাঃ, বিশ্বে দেবাঃ বিশ্বদেবাঃ, দৃঢ়ো বন্ধঃ দৃঢ়বন্ধঃ, সুরভি চন্দনম্ সুরভিচন্দনম্, নবঃ জলধরঃ নবজলধরঃ, সন্ পুরুষঃ সৎ-পুরুষঃ, মহান্ দেবঃ মহাদেবঃ, মহান্ বীরঃ মহাবীরঃ, পরমঃ পুরুষঃ পরম-পুরুষঃ, কেবলঃ বৈয়াকরণঃ কেবলবৈয়াকরণঃ, জরন্ নৈয়ায়িকঃ জরন্নৈয়া-য়িকঃ, সপ্ত ঋষয়ঃ সপ্তর্ষয়ঃ, অষ্টৌ বসবঃ অষ্টবসবঃ, নব গ্রহাঃ নবগ্রহাঃ (১)।

৬৩। পুংবৎ পূর্ব্বং ভাষিতপুংস্কং কর্ম্মধারয়ে। (২)

কর্ম্মধারয় সমাস হইলে, ভাষিত-পুংস্ক (৩) স্ত্রীলিঙ্গ পূর্ব্বপদের পুংবদ্ভাব হয়। যথা,—সুন্দরী মহিলা সুন্দরমহিলা, কৃষ্ণা চতুর্দ্দশী কৃষ্ণচতুর্দ্দশী, পাচিকা স্ত্রী পাচকস্ত্রী, পঞ্চমী কন্যা পঞ্চমকন্যা, সুকেশী ভার্য্যা সুকেশভার্য্যা, ব্রাহ্মণী ভার্য্যা ব্রাহ্মণভার্য্যা। উঙ্-প্রত্যয়ান্তের হয় না। যথা,—বামোরূঃ ভার্য্যা বামোরূভার্য্যা (a wife with good-looking thighs). (ক)

৬৪। ক্তেন নঞ্‌বিশিষ্টেনানঞ্। (পা)

নঞ্-বিশিষ্ট ক্ত-প্রত্যয়ান্ত পদের সহিত নঞ্-শূন্য ক্ত-প্রত্যয়ান্ত পদের কর্ম্মধারয় সমাস হয়। যথা,—কৃতঞ্চ তৎ অকৃতঞ্চ কৃতাকৃতম্ (partly done and partly not done). ভুক্তঞ্চ তৎ অভুক্তঞ্চ ভুক্তাভুক্তম্,

(১) 'দিক্‌সংখ্যে সংজ্ঞায়াম্' এই সূত্রানুসারে সংজ্ঞা না বুঝাইলে, সংখ্যাবাচক শব্দের সহিত কর্ম্মধারয় সমাস হয় না। 'সপ্তর্ষয়ঃ' প্রভৃতি স্থলে সংজ্ঞা বুঝাইতেছে। সুতরাং 'দশদিক্' প্রভৃতি পদের প্রয়োগ অসাধু। 'ত্রিলোকনাথঃ' (কুমারসম্ভব ৫ম), পদটি মল্লিনাথের মতে 'ত্রয়াণাং লোকানাং নাথঃ' এই বাক্যে উত্তরপদ দ্বিগু এবং ভট্টোজি-দীক্ষিতের মতে 'ত্র্যবয়বঃ লোকঃ (শাকপার্থিবাদি), তস্য নাথঃ' এইরূপে নিষ্পন্ন।

(২) পুংবৎ কর্ম্মধারয়জাতীয়দেশীয়েষু। (ক) স্ত্রিয়াঃ পুংবদ্ ভাষিতপুংস্কাদনূঙ্ ইত্যাদি।

(৩) যে সকল শব্দ এক অর্থেই স্ত্রীলিঙ্গ ও পুংলিঙ্গ উভয়ই হয়, তাহাদিগকে ভাষিত-পুংস্ক বিশেষণ শব্দ বলে। যেমন,—সুন্দর শব্দ স্ত্রীলিঙ্গ ও পুংলিঙ্গ উভয়ই হয়। যে সকল শব্দ নিত্যস্ত্রীলিঙ্গ, তাহাদিগকে ভাষিত-পুংস্ক বলা যায় না। যেমন,—শ্রী, লক্ষ্মী প্রভৃতি।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

পীতঞ্চ তৎ অপীতঞ্চ পীতাপীতম্, ক্লিষ্টঞ্চ তৎ অক্লিষ্টঞ্চ ক্লিষ্টাক্লিষ্টম্, পক্বঞ্চ তৎ অপক্বঞ্চ পক্বাপক্বম্ (ripe and unripe). সমান-প্রকৃতি-স্থলেই হয়,—সিদ্ধঞ্চ অভুক্তঞ্চ, এরূপ স্থলে সমাস হইবে না।

৬৫। বর্ণো বর্ণেন। (পা)

বর্ণ-বাচক পদের সহিত বর্ণ-বাচক পদের কর্ম্মধারয় সমাস হয়। যথা,—নীলশ্চ স লোহিতশ্চ নীললোহিতঃ (blue and red), লোহিতশ্চ স শবলশ্চ লোহিতশবলঃ, পীতশ্চ স ধবলশ্চ পীতধবলঃ।

৬৬। পূর্ব্বোত্তরকালযোঃ ক্তঃ। (১)

পূর্ব্ব-কাল ও উত্তর-কাল বুঝাইলে, ক্ত-প্রত্যয়ান্ত পদের কর্ম্মধারয় সমাস হয়। যথা,—পূর্ব্বং স্নাতঃ পশ্চাদনুলিপ্তঃ (first bathed and then anointed) স্নাতানুলিপ্তঃ। এইরূপ, সুপ্তোত্থিতঃ, যাতায়াতঃ, শয়িতোত্থিতঃ, দত্তাপহৃতম্, ভুক্তোদ্গীর্ণম্, পীতপ্রতিবদ্ধঃ, আলিঙ্গিতমুক্তঃ (ক)।

৬৭। উপমানানি সাধর্ম্ম্যবচনৈঃ। (২)

উপমান ও উপমেয়ের (৩) সমান-ধর্ম্ম-বোধক পদের সহিত উপমান-বাচক পদের সমাস হয়। যথা,—ঘন ইব শ্যামঃ ঘনশ্যামঃ (blue like the cloud), অর্ণব ইব গভীরঃ অর্ণবগভীরঃ, শৈল ইব উন্নতঃ শৈলোন্নতঃ, অনল ইব উজ্জ্বলঃ অনলোজ্জ্বলঃ, নবনীতমিব কোমলম্ নবনীতকোমলম্।

---

(১) পূর্ব্বকালৈকসর্ব্বজরৎপুরাণনবকেবলাঃ সমানাধিকরণেন।

(ক) এই সমাসগুলি (অস্বপদবিগ্রহ) নিত্যসমাস (কর্ম্মধারয়)।
[এই সকল সমাসকে স্নাতানুলিপ্তাদিবৎ (নিত্য) সমাসও বলা হয়।]

(২) উপমানানি সামান্যবচনৈঃ।

(৩) যাহার সহিত তুলনা করা হয়, তাহা উপমান এবং যাহার তুলনা করা হয়, তাহা উপমেয় বা উপমিত। যেমন,—'মুখম্ চন্দ্র ইব' এস্থলে 'মুখম্' উপমেয়, এবং 'চন্দ্রঃ' উপমান।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৬৮। উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সাধর্ম্ম্যাপ্রয়োগে। (১)

ব্যাঘ্র প্রভৃতি (২) উপমান-বাচক পদের সহিত উপমেয়-বাচক পদের সমাস হয় এবং উপমান ও উপমেয়গত সাধারণ ধর্ম্ম উহ্য থাকে। যথা,—পুরুষো ব্যাঘ্র ইব পুরুষব্যাঘ্রঃ (a man like a tiger), পুরুষঃ সিংহ ইব পুরুষসিংহঃ, রাজা চন্দ্র ইব রাজচন্দ্রঃ, মুখম্ কমলম্ ইব মুখকমলম্ (lotus-like face), করঃ কিসলয়মিব করকিসলয়ম্, অধরঃ পল্লব ইব অধরপল্লবঃ, বদনম্ সুধাকর ইব বদনসুধাকরঃ। **উপমান ও উপমেয়ের সমান ধর্ম্মের প্রয়োগ থাকিলে হয় না।** যথা,—পুরুষো ব্যাঘ্র ইব শূরঃ, মুখম্ কমলমিব সুন্দরম্।

৬৯। শ্রেণ্যাদয়ঃ কৃতাদিভিরভূততদ্ভাবে। (৩)

অভূত-তদ্ভাব অর্থ বুঝাইলে, কৃত প্রভৃতি (৪) শব্দের সহিত শ্রেণি প্রভৃতি (৫) শব্দের কর্ম্মধারয় সমাস হয়। যথা,—অশ্রেণয়ঃ শ্রেণয়ঃ কৃতাঃ

(১) উপমিতং ব্যাঘ্রাদিভিঃ সামান্যাপ্রয়োগে।

(২) ব্যাঘ্র, সিংহ, ঋক্ষ, ঋষভ, বৃক, বৃষ, বরাহ, কুঞ্জর, চন্দ্র, কমল, কিসলয় ইত্যাদি। উপমান ও উপমেয়ের অভেদ প্রতীতি হইলে—'ময়ূরব্যংসকাদয়শ্চ'—এই সূত্র দ্বারা **রূপক কর্ম্মধারয়** সমাস হয়। উপমিত কর্ম্মধারয়ে ক্রিয়াদি উপমেয়ের অর্থানুগামী এবং রূপক কর্ম্মধারয়ে ক্রিয়াদি উপমানের অর্থানুগামী হয়। যথা,—মাতা পুত্রস্য মুখচন্দ্রং চুম্বতি (উপমিত); শিশোর্মুখচন্দ্রঃ গৃহমুদ্ভাসয়তি (রূপক)। পূর্ব্ববাক্যে বিগ্রহ 'মুখম্ চন্দ্র ইব', দ্বিতীয় বাক্যে বিগ্রহ 'মুখমেব চন্দ্রঃ'। কিন্তু বিশেষণ থাকিলে, উপমিত না হইয়া রূপক হইবে। যথা,—মুখপদ্মং সুন্দরম্ (মুখমেব পদ্মম্)। 'বিম্বাধরঃ' প্রভৃতি পদ 'বিম্বসদৃশঃ অধরঃ' এইরূপ বিগ্রহে শাকপার্থিবাদি (মধ্যপদলোপী) সমাসনিষ্পন্ন (**"বিম্বাধর ইতি বৃত্তৌ মধ্যপদলোপিন্যাম্"**—ইতি বামনঃ), কারণ, এখানে ৬৮ সূঃ অনুসারে অধরবিম্বঃ হওয়া উচিত ছিল।

(৩) **শ্রেণ্যাদয়ঃ কৃতাদিভিঃ।** (পা)। **শ্রেণ্যাদিষু চ্ব্যর্থবচনং কর্ত্তব্যম্।** (বা)। চ্ব্যর্থবচন=অভূততদ্ভাবার্থ।

(৪) কৃত, মিত, মত, ভূত, উক্ত, সমাজ্ঞাত, সমাম্নাত, সমাখ্যাত, সম্ভাবিত, সংসেবিত, অবধারিত, অবকল্পিত, নিরাকৃত, উপকৃত, উপাকৃত, দৃষ্ট, কলিত, দলিত, উদাহৃত, বিশ্রুত, উদিত।

(৫) শ্রেণি, পূগ, মুকুন্দ, রাশি, নিচয়, নিধন, পর, ইন্দ্র, দেব, মুণ্ড, ভূত, শ্রমণ, বদান্য, অধ্যাপক, অভিরূপক, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বিশিষ্ট, পটু, পণ্ডিত, কুশল, চপল, নিপুণ, কৃপণ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

শ্রেণিকৃতাঃ, অপূগাঃ পূগাঃ কৃতাঃ পূগকৃতাঃ, অরাশয়ঃ রাশয়ঃ কৃতাঃ রাশিকৃতাঃ, অশ্রেণয়ঃ শ্রেণয়ো ভূতাঃ শ্রেণিভূতাঃ, অনিপুণা নিপুণা ভূতাঃ নিপুণভূতাঃ, অকুশলাঃ কুশলা ভূতাঃ কুশলভূতাঃ (১)।

দ্বিগু

৭০। **সংখ্যাপূর্ব্বো দ্বিগুঃ।** (পা)

যে কর্ম্মধারয়ে পূর্ব্ব-পদ-স্থলে সংখ্যা-বাচক শব্দ থাকে, তাহাকে দ্বিগু সমাস (Numeral Compound) বলে।

৭১। **তদ্ধিতার্থোত্তরপদ-সমাহারেষু।** (২)

তদ্ধিতার্থে, উত্তর-পদ পরে থাকিলে ও সমাহার (aggregate) বুঝাইলে দ্বিগু সমাস হয়। যথা,—তদ্ধিতার্থে—পঞ্চভির্গোভিঃ ক্রীতঃ পঞ্চগুঃ; উত্তর-পদ পরে—পঞ্চ হস্তাঃ প্রমাণমস্য পঞ্চহস্তপ্রমাণঃ। প্রমাণ এই উত্তর-পদ পরে, পঞ্চ ও হস্তাঃ, এই দুই পদের দ্বিগু সমাস হইল (শুধু 'পঞ্চ হস্তাঃ' এই বাক্যে সমাস হয় না)।

৭২। **অদন্তাদীপ্ সমাহারে।** (৩)

সমাহার দ্বিগু হইলে, অ-কারান্ত শব্দের উত্তর ঈপ্ হয়। যথা,—ত্রয়াণাং লোকানাং সমাহারঃ ত্রিলোকী (the three worlds taken collectively), চতুর্ণাম্ পদানাম্ সমাহারঃ চতুষ্পদী, পঞ্চানাম্ নলানাম্ সমাহারঃ পঞ্চনলী, সপ্তানাম্ শতানাম্ সমাহারঃ সপ্তশতী।

৭৩। **ন ভুবনাদেঃ।** (৪)

ভুবন প্রভৃতির উত্তর হয় না। যথা,—ত্রয়াণাম্ ভুবনানাম্ সমাহারঃ

---

(১) (পক্ষান্তরে) চ্বি প্রত্যয়। যথা,—শ্রেণীকৃতঃ, পূগীকৃতঃ, রাশীকৃতঃ, শ্রেণীভূতঃ, নিপুণীভূতঃ, কুশলীভূতঃ ইত্যাদি (গতিসমাস বলিয়া নিত্য)।

(২) **তদ্ধিতার্থোত্তরপদসমাহারে চ।** কিন্তু সপ্তর্ষয়ঃ ইত্যাদি সংজ্ঞার্থে কর্ম্মধারয়।

(৩) **অ-কারান্তোত্তরপদো দ্বিগুঃ স্ত্রিয়ামিষ্টঃ।** (বা)। **দ্বিগোঃ** এই সূত্রে ঙীপ্। কিন্তু অজাদিগণের অন্তর্গত বলিয়া ত্রিফলা।

(৪) **পাত্রাদ্যন্তস্য ন।** (বা)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ত্রিভুবনম্, চতুর্ণাম্ যুগানাম্ সমাহারঃ চতুর্যুগম্, পঞ্চানাম্ পাত্রাণাম্ সমাহারঃ পঞ্চপাত্রম্।

৭৪। **ময়ূরব্যংসকাদয়ঃ।** (১)

ময়ূরব্যংসক প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। এইগুলিকে ময়ূরব্যংসকাদি সমাস বা নিপাতন সমাস বলা হয়। যথা,—ব্যংসকশ্চাসৌ ময়ূরশ্চেতি ময়ূরব্যংসকঃ (a cunning peacock), নিশ্চিতং চ প্রচিতং চ নিশ্চপ্রচম্ (certain), উদক্ চ অবাক্ চ উচ্চাবচম্ (high and low), উচ্চৈশ্চ নীচৈশ্চ উচ্চনীচম্, নাস্তি কিঞ্চন যস্য অকিঞ্চনঃ, নাস্তি কুতোঽপি ভয়ং যস্য অকুতোভয়ঃ, অন্যোঽর্থঃ অর্থান্তরম্, অন্যো দেশঃ দেশান্তরম্ (২)।

৭৫। **আখ্যাতমাখ্যাতেন ক্রিয়াসাতত্যে।** (বা)

সতত ক্রিয়ার অনুষ্ঠান বুঝাইলে, ক্রিয়াপদের সহিত ক্রিয়াপদের সমাস হয়। পদ নিপাতনে সিদ্ধ। যথা,—অশ্নীত পিবত ইত্যেবং সততমভিধীয়তে যস্যাম্ ক্রিয়ায়াম্ সা অশ্নীতপিবতা (banquet where men are always invited to eat and drink) ; এইরূপ, পচতভৃজ্জতা, খাদতমোদতা, খাদতাচামতা।

৭৬। **সর্ব্ব-পুণ্য-সংখ্যাব্যয়েভ্যো রাত্রেরন্।** (৩)

সর্ব্ব, পুণ্য, সংখ্যা-বাচক ও অব্যয় শব্দের পরবর্ত্তী রাত্রি শব্দের উত্তর অন্ (অচ্) হয়। যথা,—সর্ব্বা রাত্রিঃ সর্ব্বরাত্রঃ, পুণ্যা রাত্রিঃ পুণ্যরাত্রঃ ; এইরূপ, দ্বিরাত্রম্, ত্রিরাত্রম্, পঞ্চরাত্রম্, দশরাত্রম্ (৪), অতিরাত্রঃ (dead of night).

৭৭। **অহ্নোঽহ্নশ্চ।** (৫)

সর্ব্ব, সংখ্যা-বাচক ও অব্যয়ের পরবর্ত্তী অহন্ শব্দের উত্তর অন্ (অচ্)

---

(১) **ময়ূরব্যংসকাদয়শ্চ।** অকিঞ্চন, অকুতোভয়, খাদতমোদতা ইত্যাদি শব্দে অন্যপদার্থের বোধ হইলেও পাণিনিমতে তৎপুরুষ।

(২) নিত্যসমাসে মাত্র এবং অন্তর শব্দ পরে থাকিলে, অভিধান নির্দ্দেশে তাহা ক্লীবলিঙ্গ হয়। যথা,—দেশান্তরম্, চিন্মাত্রম্। [—সিঃ কৌঃ।)

(৩) **অহঃসর্ব্বৈকদেশসংখ্যাতপুণ্যাচ্চ রাত্রেঃ।** (চাৎ সংখ্যাব্যয়াদেঃ

(৪) **সংখ্যাপূর্ব্বং রাত্রং ক্লীবম্।** (৫) **অহ্নোঽহ্ন এতেভ্যঃ।**

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ও অহন্ শব্দ-স্থানে অহ্ন হয়। যথা,—সর্ব্বমহঃ সর্ব্বাহ্নঃ (the whole day), দ্বয়োরহ্নোঃ ভবঃ দ্ব্যহ্নঃ, পঞ্চসু অহঃসু ভবঃ পঞ্চাহ্নঃ (এই দুইটি তদ্ধিতার্থ দ্বিগু)।

৭৮। **ন সংখ্যায়াঃ সমাহারে।** (১)

সমাহার হইলে, সংখ্যা-বাচকের পরবর্ত্তী অহন্ শব্দ-স্থানে অহ্ন হয় না। যথা,—দ্বয়োরহ্নোঃ সমাহারঃ দ্ব্যহঃ ; এইরূপ, ত্র্যহঃ, সপ্তাহঃ (a week), দশাহঃ (a period of ten days).

৭৯। **ন পুণ্যৈকাভ্যাম্।** (২)

পুণ্য ও এক শব্দের পরবর্ত্তী অহন্ শব্দ-স্থানে অহ্ন হয় না। যথা,—পুণ্যাহম্ (an auspicious day) (ক), একাহঃ (one day).

৮০। **সংখ্যাব্যয়াভ্যামঙ্গুলেঃ।** (৩)

সংখ্যা-বাচক ও অব্যয় শব্দের পরবর্ত্তী অঙ্গুলি শব্দের উত্তর অন্ (অচ্) হয়। যথা,—দ্বে অঙ্গুলী প্রমাণমস্য দ্ব্যঙ্গুলম্ (two fingers long); এইরূপ, ত্র্যঙ্গুলম্, নিরঙ্গুলম্ (নির্গতমঙ্গুলিভ্যঃ)।

৮১। **রাজাহঃসখিভ্যষ্টঃ।** (৪)

রাজন্, অহন্ ও সখি শব্দের উত্তর ট (টচ্) হয় ; ট্ ইৎ, অ থাকে। যথা,—অঙ্গানাং রাজা অঙ্গরাজঃ, মহান্ রাজা মহারাজঃ; পরমমহঃ পরমাহঃ, উত্তমমহঃ উত্তমাহঃ ; রাজ্ঞঃ সখা রাজসখঃ, প্রিয়ঃ সখা প্রিয়সখঃ (৫)। (খ)

---

(১) **ন সংখ্যাদেঃ সমাহারে।** (২) **উত্তমৈকাভ্যাং চ।**

(ক) পুণ্যসুদিনাভ্যামহ্নঃ ক্লীবতেষ্টা। (বা)।

রাত্রাহ্নাহাঃ পুংসি। অহোরাত্রঃ শব্দ—সমাহার দ্বন্দ্ব হইয়াও এই সূত্র বলে পুংলিঙ্গ একবচন।

(৩) **তৎপুরুষস্যাঙ্গুলেঃ সংখ্যাব্যয়াদেঃ।**

(৪) **রাজাহঃসখিভ্যষ্টচ্।**

(৫) তৎপুরুষ ভিন্ন সমাসে ট (টচ্) হয় না। যথা,—মহান্ রাজা যস্মিন্ সঃ মহারাজা (দেশঃ) ; প্রিয়ঃ সখা যস্য সঃ প্রিয়সখা। **ন পূজনাৎ** এবং **স্বতিভ্যামেব** (বা) এই সূত্র ও বার্ত্তিক অনুসারে সুসখা, সুরাজা ইত্যাদি পদে সমাসান্ত হয় না।

(খ) লিঙ্গবিশিষ্ট-পরিভাষা সর্ব্বত্র খাটে না (অনিত্য), তাই মদ্রাণাং রাজ্ঞী, মদ্র-রাজ্ঞী এইরূপ পদসিদ্ধি হয়। নচেৎ 'মদ্ররাজী' পদই ব্যাকরণসম্মত (টচ্+ঙীপ্)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৮২। **গোরতদ্ধিতার্থে**। (১)

গো শব্দের উত্তর ট (টচ্) হয়। যথা,—রাজ্ঞো গোঃ রাজগবঃ, পরমো গোঃ পরমগবঃ, দশ গাবঃ ধনমস্য দশগবধনঃ, পঞ্চানাং গবাং সমাহারঃ পঞ্চগবম্ (a collection of five cows). তদ্ধিতার্থে দ্বিগু সমাসে হয় না। যথা,—পঞ্চভির্গোভিঃ ক্রীতঃ পঞ্চগুঃ ["অধ্যর্দ্ধপূর্ব্বদ্বিগোর্লুগ-সংজ্ঞায়াম্"—এই সূত্রে প্রত্যয়ের লোপ]।

৮৩। **মুখ্যার্থাদুরসঃ**। (২)

মুখ্য এই অর্থের বাচক উরস্ শব্দের উত্তর ট (টচ্) হয়। যথা,—অশ্বানাম্ উরঃ ইব অশ্বোরসম্, মুখ্যোঽশ্ব ইত্যর্থঃ।

৮৪। **অনোঽশ্মায়ঃসরসাং জাতি-সংজ্ঞয়োঃ**। (পা)

জাতি ও সংজ্ঞা বুঝাইলে, অনস্, অশ্মন্, অয়স্ ও সরস্ শব্দের উত্তর ট (টচ্) হয়। যথা,—জাতি—উপানসম্ (a cart-load), অমৃতাশ্মঃ, কালায়সম্, মণ্ডূকসরসম্; সংজ্ঞা—মহানসম্ (a kitchen), পিণ্ডাশ্মঃ, লোহিতায়সম্, জলসরসম্।

৮৫। **গ্রামকৌটাভ্যাং তক্ষ্ণঃ**। (৩)

গ্রাম ও কৌট শব্দের পরবর্ত্তী তক্ষন্ শব্দের উত্তর ট (টচ্) হয়। যথা,—গ্রামস্য তক্ষা গ্রামতক্ষঃ, সাধারণঃ সূত্রধর ইত্যর্থঃ, কৌটতক্ষঃ, স্বতন্ত্র ইত্যর্থঃ (৪)। অন্যত্র, রাজ্ঞস্তক্ষা রাজতক্ষা (the carpenter of the king).

৮৬। **অতেঃ শুনঃ**। (পা)

অতি শব্দের পরবর্ত্তী শ্বন্ শব্দের উত্তর ট (টচ্) হয়। যথা,—অতিক্রান্তঃ শ্বানম্ অতিশ্বঃ (surpassing a dog in speed, &c.)

---

(১) গোরতদ্ধিতলুকি। এই টচ্ সমাসান্ত প্রত্যয় সেইজন্য একক গবী শব্দ হয় না।

(২) অগ্রাখ্যায়ামুরসঃ।

(৩) গ্রামকৌটাভ্যাং চ তক্ষ্ণঃ।

(৪) কুট্যাং ভবঃ কৌটঃ স্বতন্ত্রঃ, স চাসৌ তক্ষা চেতি কৌটতক্ষঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

বরাহঃ, অতিশ্বী সেবা (the service which is more disgraceful than that of a dog).

৮৭। **উপমানাদপ্রাণিষু। (পা)**

উপমান-বাচক শ্বন্ শব্দের উত্তর ট (টচ্) হয়। যথা,—আকর্ষঃ (আঁকষী) শ্বেব আকর্ষশ্বঃ। প্রাণী বুঝাইলে হয় না। যথা,—বানরঃ শ্বেব বানরশ্বা (a monkey like a dog, a baboon).

৮৮। **উত্তর-মৃগ-পূর্ব্বোপমানেভ্যঃ সক্থ্নঃ। (১)**

উত্তর, মৃগ, পূর্ব্ব ও উপমান-বাচকের পরবর্ত্তী সক্থি শব্দের উত্তর ট (টচ্) হয়। যথা,—উত্তরসক্থম্, মৃগসক্থম্, পূর্ব্বসক্থম্ ; উপমান—ফলকমিব সক্থি ফলকসক্থম্ (ময়ূরব্যংসকাদি)।

৮৯। **নাবো দ্বিগোরতদ্ধিতার্থে। (২)**

দ্বিগু-সমাসস্থিত নৌ শব্দের উত্তর ট (টচ্) হয়। যথা,—দ্বয়োর্নাবোঃ সমাহারঃ দ্বিনাবম্, পঞ্চ নাবো ধনমস্য পঞ্চনাবধনঃ। তদ্ধিতার্থে দ্বিগুসমাসে হয় না। যথা,—পঞ্চভিঃ নৌভিঃ ক্রীতঃ **পঞ্চনৌঃ** (ক)। দ্বিগু ভিন্ন স্থলে, রাজ্ঞো নৌঃ রাজনৌঃ, নবীনা নৌঃ নবীননৌঃ (a new boat).

৯০। **অর্দ্ধাচ্চ। (পা)**

অর্দ্ধ শব্দের পরবর্ত্তী নৌ শব্দের উত্তর ট (টচ্) হয়। যথা,—অর্দ্ধং নাবঃ অর্দ্ধনাবম্। ব্যবহার (usage) বশতঃ ক্লীবলিঙ্গ হইল (নচেৎ অর্দ্ধ-নাবী হইত)। (ক্লীবত্বং লোকাৎ)।

৯১। **খার্য্যা বিভাষা। (৩)**

দ্বিগু সমাস হইলে, অথবা অর্দ্ধ শব্দ পূর্ব্বে থাকিলে, খারী শব্দের উত্তর বিকল্পে ট (টচ্ হয়। যথা,—দ্বয়োঃ খার্য্যোঃ সমাহারঃ দ্বিখারম্, দ্বিখারি ; অর্দ্ধং খার্য্যাঃ অর্দ্ধখারম্, অর্দ্ধখারী।

---

(১) উত্তরমৃগপূর্ব্বাচ্চ সক্থ্নঃ।
(২) নাবো দ্বিগোঃ। "গোরতদ্ধিতলুকি" ইত্যতো মণ্ডূকপ্লুত্যা তদনুবৃত্তেঃ।
(ক) 'অধ্যর্দ্ধপূর্ব্বদ্বিগোর্লুগসংজ্ঞায়াম্'—এই সূত্রে তদ্ধিতের লোপ।
(৩) খার্য্যাঃ প্রাচাম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৯২। দ্বি-ত্রিভ্যামঞ্জলেঃ। (পা)

তদ্ধিতার্থ-ভিন্ন দ্বিগু সমাস হইলে, দ্বি ও ত্রি শব্দের পরবর্ত্তী অঞ্জলি শব্দের উত্তর বিকল্পে ট (টচ্) হয়। যথা,—দ্বয়োঃ অঞ্জল্যোঃ সমাহারঃ দ্ব্যঞ্জলম্, দ্ব্যঞ্জলি; ত্র্যঞ্জলম্, ত্র্যঞ্জলি। **তদ্ধিতার্থে**—দ্বাভ্যামঞ্জলিভ্যাং ক্রীতঃ দ্ব্যঞ্জলিঃ।

৯৩। জনপদাদ্ ব্রহ্মণঃ। (১)

জনপদ-বাচক শব্দের পরবর্ত্তী ব্রহ্মন্ শব্দের উত্তর ট (টচ্) হয়। যথা,—সুরাষ্ট্রস্থ ব্রহ্মা সুরাষ্ট্রব্রহ্মঃ (a Brahmin of Surastra); এইরূপ, অবন্তিব্রহ্মঃ, কলিঙ্গব্রহ্মঃ। অন্যত্র, দেবব্রহ্মা নারদঃ।

৯৪। বিভাষা কুমহদ্ভ্যাম্। (২)

কু ও মহৎ শব্দের পরবর্ত্তী হইলে বিকল্পে ট (টচ্) হয়। যথা,—কুৎসিতো ব্রহ্মা, কুব্রহ্মঃ, কুব্রহ্মা। এইরূপ, মহাব্রহ্মঃ, মহাব্রহ্মা।

৯৫। অক্ষ্ণোঽচক্ষুষি। (৩)

চক্ষু না বুঝাইলে, অক্ষি শব্দের উত্তর ট (টচ্) হয়। যথা,—গবামক্ষীব গবাক্ষঃ (পুংস্ত্বং লোকাৎ)। চক্ষু বুঝাইলে হয় না। যথা,—বালকস্য অক্ষি বালকাক্ষি।

৯৬। বৃদ্ধমহজ্জাতেভ্য উক্ষ্ণঃ। (৪)

বৃদ্ধ, মহৎ ও জাত শব্দের পরবর্ত্তী উক্ষন্ (bull) শব্দের উত্তর ট (অচ্) হয়। যথা,—বৃদ্ধঃ উক্ষা বৃদ্ধোক্ষঃ (an old bull), মহান্ উক্ষা মহোক্ষঃ, জাতঃ উক্ষা জাতোক্ষঃ।

৯৭। নিঃশ্রেয়স-পুরুষায়ুষে। (৪)

নিঃশ্রেয়স ও পুরুষায়ুষ শব্দ (অচ্ প্রত্যয় যোগে) নিপাতনে সিদ্ধ

(১) ব্রহ্মণো জানপদাখ্যায়াম্।
(২) কুমহদ্ভ্যামন্যতরস্যাম্।
(৩) অক্ষ্ণোঽদর্শনাৎ।
(৪) অচতুর-বিচতুরেত্যাদি।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

হয়। যথা,—নিশ্চিতং শ্রেয়ঃ নিঃশ্রেয়সম্ (final beatitude, emancipation), পুরুষস্যায়ুঃ পুরুষায়ুষম্।

৯৮। বিভাষা ছায়াদি নপুংসকম্। (১)

ছায়া (২) প্রভৃতি শব্দ বিকল্পে নপুংসক হয়। যথা,—তরুচ্ছায়ম্, তরুচ্ছায়া ; গোশালম্, গোশালা (a cow-house).

৯৯। নিত্যং ছায়া বাহুল্যে। (৩)

পূর্ব্ব পদার্থের বাহুল্য বুঝাইলে (অর্থাৎ বহুবচন হইলে), ছায়া শব্দ নিত্য নপুংসক হয়। যথা,—ইক্ষূণাং ছায়া ইক্ষুচ্ছায়ম্, শরাণাং ছায়া শরচ্ছায়ম্। কিন্তু বৃক্ষস্য ছায়া, বৃক্ষচ্ছায়া, বৃক্ষচ্ছায়ম্।

১০০। সভা প্রভু-পর্য্যায়-পূর্ব্বা। (৪)

রাজ-পর্য্যায় শব্দ পূর্ব্বে থাকিলে, সভা শব্দ নিত্য নপুংসক হয়। যথা,—প্রভুসভম্, নৃপসভম্, ঈশ্বরসভম্। **রাজসভা,** যুধিষ্ঠিরসভা প্রভৃতি স্থলে হয় না।

১০১। রক্ষঃপিশাচাদিপূর্ব্বা চ। (৪)

রক্ষস্, পিশাচ প্রভৃতি পূর্ব্বে থাকিলে, সভা শব্দ নিত্য নপুংসক হয়। যথা,—রক্ষঃসভম্, পিশাচসভম্। অন্যত্র, মনুষ্যসভা, দেবদত্তসভা।

১০২। অশালা চ। (পা)

শালা-ভিন্নার্থ-বাচক অর্থাৎ সমূহার্থক সভা শব্দ নিত্য নপুংসক হয়। যথা,—স্ত্রীসভম্ (a bevy of ladies), স্ত্রীণাম্ সমূহ ইত্যর্থঃ ; শিশুসভম্, শিশূনাং সমবায় ইত্যর্থঃ। কিন্তু ধর্ম্মসভা (ধর্ম্মশালা)।

---

(১) **বিভাষা সেনাসুরাচ্ছায়াশালানিশানাম্।**

(২) 'তৎপুরুষোঽনঞ্কর্ম্মধারয়ঃ'—এই অধিকার সূত্রে অসেনা, পরমসেনা ইত্যাদি স্থলে হয় না।

(৩) **ছায়া বাহুল্যে।** "ইক্ষুচ্ছায়ানিষাদিন্যঃ" (রঘুবংশম্)—এস্থলে ইক্ষুচ্ছায় +আ+নিষাদিন্যঃ (কারণ এখানে অনেকগুলির ছায়া বুঝাইতেছে)।

(৪) **সভা রাজাঽমনুষ্যপূর্ব্বা।** পর্য্যায়স্যেবেষ্যতে। বা। অমনুষ্যশব্দো রূঢ্যা রক্ষঃপিশাচাদীন্ আহ (সিঃ কৌঃ)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১০৩। পুংবৎ কুক্কুট্যাদীনামণ্ডাদৌ। (১)

অণ্ড প্রভৃতি শব্দ পরে থাকিলে, কুক্কুটী প্রভৃতির পুংবদ্ভাব হয়। যথা,—কুক্কুট্যা অণ্ডম্ কুক্কুটাণ্ডম্, হংস্যা অণ্ডম্ হংসাণ্ডম্, কুক্কুট্যাঃ শাবঃ কুক্কুটশাবঃ, হংস্যাঃ শাবঃ হংসশাবঃ, মৃগ্যাঃ পদম্ মৃগপদম্, মৃগ্যাঃ ক্ষীরম্ মৃগক্ষীরম্।

বহুব্রীহি সমাস

(Attributive Compound)

১। বহুব্রীহিঃ। (২)

এই প্রকরণে যে সমাসের বিধান হইতেছে, তাহার নাম বহুব্রীহি।

২। অনেকমন্যপদার্থে। (পা)

একাধিক প্রথমান্ত পদ অন্য পদার্থের অর্থ বুঝাইলে বহুব্রীহি সমাস হয়। যথা,—আরূঢ়ো বানরো যম্ আরূঢ়বানরো বৃক্ষঃ, কৃতং কর্ম্ম যেন কৃতকর্ম্মা পুরুষঃ, দত্তং ধনং যস্মৈ দত্তধনো দরিদ্রঃ, উদ্ধৃতম্ উদকং যস্মাৎ উদ্ধৃতোদকঃ কূপঃ, দীর্ঘৌ বাহূ যস্য দীর্ঘবাহুঃ পুরুষঃ, প্রফুল্লানি কমলানি যস্মিন্ প্রফুল্লকমলং সরঃ (৩)।

৩। সংখ্যয়াব্যয়াসন্নাদূরাধিকসংখ্যাঃ। (৪)

সংখ্যা-বাচক শব্দের সহিত অব্যয়, আসন্ন, অদূর, অধিক ও সংখ্যা-বাচকের বহুব্রীহি সমাস হয়।

৪। সংখ্যায়া অবহোর্ডঃ। (৫)

সংখ্যা-বাচক শব্দের উত্তর ড (ডচ্) হয়। যথা,—দশানাং সমীপে যে

---

(১) কুক্কুট্যাদীনামণ্ডাদিষু। (বা) (২) শেষো বহুব্রীহিঃ।

(৩) জিতোৎখাতভটদ্রুমা (ভট্টি), এরূপ স্থলে জিতাশ্চ তে উৎখাতাশ্চ, জিতোৎখাতাঃ (কর্ম্মধা); ভটাশ্চ দ্রুমাশ্চ ভটদ্রুমাঃ (দ্বন্দ্ব); জিতোৎখাতা ভটদ্রুমা যস্যাঃ (বহুব্রী); এরূপ বিগ্রহ হইবে। শব্দগুলিকে যথাক্রমে গ্রহণ করিতে হইবে। যথা,—জিতাঃ ভটাঃ উৎখাতাঃ দ্রুমাঃ যস্যাঃ। অন্য সমাসেও এইরূপ হয়। যথা,—মরুন্নবাম্বুঃপ্রবিধূতসিক্তা (উত্তরচরিত)। মরুতা প্রবিধূতা, নবাম্বুনা সিক্তা ইত্যর্থঃ। তিন, চারি প্রভৃতি পদেও বহুব্রীহি হয়। যথা,—মত্তবহুমাতঙ্গং বনম্; অবরূঢ়বৃদ্ধবহুবানরো বৃক্ষঃ। অব্যয়ানাং চ—উচ্চৈর্মুখঃ। (৪) সংখ্যয়াঽব্যয়াসন্নাঽদূরাধিকসংখ্যাঃ সংখ্যেয়ে।

(৫) বহুব্রীহৌ সংখ্যেয়ে ডজবহুগণাৎ। (ডচ্+অবহুগণাৎ।)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

তে উপদশাঃ (about ten), বিংশতেরাসন্নাঃ আসন্নবিংশাঃ (about twenty), ত্রিংশতোঽদূরে অদূরত্রিংশাঃ (not far from thirty), চত্বারিংশতোঽধিকাঃ অধিকচত্বারিংশাঃ (more than forty), দ্বৌ বা ত্রয়ো বা দ্বিত্রাঃ, পঞ্চ বা ষড়্ বা পঞ্চষাঃ। বহুশব্দের উত্তর হয় না। যথা,— বহূনাং সমীপে উপবহবঃ।

৫। দিঙ্‌নামান্যন্তরালে। (পা

অন্তরাল বুঝাইলে, দিগ্বাচক পূর্ব্ব প্রভৃতি শব্দের বহুব্রীহি সমাস হয়। যথা,—পূর্ব্বস্যা উত্তরস্যাশ্চ দিশোরন্তরালম্ পূর্ব্বোত্তরা, দক্ষিণস্যাঃ পূর্ব্বস্যাশ্চ দিশোরন্তরালম্ দক্ষিণপূর্ব্বা, উত্তরস্যাঃ পশ্চিমায়াশ্চ দিশোরন্তরালম্ উত্তরপশ্চিমা ইত্যাদি।

৬। সহস্তৃতীয়য়া। (১)

তৃতীয়ান্ত পদের সহিত সহ শব্দের বহুব্রীহি সমাস হয়।

৭। সহঃ সো বিভাষা। (২)

বহুব্রীহি সমাসে, সহ-শব্দ-স্থানে বিকল্পে স হয়। যথা,—পুত্রেণ সহ সপুত্রঃ, সহপুত্রঃ ; অনুজেন সহ সানুজঃ, সহানুজঃ ; বান্ধবেন সহ সবান্ধবঃ, সহবান্ধবঃ ; ভৃত্যেন সহ সভৃত্যঃ, সহভৃত্যঃ (with a servant) †.

৮। ব্যত্যতিহারে তৃতীয়াসপ্তম্যোঃ সরূপয়োঃ। (৩)

পরস্পর যুদ্ধ বুঝাইলে, সমান-রূপ তৃতীয়ান্ত পদদ্বয় বা সপ্তম্যন্ত পদদ্বয়ের বহুব্রীহি সমাস হয় (ক)। এই সমাসকে **ব্যতীহার বহুব্রীহি** বলা হয়।

---

(১) তেন সহেতি তুল্যযোগে।

† ক্রিয়াবিশেষণ হইলে এইরূপ বাক্য হইবে—বেগেন সহ বর্ত্তমানং যথা স্যাৎ তথা।

(২) বোপসর্জ্জনস্য। আশীর্ব্বাদসূচক বাক্যে সহ-শব্দ-স্থানে স হয় না ('প্রকৃত্যাশিষি')। যথা,—স্বস্তি রাজ্ঞে সহপুত্রায়। (কিন্তু সগবে, সবৎসায়, সহলায় হয়)।

(৩) তত্র তেনেদমিতি সরূপে।

(ক) সপ্তম্যন্ত পদ থাকিলে গ্রহণ এবং তৃতীয়ান্ত পদ থাকিলে প্রহার অর্থাৎ আঘাত করা বুঝায়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৯। দীর্ঘোঽন্ত্যস্য পূর্ব্বস্য। (১)

রণ-ব্যতিহারে সমাস হইলে, পূর্ব্ব পদের অন্ত্য স্বর দীর্ঘ হয়।

১০। ইচ্ পরাত্। (২)

রণ-ব্যতিহারে বহুব্রীহি সমাস হইলে, পরপদের উত্তর ইচ্ হয়; চ্ ইৎ, ই থাকে এবং পদটি অব্যয় হয়; ইচ্ পরে থাকিলে অন্ত্য উ-বর্ণের গুণ হয়। যথা,—কেশেষু কেশেষু গৃহীত্বা ইদং যুদ্ধং প্রবৃত্তম্ কেশাকেশি, দণ্ডৈশ্চ দণ্ডৈশ্চ প্রহৃত্য ইদং যুদ্ধং প্রবৃত্তম্ দণ্ডাদণ্ডি। এইরূপ, মুষ্টীমুষ্টি, বাহূবাহবি (৩), অস্যসি a fight with swords).

১১। স্ত্রিয়াঃ পুংবদ্ভাষিতপুংস্কায়াঃ স্ত্রিয়াম্। (৪)

বহুব্রীহি সমাসে, সমানাধিকরণ (অর্থাৎ বিশেষ্যবিশেষণ ভাবাপন্ন) স্ত্রীলিঙ্গ শব্দ পরে থাকিলে, ভাষিতপুংস্ক স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয়। যথা,—স্থিরা বুদ্ধিরস্য স্থিরবুদ্ধিঃ, মহতী মতিরস্য মহামতিঃ, চিত্রা গতিরস্য চিত্রগতিঃ, প্রিয়া ভার্য্যাস্য প্রিয়ভার্য্যঃ, শীতা গৌরস্য শীতগুঃ (the moon, গো = কিরণ)।

১২। নোদন্তস্য। (৪)

বহুব্রীহি সমাসে, ঊঙ্-প্রত্যয়ান্ত স্ত্রালিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয় না। যথা, —বামোরূঃ ভার্য্যাস্য বামোরূভার্য্যঃ।

১৩। ন কোপধস্য। (৫)

যে স্ত্রীলিঙ্গ শব্দের উপধা-স্থলে তদ্ধিতের কিংবা অক-প্রত্যয়ের ক থাকে, তাহার পুংবদ্ভাব হয় না। যথা,—তদ্ধিত—রসিকা ভার্য্যাস্য

(১) অন্যেষামপি দৃশ্যতে। (২) ইচ্ কর্ম্মব্যতিহারে।

(৩) ওগুর্ণঃ। বোপদেব-মতে পূর্ব্ব-পদের অন্ত্যস্বর-স্থানে বিকল্পে আ হয়। যথা,—মুষ্টামুষ্টি, মুষ্টীমুষ্টি; বাহাবাহবি, বাহূবাহবি। স্বরবর্ণ পরে থাকিলে হয় না। যথা,—অস্যসি।

(৪) স্ত্রিয়াঃ পুংবদ্ভাষিতপুংস্কাদনূঙ্ সমানাধিকরণে স্ত্রিয়ামপূরণীপ্রিয়াদিষু। ভাষিতপুংস্ক=যাহার পুংলিঙ্গে রূপান্তর হইতে পারে।

(৫) ন কোপধায়াঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

রসিকাভার্য্যঃ ; অক-প্রত্যয়—পাচিকা ভার্য্যাস্য পাচিকাভার্য্যঃ। অন্যত্র হয়। যথা,—একা ভার্য্যাস্য একভার্য্যঃ।

১৪। ন সংজ্ঞা-পূরণয়োঃ। (১)

সংজ্ঞা-বাচক ও পূরণ-বাচক স্ত্রীলিঙ্গের পুংবদ্ভাব হয় না। যথা,—সংজ্ঞা-বাচক—গঙ্গা ভার্য্যাস্য গঙ্গাভার্য্যঃ, রোহিণী ভার্য্যাস্য রোহিণীভার্য্যঃ, রেবতী ভার্য্যাস্য রেবতীভার্য্যঃ। পূরণ-বাচক—দ্বিতীয়া ভার্য্যাস্য দ্বিতীয়া-ভার্য্যঃ, পঞ্চমী ভার্য্যাস্য পঞ্চমীভার্য্যঃ।

১৫। ন জাতি-স্বাঙ্গয়োঃ। (২)

জাতি-বাচক ও স্বাঙ্গ-বাচক ঈ-কারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয় না। যথা,—জাতি-বাচক—ব্রাহ্মণী ভার্য্যাস্য ব্রাহ্মণীভার্য্যঃ, ক্ষত্রিয়া ভার্য্যাস্য ক্ষত্রিয়াভার্য্যঃ ; স্বাঙ্গ-বাচক—সুকেশী ভার্য্যাস্য সুকেশীভার্য্যঃ, কৃশাঙ্গী ভার্য্যাস্য কৃশাঙ্গীভার্য্যঃ। ঈ-কারান্ত না হইলে হয়। যথা,—অকেশভার্য্যঃ।

১৬। ন প্রিয়াদি-পূরণয়োঃ। (৩)

বহুব্রীহি সমাসে প্রিয়া প্রভৃতি (৪) ও পূরণ-বাচক শব্দ পরে থাকিলে, পূর্ব্ববর্ত্তী স্ত্রীলিঙ্গ শব্দের পুংবদ্ভাব হয় না। যথা,—শোভনা প্রিয়াস্য শোভনাপ্রিয়ঃ, সুলোচনা কান্তাস্য সুলোচনাকান্তঃ।

---

(১) **সংজ্ঞাপূরণ্যোশ্চ।**

(২) **স্বাঙ্গাচ্চেতঃ। জাতেশ্চ।** (৩) স্ত্রিয়াঃ পুংবৎ ইত্যাদি।

(৪) প্রিয়া, মনোজ্ঞা, কল্যাণী, সুভগা, দুর্ভগা, সচিবা, স্বা, কান্তা, ক্ষান্তা, সমা, চপলা, বামনা। ভক্তি, তনয়া, দুহিতা এই তিন শব্দও প্রিয়াদিগণে পঠিত হইয়া থাকে, কিন্তু সর্ব্বত্রই ইহাদের বিপরীত প্রয়োগ দেখিতে পাওয়া যায় ; এজন্য গণমধ্যে নিবেশিত হইল না। বৈয়াকরণেরা দৃঢ়ভক্তিঃ (রঘু), দৃষ্টভক্তিঃ (মেঘদূত), বিদিতভক্তিম্ (শকুন্তলা) এই সব স্থলে দৃঢ়ং ('সামান্যে নপুংসকম্') ভক্তিঃ যস্য ইত্যাদি রূপে পদসিদ্ধি করেন। (অত্র পূর্ব্বপদস্য অস্ত্রিয়াং বিবক্ষিতত্বাৎ—বামনঃ)। ভোজরাজের মতে কর্ম্মবাচ্যে ক্তি-প্রত্যয়-নিষ্পন্ন ভক্তি-শব্দের যোগেই পূর্ব্বপদের পুংবদ্ভাব নিষেধ। যথা,—ভবানী ভক্তিঃ (object of worship) অস্য ইতি ভবানী-ভক্তিঃ। কিন্তু ভাববাচ্যে ক্তি-প্রত্যয়-নিষ্পন্ন ভক্তি-শব্দের যোগে পুংবদ্ভাব হইবে। যথা,—দৃঢ়ভক্তিঃ, বিদিতভক্তিঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৭। অপ্-পূরণী-প্রমাণ্যোঃ। (১)

পূরণ-বাচক ও প্রমাণী শব্দের উত্তর অপ্ হয়; প্ ইৎ, অ থাকে। যথা,—কল্যাণী পঞ্চমী যাসাং রাত্রীণাং তাঃ কল্যাণীপঞ্চমা রাত্রয়ঃ (২) (a succession of nights of which the fifth is auspicious), স্ত্রী প্রমাণী যেষাং তে স্ত্রীপ্রমাণাঃ (having a woman for authority) কুটুম্বিনঃ।

১৮। নঞ্-সু-বি-ত্র্যুপেভ্যশ্চতুরঃ। (৩)

নঞ্, সু, বি, ত্রি, উপ এই সকলের পরবর্ত্তী চতুর্ শব্দের উত্তর অপ্ (অচ্) হয়। যথা,—অবিদ্যমানানি চত্বার্য্যস্য অচতুরঃ, সুচতুরঃ, বিচতুরঃ, ত্রিচতুরঃ, উপচতুরঃ।

১৯। নেতুর্নক্ষত্রাৎ। (৪)

নক্ষত্র-বাচক শব্দের পরবর্ত্তী নেতৃ শব্দের উত্তর অপ্ হয়। যথা,—মৃগ-নেত্রাঃ, পুষ্যনেত্রাঃ রাত্রয়ঃ।

২০। নাভেঃ সংজ্ঞায়াম্। (৫)

সংজ্ঞা বুঝাইলে, নাভি শব্দের উত্তর অপ্ (অচ্) হয়। যথা,—ঊর্ণনাভঃ (a spider), পদ্মনাভঃ (*Vishnu*).

---

(১) অপ্ পূরণী-প্রমাণ্যোঃ। (এখানে প্রমাণী বিশেষ্যনিঘ্ন, প্রমাণম্ শব্দবৎ, অজহল্লিঙ্গ নহে।)

(২) মুখ্য পূরণীর উত্তর অপ্ হয়, গৌণের উত্তর হয় না (অপ্ প্রধানপূরণ্যামেব)। কল্যাণী পঞ্চমী রাত্রির্যস্মিন্ পক্ষে স কল্যাণপঞ্চমীকঃ পক্ষঃ। এস্থলে পূরণবাচক শব্দ গৌণ; এজন্য ইহার উত্তর অপ্ হইল না। অসমস্ত দশায় যে অর্থের বাচক, সমস্ত দশাতেও সেই অর্থের বাচক হইলেই মুখ্য। আর, অসমস্ত দশায় যে অর্থের বাচক, সমস্ত দশায় তদ্ভিন্নার্থ-বাচক হইলে গৌণ বলে। কল্যাণীপঞ্চমা রাত্রয়ঃ—এস্থলে, পূরণবাচক শব্দ অসমস্ত ও সমস্ত উভয় দশাতেই রাত্রি-বাচক, এজন্য মুখ্য; আর কল্যাণ-পঞ্চমীকঃ পক্ষঃ, এস্থলে পূরণ-বাচক শব্দ অসমস্ত দশায় রাত্রি-বাচক, কিন্তু সমস্ত দশায় তদ্বাচক না হইয়া, তদ্ভিন্নার্থ পক্ষবাচক হইতেছে, এজন্য উহা গৌণ।

(৩) অচতুর-বিচতুর ইত্যাদি। (৪) নেতুর্নক্ষত্রে অব্ বক্তব্যঃ। (বা)

(৫) 'অচ্ প্রত্যন্বব' ইত্যাদি-সূত্রে যোগবিভাগং কৃত্বা অন্যত্রাপি অচ্ প্রবর্ত্ততে। যথা,—পদ্মনাভঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২১। অন্তর্বহির্ভ্যাং চ লোম্নঃ। (পা)

অন্তর্ ও বহিস্ শব্দের পরবর্ত্তী লোমন্ শব্দের উত্তর অপ্ হয়। যথা,—অন্তর্লোমানি যস্য অন্তর্লোমঃ, বহির্লোমানি যস্য বহির্লোমঃ।

২২। নঞ্-দুঃ-সুভ্যঃ সক্থ্ন্যা বা। (১)

নঞ্, দুর্, সু এই তিনের পরবর্ত্তী সক্থি শব্দের উত্তর বিকল্পে অপ্ (অচ্) হয়। যথা,—অসক্থঃ অসক্থিঃ (a man having no thighs); দুঃসক্থঃ, দুঃসক্থিঃ; সুসক্থঃ, সুসক্থিঃ। (পরবর্ত্তী সূত্রানুযায়ী ষচ্ হইবে না।)

২৩। সক্থ্যক্ষিভ্যাং ষঃ স্বাঙ্গে। (২)

স্বাঙ্গ বুঝাইলে, সক্থি ও অক্ষি শব্দের উত্তর ষ (ষচ্) হয়; ষ্ ইৎ, অ থাকে। যথা,—দীর্ঘে সক্থিনী অস্য দীর্ঘসক্থঃ পুরুষঃ (a man having long thighs), বৃত্তে সক্থিনী অস্যাঃ বৃত্তসক্থী নারী, দীর্ঘে অক্ষিণী অস্মিন্ দীর্ঘাক্ষং বদনম্, বিশালে অক্ষিণী অস্যাঃ বিশালাক্ষী দেবী ("ষিদ্গৌরাদিভ্যঃ" সূত্রে ঙীষ্)। স্বাঙ্গ না বুঝাইলে হয় না। যথা,—দীর্ঘসক্থি শকটম্, স্থূলাক্ষা বেণুযষ্টিঃ (অক্ষ্ণোঽদর্শনাদিত্যচ্)।

২৪। অঙ্গুলের্দারুণি। (পা)

দারু বুঝাইলে, অঙ্গুলি শব্দের উত্তর ষ (ষচ্) হয়। যথা,—পঞ্চ অঙ্গুলয়ঃ যস্য পঞ্চাঙ্গুলং দারু। দারু ভিন্ন স্থলে, পঞ্চাঙ্গুলির্হস্তঃ।

২৫। দ্বিত্রিভ্যাং মূর্দ্ধ্নঃ। (৩)

দ্বি ও ত্রি শব্দের পরবর্ত্তী মূর্দ্ধন্ শব্দের উত্তর ষ হয়। যথা,—দ্বৌ মূর্দ্ধানাবস্য দ্বিমূর্দ্ধঃ (two-headed), ত্রয়ো মূর্দ্ধানোঽস্য ত্রিমূর্দ্ধঃ। অন্যত্র হয় না। যথা,—পঞ্চ মূর্দ্ধানোঽস্য পঞ্চমূর্দ্ধা (পঞ্চমূর্দ্ধন্)। (ক)

(১) নঞ্দুঃসুভ্যো হলিসক্থ্যোরন্যতরস্যাম্। (অচ্ স্যাৎ)।
(২) বহুব্রীহৌ সক্থ্যক্ষ্ণোঃ স্বাঙ্গাৎ ষচ্।
(৩) দ্বিত্রিভ্যাং ষ মূর্দ্ধ্নঃ।
(ক) দূষণখরত্রিমূর্দ্ধানো রণে হতাঃ (উত্তরচরিতম্)—এস্থলে সমাসান্ত-বিধি অনিত্য, স্বীকার করিতে হইবে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৬। অস্ নঞ্-দুঃ-সুভ্যঃ প্রজায়াঃ। (১)

নঞ্, দুর্, সু এই তিনের পরবর্ত্তী প্রজা শব্দের উত্তর অস্ (অসিচ্) হয়। যথা,—অপ্রজাঃ (having no progeny), দুষ্প্রজাঃ, সুপ্রজাঃ।

২৭। মন্দাল্পাভ্যাঞ্চ মেধায়াঃ। (১)

নঞ্, দুর্, সু, মন্দ, অল্প এই সকল শব্দের পরবর্ত্তী মেধা শব্দের উত্তর অস্ (অসিচ্) হয়। যথা,—অমেধাঃ, দুর্মেধাঃ, সুমেধাঃ, মন্দমেধাঃ, অল্পমেধাঃ।

২৮। ধর্ম্মাদন্ কেবলাত্। (২)

ধর্ম্ম শব্দের উত্তর অন্ (অনিচ্) হয়। যথা,—সুধর্ম্মা, শুভধর্ম্মা, অর্জ্জিতধর্ম্মা। ধর্ম্ম শব্দ অন্য শব্দের সহিত মিলিত থাকিলে হয় না। যথা,—পরমস্বধর্ম্মঃ। (আগে কর্ম্মধারয় সমাস করিয়া 'পরমস্বধর্ম্মা' পদও হয়)।

২৯। দক্ষিণাদীর্ম্মাল্লুব্ধযোগে। (৩)

ব্যাধ-সম্বন্ধ বুঝাইলে, দক্ষিণ শব্দের পরবর্ত্তী ঈর্ম্ম শব্দের উত্তর অন্ (অনিচ্) হয়। যথা,—দক্ষিণে ঈর্ম্মম্ (ব্রণম্) যস্য স দক্ষিণের্ম্মা মৃগঃ (a stag wounded by a hunter on the right side), ব্যাধেন দক্ষিণে পার্শ্বে কৃতব্রণ ইত্যর্থঃ।

৩০। প্রসংভ্যাং জানুনো জ্ঞুঃ। (পা)

প্র, সম্ এই দুই অব্যয়ের পরবর্ত্তী জানু শব্দের স্থানে জ্ঞু হয়। যথা,—প্রগতে জানুনী যস্য প্রজ্ঞুঃ (one who has lost his knees), সংগতে জানুনী যস্য সংজ্ঞুঃ (one who has well-formed knees).

৩১। ঊর্দ্ধ্বাদ্বিভাষা। (পা)

ঊর্দ্ধ শব্দের পরবর্ত্তী জানু শব্দের স্থানে বিকল্পে জ্ঞু হয়। যথা,—ঊর্দ্ধজ্ঞুঃ, ঊর্দ্ধজানুঃ।

---

(১) নিত্যমসিচ্ প্রজামেধয়োঃ। কেচিত্তু নিত্যগ্রহণমন্যতো বিধানার্থম্, তেনাল্পমেধসঃ ইত্যাদি সিধ্যতীত্যাহুঃ—বালমনোরমা।

(২) ধর্ম্মাদনিচ্ কেবলাৎ।

(৩) দক্ষিণের্ম্মা লুব্ধযোগে (লুব্ধ=ব্যাধ)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩২। **नसौ नासिकायाः संज्ञायाम्।** (১)

সংজ্ঞা বুঝাইলে, নাসিকা শব্দের স্থানে (অচ্ প্রত্যয় যোগে) নস হয়। যথা,—দ্রুরিব নাসিকাস্য দ্রুণসঃ (one whose nose is like a tree), বার্দ্ধ্রীব নাসিকাস্য বার্দ্ধ্রীণসঃ, গৌরিব নাসিকাস্য গোনসঃ। স্থূল শব্দের উত্তর হয় না। যথা,—স্থূলা নাসিকাস্য স্থূলনাসিকঃ। সংজ্ঞা না বুঝাইলে হয় না। যথা,—তুঙ্গা নাসিকা অস্য তুঙ্গনাসিকঃ পুরুষঃ।

৩৩। **उपसर्गाच्च।** (পা)

উপসর্গের পরবর্ত্তী নাসিকা শব্দের স্থানে নস হয়। যথা,—প্রণসঃ, উন্নসঃ (high-nosed), অপনসঃ।

৩৪। **खर-खुराभ्यां नस् च।** (২)

খর ও খুর শব্দের পরবর্ত্তী নাসিকা শব্দের স্থানে নস ও নস্ হয়। যথা,—খরণসঃ, খরণাঃ ; খুরণসঃ, খুরণাঃ।

৩৫। **विग्रादयः।** (৩)

বি-উপসর্গের পরবর্ত্তী নাসিকা শব্দের স্থানে (বিগতা নাসিকা অস্য) বিগ্র ও বিখ্য (noseless) নিপাতনে সিদ্ধ হয়।

৩৬। **जानिर्जायायाः।** (৪)

জায়া শব্দের স্থানে জানি আদেশ হয়। যথা,—যুবতির্জায়াস্য যুবজানিঃ (one whose wife is young), প্রিয়া জায়াস্য প্রিয়জানিঃ, সুন্দরী জায়াস্য সুন্দরজানিঃ (one who has a beautiful wife).

৩৭। **इर्गन्धादुत्-सु-पूति-सुरभिभ्यः।** (৫)

উদ্, সু, পূতি, সুরভি ইহাদের পরবর্ত্তী গন্ধ শব্দের উত্তর ই (ইৎ) হয়। †

---

(১) অঞ্ (অচ্) নাসিকায়াঃ সংজ্ঞায়াং নসং চাস্থূলাৎ।

(২) খুরখরাভ্যাং বা নস্। (বা) [পুরুষ ও উপলক্ষণে ৩য়া।

(৩) বেগ্রো বক্তব্যঃ। খ্যশ্চ। (বা) বিনসা হতবান্ধবাঃ (ভট্টি)—এখানে প্রাদিতৎ-

(৪) জায়ায়া নিঙ্। 'লোপো ব্যোর্বলি'।

(৫) গন্ধস্যেদুৎপূতিসুসুরভিভ্যঃ। গন্ধস্যেত্বে তদেকান্তগ্রহণম্ (বা)।

† দুর্গন্ধি পদ ভুল (দুর্গন্ধিপদ ইদ্দুর্লভঃ—বামনঃ।)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

যথা,—উদ্গন্ধিঃ, সুগন্ধিঃ, পূতিগন্ধিঃ (having a repulsive smell), সুরভিগন্ধিঃ। দ্রব্যান্তরের গন্ধ-সম্বন্ধে হয় না। যথা,—সুগন্ধঃ পবনঃ।

৩৮। **অল্পসংযোগে। (১)**

অল্পসংযোগ বুঝাইলে, গন্ধ শব্দের উত্তর ই (ইৎ) হয়। যথা,—ঘৃতগন্ধি (having a little ghee), দধিগন্ধি (having a little curd), সূপগন্ধি (having a little broth) ভোজনম্।

৩৯। **উপমানাচ্চ। (পা)**

উপমান-বাচক পদের পরবর্ত্তী গন্ধ শব্দের উত্তর ই (ইৎ) হয়। যথা,—পদ্মস্যেব গন্ধোঽস্য পদ্মগন্ধিঃ (smelling like lotus), করীষগন্ধিঃ (২)।

৪০। **পাদস্য পাদুপমানাদ্হস্ত্যাদেঃ। (৩)**

উপমান-বাচক পদের পরবর্ত্তী পাদ শব্দ-স্থানে পাদ্ হয়। যথা,—ব্যাঘ্রস্যেব পাদাবস্য ব্যাঘ্রপাৎ (having feet like those of a tiger). হস্তিন্ (৪) প্রভৃতির পরবর্ত্তী হইলে হয় না। যথা,—হস্তিনঃ ইব পাদাবস্য হস্তিপাদঃ।

৪১। **সংখ্যা-সু-পূর্ব্বস্য চ। (৫)**

সংখ্যা-বাচক শব্দ ও সু পূর্ব্বে থাকিলে, পাদ শব্দ-স্থানে পাদ্ হয়। যথা,—দ্বিপাৎ (having two feet), ত্রিপাৎ, চতুষ্পাৎ, সুপাৎ।

সিদ্ধান্তকৌমুদী প্রভৃতির মতে—গন্ধ শব্দ (স্বাভাবিকই হউক বা আগন্তুকই হউক) গুণবাচক হইলেই সমাসান্ত 'ইৎ' হয়, দ্রব্যবাচক হইলে হয় না। যথা,—সুগন্ধি পুষ্পম্, সুগন্ধিঃ বায়ুঃ। কিন্তু সুগন্ধঃ আপণিকঃ (a dealer in perfumes). মতান্তরে—গন্ধ যদি স্বাভাবিক হয় তবেই 'ইৎ' হয়, আগন্তুক হইলে 'ইৎ' হয় না। যথা,—সুগন্ধি পুষ্পম্; সুগন্ধঃ বায়ুঃ। "আঘ্রায়ি বান্ গন্ধবহঃ সুগন্ধঃ"—ভট্টিঃ। (গন্ধ পৃথিবীর স্বাভাবিক গুণ, বায়ুর পক্ষে আগন্তুক)। দ্রব্যবাচক হইলে এ মতেও 'ইৎ' হয় না।

(১) অল্পাখ্যায়াম্। (২) বোপদেব-মতে বিকল্পে।

(৩) পাদস্য লোপোঽহস্ত্যাদিভ্যঃ। এখানে লোপ অর্থে অন্ত্য অ-কারের লোপ।

(৪) হস্তিন্, কুদ্দাল, অশ্ব, অজ, কপোত, জাল, গণ্ড, গণ্ডোল, কুসূল ইত্যাদি।

(৫) সংখ্যাসুপূর্ব্বস্য।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৪২। **স্ত্রিয়াং-কুম্ভাদেঃ পদ্।** (১)

স্ত্রীলিঙ্গে, কুম্ভ (২) প্রভৃতির পরবর্ত্তী পাদ শব্দ-স্থানে পদ হয়। যথা,—কুম্ভপদী, একপদী, দ্বিপদী, ত্রিপদী, শতপদী, বিষ্ণুপদী, আর্দ্রপদী।

৪৩। **বয়সি দন্তস্য দতৃ** (পা)

বয়স-প্রতীতি হইলে, সংখ্যা-বাচক ও সু-পূর্ব্বক দন্ত শব্দ-স্থানে দতৃ হয়। ঋ ইৎ, দৎ থাকে। যথা,—দ্বৌ দন্তৌ অস্য দ্বিদন্ (having two teeth), চত্বারঃ দন্তাঃ যস্য চতুর্দ্দন্, সু শোভনা দন্তাঃ যস্য সুদন্। স্ত্রীলিঙ্গে সুদতী। বয়স না বুঝাইলে হয় না। যথা,—দ্বিদন্তঃ করী, সুদন্তো নটঃ (৩)। কাহারও মতে বয়স না বুঝাইলেও "স্ত্রিয়াং সংজ্ঞায়াম্" সূত্রে সুদতী প্রভৃতি শব্দ হয় (সুদত্যাদয়ঃ স্ত্র্যভিধায়িনো যোগরূঢ়শব্দাঃ)।

৪৪। **সুহৃদ্-দুর্হৃদৌ মিত্রামিত্রয়োঃ।** (পা)

মিত্র, অমিত্র এই দুই অর্থে, যথাক্রমে সুহৃদ্, দুর্হৃদ্ এই দুই শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—শোভনং হৃদয়মস্য সুহৃৎ মিত্রম্, দুষ্টং হৃদয়মস্য দুর্হৃৎ অমিত্রঃ। সুহৃদয়ঃ—one having a good heart. সুহৃদ্=a friend.

৪৫। **উরঃপ্রভৃতিভ্যঃ কপ্।** (পা)

উরস্ (৪) প্রভৃতি শব্দের উত্তর কপ্ হয়। প্ ইৎ, ক থাকে। যথা,—ব্যূঢ়মুরোঽস্য ব্যূঢ়োরস্কঃ (having a broad or expansive chest), উপানদ্ভ্যাং সহ সোপানৎকঃ, ভাষিতঃ পুমাননেন ভাষিত-পুংস্কঃ, ন বিদ্যতে অর্থোঽস্মিন্ নিরর্থকম্, অনর্থকম্ (৫)। কিন্তু 'ক্ষতদৃঢ়োরাঃ' পদে কপ্ হয় না—'ক্ষতদৃঢ়োরস্ ইতি ন কপ্ তদন্তবিধিপ্রতিষেধাৎ'—বামনঃ।

(১) কুম্ভপদীষু চ। পাদঃ পাৎ। (কিন্তু এখানে পুংলিঙ্গে কুম্ভপাদঃ, কুম্ভপাৎ নহে)। [কৃষ্ণ, শুচি, স্থূণা ইত্যাদি।

(২) কুম্ভ, এক, দ্বি, ত্রি, শত, শূল, জাল, মুনি, গুণ, সূত্র, গোধা, তৃণ, বিষ্ণু, আর্দ্র,

(৩) অগ্র, অন্ত, শুদ্ধ, শুভ্র, বৃষ ও বরাহ শব্দের পরবর্ত্তী দন্ত শব্দ-স্থানে বিকল্পে দতৃ হয় (অগ্রান্তশুদ্ধশুভ্রবৃষবরাহেভ্যশ্চ)। যথা,—অগ্রদন্ অগ্রদন্তঃ, বৃষদন্ বৃষদন্তঃ ইত্যাদি।

(৪) উরস্, উপানহ্, পুমস্, পয়স্, দধি, মধু, শালি, সর্পিস্, অনডুহ্, নৌ, নির্ ও নঞ্-পূর্ব্বক অর্থ। (৫) অর্থান্নঞঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৪৬। ইনন্তাৎ স্ত্রিয়াম্। (১)

স্ত্রীলিঙ্গে, ইন্-ভাগান্ত শব্দের উত্তর কপ্ হয়। যথা,—বহবোঽস্যাং ধনিনঃ বহুধনিকা নগরী, বহবোঽস্যাং বাগ্মিনঃ বহুবাগ্মিকা সভা।

৪৭। ঋদন্ত-নদীভ্যাশ্চ। (২)

ঋ-কারান্ত ও নদী-সংজ্ঞক শব্দের উত্তর কপ্ হয়। যথা,—ঋদন্ত—একভ্রাতৃকঃ, সমাতৃকঃ, মৃতভর্ত্তৃকা (widow); নদী-সংজ্ঞক—মৃতপত্নীকঃ, বহুকুমারীকঃ।

৪৮। শেষাদ্বিভাষা। (পা)

পূর্ব্বোক্ত ভিন্নের উত্তর বিকল্পে কপ্ হয়। যথা,—সমানবয়স্ক, সমান-বয়াঃ; লব্ধযশস্কঃ, লব্ধযশাঃ; মুণ্ডিতশিরস্কঃ, মুণ্ডিতশিরাঃ; অর্জ্জিতধনকঃ, অর্জ্জিতধনঃ।

৪৯। নেয়সুনঃ। (৩)

ঈয়সুন্-প্রত্যয়ান্ত শব্দের উত্তর কপ্ হয় না। যথা,—বহুপ্রেয়ান্, বহু-প্রেয়সী (ঈয়সোর্বহুব্রীহের্নেতি বাচ্যম্—কাজেই হ্রস্ব হইল না)।

৫০। ন প্রশংসায়াং ভ্রাতুঃ। (৪)

প্রশংসা বুঝাইলে, ভ্রাতৃ শব্দের উত্তর কপ্ হয় না। যথা,—সু (উত্তমঃ) ভ্রাতা যস্য, সুভ্রাতা, পণ্ডিতভ্রাতা, সাধুভ্রাতা। অন্যত্র, মূর্খভ্রাতৃকঃ, বহুভ্রাতৃকঃ।

৫১। ন নাড়ীতন্ত্র্যোঃ স্বাঙ্গে। (৫)

স্বাঙ্গ বুঝাইলে, নাড়ী ও তন্ত্রী শব্দের উত্তর কপ্ হয় না। যথা,—বহুনাড়িঃ কায়ঃ, বহুতন্ত্রীগ্রীবা (ক)। স্বাঙ্গ না বুঝাইলে, বহুনাড়ীকঃ স্তম্ভঃ, বহুতন্ত্রীকা বীণা।

---

(১) ইনঃ স্ত্রিয়াম্। 'আপোঽন্যতরস্যাম্'—সূত্রে—বহুমালকঃ, বহু-মালাকঃ, এবং কপ্ না হইলে বহুমালঃ পদ হয়।

(২) নদ্যৃতশ্চ।

(৩) ঈয়সশ্চ। 'ঈয়সোর্বহুব্রীহের্নেতি বাচ্যম্' এই বার্ত্তিক সূত্র থাকাতে ঈ-কার হ্রস্ব হইল না।

(৪) বন্দিতে ভ্রাতুঃ।

(৫) নাড়ীতন্ত্র্যোঃ স্বাঙ্গে।

(ক) নাড়ী স্ত্রী-প্রত্যয়ান্ত বলিয়া হ্রস্ব; তন্ত্রী স্ত্রী-প্রত্যয়ান্ত নহে বলিয়া হ্রস্ব হইল না।

৪০

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৫২। সুপ্রাতাদয়ঃ। (১)

বহুব্রীহি সমাসে সুপ্রাত প্রভৃতি শব্দ (সমাসান্ত অচ্ যোগে) নিপাতনে সিদ্ধ হয়। যথা,—শোভনং প্রাতরস্য সুপ্রাতঃ, শোভনং দিবাস্য সুদিবঃ, চতস্রোঽশ্রয়ঃ অস্য চতুরশ্রঃ (having four corners). এইরূপ অজপদঃ, প্রোষ্ঠপদঃ (having feet like those of a cow).

৫৩। ধনুষশ্চ। (পা)

বহুব্রীহি সমাসে ধনুস্ শব্দের উত্তর অনঙ্ হয়। যথা,—অধিজ্যম্ আরোপিতমৌর্বীকং ধনুঃ যস্য সঃ অধিজ্যধন্বা (-ধন্বন্); শার্ঙ্গং ধনুঃ অস্য শার্ঙ্গধন্বা।

৫৪। বা সংজ্ঞায়াম্। (পা)

সংজ্ঞা বুঝাইলে, বহুব্রীহি সমাসে ধনুস্ শব্দের উত্তর বিকল্পে অনঙ্ হয়। যথা,—পুষ্পধন্বা, পুষ্পধনুঃ (an epithet of *Kandarpa*). (ক)

দ্বন্দ্ব সমাস (Copulative Compound)

১। দ্বন্দ্বঃ। (২)

এই প্রকরণে যে সমাস বিহিত হইতেছে, তাহার নাম দ্বন্দ্ব। দুই বা বহু পদার্থ মিলিত হইয়া একার্থে অন্বয় হইলে দ্বন্দ্ব সমাস হয়।

২। পরলিঙ্গং দ্বন্দ্বে। (৩)

দ্বন্দ্ব সমাস হইলে, সমস্ত ভাগ পর পদের লিঙ্গ প্রাপ্ত হয়।

৩। ইতরেতরযোগে। (২)

একার্থে দুই বা ততোধিক পদার্থের পরস্পর যোগ বুঝাইলে, দ্বন্দ্বসমাস

---

(১) সুপ্রাতসুশ্বসুদিবশারিকুক্ষচতুরশ্রৈণীপদাজপদপ্রোষ্ঠপদাঃ।

(ক) ধৃতধনুষং রঘুনন্দনং স্মরামি (উত্তরচরিতম্)—এই স্থলে সমাসান্তবিধি অনিত্য বলিয়া অনঙ্ হইল না। বামন এই প্রয়োগ অযুক্ত বলিয়াছেন ("ন ধৃতধনুর্ষমিত্য-সংজ্ঞায়াম্")।

(২) চার্থে দ্বন্দ্বঃ। চ-এর অর্থ সমুচ্চয়, অন্বাচয়, ইতরেতরযোগ ও সমাহার। উদাহরণ যথাক্রমে—ঈশ্বরং গুরুঞ্চ ভজস্ব (পরস্পর নিরপেক্ষ); ভিক্ষাম্ অট গাং চ আনয় (একটি অন্যটির আনুষঙ্গিক) এই দুইটি অর্থে সমাস হয় না। শেষের দুইটি অর্থে—ধবখদিরৌ ছিন্ধি (ইতরেতরযোগ); সংজ্ঞাপরিভাষম্ (সমাহার)।

(৩) পরবল্লিঙ্গং দ্বন্দ্বতৎপুরুষয়োঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

হয়। যথা,—হরিশ্চ হরশ্চ হরিহরৌ, রামশ্চ লক্ষ্মণশ্চ রামলক্ষ্মণৌ, ভীমশ্চ অর্জ্জুনশ্চ ভীমার্জ্জুনৌ, ধবশ্চ খদিরশ্চ পলাশশ্চ ধবখদিরপলাশাঃ, কন্দঞ্চ মূলঞ্চ ফলঞ্চ কন্দমূলফলানি, শব্দশ্চ স্পর্শশ্চ রূপঞ্চ রসশ্চ গন্ধশ্চ শব্দস্পর্শরূপরসগন্ধাঃ। হরিহরৌ,—এস্থলে, হরি-পদার্থ ও হর-পদার্থের পরস্পর-যোগ বুঝাইতেছে; ধবখদিরপলাশাঃ,—এস্থলে, ধব-পদার্থ, খদির-পদার্থ ও পলাশ-পদার্থের পরস্পর-যোগ বুঝাইতেছে।

৪। **সমাহারে চ।** (১)

দুই বা বহু পদার্থের সমাহার বুঝাইলে দ্বন্দ্ব সমাস হয়।

৫। **প্রাণি-তূর্য্য-সেনাঙ্গানাম্।** (২)

দ্বন্দ্ব সমাসে প্রাণ্যঙ্গ, তূর্য্যাঙ্গ (৩) ও সেনাঙ্গ-বাচক পদের সমাহার হয়। যথা,—প্রাণ্যঙ্গ—পাণী চ পাদৌ চ পাণিপাদম্ (hands and feet), করৌ চ চরণৌ চ করচরণম্, দন্তাশ্চ ওষ্ঠৌ চ দন্তৌষ্ঠম্, কর্ণৌ চ নাসিকা চ কর্ণনাসিকম্ (ears and nose), ভ্রুবৌ চ ললাটশ্চ ভ্রূললাটম্, পৃষ্ঠঞ্চ উদরঞ্চ পৃষ্ঠোদরম্; তূর্য্যাঙ্গ—পণবশ্চ মৃদঙ্গশ্চ পণবমৃদঙ্গম্, শঙ্খশ্চ দুন্দুভিশ্চ শঙ্খ-দুন্দুভি, ভেরী চ পটহশ্চ ভেরীপটহম্, ঋষভশ্চ গান্ধারশ্চ ঋষভগান্ধারম্, ধৈবতশ্চ পঞ্চমশ্চ ধৈবতপঞ্চমম্, ষড়্জশ্চ মধ্যমশ্চ ষড়্জমধ্যমম্; সেনাঙ্গ—রথিকাশ্চ অশ্বারোহাশ্চ রথিকাশ্বারোহম্, শাক্তীকাশ্চ যাষ্টীকাশ্চ শাক্তীক-যাষ্টীকম্, পরশবশ্চ করবালাশ্চ পরশুকরবালম্, ধনূংষি চ শরাশ্চ ধনুঃশরম্, শরাশ্চ তূণীরাশ্চ শরতূণীরম্ (৪)।

(১) চার্থে দ্বন্দ্বঃ—চ শব্দের একটি অর্থ সমাহার। 'দ্বিগুরেকবচনম্'—এই সূত্র হইতে 'একবচনম্' অর্থাৎ সমাহার অর্থের অনুবৃত্তি হইয়াছে।

(২) **দ্বন্দ্বশ্চ প্রাণিতূর্য্যসেনাঙ্গানাম্।** কিন্তু বিশেষণ হইলে সমাহার হয় না, দশ দন্তোষ্ঠাঃ। কিন্তু উপদশম্ দন্তোষ্ঠম্ বা উপদশাঃ দন্তোষ্ঠাঃ। (অধিকরণৈ-তাবত্ত্বে চ। বিভাষা সামীপ্যে।)

(৩) অধিকাংশ বৈয়াকরণের মতে তূর্য্যবাদক অর্থে হয়; কিন্তু ক্রমদীশ্বরের মতে তূর্য্যাঙ্গ এবং তদ্বাদক উভয় অর্থেই হয়। বিদ্যাসাগর মহাশয় এখানে তূর্য্যাঙ্গ অর্থই গ্রহণ করিয়াছেন।

(৪) সেনাঙ্গ-বাচক পদের কেবল বহুবচনে সমাহার হয়, অন্য বচনে হয় না। যথা,—শরশ্চ তূণীরশ্চ শরতূণীরৌ, শক্তিশ্চ পরশুশ্চ করবালশ্চ শক্তিপরশুকরবালাঃ। (ফল-সেনাঙ্গ-বনস্পতি-মৃগ-শকুনি-ক্ষুদ্রজন্তু-ধান্য-তৃণানাং বহুপ্রকৃতিরেব দ্বন্দ্ব একবদিতি বাচ্যম্—বা।)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৬। নদীবাচিনাং লিঙ্গভেদে। (১)

লিঙ্গের ভেদ থাকিলে নদীবাচক পদের সমাহার হয়। যথা,—গঙ্গা চ শোণশ্চ গঙ্গাশোণম্, উদ্ধ্যশ্চ ইরাবতী চ উদ্ধ্যেরাবতি, ব্রহ্মপুত্রশ্চ চন্দ্রভাগা চ ব্রহ্মপুত্রচন্দ্রভাগম্। লিঙ্গভেদ না থাকিলে হয় না। যথা,—গঙ্গা চ যমুনা চ গঙ্গাযমুনে, সরস্বতী চ দৃষদ্বতী চ সরস্বতীদৃষদ্বত্যৌ।

৭। দেশবাচিনাঞ্চ। (১)

লিঙ্গ-ভেদ থাকিলে, দেশ-বাচক পদের সমাহার হয়। যথা,—কুরবশ্চ কুরুক্ষেত্রঞ্চ কুরুকুরুক্ষেত্রম্, কুরবশ্চ জাঙ্গলঞ্চ কুরুজাঙ্গলম্, মথুরা চ পাটলিপুত্রঞ্চ মথুরাপাটলিপুত্রম্। লিঙ্গ-ভেদ না থাকিলে হয় না। যথা,—মদ্রাশ্চ কেকয়াশ্চ মদ্রকেকয়াঃ, বিদেহাশ্চ কলিঙ্গাশ্চ বিদেহকলিঙ্গাঃ। গ্রাম-বাচক পদের সমাহার হয় না। যথা,—জাম্ববঞ্চ শালকিনী চ জাম্ববশালূকিন্যৌ।

৮। বা পশু-শকুনি-ক্ষুদ্রজন্তুবাচিনাং বহুবচনে। (২)

বহুবচনে পশু-বাচক, শকুনি-বাচক ও ক্ষুদ্র-জন্তু-বাচক পদের বিকল্পে সমাহার হয়। যথা,—পশু-বাচক—গাবশ্চ মহিষাশ্চ গোমহিষম্, গোমহিষাঃ; বৃকাশ্চ কুরঙ্গাশ্চ বৃককুরঙ্গম্, বৃককুরঙ্গাঃ; গোমায়বশ্চ গর্দ্দভাশ্চ গোমায়ুগর্দ্দভম্, গোমায়ুগর্দ্দভাঃ; শকুনি-বাচক—হংসাশ্চ সারসাশ্চ হংসসারসম্, হংসসারসাঃ; বকাশ্চ চক্রবাকাশ্চ বকচক্রবাকম্, বকচক্রবাকাঃ; কোকিলাশ্চ ময়ূরাশ্চ কোকিলময়ূরম্, কোকিলময়ূরাঃ; ক্ষুদ্র-জন্তু-বাচক—দংশাশ্চ মশকাশ্চ দংশমশকম্, দংশমশকাঃ; যূকাশ্চ মক্ষিকাশ্চ যূকমক্ষিকম্, যূকমক্ষিকাঃ; মৎকুণাশ্চ পিপীলিকাশ্চ মৎকুণপিপীলিকম্, মৎকুণপিপীলিকাঃ।

৯। ফল-তৃণ-তরুবাচকানাঞ্চ। (২)

বহুবচনে ফল-বাচক, তৃণ-বাচক ও তরু-বাচক পদের বিকল্পে সমাহার

---

(১) বিশিষ্টলিঙ্গো নদীদেশোঽগ্রামাঃ।

(২) ক্ষুদ্রজন্তবঃ। বিভাষা বৃক্ষমৃগতৃণধান্যব্যঞ্জনপশুশকুন্যশ্ববড়বপূর্ব্বাপরাধরোত্তরাণাম্। (৫ সূত্রের 'শরতৃণীরম্'-এর পাদটীকা দ্রষ্টব্য।)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

হয়। যথা,—ফল-বাচক—বদরাণি চ আমলকানি চ বদরামলকম্, বদরামলকানি ; খর্জ্জুরাণি চ নারিকেলানি চ খর্জ্জুরনারিকেলম্, খর্জ্জুরনারিকেলানি ; ব্রীহয়শ্চ যবাশ্চ ব্রীহিযবম্, ব্রীহিযবাঃ ; মুদ্গাশ্চ মাষাশ্চ মুদ্গমাষম্, মুদ্গমাষাঃ। তৃণ-বাচক—কুশাশ্চ কাশাশ্চ কুশকাশম্, কুশকাশাঃ। তরুবাচক —অশ্বত্থাশ্চ ন্যগ্রোধাশ্চ অশ্বত্থন্যগ্রোধম্, অশ্বত্থন্যগ্রোধাঃ।

১০। নিত্যং নিত্যবিরোধিনাম্। (১)

যে সকল জন্তু পরস্পর নিত্য-বিরোধী, বহুবচনে তদ্বাচক পদের নিত্য সমাহার হয়। যথা,—অহয়শ্চ নকুলাশ্চ অহিনকুলম্, কাকাশ্চ উলূকাশ্চ কাকোলূকম্, মার্জ্জারাশ্চ মূষিকাশ্চ মার্জ্জারমূষিকম্।

১১। গবাশ্বপ্রভৃতীনাঞ্চ। (২)

গবাশ্ব প্রভৃতির (৩) নিত্য সমাহার হয়। যথা,—গাবশ্চ অশ্বাশ্চ গবাশ্বম্, অজাশ্চ অবিকাশ্চ অজাবিকম্, পুত্রাশ্চ পৌত্রাশ্চ পুত্রপৌত্রম্।

১২। বিভাষা পূর্ব্বাপরাদীনাম্। (৪)

পূর্ব্বাপর প্রভৃতির বিকল্পে সমাহার হয়। যথা,—পূর্ব্বঞ্চ অপরঞ্চ পূর্ব্বাপরম্, পূর্ব্বাপরে ; অধরং চ উত্তরং চ অধরোত্তরম্, অধরোত্তরে ; দধি চ ঘৃতং চ দধিঘৃতম্, দধিঘৃতে।

১৩। বিরুদ্ধানামবিশেষণানাঞ্চ। (৫)

পরস্পর-বিরুদ্ধ পদার্থের বিকল্পে সমাহার হয়। যথা,—শীতঞ্চ উষ্ণঞ্চ শীতোষ্ণম্, শীতোষ্ণে (hot and cold); সুখঞ্চ দুঃখঞ্চ সুখদুঃখম্, সুখ-

---

(১) যেষাঞ্চ বিরোধঃ শাশ্বতিকঃ।

(২) গবাশ্বপ্রভৃতীনি চ।

(৩) গবাশ্বম্, গবাবিকম্, গবৈড়কম্, অজাবিকম্, অজৈড়কম্, কুব্জবামনম্, কুব্জকিরাতম্, পুত্রপৌত্রম্, শ্বচণ্ডালম্, স্ত্রীকুমারম্, দাসীমাণবকম্, শাটীপটীরম্, শাটীপ্রচ্ছদম্, শাটীপট্টিকম্, উষ্ট্রখরম্, উষ্ট্রশশম্, মূত্রশকৃৎ, মূত্রপুরীষম্, যকৃন্মেদঃ, মাংসশোণিতম্, দর্ভশরম্, দর্ভপূতীকম্, অর্জ্জুনশিরীষম্, অর্জ্জুনপুরুষম্, তৃণোপলম্, দাসীদাসম্, কুটীকুটম্, ভাগবতীভাগবতম্। (৪) বিভাষা বৃক্ষমৃগ—ইত্যাদি।

(৫) বিপ্রতিষিদ্ধং চানধিকরণবাচি (অর্থাৎ সমানাধিকরণ নহে এইরূপ)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

দুঃখে ; আলোকশ্চ অন্ধকারশ্চ আলোকান্ধকারম্, আলোকান্ধকারৌ ; জন্ম চ মরণঞ্চ জন্মমরণম্, জন্মমরণে। অবিরুদ্ধে—কামক্রোধৌ ; কিন্তু বিশেষণ হইলে হয় না। যথা,—শীতং চ উষ্ণং চ শীতোষ্ণে পয়সী।

১৪। **শূদ্রাণামনিরবসিতানাং নিত্যম্।** (১)

শূদ্রবাচী পদের নিত্য সমাহার হয়। যথা,—গোপাশ্চ নাপিতাশ্চ গোপনাপিতম্ (cowherds and barbers), কর্ম্মকারাশ্চ কুম্ভকারাশ্চ কর্ম্মকারকুম্ভকারম্, তাম্বূলিকাশ্চ তন্তুবায়াশ্চ তাম্বূলিকতন্তুবায়ম্। নিরবসিত (২) শূদ্রের হয় না। যথা,—চণ্ডালাশ্চ মৃতপাশ্চ চণ্ডালমৃতপাঃ।

১৫। **ন দধিপয়ঃপ্রভৃতীনাম্।** (৩)

দধিপয়স্ (৪) প্রভৃতির সমাহার হয় না। যথা,—দধিপয়সী, সর্পির্মধুনী, শুক্লকৃষ্ণৌ, দীক্ষাতপসী, উলূখলমুসলে, ঋক্‌সামে, বাঙ্‌মনসে।

১৬। **অশ্বর্গ-দ্-ষ-হান্তাত্ সমাহারে।** (৫)

সমাহার-দ্বন্দ্বে, চ-বর্গান্ত, দ-কারান্ত, ষ-কারান্ত ও হ-কারান্ত শব্দের উত্তর অ (টচ্) হয়। যথা,—বাক্‌ত্বচম্ (speech and skin), শ্রীস্রজম্, শমীদৃষদম্, সম্পদ্বিপদম্, বাক্‌ত্বিষম্, বাগ্বিপ্রুষম্, ছাত্রাপানহম্ (umbrella and shoe), ধেনুগোদুহম্। সমাহার না হইলে হয় না। যথা,—শ্রীস্রজৌ, প্রাবৃট্‌শরদৌ।

১৭। **ঋদন্তাদৃদন্তে ডা বিদ্যাগোত্রসম্বন্ধে।** (৬)

বিদ্যা-সম্বন্ধ ও গোত্র-সম্বন্ধ থাকিলে এবং ঋ-কারান্ত শব্দ পরবর্ত্তী হইলে, পূর্ব্ববর্ত্তী ঋ-কারান্ত শব্দের উত্তর ডা (আনঙ্) হয় ; ড ইৎ, আ থাকে।

---

(১) শূদ্রাণামনিরবসিতানাম্।

(২) যৈর্ভুক্তং পাত্রং সংস্কারেণাপি ন শুধ্যতি তে নিরবসিতাঃ (যাহার ভক্ষণের পর পাত্র ধৌত করিলেও শুদ্ধ হয় না তাহাকে নিরবসিত শূদ্র বলে)।

(৩) ন দধিপয়আদীনি।

(৪) দধিপয়স্, সর্পির্মধু, মধুসর্পিস্, ব্রহ্মপ্রজাপতি, শিববৈশ্রবণ, স্কন্দবিশাখ, পরিব্রাট্‌কৌশিক, প্রবর্গ্যোপসদ, শুক্লকৃষ্ণ, ইধ্মবর্হিস্, দীক্ষাতপস্, শ্রদ্ধাতপস্, মেধাতপস্, অধ্যয়নতপস্, উলূখলমুসল, আদ্যবসান, শ্রদ্ধামেধা, ঋক্‌সাম, বাঙ্‌মনস।

(৫) দ্বন্দ্বাচ্চু-দ-ষ-হান্তাৎ সমাহারে। (৬) আনঙ্ ঋতো দ্বন্দ্বে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

যথা,—বিদ্যা-সম্বন্ধে—হোতা চ পোতা চ হোতাপোতারৌ, নেষ্টা চ উদ্গাতা চ নেষ্টোদ্গাতারৌ। গোত্র-সম্বন্ধে—মাতা চ পিতা চ মাতাপিতরৌ (father and mother), যাতা চ ননান্দা চ যাতাননান্দারৌ। (ক)

১৮। पुत्रे च। (১)

পুত্র শব্দ পরে থাকিলে, ঋদন্ত শব্দের উত্তর ডা হয়। যথা,—পিতা চ পুত্রশ্চ পিতাপুত্রৌ (father and son), মাতা চ পুত্রশ্চ মাতাপুত্রৌ।

১৯। देवतावाचिनां पूर्व्वात्। (২)

দেবতা-বাচক পদের দ্বন্দ্ব হইলে, পূর্ব্বপদের উত্তর ডা হয়। যথা,—ইন্দ্রশ্চ বরুণশ্চ ইন্দ্রাবরুণৌ (Indra and Varuna), মিত্রশ্চ বরুণশ্চ মিত্রাবরুণৌ (Sun and Varuna), সূর্য্যশ্চ চন্দ্রমাশ্চ সূর্য্যাচন্দ্রমসৌ (Sun and Moon), অগ্নিশ্চ মরুৎ চ অগ্নামরুতৌ।

২০। न ब्रह्मप्रजापत्यादेः। (৩)

ব্রহ্মপ্রজাপতি প্রভৃতির উত্তর ডা হয় না। যথা,—ব্রহ্মা চ প্রজাপতিশ্চ ব্রহ্মপ্রজাপতী, অগ্নিশ্চ বায়ুশ্চ অগ্নিবায়ূ, বায়ুশ্চ অগ্নিশ্চ বায়্বগ্নী (wind and fire).

২১। ईदग्नेः सोमवरुणयोः। (पा)

সোম ও বরুণ শব্দ পরে থাকিলে অগ্নি শব্দের উত্তর ঈৎ হয়; ৎ ইৎ, ঈ থাকে। যথা,—অগ্নিশ্চ সোমশ্চ অগ্নীষোমৌ, অগ্নিশ্চ বরুণশ্চ অগ্নীবরুণৌ (৪)। (অগ্নেঃ স্তুৎস্তোমসোমাঃ—এই সূত্রে ষত্ব)।

(ক) বহুপদস্থলে দুই-দুইটি ধরিয়া সমাস করিয়া আবার সমাস করিলে, হোতাপোতানেষ্টোদ্গাতারঃ। আর, একত্র সমাস করিলে হোতৃপোতৃনেষ্টোদ্গাতারঃ (শুধু উপান্ত্য শব্দটির পরে ডা হইবে)। তিনটির একসঙ্গে হইলে হোতৃপোতানেষ্টারঃ। পৃথক্ করিয়া করিলে, হোতাপোতানেষ্টারঃ।

(১) **পুত্রেঽন্যতরস্যাম্।** (এই সূত্র হইতে 'আনঙ্ ঋতো' সূত্রে 'পুত্রে' পদের অনুবৃত্তি)। (২) **দেবতাদ্বন্দ্বে চ।**

(৩) বায়ুশব্দ-প্রয়োগে প্রতিষেধঃ। (বা)। 'দেবতাদ্বন্দ্বে চ' ইত্যত্র পুনর্দ্বন্দ্বগ্রহণং প্রসিদ্ধসাহচর্য্যপরিগ্রহার্থম্। তেন ব্রহ্মপ্রজাপতী ইত্যাদৌ নানঙ্।

(৪) কিন্তু তদ্ধিত প্রত্যয়যোগে উত্তরপদের বৃদ্ধি হইলে আগ্নিবারুণম্, আগ্নিমারুতম্ (**ইদ্ বৃদ্ধৌ**); বৃদ্ধি না হইলে, আগ্নেন্দ্রঃ। আবার আগ্নাবৈষ্ণবম্ (বিষ্ণৌ ন)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২২। दिवो द्यावा। (पा)

পূর্ব্ববর্ত্তী দিব্-স্থানে দ্যাবা হয়। যথা,—দ্যৌশ্চ ভূমিশ্চ দ্যাবাভূমী (heaven and earth), দ্যৌশ্চ ক্ষমা চ দ্যাবাক্ষমে।

২৩। दिवस् च पृथिव्याम्। (১)

পৃথিবী শব্দ পরে থাকিলে, দিব্-স্থানে দ্যাবা ও দিবস্ হয়। যথা,—দ্যৌশ্চ পৃথিবী চ দ্যাবাপৃথিব্যৌ, দিবস্পৃথিব্যৌ (heaven and earth).

২৪। मातरपितरौ। (২)

মাতরপিতরৌ পদটি বিকল্পে নিপাতনে সিদ্ধ হয়। যথা,—মাতা চ পিতা চ মাতরপিতরৌ (father and mother), পক্ষে মাতাপিতরৌ।

২৫। दम्पती जम्पती वा। (৩)

জায়া ও পতি শব্দে সমাস হইলে বিকল্পে দম্পতী ও জম্পতী হয়। যথা,—জায়া চ পতিশ্চ জায়াপতী, দম্পতী, জম্পতী (a married couple, husband and wife).

২৬। स्त्रीपुंसादयः। (৪)

দ্বন্দ্ব-সমাস হইলে স্ত্রীপুংসৌ প্রভৃতি (৫) নিপাতনে সিদ্ধ হয়। যথা,—স্ত্রী চ পুমাংশ্চ স্ত্রীপুংসৌ (male and female), বাক্ চ মনশ্চ বাঙ্মনসে (speech and mind), নক্তঞ্চ দিবা চ নক্তন্দিবম্ (day and night), রাত্রৌ চ দিবা চ রাত্রিন্দিবম্, অহনি চ দিবা চ অহর্দিবম্, অহশ্চ রাত্রিশ্চ অহোরাত্রঃ (ক)।

২৭। जातिरप्राणिनाम्। (पा)

জাতিবাচক, অথচ প্রাণিবাচক নহে, এরূপ শব্দের সমাহার দ্বন্দ্ব হয়। বদরাণি চ আমলকানি চ বদরামলকম্।

---

(১) দিবসশ্চ পৃথিব্যাম্। (২) মাতরপিতরাবুদীচাম্।

(৩) রাজদন্তাদিগণে জায়াশব্দস্য জন্তাবো দন্তাবশ্চ বা নিপাত্যতে (সিঃ কৌঃ)।

(৪) অচতুর-বিচতুর ইত্যাদি।

(৫) স্ত্রীপুংসৌ, ধেন্বনডুহৌ, ঋক্সামে, বাঙ্মনসে, অক্ষিভ্রুবম্, দারগবম্, উর্বষ্ঠীবম্, পদষ্ঠীবম্, নক্তন্দিবম্, রাত্রিন্দিবম্, অহর্দিবম্, ঋগ্-যজুষম্।

(ক) রাত্রাহ্নাহাঃ পুংসি—এই সূত্রে ইহা সমাহার দ্বন্দ্ব নিষ্পন্ন হইয়াও পুংলিঙ্গ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

একশেষ-বিধান

২৮। সরূপাণামেকশেষ একবিভক্তৌ। (পা)

এক-বিভক্তি হইলে সমানাকার অনেক পদের একটিমাত্র অবশিষ্ট থাকে। দুই পদের একশেষ হইলে অবশিষ্ট পদ দ্বিবচনান্ত হয়; বহুপদের একশেষ হইলে, অবশিষ্ট পদ বহুবচনান্ত হয়। যথা,—তরুশ্চ তরুশ্চ তরূ, তরুশ্চ তরুশ্চ তরুশ্চ তরবঃ; ফলঞ্চ ফলঞ্চ ফলে, ফলঞ্চ ফলঞ্চ ফলঞ্চ ফলানি।

একশেষ সমাস নহে; কারণ সমাস হইলে পন্থাশ্চ পন্থাশ্চ এই বাক্যে পন্থানৌ না হইয়া সমাসান্ত অ-যোগে পথৌ হইত। হস্তশ্চ হস্তশ্চ এখানে প্রাণ্যঙ্গ বলিয়া সমাহার হইত (হস্তম্)।

২৯। পুমান্ স্ত্রিয়া। (পা)

সমানাকার স্ত্রী-বাচক পদ ও পুরুষ-বাচক পদের একশেষ হইলে, পুরুষ-বাচক পদ অবশিষ্ট থাকে। যথা,—ব্রাহ্মণশ্চ ব্রাহ্মণী চ ব্রাহ্মণৌ, কুক্কুটশ্চ কুক্কুটী চ কুক্কুটৌ। স্ত্রীলিঙ্গ-নিমিত্তক আপ্ প্রভৃতি বিশেষ ব্যতিরিক্ত অন্যান্য অংশে সমানাকার হওয়া আবশ্যক। শব্দের স্বরূপগত বৈলক্ষণ্য থাকিলে হয় না। যথা,—হংসশ্চ সারসী চ হংসসারস্যৌ। অতরুণ-পশুবাচক শব্দের স্ত্রীবাচক পদ অবশিষ্ট থাকে। যথা,—গাবঃ ইমাঃ।

৩০। ন ব্যক্তিসংজ্ঞানাম্।

ব্যক্তি-বিশেষের সংজ্ঞা-বাচক পদের একশেষ হয় না। যথা,—ইন্দ্রশ্চ ইন্দ্রাণী চ ইন্দ্রেন্দ্রাণ্যৌ, ভবশ্চ ভবানী চ ভবভবান্যৌ (১)।

৩১। ভ্রাতৃ-পুত্রৌ স্বসৃ-দুহিতৃভ্যাম্। (পা)

স্বসৃ শব্দের সহিত ভ্রাতৃ শব্দের ও দুহিতৃ শব্দের সহিত পুত্র শব্দের যোগ হইলে, যথাক্রমে ভ্রাতৃ ও পুত্র শব্দ অবশিষ্ট থাকে। যথা,—ভ্রাতা চ স্বসা চ ভ্রাতরৌ (brother and sister), পুত্রশ্চ দুহিতা চ পুত্রৌ।

৩২। বিভাষা পিতা মাত্রা। (২)

মাতৃ শব্দের সহিত যুক্ত হইলে, পিতৃ শব্দ বিকল্পে অবশিষ্ট থাকে।

---

(১) স্ত্রীত্বপুংস্ত্বেতরপুংযোগকৃতবিশেষস্য সদ্ভাবাৎ (তত্ত্ববোধিনী)। কিন্তু বামন 'পুংযোগাদাখ্যায়াম্' সূত্রবলে একশেষ সমর্থন করিয়াছেন।

(২) পিতা মাত্রা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

যথা,—মাতা চ পিতা চ পিতরৌ, পক্ষে ইতরেতরদ্বন্দ্বে, মাতরপিতরৌ, মাতাপিতরৌ (father and mother).

৩৩। **শ্বশুরঃ শ্বশ্র্বা।** (পা)

শ্বশ্রূ শব্দের সহিত যুক্ত হইলে, শ্বশুর শব্দ বিকল্পে অবশিষ্ট থাকে। যথা,—শ্বশ্রূশ্চ শ্বশুরশ্চ শ্বশুরৌ, পক্ষে দ্বন্দ্বে, শ্বশ্রূশ্বশুরৌ।

৩৪। **নপুংসকমনপুংসকেনৈকবচনং বা।** (১)

নপুংসক ভিন্ন শব্দের সহিত নপুংসক শব্দের সমাস হইলে, নপুংসক শব্দ অবশিষ্ট থাকে, এবং তদুপলক্ষে বিকল্পে একবচন হয়। যথা,—শুক্লশ্চ শুক্লা চ শুক্লঞ্চ শুক্লম্, শুক্লানি। নপুংসকের সহিত হইলে একবচন হয় না। যথা,—শুক্লঞ্চ শুক্লঞ্চ শুক্লঞ্চ শুক্লানি। 'ত্যদাদীনি সর্ব্বৈর্নিত্যম্' সূত্রে—স চ দেবদত্তশ্চ তৌ, ইত্যাদি হয়।

সর্ব্বসমাস-সাধারণবিধি

১। **পথো ডঃ সমাসে।** (২)

সমাস হইলে সমস্তের অন্তস্থিত পথিন্ শব্দের উত্তর ড (অ) হয়; ড্ ইৎ, অ থাকে। যথা,—পথঃ সমীপম্ উপপথম্, জলে পন্থাঃ জলপথঃ, দক্ষিণস্যাং দিশি পন্থাঃ দক্ষিণাপথঃ (the Deccan), মহান্ পন্থাঃ মহাপথঃ, ত্রয়াণাং পথাং সমাহারঃ ত্রিপথম্, চতুর্ণাং পথাং সমাহারঃ চতুষ্পথম্, রম্যঃ পন্থাঃ অস্মিন্ রম্যপথং নগরম্, ক্ষেত্রঞ্চ পন্থাশ্চ ক্ষেত্রপথৌ। অব্যয়ের পরবর্ত্তী হইলে ক্লীবলিঙ্গ হয় (পথঃ সংখ্যাব্যয়াদেঃ—বা)। যথা,—বিরুদ্ধঃ পন্থাঃ বিপথম্, গর্হিতঃ পন্থাঃ উৎপথম্, অপকৃষ্টঃ পন্থাঃ অপপথম্ (a bad road).

২। **অনপঃ।** (২)

সমাস হইলে পদের অন্তস্থিত অপ্ শব্দের উত্তর সমাসান্ত অন্ (অ) হয়; ন্ ইৎ, অ থাকে। যথা,—বিমলা আপোঽস্মিন্ বিমলাপং সরঃ, উদ্ধৃতা

(১) নপুংসকমনপুংসকেনৈকবচ্চাস্যান্যতরস্যাম্।

(২) ঋক্পূরব্ধূঃপথামানক্ষে—পাণিনিমতে অ প্রত্যয় এবং 'নস্তদ্ধিতে' এই সূত্রানুসারে পথিন্-এর টি (ইন্) লোপ। বিষ্ণোঃ পূঃ বিষ্ণুপুরম্ (ক্লীবত্বং লোকাৎ)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

আপোঽস্মাৎ উদ্ধৃতাপঃ কূপঃ, কূপস্যাপঃ কূপাপাঃ (well-water), নির্ম্মলা আপঃ নির্ম্মলাপাঃ (pure water).

৩। দ্ব্যন্তরুপসর্গেভ্যোঽপ ঈৎ। (পা)

দ্বি, অন্তর্ ও উপসর্গের পরবর্ত্তী অপ্ শব্দের অ-কার-স্থানে ঈৎ (ঈ) হয়; ৎ ইৎ, ঈ থাকে। যথা,—দ্বয়োর্দিশোঃ আপোঽস্য দ্বীপম্ (island); এইরূপ, অন্তরীপম্ (cape), নীপম্, সমীপম্, প্রতীপম্, অন্বীপম্।

৪। অবর্ণান্তাদ্ বিভাষা। (১)

অ-বর্ণান্ত উপসর্গের পরবর্ত্তী হইলে বিকল্পে হয়। যথা,—প্রেপম্, প্রাপম্; পরেপম্, পরাপম্; অপাং সমীপম্, উপেপম্, উপাপম্।

৫। সমাপানূপৌ।

সমাপ ও অনূপ শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—সমাপো দেবযজনম্ (ক), অনূপঃ (watery, marshy) দেশঃ (২)।

৬। ধুরোঽনক্ষে। (৩)

সমাস হইলে সমস্তের অন্তস্থিত ধুর্ শব্দের উত্তর অন্ (অ) হয়। ন্ ইৎ, অ থাকে। যথা,—রাজ্ঞো ধূঃ রাজধুরা, মহতী ধূঃ মহাধুরা (স্ত্রী আপ্), ধৃতা ধূরনেন ধৃতধুরঃ। অক্ষ শব্দের সম্বন্ধ থাকিলে হয় না। যথা,—অক্ষস্য ধূঃ অক্ষধূঃ, দৃঢ়া ধূরস্মিন্ দৃঢ়ধূঃ অক্ষঃ।

৭। ঋচশ্চ। (৩)

সমস্তের অন্তস্থিত ঋচ্ শব্দের উত্তর অন্ (অ) হয়। যথা,—অর্দ্ধম্ ঋচঃ অর্দ্ধর্চঃ, অর্দ্ধর্চম্ (৪), অধিগতা ঋক্ অনেন অধিগতর্চঃ।

---

(১) অবর্ণান্তাদ্বা (বা)।

(ক) সমাপঃ—সঙ্গতাঃ আপঃ যস্মিন্ এই অর্থে নিপাতনে সিদ্ধ। এইটি অন্য ব্যাকরণের মতে। কিন্তু পাণিনিমতে সমাঃ আপঃ যস্মিন্ এইরূপ সমাস হইবে। শেষোক্ত মতে নিপাতন-স্বীকার হইতে অব্যাহতি পাওয়া যায়, সুতরাং তাহাই শ্রেয়ঃ।

(২) ঊদনোর্দেশে। (৩) ঋক্পূরব্ধূঃপথামানক্ষে।

(৪) পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ হয়।—অর্দ্ধর্চাঃ পুংসি চ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৮। নঞো মাণবকে। (১)

মাণবক (বেদের অধ্যেতা) বুঝাইলে নঞের পরবর্ত্তী ঋচ্ শব্দের উত্তর অন্ (অ) হয়। যথা,—অনৃচো মাণবকঃ †। অন্যত্র,—অনৃক্ সাম।

৯। বহ্বৃচশ্চরণে। (১)

চরণ (বেদশাখার অধ্যেতা) বুঝাইলে বহু শব্দের পরবর্ত্তী ঋচ্ শব্দের উত্তর অন্ (অ) হয়। যথা,—বহ্বৃচশ্চরণঃ। অন্যত্র,—বহ্বৃক্ সূক্তম্।

১০। প্রত্যন্ববেভ্যো লোম্নঃ। (২)

প্রতি, অনু, অব এই তিন উপসর্গের পরবর্ত্তী লোমন্ শব্দের উত্তর অন্ (অচ্) হয়। যথা,—প্রতিলোমম্, অনুলোমম্, অবলোমম্।

১১। সাম্নশ্চ। (২)

প্রতি, অনু, অব এই তিনের পরবর্ত্তী সামন্ শব্দের উত্তর অন্ (অচ্) হয়। যথা,—প্রতিসামম্, অনুসামম্, অবসামম্।

১২। কৃষ্ণোদক্পাণ্ডু-সংখ্যাভ্যো ভূমেঃ। (৩)

কৃষ্ণ, উদক্, পাণ্ডু ও সংখ্যা-বাচক শব্দের পরবর্ত্তী ভূমি শব্দের উত্তর অন্ (অচ্) হয়। যথা,—কৃষ্ণভূমঃ, উদগ্ভূমঃ, পাণ্ডুভূমঃ, দ্বিভূমঃ, চতুর্ভূমঃ (৪)।

১৩। ব্রহ্ম-হস্তি-পল্য-রাজভ্যো বর্চ্চসঃ। (৫)

ব্রহ্মন্, হস্তিন্, পল্য, রাজন্ ইহাদের পরবর্ত্তী বর্চ্চস্ শব্দের উত্তর অন্ (অচ্) হয়। যথা,—ব্রহ্মবর্চ্চসম্ (the power acquired in continued study of the Vedas), হস্তিবর্চ্চসম্, পল্যবর্চ্চসম্, রাজবর্চ্চসম্।

(১) অনূচবহ্বৃচাবধ্যেতর্য্যেব। (সিঃ কৌঃ)। † অজ্ঞাতে কুৎসিতে মূঢ়ে মনোরৌৎসর্গিকোঽণ্ স্মৃতঃ। নকারস্থ চ মূর্দ্ধন্যস্তেন সিধ্যতি মাণবঃ॥

(২) অচ্প্রত্যন্ববপূর্ব্বাৎ সামলোম্নঃ।

(৩) কৃষ্ণোদক্পাণ্ডুসংখ্যাপূর্ব্বায়া ভূমেরজিষ্যতে। (বা)। 'সংখ্যায়া নদী গোদাবরী-ভ্যাঞ্চ'—এই বার্ত্তিক বলে পঞ্চনদম্, সপ্তগোদাবরম্ ইত্যাদি হয়।

(৪) কৃষ্ণোদক্পাণ্ডুসংখ্যাভ্যো ভূমেরৎ-প্রত্যয়ঃ স্মৃতঃ।
গোদাবর্য্যাশ্চ নদ্যাশ্চ সংখ্যায়া উত্তরে যদি ॥—ক্রমদীশ্বরঃ।

(৫) ব্রহ্মহস্তিভ্যাং বর্চ্চসঃ। পল্যরাজভ্যাং চেতি বক্তব্যম্। (বা)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৪। **অব-সমন্ধেভ্যস্তমসঃ। (পা)**

অব, সম্, অন্ধ ইহাদের পরবর্ত্তী তমস্ শব্দের উত্তর অন্ (অচ্) হয়। যথা,—অবতমসম্, সন্তমসম্, অন্ধতমসম্ (deep darkness).

১৫। **অন্বব-তপ্তেভ্যো রহসঃ। (১)**

অনু, অব, তপ্ত ইহাদের পরবর্ত্তী রহস্ শব্দের উত্তর অন্ (অচ্) হয়। যথা,—অনুরহসম্ (in secret), অবরহসম্, তপ্তরহসম্।

১৬। **উপসর্গাদধ্বনঃ। (পা)**

উপসর্গের পরবর্ত্তী অধ্বন্ শব্দের উত্তর অন্ (অচ্) হয়। যথা,—প্রগতঃ অধ্বানম্ প্রাধ্বো রথঃ (প্রাদি), অধ্বনোঽভাবঃ নিরধ্বম্ (অব্যয়ীভাব), অধ্বানং প্রতি প্রত্যধ্বম্ (অব্যয়ীভাব)। অন্যত্র,—উত্তমোঽধ্বা উত্তমাধ্বা।

১৭। **শ্বসো বসীয়ঃশ্রেয়সঃ। (পা)**

শ্বস্ শব্দের পরবর্ত্তী বসীয়স্ ও শ্রেয়স্ শব্দের উত্তর অন্ (অচ্) হয়। যথা,—শ্বোবসীয়সম্ [শ্বঃ—বসু (well)+ঈয়সু+অচ্), শ্বঃশ্রেয়সম্ (prosperity).

১৮। **ন প্রশংসায়াং স্বতিভ্যাম্। (২)**

প্রশংসা-বাচী সু ও অতি শব্দ পূর্ব্বে থাকিলে, সমাসান্ত বিধি হয় না। যথা,—শোভনো রাজা সুরাজা, শোভনো রাজা অস্মিন্ সুরাজা দেশঃ, অতিশয়েন রাজা অতিরাজা (a great king), সুসখা, অতিসখা (an excellent friend) ; সুগৌঃ, অতিগৌঃ, সুপন্থাঃ (a good path), অতিপন্থাঃ, স্বধ্বা, অত্যধ্বা।

১৯। **ন কিমঃ কুৎসায়াম্। (৩)**

কুৎসা-বাচী কিম্ শব্দ পূর্ব্বে থাকিলে, সমাসান্ত বিধি হয় না। যথা,—কুৎসিতো রাজা কিংরাজা (a bad king), কুৎসিতঃ সখা কিংসখা (a bad friend), কুৎসিতঃ পন্থাঃ অস্মিন্ কিম্পন্থাঃ (having a bad road) দেশঃ।

---

(১) অন্ববতপ্তাদ্রহসঃ।

(২) ন পূজনাৎ [স্বতিভ্যামেব]।

(৩) কিমঃ ক্ষেপে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২০। **নঞস্তৎপুরুষে। (১)**

তৎপুরুষ সমাসে, নঞ্ পূর্ব্বে থাকিলে, সমাসান্ত বিধি হয় না। যথা,—অরাজা, অসখা, অগৌঃ। তৎপুরুষ সমাস না হইলে, অধুরম্ শকটম্।

২১। **পথো বিভাষা। (পা)**

নঞ্-পূর্ব্বক পথিন্ শব্দের উত্তর তৎপুরুষ সমাসে বিকল্পে সমাসান্ত বিধি হয়। সমাসান্ত পক্ষে নপুংসক লিঙ্গ হয় (ক)। যথা,—অপথম্, অপন্থাঃ। তৎ-পুরুষ না হইলে, অপথো দেশঃ (বহুব্রীহি)। অপথং বিদ্যতে (অব্যয়ীভাব)।

২২। **সঃ সমানস্য গোত্রাদৌ। (২)**

সমাসে গোত্র প্রভৃতি শব্দ পরে থাকিলে, সমানশব্দ-স্থানে স হয়। যথা,—সমানং গোত্রমস্য সগোত্রঃ, সরূপঃ, সবর্ণঃ, সপক্ষঃ, সনাভিঃ, সপিণ্ডঃ, সনামা, সবয়াঃ, সতীর্থ্যঃ (a fellow student) (৩), সস্থানঃ, সবন্ধুঃ, সবচনঃ, সরাত্রিঃ, সজ্যোতিঃ, সজনপদঃ, সব্রহ্মচারী (৩)।

২৩। **বিভাষা ধর্ম্মোদর্য্য-জাতীয়েষু। (৪)**

ধর্ম্ম, উদর্য্য ও জাতীয় শব্দ পরে থাকিলে, বিকল্পে হয়। যথা,—সধর্ম্মা, সমানধর্ম্মা; সোদর্য্যঃ, সমানোদর্য্যঃ (a brother); সজাতীয়ঃ, সমানজাতীয়ঃ।

২৪। **দুরন্যাদাশীরাদিষু। (৫)**

আশিস্ প্রভৃতি শব্দ পরে থাকিলে, অন্য শব্দের উত্তর দুক্ হয়; উ ইৎ, দ্ থাকে। যথা,—অন্যা আশীঃ অন্যদাশীঃ (another blessing), অন্যস্মিন্

(১) নঞস্তৎপুরুষাৎ। (ক) অপথং নপুংসকম্।

(২) জ্যোতির্জনপদরাত্রিনাভিনামগোত্ররূপস্থানবর্ণবয়োবচন-বন্ধুষু। 'দৃগ্‌দৃশবতুষু' এই সূত্রানুসারে সদৃক্, সদৃশঃ। "সমানস্য চ্ছন্দসি"—সূত্র হইতে যোগবিভাগ দ্বারা সপক্ষঃ ইত্যাদি সিদ্ধ।

(৩) তীর্থে যে। চরণে ব্রহ্মচারিণি। (৪) বিভাষোদরে।

(৫) অষষ্ঠ্যতৃতীয়াস্থস্যান্যস্য দুগাশীরাশাস্থাস্থিতোৎসুকোতিকারকরাগচ্ছেষু।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

আশা অন্যদাশা, অন্যস্মিন্ আস্থা অন্যদাস্থা, অন্যস্মিন্ আস্থিতঃ অন্যদাস্থিতঃ, অন্যস্মিন্ উৎসুকঃ অন্যদুৎসুকঃ, অন্যস্মিন্ রাগঃ অন্যদ্রাগঃ (attachment to another), অন্যঃ কারকঃ অন্যৎকারকঃ।

২৫। **ন তৃতীয়া-ষষ্ঠ্যোঃ। (১)**

তৃতীয়ান্ত ও ষষ্ঠ্যন্তের হয় না। যথা,—অন্যেন আশীঃ অন্যাশীঃ, অন্যস্যাশীঃ অন্যাশীঃ। (ক)

২৬। **অর্থে বিভাষা। (পা)**

অর্থ শব্দ পরে থাকিলে, বিকল্পে হয়। যথা,—অন্যঃ অর্থঃ, অন্যস্যার্থঃ অন্যদর্থঃ, অন্যার্থঃ (the meaning of a different word).

২৭। **কোঃ কত্ স্বরে তত্ পুরুষে। (২)**

তৎপুরুষ সমাসে, স্বরবর্ণ পরে থাকিলে, কু শব্দ-স্থানে কৎ হয়। যথা,— কুৎসিতোঽশ্বঃ কদশ্বঃ, কুৎসিতঃ উষ্ট্রঃ কদুষ্ট্রঃ, কুৎসিতমন্নম্ কদন্নম্, কুৎসিতঃ আচারঃ কদাচারঃ, কুৎসিতমুদকম্ কদুদকম্।

২৮। **ত্রি-রথ-বদেষু। (৩)**

ত্রি, রথ ও বদ শব্দ পরে থাকিলে, কু শব্দ-স্থানে কৎ হয়। যথা,— কুৎসিতাস্ত্রয়ঃ কত্রয়ঃ, কুৎসিতো রথঃ কদ্রথঃ, কুৎসিতং বদতি কদ্বদঃ (a bad speaker).

২৯। **কা পথ্যক্ষ্যোঃ। (৪)**

পথিন্ ও অক্ষি শব্দ পরে থাকিলে, কুশব্দ-স্থানে কা হয়। যথা,— কুৎসিতঃ পন্থাঃ কাপথঃ কুৎসিতমক্ষি অস্য কুৎসিতম্ অক্ষম্ (ইন্দ্রিয়ম্) বা কাক্ষঃ (৫)।

---

(১) অষষ্ঠ্যতৃতীয়াস্থস্যান্যস্য দুগাশীরাশাস্থাস্থিতোৎসুকোতিকারকরাগচ্ছেষু।

(ক) কিন্তু 'কারক' শব্দ পরে থাকিলে তৃতীয়া বা ষষ্ঠ্যন্ত অন্য শব্দেরও দু-আগম হয়। অন্যস্য কারকঃ অন্যৎকারকঃ।

(২) কোঃ কত্তৎপুরুষেঽচি। (অচি=স্বরবর্ণ পরে থাকিলে।)

(৩) ত্রৌ চ (বা)। রথবদয়োশ্চ। (৪) কা পথ্যক্ষয়োঃ।

(৫) অক্ষশব্দেন তৎপুরুষঃ, অক্ষিশব্দেন বহুব্রীহির্বা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩০। **ঈষদর্থে। (পা)**

ঈষৎ অর্থ বুঝাইলে, কু শব্দ-স্থানে কা হয়। যথা,—কামধুরম্, ঈষন্মধুরমিত্যর্থঃ ; কালবণম্, ঈষল্লবণমিত্যর্থঃ ; কান্নম্, ঈষদন্নম্ ইত্যর্থঃ।

৩১। **বিভাষা পুরুষে। (পা)**

পুরুষ শব্দ পরে থাকিলে, বিকল্পে হয়। যথা,—কাপুরুষঃ, কুপুরুষঃ।

৩২। **কা-কত্-কবান্যুষ্ণে। (১)**

উষ্ণ-শব্দ পরে থাকিলে, কু শব্দ-স্থানে কা, কৎ ও কব হয়। যথা,—কোষ্ণম্, কদুষ্ণম্, কবোষ্ণম্ (slightly warm).

৩৩। **বিশ্বামিত্রাদয়ঃ। (২)**

বিশ্বামিত্র প্রভৃতি-শব্দ নিপাতনে সিদ্ধ হয়। যথা,—বিশ্বং মিত্রং যস্য, বিশ্বামিত্রঃ। এইরূপ, বিশ্বাবসুঃ, বিশ্বানরঃ, অষ্টাবক্রঃ, অষ্টাপদম্ (gold), অষ্টাগবম্ (৩), শ্বাদন্তঃ, শ্বাদংষ্ট্রা, শ্বাকর্ণঃ, শ্বাপুচ্ছঃ, শ্বাপদঃ (a beast of prey) (৪)।

৩৪। **সমোঽন্ত্যলোপঃ কাম-মনসোঃ।**

কাম ও মনস্ শব্দ পরে থাকিলে, সম্ এই অব্যয়ের অন্ত্য বর্ণের লোপ হয়। যথা,—সকামঃ (contented), সমনাঃ।

---

(১) **কবং চোষ্ণে।**

(২) **মিত্রে চর্ষৌ। বিশ্বস্য বসুরাটোঃ** (বিশ্বারাট্)। **নরে সংজ্ঞায়াম্।**

(৩) **অষ্টনঃ সংজ্ঞায়াম্।**

(৪) **শুনো দন্তদংষ্ট্রাকর্ণকুন্দবরাহপুচ্ছপদেষু দীর্ঘো বাচ্যঃ।** (বা)। কৃৎ এবং তদ্ধিত প্রত্যয় বিষয়েও অনেক স্থলে এইরূপ পূর্ব্বপদের অন্ত্যস্বর দীর্ঘ হয়। (ক) ঘঞ্ প্রত্যয় যোগে, যথা,—নীবারঃ, প্রতীহারঃ, প্রাকারঃ, নীকাশঃ (**'উপসর্গস্য ঘঞ্যমনুষ্যে বহুলম্'**, 'ইকঃ কাশে') ; (খ) ক্বিপ্ প্রত্যয়-যোগে। যথা,—উপানৎ, মৃগাবিৎ, প্রাবৃট্ (**'নহিবৃতিবৃষিব্যধিরুচিসহিতনিষু ক্বৌ'**) ; (গ) বলচ্ প্রত্যয়-যোগে ; যথা,—কৃষীবলঃ (**'বলে'**) ; (ঘ) সংজ্ঞা বুঝাইলে মতুপ্ প্রত্যয়-যোগে ; যথা,—অমরাবতী, পুষ্করাবতী, শরাবতী (**'মতৌ বহ্বচোঽনজিরাদীনাম্', 'শরাদীনাঞ্চ'**)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩৫। তুমুনশ্চ। (১)

কাম ও মনস্ শব্দ পরে থাকিলে, তুমুন্ প্রত্যয়ের অন্ত্য বর্ণের (ম-কারের) লোপ হয়। যথা,—গন্তুকামঃ, গন্তুমনাঃ (wishing to go) [ব্যাকরণান্তরে সূত্র করা হইয়াছে—'সমাসে তুম্-সমোর্মস্য লোপঃ কামে মনস্যপি']।

৩৬। অবশ্যমঃ কৃত্যে। (১)

কৃত্য প্রত্যয় পরে থাকিলে, অবশ্যম্ শব্দের অন্ত্য বর্ণের (ম-কারের) লোপ হয়। যথা,—অবশ্যদেয়ম্, অবশ্যভব্যম্, অবশ্যকর্ত্তব্যম্।

Additional

(১) **'উদকস্যোদঃ সংজ্ঞায়াম্'**—সংজ্ঞা বুঝাইলে সমাসে উদক-স্থানে উদ হয়। যথা,—উদধিঃ (sea), উদমেঘঃ (nimbus). **'উত্তরপদস্য চ ইতি বক্তব্যম্'**। (বা)।—অচ্ছোদঃ, ক্ষীরোদঃ। 'পেষং-বাস-বাহন-ধিষু চ'—যথা,—উদপেষং পিনষ্টি, উদবাসঃ, উদবাহনঃ, উদধিঃ। **'একহলাদৌ পূরয়িতব্যেঽন্যতরস্যাম্'**—সমাসের পরপদে 'জলপূর্ণ-পাত্র' বুঝাইলে এবং তাহার প্রথম বর্ণ অসংযুক্ত হইলে, উদক-স্থানে বিকল্পে উদ হয়। যথা,—উদকুম্ভঃ, উদককুম্ভঃ। অন্যত্র,—উদকস্থালী, উদকপর্ব্বতঃ।

(২) **'ঙ্যাপোঃ সংজ্ঞাছন্দসোর্বহুলম্'**—সমাসে নাম বুঝাইলে এবং বৈদিক প্রয়োগে অনেক সময় স্ত্রী-প্রত্যয় হ্রস্ব হয়। যথা,—অজক্ষীরম্; কালিদাসঃ, চণ্ডিদাসঃ, রেবতিপুত্রঃ।

(৩) **'গোষ্পদং-সেবিতাসেবিত-প্রমাণেষু'**—যথা,—গোষ্পদঃ দেশঃ, গোভিঃ সেবিতঃ (visited) ইত্যর্থঃ; অগোষ্পদম্ অরণ্যম্, গোভিঃ অসেবিতম্ ইত্যর্থঃ; গোষ্পদমাত্রং ক্ষেত্রম্, অতীব ক্ষুদ্রম্ ইত্যর্থঃ। অন্যত্র গোঃ পদম্ গোপদম্। **'আস্পদং প্রতিষ্ঠায়াম্'**—প্রতিষ্ঠা (position, place) অর্থে আস্পদ হয়, অন্যত্র আপদম্ (অব্যয়ীভাব)। **'আশ্চর্য্যম্ অনিত্যে'**—অনিত্য (unusual) অর্থ হইলে আশ্চর্য্য, এই পদ হয়। অন্যত্র—'আচর্য্যম্' (=আচরণীয়ম্)।

(৪) **'হৃদয়স্য হৃল্লেখযদণ্লাসেষু'**—(হৃদয়-স্থানে হৃৎ); যথা,—হৃল্লেখঃ, হৃদ্যম্, হার্দ্দম্, হৃল্লাসঃ (nausea)। **'বা শোকষ্যঞ্রোগেষু'**—যথা,—হৃচ্ছোকঃ হৃদয়শোকঃ বা, সৌহৃদ্যম্ সৌহৃদয্যম্ বা, হৃদ্রোগঃ হৃদয়রোগঃ বা।

(৫) 'কারে সত্যাগদস্য', 'গিলেঽগিলস্য', 'রাত্রেঃ কৃতি বিভাষা', 'উষ্ণভদ্রয়োঃ করণে'

(১) পৃষোদরাদীনি যথোপদিষ্টম্। "লুম্পেদবশ্যমঃ কৃত্যে তুংকাম-মনসোরপি। সমো বা হিততয়োর্মাংসস্য পচিযুড্ঘঞোঃ॥" (অবশ্যকার্য্যম্, গন্তুকামঃ, গন্তুমনাঃ, সংহিতঃ, সহিতঃ, সংততঃ, সততঃ, মাংস্পচনম্, মাংস্পাকঃ ইত্যাদি।)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

—(ম-আগম)। যথা,—সত্যঙ্কারঃ, অগদঙ্কারঃ, তিমিঙ্গিলঃ, রাত্রিঞ্চরঃ রাত্রিচরো বা; উরুঙ্করণম্, ভদ্রঙ্করণম্।

(৬) 'পাদস্য পদাজ্যাতিগোপহতেষু', 'হিমকাষিহতিষু চ' (পদ্ আদেশ)—পদাতিঃ, পদগঃ, পদোপহতঃ, পদ্ধতিঃ ইত্যাদি।

অলুক্ সমাস

১। অলুগুত্তরপদে। (পা)

সমাস হইলে, কোনও কোনও স্থলে উত্তরপদ পরে থাকিলে (অর্থাৎ পূর্ব্বপদের) বিভক্তির লোপ হয় না।

২। পঞ্চম্যাঃ স্তোকান্তিক-দূরার্থ-কৃচ্ছ্রেভ্যঃ। (১)

স্তোকার্থ, অন্তিকার্থ, দূরার্থ ও কৃচ্ছ্র শব্দের পরবর্ত্তী পঞ্চমী বিভক্তির লোপ হয় না। যথা,—স্তোকান্মুক্তঃ, অল্পান্মুক্তঃ, অন্তিকাদাগতঃ, সমীপাদাগতঃ, দূরাদাগতঃ, বিপ্রকৃষ্টাদাগতঃ, কৃচ্ছ্রান্মুক্তঃ।

৩। ওজঃসহোঽম্ভস্তমোঽঞ্জসস্তৃতীয়ায়াঃ। (২)

ওজস, সহস, অম্ভস, তমস্ ও অঞ্জস্ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা,—ওজসাকৃতম্, সহসাকৃতম্ (done suddenly), অম্ভসাকৃতম্, তমসাকৃতম্, অঞ্জসাকৃতম্ (done rightly).

৪। পুংসোঽনুজে। (৩)

অনুজ শব্দ পরে থাকিলে, পুমস্ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা,—পুংসানুজঃ (having an elder brother).

৫। জনুষোঽন্ধে। (৩)

অন্ধ শব্দ পরে থাকিলে, জনুস্ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির লোপ হয় না। যথা,—জনুষান্ধঃ (born blind).

৬। আত্মনঃ পূরণে। (৪)

পূরণ-বাচক শব্দ পরে থাকিলে, আত্মন্ শব্দের পরবর্ত্তী তৃতীয়া বিভক্তির

---

(১) পঞ্চম্যাঃ স্তোকাদিভ্যঃ।
(২) ওজঃসহোঽম্ভস্তমসস্তৃতীয়ায়াঃ। অঞ্জস উপসংখ্যানম্। (বা)
(৩) পুংসানুজো জনুষান্ধ ইতি চ। (বা)
(৪) আত্মনশ্চ। পূরণ ইতি বক্তব্যম্। (বা)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

লোপ হয় না। যথা,—আত্মনাপঞ্চমঃ (himself with four others), আত্মনাদশমঃ। পূরণ-বাচক শব্দ পরে না থাকিলে হয় না, আত্মনা কৃতম্, আত্মকৃতম্।

৭। **বৈয়াকরণাখ্যায়াং চতুর্থ্যাঃ।** (পা)

ব্যাকরণের সংজ্ঞা বুঝাইলে, আত্মন্ শব্দের পরবর্ত্তী চতুর্থী বিভক্তির লোপ হয় না। যথা,—আত্মনেপদম্, আত্মনেভাষা।

৮। **পরাচ্চ।** (১)

পর শব্দের উত্তরও হয় না। যথা,—পরস্মৈপদম্, পরস্মৈভাষা।

৯। **হলদন্তাৎ সপ্তম্যাঃ সংজ্ঞায়াম্।** (পা)

সংজ্ঞা বুঝাইলে, ব্যঞ্জন-বর্ণান্ত ও অ-কারান্ত শব্দের পরবর্ত্তী সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা,—যুধিষ্ঠিরঃ, ত্বচিসারঃ (a bamboo), অরণ্যেতিলকাঃ, বনেকিংশুকাঃ, কূপেপিশাচকাঃ।

১০। **অন্ত-মধ্যাভ্যাং গুরৌ।** (২)

গুরু শব্দ পরে থাকিলে, অন্ত ও মধ্য শব্দের পরবর্ত্তী সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা,—অন্তেগুরুঃ, মধ্যেগুরুঃ।

১১। **অমূর্দ্ধমস্তকাৎ স্বাঙ্গাদকামে।** (পা)

স্বাঙ্গ-বাচক শব্দের পরবর্ত্তী সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা,—কণ্ঠেকালঃ, উরসিলোমা, শিরসিশিখঃ। কাম শব্দ পরে থাকিলে লোপ হয়। যথা,—মুখকামঃ। মূর্দ্ধন্ ও মস্তক শব্দের বিভক্তির লোপ হয়। যথা,—মূর্দ্ধশিখঃ, মস্তকশিখঃ। [অপাঙ্গনেত্রা পদ অশুদ্ধ, অপাঙ্গেনেত্রা হইবে। "অপাঙ্গনেত্রেতি লুগলভ্যঃ"—বামনঃ]

১২। **বিভাষা বন্ধে।** (৩)

বন্ধ শব্দ পরে থাকিলে, বিকল্পে হয়। যথা,—হস্তেবন্ধঃ, হস্তবন্ধঃ ; পদেবন্ধঃ, পদবন্ধঃ।

---

(১) পরস্য চ। (২) মধ্যাদ্গুরৌ। অন্তাচ্চ। (বা)।
(৩) বন্ধে চ বিভাষা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৩। তৎপুরুষে কৃতি বহুলম্। (পা)

তৎপুরুষ সমাসে, কৃৎ-প্রত্যয়-নিষ্পন্ন পদ পরে থাকিলে, সপ্তমী বিভক্তির লুকের নিয়ম নাই, অর্থাৎ কোনও কোনও স্থলে হয় না, কোনও কোনও স্থলে হয় এবং কোনও কোনও স্থলে বিকল্পে হয়। যথা,— অলুক্—অন্তেবাসী (a student), স্তম্বেরমঃ (elephant), কর্ণেজপঃ (a spy), পঙ্কেরুহঃ (lotus), মনসিশয়ঃ, প্রাবৃষিজঃ (grown in the rainy season), শরদিজঃ (autumnal) (১)। লুক্—কুরুচরঃ, স্থণ্ডিলশায়ী, কূটস্থঃ (eternal), গৃহস্থঃ। বিকল্পে—সরসিজম্ সরোজম্, মনসিজঃ মনোজঃ, গ্রামেবাসঃ গ্রামবাসঃ, গ্রামেবাসী গ্রামবাসী (২)।

১৪। ষষ্ঠ্যা আক্রোশে। (পা)

আক্রোশ অর্থাৎ ভর্ৎসনা (abuse) বুঝাইলে, ষষ্ঠী বিভক্তির লুক্ হয় না। যথা,—চোরস্যকুলম্, দাসস্যতনয়ঃ।

১৫। পুত্রে বিভাষা। (৩)

ভর্ৎসনা বুঝাইলে ও পুত্র শব্দ পরে থাকিলে, ষষ্ঠী বিভক্তির বিকল্পে লুক্ হয়। যথা,—দাস্যাঃপুত্রঃ, দাসীপুত্রঃ ; বৃষল্যাঃপুত্রঃ, বৃষলীপুত্রঃ।

১৬। বাগ্-দিক্-পশ্যদ্ভ্যো যুক্তি-দণ্ড-হরেষু। (বা)

যুক্তি, দণ্ড ও হর শব্দ পরে থাকিলে, যথাক্রমে বাচ্, দিশ্ ও পশ্যৎ শব্দের পরবর্ত্তী ষষ্ঠী বিভক্তির লুক্ হয় না। যথা,—বাচোযুক্তিঃ (skilful speech), দিশোদণ্ডঃ, পশ্যতোহরঃ (a goldsmith).

১৭। দেবাত্ প্রিয়ে। (৪)

প্রিয় শব্দ পরে থাকিলে (এবং 'মূর্খ' অর্থ বুঝাইলে), দেব শব্দের পরবর্ত্তী ষষ্ঠী বিভক্তির লোপ হয় না। যথা,—দেবানাংপ্রিয়ঃ (fool).

---

(১) 'হৃদ্দ্যুভ্যাং চ' (বা) অনুসারে হৃদিস্পৃক্ ও দিবিস্পৃক্ হয়।

(২) শয়বাসবাসিষ্বকালাৎ। এইরূপ খেশয়ঃ, খশয়ঃ।

(৩) পুত্রেঽন্যতরস্যাম্।

(৪) দেবানাংপ্রিয় ইতি চ মূর্খে—(বার্ত্তিক); দেবানাংপ্রিয়ঃ, মূর্খঃ ইত্যর্থঃ। অন্যত্র—দেবপ্রিয়ঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১৮। শুনঃ শেপ-পুচ্ছ-লাঙ্গূলেষু সংজ্ঞায়াম্। (১)

সংজ্ঞা বুঝাইলে এবং শেপ, পুচ্ছ ও লাঙ্গূল শব্দ পরে থাকিলে, শ্বন্ শব্দের পরবর্ত্তী ষষ্ঠী বিভক্তির লোপ হয় না। যথা,—শুনঃশেপঃ, শুনঃ-পুচ্ছঃ, শুনোলাঙ্গূলঃ (three names).

১৯। দিবশ্চ দাসে। (বা)

সংজ্ঞা বুঝাইলে দাস শব্দ পরে, দিব্ শব্দের পরবর্ত্তী ষষ্ঠী বিভক্তির লোপ হয় না। যথা,—দিবোদাসঃ (a name).

২০। ঋতো বিদ্যা-গোত্র-সম্বন্ধাৎ। (২)

বিদ্যা-সম্বন্ধ-বাচী ও গোত্র-সম্বন্ধ-বাচী ঋ-কারান্ত শব্দের পরবর্ত্তী ষষ্ঠী বিভক্তির লোপ হয় না। যথা,—হোতুঃপুত্রঃ, হোতুরন্তেবাসী ; পিতুঃপুত্রঃ (the son of a renowned father), পিতুরন্তেবাসী।

২১। বিভাষা-স্বসৃ-পত্যোঃ। (পা)

স্বসৃ ও পতি শব্দ পরে থাকিলে, বিকল্পে হয়। যথা,—মাতুঃস্বসা (মাতুঃষসা), মাতৃষসা ; পিতুঃস্বসা (পিতুঃষসা), পিতৃষসা (ক) ; দুহিতুঃপতিঃ, দুহিতৃপতিঃ, ননান্দুঃপতিঃ, ননান্দৃপতিঃ।

২২। পাত্রেসমিতাদয়ঃ কুৎসায়াম্। (৩)

নিন্দা বুঝাইলে, পাত্রেসমিত (৪) প্রভৃতি শব্দের সপ্তমী বিভক্তির লোপ হয় না। যথা,—পাত্রেসমিতাঃ, ভোজনকালে পাত্রে এব সঙ্গতাঃ, ন তু কার্য্যকালে ইত্যর্থঃ ; গেহেশূরঃ, গেহে এব শূরঃ ন তু অন্যত্র ইত্যর্থঃ।

---

(১) শেপপুচ্ছলাঙ্গূলেষু শুনঃ। (বা)
(২) ঋতো বিদ্যাযোনিসম্বন্ধেভ্যঃ।
(ক) মাতাপিতৃভ্যাং স্বসা। মাতুঃপিতুর্ভ্যামন্যতরস্যাম্।
(৩) পাত্রেসমিতাদয়শ্চ।
(৪) পাত্রেসমিতাঃ, পাত্রেবহুলাঃ, গেহেশূরঃ, গেহেনর্দ্দী, গেহেক্ষ্বেড়ী, গেহেবিজিতী, গেহেদৃপ্তঃ, গেহেধৃষ্টঃ, গর্ভেতৃপ্তঃ, গোষ্ঠেশূরঃ, গোষ্ঠেপটুঃ, গোষ্ঠেপণ্ডিতঃ, গোষ্ঠেপ্রগল্ভঃ ইত্যাদি। ঘ-কালতনেষু কালনাম্নঃ সূত্রে, পূর্ব্বাহ্ণেতরে, পূর্ব্বাহ্ণতরে, পূর্ব্বাহ্ণে-কালে, পূর্ব্বাহ্ণকালে ইত্যাদি হয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

মধ্যপদলোপী সমাস

১। লোপঃ ক্বচিন্মধ্যস্য। (১)

সমাস হইলে কোনও কোনও স্থলে মধ্য-পদের লোপ হয়। যথা,—ঘৃতমিশ্রম্ ওদনম্ ঘৃতৌদনম্, পলমিশ্রম্ অন্নম্ পলান্নম্, শাকপ্রিয়ঃ পার্থিবঃ শাকপার্থিবঃ (a king who likes vegetables), গত এব প্রত্যাগতঃ গতপ্রত্যাগতঃ, কণ্ঠে স্থিতঃ কালোঽস্য কণ্ঠেকালঃ, উরসি স্থিতানি লোমান্যস্য উরসিলোমা, শিরসি স্থিতা শিখাস্য শিরসিশিখঃ, প্রপতিতানি পর্ণান্যস্মাৎ প্রপর্ণঃ, অপগতঃ শোকোঽস্য অপশোকঃ, নির্গতং মলম্ অস্মাৎ নির্ম্মলঃ, অভুক্তানি পর্ণান্যনয়া অপর্ণা, বিগতোঽর্থঃ অস্মাৎ ব্যর্থঃ, অনুগতোঽর্থোঽস্মিন্ অন্বর্থঃ, যথাভূতোঽর্থোঽস্মিন্ যথার্থঃ, প্রতিগতমক্ষমস্মিন্ প্রত্যক্ষঃ, উন্নমিতং মুখমনেন উন্মুখঃ, অধঃকৃতং মুখমনেন অধোমুখঃ, নিঃ নষ্টং ধনমস্য নির্ধনঃ, বিচলিতং মনোঽস্য বিমনাঃ, উৎকণ্ঠিতং মনোঽস্য উন্মনাঃ, বিবৃত্তং মুখমস্য বিমুখঃ ; সুস্থিতং মনোঽস্য সুমনাঃ, সুবর্ণ-বিকারোঽলঙ্কারোঽস্য সুবর্ণালঙ্কারঃ, অবিদ্যমানঃ পুত্রোঽস্য অপুত্রঃ, অবিদ্যমানঃ ক্রোধোঽস্য অক্রোধঃ, একাধিকা বিংশতিঃ একবিংশতিঃ (twenty-one), একাধিকা ত্রিংশৎ একত্রিংশৎ (thirty-one), চতুরধিকা দশ চতুর্দ্দশ (fourteen), পঞ্চাধিকা দশ পঞ্চদশ (fifteen), পঞ্চাধিকা বিংশতিঃ

---

(১) **শাকপার্থিবাদীনাং সিদ্ধয়ে উত্তরপদলোপস্যোপসংখ্যানম্।** (বা)। এই বার্ত্তিক অনুসারে যে সমাস হয়, তাহাকে **শাকপার্থিবাদি** সমাস বা **মধ্যপদলোপী কর্ম্মধারয়** সমাস বলে।

প্রাদিভ্যো ধাতুজস্য বাচ্যো বা চোত্তরপদলোপঃ। (বা)। **নঞোঽস্ত্যর্থানাং বাচ্যো বা চোত্তরপদলোপঃ।** (বা)। বহুব্রীহি সমাসে প্রাদি শব্দের পরবর্ত্তী ধাতুজ অংশের এবং নঞের পরবর্ত্তী অস্ত্যর্থক অংশের বিকল্পে লোপ হয়। যথা,—বিমলঃ, বিগতমলঃ ; অপুত্রকঃ, অবিদ্যমানপুত্রকঃ।

সপ্তম্যুপমানপূর্ব্বপদস্যোত্তরপদলোপশ্চ। (বা)। যাহার পূর্ব্বে সপ্তমী বিভক্তিযুক্ত পদ অথবা উপমানবাচক পদ থাকে, বহুব্রীহি সমাসে এরূপ মধ্যপদের লোপ হয়। যথা,—কণ্ঠে স্থিতঃ কালোঽস্য কণ্ঠেকালঃ, উষ্ট্রস্য মুখমিব মুখমস্য উষ্ট্রমুখঃ ; এইরূপ বহুব্রীহি সমাসকে সাধারণতঃ **উত্তরপদলোপী বহুব্রীহি** বলা হয়।

সংঘাতবিকারষষ্ঠ্যাশ্চোত্তরপদলোপশ্চ। (বা)—কেশানাং সংঘাতশ্চূড়া যস্য কেশচূড়ঃ ; সুবর্ণস্য বিকারঃ অলঙ্কারো যস্য সুবর্ণালঙ্কারঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

পঞ্চবিংশতিঃ (twenty-five), পঞ্চাধিকা ত্রিংশৎ পঞ্চত্রিংশৎ (thirty-five), ষড়ধিকা দশ ষোড়শ (sixteen) (১).

২। **একস্যৈকা দশানি। (২)**

দশন্ শব্দ পরে থাকিলে, এক শব্দ-স্থানে একা হয়। যথা,—একাধিকা দশ একাদশ (eleven).

৩। **দ্ব্যষ্টনোর্দ্বাষ্টা সংখ্যায়াম্। (৩)**

সংখ্যা-বাচক শব্দ পরে থাকিলে, দ্বি শব্দ-স্থানে দ্বা ও অষ্টন্ শব্দ-স্থানে অষ্টা হয়। যথা,—দ্ব্যধিকা দশ দ্বাদশ, দ্ব্যধিকা বিংশতিঃ দ্বাবিংশতিঃ, দ্ব্যধিকা ত্রিংশৎ দ্বাত্রিংশৎ ; অষ্টাধিকা দশ অষ্টাদশ, অষ্টাধিকা বিংশতিঃ অষ্টাবিংশতিঃ, অষ্টাধিকা ত্রিংশৎ অষ্টাত্রিংশৎ (thirty-eight).

৪। **ত্রেস্ত্রয়ঃ। (পা)**

ত্রি শব্দ স্থানে ত্রয়স্ হয়। যথা,—ত্র্যধিকা দশ ত্রয়োদশ, ত্র্যধিকা বিংশতিঃ ত্রয়োবিংশতিঃ, ত্র্যধিকা ত্রিংশৎ ত্রয়স্ত্রিংশৎ (thirty-three).

৫। **বিভাষা চত্বারিংশৎপ্রভৃতৌ সর্ব্বেষাম্। (পা)**

চত্বারিংশৎ প্রভৃতি শব্দ পরে থাকিলে, দ্বি শব্দ-স্থানে দ্বা, ত্রি শব্দ-স্থানে ত্রয়ঃ, অষ্টন্ শব্দ-স্থানে অষ্টা, বিকল্পে হয়। যথা,—দ্ব্যধিকা চত্বারিংশৎ দ্বাচত্বারিংশৎ, দ্বিচত্বারিংশৎ ; দ্ব্যধিকা পঞ্চাশৎ দ্বাপঞ্চাশৎ, দ্বিপঞ্চাশৎ। এইরূপ, ত্রয়শ্চত্বারিংশৎ, ত্রিচত্বারিংশৎ (forty-three) ; ত্রয়ঃপঞ্চাশৎ, ত্রিপঞ্চাশৎ ; অষ্টাচত্বারিংশৎ, অষ্টচত্বারিংশৎ ; অষ্টাপঞ্চাশৎ, অষ্টপঞ্চাশৎ।

৬। **নাশীতিশতাদৌ বহুব্রীহৌ। (৩)**

অশীতি, শত প্রভৃতি সংখ্যাবাচক শব্দ পরে, এবং বহুব্রীহি সমাসে,

---

(১) ষষ উত্বং দতৃদশধাসূত্তরপদাদে ষ্টুত্বং চ ধাসু বেতি বাচ্যম্—এই বার্ত্তিক বলে ষোড়শ, ষোড়ন্, ষোঢ়া, ষড়্ধা—এই পদ কয়টি সিদ্ধ।

(২) আন্মহত ইতি সূত্রস্থ আৎ ইতি যোগবিভাগাদাত্বং 'প্রাগেকাদশভ্যঃ—' ইতি নির্দ্দেশাদ্বা একাদশ (সিঃ কৌঃ)।

(৩) দ্ব্যষ্টনঃ সংখ্যায়ামবহুব্রীহ্যশীত্যোঃ। (প্রাক্শতাদ্বক্তব্যম্—বা। সেইজন্য দ্ব্যধিকং শতম্, দ্বিশতম্)। বহুব্রীহি সমাসে হয় না। যথা,—দ্বিত্রাঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

পূর্ব্বোক্ত কার্য্য হয় না। যথা,—দ্ব্যশীতিঃ, ত্র্যশীতিঃ, দ্বিশতম্, ত্রিসহস্রম্; বহুব্রীহি সমাসে—দ্বিত্রাঃ (two or three), ত্রিচতুরাঃ (three or four).

৭। একোনস্যৈকান্নৈকাদ্নৌ বিভাষা। (১)

একোন-স্থানে বিকল্পে একান্ন ও একাদ্ন হয়। যথা,—একোনবিংশতিঃ, একান্নবিংশতিঃ, একাদ্নবিংশতিঃ (nineteen).

পূর্ব্ব-নিপাত ও পর-নিপাত

১। উপসর্জ্জনং পূর্ব্বম্। (পা)

সমাসে উপসর্জ্জন পদের পূর্ব্বনিপাত হয়।

[কিন্তু 'একবিভক্তি চাপূর্ব্বনিপাতে' সূত্রানুসারে উপসর্জ্জন হইলে তাহার পূর্ব্বনিপাত হয় না। তৎপুরুষ সমাসের ৩৪ সূত্রের পাদটীকা দ্রষ্টব্য।]

২। প্রথমানির্দ্দিষ্টং সমাস উপসর্জ্জনম্। (পা)

সমাস-সূত্রে প্রথমা বিভক্তির সহযোগে যাহার নির্দ্দেশ থাকে, তাহাকে উপসর্জ্জন কহে। এই উপসর্জ্জন পদ পূর্ব্বে থাকে। যথা,—অব্যয়ীভাবে অব্যয় প্রভৃতি পদ, তৎপুরুষে দ্বিতীয়াদি বিভক্ত্যন্ত পদ, কর্ম্মধারয়ে বিশেষণ প্রভৃতি পদ, দ্বিগুতে সংখ্যাবাচক পদ উপসর্জ্জন। যথা,—অব্যয়ীভাবে—কূলস্য সমীপম্ উপকূলম্, জ্ঞানমনতিক্রম্য যথাজ্ঞানম্, বর্ণানামানুপূর্ব্ব্যেণ অনুবর্ণম্, তৃণমপ্যপরিত্যজ্য সতৃণম্, গ্রামাদ্বহিঃ বহির্গ্রামম্, পাটলিপুত্রাৎ আ আপাটলিপুত্রম্, সমুদ্রস্য পারে পারেসমুদ্রম্। তৎপুরুষে—সুখং প্রাপ্তঃ সুখপ্রাপ্তঃ, অন্নং বুভুক্ষুঃ অন্নবুভুক্ষুঃ, বর্ষং ভোগ্যঃ বর্ষভোগ্যঃ, পিত্রা সমঃ পিতৃসমঃ, অঙ্গেন বিকলঃ অঙ্গবিকলঃ, পাণিনিনা প্রণীতম্ পাণিনিপ্রণীতম্, ভূতায় বলিঃ ভূতবলিঃ, পুত্রায় হিতম্ পুত্রহিতম্, ব্যাঘ্রাৎ ভয়ম্ ব্যাঘ্রভয়ম্, গৃহাৎ নির্গতঃ গৃহনির্গতঃ, তরোঃ ছায়া তরুচ্ছায়া, অগ্নেঃ শিখা অগ্নিশিখা, শাস্ত্রে প্রবীণঃ

(১) একাদিশ্চৈকস্য চাদুক্। এখানে তৃতীয়াতৎপুরুষ সমাস—একেন ন বিংশতিঃ (একস্থানে—একাদ্)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

শাস্ত্রপ্রবীণঃ, পূর্ব্বাহ্নে কৃতম্ পূর্ব্বাহ্নকৃতম্। কর্ম্মধারয়ে—নীলম্ উৎপলম্ নীলোৎপলম্, নবঃ পল্লবঃ নবপল্লবঃ, সন্ পুরুষঃ সৎপুরুষঃ। দ্বিগুতে—পঞ্চভিঃ গোভিঃ ক্রীতঃ পঞ্চগুঃ, ত্রয়াণাং লোকানাং সমাহারঃ ত্রিলোকী, ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ ত্রিভুবনম্।

৩। **রাজদন্তাদিষু পরম্।** (পা)

রাজদন্ত প্রভৃতি স্থলে উপসর্জ্জন পদের পর-নিপাত হয়। যথা,—দন্তানাং রাজা রাজদন্তঃ, বনস্য অগ্রে অগ্রেবণম্।

৪। **বা কড়ারাদয়ঃ কর্ম্মধারয়ে।** (১)

কর্ম্মধারয় সমাসে, কড়ার প্রভৃতি (২) পদের বিকল্পে পূর্ব্ব-নিপাত হয়। যথা,—কড়ারগজঃ (a tawny-coloured elephant), গজকড়ারঃ ; খঞ্জশিশুঃ, শিশুখঞ্জঃ ; বৃদ্ধপুরুষঃ, পুরুষবৃদ্ধঃ।

৫। **সপ্তমীবিশেষণে বহুব্রীহৌ।** (পা)

বহুব্রীহি সমাসে, সপ্তম্যন্ত ও বিশেষণ পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা,—সপ্তম্যন্ত—কণ্ঠেকালঃ, উরসিলোমা (having hair on the breast) ; বিশেষণ—দীর্ঘবাহুঃ, মহাবলঃ (very mighty).

৬। **বা প্রিয়স্য।** (বা)

প্রিয় শব্দের বিকল্পে পূর্ব্ব-নিপাত হয়। যথা,—গুড়প্রিয়ঃ, প্রিয়গুড়ঃ।

৭। **গড্বাদেঃ পরা সপ্তমী।** (বা)

গড়ু প্রভৃতির যোগে, সপ্তম্যন্ত পদের পর-নিপাত হয়। যথা,—গড়ুঃ (scrofula) কণ্ঠে যস্য গড়ুকণ্ঠঃ, গড়ুশিরাঃ। [বীণাপাণি ইত্যাদি পদ এই বার্ত্তিকানুসারে সিদ্ধ]।

---

(১) কড়ারাঃ কর্ম্মধারয়ে।

(২) কড়ার, খঞ্জ, কাণ, কুণ্ঠ, গৌর, বৃদ্ধ, ভিক্ষুক, পিঙ্গ, পিঙ্গল, তনু, জঠর, বধির, বর্ব্বর ইত্যাদি।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৮। **সপ্তমী প্রহরণার্থেভ্যশ্চ। (১)**

প্রহরণ-বাচক পদের যোগে, সপ্তম্যন্ত পদের পর-নিপাত হয়। যথা,—শস্ত্রং পাণৌ যস্য শস্ত্রপাণিঃ, দণ্ডঃ পাণৌ যস্য দণ্ডপাণিঃ, খড়্গঃ করে যস্য খড়্গকরঃ, ধনুর্হস্তে যস্য ধনুর্হস্তঃ (one who has a bow in hand).

৯। **নিষ্ঠা পূর্ব্বা। (২)**

নিষ্ঠা-নিষ্পন্ন পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা,—কৃতকর্ম্মা (one who has done one's work), অধীতব্যাকরণঃ (one who has studied Grammar), ভক্ষিতৌদনঃ, ধৃতায়ুধঃ, উদ্ধৃতদণ্ডঃ, ভগ্নরথঃ, পক্বকেশঃ।

১০। **বাহিতাগ্ন্যাদিষু। (পা)**

আহিতাগ্নি প্রভৃতি স্থলে নিষ্ঠা-নিষ্পন্ন পদের বিকল্পে পূর্ব্ব-নিপাত হয়। যথা,—আহিতাগ্নিঃ, অগ্ন্যাহিতঃ ; জাতসুখঃ, সুখজাতঃ ; জাতপুত্রঃ, পুত্রজাতঃ ; জাতদন্তঃ, দন্তজাতঃ ; জাতশ্মশ্রুঃ, শ্মশ্রুজাতঃ ; তৈলপীতঃ, পীততৈলঃ ; ঘৃতপীতঃ, পীতঘৃতঃ ; মদ্যপীতঃ, পীতমদ্যঃ ; সুরাপীতঃ, পীতসুরঃ ; ভার্য্যোঢ়ঃ, ঊঢ়ভার্য্যঃ ; অর্থগতঃ, গতার্থঃ ; প্রাপ্তকালঃ, কালপ্রাপ্তঃ।

১১। **অল্পস্বরং দ্বন্দ্বে। (৩)**

দ্বন্দ্ব সমাসে, অপেক্ষাকৃত অল্পস্বর-বিশিষ্ট পদের পূর্ব্ব-নিপাত হয়।

---

(১) **প্রহরণার্থেভ্যঃ পরে নিষ্ঠাসপ্তম্যৌ।** (বা)। ক্ত (নিষ্ঠা) প্রত্যয়ের উদাহরণ। অস্যুদ্যতঃ (with a sword raised).

(২) **নিষ্ঠা।** কিন্তু জাতি, কাল ও সুখবাচক শব্দের সহিত সমাসে নিষ্ঠা-প্রত্যয়ান্ত শব্দের পর-নিপাত হয় ('জাতিকালসুখাদিভ্যঃ পরা নিষ্ঠা বাচ্যা')। যথা,—সারঙ্গজগ্ধী, মাসজাতা, সুখজাতা। সর্ব্বনাম এবং সংখ্যাবাচক শব্দের পূর্ব্ব-নিপাত হয় ('বহুব্রীহৌ সর্ব্বনামসংখ্যয়োরুপসংখ্যানম্')। যথা,—সর্ব্বশ্বেতঃ, ত্রিশুক্লঃ। অল্পতর সংখ্যাবাচক শব্দের পূর্ব্ব-নিপাত হয় ('সংখ্যায়া অল্পীয়স্যাঃ')। যথা,—দ্বিত্রাঃ, পঞ্চষাঃ।

(৩) **অল্পাচ্‌তরম্।**

কিন্তু 'লক্ষণহেত্বোঃ ক্রিয়ায়াঃ', 'সমুদ্রাভ্রাদ্ ঘঃ' পাণিনির নিজেরই এইরূপ সূত্র থাকাতে জ্ঞাপিত হইতেছে যে, পূর্ব্ব-নিপাত-নিয়মের ব্যতিক্রমও হইতে পারে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

যথা,—তালতমালৌ, গজতুরঙ্গৌ, শঙ্খদুন্দুভী, ভ্রাতৃভগিন্যৌ, গোমহিষৌ, দংশমশকৌ, হংসসারসৌ, কাককোকিলৌ, অম্লমধুরৌ, তিক্তকষায়ৌ।

১২। **স্বরাদ্যদন্তং সাম্যে।** (১)

স্বর-সাম্য-স্থলে, স্বরাদি অ-কারান্ত পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা,—অশ্বগজৌ, অম্লতিক্তৌ, অনলপবনৌ, অচ্যুতমহেশৌ, অচলসমুদ্রৌ, ইন্দ্রবহ্নী, ঈশভবৌ, উষ্ট্রখরৌ, ঊর্দ্ধনিম্নে (up and down).

১৩। **ইদুদন্তশ্চ।** (২)

স্বর-সাম্য-স্থলে (অর্থাৎ স্বরসংখ্যা উভয় পদে সমান হইলে), ই-কারান্ত ও উ-কারান্ত পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা,—হরিহরৌ, রবিবুধৌ, পটুশুক্লৌ, মৃদুদৃঢ়ৌ। কিন্তু স্বরাদি-অকারান্ত ও ইদুদন্ত একত্র থাকিলে স্বরাদি-অকারান্তই পূর্ব্বে বসিবে। যথা,—ইন্দ্রশ্চ অগ্নিশ্চ, ইন্দ্রাগ্নী (ক)।

১৪। **অভ্যর্হিতঞ্চ।** (বা)

অভ্যর্হিত (পূজিত, মান্য)-বোধক পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা,—মাতা-পিতরৌ (৩), তাপস-যাচকৌ (a sage and a beggar).

১৫। **লঘুবর্ণঞ্চ।** (৪)

লঘু-বর্ণ-বিশিষ্ট পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা,—কুশকাশম্, নলনীলৌ, বলয়কেয়ূরৌ।

১৬। **ভ্রাতা চ জ্যায়ান্।** (৫)

জ্যেষ্ঠ-ভ্রাতৃ-বাচক পদের পূর্ব্ব-নিপাত হয়। যথা,—যুধিষ্ঠিরার্জ্জুনৌ, ধৃতরাষ্ট্রপাণ্ডূ, বলদেবকৃষ্ণৌ (Baladeva and Krishna).

১৭। **ঋতু-নক্ষত্রাণামানুপূর্ব্ব্যেণ।** (৬)

ঋতু-বাচক ও নক্ষত্র-বাচক পদের আনুপূর্ব্ব্য অনুসারে পৌর্ব্বাপর্য্য-নিয়ম।

---

(১) অজাদ্যদন্তম্ (অজাদি+অদন্তম্)। (২) দ্বন্দ্বে ঘি।
(ক) ঘ্যন্তাদজাদ্যদন্তং বিপ্রতিষেধেন। (বা)
(৩) 'পিতুরপ্যধিকা মাতা গর্ভধারণপোষণাৎ'—ইতি স্মরণাৎ।
(৪) লঘ্বক্ষরং পূর্ব্বম্। (বা) (৫) ভ্রাতুর্জ্যায়সঃ। (বা)
(৬) ঋতুনক্ষত্রাণাং সমাক্ষরাণামানুপূর্ব্ব্যেণ। (বা)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

যথা,—ঋতু-বাচক—হেমন্তশিশিরৌ, শিশিরবসন্তৌ, বসন্তনিদাঘৌ ; নক্ষত্র-বাচক—অশ্বিনীভরণ্যৌ, কৃত্তিকারোহিণ্যৌ। অক্ষরসাম্য-স্থলে এই নিয়ম। অন্যথা অল্পস্বর-বিশিষ্ট পদই পূর্ব্বে বসিবে, গ্রীষ্মবসন্তৌ।

১৮। বর্ণানাঞ্চ। (১)

ব্রাহ্মণাদি বর্ণ-বাচক পদের আনুপূর্ব্ব্য অনুসারে পৌর্ব্বাপর্য্য-নিয়ম। যথা,—ব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যশূদ্রাঃ।

১৯। অনিয়মো ধর্ম্মাদৌ। (২)

ধর্ম্ম প্রভৃতির প্রয়োগে, পৌর্ব্বাপর্য্যের নিয়ম নাই। যথা,—ধর্ম্মার্থৌ, অর্থধর্ম্মৌ ; কামার্থৌ, অর্থকামৌ ; শব্দার্থৌ, অর্থশব্দৌ ; বরবধ্বৌ, বধূবরৌ (৩) ; সর্পির্মধুনী, মধুসর্পিষী ; আদ্যন্তৌ, অন্তাদী ; গুণবৃদ্ধী, বৃদ্ধিগুণৌ।

সর্ব্ব-সমাস-শেষ

১। সমাসশ্চতুর্বিধঃ।

পাণিনি-মতে অব্যয়ীভাব, তৎপুরুষ, বহুব্রীহি ও দ্বন্দ্ব এই চতুর্ব্বিধ সমাস ; কর্ম্মধারয় ও দ্বিগু স্বতন্ত্র সমাস বলিয়া পরিগণিত নহে, উহারা তৎপুরুষের অন্তর্ভূত। কর্ম্মধারয় একজাতীয় তৎপুরুষ ; আবার দ্বিগু এক-জাতীয় কর্ম্মধারয়। কোন কোন মতে, কর্ম্মধারয় ও দ্বিগু স্বতন্ত্র সমাস বলিয়া নির্দ্দিষ্ট ; তন্মতে সমাস ষড়্বিধ।

২। পূর্ব্বপদার্থপ্রধানোঽব্যয়ীভাবঃ।

অব্যয়ীভাব সমাসে, পূর্ব্ব পদের অর্থ প্রধান-রূপে প্রতীয়মান হয়। উপগৃহম্, যথাশক্তি ইত্যাদি স্থলে উপ, যথা প্রভৃতি পূর্ব্ব পদের অর্থ প্রধান-ভাবে প্রতীয়মান হইয়া থাকে।

---

(১) বর্ণানামানুপূর্ব্ব্যেণ। (বা) (২) ধর্ম্মাদিষ্বনিয়মঃ। (বা)

(৩) 'চার্থে দ্বন্দ্বঃ'—চ অব্যয়ের একটি অর্থ সমাহার, তাহা হইতে বৃত্তিকার বলিয়াছেন 'সর্ব্বো দ্বন্দ্বো বিভাষৈকবৎ'। এই ন্যায়ানুসারে সমাহারদ্বন্দ্ব-নিষ্পন্ন 'বধূবরম্' পদেরও প্রয়োগ আছে। যথা,—'সমানয়ংস্তুল্যগুণং বধূবরম্' (শকুন্তলা)।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৩। উত্তরপদার্থপ্রধানস্তৎপুরুষঃ।

তৎপুরুষ সমাসে, উত্তর পদের (অর্থাৎ পরপদের) অর্থ প্রধানভাবে প্রতীয়মান হয়। তরুচ্ছায়া, গঙ্গাজলম্ ইত্যাদি স্থলে ছায়া, জল প্রভৃতি পরপদের অর্থ প্রধানভাবে প্রতীয়মান হইয়া থাকে।

৪। অন্যপদার্থপ্রধানো বহুব্রীহিঃ।

বহুব্রীহি সমাসে, সমস্যমান কোনও পদের অর্থই প্রধানভাবে প্রতীয়মান না হইয়া, তদুপলক্ষিত অন্য পদের অর্থ প্রধানভাবে প্রতীয়মান হয়। বহুধনঃ, দীর্ঘবাহুঃ ইত্যাদি স্থলে বহু, ধন, দীর্ঘ, বাহু প্রভৃতি কোনও পদেরই অর্থ প্রধানভাবে প্রতীয়মান হয় না; কিন্তু বহু-ধন-বিশিষ্ট ও দীর্ঘ-বাহু-বিশিষ্ট ব্যক্তিরূপ অন্য পদের অর্থ প্রধানভাবে প্রতীয়মান হইয়া থাকে।

৫। উভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ।

দ্বন্দ্ব সমাসে, সমস্যমান উভয় পদের অর্থই প্রধানভাবে প্রতীয়মান হয়। অশ্বগজৌ, তালতমালৌ ইত্যাদি স্থলে অশ্ব, গজ, তাল, তমাল প্রভৃতি যাবতীয় পদের অর্থই প্রধানভাবে প্রতীয়মান হইয়া থাকে।

কিন্তু সকল স্থলে এই সকল লক্ষণের সমাবেশ হয় না, স্থল-বিশেষে ব্যতিক্রম লক্ষিত হইয়া থাকে। সপ্তগোদাবরম্, উন্মত্তগঙ্গম্ ইত্যাদি অব্যয়ীভাবে পূর্ব্ব-পদার্থ প্রধানভাবে প্রতীয়মান না হইয়া, অন্য-পদার্থ প্রধানভাবে প্রতীয়মান হইয়া থাকে। অকিঞ্চনঃ, অকুতোভয়ঃ ইত্যাদি তৎপুরুষে উত্তর-পদার্থ প্রধানভাবে প্রতীয়মান না হইয়া, অন্য-পদার্থ প্রধান-ভাবে প্রতীয়মান হয়। আপন্নজীবিকঃ পদে পূর্ব্ব-পদার্থ প্রধান। দ্বিত্রাঃ, পঞ্চষাঃ ইত্যাদি বহুব্রীহিতে অন্য-পদার্থ প্রধানভাবে প্রতীয়মান না হইয়া উভয়-পদার্থই প্রধানভাবে প্রতীয়মান হয়। হংসসারসম্, দংশমশকম্ ইত্যাদি দ্বন্দ্বে উভয়-পদার্থ প্রধানভাবে প্রতীয়মান না হইয়া, তৎ-সমাহার-রূপ অন্য-পদার্থই প্রধানভাবে প্রতীয়মান হয়। সুতরাং পূর্ব্বোক্ত লক্ষণ সকল

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

প্রায়িক অভিপ্রায়ে নির্দ্দিষ্ট; অর্থাৎ প্রায় সকল স্থলে সেই সেই লক্ষণের সমাবেশ হয়, কোন কোন স্থলে হয় না, এই তাৎপর্য্য; এজন্য, অনেকে—প্রায়েণ পূর্ব্বপদার্থপ্রধানোঽব্যয়ীভাবঃ, প্রায়েণোত্তরপদার্থপ্রধানস্তৎপুরুষঃ, প্রায়েণান্যপদার্থপ্রধানো বহুব্রীহিঃ, প্রায়েণোভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ, এইরূপে অব্যয়ীভাব প্রভৃতির লক্ষণে 'প্রায়েণ' এই পদের যোজনা করিয়া থাকেন।

বস্তুতঃ পাণিনিব্যাকরণে সেই সেই সমাসের অধিকারে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে, সেই সমুদায় সেই সেই সংজ্ঞার লক্ষ্য, অর্থাৎ অব্যয়ীভাব-প্রকরণে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে, তাহাদের নাম অব্যয়ীভাব; তৎপুরুষ-প্রকরণে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে, তাহাদের নাম তৎপুরুষ; বহুব্রীহি প্রকরণে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে, তাহাদের নাম বহুব্রীহি; দ্বন্দ্ব-প্রকরণে যে সমস্ত সমাস বিহিত হইয়াছে, তাহাদের নাম দ্বন্দ্ব।

উভয়পদার্থপ্রধানো দ্বন্দ্বঃ,—এই লক্ষণে 'উভয়' শব্দ সুসঙ্গত নহে। উভয় পদের যেরূপ দ্বন্দ্ব সমাস হয়, বহু পদেরও সেইরূপ হইয়া থাকে। ফলতঃ, কেবল অব্যয়ীভাব সমাস দুই পদে হয়, দ্বন্দ্ব ও বহুব্রীহি দুই পদে ও বহুপদে, তৎপুরুষ প্রায় সকল স্থলে দুই পদে হইয়া থাকে, কোনও কোনও স্থলে বহুপদেও দেখিতে পাওয়া যায়। বস্তুতঃ, দ্বন্দ্ব-লক্ষণে 'উভয়' শব্দ-স্থলে 'অনেক'-শব্দটি দেওয়া উচিত।

৬। **বহুব্রীহির্দ্বিবিধস্তদ্গুণসংবিজ্ঞানোঽতদ্গুণসংবিজ্ঞানশ্চ।**

বহুব্রীহি দ্বিবিধ,—তদ্‌গুণসংবিজ্ঞান ও অতদ্‌গুণসংবিজ্ঞান। যে স্থলে সমাস-বোধিত অন্য-পদার্থের ন্যায়, সমস্যমান পদার্থেরও পরম্পরায় ক্রিয়া প্রভৃতির সহিত অন্বয় হয়, উহাকে তদ্‌গুণসংবিজ্ঞান, আর যে স্থলে সমস্যমান পদার্থের ক্রিয়ার সহিত অন্বয় হয় না, উহাকে অতদ্‌গুণসংবিজ্ঞান বলে। লম্বকর্ণমানয়—ইত্যাদি স্থলে আনয়ন ক্রিয়াতে লম্বকর্ণ-বিশিষ্ট ব্যক্তির অন্বয় হইতেছে, কিন্তু লম্বকর্ণেরও পরম্পরায় অন্বয় আছে (অর্থাৎ লম্বকর্ণের সঙ্গে সঙ্গে লম্বা কানও আনা হইবে), এজন্য উহা তদ্‌গুণসংবিজ্ঞান;

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

আর, দৃষ্টসমুদ্রমানয়—ইত্যাদি স্থলে আনয়ন ক্রিয়াতে দৃষ্ট-সমুদ্র ব্যক্তির অন্বয় আছে, কিন্তু সমুদ্রের অন্বয় নাই (অর্থাৎ যে সমুদ্র দেখিয়াছে, তাহাকে আনিতে গেলে সমুদ্রকে আনা ত আর সম্ভব নহে), এজন্য উহা অতদ্‌গুণ-সংবিজ্ঞান।

৭। **সমানাধিকরণপদঘটিতো ব্যধিকরণপদঘটিতশ্চ।**

বহুব্রীহি সমাস প্রকারান্তরে দ্বিবিধ,—সমানাধিকরণপদঘটিত ও ব্যধিকরণপদঘটিত। বিশেষণ ও বিশেষ্য পদে যে বহুব্রীহি সমাস হয়, উহা সমানাধিকরণপদঘটিত; যথা,—নীলাম্বরঃ, দীর্ঘবাহুঃ, কৃষ্ণকায়ঃ ইত্যাদি। যে স্থলে অন্যবিধ পদে অর্থাৎ বিভিন্ন বিভক্তিযুক্ত পদে বহুব্রীহি সমাস হয়, তাহাকে ব্যধিকরণপদঘটিত বলে। যথা,—দণ্ডপাণিঃ, ধনুর্হস্তঃ, সমুদ্রজন্মা ইত্যাদি। [অবর্জ্জ্যো বহুব্রীহির্ব্যধিকরণো জন্মাদ্যুত্তরপদঃ—বামনঃ।]

Some Important Notes on সমাস

সমর্থঃ পদবিধিঃ—সমাস প্রভৃতি পদসম্বন্ধী কার্য্য সমর্থ অর্থাৎ পরস্পর অন্বিত পদসমূহের মধ্যেই হইয়া থাকে। যথা,—রাজ্ঞঃ পুরুষঃ রাজপুরুষঃ (৬ষ্ঠীতৎ); কিন্তু 'পশ্যতি কৃষ্ণং শ্রিতো দেবদত্তম্'—এই বাক্যে 'কৃষ্ণম্' পদের সহিত 'শ্রিতঃ' পদের অন্বয় না থাকাতে এই দুইটি পদে সমাস হইতে পারিবে না। সামর্থ্য দুই প্রকার—(১) **ব্যপেক্ষা** ও (২) **একার্থীভাব**। পৃথক্ পৃথক্ পদের পরস্পর সম্বন্ধকে ব্যপেক্ষাসামর্থ্য বলে। যেমন,—রাজ্ঞঃ পুরুষঃ। একটি মাত্র পদের একাধিক পদের অর্থ প্রকাশ করিবার শক্তিকে একার্থীভাবসামর্থ্য বলে। যেমন,—রাজপুরুষঃ—এই পদের দ্বারা রাজ্ঞঃ পুরুষঃ এই দুইটি পদের প্রতীতি হয়। সুতরাং 'রাজপুরুষঃ' পদটিতে একার্থীভাব সামর্থ্য রহিয়াছে। একাধিক পদে সমাস হইলে তাহাতে একটি বিশিষ্ট একার্থের বোধ হয়; সেইজন্য সমাসবদ্ধ পদের কোন একটি মাত্র অংশের বিশেষণ প্রযুক্ত হইতে পারে না, অথবা এইরূপ বিশেষণ থাকিলে সমাস হইতে পারে না। এইরূপ বিশেষণযুক্ত শব্দকে সাপেক্ষ শব্দ বলে। যেমন,—ঋদ্ধস্য রাজ্ঞঃ মাতঙ্গাঃ, এস্থলে 'ঋদ্ধস্য' পদটিকে পৃথক্ রাখিয়া 'ঋদ্ধস্য রাজমাতঙ্গাঃ' এইরূপ সমাস হইতে পারে না। কোন কোন স্থলে পদগুলির পরস্পর সম্বন্ধ গমক অর্থাৎ সহজ-বোধ্য হইলে সাপেক্ষেরও সমাস হয়। যেমন,—দেবদত্তস্য গুরুপুত্রঃ, রথাৎ পাতিতসারথিঃ। এইরূপ সমাস হওয়াকে **"সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ"** বলে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

নিত্যসমাস—অবিগ্রহো নিত্যসমাসঃ, অস্বপদবিগ্রহো বা। (১) যে সমাসের বিগ্রহ অর্থাৎ ব্যাসবাক্য হয় না, অথবা যে সমাসের বিগ্রহ অন্য পদদ্বারা হয়, তাহাকে নিত্যসমাস বলে। যেমন,—কৃষ্ণসর্পঃ=কেউটে সাপ। ইহার ব্যাসবাক্য কৃষ্ণঃ সর্পঃ করিলে তখন আর ইহার অর্থ 'কেউটে সাপ' থাকে না, 'কালো সাপ' হইয়া যায়। সুতরাং ইহার ব্যাসবাক্য হয় না। সেইজন্য ইহাকে অবিগ্রহ নিত্যসমাস বলে (*cf.*—a black-bird and a black bird)। আবার 'দেশান্তরম্'—এই সমস্ত পদটির ব্যাসবাক্য 'অন্তরঃ দেশঃ' বা 'দেশস্য অন্তরম্' না হইয়া 'অন্যঃ দেশঃ' এইরূপ হয়। এইজন্য ইহাকে অস্বপদবিগ্রহ নিত্যসমাস বলে। 'এব' অর্থে 'মাত্র', যেমন,—চিন্মাত্রম্; চতুর্থীর অর্থে 'অর্থ' যেমন,—তদর্থম্ (তস্মৈ ইদম্); তুল্য অর্থে কাশ, সঙ্কাশ, প্রতীকাশ, নিভ, ভূত প্রভৃতি; যেমন,—জবাকুসুমসঙ্কাশম্ (জবাকুসুমেন তুল্যম্) প্রভৃতি অস্বপদবিগ্রহ নিত্যসমাসের বিশেষ উদাহরণ। অব্যয়ীভাব, তৎপুরুষ প্রভৃতি সমাসে নিত্যসমাসের দৃষ্টান্ত বহু আছে। সু, দুর্, কু, অতি প্রভৃতির সহিত যে সকল সমাস হয়, তাহা নিত্য এবং উপপদ-তৎপুরুষ সমাসও নিত্য।

"নিত্যোঽনিত্যো বিকল্পশ্চ সমাসস্ত্রিবিধঃ স্মৃতঃ।
ন বিধেয়ৈর্ন চ স্বান্যসাপেক্ষকবিশেষণৈঃ॥"

সুপ্‌সুপা বা সহসুপা সমাস—যে সকল সমাসের অব্যয়ীভাব, কর্ম্মধারয়, বহুব্রীহি প্রভৃতি সংজ্ঞা হয় না, অথচ পদগুলির মধ্যে পরস্পর সম্বন্ধ থাকাতে সমাস হয়, তাহাদিগকে সুপ্‌সুপা বা সহসুপা সমাস বলে। ইহার অপর নাম **কেবলসমাস** (স চ বিশেষসংজ্ঞাবিনির্ম্মুক্তঃ কেবলসমাস এব—ইতি বরদারাজঃ)। যেমন,—অবশ্যকর্ত্তব্যঃ, স্বভাব-কৃপণঃ, ঈষদ্বিকচঃ, ভূতপূর্ব্বঃ ইত্যাদি। ইব শব্দের সঙ্গে পূর্ব্বপদের সহসুপা সমাস হয়, কিন্তু বিভক্তির লোপ হয় না। যথা,—বাগর্থাবিব (ইবেন সহ সমাসো বিভক্ত্যলোপশ্চ—বা)। তৎপুরুষের ৪৬—৬০ সূত্র এবং ৬৯ সূত্র দ্বারা যে সমাসের বিধান করা হইয়াছে, তাহাকে **গতিতৎপুরুষ** বলে।

পৃষোদরাদীনি যথোপদিষ্টম্—পৃষোদর প্রভৃতি শব্দ নিপাতনে সিদ্ধ হয়। পৃষন্তি উদরে যস্য সঃ—পৃষোদরঃ; বারীণাং বাহকঃ—বলাহকঃ; শবানাং শয়নম্—শ্মশানম্; ঊর্দ্ধম্ খম্ অস্য—উলূখলম্।

প্রাদি ও **একদেশী** সমাসের কথা পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে। **একশেষ** একটি বৃত্তি, সমাস নহে (একশেষ দ্রষ্টব্য)। **বৃত্তি** অর্থে পরার্থাভিধান

---

(১) বিভক্তিমাত্রপ্রক্ষেপান্নিজান্তর্গতনামসু।
স্বার্থস্যাবোধবোধাভ্যাং নিত্যানিত্যৌ সমাসকৌ॥
—কাশিকা।

সমাসঘটকপদে শুধু বিভক্তি যোগ করিলে যেখানে অর্থপ্রতীতি হয় না, তাহা নিত্যসমাস; যেখানে অর্থপ্রতীতি হয়, তাহা অনিত্যসমাস। নিত্যসমাস কোন পৃথক্ সমাস নহে, যে কোন সমাসই নিত্যসমাস হইতে পারে; অলুক্ সমাসও এইরূপ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

সমন্বয় (পরার্থাভিধানং বৃত্তিঃ)। বৃত্তি পাঁচ রকম—কৃৎ, তদ্ধিত, সমাস, একশেষ এবং সন্ ইত্যাদি।

দ্বিরুক্ত-প্রক্রিয়া

১। নিত্য-বীপ্সয়োঃ—পৌনঃপুন্য এবং বীপ্সা (সর্ব্বত্র ব্যাপ্তির ইচ্ছা) বুঝাইলে শব্দ দ্বিরুক্ত হয়। যথা,—পৌনঃপুন্য অর্থে—পচতি পচতি (cooks again and again), ভুক্ত্বা ভুক্ত্বা ; বীপ্সার্থে—বৃক্ষং বৃক্ষং সিঞ্চতি (প্রতিবৃক্ষমিত্যর্থঃ)।

২। **পরেবর্জ্জনে**—বর্জন বুঝাইলে পরি শব্দটি দ্বিরুক্ত হয়। যথা,—পরি পরি বঙ্গেভ্যঃ (excluding Bengal) বৃষ্টো দেবঃ। কোন কোন স্থলে দ্বিরুক্তি হয়ও না—পরি বঙ্গেভ্যঃ। পরি হরেঃ সংসারঃ। 'পরেবর্জ্জনে বা-বচনম্'।

৩। **উপর্য্যধ্যধসঃ সামীপ্যে**—সামীপ্য বুঝাইলে উপরি, অধি এবং অধস্ শব্দ দ্বিরুক্ত হয়। যথা,—উপর্য্যুপরি গ্রামম্ (গ্রামস্যাভিসন্নিহিতে স্থানে ইত্যর্থঃ)। এইরূপ, অধ্যধি গ্রামম্, অধোঽধঃ লোকম্।

৪। **বাক্যাদেরামন্ত্রিতস্যাসূয়া-সম্মতি-কোপ-কুৎসন-ভর্ৎসনেষু**—অসূয়া, সম্মতি প্রভৃতি বুঝাইলে বাক্যের আদিতে স্থিত সম্বোধনপদের দ্বিত্ব হয়। যথা,—অভিরূপক অভিরূপক রিক্তং তে আভিরূপ্যম্ ; দেব দেব বন্দ্যোঽসি ; চৌর চৌর ত্বাং ঘাতয়িষ্যামি ইত্যাদি। *cf.* বিবাদে বিস্ময়ে হর্ষে খেদে দৈন্যেঽবধারণে।
প্রসাদনে সম্ভ্রমে চ দ্বিস্ত্রিরুক্তং ন দুষ্যতি॥

৫। **একং বহুব্রীহিবৎ**—দ্বিরুক্ত একশব্দে বহুব্রীহির ন্যায় কার্য্য হয়। যথা,—একৈকস্মৈ দেহি ; একৈকয়া আহুত্যা।

৬। **প্রকারে গুণবচনস্য**—সাদৃশ্য এবং ভেদ অর্থে গুণবাচক পদের দ্বিত্ব হয় এবং তাহাতে কর্ম্মধারয়ের ন্যায় কার্য্য হয়। যথা,—মৃদুমৃদ্বী ; ভীতভীতঃ (ঈষদ্ ভীতঃ ইত্যর্থঃ)। মন্দং মন্দং নুদতি পবনঃ—"ইত্যত্র নিত্যবীপ্সয়োরিতি দ্বির্বচনম্। অনেকভাগাত্মকস্য নুদের্যদা সর্ব্বে ভাগা মন্দত্বেন ব্যাপ্তুমিষ্টা ভবন্তি তদা বীপ্সেতি। **মন্দং মন্দম্ ইত্য-প্রকারার্থে**"।—বামনঃ।

৭। কর্ম্মব্যতীহারে সর্ব্বনাম্নো দ্বে বাচ্যে। সমাসবচ্চ বহুলম্—কর্ম্মের বিনিময় বুঝাইলে সর্ব্বনামের দ্বিরুক্তি হয় এবং তাহাতে সমাসের ন্যায় কার্য হয়। যথা,—ইতরেতরান্ ভোজয়ন্তি। সূত্রে 'বহুল' শব্দ থাকাতে দ্বিরুক্ত 'অন্য' এবং 'পর' শব্দের সমাসবদ্ভাব হয় না।

৮। অসমাসবদ্ভাবে পূর্ব্বপদস্য সুপঃ সুর্বক্তব্যঃ—সমাসবৎ না হইলে পূর্ব্বপদে সর্ব্বদাই প্রথমার একবচন হয়। যথা,—অন্যোঽন্যস্মৈ প্রদত্তম্, পরস্পরেণ কৃতম্।

৯। স্ত্রীনপুংসকয়োরুত্তরপদস্থায়া বিভক্তেরাম্ভাবো বা বক্তব্যঃ। স্ত্রীলিঙ্গে এবং ক্লীবলিঙ্গে দ্বিরুক্ত শব্দের পরবর্ত্তীটির শেষে বিকল্পে যে কোন বিভক্তি-স্থানে 'আম্' যুক্ত হয়। যথা,—অন্যোঽন্যাম্ (অন্যোঽন্যং বা—আম-অভাবে টাপ্ হইবে না) ব্রাহ্মণ্যৌ ভোজয়তঃ, পরস্পরাং বিস্ময়বন্তি লক্ষ্মীমালোকয়াঞ্চক্রুরিবাদরেণ (ভট্টিকাব্যম্)।

১০। যথাস্বে যথাযথম্—'যথাস্বভাবম্' অর্থাৎ 'উপযুক্তরূপে' অর্থ বুঝাইতে যথা যথা এই বাক্যে 'যথাযথম্' পদটি সিদ্ধ হয়। দ্বিশব্দ বিভিন্ন অর্থে দ্বিরুক্ত হইয়া 'দ্বন্দ্বম্' পদ হয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

EXERCISE 44

1. Define *Sandhi* and *Samasa*. How many kinds of *Samasas* are there ? Name them and give one example of each. Is *Ekashesha* a *Samasa* ? Give reasons for your answer. (*C. U. Mat.*, *1913*.)

2. Show (giving examples) the difference between (*i* *Sandhi* and *Samasa*, (*ii*) কর্ম্মধারয় and বহুব্রীহি, (*iii*) উপমান and উপমিত compounds, (*iv*) সমাহার দ্বন্দ্ব and সমাহার দ্বিগু, (*v*) সমানাধিকরণ and ব্যধিকরণ বহুব্রীহি।

3. Show by two different sentences that the word মুখচন্দ্রঃ can be taken both as রূপক and as উপমিত।

4. Substitute Sanskrit compound words for the following :—

Near the ocean. (A man) accompanied by his son. Ear and nose. Brother and sister. One who has a *Shudra* woman for his wife. The rivers *Ganga* and *Brahmaputra*. Beating each other with sticks. An aggregate of two nights. Fear from a tiger. Moon-faced. A friend of the king. About ten. Snake and weasel. *Agni* and *Indra*. Broad-chested. Bathed and anointed. Where there are many elephants. Three or four.

5. Combine the following into *Samasas* and name each of the *Samasas* :—

সতী বুদ্ধিঃ, সতীনাং বুদ্ধিঃ, মহৎ যশঃ, মহত্তো যশঃ, মহৎ যশো যস্য সঃ, প্রিয়ঃ সখা যস্য সঃ, ব্রহ্মাণাং লোকানাং সমাহারঃ, শোভনো গন্ধো যস্য সঃ, মার্জ্জারাশ্চ মূষিকাশ্চ, আদৌ পীতঃ পশ্চাৎ প্রতিবদ্ধঃ, সংক্ষিপ্তঞ্চ তৎ সারঞ্চেতি, অধিজ্যং ধনুর্যস্য সঃ, দ্বৌ দন্তৌ যস্যাঃ সা, নির্গতা আপো যস্মিন্, দ্বয়োরহ্নোঃ সমাহারঃ, কুৎসিতম্ অন্নম্, গিরেঃ সমীপম্, গতং মনো যস্য সঃ, বিমলাঃ আপঃ যস্মিন্ তৎ, সন্ততং তমঃ, রাজ্ঞঃ বর্চ্চঃ, বিষ্ণোঃ পূঃ, পশ্যতঃ হরঃ, তন্বী বালা, বিদ্বান্ জনঃ, সুখাৎ অপেতঃ, ব্যাকরণে সাধুঃ, বিষ্ণবে দত্তম্, পুত্রেণ সহ বর্ত্তমানঃ, বিগতা স্পৃহা যস্য সঃ, সুরভিঃ গন্ধঃ যস্য তৎ, তৃতীয়া ভার্য্যা যস্য সঃ, ঘন ইব শ্যামঃ, অল্পা মেধা যস্য সঃ, অন্যো রাজা, যুবতিঃ জায়া যস্য সঃ, হরেঃ সাদৃশ্যম্, পূর্ব্বম্ অহঃ, পূর্ব্বম্ অহ্নঃ, কর্ণশ্চ নাসিকা চ, অহয়শ্চ নকুলাশ্চ, পাণী চ পাদৌ চ, ভাষিতঃ পুমান্ যস্য সঃ, বহ্ব্যঃ নদ্যঃ যস্মিন্ সঃ, শুভঞ্চ অশুভঞ্চ, গঙ্গা চ যমুনা চ, কর্ণৌ চ নাসিকা চ, পিতা চ পুত্রশ্চ, মৃতঃ ভর্ত্তা যস্যাঃ সা, পুণ্যা কীর্ত্তিঃ যস্য সঃ, দশানাং সমীপে যে তে, মূর্খঃ ভ্রাতা যস্য সঃ, বিদ্বান্ ভ্রাতা যস্য সঃ, হিমস্য অত্যয়ঃ, নদীং প্রতি, রথস্য পশ্চাৎ, সমুদ্রস্য পারে।

6. Name and expound the *Samasas* :—

করচরণম্, পুষ্পধন্বা, সদ্বুদ্ধিঃ, সত্বরম্, গোমহিষম্, দধিঘৃতম্, পঞ্চভর্ত্তৃকা, পদ্মনাভঃ, কিংরাজা, নৃপসভম্, দক্ষিণাপথঃ, বিপথম্, পুরুষায়ুষম্, পঞ্চনদম্, অসখা, কদশ্বঃ, ভূতপূর্ব্বঃ,

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

কৃষ্ণসর্পঃ, অপরাহ্ণঃ, অব্রাহ্মণঃ, সরসিজম্, সমীপম্, দ্বিগুঃ, বাচস্পতিঃ, দ্বিচনারঃ, পঙ্কনাবধনঃ, ত্রিলোকেন্দ্রঃ, সামগঃ, শুক্লীকৃত্য, ভুক্তোদ্গীর্ণম্, পর্ব্বতোন্নতঃ, মানসবিহঙ্গঃ, দ্বিসপ্ততিঃ, নবান্নম্।

7. Correct the following (general) :—

অসৌ ব্যাধঃ শরেণ চত্বারি পক্ষী হতঃ। ব্যাধা বাণেবু মৃগাণি হন্তি। মে প্রিয়ং সখিং জ্ঞাপয়। সূর্য্যস্য তেজেন সর্ব্বান্ দ্রব্যানভিভবতি। মহারাজাঃ শত্রুং পরাজিতবান্। দিবায়াং শয়নং ন কর্ত্তব্যম্। সীতায়াং এবং ব্রুবতাং রাবণঃ সমুপাগতম্। শিশুনা শশিনং পশ্যতে। অস্মিন্ ঘোরে বর্ষায়াং ন কুত্রাপি ত্বয়া গন্তব্যা। রাত্রিঃ উপস্থিতে শশীঃ প্রকাশতে। অরণ্যেঽধিবস্তুং যতয়ঃ ইচ্ছন্তি। স ব্যাঘ্রস্য ভয়াৎ গৃহায় প্রবিষ্টঃ। পতিনা নীয়তে চটুলনয়নী বধূঃ। শকুন্তলা ভগবানস্য কণ্বমুনিস্য দুহিতাঃ। নাহং ব্যাঘ্রং বিভীমি। আসমুদ্রস্য পৃথিব্যাঃ অয়ং রাজা। মহারাজ্ঞো দশরথস্য তিস্রঃ কলত্রা আসন্। মাং দধিং ন রোচতি। রামশ্যামৌ অনেন উদ্যানেন গচ্ছন্ হসতি। ত্বং কিমর্থং মিথ্যাং বাচং ভাষসি। একস্মিন্ রাত্রৌ অহং ভ্রমণায় গৃহস্য বহিরগচ্ছৎ। পরিশুদ্ধাং স্বদারাং কথং ত্যজেয়ম্। শিশু শয্যায়াং শয়ন্ হসতি। কতয়োঽত্র বালকাঃ তিষ্ঠন্তি। ত্রিংশত্যো নার্য্যো গচ্ছন্তি। ভবান্ অন্নং ভোজনং কৃত্বা গৃহং গচ্ছ। মম প্রভৃতি তস্য কোপং ন সঙ্গচ্ছতি। তস্যৈকা সুপয়সী গবী বিদ্যতি। রামঃ গুরুং শুশ্রূষতি অসূয়তি চ সতীর্থম্।

8. Translate into Sanskrit :—

He has got more learning than the school-master himself. One morning, a poor lad, who had none to take care of him, came to Rama's house to beg some food. The fields and the hills, the rivers and the ponds, the trees, the houses all were hidden. A certain demon lived for two hundred years in a deep forest. Indra being entreated by the inhabitants to kill him, tried his utmost to do so, but being unsuccessful, went to the sage Agastya. I saw in the temple of Shiva, five ladies, four boys, eleven girls and twenty-four men that wore turbans (উষ্ণীষ) on their heads. The king was begged by the minister to pardon the fault of his servant. I bow down to Parvati and Parameshwara, the parents of the universe. The merchant having a young wife, observed a vow (ব্রতম্) for seven days to get a son. Even now when people are happy and prosperous, they say, "We are living in the reign of Rama."

9. Distinguish between :—মহাভুজঃ and মহদ্ভুজঃ, উন্নতমনঃ and উন্নত-মনাঃ, বৃক্ষচ্ছায়ম্ and বৃক্ষচ্ছায়া, পূর্ব্বাহঃ and পূর্ব্বাহ্ণঃ, প্রিয়সখা and প্রিয়সখঃ, অস্মদ্গৃহে and মদ্গৃহে, সপত্নী and সপত্নীকঃ।

———

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

লিঙ্গানুশাসন

স্ত্রীলিঙ্গ (Feminine Gender)

১। স্ত্রী।—এই প্রকরণে যে সকল শব্দের বিষয় লিখিত হইতেছে, বিশেষ বিধানের উল্লেখ না থাকিলে তাহারা স্ত্রীলিঙ্গ।

২। ঋ-কারান্ত মাতৃ-দুহিতৃ-স্বসৃ-যাতৃ-ননান্দরঃ—ঋ-কারান্ত মাতৃ (mother), দুহিতৃ (daughter), স্বসৃ (sister), যাতৃ (husband's brother's wife) এবং ননান্দৃ (husband's sister) শব্দ স্ত্রীলিঙ্গ।

৩। অন্যুৎপ্রত্যয়ান্তো ধাতুঃ।—অনি ও উ-প্রত্যয়ান্ত ধাতু-নিষ্পন্ন শব্দ স্ত্রীলিঙ্গ হয়। যথা,—অনি—সরণিঃ (path), অবনিঃ (the earth), ক্ষেপণিঃ (oar), রজনিঃ (night) ; উ—চমূঃ (army).

৪। অশনি-ভরণ্যরণয়ঃ পুংসি চ।—অশনিঃ (a thunderbolt), ভরণিঃ (the name of the second lunar mansion containing three stars) ও অরণিঃ (one of the two sticks used for kindling sacrificial fire) শব্দ স্ত্রীলিঙ্গ এবং পুংলিঙ্গও হয়।

৫। মিন্যন্তঃ।—মি এবং নি-প্রত্যয়ান্ত শব্দ সকল স্ত্রীলিঙ্গ। যথা,—ভূমিঃ (earth), গ্লানিঃ (fatigue).

৬। বহ্নিবৃষ্ণ্যগ্নয়ঃ পুংসি।—নি-প্রত্যয়ান্ত বহ্নিঃ (fire), বৃষ্ণিঃ (an old *Kshatriya* family ; যদুবংশ), অগ্নিঃ (fire) শব্দ পুংলিঙ্গ, পূর্ব্বসূত্রানুসারে, স্ত্রীলিঙ্গ হয় না।

৭। শ্রোণিযোন্যূর্ম্ময়ঃ পুংসি চ।—শ্রোণিঃ (the loins), যোনিঃ (cause, origin) ও ঊর্ম্মিঃ (wave) ইহারা পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ।

৮। ক্তিন্নন্তঃ।—ক্তিন্ (ক্তি)-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ। যথা,—মতিঃ (wish, desire), কৃতিঃ (action, doing), বুদ্ধিঃ (intellect) ইত্যাদি।

৯। ঈবন্তশ্চ।—ঈপ্-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ। যথা,—হরিণী (female deer), কালী (the goddess *Kali*), নদী (river).

১০। ঊঙাবন্তশ্চ।—ঊঙ্ ও আপ্-প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ। যথা,—কুরূঃ (the kingdom named *Kuru*), বিদ্যা (knowledge). [ভাববাচ্যবিহিত অন (অনট্ নহে) প্রত্যয়ান্ত শব্দে প্রায়ই আপ্ যুক্ত হয়। যথা,—প্রেরণা, ভাবনা, অন্বেষণা, বিবেচনা।]

১১। য্বন্তমেকাক্ষরম্।—একাক্ষর ঈ-কারান্ত ও ঊ-কারান্ত শব্দ স্ত্রীলিঙ্গ। যথা,—ধীঃ (intellect), শ্রীঃ (prosperity), ভ্রূঃ (eye-brow), ভূঃ (earth).

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১২। **বিংশত্যাদিরানবতেঃ।**—বিংশতি হইতে নবতি পর্যন্ত সংখ্যা-বাচক শব্দ স্ত্রীলিঙ্গ ও একবচনান্ত। যথা,—বিংশতিঃ (twenty), ত্রিংশৎ (thirty), চত্বারিংশৎ (forty), পঞ্চাশৎ (fifty), ষষ্টিঃ (sixty), সপ্ততিঃ (seventy), অশীতিঃ (eighty), নবতিঃ (ninety).

১৩। **তলন্তঃ।**—তল্ (তা)-প্রত্যয়ান্ত শব্দসমূহ স্ত্রীলিঙ্গ। যথা,—শুক্লতা (whiteness), জনতা (crowd), দেবতা (deity), গ্রামতা (multitude of villages). (১)

১৪। **ভূমি-বিদ্যুৎ-সরিল্লতা-বনিতাভিধানানি।**—ভূমি (earth), বিদ্যুৎ (lightning), সরিৎ (river), লতা (creeper) এবং বনিতা (woman)-বাচক শব্দ স্ত্রীলিঙ্গ। যথা,—ভূমিঃ—ভূঃ, পৃথিবী, পৃথ্বী, ধরা, ধরিত্রী; বিদ্যুৎ—সৌদামিনী, চপলা, চঞ্চলা, ক্ষণপ্রভা; সরিৎ—নিম্নগা, নদী, তটিনী, স্রোতস্বিনী; লতা—বল্লরী, বীরুৎ; বনিতা—স্ত্রী, যোষিৎ, অবলা, কান্তা।

১৫। যাদো নপুংসকম্।—যাদস্ শব্দ সরিদ্বাচক হইলেও নপুংসকলিঙ্গ। 'জলজন্তু' অর্থেও 'যাদস্' শব্দ ক্লীবলিঙ্গ। 'যাদাংসি জলজন্তবঃ' (অমরঃ)।

১৬। ভাস্-রুক্-স্রগ্-দিগুষ্ণিগুপানহঃ।—ভাস্ (lustre), রুচ্ (lustre), স্রুচ্ (a spoon), দিশ্ (direction), উষ্ণিহ্ (a Vedic metre) ও উপানহ্ (shoe) শব্দ স্ত্রীলিঙ্গ।

১৭। প্রাবৃড়্-বিপ্রুড়্-রুট্-তৃড়্-বিট্-ত্বিষঃ।—প্রাবৃষ্ (rainy season), বিপ্রুষ্ (a drop), রুষ্ (anger), তৃষ্ (thirst), বিশ্ (man) ও ত্বিষ্ (light) শব্দ স্ত্রীলিঙ্গ।

১৮। দর্ব্বি-বিদি-বেদি-খনি-শান্যশ্রি-বেশি-কৃষ্যোষধিকট্যঙ্গুলয়ঃ।—দর্ব্বিঃ (spoon), বিদিঃ (one who knows), বেদিঃ (altar), খনিঃ (mine), শানিঃ (sharpening), অশ্রিঃ (edge of a weapon), বেশিঃ (dress), কৃষিঃ (agriculture), ওষধিঃ (herb), কটিঃ (hip) এবং অঙ্গুলিঃ (finger) শব্দ স্ত্রীলিঙ্গ। উহাদের উত্তর বিকল্পে ঈপ্ হয়, অর্থাৎ উহারা হ্রস্ব-ই-কারান্ত বা দীর্ঘ-ঈ-কারান্ত উভয়ই হয়।

১৯। তিথি-নাড়ি-রুচি-বীচি-নালি-ধূলি-কিকি-কেলি-ছবি-নীবি-রাত্র্যাদয়ঃ।—তিথিঃ (lunar day) (২), নাড়িঃ (vein), রুচিঃ (taste, lustre), বীচিঃ (a wave), নালিঃ (a hollow stalk, *esp.* that of a lotus), ধূলিঃ (dust), কিকিঃ

---

(১) 'অ-বিধৌ গুরোঃ স্ত্রিয়াং বহুলং বিবক্ষা' (বামনঃ)—অ এবং অঙ্-প্রত্যয়ান্ত শব্দ সাধারণতঃ স্ত্রীলিঙ্গ ও আপ্-প্রত্যয়ান্ত হয়, কিন্তু ইহার ব্যতিক্রমও হয়। যথা,—আতঙ্কঃ (পুং), ঊহা ঊহঃ, বাধা বাধঃ, ব্রীড়া ব্রীড়ঃ।

(২) তিথিঃ পুংস্যপি। কোন কোন মতে তিথি শব্দ পুংলিঙ্গও হয়।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

(a cocoanut tree), কেলিঃ (sport), ছবিঃ (hue, lustre), নীবিঃ (belt, girdle), রাত্রিঃ (night) শব্দ স্ত্রীলিঙ্গ।

২০। শকুলি-রাজি-কুট্যশনি-বর্ত্তি-ভ্রুকুটি-ত্রুটি-বলি-পঙ্‌ক্তয়ঃ।—শকুলিঃ (a kind of cake, তিল-তণ্ডুল-মিশ্রিত-যবাগূ), রাজিঃ (a range), কুটিঃ (a cottage), অশনিঃ (thunderbolt), বর্ত্তিঃ (wick of lamp), ভ্রুকুটিঃ (frown), ত্রুটিঃ (loss, cutting), বলিঃ (wrinkle) এবং পঙ্‌ক্তিঃ (a series) শব্দ স্ত্রীলিঙ্গ। কর (tax) ও উপহার (offering) অর্থে 'বলি' পুংলিঙ্গ।

২১। প্রতিপদাপদ্বিপৎ-সম্পচ্ছরৎ-সংসৎ-পরিষদূষঃ-সংবিৎ-ক্ষুদ্যুন্মুৎ-সমিধঃ।—প্রতিপদ্ (the first lunar day), আপদ্ (danger), বিপদ্ (danger), সম্পদ্ (wealth), শরদ্ (autumn), সংসদ্ (council), পরিষদ্ (council), উষস্ (dawn), সংবিদ্ (knowledge, জ্ঞান), ক্ষুধ্ (hunger), যুধ্ (fight), মুদ্ (gladness) ও সমিধ্ (sacrificial wood) শব্দ স্ত্রীলিঙ্গ।

২১। আশীর্ধূঃপূর্গীর্দ্বারঃ।—আশিস্ (blessing), ধুর্ (burden), পুর্ (city), গির্ (speech) ও দ্বার্ (door) শব্দ স্ত্রীলিঙ্গ। ইয়ম্ আশীঃ, ধূঃ, পূঃ, গীঃ, দ্বাঃ। (১)

২৩। অপ্-সুমনস্-সমা-সিকতা-বর্ষাণাং বহুত্বঞ্চ।—অপ্ (water), সুমনস্ (২), সমা (a year), সিকতা (sand), বর্ষা প্রভৃতি শব্দ (৩) স্ত্রীলিঙ্গ ও নিত্যবহুবচনান্ত। সুমনস্, সমা, সিকতা, জলৌকস্ এবং অপ্সরস্ শব্দ কখনও কখনও একবচনান্তও হইয়া থাকে। যথা,—মূর্খঃ শ্মশান-সুমনা ইব বর্জ্জনীয়ঃ—(কাতন্ত্র-পরিশিষ্ট)। পিবত্যদোঽসৃগ্ ন হি কিং জলৌকাঃ—(উদ্ভট)। ঘৃতাচীং নামাপ্সরসম্ (মহাভারতম্)। একা চ সিকতা তৈলদানেঽসমর্থা। সমাং সমাং বিজায়তে। পুষ্প-বাচী সুমনস্ শব্দের দ্বিবচনেও প্রয়োগ দেখা যায়। যথা,—অম্লাসাতাং সুমনসৌ।

২৪। স্রক্-ত্বগ্-জ্যোগ্বাগ্যবাগূ-নৌ-স্ফিচঃ।—স্রক্ (garland), ত্বক্ (skin), জ্যোক্ (swiftness, question), বাচ্ (speech), যবাগূ (rice, gruel), নৌ (boat) ও স্ফিচ্ (hip, নিতম্ব) শব্দ স্ত্রীলিঙ্গ।

২৫। চুল্লি-বেণি-খার্য্যশ্চ।—চুল্লিঃ (fire-place), বেণিঃ (braided hair) ও খারিঃ (a measure of grain) শব্দ স্ত্রীলিঙ্গ।

২৬। তারা-ধারা-জ্যোৎস্নাদয়শ্চ।—তারা (star), ধারা (current of water), জ্যোৎস্না (moonlight) প্রভৃতি শব্দ স্ত্রীলিঙ্গ।

---

(১) কিন্তু 'পুর্' শব্দে সমাসান্ত অ (ঋক্পূরব্ধূঃপথামানক্ষে) হইলে, প্রয়োগানুসারে ক্লীবলিঙ্গ হয়। যথা,—রাজ্ঞঃ পূঃ রাজপুরম্ (ক্লীবত্বং লোকাৎ)।

(২) সুমনস্ শব্দ দেবতা-বাচক হইলে পুংলিঙ্গ হয়।

(৩) জলৌকস্ (leech), দশা (বস্ত্রাঞ্চল), মঘা, ধানা (ভৃষ্টযবাদি) ইত্যাদি।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

পুংলিঙ্গ (Masculine Gender)

১। পুমান্।—এই প্রকরণে যে সকল শব্দের বিষয় উল্লিখিত হইল, বিশেষ বিধানের উল্লেখ না থাকিলে তাহারা পুংলিঙ্গ।

২। **ঘঞবন্তঃ**।—ঘঞ্ ও অপ্ (অল্)-প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। যথা,—ঘঞ্-প্রত্যয়ান্ত—পাকঃ, বাসঃ, ত্যাগঃ, ভাবঃ; অপ্-প্রত্যয়ান্ত—করঃ, গরঃ (sickness), রবঃ।

৩। **ঘাজন্তশ্চ**।—ঘ ও অচ্ (অস্)-প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। যথা,—পরিচ্ছদঃ, গোচরঃ, বিস্ময়ঃ, চয়ঃ (multitude), জয়ঃ।

৪। **ভয়-লিঙ্গ-ভগ-পদানি নপুংসকে**।—ভয়, লিঙ্গ প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ হয়। 'বর্ষ' শব্দও ক্লীবলিঙ্গ। 'বাতবর্ষং মহচ্চাসীৎ'।

৫। **নঙন্তঃ**।—নঙ্ (ন)-প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ। যথা,—যজ্ঞঃ (sacrifice), যত্নঃ (effort), প্রশ্নঃ (question).

৬। যাচ্ঞা স্ত্রিয়াম্।—যাচ্ঞা শব্দ নঙ্-প্রত্যয়ান্ত হইলেও স্ত্রীলিঙ্গ।

৭। **ক্যন্তো ঘুঃ**।—কি-প্রত্যয়ান্ত ঘু-সংজ্ঞক দা ও ধা ধাতু-নিষ্পন্ন শব্দ পুংলিঙ্গ। যথা,—আদিঃ (beginning), আধিঃ (mental uneasiness), জলধিঃ (sea), নিধিঃ (receptacle), ব্যাধিঃ (illness).

৮। **ইষুধিঃ স্ত্রী চ**।—কি-প্রত্যয়ান্ত ইষুধি (quiver, বাণাধার) শব্দ স্ত্রীলিঙ্গও হয়।

৯। **দেবাসুরাত্ম-স্বর্গ-গিরি-সমুদ্র-নখ-কেশ-দন্ত-স্তন-ভুজ-কণ্ঠ-খড়্গ-শর-পঙ্কাভিধানানি**।—দেব (১), অসুর, আত্মন্ (self, soul), স্বর্গ, গিরি, সমুদ্র, নখ (২), কেশ, দন্ত, স্তন, ভুজ, কণ্ঠ, খড়্গ, শর এবং পঙ্ক-বাচক শব্দ (৩) পুংলিঙ্গ।

---

(১) দৈবত শব্দ ক্লীবলিঙ্গ ও পুংলিঙ্গ এবং দেবতা শব্দ স্ত্রীলিঙ্গ হয়—"দৈবতানি পুংসি বা দেবতা স্ত্রিয়াম্" ইত্যমরঃ।

(২) অমরকোষ-মতে নখ ও নখর শব্দ ক্লীবলিঙ্গ ও পুংলিঙ্গ উভয়ই হয়। "নখোঽস্ত্রী নখরোঽস্ত্রিয়াম্।"

(৩) দেবঃ, অমরঃ, সুরঃ; দৈত্যঃ, অসুরঃ; আত্মা, ক্ষেত্রজ্ঞঃ; স্বর্গঃ, নাকঃ; গিরিঃ, পর্ব্বতঃ, শৈলঃ, মহীধরঃ; সিন্ধুঃ, অব্ধিঃ; নখঃ, নখরঃ, কররুহঃ; কেশঃ, শিরোরুহঃ, কচঃ; দন্তঃ, দশনঃ, রদঃ; স্তনঃ, কুচঃ, পয়োধরঃ; ভুজঃ, বাহুঃ; কণ্ঠঃ, গলঃ; খড়্গঃ, অসিঃ, করবালঃ; শরঃ, বাণঃ, বিশিখঃ; পঙ্কঃ, কর্দ্দমঃ। পঙ্ক শব্দ ক্লীবলিঙ্গও হয়।

অমরকোষমতে—**পুংস্ত্বে সভেদানুচরাঃ সপর্য্যায়াঃ সুরাসুরাঃ।**
স্বর্গযাগাদ্রিমেঘাব্ধিদ্রুকালাসিশরারয়ঃ।
করগণ্ডোষ্ঠদোর্দ্দন্তকণ্ঠকেশনখস্তনাঃ।
মাসর্ত্তু রসবনাগ্নিশব্দবায়ুনরাহয়ঃ॥

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

১০। ত্রিবিষ্টপ-ত্রিভুবনে নপুংসকে।—ত্রিবিষ্টপ ও ত্রিভুবন শব্দ ক্লীবলিঙ্গ।

১১। দ্যৌঃ স্ত্রিয়াম্।—দিব্ (heaven) ও দ্যো শব্দ স্ত্রীলিঙ্গ।

১২। **ইষু-বাহু স্ত্রিয়াঞ্চ**।—ইষু (arrow) ও বাহু (arm) শব্দ স্ত্রীলিঙ্গও হয়।

১৩। **বাণকাণ্ডৌ নপুংসকে চ**।—বাণ (arrow) ও কাণ্ড (arrow) শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ উভয়ই হয়।

১৪। **নান্তঃ**।—ন-কারান্ত শব্দ পুংলিঙ্গ। যথা,—রাজন্ (king), লঘিমন্ (lightness), তক্ষন্ (a carpenter). [ণ, অথু ও ইমন্-প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গ (**ণাথ্বিমন্**)। যথা,—ব্যাধঃ, বেপথুঃ, মহিমা।]

১৫। **ক্রতু-পুরুষ-কপোল-গুল্‌ফ-মেঘাভিধানানি**।—ক্রতু (sacrifice, যজ্ঞ), **পুরুষ** (man), **কপোল** (cheek), **গুল্‌ফ** (ankle) এবং **মেঘ** (cloud)-বাচক শব্দ পুংলিঙ্গ (১)।

১৬। অভ্রং নপুংসকম্।—অভ্র (cloud) শব্দ মেঘ-বাচক হইলেও ক্লীবলিঙ্গ।

১৭। উ-কারান্তঃ।—উ-কারান্ত শব্দ পুংলিঙ্গ। যথা,—প্রভুঃ, ইক্ষুঃ।

১৮। **ধেনু-রজ্জু-কুহু-সরযু-তনু-রেণু-প্রিয়ঙ্গবঃ স্ত্রিয়াম্**।—এই শব্দগুলি স্ত্রীলিঙ্গ। হনু শব্দ গণ্ডের উপরিভাগ বুঝাইলে স্ত্রীলিঙ্গ ও পুংলিঙ্গ উভয়ই হয়। রজ্জু শব্দ সমাসে স্ত্রীলিঙ্গ ও পুংলিঙ্গ উভয়ই হয়। যথা,—কর্কটরজ্জ্বা, কর্কটরজ্জুনা।

১৯। শ্মশ্রু-জানু-বসু-স্বাদশ্রু-জতু-ত্রপু-তালূনি নপুংসকে।—শ্মশ্রু (beard) প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ।

২০। বসু চার্থবাচী।—ধন অর্থে বসু শব্দ ক্লীবলিঙ্গ, কিন্তু কিরণ, অগ্নি ও ধনাধিপ (কুবের) অর্থে পুংলিঙ্গ।

২১। মদ্গু-মধু-সীধু-শীধু-সানু-কমণ্ডলূনি নপুংসকে চ।—মদ্গু (পানকৌড়ি) প্রভৃতি শব্দগুলি পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ উভয়ই হয়।

২২। রুত্বন্তঃ।—যে সকল শব্দের অন্তে রু বা তু থাকে, তাহারা পুংলিঙ্গ। যথা,—মেরুঃ, শত্রুঃ, সেতুঃ, হেতুঃ, ধাতুঃ।

২৩। **দারু-কসেরু-জতু-বস্তু-মস্তূনি নপুংসকে**।—দারু (wood) প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ।

২৪। কোপধঃ।—যে সমস্ত অ-কারান্ত শব্দের উপধা, অর্থাৎ অন্ত্য-বর্ণের পূর্ব্ববর্ণ ক হয়, তাহারা পুংলিঙ্গ। যথা,—স্তবকঃ (bunch), কল্কঃ।

২৫। চিবুক-শালূক-প্রাতিপদিকাংশুকোল্মুকানি নপুংসকে।—চিবুক (cheek), শালূক (root of a lily), প্রাতিপদিক (nominal base), অংশুক (cloth) এবং উল্মুক (burning wood, জ্বলন্ত কাষ্ঠ), ইহারা ক্লীবলিঙ্গ।

---

(১) ক্রতু-বাচক—ক্রতুঃ, যজ্ঞঃ, অধ্বরঃ, যাগঃ, মখঃ; পুরুষ-বাচক—পুরুষঃ, মর্ত্ত্যঃ, নরঃ, মানবঃ; কপোল-বাচক—কপোলঃ, গণ্ডঃ; গুল্‌ফ-বাচক—গুল্‌ফঃ, প্রপদঃ; মেঘ-বাচক—মেঘঃ, জলধরঃ, নীরদঃ, বারিবাহঃ। 'ঘুটিকা' শব্দ গুল্‌ফ-বাচক হইলেও স্ত্রীলিঙ্গ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

২৬। টোপধঃ।—অ-কারান্ত ট-কারোপধ শব্দ পুংলিঙ্গ। যথা,—ঘটঃ, পটঃ।

২৭। কিরীট-মুকুট-ললাট-বট-বীট-শৃঙ্গাট-করাট-লোষ্টানি (also লোষ্ট্রম্) নপুংসকে।—কিরীট (crest) প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ।

২৮। ণোপধঃ।—অ-কারান্ত ণ-কারোপধ শব্দ পুংলিঙ্গ। যথা,—গুণঃ (quality), গণঃ (multitude), পাষাণঃ (stone), তন্মধ্যে প্রাণ শব্দ জীবন অর্থে বহুবচনান্ত। যথা,—প্রাণাঃ (life).

২৯। ঋণ-লবণ-পর্ণ-তোরণ-রণোষ্ণানি নপুংসকে।—ঋণ (debt) প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ।

৩০। কার্ষাপণ-স্বর্ণ-সুবর্ণ-ব্রণ-চরণ-বৃষণ-বিষাণ-চূর্ণ-তৃণানি নপুংসকে চ।—অ-কারান্ত ণ-কারোপধ কার্ষাপণ প্রভৃতি শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ উভয়ই হয়। যথা,—স্বর্ণঃ স্বর্ণম্ (gold). অমরসিংহের মতে 'স্বর্ণ' শব্দ কেবল ক্লীবলিঙ্গ।

৩১। থোপধঃ।—অ-কারান্ত থ-কারোপধ শব্দ পুংলিঙ্গ। যথা,—রথঃ (chariot).

৩২। কাষ্ঠ-পৃষ্ঠ-সিক্থোক্থানি নপুংসকে।—অ-কারান্ত ঠ-কারোপধ কাষ্ঠ (wood), পৃষ্ঠ (back) এবং থ-কারোপধ সিক্থ (wax) এবং উক্থ (a part of the Sama Veda) শব্দ ক্লীবলিঙ্গ।

৩৩। তীর্থ-প্রোথ-যূথ-গাথানি নপুংসকে চ।—তীর্থ প্রভৃতি শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ উভয়ই হয়।

৩৪। নোপধঃ।—অ-কারান্ত ন-কারোপধ শব্দ পুংলিঙ্গ। যথা,—ফেনঃ, নন্দনঃ।

৩৫। জঘনাজিন-তুহিন-কানন-বন-বৃজিন-বিপিন-বেতন-শাসন-সোপান-মিথুন-শ্মশান-রত্ন-নিম্ন-চিহ্নানি নপুংসকে।—জঘন, অজিন প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ।

৩৬। পোপধঃ।—অ-কারান্ত প-কারোপধ শব্দ পুংলিঙ্গ। যথা,—দ্বীপঃ (island), সর্পঃ (snake) ইত্যাদি।

৩৭। পাপরূপোড়ুপ-তল্প-শিল্প-পুষ্প-শষ্প-সমীপান্তরীপাণি নপুংসকে।—পাপ (sin), রূপ, উড়ুপ (moon, raft), তল্প (bed, শয্যা), শিল্প (fine art), পুষ্প, শষ্প (new grass, নবতৃণ), সমীপ ও অন্তরীপ (cape) শব্দ ক্লীবলিঙ্গ।

৩৮। ভোপধঃ।—অ-কারান্ত ভ-কারোপধ শব্দ পুংলিঙ্গ। যথা,—কুম্ভঃ, স্তম্ভঃ।

৩৯। মোপধঃ।—অ-কারান্ত ম-কারোপধ শব্দ পুংলিঙ্গ। যথা,—সোমঃ।

৪০। যোপধঃ।—অ-কারান্ত য-কারোপধ শব্দ পুংলিঙ্গ। যথা,—সময়ঃ, হয়ঃ।

৪১। কিসলয়-হৃদয়েন্দ্রিয়োত্তরীয়াণি নপুংসকে।—কিসলয় প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ।

৪২। রোপধঃ।—অ-কারান্ত রেফোপান্ত শব্দ পুংলিঙ্গ। যথা,—অঙ্কুরঃ, খুরঃ।

৪৩। ষোপধঃ।—অ-কারান্ত ষ-কারোপধ শব্দ পুংলিঙ্গ। যথা,—বৃষঃ (bull), বৃক্ষঃ (tree) ইত্যাদি। কিন্তু পীযূষ (nectar), পুরীষ (dung), কলুষ (sin) ও কিল্বিষ (sin) শব্দ ক্লীবলিঙ্গ। 'টাট্কা দুধ' অর্থে 'পীযূষ' শব্দ পুংলিঙ্গ। 'পীযূষোঽভিনবং পয়ঃ' (অমরঃ)।

৪৪। সোপধঃ।—অ-কারান্ত স-কারোপধ শব্দ পুংলিঙ্গ। যথা,—বায়সঃ (crow),

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

বৎসঃ (calf) ইত্যাদি। কিন্তু পনস (jack-fruit), বিস (stalk, পদ্মের মৃণাল) ও সাহস (courage) শব্দ ক্লীবলিঙ্গ।

[সংক্ষেপে ২৪-৪৪ সূত্র—প-থ-ন-য-স-টোপান্তাঃ। ক-ষ-ণ-ভ-ম-রোপান্তাঃ যত্নদন্তাঃ॥]

৪৫। **রশ্মি-দিবসাভিধানানি**।—কিরণ-বাচক ও দিবস-বাচক শব্দ পুংলিঙ্গ। যথা,—কিরণঃ, ময়ূখঃ, রশ্মিঃ; কিন্তু **দীধিতি** শব্দ রশ্মি-বাচক হইলেও **স্ত্রীলিঙ্গ**, মরীচি শব্দ পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ; **দিন** ও **অহন্** শব্দ **ক্লীবলিঙ্গ**।

৪৬। **মানাভিধানানি**।—বস্তুর পরিমাণ-বাচক শব্দ পুংলিঙ্গ। কুড়বঃ, প্রস্থঃ, কর্ষঃ, পলঃ। কিন্তু দ্রোণ ও আঢ়ক শব্দ পুংলিঙ্গ ও ক্লীবলিঙ্গ। খারী ও মানিকা শব্দ স্ত্রীলিঙ্গ।

৪৭। **দারাক্ষত-লাজাসূনাং বহুত্বং চ**।—দার (wife), অক্ষত (thrashed rice dried in the sun), লাজ (খৈ, fried paddy) ও অসু (life) শব্দ পুংলিঙ্গ এবং বহুবচনান্ত। যথা,—দারাঃ, অক্ষতাঃ, লাজাঃ, অসবঃ।

৪৮। নাড্যপজনোপপদানি ব্রণাঙ্গপদানি।—নাড়ী শব্দের পরস্থিত ব্রণ শব্দ ও অপ শব্দের পরস্থিত অঙ্গ এবং জন শব্দের পরস্থিত পদ শব্দ পুংলিঙ্গ হয়। যথা,—নাড়ীব্রণঃ (ulcer), অপাঙ্গঃ (outer corner of the eye), জনপদঃ (country).

৪৯। হস্ত-কুন্তান্ত-ব্রাত-বাত-দূত-ধূর্ত্ত-সূত-চূত-মুহূর্ত্তাঃ।—হস্ত (hand), কুন্ত (a spear), অন্ত (end), ব্রাত (a multitude), বাত (wind), দূত (a messenger), ধূর্ত্ত (crafty person), সূত (charioteer), চূত (mango), মুহূর্ত্ত (moment) শব্দ পুংলিঙ্গ। অমরকোষ-মতে 'মুহূর্ত্ত' ক্লীবলিঙ্গও হয়।

ক্লীবলিঙ্গ (Neuter Gender)

১। নপুংসকম্।—এই প্রকরণে যে সকল শব্দের বিষয় উল্লিখিত হইতেছে, বিশেষ বিধান না থাকিলে তাহারা ক্লীবলিঙ্গ।

২। **ভাবে ল্যুডন্তঃ**।—ভাব-বিহিত ল্যুট্ (অনট্) প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা,—গমনম্ (going), শয়নম্ (sleeping).

৩। **নিষ্ঠা চ**।—ভাব-বিহিত ক্ত-প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা,—হসিতম্ (laughter), গীতম্ (song).

৪। **ত্বষ্যঞৌ তদ্ধিতৌ**।—ভাবার্থে তদ্ধিতের ত্ব ও ষ্যঞ্ (ষ্য) প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ হয়। যথা,—জড়ত্বম্ (inertness), শৌক্ল্যম্ (whiteness).

৫। **অব্যয়ীভাবঃ**।—অব্যয়ীভাব সমাস-নিষ্পন্ন পদ ক্লীবলিঙ্গ। যথা,—নির্ম্মক্ষিকম্ (absence of flies). সমাহার-দ্বন্দ্বনিষ্পন্ন পদও ক্লীবলিঙ্গের একবচন প্রাপ্ত হয়। যথা,—পাণিপাদম্ (hands and feet). কেবল অহোরাত্রঃ, এই সমাহার দ্বন্দ্বটি পুংলিঙ্গ (রাত্রাহ্নাহাঃ পুংসি)।

৬। দ্বিগুঃ স্ত্রিয়াঞ্চ।—দ্বিগু সমাস-নিষ্পন্ন কতকগুলি পদ ক্লীবলিঙ্গ ও কতকগুলি স্ত্রীলিঙ্গ হয়। যথা,—ত্রিভুবনম্, ত্রিলোকী। (**দ্বিগোঃ। পাত্রাদ্যন্তস্য ন**।)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

৭। **ইস্যুসন্তঃ**।—ইস্ ও উস্-ভাগান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা,—সর্পিস্, ধনুস্।

৮। মুখ-নয়ন-লৌহ-বন-মাংস-রুধির-কার্ম্মুক-বিবর-জল-হল-ধনান্নাভিধানানি।—যথা,—**মুখম্, নয়নম্, লৌহম্, বনম্, মাংসম্, রুধিরম্, কার্ম্মুকম্** (bow), **বিবরম্, জলম্, হলম্, ধনম্, অন্নম্**।

৯। **লোপধঃ**।—ল-কারোপধ অ-কারান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা,—কূলম্ (bank). কিন্তু দেবল (priest), বৃষল (Shudra), বিড়াল (cat) প্রভৃতি শব্দ পুংলিঙ্গ।

১০। **শতাদিঃ সংখ্যা**।—সংখ্যা-বাচক শতাদি শব্দ ক্লীবলিঙ্গ। যথা,—শতম্ (hundred), সহস্রম্ (thousand), অযুতম্ (ten thousand) ইত্যাদি। কিন্তু 'কোটিঃ' স্ত্রীলিঙ্গ ('মতি' শব্দের ন্যায়)।

১১। **মন্ দ্ব্যচ্ কোঽকর্ত্তরি**।—দ্বি-স্বরযুক্ত মন্-প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা,—চর্ম্মন্, নামন্। দ্বি-স্বর না হইলে হয় না। যথা,—অণিমা, লঘিমা। অর্থভেদে ব্রহ্মন্ শব্দ পুংলিঙ্গও হয়। যথা,—ব্রহ্ম, ব্রহ্মা। "বেদস্তত্ত্বং তপো ব্রহ্ম ব্রহ্মা বিপ্রঃ প্রজাপতিঃ"।

১২। **অসন্তো দ্ব্যচ্কঃ**।—দ্বি-স্বরযুক্ত অস্-ভাগান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা,—যশঃ (fame), মনঃ (mind). [কিন্তু বেধস্ শব্দ পুংলিঙ্গ।]

১৩। অপ্সরাঃ স্ত্রিয়াম্ (প্রায়েণায়ং বহুবচনান্তঃ)।—অপ্সরস্ (celestial nymph) শব্দ স্ত্রীলিঙ্গ (প্রায়শঃ বহুবচন)। [দুই-এর অধিক স্বরবিশিষ্ট চন্দ্রমস্, পুরোধস্ পুংলিঙ্গ]।

১৪। **ত্রান্তঃ**।—ত্রন্-প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ। যথা,—মিত্রম্, ছত্রম্, কলত্রম্। **মিত্র** শব্দ **সূর্য্যার্থে** পুংলিঙ্গ। ত্রল্-প্রত্যয়ান্ত শব্দ অব্যয়—যত্র, তত্র, কুত্র। ইত্র-প্রত্যয়ান্ত খনিত্র, বহিত্র, চরিত্র ইত্যাদি শব্দ ক্লীবলিঙ্গ (**ইত্রং নপুংসকে**)।

১৫। বল-কুসুম-শুল্ব-পত্তন-রণাভিধানানি।—**বল** (strength), **কুসুম** (flower), **শুল্ব** (copper), **পত্তন** (country) ও **রণবাচী** শব্দ ক্লীবলিঙ্গ।

১৬। **ফলজাতিঃ**।—ফলজাতীয় শব্দ ক্লীবলিঙ্গ। যথা,—আম্রম্ (mango), আমলকম্ (myrobalan). [আম্রঃ=আম্রবৃক্ষঃ।]

১৭। বিয়জ্জগৎ-সকৃৎ-শকন্-পৃষচ্ছকৃদ্যকৃদুদশ্বিতঃ।—বিয়ৎ (sky), জগৎ (world), সকৃৎ, শকন্ (ordure), পৃষৎ (drop of water), শকৃৎ (dung), যকৃৎ (liver), উদশ্বিৎ (curd mixed with water) প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ।

১৮। ধান্যাজ্য-সস্য-রূপ্য-পণ্য-বর্ণ্য-ধৃষ্য-হব্য-কব্য-কাব্য-সত্যাপত্য-মূল্য-শিক্য-কুড্য-মদ্য-হর্ম্ম্য-তূর্য্য-সৈন্যানি।—ধান্যম্, আজ্যম্ (ঘৃত) প্রভৃতি শব্দ ক্লীবলিঙ্গ। (১)

(১) অভিধানমতে—**দ্বিহীনেঽন্যচ্চ-খারণ্য-পর্ণ-শ্বভ্র-হিমোদকম্।**
শীতোষ্ণ-মাংস-রুধির-মুখাক্ষি-দ্রবিণং বলম্॥
হল-হেম-শুল্ব-লোহ-সুখ-দুঃখ-শুভাশুভম্।
জল-পুষ্পাণি লবণং ব্যঞ্জনান্যনুলেপনম্॥

[দ্বিহীনে=ক্লীবলিঙ্গে। খ=আকাশ। শ্বভ্র—ছিদ্র। দ্রবিণ=ধন। হল=লাঙ্গল। শুল্ব—তাম্র। ব্যঞ্জন=দধি, দুগ্ধ ইত্যাদি।]

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

রচনা ও অনুবাদের সাধারণ নিয়ম

সাধারণতঃ একটি বস্তু বা ব্যক্তি প্রভৃতি বুঝাইতে একবচন, দুইটি বস্তু বা ব্যক্তি প্রভৃতি বুঝাইতে দ্বিবচন এবং দুইয়ের অধিক বস্তু বা ব্যক্তি প্রভৃতি বুঝাইতে বহুবচনের প্রয়োগ হয়। কিন্তু জাতি বুঝাইলে একবচন বা বহুবচন উভয়েরই প্রয়োগ হইতে পারে (জাত্যাখ্যায়ামেকস্মিন্ বহুবচনমন্যতরস্যাম্)। যথা,—ব্রাহ্মণাঃ পূজ্যাঃ, ব্রাহ্মণঃ পূজ্যঃ। গৌরব বুঝাইতে একবচনের পরিবর্ত্তে বহুবচনের প্রয়োগ হয়। যথা,—ইতি শ্রীভাষ্যকারপাদাঃ। উত্তম পুরুষে অনেক সময় একবচন ও দ্বিবচনের স্থানে বহুবচনের প্রয়োগ হয় ('অস্মদো দ্বয়োশ্চ')। যথা,—বয়মপি (I too) ভবত্যোঃ সখীগতং কিমপি পৃচ্ছামঃ (শকুন্তলা)। কিন্তু কোন অনুবাদ্য বিশেষণ পদ (attributive adjective) থাকিলে বহুবচন হয় না (সবিশেষণস্য প্রতিষেধো বক্তব্যঃ)। যথা,—পটুরহং ব্রবীমি। কোন ব্যক্তিবাচক বিশেষ্য বহুবচনে প্রযুক্ত হইলে (লক্ষণা দ্বারা) তাহার বংশকে বুঝাইয়া থাকে। যথা,—জনকানাং রঘূণাঞ্চ সম্বন্ধঃ কস্য ন প্রিয়ঃ (উত্তরচরিত)? দেশ ও জনপদবাচক শব্দে সর্ব্বদা বহুবচন প্রযুক্ত হয় (জনপদে লুপ্। লুপি যুক্তবৎব্যক্তিবচনে)। যথা,—স কলিঙ্গান্ গতঃ। কিন্তু দেশ, বিষয় প্রভৃতি শব্দ পরে থাকিলে একবচন হয়। যথা,—অস্তি মগধবিষয়ে পাটলিপুত্রং নাম নগরম্।

সংস্কৃতে ক্রিয়াপদ কর্ত্তৃবাচ্যে কর্ত্তার ও কর্ম্মবাচ্যে কর্ম্মের বচন প্রাপ্ত হয়। যদি একাধিক উক্ত কর্ত্তা বা উক্ত কর্ম্ম থাকে, তবে ক্রিয়াটি এবং তাহাদের সাধারণ বিশেষণ পদ তাহাদের সমষ্টির বচন প্রাপ্ত হয়। যথা,—রামঃ লক্ষ্মণশ্চ বনং জগ্মতুঃ। কিন্তু অনেক সময়ে ক্রিয়া সন্নিহিত কর্ত্তার সঙ্গেই অন্বিত হইয়া তাহার বচন প্রাপ্ত হয় এবং অন্য কর্ত্তৃপদগুলি সম্বন্ধে উহ্য থাকে। যথা,—অহশ্চ রাত্রিশ্চ উভে চ সন্ধ্যে ধর্ম্মশ্চ জানাতি নরস্য বৃত্তম্ (রামায়ণম্)। একবচনান্ত কর্ত্তৃপদগুলির কার্য্য পৃথক্ পৃথক্ বুঝাইতে হইলে ক্রিয়ার একবচন হইতে পারে। যথা,—পটুত্বং সত্যবাদিত্বং কথাযোগেন বুধ্যতে (হিতোপদেশঃ)। একাধিক একবচনান্ত কর্ত্তৃপদ 'বা' শব্দ দ্বারা যুক্ত থাকিলে ক্রিয়াতে একবচন হয়। যথা,—রামঃ শ্যামো বা গচ্ছতু। কিন্তু কর্ত্তৃপদগুলি বিভিন্ন বচনে থাকিলে ক্রিয়াপদটি সাধারণতঃ সন্নিহিত কর্ত্তার সহিত অন্বিত হয়। যথা,—বালকা বা কৃষ্ণো বা গচ্ছতু।

বিভিন্ন পুরুষের একাধিক কর্ত্তা 'চ' দ্বারা যুক্ত থাকিলে ক্রিয়া তাহাদের সমষ্টির বচন প্রাপ্ত হয় এবং কর্ত্তৃপদগুলিতে উত্তম পুরুষ থাকিলে ক্রিয়াতে উত্তম পুরুষ এবং উত্তম পুরুষ না থাকিলে এবং মধ্যম পুরুষ থাকিলে ক্রিয়াতে মধ্যম পুরুষ হয়। যথা,—ত্বম্ অহং রামশ্চ গচ্ছামঃ। ত্বং রামশ্চ গচ্ছথঃ। বিভিন্ন পুরুষের কর্ত্তৃপদ 'বা' দ্বারা যুক্ত

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

থাকিলে ক্রিয়াটি সর্ব্বাপেক্ষা সন্নিহিত কর্ত্তৃপদের বচন ও পুরুষ প্রাপ্ত হয়। যথা,—ত্বং বা বয়ং বা ইদং কর্ম্ম করিষ্যামঃ।

কোন বাক্যে **অজহল্লিঙ্গ বিশেষণ** পদ বা উদ্দেশ্য হইতে ভিন্ন লিঙ্গবচনাদিযুক্ত পদ বিধেয়রূপে প্রযুক্ত হইলে ক্রিয়াটি উদ্দেশ্যের সহিত অন্বিত হয়। যথা,—অত্র বিষয়ে আর্য্যমিশ্রাঃ প্রমাণং ভবন্তি। কাহারও মতে ক্রিয়াটি উদ্দেশ্য বা বিধেয় উভয়েরই অনুগামী হইতে পারে। কিন্তু **প্রকৃতি-বিকৃতিভাব** থাকিলে ক্রিয়া প্রকৃতির অনুগামী হয়। যথা,—একো বৃক্ষঃ পঞ্চ নৌকাঃ ভবতি।

বিভিন্ন লিঙ্গের একাধিক বিশেষ্য পদ একই বিশেষণ পদ দ্বারা বিশেষিত হইলে ঐ বিশেষণ পদ বিশেষ্য পদগুলির সমষ্টির বচন প্রাপ্ত হয় এবং বিশেষ্য পদগুলি যদি পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ হয়, তবে বিশেষণ পদটি পুংলিঙ্গ প্রাপ্ত হয়। কিন্তু তাহাদের মধ্যে কোন একটি বিশেষ্য পদ ক্লীবলিঙ্গ থাকিলে বিশেষণটিও ক্লীবলিঙ্গ হইবে (**সামান্যে নপুংসকম্**)। যথা,—বালকো বালিকা চ বিনীতস্বভাবৌ। তস্মিন্ সত্যং ধৃতির্জ্ঞানং তপঃ শৌচং দমঃ শমঃ। ধ্রুবাণি পুরুষব্যাঘ্রে—(মহাভারত)। এই বিশেষণ ক্লীবলিঙ্গের একবচনও হইতে পারে (**নপুংসকমনপুংসকেনৈকবচ্চাস্যান্যতরস্যাম্**)। অনেক সময় বিশেষণ পদ সন্নিহিত বিশেষ্য পদের সহিত অন্বিত হয় এবং অন্য বিশেষ্য পদগুলি সম্বন্ধে উহ্য থাকে। যথা,—যস্য বীর্য্যেণ কৃতিনো বয়ঞ্চ ভুবনানি চ (উত্তরচরিত)। অব্যয় পদের বিশেষণ সর্ব্বদা ক্লীবলিঙ্গ হয়। যথা,—মনোহরং প্রাতঃ।

ভবৎ শব্দ 'আপনি'-বাচক হইলেও মধ্যম পুরুষ নহে; সুতরাং ইহার সহিত অন্বিত ক্রিয়াতে মধ্যম পুরুষ না হইয়া প্রথম পুরুষ হয় (**শেষে প্রথমঃ**)। যথা,—কুত্র গচ্ছতি ভবান্? সম্মান বুঝাইতে সমীপস্থ ব্যক্তির সম্বন্ধে ভবৎ শব্দের পূর্ব্বে অত্র যুক্ত হয় এবং দূরবর্ত্তী ব্যক্তির সম্বন্ধে ভবৎ শব্দের পূর্ব্বে তত্র যুক্ত হয় (**ইতরেম্বপি দৃশ্যন্তে**)। যথা,—অত্রভবতী আর্য্যা, তত্রভবান্ কণ্বঃ ইত্যাদি।

কোন সকর্ম্মক ক্রিয়ার কৃদন্ত বিশেষ্যপদের পর কৃ ধাতু যোগ করিলে ঐ কৃদন্ত বিশেষ্য পদটিতে দ্বিতীয়া বিভক্তি হইবে। কিন্তু ঐ সকর্ম্মক ক্রিয়ার কর্ম্মপদটিতে দ্বিতীয়া বিভক্তি না হইয়া ষষ্ঠী বিভক্তি হইবে। যথা,—জলং পিবতি, জলস্য পানং করোতি (কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতি)।

তৎপুরুষসমাসে এবং দ্বন্দ্বসমাসে পরপদের লিঙ্গ ও বচন অনুসারেই তাহার সহিত অন্বিত বিশেষণ ও ক্রিয়ার লিঙ্গবচনাদি নির্দ্দিষ্ট হয়। যথা,—লজ্জাশীলঃ স্ত্রীজনঃ। গচ্ছতি বালকগণঃ (**পরবল্লিঙ্গং দ্বন্দ্বতৎপুরুষয়োঃ**)।

করিতে, যাইতে, খাইতে প্রভৃতি নিমিত্তার্থবাচক অসমাপিকা ক্রিয়ার সংস্কৃত প্রতিরূপ **তুমুন্** প্রত্যয়ান্ত ক্রিয়া। যথা,—কর্ত্তুম্, গন্তুম্, খাদিতুম্ ইত্যাদি। ইচ্ছার্থক সমাপিকা এবং তুমুন্-প্রত্যয়ান্ত অসমাপিকা ক্রিয়ার কর্ত্তা একই হইবে। যথা,—স গন্তুম্ ইচ্ছতি। অন্যত্র বিভিন্ন কর্ত্তা হইতে পারে। যথা,—স মাং গন্তুম্ আদিশতি। ক্রিয়াসু বৃত্তিং যমযুঙ্ক্ত বেদিতুম্ (কিরাতার্জ্জুনীয়ম্)।

কিন্তু করিতে, যাইতে ইত্যাদি অসমাপিকা ক্রিয়া বিশেষণরূপে অর্থাৎ 'করিতেছে এইরূপ', 'খাইতেছে এইরূপ' ইত্যাদি অর্থে প্রযুক্ত হইলে ধাতুর উত্তর শতৃ ও

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

শানচ্ প্রত্যয় যোগ করিতে হয়। যথা,—আমি তাহাকে আসিতে দেখিয়াছি—অহং তম্ আয়ান্তম্ অপশ্যম্। এইরূপ স্থলে শতৃ বা শানচ্ যোগ না করিয়া ধাতুর উত্তর অনট্ বা ঘঞ্ প্রভৃতি দ্বারা বিশেষ্য পদ নিষ্পন্ন করিয়া তদুত্তরে রত, পর, নিরত প্রভৃতি যোগে নিষ্পন্ন বিশেষণ শব্দ প্রয়োগ করা যায়। যথা,—আমি তাহাকে পড়িতে দেখিয়াছি—অহং পঠনরতং তম্ অপশ্যম্।

'অনুগ্রহ করিয়া আমাকে ক্ষমা করুন' (excuse me please)—এইরূপ বাক্যের সংস্কৃত অনুবাদ করিতে হইলে মূল ক্রিয়াটিতে তুমুন্ প্রত্যয় যোগ করিয়া অর্হ্-ধাতুনিষ্পন্ন সমাপিকা ক্রিয়ার প্রয়োগ করিতে হয়। যথা,—ভবান্ মাং ক্ষন্তুমর্হতি।

করিয়া, যাইয়া ইত্যাদি অসমাপিকা ক্রিয়ার সংস্কৃতে অনুবাদ করিতে হইলে ধাতুর উত্তর ক্ত্বা (উপসর্গযুক্ত ধাতুর উত্তর ল্যপ্) যোগ করিতে হয়। কোন কোন স্থলে অনট্ প্রভৃতি প্রত্যয় যোগে ঐ ধাতুনিষ্পন্ন বিশেষ্য পদের (৫মী বিভক্ত্যন্ত বা ৫মী তৎপুরুষ সমাস দ্বারা গঠিত) সহিত অনন্তরম্ এই পদ যোগ করিয়াও অনুবাদ করা যায়। যথা,—ভুক্ত্বা—ভোজনানন্তরম্; পুস্তকং পঠিত্বা—পুস্তকপাঠাৎ অনন্তরম্।

কোন বাক্যে যদি ইব শব্দের সহিত উপমানবাচক শব্দ প্রযুক্ত হয়, তবে ঐ উপমান-বাচক পদ তাহার উপমেয়ের কারক ও বিভক্তি প্রাপ্ত হয় এবং ক্রিয়াটি সাধারণতঃ উপমানের সহিত উহ্য থাকে। যথা,—গুরুঃ শিষ্যম্ ইব স মাম্ উপদিশতি।

সংখ্যাবাচক শব্দের উত্তর **বার** (times) শব্দ থাকিলে তাহার সংস্কৃত প্রতিবাক্য এইরূপ হইবে; যথা,—একবার—সকৃৎ, দুইবার—দ্বিঃ। এইরূপ ত্রিঃ, চতুঃ, পঞ্চকৃত্বঃ, ষট্কৃত্বঃ ইত্যাদি। স দিবসস্য দ্বির্ভুঙক্তে। সংখ্যাবাচক শব্দের **বিকল্প** থাকিলে নিম্ননির্দ্দিষ্টভাবে তাহার সংস্কৃতানুবাদ করিতে হইবে। যথা,—পাঁচটি বা ছয়টি বালক—পঞ্চষাঃ বালকাঃ। এইরূপ দ্বিত্রাভিঃ বালিকাভিঃ, ত্রিচতুরাণাং সাধূনাম্ ইত্যাদি। 'একটি একটি করিয়া', 'দুইটি দুইটি করিয়া' প্রভৃতির সংস্কৃত প্রতিবাক্য হইবে একশঃ, দ্বিশঃ ইত্যাদি অব্যয়। **বয়স** বুঝাইতে সংখ্যাবাচক শব্দের উত্তর বর্ষ, বার্ষিক, বর্ষীয় ও বর্ষীণ শব্দযোগে বিশেষণ শব্দ গঠন করিতে হয়। যথা,—দ্বিবর্ষঃ শিশুঃ, পঞ্চবর্ষীয়া বালিকা ইত্যাদি। ইহার সঙ্গে 'প্রায়' (about) এইরূপ অর্থ থাকিলে সংখ্যাবাচক শব্দের উত্তর বর্ষদেশীয়, বর্ষকল্প ও বর্ষদেশ্য যোগ করিয়া বিশেষণ শব্দ গঠন করিতে হয়। যথা,—তাহার বয়স প্রায় দশ বৎসর—স দশ-বর্ষদেশীয়ঃ ইত্যাদি। এতদ্ভিন্ন প্রায় ও অধিক (about, more) অর্থ বুঝাইতে উপদশাঃ (about ten), আসন্নত্রিংশাঃ (about thirty), অধিকবিংশাঃ (more than twenty) প্রভৃতি শব্দ প্রযুক্ত হয় (বহুব্রীহি সমাসের ৩১৪ সূত্র দ্রষ্টব্য)।

কতকগুলি শব্দকে 'চ' অথবা 'বা' দ্বারা যুক্ত করিতে হইলে প্রত্যেকটি শব্দের পরেই 'চ' কিংবা 'বা' যুক্ত করিতে হয়, অথবা কেবল শেষের শব্দটির পরে 'চ' কিংবা 'বা' যোগ করিতে হয়। যথা,—রামশ্চ শ্যামশ্চ, রামঃ শ্যামশ্চ; রামো বা শ্যামো বা, রামঃ শ্যামো বা। কিন্তু রামশ্চ শ্যামঃ, রামো বা শ্যামঃ এইরূপ প্রয়োগ হয় না। তু, হি, চ ইত্যাদি

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অব্যয় বাক্যের আদিতে প্রয়োগ না করিয়া অন্ততঃ একটি পদেরও পরে বসাইতে হয়। স বিদ্যাহীনঃ, ন তু বুদ্ধিহীনঃ।

পরোক্ষ উক্তি (indirect speech) সংস্কৃতে দেখা যায় না, প্রত্যক্ষ উক্তির শেষে ইতি শব্দ যোগ করিতে হয়। যথা,—'কাল আসিবে' বলিয়া সে প্রস্থান করিল,—"শ্বঃ আগমিষ্যামি" ইত্যুক্ত্বা স প্রস্থিতঃ। মূল বাক্যের ক্রিয়াটি প্রত্যক্ষ উক্তির পূর্ব্বে থাকিলে, ইতি শব্দ না দিলেও হয়। যথা,—গৃধ্রোঽবদৎ "কস্ত্বম্"।

যে দুইটি পদে সমাস করিলে স্বতঃই বহুব্রীহি সমাস বলিয়া মনে হয়, তাহাদের কর্ম্মধারয় সমাস করা সঙ্গত নহে। আবার যাহাতে কর্ম্মধারয় সমাসের বোধ হয়, এরূপ বহুব্রীহি সমাস করাও সঙ্গত নহে ("ন কর্ম্মধারয়ো বহুব্রীহিপ্রতিপত্তিকরঃ" ; "তেন বিপর্য্যয়ো ব্যাখ্যাতঃ"—বামনঃ)। যথা,—'অধ্যাসিততরুঃ' বহুব্রীহি, কর্ম্মধারয় নহে ; আবার 'বীরপুরুষঃ' কর্ম্মধারয়, বহুব্রীহি নহে।

বহুব্রীহি সমাস দ্বারা অর্থবোধ হইলে কর্ম্মধারয়সমাসনিষ্পন্ন শব্দের উত্তর অস্ত্যর্থ প্রত্যয় হয় না ('ন কর্ম্মধারয়ান্মত্বর্থীয়ো বহুব্রীহিশ্চেদর্থপ্রতিপত্তিকরঃ")। সুতরাং 'মহাবুদ্ধিমান্' না হইয়া 'মহাবুদ্ধিঃ' পদ হইবে।

ইংরেজী হইতে সংস্কৃতে অনুবাদ করিতে হইলে প্রথমে মার্জ্জিত বাঙ্গালায় অনুবাদ করিয়া লইয়া পরে সংস্কৃতে অনুবাদ করিতে হয়। যথা,—In a certain forest, there lived a lion named Bhasuraka—কোনও বনে ভাসুরক নামে এক সিংহ বাস করিত—কস্মিংশ্চিৎ বনে ভাসুরকো নাম সিংহোঽবসৎ।

সুবিধামত বাচ্য-পরিবর্ত্তন করিয়া অনুবাদ করিতে হয়। যথা,—The Brahmin said, "This man has stolen my book"—ব্রাহ্মণোঽবদৎ মম পুস্তকমনেন জনেন অপহৃতম্। সংস্কৃতে কর্ম্মবাচ্য বা ভাববাচ্যই শ্রুতিমধুর হয়।

ইংরেজীর subordinate clause-গুলিকে সুবিধামত বিশেষ্যবিশেষণাদি পদ বা পদসমষ্টি দ্বারা অনুবাদ করা যায়। যথা,—The boy, whom I saw yesterday, is going by this path—হ্যঃ ময়া দৃষ্টো বালকঃ পথা অনেন গচ্ছতি।

সমাস ও কৃৎ-প্রত্যয়ের সাহায্যে অনেক সময় ক্রিয়াপদ বাদ দিয়াও অনুবাদ করা যায়। যথা,—There are many men in this village—জনবহুলম্ ইদং গ্রামম্। The moon cannot be seen in the daytime—দিবা চন্দ্রঃ ন দৃশ্যঃ।

———

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

APPENDIX I

ধাতুরূপাদর্শ

[(১) অধিকাংশ ধাতুতে যথাক্রমে লট্, লুট্, লৃট, লৃঙ্, আশীর্লিঙ্, লিট্, লুঙ্; কর্ম্মবাচ্যের লট্, লুঙ্, স্থলবিশেষে লৃট্; ণিজন্ত রূপ, ণিজন্তের লুঙ্; স্থলবিশেষে সন্নন্ত, তব্য, ক্ত, ক্ত্বা ও তুমুন্-এর রূপ দেওয়া হইয়াছে।

(২) কাস্ প্রভৃতি ধাতুর এবং ণিচ্ প্রভৃতি প্রত্যয়ান্ত ধাতুর উত্তর লিটে 'আম্' আগম হয় এবং তাহার পর কৃ, ভূ ও অস্ ধাতুর অনুপ্রয়োগ হয়। যথা,—অর্থয়াঞ্চক্রে, অর্থয়াম্বভূব, অর্থয়ামাস। এরূপ স্থলে নিম্নলিখিত ভাবে রূপ দেখান হইয়াছে। যথা,—অর্থয়াম্-চক্রে, বভূব-আস। কিন্তু রূপ লিখিতে হইলে প্রাগুক্তরূপে সন্ধি করিয়া লিখিতে হইবে। পঞ্চমবর্ণ (ঞ, ম্ব) স্থলে 'ং' লিখিলে ভুল হইবে (যেমন, 'শান্ত' স্থলে 'শাংত' লিখিলে ভুল হয়)।]

অঙ্ক্—ভ্বা-আ—to mark. অঙ্কতে। অঙ্কিতা। অঙ্কিষ্যতে। আঙ্কিষ্যত। অঙ্কিষীষ্ট। আনঙ্কে। আঙ্কিষ্ট। অঙ্ক্যতে। (ণিচ্) অঙ্কয়তি। (সন্) অঙ্কিকিষতে। (ক্ত) অঙ্কিতঃ।

অঙ্ক্—চুরা-প—to count, to mark. অঙ্কয়তি। অঙ্কয়ামাস।

অঞ্চ্—ভ্বা-প—to go, to worship. অঞ্চতি। অঞ্চিতা। অঞ্চিষ্যতি; আঞ্চিষ্যৎ। অঞ্চ্যাৎ (পূজার্থে), অচ্যাৎ (গমনার্থে)। আনঞ্চ আনঞ্চতুঃ আনঞ্চুঃ। আঞ্চীৎ আঞ্চিষ্টাম্ আঞ্চিষুঃ। অঞ্চ্যতে, অচ্যতে। অঞ্চয়তি। সন্—অঞ্চিচিষতি। তব্য—অঞ্চিতব্যঃ। ক্ত—অঞ্চিতঃ (worshipped), অক্তঃ (moved). ক্ত্বা—অঞ্চিত্বা (having worshipped), অক্ত্বা (having moved). তুম্—অঞ্চিতুম্।

অঞ্জ্—রুধা-প—to anoint, to decorate. অনক্তি। অনক্তু। আনক্। অঞ্জ্যাৎ। অঞ্জিতা, অঙ্ক্তা। অঞ্জিষ্যতি, অঙ্ক্ষ্যতি। আঞ্জিষ্যৎ, আঙ্ক্ষ্যৎ। অজ্যাৎ। আনঞ্জ আনঞ্জতুঃ আনঞ্জুঃ। আঞ্জীৎ আঞ্জিষ্টাম্ আঞ্জিষুঃ। অজ্যতে। অঞ্জয়তি; আঞ্জিজৎ। অঞ্জিজিষতি। অক্তঃ। অঞ্জিত্বা, অঙ্ক্ত্বা, অক্ত্বা। অঞ্জিতুম্, অঙ্ক্তুম্।

অট্—ভ্বা-প—to go. অটতি। অটিতা। অটিষ্যতি। আট। আটীৎ। অট্যতে। আটয়তি। আটিটৎ। (সন্) অটিটিষতি। (যঙ্) অটাট্যতে। অটিতুম্।

অদ্—অদা-প—to eat. অত্তি। অত্তা। অৎস্যতি। আৎস্যৎ। অদ্যাৎ। আদ আদতুঃ আদুঃ। (পক্ষে) জঘাস জক্ষতুঃ জক্ষুঃ। অঘসৎ অঘসতাম্ অঘসন্। অদ্যতে। আদয়তি; আদিদৎ। জিঘৎসতি। অদনীয়ম্। (ক্ত) জগ্ধঃ (eaten), অন্নম্ (food). (ঘঞ্) ঘাসঃ। (ক্ত্বা) জগ্ধ্বা। (তুমুন্) অত্তুম্।

অন্—অদা-প—to live, to breathe. (সাধারণতঃ প্র-পূর্ব্বক; যেমন,—প্রাণিতি।) অনিতি। অনিতু। আনীৎ আনৎ। অন্যাৎ। অনিতা। অনিষ্যতি। অন্যাৎ। আন আনতুঃ আনুঃ; আনিথ। আনীৎ আনিষ্টাম্ আনিষুঃ। অন্যতে। আনয়তি; আনিনৎ (ণিচ্ লুঙ্)। অনিনিষতি। অনিতঃ। অনিতুম্।

অয়্—ভ্বা-আ—to go. অয়তে। অয়িতা। অয়িষ্যতে। অয়িষীষ্ট। অয়াঞ্চক্রে। আয়িষ্ট আয়িষাতাম্ আয়িষত, আয়িষ্ঠাঃ আয়িষাথাম্ আয়িঢ্বম্-আয়িধ্বম্, আয়িষি। অয্যতে। আয়য়তি; আয়িয়ৎ। আয়িয়িষতে। অয়িতুম্। (পরা-পূর্ব্বক—পলায়তে।)

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অর্চ্—ভ্বা-প, চুরা-প—to worship. অর্চ্চতি, অর্চ্চয়তি। অর্চ্চিতা, অর্চ্চয়িতা। অর্চ্চিষ্যতি অর্চ্চয়িষ্যতি। অর্চ্চ্যাৎ। আনর্চ্চ; অর্চ্চয়াম্-চকার-বভূব-আস। আর্চ্চীৎ আর্চ্চিষ্টাম্ আর্চ্চিষুঃ। (চুরাদি পক্ষে) আর্চ্চিচৎ আর্চ্চিচতাম্ আর্চ্চিচন্, আর্চ্চিচঃ, আর্চ্চিচম্। অর্চ্চিচিষতি অর্চ্চিচয়িষতি। অর্চ্চ্যতে। অর্চ্চিতব্যম্। অর্চ্চনীয়ঃ। অর্চ্চয়িতব্যঃ। অর্চ্চিতঃ। অর্চ্চিতুম্, অর্চ্চয়িতুম্, অর্চ্চিত্বা, অর্চ্চয়িত্বা।

অর্জ্—ভ্বা-প, চুরা-প—to earn, to procure. অর্জতি অর্জয়তি। অর্জিতা অর্জয়িতা। অর্জিষ্যতি অর্জয়িষ্যতি। অর্জ্যাৎ। আনর্জ আনর্জতুঃ আনর্জুঃ, আনর্জিথ। অর্জয়াম্-চকার &c. আর্জীৎ (like অর্চ্) আর্জিষ্টাম্ আর্জিষুঃ। অর্জ্যতে। অর্জয়তি। আর্জিজৎ। অর্জিজিষতি। অর্জিতব্যঃ। অর্জনীয়ঃ। অর্জিতঃ। অর্জিতুম্, অর্জয়িতুম্।

অর্থ—চুরা-আ—to request. অর্থয়তে। অর্থয়িষ্যতে। অর্থয়িষীষ্ট। অর্থয়াম্-চক্রে-বভূব-আস। আর্ত্তথত। অর্থ্যতে। অর্থয়িতুম্। অর্থয়িত্বা।

অর্হ্—ভ্বা-প—to worship, to deserve. অর্হতি। অর্হিতা। অর্হিষ্যতি। অর্হ্যাৎ। আনর্হ আনর্হতুঃ, আনর্হুঃ, আনর্হিথ। আর্হীৎ আর্হিষ্টাম্ আর্হিষুঃ। অর্হ্যতে। অর্হয়তি। অর্জিহিষতি। অর্হিতুম্।

অর্হ্—চুরা-প—to worship. অর্হয়তি। অর্হয়িতা। অর্হয়িষ্যতি। অর্হ্যাৎ। অর্হয়াম্-চকার-বভূব-আস। আর্জিহৎ। অর্হ্যতে।

অব্—ভ্বা-প—to protect. অবতি। অবিষ্যতি। অব্যাৎ। আব আবতুঃ আবুঃ, আবিথ। আবীৎ আবিষ্টাম্ আবিষুঃ। অব্যতে। আবয়তি। অবিবিষতি। অবিতুম্।

অশ্—স্বা-আ—to pervade. অশ্নুতে। অশিতা, অষ্টা। অশিষ্যতে, অক্ষ্যতে। অশিষীষ্ট, অক্ষীষ্ট। আনশে। আশিষ্ট আশিষাতাম্ আশিষত, আশিষ্ঠাঃ। আষ্ট আক্ষাতাম্ আক্ষত, আষ্ঠাঃ। অশ্যতে। আশয়তি; আশিশৎ। অশিশিষতে। অশাশ্যতে। অশনীয়ঃ। অষ্টঃ। অশিত্বা, অষ্ট্বা। অশিতুম্, অষ্টুম্।

অশ্—ক্র্যা-প—to eat. অশ্নাতি। অশিতা। অশিষ্যতি। অশ্যাৎ। আশ আশতুঃ আশুঃ, আশিথ। আশীৎ আশিষ্টাম্ আশিষুঃ। অশ্যতে। আশয়তি। অশিশিষতি। অশিতঃ, অশিতুম্।

অংশ—চুরা-প—to distribute. অংশয়তি। অংশয়িষ্যতি। অংশয়াম্-চকার-বভূব-আস।

অস্—অদা-প—to be. অস্তি। ভবিতা। ভবিষ্যতি ইত্যাদি (ভূ-ধাতুর মত)। লুঙ্ অভূৎ অভূতাম্ অভূবন্; লিট্ বভূব and আস আসতুঃ আসুঃ (rare).

অস্—দিবা-প—to throw. অস্যতি। অসিতা। অসিষ্যতি। অস্যাৎ। আস। আস্থৎ। অস্যতে। আসয়তি; আসিসৎ। অসিসিষতি। অস্তঃ। অসিত্বা, অস্ত্বা। অসিতুম্।

আপ্—স্বা-প—to obtain, to pervade. আপ্নোতি। আপ্তা। আপ্স্যতি। আপ্যাৎ। আপ আপতুঃ আপুঃ, আপিথ। আপৎ আপতাম্ আপন্, আপঃ। আপ্যতে। আপয়তি; আপিপৎ। ঈপ্সতি। আপ্তঃ। আপ্ত্বা; প্রাপ্য। আপ্তুম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

আস্—অদা-আ—to sit. আস্তে। আসিতা। আসিষ্যতে। আসিষীষ্ট। আসাম্-চক্রে-বভূব-আস। আসিষ্ট আসিষাতাম্ আসিষত। আস্যতে। আসয়তি। আসিসৎ। আসিসিষতে। আসীনঃ (শানচ্)। আসিতঃ (ক্ত)। আসিতুম্।

ই—অদা-প—to go. এতি। এতা। এষ্যতি। ঈয়াৎ। ইয়ায় ঈয়তুঃ ঈয়ুঃ, ইয়য়িথ-ইয়েথ ঈয়থুঃ ঈয়, ইয়ায়-ইয়য় ঈয়িব ঈয়িম। অগাৎ। ঈয়তে; অগায়ি। গময়তি, আয়য়তি; অজীগমৎ, আয়িয়ৎ। জিগমিষতি, ঈয়িষতি। ইতঃ। ইত্বা। এতুম্।

ই—অদা-প—(অধি-পূর্ব্বক)—to remember. অধ্যেতি। অধ্যেতা ইত্যাদি (সমস্তই ই-ধাতুর মত, শুধু অধি উপসর্গ পূর্ব্বে যুক্ত হইবে)।

ই—অদা-আ—(অধি-পূর্ব্বক)—to read. অধীতে। অধ্যেতা। অধ্যেষ্যতে। অধ্যৈষ্যত, অধ্যগীষ্যত। অধ্যেষীষ্ট। অধিজগে। অধ্যৈষ্ট, অধ্যগীষ্ট। অধীয়তে; অধ্যায়ি, অধ্যগায়ি। অধ্যাপয়তি; অধ্যাপিপৎ, অধ্যজীগপৎ। অধিজিগাংসতে। অধীতঃ। অধীত্য। অধ্যেতুম্।

ই—ভ্বা-প—to go. অয়তি। অয়তু। আয়ৎ। ইয়ায়। এষ্যতি।

ইষ্—তুদা-প—to wish. ইচ্ছতি। এষিতা, এষ্টা। এষিষ্যতি। ইষ্যাৎ। ইয়েষ ঈষতুঃ ঈষুঃ, ইয়েষিথ ঈষথুঃ ঈষ, ইয়েষ ঈষিব ঈষিম। ঐষীৎ ঐষিষ্টাম্ ঐষিষুঃ। ইষ্যতে; ঐষি। এষয়তি; ঐষিষৎ। এষিষিষতি। এষিত্বা ইষ্ট্বা। এষিতুম্।

ঈক্ষ্—ভ্বা-আ—to see, to look at. ঈক্ষতে। ঈক্ষিতা। ঈক্ষিষ্যতে। ঐক্ষিষ্যত। ঈক্ষিষীষ্ট। ঈক্ষাম্-চক্রে-বভূব-আস। ঐক্ষিষ্ট ঐক্ষিষাতাম্ ঐক্ষিষত। ঈক্ষ্যতে; ঐক্ষি। ঈক্ষয়তি; ঐচিক্ষৎ। ঈচিক্ষিষতে। ঈক্ষণীয়ম্। ঈক্ষিতঃ। ঈক্ষিত্বা। ঈক্ষিতুম্।

ঈর্ষ্য্—ভ্বা-প—to envy. ঈর্ষ্যতি। ঈর্ষ্যিষ্যতি। ঈর্ষ্যাম্-চকার-বভূব-আস। ঐর্ষ্যীৎ। ঈর্ষ্যয়তি; ঐর্ষিষ্যৎ। ঈর্ষ্যিষ্যিষতি। ঈর্ষ্যিতঃ। ঈর্ষ্যিতুম্।

ঈশ্—অদা-আ—to command, to rule. ঈষ্টে। ঈশিষ্যতে। ঈশিষীষ্ট। ঈশাঞ্চক্রে। ঐশিষ্ট। ঈশয়তি; ঐশিশৎ। ঈশিতঃ।

ঈহ্—ভ্বা-আ—to aim at, to attempt. ঈহতে। ঈহিষ্যতে। ঈহাম্-চক্রে-বভূব-আস। ঐহিষ্ট ঐহিষাতাম্ ঐহিষত, ঐহিষ্ঠাঃ। ঐহিষি। ঈহ্যতে; ঐহি। ঈহয়তি; ঐজিহৎ। ঈজিহিষতে। ঈহিতঃ। ঈহিতুম্।

ঋ—ভ্বা, হ্বা-প—to go. ঋচ্ছতি, ইয়র্ত্তি। অর্ত্তা। অরিষ্যতি। আরিষ্যৎ। অর্য্যাৎ। আর আরতুঃ আরুঃ। আর্ষীৎ, আরীৎ। অর্য্যতে; আরি। অর্পয়তি; আর্পিপৎ। অরিরিষতি। অরার্য্যতে (যঙ্)। ঋত্বা। অর্তুম্।

ঋধ্—দিবা-প—to prosper, to please. ঋধ্যতি। অর্ধিষ্যতি। আনর্ধ আনৃধতুঃ আনৃধুঃ, আনর্ধিথ। আর্ধৎ। ঋধ্যতে। অর্ধয়তি; আর্দিধৎ। অর্দিধিষতি। ঈর্ৎসতি। ঋদ্ধঃ। ঋদ্ধ্বা, অর্ধিত্বা। অর্ধিতুম্। ঋদ্ধিঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

এধ্—ভ্বা-আ—to go, to prosper. এধতে। এধিষ্যতে। এধিষীষ্ট। এধাম্-চক্রে-বভূব-আস। ঐধিষ্ট ঐধিষাতাম্ ঐধিষত, ঐধিষ্ঠাঃ, ঐধিষি। এধ্যতে; ঐধি। এধয়তি; ঐদিধৎ। এদিধিষতে। এধিতঃ। এধিত্বা। এধিতুম্।

কথ—চুরা-প—to tell. কথয়তি। কথয়িতা। কথয়িষ্যতি। কথ্যাৎ। কথয়াম্-চকার-বভূব-আস। অচকথৎ অচকথতাম্ অচকথন্। কথ্যতে। চিকথয়িষতি। কথিতঃ। কথয়িত্বা। কথয়িতুম্।

কম্—ভ্বা-আ—to desire. কাময়তে (ণিঙ্-যোগ)। কাময়িতা, কমিতা। কাময়িষ্যতে, কমিষ্যতে। কাময়িষীষ্ট, কমিষীষ্ট। কাময়াম্-চক্রে-বভূব-আস। চকমে চকমাতে চকমিরে, চকমিষে। অচীকমত অচকমত, অচীকমেতাম্ অচকমেতাম্, অচীকমন্ত অচকমন্ত। কাম্যতে, কম্যতে। কাময়তি। চিকাময়িষতে, চিকমিষতে। চঙ্কম্যতে। কান্তঃ। কাময়িত্বা, কমিত্বা, কান্ত্বা। কাময়িতুম্।

কম্প্—ভ্বা-আ—to shake, to tremble. কম্পতে। কম্পিষ্যতে। চকম্পে। অকম্পিষ্ট অকম্পিষাতাম্ অকম্পিষত, অকম্পিষ্ঠাঃ, অকম্পিষি। কম্পয়তি; অচকম্পৎ। চিকম্পিষতে। চকম্প্যতে। কম্পিত্বা। কম্পিতুম্।

কর্ণ—চুরা-প—to pierce. কর্ণয়তি। কর্ণয়িতা। কর্ণয়িষ্যতি। কর্ণয়াম্-চকার-বভূব-আস। অচকর্ণৎ।

কল—চুরা-প—to go, to count. কলয়তি। কলয়িতা। কলয়িষ্যতি। কলয়াম্-চকার-বভূব-আস। অচকলৎ।

কাঙ্ক্ষ্—ভ্বা-প—to desire, to wish. কাঙ্ক্ষতি। কাঙ্ক্ষিষ্যতি। কাঙ্ক্ষ্যাৎ। চকাঙ্ক্ষ চকাঙ্ক্ষতুঃ চকাঙ্ক্ষুঃ, চকাঙ্ক্ষিথ। অকাঙ্ক্ষীৎ অকাঙ্ক্ষিষ্টাম্ অকাঙ্ক্ষিষুঃ। কাঙ্ক্ষ্যতে; অকাঙ্ক্ষি। কাঙ্ক্ষয়তি; অচকাঙ্ক্ষৎ। চিকাঙ্ক্ষিষতি। চাকাঙ্ক্ষ্যতে। কাঙ্ক্ষণীয়ন্। কাঙ্ক্ষিতব্যম্। কাঙ্ক্ষিতঃ। কাঙ্ক্ষিতুম্।

কাশ্—ভ্বা, দিবা-আ—to shine. কাশতে, কাশ্যতে। কাশিষ্যতে। চকাশে, কাশাম্-চক্রে-বভূব-আস। অকাশিষ্ট অকাশিষাতাম্ অকাশিষত। কাশ্যতে। কাশয়তি; অচকাশৎ। চিকাশিষতে। চাকাশ্যতে। কাশিতঃ। কাশিত্বা।

কাস্—ভ্বা-আ—to cough. কাসতে। কাসাম্-চক্রে-বভূব-আস। অকাসিষ্ট (like কাশ্)।

কিৎ—ভ্বা-প—to cure. চিকিৎসতি। চিকিৎসাম্-চকার-বভূব-আস। অচিকিৎসীৎ। চিকিৎস্যতে। চিকিৎসয়তি। চিকিৎসিষতি। চিকিৎসিতঃ। চিকিৎসিত্বা, -তুম্।

কু—অদা-প—to sound. কৌতি, কবীতি। কোতা। কোষ্যতি। কূয়াৎ। চুকাব। অকৌষীৎ। কাবয়তি; অচূকবৎ। চুকূষতি।

কুপ্—দিবা-প—to be angry. কুপ্যতি। কোপিতা। কোপিষ্যতি। অকোপিষ্যৎ। কুপ্যাৎ। চুকোপ চুকুপতুঃ, চুকুপুঃ, চুকোপিথ চুকুপথুঃ চুকুপ, চুকোপ চুকুপিব চুকুপিম। অকুপৎ অকুপতাম্ অকুপন্, অকুপঃ। কুপ্যতে। কোপয়তি; অচুকুপৎ। চুকুপিষতি, চুকোপিষতি। চোকুপ্যতে। কোপিত্বা কুপিত্বা। কোপিতুম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

কূজ্—ভ্বা-প—to make an inarticulate sound. কূজতি। কূজিষ্যতি। কূজ্যাৎ। চুকূজ। অকূজীৎ অকূজিষ্টাম্ অকূজিষুঃ। কূজ্যতে; অকূজি। কূজয়তি; অচুকূজৎ। চুকূজিষতি। কূজিতঃ। কূজিত্বা।

কৃ—তনা-উ—to do. করোতি, কুরুতে। কর্ত্তা। করিষ্যতি-তে। অকরিষ্যৎ-ত। ক্রিয়াৎ, কৃষীষ্ট। চকার চক্রতুঃ চক্রুঃ, চকর্থ চক্রথুঃ চক্র, চকার-চকর চকৃব চকৃম। চক্রে চক্রাতে চক্রিরে, চকৃষে চক্রাথে চকৃঢ্বে, চক্রে চকৃবহে চকৃমহে। অকার্ষীৎ অকার্ষ্টাম্ অকার্ষুঃ। অকৃত। ক্রিয়তে; অকারি, কারিষ্যতে, করিষ্যতে। কারয়তি-তে; অচীকরৎ। চিকীর্ষতি-তে। চেক্রীয়তে। কৃত্বা-উপকৃত্য। কর্ত্তুম্।

কৃৎ—তুদা-প—to cut, to divide. কৃন্ততি। কর্ত্তিতা। কর্ত্তিষ্যতি, কর্ৎস্যতি। অকর্ত্তিষ্যৎ, অকর্ৎস্যৎ। কৃত্যাৎ। চকর্ত্ত চকৃততুঃ চকৃতুঃ, চকর্ত্তিথ। অকর্ত্তীৎ অকর্ত্তিষ্টাম্ অকর্ত্তিষুঃ। কর্ত্তয়তি; অচকর্ত্তৎ অচীকৃতৎ। চিকৃৎসতি, চিকর্ত্তিষতি। চরীকৃত্যতে। কর্ত্তিতঃ। কর্ত্তিত্বা। কর্ত্তিতুম্।

কৃষ্—ভ্বা-প—to draw, to pull, to plough. কর্ষতি। কর্ষ্টা, ক্রষ্টা। কর্ক্ষ্যতি, ক্রক্ষ্যতি। অকর্ক্ষ্যৎ অক্রক্ষ্যৎ। কৃষ্যাৎ। চকর্ষ চকৃষতুঃ চকৃষুঃ, চকর্ষিথ। অকার্ক্ষীৎ অক্রাক্ষীৎ অকৃক্ষৎ, অকার্ষ্টাম্ অক্রাষ্টাম্ অকৃক্ষতাম্, অকার্ক্ষুঃ অক্রাক্ষুঃ অকৃক্ষন্ (তিনটি ভিন্ন রূপ)। কৃষ্যতে; অকর্ষি। কর্ষয়তি; অচীকৃষৎ অচকর্ষৎ। চিকৃক্ষতি। চরীকৃষ্যতে। কৃষ্টঃ। কৃষিত্বা, কর্ষিত্বা। কর্ষ্টুম্; ক্রষ্টুম্।

কৃষ্—তুদা-উ—to make furrows, to plough. কৃষতি-তে। কর্ক্ষ্যতি-তে। ক্রক্ষ্যতি-তে। কৃষ্যাৎ, কৃক্ষীষ্ট। চকর্ষ চকৃষতুঃ চকৃষুঃ, চকর্ষিথ চকৃষথুঃ চকৃষ, চকর্ষ চকৃষিব চকৃষিম। চকৃষে। অকার্ক্ষীৎ অক্রাক্ষীৎ অকৃক্ষৎ। অকৃষ্ট অকৃক্ষত।

কৄ—তুদা-প—to pour, to scatter. কিরতি। করিতা, করীতা। করিষ্যতি, করীষ্যতি। কীর্য্যাৎ। চকার চকরতুঃ চকরুঃ। অকারীৎ অকারিষ্টাম্ অকারিষুঃ, অকারীঃ, অকারিষম্। কীর্য্যতে; অকারি। কারয়তি; অচীকরৎ। চিকরিষতি। কীর্ণঃ। কীর্ত্বা। বিকীর্য্য। করিতুম্, করীতুম্।

কৢপ্—ভ্বা-আ—to result in, to tend to. কল্পতে। কল্পিতা, কল্প্‌তা। কল্পিষ্যতে, কল্প্‌স্যতে, কল্প্‌স্যতি। কল্পিষীষ্ট, কৢপ্সীষ্ট। চকৢপে চকৢপাতে চকৢপিরে। অকল্পিষ্ট অকৢপ্ত অকৢপৎ। কল্প্যতে; অকল্পি। কল্পয়তি-তে; অচকল্পৎ-ত, অচীকৢপৎ-ত। চিকল্পিষতে, চিকৢপ্সতি। কল্পিতব্যঃ। কৢপ্তঃ। কল্পিত্বা, কৢপ্ত্বা। কল্পিতুম্, কৢপ্তুম্।

ক্রন্দ্—ভ্বা-প—to cry, to weep. ক্রন্দতি। ক্রন্দিষ্যতি। ক্রন্দ্যাৎ। চক্রন্দ চক্রন্দতুঃ চক্রন্দুঃ, চক্রন্দিথ। অক্রন্দীৎ অক্রন্দিষ্টাম্ অক্রন্দিষুঃ। ক্রন্দ্যতে। ক্রন্দয়তি। চিক্রন্দিষতি। চাক্রন্দ্যতে। ক্রন্দিতুম্। ক্রন্দিত্বা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ক্রম্—ভ্বা-প—to walk. ক্রাম্যতি-ক্রামতি। ক্রাম্যতু-ক্রামতু। ক্রমিতা ক্রন্তা। ক্রমিষ্যতি। অক্রমিষ্যৎ। ক্রম্যাৎ। চক্রাম চক্রমতুঃ চক্রমুঃ। অক্রমীৎ। ক্রম্যতে। ক্রময়তি। চিক্রমিষতি। চঙ্ক্রম্যতে। ক্রমিতব্যঃ। ক্রান্তঃ। ক্রমিত্বা, ক্রান্ত্বা, ক্রন্ত্বা। ক্রমিতুম্। কোন কোন অর্থে আত্মনেপদী হয়—ক্রমতে। ক্রংস্যতে। অক্রংস্ত। ক্রংসীষ্ট। চক্রমে। অক্রংস্ত। সন্ চিক্রংসতে।

ক্রী—ক্র্যা-উ—to buy, to purchase. ক্রীণাতি ক্রীণীতে। ক্রেতা। ক্রেষ্যতি ক্রেষ্যতে। ক্রীয়াৎ ক্রেষীষ্ট। চিক্রায় চিক্রিয়তুঃ চিক্রিয়ুঃ; চিক্রিয়ে চিক্রিয়াতে চিক্রিয়িরে। অক্রৈষীৎ; অক্রেষ্ট। ক্রীয়তে। ক্রাপয়তি; অচিক্রপৎ। চিক্রীষতি-তে। চেক্রীয়তে। ক্রীতঃ। ক্রীত্বা, বিক্রীয়। ক্রেতুম্।

ক্রীড়্—ভ্বা-প—to play. ক্রীড়তি। ক্রীড়িতা। ক্রীড়িষ্যতি। চিক্রীড় চিক্রীড়তুঃ চিক্রীড়ুঃ, চিক্রীড়িথ। অক্রীড়ীৎ অক্রীড়িষ্টাম্ অক্রীড়িষুঃ। ক্রীড়য়তি; অচিক্রীড়ৎ। চিক্রীড়িষতি। ক্রীড়িতঃ। ক্রীড়িত্বা। ক্রীড়িতুম্।

ক্রুধ্—দিবা-প—to be angry. ক্রুধ্যতি। ক্রোদ্ধা। ক্রোৎস্যতি। ক্রুধ্যাৎ। চুক্রোধ চুক্রুধতুঃ চুক্রুধুঃ, চুক্রোধিথ। অক্রুধৎ অক্রুধতাম্ অক্রুধন্। ক্রুধ্যতে; অক্রোধি। ক্রোধয়তি; অচুক্রুধৎ। চুক্রুৎসতি। ক্রুদ্ধঃ। ক্রুদ্ধা। ক্রোদ্ধুম্।

ক্রুশ্—ভ্বা-প—to cry, to lament. ক্রোশতি। ক্রোষ্টা। ক্রোক্ষ্যতি। চুক্রোশ। অক্রুক্ষৎ। ক্রোশয়তি; অচুক্রুশৎ। চুক্রুক্ষতি। ক্রুষ্টঃ। ক্রুষ্ট্বা। ক্রোষ্টুম্।

ক্লম্—দিবা-প (বা ভ্বাদি-প)—to be tired. ক্লাম্যতি ক্লমতি। ক্লমিতা। ক্লমিষ্যতি। চক্লাম। অক্লমৎ। ক্লান্তঃ। ক্লমিত্বা, ক্লান্ত্বা। ক্লমিতুম্।

ক্লিদ্—দিবা-প—to become wet. ক্লিদ্যতি। ক্লেদিতা, ক্লেত্তা। ক্লেদিষ্যতি ক্লেৎস্যতি। ক্লিদ্যাৎ। চিক্লেদ চিক্লিদতুঃ চিক্লিদুঃ। অক্লিদৎ। ক্লিদ্যতে। ক্লেদয়তি; অচিক্লিদৎ। চিক্লিদিষতি চিক্লেদিষতি চিক্লিৎসতি। চিক্লিদ্যতে। ক্লিন্নঃ। ক্লেদিত্বা, ক্লিদিত্বা, ক্লিত্ত্বা।

ক্লিশ্—দিবা-আ—to be afflicted, to suffer. ক্লিশ্যতে। ক্লেশিষ্যতে। ক্লেশিষীষ্ট। চিক্লিশে। অক্লেশিষ্ট। ক্লেশয়তি; অচিক্লিশৎ। চিক্লিশিষতে চিক্লেশিষতে। চেক্লিশ্যতে। ক্লিষ্টঃ, ক্লিশিতঃ। ক্লিষ্ট্বা, ক্লিশিত্বা। ক্লেশিতুম্।

ক্লিশ্—ক্র্যা-প—to torment, to distress. ক্লিশ্নাতি। ক্লেশিতা ক্লেষ্টা। ক্লেশিষ্যতি ক্লেক্ষ্যতি। ক্লিশ্যাৎ। চিক্লেশ চিক্লিশতুঃ চিক্লিশুঃ। অক্লেশীৎ, অক্লিক্ষৎ। ক্লিশ্যতে; অক্লেশি। চিক্লিশিষতি চিক্লেশিষতি, চিক্লিক্ষতি।

ক্ষম্—ভ্বা-আ—to bear. ক্ষমতে। ক্ষমিতা ক্ষন্তা। ক্ষমিষ্যতে ক্ষংস্যতে। ক্ষমিষীষ্ট ক্ষংসীষ্ট। চক্ষমে চক্ষমাতে চক্ষমিরে, চক্ষমিষে-চক্ষংসে চক্ষমাথে চক্ষমিঢ্বে-চক্ষমিধ্বে-চক্ষন্ধ্বে, চক্ষমে চক্ষমিবহে-চক্ষণ্বহে চক্ষমিমহে-চক্ষণ্মহে। অক্ষমিষ্ট অক্ষমিষাতাম্ অক্ষমিষত, অক্ষমিষ্ঠাঃ অক্ষমিষাথাম্ অক্ষমিধ্বম্, অক্ষমিষি অক্ষমিষ্বহি অক্ষমিষ্মহি। অক্ষংস্ত অক্ষংসাতাম্ অক্ষংসত। চিক্ষমিষতে চিক্ষংসতে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ক্ষম্—দিবা-প—to bear, to endure. ক্ষাম্যতি। ক্ষমিতা ক্ষন্তা। ক্ষমিষ্যতি ক্ষংস্যতি। ক্ষম্যাৎ। চক্ষাম চক্ষমতুঃ চক্ষমুঃ। অক্ষমৎ, অক্ষমীৎ। ক্ষম্যতে; অক্ষমি। ক্ষময়তি; অচিক্ষমৎ। চিক্ষমিষতি চিক্ষংসতি। ক্ষন্তব্যঃ। ক্ষমিতুম্ ক্ষন্তুম্। ক্ষমিত্বা ক্ষান্ত্বা।

ক্ষর্—ভ্বা-প—to flow. ক্ষরতি। ক্ষরিষ্যতি। ক্ষর্য্যাৎ। চক্ষার চক্ষরতুঃ চক্ষরুঃ, চক্ষরিথ। অক্ষারীৎ অক্ষারিষ্টাম্ অক্ষারিষুঃ। ক্ষর্য্যতে; অক্ষারি। ক্ষারয়তি; অচিক্ষরৎ। চিক্ষরিষতি। ক্ষরিতঃ। ক্ষরিতুম্।

ক্ষল্—ভ্বা-প—to wash. ক্ষলতি। ক্ষলিষ্যতি। চক্ষাল। অক্ষালীৎ (like ক্ষর্)।

ক্ষল্—চুরা-প—to wash. ক্ষালয়তি। অচিক্ষলৎ।

ক্ষি—ভ্বা-প—to decay. স্বা-প—to destroy. ক্র্যা, তুদা-প—to dwell. ক্ষয়তি, ক্ষিণোতি, ক্ষিণাতি, ক্ষিয়তি। ক্ষেতা। ক্ষেষ্যতি। ক্ষীয়াৎ। চিক্ষায় চিক্ষিয়তুঃ চিক্ষিয়ুঃ। অক্ষৈষীৎ অক্ষৈষ্টাম্ অক্ষৈষুঃ, অক্ষৈষীঃ অক্ষৈষ্টম্ অক্ষৈষ্ট, অক্ষৈষম্ অক্ষৈষ্ব অক্ষৈষ্ম। ক্ষীয়তে। ক্ষায়য়তি; অচিক্ষয়ৎ। চিক্ষীষতি। ক্ষীণঃ ক্ষিতঃ। ক্ষিত্বা, প্রক্ষীয়। ক্ষেতুম্।

ক্ষিপ্—দিবা-প, তুদা-উ—to throw. ক্ষিপ্যতি, ক্ষিপতি-তে। ক্ষেপ্তা। ক্ষেপ্স্যতি, ক্ষেপ্স্যতে। ক্ষিপ্যাৎ; ক্ষিপ্সীষ্ট। চিক্ষেপ চিক্ষিপতুঃ চিক্ষিপুঃ। অক্ষৈপ্সীৎ; অক্ষৈপ্তাম্; অক্ষিপ্ত। ক্ষিপ্যতে। ক্ষেপয়তি; অচিক্ষিপৎ। চিক্ষিপ্সতি-তে। ক্ষিপ্ত্বা। ক্ষেপ্তুম্।

ক্ষুধ্—দিবা-প—to be hungry. ক্ষুধ্যতি। ক্ষোদ্ধা। ক্ষোৎস্যতি। চুক্ষোধ। অক্ষুধৎ। ক্ষোধয়তি। অচুক্ষুধৎ। চুক্ষুৎসতি। ক্ষুধিতঃ। ক্ষোধিত্বা, ক্ষুধিত্বা।

ক্ষুভ্—ভ্বা-আ, দিবা, ক্র্যা-প—to disturb, to tremble. ক্ষোভতে, ক্ষুভ্যতি, ক্ষুভ্নাতি। ক্ষোভিষ্যতে, ক্ষোভিষ্যতি। ক্ষোভিষীষ্ট, ক্ষুভ্যাৎ। চুক্ষুভে, চুক্ষোভ। অক্ষোভিষ্ট, অক্ষুভৎ, অক্ষোভীৎ। ক্ষোভয়তি; অচুক্ষুভৎ। চুক্ষোভিষতে চুক্ষুভিষতে, চুক্ষোভিষতি চুক্ষুভিষতি। চোক্ষুভ্যতে। ক্ষুভিতঃ, ক্ষুব্ধঃ। ক্ষোভিত্বা ক্ষুভিত্বা। ক্ষোভিতুম্। ক্ষোভঃ।

খণ্ড্—চুরা-প—to break. খণ্ডয়তি। অচখণ্ডৎ। খণ্ডয়িত্বা। খণ্ডিতঃ।

খন্—ভ্বা-উ—to dig. খনতি, খনতে। খনিষ্যতি-তে। খায়াৎ, খন্যাৎ; খনিষীষ্ট। চখান; চখ্নে। অখানীৎ অখানিষ্টাম্ অখানিষুঃ; অখনীৎ অখনিষ্টাম্ অখনিষুঃ। অখনিষ্ট। খায়তে, খন্যতে; অখানি। খানয়তি; অচীখনৎ। চিখনিষতি-তে। চাখায়তে, চঙ্খন্যতে। খাতঃ। খাত্বা, খনিত্বা। খনিতুম্।

খাদ্—ভ্বা-প—to eat. খাদতি। খাদিষ্যতি। খাদ্যাৎ। চখাদ চখাদতুঃ চখাদুঃ, চখাদিথ। অখাদীৎ অখাদিষ্টাম্ অখাদিষুঃ। খাদ্যতে; অখাদি। খাদয়তি; অচখাদৎ। চিখাদিষতি। চাখাদ্যতে। খাদিতঃ। খাদিত্বা। খাদিতুম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

খিদ্—দিবা-আ, তুদা-প, রুধা-আ—to suffer pain. খিদ্যতে, খিন্দতি, খিন্তে। খেৎস্যতে। খিৎসীষ্ট। চিখিদে। অখিত্ত। খেদয়তি; অচীখিদৎ। চিখিৎসতে। খিন্নঃ। খিত্ত্বা। খেত্তুম্।

খ্যা—অদা-প—to relate, to tell. খ্যাতি। এই ধাতুটির লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্ ছাড়া রূপ নাই।

গণ-চুরা-প—to count, to enumerate. গণয়তি। গণয়িষ্যতি। গণ্যাৎ। গণয়াম্-চকার-বভূব-আস। অজগণৎ অজীগণৎ। গণ্যতে। জিগণয়িষতি। গণয়িত্বা। গণয়িতুম্।

গদ্—ভ্বা-প—to speak, to say. গদতি। গদিষ্যতি। জগাদ, জগদিথ, জগাদ জগদ। অগদীৎ অগাদীৎ। গদ্যতে; অগাদি। গাদয়তি; অজীগদৎ। জিগদিষতি। গদিতঃ। গদিত্বা। গদিতুম্।

গম্—ভ্বা-প—to go. গচ্ছতি। গন্তা। গমিষ্যতি (আত্মনেপদে গংস্যতে)। গম্যাৎ। জগাম। অগমৎ। গম্যতে; অগামি। গময়তি; অজীগমৎ। জিগমিষতি। জঙ্গম্যতে (যঙ্)। গতঃ। গত্বা; আগম্য, আগত্য (ল্যপ্)। গন্তুম্।

গর্জ্—ভ্বা-প—to roar. গর্জতি। গর্জিষ্যতি। জগর্জ। অগর্জীৎ। গর্জয়তি; অজগর্জৎ। জিগর্জিষতি। জাগর্জ্যতে। গর্জিতঃ। গর্জিত্বা। গর্জিতুম্। চুরা-প—to sound. গর্জয়তি।

গর্হ—ভ্বা-আ, চুরা-প—to censure, to blame. গর্হতে, গর্হয়তি। গর্হিতা। গর্হিষ্যতে, গর্হয়িষ্যতি। গর্হিষীষ্ট। জগর্হে, গর্হয়াম্-চকার-বভূব-আস। অগর্হিষ্ট অগর্হিষাতাম্ অগর্হিষত। গর্হয়তি; অজগর্হৎ। গর্হ্যতে। গর্হিতঃ।

গাহ্—ভ্বা-আ—to bathe, to dive into. গাহতে। গাঢ়া, গাহিতা। গাহিষ্যতে, ঘাক্ষ্যতে। গাহিষীষ্ট, ঘাক্ষীষ্ট। জগাহে জগাহাতে জগাহিরে। অগাহিষ্ট অগাহিষাতাম্ অগাহিষত; অগাঢ় অঘাক্ষাতাম্ অঘাক্ষত। গাহ্যতে; অগাহি। গাহয়তি; অজীগহৎ। জিঘাক্ষতে জিগাহিষতে। গাঢ়ঃ। গাহিত্বা গাঢ্বা; অবগাহ্য। গাহিতুম্ গাঢ়ুম্।

গুপ্—চুরা-প—to defend, to protect. গোপায়তি। গোপিতা, গোপ্তা, গোপায়িতা। গোপায়িষ্যতি, গোপিষ্যতি, গুপ্স্যতি। গোপায্যাৎ গুপ্যাৎ। গোপায়াম্-চকার-বভূব-আস, জুগোপ জুগুপতুঃ জুগুপুঃ, জুগোপিথ-জুগোপ্থ। অগোপায়ীৎ-অগোপায়িষ্টাম্ অগোপীৎ-অগোপিষ্টাম্ অগৌপ্সীৎ অগৌপ্তাম্ অগৌপ্সুঃ। গোপায্যতে গুপ্যতে; অগোপায়ি অগোপি। গোপায়য়তি গোপয়তি; অজুগুপৎ। জুগোপায়িষতি, জুগুপ্সতি, জুগুপিষতি, জুগোপিষতি। গোপায়িতব্যঃ গোপিতব্যঃ গোপ্তব্যঃ। গোপায়িতঃ, গুপ্তঃ। গোপায়িত্বা, গোপিত্বা, গুপ্ত্বা। গোপায়িতুম্, গোপিতুম্, গোপ্তুম্।

গুহ্—ভ্বা-উ—to cover, to keep secret. গূহতি-তে। গূহিতা গোঢ়া। গূহিষ্যতি-তে, ঘোক্ষ্যতি-তে। গুহ্যাৎ। গুহিষীষ্ট ঘুক্ষীষ্ট। জুগূহ জুগুহতুঃ জুগুহুঃ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

জুগূহে জুগুহাতে জুগুহিরে। অগূহীৎ, অঘুক্ষৎ ; অগূঢ়, অঘুক্ষত। গুহ্যতে ; অগূহি। গূহয়তি ; অজূগুহৎ, অজুগুহত। জুঘুক্ষতি-তে। জোগুহ্যতে। গূঢ়ঃ। গূহিত্বা, গূঢ়্বা। গূহিতুম্, গোঢ়ুম্। গুহম্, গোহম্।

গৄ—তুদা-প—to devour, to swallow. গিরতি গিলতি। গরিতা গরীতা গলিতা। গরিষ্যতি গরীষ্যতি, গলিষ্যতি গলীষ্যতি। গীর্য্যাৎ। জগার জগাল, জগরতুঃ জগলতুঃ, জগরুঃ জগলুঃ ; জগরিথ জগলিথ। অগারীৎ অগারিষ্টাম্ অগারিষুঃ ; অগালীৎ। গীর্য্যতে ; অগারি। গারয়তি গালয়তি ; অজীগরৎ অজীগলৎ। জিগরিষতি-জিগলিষতি। জেগিল্যতে। গীর্ণঃ। গরিতুম্ গলিতুম্, গরীতুম্ গলীতুম্। গীর্ত্বা, উদ্‌গীর্য্য।

গৈ—ভ্বা-প—to sing. গায়তি। গাতা। গাস্যতি। গেয়াৎ। জগৌ জগতুঃ জগুঃ। অগাসীৎ। গীয়তে ; অগায়ি। গাপয়তি ; অজীগপৎ। জিগাসতি। জেগীয়তে। গীতঃ। গীত্বা। গাতুম্।

গ্রন্থ্—ভ্বা-আ—to bend, to twine. গ্রন্থতে। গ্রন্থিষ্যতে। জগ্রন্থে। অগ্রন্থিষ্ট। গ্রন্থ্যতে ; অগ্রন্থি। গ্রন্থয়তি ; অজগ্রন্থৎ। জিগ্রন্থিষতে। জাগ্রথ্যতে। গ্রন্থিতব্যঃ। গ্রন্থিতঃ। গ্রন্থিত্বা গ্রথিত্বা। গ্রন্থিতুম্। বিকল্পিত ণিচ্ চুরাদিতে গ্রন্থতি গ্রন্থয়তি।

গ্রন্থ্—ক্র্যা-প—to tie, to fasten. গ্রথ্নাতি। গ্রন্থিষ্যতি। জগ্রন্থ জগ্রথতুঃ জগ্রন্থতুঃ-গ্রেথতুঃ জগন্থুঃ-গ্রেথুঃ, জগ্রন্থিথ-গ্রেথিথ। অগ্রন্থীৎ। গ্রথ্যতে। জিগ্রন্থিষতি। গ্রথিতঃ। গ্রথিত্বা গ্রন্থিত্বা। গ্রথিতুম্। চুরা-প—to string together. গ্রন্থয়তি।

গ্রস্—ভ্বা-আ—to swallow. গ্রসতে। গ্রসিষ্যতে। গ্রসিষীষ্ট। জগ্রসে। অগ্রসিষ্ট। গ্রস্যতে। গ্রাসয়তি ; অজিগ্রসৎ। জিগ্রসিষতে, জাগ্রস্যতে। গ্রস্তঃ। গ্রসিত্বা, গ্রস্ত্বা। গ্রসিতুম্।

গ্রহ্—ক্র্যা-উ—to take. গৃহ্লাতি গৃহ্লীতে। গ্রহীতা। গ্রহীষ্যতি, গ্রহীষ্যতে। গৃহ্যাৎ। গ্রহীষীষ্ট। জগ্রাহ, জগৃহে। অগ্রহীৎ অগ্রহীষ্টাম্ অগ্রহীষুঃ ; অগ্রহীষ্ট অগ্রহীষাতাম্ অগ্রহীষত। গৃহ্যতে ; অগ্রাহি, গ্রাহিষ্যতে গ্রহীষ্যতে। গ্রাহয়তি ; অজিগ্রহৎ। জিঘৃক্ষতি-তে। জরীগৃহ্যতে। গৃহীতঃ। গৃহীত্বা। গ্রহীতুম্।

ঘট্—ভ্বা-আ—to happen. ঘটতে। ঘটিষ্যতে। জঘটে। অঘটিষ্ট অঘটিষাতাম্ অঘটিষত, অঘটিষি। ঘটয়তি ; অজীঘটৎ। জিঘটিষতে। ঘটিতঃ। ঘটিত্বা। ঘটিতুম্।

ঘুষ্—চুরা-প, ভ্বাদি-প—to proclaim aloud. ঘোষয়তি, ঘোষতি। ঘোষয়িষ্যতি। অঘুষৎ অঘোষীৎ। ঘোষয়াম্-চকার-বভূব-আস। অজূঘুষৎ। ঘুষিতঃ। সম্-ঘুষ্—সংঘুষ্টঃ ; সংঘুষিতঃ। ঘুষিতম্ (বাক্যম্) অন্যত্র ঘুষ্টঃ। ঘোষিত্বা, ঘুষিত্বা, ঘোষয়িত্বা। ঘোষিতুম্।

ঘৃষ্—ভ্বা-প—to rub. ঘর্ষতি। ঘর্ষিতা। ঘর্ষিষ্যতি। জঘর্ষ জঘৃষতুঃ জঘৃষুঃ, জঘর্ষিথ। অঘর্ষীৎ। ঘৃষ্টঃ। ঘর্ষিত্বা, ঘৃষ্ট্বা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ঘ্রা—ভ্বা-প—to smell. জিঘ্রতি। ঘ্রাস্যতি। ঘ্রায়াৎ, ঘ্রেয়াৎ। জঘ্রৌ জঘ্রতুঃ, জঘ্রুঃ, জঘ্রিথ-জঘ্রাথ। অঘ্রাৎ, অঘ্রাসীৎ। ঘ্রায়তে ; অঘ্রায়ি, ঘ্রাস্যতে ঘ্রায়িষ্যতে। ঘ্রাপয়তি ; অজিঘ্রিপৎ, অজিঘ্রপৎ। জিঘ্রাসতি। জেঘ্রীয়তে। ঘ্রাতঃ, ঘ্রাণঃ। ঘ্রাত্বা। ঘ্রাতুম্।

• চকাস্—অদা-প—to shine. চকাস্তি। চকাসিষ্যতি। চকাস্যাৎ। চকাসাম্-চকার, চকাসাম্বভূব, চকাসামাস। অচকাসীৎ অচকাসিষ্টাম্ অচকাসিষুঃ, অচকাসীঃ, অচকাসিষম্। চকাসয়তি ; অচীচকাসৎ, অচচকাসৎ। চিচকাসিষতি। চকাসিতঃ। চকাসিত্বা। চকাসিতুম্।

চক্ষ্—(প্রায়শঃ আঙ্-পূর্ব্ব) অদা-আ—to speak, to say. চষ্টে। খ্যাতা, ক্শাতা। খ্যাস্যতি-তে, ক্শাস্যতি-তে। খ্যায়াৎ, খ্যেয়াৎ, খ্যাসীষ্ট ; ক্শায়াৎ, ক্শেয়াৎ ক্শাসীষ্ট। চচক্ষে, চখ্যৌ চখ্যে, চক্শৌ চক্শে। অখ্যৎ অখ্যতাম্ অখ্যন্ ; অখ্যত অখ্যেতাম্ অখ্যন্ত ; অক্শাসীৎ অক্শাসিষ্টাম্ অক্শাসিষুঃ, অক্শাস্ত। খ্যায়তে, ক্শায়তে। খ্যাপয়তি ; অচিখ্যপৎ, অচিক্শপৎ। চিখ্যাসতে-তি, চিক্শাসতে-তি। খ্যাতঃ। খ্যাত্বা, আখ্যায়। খ্যাতুম্।

চম্—(আঙ্-পূর্ব্ব) ভ্বা-প—to eat. আচামতি। আচমিষ্যতি। আচচাম। আচমীৎ। চিচমিষতি। চঞ্চম্যতে। চান্তঃ। চমিত্বা, চান্ত্বা। চমিতুম্। আচমনম্।

চর্—ভ্বা-প—to walk. চরতি। চরিষ্যতি। চচার (like চল্)। অচারীৎ। চারয়তি ; অচীচরৎ। চিচরিষতি। চঞ্চূর্য্যতে। চরিতঃ। চরিতুম্।

চল্—ভ্বা-প— to shake, to walk. চলতি। চলিতা। চলিষ্যতি। চচাল। অচালীৎ। চলয়তি, চালয়তি। চিচলিষতি। চলিতঃ। চলিত্বা। চলিতুম্।

চি—স্বা-উ—to collect, to heap up. চিনোতি চিনুতে। চেতা। চেষ্যতি-তে। চীয়াৎ চেষীষ্ট। চিকায় চিচায়, চিক্যে চিচ্যে। অচৈষীৎ অচৈষ্টাম্ অচৈষুঃ, অচৈষীঃ অচৈষ্টম্ অচৈষ্ট, অচৈষম্ অচৈষ্ব অচৈষ্ম ; অচেষ্ট অচেষাতাম্ অচেষত, অচেঢ়াঃ। চীয়তে ; অচায়ি, চেষ্যতে চায়িষ্যতে। চাপয়তি, চায়য়তি ; অচীচপৎ, অচীচয়ৎ। চিচীষতি-তে, চিকীষতি-তে। চেচীয়তে। চেতব্যঃ চয়নীয়ঃ। চিতঃ। চিত্বা, সঞ্চিত্য। চেতুম্। with সম্=to collect.

চিন্ত্—চুরা-প—to think. চিন্তয়তি। চিন্তয়িষ্যতি, চিন্তিষ্যতি। চিন্ত্যাৎ। চিন্তয়াম্-চকার-বভূব-আস ; চিচিন্ত। অচিচিন্তৎ অচিচিন্তভাম্ অচিচিন্তন্, অচিচিন্তঃ, অচিচিন্তম্; অচিন্তীৎ। চিন্ত্যতে। চিচিন্তয়িষতি, চিচিন্তিষতি। চিন্তয়িতব্যঃ, চিন্তিতব্যঃ। চিন্তনীয়ঃ। চিন্তিতঃ। চিন্তয়িত্বা। চিন্তয়িতুম্, চিন্তিতুম্।

চুম্ব্—ভ্বা-প—to kiss. চুম্বতি। চুম্বিষ্যতি। চুচুম্ব। অচুম্বীৎ। চুম্বিতুম্।

চুর্—চুরা-উ—to steal, to rob. চোরয়তি-তে। চোরয়িষ্যতি-তে। চোর্য্যাৎ চোরয়িষীষ্ট। চোরয়াম্-চকার-চক্রে-বভূব-আস। অচুচুরৎ-ত। চোর্য্যতে ; অচোরি। চোরিতঃ। চোরয়িতুম্।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

চূর্ণ্—চুরা-প—to crush, to powder. চূর্ণয়তি। অচুচূর্ণৎ।

চেষ্ট্—ভ্বা-আ—to make effort. চেষ্টতে। চেষ্টিষ্যতে। চেষ্টিষীষ্ট। চিচেষ্টে। অচেষ্টিষ্ট অচেষ্টিষাতাম্ অচেষ্টিষত। চেষ্টয়তি; অচিচেষ্টৎ, অচচেষ্টৎ। চেষ্টিতুম্। চেষ্টিত্বা।

চ্যুত্—ভ্বা-প—to flow, to drop down. চ্যোততি। চ্যোতিষ্যতি। চুচ্যোত চুচ্যুততুঃ চুচ্যুতুঃ। অচ্যুতৎ অচ্যুততাম্ অচ্যুতন্; অচ্যোতীৎ অচ্যোতিষ্টাম্ অচ্যোতিষুঃ। চ্যোতয়তি; অচুচ্যুতৎ। চুচ্যোতিষতি, চুচ্যুতিষতি। চোচ্যুত্যতে। চ্যুতিতঃ। চ্যোতিত্বা, চ্যুতিত্বা। চ্যোতিতুম্।

ছিদ্—রুধা-উ—to cut down. ছিনত্তি, ছিন্তে। ছেত্তা। ছেৎস্যতি-তে। ছিদ্যাৎ; ছিৎসীষ্ট। চিচ্ছেদ; চিচ্ছিদে। অচ্ছিদৎ অচ্ছৈৎসীৎ; অচ্ছিত্ত। ছিদ্যতে। অচ্ছেদি। ছেদয়তি; অচিচ্ছিদৎ। চিচ্ছিৎসতি-তে। ছিন্নঃ। ছেত্তব্যঃ। ছিত্ত্বা। ছেত্তুম্। [চুরাদি ছেদ (অ-কারান্ত)—ছেদয়তি।]

ছিদ্র—চুরা-প—to bore. ছিদ্রয়তি। অচিচ্ছিদ্রৎ।

জক্ষ্—অদা-প—to eat. জক্ষিতি। জক্ষিষ্যতি। জক্ষ্যাৎ। জজক্ষ জজক্ষতুঃ জজক্ষুঃ। অজক্ষীৎ। জক্ষ্যতে; অজক্ষি। জিজক্ষিষতি। জক্ষিতঃ।

জন্—দিবা-আ—to be born. জায়তে। জনিষ্যতে। জনিষীষ্ট। জজ্ঞে। অজনি, অজনিষ্ট। জন্যতে জায়তে; অজনি। জনয়তি; অজীজনৎ। জিজনিষতে। জাজায়তে, জঞ্জন্যতে। জাতঃ। জনিতব্যঃ। জনিত্বা। জনিতুম্।

জপ্—ভ্বা-প—to mutter. জপতি। জপিতা। জপিষ্যতি। জপ্যাৎ। জজাপ জেপতুঃ জেপুঃ। অজপীৎ অজপিষ্টাম্ অজপিষুঃ; অজাপীৎ অজাপিষ্টাম্ অজাপিষুঃ। জপ্যতে। জাপয়তি; অজীজপৎ। জিজপিষতি। জপিতঃ, জপ্তঃ। জপিত্বা, জপ্ত্বা। জপিতুম্।

জল্প্—ভ্বা-প—to murmur. জল্পতি। জল্পিষ্যতি। জজল্প। অজল্পীৎ। জল্পয়তি; অজজল্পৎ। জিজল্পিষতি। জল্পিতঃ। জল্পিতুম্।

জাগৃ—অদা-প—to wake. জাগর্ত্তি। জাগরিষ্যতি। জাগর্য্যাৎ। জাগরাম্-চকার-বভূব-আস, জজাগার। অজাগরীৎ অজাগরিষ্টাম্ অজাগরিষুঃ। জাগর্য্যতে; অজাগারি। জাগরয়তি; অজজাগরৎ। জিজাগরিষতি। জাগর্য্যতে। জাগরিতঃ। জাগরিতুম্।

জি—ভ্বা-প—to conquer. জয়তি। জেতা। জেষ্যতি। জীয়াৎ। জিগায়। অজৈষীৎ অজৈষ্টাম্ অজৈষুঃ। জীয়তে; অজায়ি। জাপয়তি; অজীজপৎ। জিগীষতি। জেজীয়তে। জেতব্যঃ। জিতঃ। জিত্বা, বিজিত্য। জেতুম্। জয়ঃ।

জীব্—ভ্বা-প—to live. জীবতি। জীবিষ্যতি। জীব্যাৎ। জিজীব জিজীবতুঃ জিজীবুঃ, জিজীবিথ। অজীবীৎ অজীবিষ্টাম্ অজীবিষুঃ। জীব্যতে।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

জীবয়তি ; অজিজীবৎ, অজীজিবৎ। জিজীবিষন্তি। জীবিতঃ। জীবিতুম্। জীবিত্বা।

জৄ—দিবা-প, ক্র্যা-প—to grow old. জীর্য্যতি জৃণাতি। জরিতা জরীতা। জরিষ্যতি জরীষ্যতি। জীর্য্যাৎ। জজার জজরতুঃ-জেরতুঃ জজরুঃ-জেরুঃ, জজরিথ-জেরিথ জজরথুঃ-জেরথুঃ জজর-জের, জজার-জজর, জজরিব-জেরিব, জজরিম-জেরিম। অজারীৎ অজারিষ্টাম্ অজারিষুঃ ; অজরৎ অজরতাম্ অজরন্। জীর্য্যতে ; অজারি। জরয়তি; অজীজরৎ। জিজীর্ষতি, জিজরিষতি, জিজরীষতি। জেজীর্য্যতে। জীর্ণঃ। জরিত্বা-জরীত্বা। জরীতুম্-জরিতুম্।

জ্ঞা—ক্র্যা-উ—to know. জানাতি, জানীতে। জ্ঞাস্যতি-তে। জ্ঞায়াৎ-জ্ঞেয়াৎ, জ্ঞাসীষ্ট। জজ্ঞৌ ; জজ্ঞে। অজ্ঞাসীৎ ; অজ্ঞাসিষ্ট। জ্ঞায়তে ; অজ্ঞায়ি, জ্ঞাস্যতে জ্ঞায়িষ্যতে। জ্ঞাপয়তি ; অজিজ্ঞপৎ। জিজ্ঞাসতে। জ্ঞাতঃ। জ্ঞাতুম্। জ্ঞাত্বা, বিজ্ঞায়।

জ্বল্—ভ্বা-প—to burn, to glow. জ্বলতি। জ্বলিষ্যতি। জ্বল্যাৎ। জজ্বাল জজ্বলতুঃ জজ্বলুঃ জজ্বলিথ। অজ্বালীৎ অজ্বালিষ্টাম্ অজ্বালিষুঃ। জ্বলয়তি, জ্বালয়তি (উপসর্গ-যোগে প্রজ্বলয়তি) ; অজিজ্বলৎ। জিজ্বলিষতি। জ্বলিতঃ।

ডী—ভ্বা, দিবা-আ—to fly. ডয়তে, ডীয়তে। ডয়িষ্যতে। ডয়িষীষ্ট। ডিড্যে। অডয়িষ্ট অডয়িষাতাম্ অডয়িষত। ডীয়তে। ডায়য়তি ; অডীডয়ৎ। ডিডয়িষতে। ডেডীয়তে। ডয়িতঃ, ডীনঃ। ডয়িতুম্। ডয়িত্বা, উড্ডীয়।

তড়্—চুরা-প—to beat. তাড়য়তি। তাড়য়িষ্যতি। তাড্যাৎ। তাড়য়াম্ চকার-বভূব-আস। অতীতড়ৎ। তাড্যতে। তাড়িতঃ। তাড়য়িত্বা।

তন্—তনা-উ—to spread. তনোতি তনুতে। তনিষ্যতি-তে। তন্যাৎ তনিষীষ্ট। ততান তেনতুঃ তেনুঃ। তেনে তেনাতে তেনিরে। অতানীৎ, অতনীৎ ; অতনিষ্ট-অতত। তন্যতে তায়তে ; অতানি। তানয়তি-তে ; অতীতনৎ-ত। তিতনিষতি-তে, তিতাংসতি-তে, তিতংসতি-তে। ততঃ। তনিত্বা-তত্বা ; বিতত্য। তনিতুম্।

তপ্—ভ্বা-প—to shine, to heat. তপতি। তপ্তা। তপ্স্যতি। তপ্যাৎ। ততাপ তেপতুঃ, তেপিথ-ততপ্থ। অতাপ্সীৎ অতাপ্তাম্ অতাপ্সুঃ, অতাপ্সীঃ অতাপ্তম্ অতাপ্ত, অতাপ্সম্ অতাপ্স্ব অতাপ্স্ম। তপ্যতে ; অতাপি। তাপয়তি ; অতীতপৎ। তিতপ্সতি। তাতপ্যতে। তপ্তঃ। তপ্ত্বা। তপ্তুম্।

তপ্—দিবা-আ—to trouble, to be powerful. তপ্যতে। তপ্তা, তপ্স্যতে। তপ্সীষ্ট। তেপে তেপাতে তেপিরে, তেপিষে। অতপ্ত অতপ্সাতাম্ অতপ্সত। তাতপ্যতে। তিতপ্সতে।

তর্ক্—চুরা-প—to guess. তর্কয়তি। তর্কয়িষ্যতি। তর্কয়াম্-চকার-বভূব-আস। অততর্কৎ। তর্কিতঃ। তর্কয়িত্বা।

তর্জ্—ভ্বা-প, চুরা-আ—to threaten, to censure, to blame. তর্জতি,

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

তর্জয়তে। তর্জিষ্যতি তর্জয়িষ্যতে। ততর্জ, তর্জয়াম্-চক্রে-বভূব-আস। অতর্জীৎ অততর্জত। তিতর্জিষতি। তর্জিতঃ। তর্জিতুম্, তর্জয়িতুম্।

তিজ্—ভ্বা-আ—to endure, to suffer with courage. তিতিক্ষতে। তিতিক্ষিষ্যতে। তিতিক্ষিষীষ্ট। তিতিক্ষাম্-চক্রে-বভূব-আস। অতিতিক্ষিষ্ট। তিতিক্ষিতঃ।

তুদ্—তুদা-উ—to strike, to wound. তুদতি, তুদতে। তোৎস্যতি-তে। তুদ্যাৎ তোৎসীষ্ট। তুতোদ তুতুদতুঃ তুতুদুঃ, তুতোদিথ, তুতুদিব; তুতুদে তুতুদাতে। অতৌৎসীৎ অতৌত্তাম্ অতৌৎসুঃ, অতৌৎসীঃ অতৌত্তম্ অতৌত্ত, অতৌৎসম্ অতৌৎস্ব অতৌৎস্ম; অতুত্ত অতুৎসাতাম্ অতুৎসত, অতুৎসি অতুৎস্বহি অতুৎস্মহি। তুদ্যতে; অতোদি। তোদয়তি; অতূতুদৎ। তুতুৎসতি-তে। তোতুদ্যতে। তুন্নঃ। তুত্ত্বা। তোদিতুম্।

তুষ্—দিবা-প—to be pleased or satisfied. তুষ্যতি। তোষ্টা। তোক্ষ্যতি। তুষ্যাৎ। তুতোষ তুতুষতুঃ তুতুষুঃ, তুতোষিথ, তুতোষ। অতুষৎ অতুষতাম্ অতুষন্। তুষ্যতে; অতোষি। তোষয়তি; অতূতুষৎ। তুতুক্ষতি। তোতুষ্যতে। তুষ্টঃ। তুষ্ট্বা। তোষ্টুম্।

তৃপ্—দিবা-প—to become satisfied. তৃপ্যতি। তর্পিতা, তর্প্তা, ত্রপ্তা। তর্পিষ্যতি, তর্প্স্যতি, ত্রপ্স্যতি। তৃপ্যাৎ। ততর্প ততৃপতুঃ ততৃপুঃ, ততর্পিথ-ততর্প্থ-তত্রপ্থ ততৃপথুঃ ততৃপ, ততর্প ততৃপিব-ততৃপ্ব ততৃপিম-ততৃপ্ম। অতৃপৎ অতর্পীৎ, অতার্প্সীৎ, অত্রাপ্সীৎ। তর্পয়তি; অততর্পৎ অতীতৃপৎ। তিতর্পিষতি তিতৃপ্সতি। তৃপ্তঃ। তর্পিত্বা, তৃপ্ত্বা। তর্পিতুম্ তর্প্তুম্।

তৃষ্—দিবা-প—to be thirsty. তৃষ্যতি। তর্ষিষ্যতি। ততর্ষ ততৃষতুঃ ততৃষুঃ। অতৃষৎ অতর্ষীৎ। তর্ষয়তি; অতীতৃষৎ। তিতর্ষিষতি। তৃষিতঃ। তৃষিত্বা তর্ষিত্বা।

তৄ—ভ্বা-প—to cross. তরতি। তরীতা তরিতা। তরীষ্যতি তরিষ্যতি। তীর্য্যাৎ। ততার। অতারীৎ। তীর্য্যতে; অতারি। তারয়তি; অতীতরৎ। তিতীর্ষতি। তিতরীষতি তিতরিষতি। তীর্ণঃ। তীর্ত্বা; বিতীর্য্য। তরিতুম্ তরীতুম্ তর্তুম্।

ত্যজ্—ভ্বা-প—to abandon. ত্যজতি। ত্যক্তা। ত্যক্ষ্যতি। ত্যজ্যাৎ। তত্যাজ তত্যজতুঃ তত্যজুঃ, তত্যজিথ তত্যক্থ, তত্যাজ-তত্যজ। অত্যাক্ষীৎ অত্যাক্তাম্ অত্যাক্ষুঃ, অত্যাক্ষীঃ অত্যাক্তম্ অত্যাক্ত, অত্যাক্ষম্ অত্যাক্ষ্ব অত্যাক্ষ্ম। ত্যজ্যতে; অত্যাজি। ত্যাজয়তি; অতিত্যজৎ। তিত্যক্ষতি। ত্যক্তঃ। ত্যক্ত্বা। ত্যক্তুম্।

ত্রপ্—ভ্বা-আ—to be ashamed. ত্রপতে। ত্রপিষ্যতে, ত্রপ্স্যতে। ত্রপিষীষ্ট, ত্রপ্সীষ্ট। ত্রেপে। অত্রপিষ্ট, অত্রপ্ত। ত্রপয়তি ত্রাপয়তি; অতত্রপৎ। তিত্রপিষতে তিত্রপ্সতে। ত্রপ্তঃ। ত্রপিত্বা, ত্রপ্ত্বা। ত্রপিতুম্ ত্রপ্তুম্।

ত্রস্—ভ্বা, দিবা-প—to be troubled, to fear. ত্রসতি ত্রস্যতি। ত্রসিতা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ত্রসিষ্যতি। তত্রাস তত্রসতুঃ-ত্রেসতুঃ তত্রসিথ-ত্রেসিথ। অত্রাসীৎ অত্রসীৎ। ত্রাসয়তি; অতিত্রসৎ। তিত্রসিষতি। ত্রস্তঃ। ত্রস্তা। ত্রসিতুম্।

ত্রৈ—ভ্বা-আ—to protect. ত্রায়তে। ত্রাতা। ত্রাস্যতে। ত্রাসীষ্ট। তত্রে তত্রাতে তত্রিরে, তত্রিষে। অত্রাস্ত অত্রাসাতাম্ অত্রাসত, অত্রাস্থাঃ অত্রাসাথাম্ অত্রাধ্বম্; অত্রাসি অত্রাস্বহি অত্রাস্মহি। ত্রায়তে; অত্রায়ি, ত্রাস্যতে, ত্রায়িষ্যতে। ত্রাপয়তি; অতিত্রপৎ। তিত্রাসতে। ত্রাণঃ ত্রাতঃ। ত্রাতুম্।

ত্বর্—ভ্বা-আ—to hurry. ত্বরতে। ত্বরিষ্যতে। ত্বরিষীষ্ট। তত্বরে তত্বরাতে তত্বরিরে, তত্বরিষে। অত্বরিষ্ট অত্বরিষাতাম্ অত্বরিষত, অত্বরিষ্ঠাঃ, অত্বরিষি, অত্বরিষহি। ত্বর্য্যতে; অত্বরি-অত্বারি। ত্বরয়তি; অতত্বরৎ। তিত্বরিষতে। ত্বরিতঃ তূর্ণঃ। ত্বরিত্বা।

দণ্ড্—চুরা-প—to punish. দণ্ডয়তি। দণ্ডয়াম্-চকার-বভূব-আস। অদদণ্ডৎ। দণ্ড্যতে। দণ্ডিতঃ। দণ্ডয়িত্বা। দণ্ডয়িতুম্।

দন্শ্—ভ্বা-প—to bite, to sting. দশতি। দংষ্টা; দঙ্ক্ষ্যতি। দশ্যাৎ। দদংশ। অদাঙ্ক্ষীৎ অদাংষ্টাম্ অদাঙ্ক্ষুঃ, অদাঙ্ক্ষীঃ অদাংষ্টম্ অদাংষ্ট, অদাঙ্ক্ষম্ অদাঙ্ক্ষ্ব অদাঙ্ক্ষ্ম। দশ্যতে; অদংশি। দংশয়তি; অদদংশৎ। দিদঙ্ক্ষতি। দন্দশ্যতে। দষ্টঃ। দংষ্ট্রম্। দষ্ট্বা।

দম্—দিবা-প—to be tamed, to conquer. দাম্যতি। দমিষ্যতি। দদাম দেমতুঃ দেমুঃ। অদমৎ (like গম্)। দম্যতে; অদমি অদামি। দময়তি; অদীদমৎ। দিদমিষতি। দান্তঃ। দান্ত্বা দমিত্বা। দমিতুম্।

দয়্—ভ্বা-আ—to pity, to protect, to give. দয়তে। দয়িষ্যতে। দয়িষীষ্ট। দয়াম্-চক্রে-বভূব-আস। অদয়িষ্ট অদয়িষাতাম্ অদয়িষত, অদয়িষ্ঠাঃ। দয়িতঃ।

দরিদ্রা—অদা-প—to be poor. দরিদ্রাতি দরিদ্রিতঃ দরিদ্রতি। দরিদ্রিষ্যতি। দরিদ্রিয়াৎ। দরিদ্রাম্-চকার-বভূব-আস। দদরিদ্রৌ দদরিদ্রতুঃ দদরিদ্রুঃ, দদরিদ্রিথ। অদরিদ্রীৎ অদরিদ্রাসীৎ। দরিদ্র্যতে; অদরিদ্রি অদরিদ্রায়ি। দিদরিদ্রাসতি দিদরিদ্রিষতি। দরিদ্রিতঃ।

দহ্—ভ্বা-প—to burn, to pain. দহতি। দগ্ধা। ধক্ষ্যতি। অধক্ষ্যৎ। দহ্যাৎ। দদাহ দেহতুঃ দেহুঃ, দেহিথ-দদগ্ধ। অধাক্ষীৎ, অদাগ্ধাম্ অধাক্ষুঃ, অধাক্ষীঃ অদাগ্ধম্ অদাগ্ধ, অধাক্ষম্ অধাক্ষ্ব অধাক্ষ্ম। দহ্যতে; অদাহি। দাহয়তি; অদীদহৎ। দিধক্ষতি। দন্দহ্যতে। দগ্ধঃ। দগ্ধ্বা। দগ্ধুম্।

দা—ভ্বা-প—to give. যচ্ছতি। দাস্যতি ইত্যাদি, like দা (দদাতি) পরস্মৈপদ।

দা—হ্বা-উ—to give. দদাতি, দত্তে। দাতা। দাস্যতি-তে। দেয়াৎ, দাসীষ্ট। দদৌ দদে। অদাৎ অদিত। দীয়তে; অদায়ি, দাস্যতে, দায়িষ্যতে। দাপয়তি; অদীদপৎ। দিৎসতি-তে। দেদীয়তে। দাতুম্। দত্তঃ। দত্বা; প্রদায়।

দিব্—দিবা-প—to shine, to play. দীব্যতি। দেবিষ্যতি। দীব্যাৎ। দিদেব দিদিবতুঃ দিদিবুঃ, দিদেবিথ। অদেবীৎ অদেবিষ্টাম্ অদেবিষুঃ, অদেবীঃ অদেবিষ্টম্

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অদেবিষ্ট, অদেবিষম্ অদেবিষ্ব অদেবিষ্ম। দীব্যতে। দেবয়তি; অদীদিবৎ। দিদেবিষতি দুদ্যূষতি। দ্যূতঃ দ্যূনঃ। দেবিত্বা দ্যূত্বা। দেবিতুম্।

দিশ্—তুদা-উ—to produce, to grant, to allow. দিশতি-তে। দেষ্টা। দেক্ষ্যতি-তে। দিশ্যাৎ-দিক্ষীষ্ট। দিদেশ দিদিশতুঃ দিদিশুঃ, দিদেশিথ; দিদিশে। অদিক্ষৎ-ত। দিশ্যতে। দেশয়তি; অদীদিশৎ। দিদিক্ষতি-তে। দিষ্টঃ। দিষ্ট্বা দিষ্টুম্।

দিহ্—অদা-উ—to anoint, to increase. দেগ্ধি, দিগ্ধে। দেগ্ধা; ধেক্ষ্যতি-তে। দিহ্যাৎ-ধিক্ষীষ্ট। দিদেহ-দিদিহে। অধিক্ষৎ অধিক্ষতাম্ অধিক্ষন্; অধিক্ষত অধিক্ষাতাম অধিক্ষন্ত, অধিক্ষি অধিক্ষাবহি অধিক্ষামহি; অদিগ্ধ অধিক্ষাতাম্ অধিক্ষন্ত, অদিগ্ধাঃ অধিক্ষাথাম্ অদিগ্ধ্বম্, অধিক্ষি অদিহ্বহি অদিহ্মহি। দেহয়তি; অদীদিহৎ। দিধিক্ষতি-তে। দেদিহ্যতে। দিগ্ধঃ। দিগ্ধ্বা। দেগ্ধুম্।

দীপ্—দিবা-আ—to shine, to burn. দীপ্যতে। দীপিষ্যতে। দীপিষীষ্ট। দিদীপে দিদীপাতে দিদীপিরে, দিদীপিষে। অদীপি অদীপিষ্ট। দীপয়তি; অদীদিপৎ অদিদীপৎ। দিদীপিষতে। দীপ্তঃ। দীপিতুম্।

দুষ্—দিবা-প—to wrong, to be impure. দুষ্যতি। দোষ্টা। দোক্ষ্যতি। দুষ্যাৎ। দুদোষ দুদুষতুঃ দুদুষুঃ, দুদোষিথ। অদুষৎ অদুষতাম্ অদুষন্; অদুক্ষৎ। দূষয়তি, (চিত্তবিরাগে—দূষয়তি, দোষয়তি); অদূদুষৎ। দুদুক্ষতি। দুষ্টঃ। দোষ্টুম্।

দুহ্—অদা-উ—to milk, to make a profit. দোগ্ধি-দুগ্ধে। লঙ্ অধোক্ অদুগ্ধ। দোগ্ধা। ধোক্ষ্যতি-তে। দুহ্যাৎ-ধুক্ষীষ্ট। দুদোহ দুদুহতুঃ, দুদুহুঃ, দুদোহিথ। দুদুহে। অধুক্ষৎ অধুক্ষতাম্, অধুক্ষত অধুক্ষাতাম্ অধুক্ষন্ত। অদুগ্ধ, অদুগ্ধাঃ অধুগ্ধ্বম্, অদুহ্বহি, অদুহ্মহি (অন্যত্র অধুক্ষত অধুক্ষাতাম্ ইত্যাদি হইবে)। দুহ্যতে; অদোহি। দোহয়তি; অদূদুহৎ। দুধুক্ষতি-তে। দুগ্ধঃ। দুগ্ধ্বা। দোগ্ধুম্।

দূ—দিবা-আ—to suffer pain. দূয়তে। দবিষ্যতে। দবিষীষ্ট। দুদুবে। অদবিষ্ট। দূয়তে; অদাবি। দাবয়তি; অদূদবৎ। দুদূষতে।

দৃ—(আঙ্-পূর্ব্ব) তুদা-আ—to worship, to regard. আদ্রিয়তে। আদর্ত্তা। আদরিষ্যতে। আদৃষীষ্ট। আদদ্রে আদদ্রাতে আদদ্রিরে, আদদ্রিষে। আদৃত আদৃষাতাম্ আদৃষত, আদৃথাঃ, আদৃষি। আদ্রিয়তে; আদারি। আদারয়তি; আদীদরৎ। আদিদরিষতে। আদৃতঃ। আদৃত্য। আদর্ত্তুম্।

দৃপ্—দিবা-প—to be glad, to be proud. দৃপ্যতি। দর্পিতা দর্প্তা দ্রপ্তা। দর্পিষ্যতি, দর্প্স্যতি, দ্রপ্স্যতি। দৃপ্যাৎ। দদর্প দদৃপতুঃ দদৃপুঃ, দদর্পিথ-দদর্প্থ-দদ্রপ্থ। অদ্রাপ্সীৎ অদার্প্সীৎ অদৃপৎ। দর্পয়তি; অদীদৃপৎ। দিদর্পিষতি দিদৃপ্সতি। দৃপ্তঃ। দর্পিত্বা, দৃপ্ত্বা।

দৃশ্—ভ্বা-প—to see. পশ্যতি। দ্রষ্টা। দ্রক্ষ্যতি। দৃশ্যাৎ। দদর্শ। অদ্রাক্ষীৎ অদর্শৎ।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

দৃশ্যতে ; অদর্শি, দ্রক্ষ্যতে, দর্শিষ্যতে। দর্শয়তি ; অদীদৃশৎ অদদর্শৎ। দিদৃক্ষতে। দৃষ্টঃ। দৃষ্ট্বা। দ্রষ্টুম্।

দৄ—দিবা-প, ক্র্যা-প—to tear. দীর্য্যতি, দৃণাতি। দরীতা দরিতা। দরীষ্যতি, দরিষ্যতি। দীর্য্যাৎ। দদার, দদ্রতুঃ-দদরতুঃ দদ্রুঃ-দদরুঃ, দদরিথ। অদারীৎ অদারিষ্টাম্ অদারিষুঃ, অদারীঃ, অদারিষম্ (like কৄ)। দীর্য্যতে ; অদারি। দারয়তি ; অদদরৎ। দিদরিষতি দিদরীষতি দিদীর্ষতি। দীর্ণঃ। দীর্ত্বা ; বিদীর্য্য। দরিতুম্ দরীতুম্। ভ্বাদি-প—দরতি (fears). ণিচ্—দরয়তি।

দ্যুৎ—ভ্বা-আ—to shine. দ্যোততে। দ্যোতিতা। দ্যোতিষ্যতে। দ্যোতিষীষ্ট। দিদ্যুতে। অদ্যুতৎ অদ্যোতিষ্ট। দ্যুত্যতে ; অদ্যোতি। দ্যোতয়তি ; অদিদ্যুতৎ। দিদ্যুতিষতে দিদ্যোতিষতে। দ্যোতিতঃ দ্যুতিতঃ। দ্যুতিত্বা, দ্যোতিত্বা। দ্যোতিতুম্।

দ্রু—ভ্বা-প—to run, to rush, to melt. দ্রবতি। দ্রোতা। দ্রোষ্যতি। দ্রূয়াৎ। দুদ্রাব দুদ্রুবতুঃ দুদ্রুবুঃ, দুদ্রোথ। দ্রাবয়তি, অদুদ্রুবৎ অদুদ্রবৎ অদিদ্রবৎ। দুদ্রূষতি। দ্রুতঃ। দ্রুত্বা। দ্রোতুম্।

দ্রুহ্—দিবা-প—to bear malice or hatred. দ্রুহ্যতি। দ্রোহিতা দ্রোগ্ধা দ্রোঢ়া। দ্রোহিষ্যতি ধ্রোক্ষ্যতি। দ্রুহ্যাৎ। দুদ্রোহ দুদ্রুহতুঃ দুদ্রুহুঃ, দুদ্রোহিথ-দুদ্রোঢ়-দুদ্রোগ্ধ। অদ্রুহৎ অদ্রুহতাম্ অদ্রুহন্। দ্রুহ্যতে ; অদ্রোহি। দ্রোহয়তি ; অদুদ্রুহৎ। দুদ্রোহিষতি-দুদ্রুহিষতি-দুধ্রুক্ষতি। দ্রুগ্ধঃ দ্রূঢ়ঃ। দ্রোহিত্বা দ্রুহিত্বা দ্রুগ্ধ্বা দ্রূঢ্বা। দ্রোহিতুম্ দ্রোগ্ধুম্ দ্রোঢ়ুম্। দ্রোগ্ধব্যঃ, দ্রোঢ়ব্যঃ, দ্রোহিতব্যঃ।

দ্বিষ্—অদা-উ—to hate. দ্বেষ্টি, দ্বিষ্টে। দ্বেষ্টা। দ্বেক্ষ্যতি-তে। দ্বিষ্যাৎ, দ্বিক্ষীষ্ট। দিদ্বেষ দিদ্বিষতুঃ দিদ্বিষুঃ, দিদ্বেষিথ ; দিদ্বিষে। অদ্বিক্ষৎ অদ্বিক্ষত। দ্বিষ্যতে ; অদ্বেষি। দ্বেষয়তি ; অদিদ্বিষৎ। দিদ্বিক্ষতি-তে। দ্বিষ্টঃ। দ্বিষ্ট্বা। দ্বেষ্টুম্।

ধা—হ্বাদি-উ—to put, to grant, to produce, to bear. দধাতি, ধত্তে। ধাস্যতি-তে। ধেয়াৎ ধাসীষ্ট। দধৌ দধে, দধিথ-দধাথ (like দা)। অধাৎ অধিত (like দা)। ধীয়তে ; অধায়ি, ধাস্যতে, ধায়িষ্যতে। ধাপয়তি ; অদীধপৎ। ধিৎসতি-তে। হিতঃ। হিত্বা ; নিধায়। ধাতুম্।

ধাব্—ভ্বা-উ—to run, to wash, to flow. ধাবতি-তে। ধাবিতা। ধাবিষ্যতি-তে। ধাব্যাৎ ধাবিষীষ্ট। দধাব দধাবতুঃ দধাবুঃ, দধাবিথ ; দধাবে। অধাবীৎ, অধাবিষ্ট (like গাহ্)। ধাব্যতে ; অধাবি। ধাবয়তি ; অদীধবৎ। দিধাবিষতি-তে। ধাবিতঃ (গমনে) ; ধৌতঃ (প্রক্ষালনে)। ধাবিত্বা (গমনে) ; ধৌত্বা (প্রক্ষালনে)। ধাবিতুম্।

ধূ—স্বাদি, ক্র্যা-উ—to shake. ধূনোতি ধূনুতে, ধুনাতি ধুনীতে। ধোতা ধবিতা। ধোষ্যতি-তে, ধবিষ্যতি-তে। ধূয়াৎ, ধোষীষ্ট ধবিষীষ্ট। দুধাব দুধুবে। অধাবীৎ অধাবিষ্টাম্ অধাবিষুঃ ; অধবিষ্ট, অধবিষাতাম্ অধবিষত ; অধোষ্ট অধোষাতাম্ অধোষত, অধোষ্ঠাঃ অধোষাথাম্ অধোঢ্বম্, অধোষি অধোষহি অধোষ্মহি। ধূনয়তি ; অদূধুনৎ। দুধূষতি-তে। দোধূয়তে। ধূতঃ, ধূনঃ। ধূত্বা।

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

ধৃ—ভ্বা-উ—to hold, to bear. ধরতি-তে। ধর্ত্তা। ধরিষ্যতি-তে। ধ্রিয়াৎ ধৃষীষ্ট। দধার দধ্রতুঃ দধ্রুঃ, দধর্থ ; দধ্রে দধ্রাতে দধ্রিরে, দধ্রিষে। অধার্ষীৎ অধার্ষ্টাম্ অধার্ষুঃ, অধার্ষীঃ অধার্ষ্টম্ অধার্ষ্ট, অধার্ষম্ অধার্ষ্ব অধার্ষ্ম ; অধৃত অধৃষাতাম্ অধৃষত, অধৃথাঃ অধৃষাথাম্ অধৃঢ্‌ম্, অধৃষি অধৃষ্বহি অধৃষ্মহি। ধ্রিয়তে ; অধারি। ধারয়তি ; অদীধরৎ। দিধীর্ষতি-তে দিধরিষতি-তে। ধৃত্বা। ধর্ত্তুম্। চুরা-প—ধারয়তি। ধারয়িত্বা। ধারয়িতুম্।

ধ্মা—ভ্বা-প—to blow, to throw away. ধমতি। ধ্মাতা। ধ্মাস্যতি। দধ্মৌ। অধ্মাসীৎ অধ্মাসিষ্টাম্। ধ্মায়তে; অধ্মায়ি। ধ্মাপয়তি ; অদিধ্মপৎ। দিধ্মাসতি।

ধ্যৈ—ভ্বা-প—to think of, to ponder over. ধ্যায়তি। ধ্যাতা। ধ্যাস্যতি। ধ্যায়াৎ ধ্যেয়াৎ। দধ্যৌ দধ্যতুঃ দধ্যুঃ, দধ্যিথ। অধ্যাসীৎ অধ্যাসিষ্টাম্। ধ্যাপয়তি ; অদিধ্যপৎ। দিধ্যাসতি। ধ্যাতঃ। ধ্যাত্বা। ধ্যাতুম্।

নদ্—ভ্বা-প—to make an articulate sound. নদন্তি। নদিষ্যতি। ননাদ নেদতুঃ নেদুঃ, নেদিথ। অনদীৎ অনাদীৎ। নাদয়তি ; অনীনদৎ। নিনদিষতি। নদিতঃ।

নন্দ্—ভ্বা-প—to be pleased, to thrive. নন্দতি। নন্দিষ্যতি। নন্দ্যাৎ। ননন্দ ননন্দতুঃ ননন্দুঃ, ননন্দিথ। অনন্দীৎ। নন্দয়তি ; অননন্দৎ। নিনন্দিষতি। নন্দিতঃ। নন্দিত্বা।

নম্—ভ্বা-প—to salute, to bend. নমতি। নন্তা। নংস্যতি। নম্যাৎ। ননাম নেমতুঃ নেমুঃ, নেমিথ-ননন্থ। অনংসীৎ। নম্যতে ; অনামি। নময়তি নাময়তি ; অনীনমৎ। নিনংসতি। নতঃ। নত্বা ; প্রণম্য প্রণত্য। নন্তুম্।

নর্দ্—ভ্বা-প—to roar. নর্দতি। নর্দিষ্যতি। নন ।অনর্দীৎ।

নশ্—দিবা-প—to be lost, to perish. নশ্যতি। নশিতা নংষ্টা। নশিষ্যতি, নঙ্‌ক্ষ্যতি। অনশিষ্যৎ, অনঙ্‌ক্ষ্যৎ। ননাশ নেশতুঃ নেশুঃ, নেশিথ ননংষ্ঠ নেশথুঃ নেশ, ননাশ-ননশ নেশিব-নেশ্ব নেশিম-নেশ্ম। অনশৎ, অনেশৎ। নাশয়তি ; অনীনশৎ। নিনশিষতি নিনঙ্‌ক্ষতি। নষ্টঃ। নশিত্বা নষ্ট্বা নংষ্ট্বা। নশিতুম্ নংষ্টুম্।

নহ্—দিবা-উ—to tie. নহ্যতি-তে। নদ্ধা। নৎস্যতি-তে।

নিন্দ্—ভ্বা-প—to blame, to find fault with. নিন্দতি। নিন্দিষ্যতি। নিন্দ্যাৎ। নিনিন্দ। অনিন্দীৎ। নিন্দ্যতে। নিন্দয়তি ; অনিনিন্দৎ। নিনিন্দিষতি। নিন্দিতঃ।

নী—ভ্বা-উ—to lead, to carry off. নয়তি-তে। নেষ্যতি-তে। নীয়াৎ নেষীষ্ট। নিনায় ; নিন্যে, নিন্যিষে। অনৈষীৎ, অনেষ্ট। নীয়তে ; অনায়ি, নেষ্যতে নায়িষ্যতে। নায়য়তি ; অনীনয়ৎ। নিনীষতি-তে। নেনীয়তে। নীতঃ। নীত্বা। নেতুম্।

নুদ্—তুদা-উ—to put, to incite, to throw. নুদতি-তে। নোত্তা। নোৎস্যতি-তে। নুদ্যাৎ। নুৎসীষ্ট। নুনোদ-নুনুদে। অনৌৎসীৎ অনৌত্তাম্ অনৌৎসুঃ ;

In Public domain. Digitization Muthulakshmi Research Academy

অনুত্ত অনুৎসাতাম্ অনুৎসত। নুদ্যতে; অনোদি। নোদয়তি; অনূনুদৎ। নুনুৎসতি-তে। নুত্তঃ নুন্নঃ। নুত্ত্বা।

নৃত্—দিবা-প—to dance. নৃত্যতি। নর্ত্তিতা। নর্ত্তিষ্যতি নর্ৎস্যতি। নৃত্যাৎ। ননর্ত্ত। অনর্ত্তীৎ অনর্ত্তিষ্টাম্ অনর্ত্তিষুঃ, অনর্ত্তীঃ অনর্ত্তিষ্টম্ অনর্ত্তিষ্ট, অনর্ত্তিষম্ অনর্ত্তিষ্ব অনর্ত্তিষ্ম। নর্ত্তয়তি; অননর্ত্তৎ, অনীনৃতৎ। নর্ত্তিতুম্। নর্ত্তিত্বা।

পচ্—ভ্বা-উ—to cook, to digest, to bake. পচতি-তে। পক্তা। পক্ষ্যতি-তে। পচ্যাৎ পক্ষীষ্ট। পপাচ পেচতুঃ পেচুঃ; পেচে পেচাতে পেচিরে। অপাক্ষীৎ; অপক্ত। পচ্যতে; অপাচি। পাচয়তি; অপীপচৎ। পিপক্ষতি-তে। পক্তব্যঃ। পক্বঃ। পক্ত্বা। পক্তুম্।

পঠ্—ভ্বা-প—to read. পঠতি। পঠিতা। পঠিষ্যতি। পপাঠ পেঠতুঃ পেঠুঃ, পেঠিথ, পপাঠ, পপঠ। অপঠীৎ অপাঠীৎ (like গদ্)। পঠ্যতে; অপাঠি। পাঠয়তি; অপীপঠৎ। পিপঠিষতি। পাপঠ্যতে। পঠিতঃ। পঠিত্বা। পঠিতুম্।

পত্—ভ্বা-প—to fly, to alight, to fall. পততি। পতিতা। পতিষ্যতি। পপাত পেততুঃ, পেতিথ। অপপ্তৎ। পত্যতে; অপাতি। পাতয়তি; অপীপতৎ। পিপতিষতি পিৎসতি। পতিতঃ। পতিত্বা; নিপত্য।

পদ্—দিবা-আ—to go, to attain. পদ্যতে। পত্তা। পৎস্যতে। পৎসীষ্ট। পেদে পেদাতে পেদিরে, পেদিষে। অপাদি অপৎসাতাম্ অপৎসত, অপত্থাঃ অপৎসাথাম্ অপদ্ধ্বম্, অপৎসি অপৎস্বহি অপৎস্মহি। পদ্যতে; অপাদি। পাদয়তি; অপীপদৎ। পিৎসতে। পন্নঃ। পত্ত্বা। পত্তুম্।

পা—ভ্বা-প—to drink. পিবতি। পাতা। পাস্যতি। পেয়াৎ। পপৌ পপতুঃ পপুঃ। অপাৎ অপাতাম্ অপুঃ। পীয়তে; অপায়ি; পাস্যতে, পায়িষ্যতে। পায়য়তি; অপীপ্যৎ। পিপাসতি। পেপীয়তে। পীতঃ। পীত্বা; প্রপায়। (প্রপীয় ইতি পীঙঃ—বামনঃ)।

পা—অদা-প—to protect. পাতি। পাতা। পাস্যতি। পায়াৎ। পপৌ। অপাসীৎ অপাসিষ্টাম্, অপাসিষুঃ, অপাসীঃ, অপাসিষম্ অপাসিষ্ব। পায়তে; অপায়ি। পালয়তি; অপীপলৎ। পিপাসতি। পাতঃ।

পাল্—চুরা-প—to protect. পালয়তি। পালয়িষ্যতি। পাল্যাৎ। পালয়াম্-চকার-বভূব-আস। অপীপলৎ। পালিতঃ। পালয়িত্বা। পালয়িতুম্।

পিষ্—রুধা-প—to grind, to hurt. পিনষ্টি। পেষ্টা। পেক্ষ্যতি। পিষ্যাৎ। পিপেষ পিপিষতুঃ পিপিষুঃ, পিপেষিথ। অপিষৎ। পিষ্যতে; অপেষি। পেষয়তি; অপীপিষৎ। পিপিক্ষতি। পিষ্টঃ। পিষ্ট্বা। পেষ্টুম্।

পীড়্—চুরা-প—to press, to hurt. পীড়য়তি। পীড়য়িষ্যতি। পীড্যাৎ। পীড়য়াম্-চকার-বভূব-আস। অপীপিড়ৎ, অপিপীড়ৎ। পিপীড়য়িষতি। পীড়িতঃ। পীড়য়িত্বা।

